| ঐ | ঐ | • | মৌজে ঐ | গাতীজমা ঐ জন | ঐ | • | ৭৪৸৴৫। | ৭৪৸৴৫। | ৭৪৪ নম্বরের বাজেআপ্তী মহাল চরভুলুক মদনগরের স্বরতী বন্দবস্ত গ্রহীতা উক্ত রেণী সাহেবের দেনা পার্শ্বের লিখিত বাকী আদায় কারণ এই গাতী জমার ।৹ আনা নীলামে বিক্রী হইবেক। |
| ঐ | একুমুরারি জমা ধার্য্যহওয়া মহাল | ৩০৭৫ | তরফ খালকুলাদিগর পং মহামুদ শাহী | বাজেআপ্তী তালুক ব্রজনাথ ভট্টাচার্য্য ওগএরহ | ৪৮৸০ | ২৫৩৶ | • | ২৫৩৶ | কিসমত রঘুনাথপুরদিগরের তালুকদার অভয়চরণ রায় নাবালগের ইজারদার মৃত শিবচন্দ্র পাইনের জামিনদার দেবনাথ ভট্টাচার্য্যের জমানের লিখিতমতে পার্শ্বের লিখিত বাকী আদায় কারণ এই জায়দাদ নীলাম হইবেক ইতি। |

W. J. LANGMORE, *Offg. Collector.*

জিল হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জেল, হুগলির নীচের লিখিত মহাল সন ১৮৫১ সালের ডিসেম্বর মাসের ✓ পরিশেষপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫২ সালের ৫ ফেব্রুআরি মোতাবক সন ১২৫৮ সালের ২৪ মাঘ বৃহস্পতিবার তারিখে কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ১২ জানুআরি।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জেলার তৌজীর মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | সন ১৮৫১ সালের ডিসেম্বর মাসের পাওনা বাকী | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ... | ২২২৯ | বিবিচন্দ্রপুর দিং ৫ মৌজা ... ... | গোবিন্দচন্দ্র চৌধুরী ... | ১১৫৭ | ৬. | |
| ৪ | অন্য মহালের বাবতের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহা ... ... | | পাট মহল পরগনার বান্দেবাজু গ্রামের ১ বন্দ এজহারি লাখরাজ জমী ১॥০ বিঘা ও ঐ জমীর উপর বাঁশঝাড় মুড়া ৭ ঝাড়<br>তালগাছ ৭ টা<br>আম্রগাছ ৫ টা<br>খেজুরগাছ ২ টা<br>ঐ পরগনার সাতপটির মালের খেরাজী জমি ঊলিযাদহের কুঠির এহাতার মধ্যে ৮/ বিঘা ইহার খাজানা ১১ টাকা ।৶ আনির জমীদার প্রাণনাথ চৌধুরীর নিকট সরবরাহ করিতে হয়<br>ঐ পরনার বান্দে বাজুর শামিল পাটমহল খেরাজী জমী ১ বন্দ ২৫/ বিঘা এই জমীর মালগুজারি জমীদার চন্দ্রমোহন সেন বরাবর সরবরাহ করিতে হয় এক্ষণে ঐ জমী পতিত থাকার জমার তাইন নির্ণয় হইতে পারে নাই<br>ঐ জমীর পর চারা কাঁঠালগাছ ৯ টা<br>ফলকরা চারা আম্রগাছ ৪ টা<br>ঝুটাবাঁশঝাড় ৩ টা<br>সাঁদুল গাছ ১ টা<br>গমাচারাগাছ ১ টা<br>পোক্তাপক্কন ঘর ১ দফা | বেনিরি গার্ডন সাহেব সাবেক নিল কুটিয়াল মোং কুলিয়া দহ | | সন ১২৫৫ সালের বাকী ১৫৯৶ | রায়পুর পরগনার নূতন চর কুণ্ডবাটীর বাকী খাজনানা আদায় কারন এই সকল জায়দাদ নিলামে বিক্রয় হইবেক ইহাতে গার্ডন সাহেবের যে সর্ত্ত ও লাভ তাহাই খরিদারকে অর্পীবেক। |

G. L. Martin, *Offg. Collector.*

## জিলা ফরিদপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে মোঃ ফরিদপুরের নীচের লিখিত মহাল সন ১৮৫১ সনের তাং ৩০ নবেম্বরের বাকী পাওনা মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫২ সনের ২৮ জানুয়ারি মোঃ সন ১২৫৮ সনের ১৬ মাঘ রোজ বুধবার শ্রীযুত ডিপুটী কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫১ ইং তাং ৩০ ডিসেম্বর মোঃ সন ১২৫৮ বাং তারিখ ১৬ পৌষ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | তৌজির নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক ও দখলকার | সদর জমা | সন ১৮৫১ সনের তাং ৩০ নবেম্বরের বাকী [illegible] [illegible] | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | লাখেরাজ বাজেআপ্তী কাএমী বন্দবস্তী মহাল | ১৩০ | পরগনে মবারক উজিয়াল লাখেরাজ রতনপুর | মাধবচন্দ্র ঘোষ রায় রামগোবিন্দ ঘোষ রায় চণ্ডীপ্রসাদ ঘোষ রায় | ৩২০/৪৫ | ১১৲ | এই মহাল অর্দ্ধ জমায় চিরস্থায়ি বন্দোবস্ত হইয়াছে। |
| ২ | মহাল খাস কানুন দুয়ম মেয়াদী বন্দবস্তী মহাল | ২৮৮ | পং চর দোসরা কালীগঙ্গা | শম্ভুনাথ কর জয়নারায়ণ পাল ... | ১৫॥ ৩৫ | ৭॥/৩৫ | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আখেরাজাত মালিকানা দখলকার পাইয়া থাকে। |
| ঐ | ঐ | ৩০২ | ঐ | বৈদ্যনাথ চক্রবর্ত্তী ... ... ... | ২৪৭[illegible] | ১১৭৩ | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আখেরাজাত মালিকানা দখলকার পাইয়া থাকে। |
| ঐ | জাএগীর বাজেআপ্তী মেয়াদী বন্দবস্তী মহাল | ৪২০ | পরগনে হাবেলী জালালপুর কীংগোওয়ানদী ও কাজুলী মহাল বাজান তাং অর্জ্জুন জনার্দ্দন | রামকৃষ্ণ হরেকৃষ্ণ রামদয়াল হোড় মহেশচন্দ্র গোলোকচন্দ্র হোড় সরবরাহকার গোলোকচন্দ্র হোড়... ... | ২১৮১। | ১৩৲ | এই মহালে শতকরা ৩০৲ টাকা হিসাবে মুনাফা দখলকার পাইয়া থাকে। |
| ঐ | ঐ | ৪২১ | ঐ | ভৈরবচন্দ্র হারাণচন্দ্র হোড় হালপরুন গোলোকচন্দ্র হোড় ... ... | ২৫৭১৩৫ | ১৩৲ | ঐ |
| ঐ | ঐ | ৪৩৭ | পরগনে হাবেলী আমলে জালালপুর কীসামত লাবানপুর ও খলত বাজকান্দী মহাল বাজান তাং অলিমিয়া মুনীরাজ | মাহামুদ আজীম নছীরুদ্দী মমাজুদ্দী | ৪৮৲৭॥ | ২৫৲ | ঐ |
| ঐ | মহাল খাস কানুন দুয়ম মেয়াদী বন্দবস্তী মহাল | ৫৪০ | চর জান নাকামতা মোং মেমুশী মহল | ভারতচন্দ্র দাস ও কৃষ্ণনাথ শাহা ও কানাই শাহা ও নবীনচন্দ্র শাহা ও শস্তমণি দাস্যা মাদরে মাধবচন্দ্র উদয়চন্দ্র শাহা ও বৈকুণ্ঠনাথ শাহা প্রামাণিক ... ... ... | ১৩৭০। | ৭৲ | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আখেরাজাত মালিকানা দখলকারকে দেওয়া যায়। |

T. B. Mactier, *Deputy Collector.*

[[illegible]। ১৮৫২। ২০ জানুয়ারি।]

এস্তাহারনামা কাছারী ডিপুটী কালেক্টরী জেলা বগুড়া—এই যে।

মস্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা বগুড়ার নীচের লিখিত মহাল সন ১২৫৮ সালের লাগাএদ অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তক এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৫২ সালের ৩১ জানুআরি মোতাবেক সন ১২৫৮ সালের ১৯ মাঘ রোজ শনিবার ডিপুটী কালেক্টর সাহেবের কাছারীতে বিলা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | সন ১২৫৮ সালের লাগাএদ অগ্রহায়ণের বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমরারী বন্দোবস্তী | ২২৫ | পরগণে পলাশবাড়ী হিস্যা ॥৫ আনা | গুরুচরণ রায় ব্রজসুন্দর বিশ্বাস ও জহীরুদ্দীন বজীরুদ্দীন নছীবদ্দীন ফতেআলী চৌধুরী অন্নপূর্ণা দাস্যা উমাসুন্দরী গৌরমণি দাস্যা মাদরে দিনবন্ধু জগবন্ধু নাবালগ ও গোপীনাথ রায় ও ছত্রনারায়ণ প্রেমচন্দ্র সরকার ও প্রাণনাথ রায় | ৮১১৯৸৩ | ১১০৶৪ | |
| ১ | ঐ | ২২৯ | পরগণে পলাশবাড়ী হিস্যা ৵১০ আনা ... ... ... ... | ব্রজসুন্দর বিশ্বাস ও অন্নপূর্ণা মাদরে জগন্নারায়ণ ও উমাসুন্দরী ও গৌরমণি দাস্যা মাদরে দিনবন্ধু জগবন্ধু নাবালগ ও অন্নপূর্ণা জওজে উদয়চন্দ্র ... ... ... ... ... | ৪৮২ ।০ | ৬৫/২ | |
| ১ | ঐ | ২৩০ | পরগণে শিকশহর ... ... ... | কুঞ্জনারায়ণ কৃষ্ণমোহন কুঞ্জবিহারী রাজেন্দ্রনারায়ণ চৌধুরী জয়তারা চৌধুরাণী ... ... | ৩১০০৸০ | ১২৬৷৵৭ | |
| ১ | ঐ | ২৩৪ | পরগণে মুক্তপুর মৌজে পদ্মেশ্বর ও-গএরহ ... ... ... ... | জহরদ্দীন বজিরদ্দীন নছিবদ্দীন ফতে আলী চৌধুরী ... ... ... ... ... | ১১৬৮৸৵৯ | ৪৫১৸৴৭ | |
| ১ | ঐ | ২০৮ | পরগণে বাক্তিতপুর মৌজে কুমিরাডাঙ্গা | রামসুন্দরী দাস্যা ... ... ... ... | ৩৫২ ॥৮ | ১৩৬/৪ | |
| ১ | ঐ | ২৪৭ | পরগণে কাটারমহল বছিমাবাদ ... | গোপাল দাস গঙ্গা দাস বিপ্রদাস মজুমদার... | ১১৪১॥৵৭<br>পুলীষ<br>৫।১ | ৫০৩॥৶৫ | |
| | | | | | ১১৪৬৸৵১০ | | |
| ১ | ঐ | ৭৭৯ | পরগণে দাখিয়াডাঙ্গোরপুর কিশমত লক্ষীকোল ... ... ... | রামধন অধিকারী ... ... ... ... | ১৩৲ | ১৩৲ | |
| ১ | ঐ | ৭৮১ | পরগণে কাটার মহল কিশমত সিঙ্গা | রফীক তালুকদার আনন্দীরাম সেন দরসাইবেগ ... ... ... ... ... ... | ১১।/৭ | ৮।০ | |

C. E. Lance, *Offg. Deputy Collector*

## জিলা পাবনা।

### এতন্নামা কাছারি ডিপুটী কালেক্টরি মহকুমা পাবনে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪১ সালের ১ আইনের ৬ ধারার মর্মানুসারে নীচের লিখিত মহালাতের চলিত সনের কিস্তী অগ্রহায়ণপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সন ১৮৫২ সালের ৩০ জানুআরি মোতাবেক সন ১২৫৮ সালের ১৮ মাঘ শুক্রবার অত্র কালেক্টরিতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রী হইবেক ইতি সন ১৮৫১ সাল তারিখ ৩১ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৮ সাল তারিখ ১৭ পৌষ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজির মহালের রেজিষ্টরীর নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা মালিয়ানা | বাকী খাজানা লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৮ | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | একমুস্তরি জমা খারিজাহ্‌ভো মহাল ... ... | ৫৫ | বাজে ধরানিয়াওগয়রহ পং সিন্দুরী ... | নছিমুত জমা মুনশী আহম্মদ জমা আছার জমা বৈদ্যনারায়ণ লাহিড়ি গোপীনাথ সিংহ বৈদ্যনাথ চৌধুরী সেখ সোনাউল্লা | ২০১১/৬ | ৮৭৪।২ | |
| ঐ | ঐ | ৮১১ | বাজেআপ্তী লাখেরাজ ঝিকড়ি পরাণখালি মোতালকে সোণাইকুণ্ডা পং তারাগুনিয়া | রামতজন রায় ছামাবাণী বর্দ্ধমানীয়া | ৪৬॥/৬ | ২৩৶ | |

J. WARD, *Deputy Collector.*

---

## জিলা বাকরগঞ্জ।

### এতন্নামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইং ১ প্রথম আইনের ৬ ছএ ধারার মর্মানুসারে নীচের লিখিত মহালাত সন ১২৫৮ সনের লাগাএৎ কিস্তী অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারি এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারি ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৫২ ইং ২৮ জানুআরি মোতাবেক সন ১২৫৮ বাঙ্গলা ১৬ মাঘ রোজ বুধবার এই কালেক্টরির কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইং তারিখ ৮ জানুআরি মোতাবেক সন ১২৫৮ সন তারিখ ২৫ পৌষ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা কোম্পানি | বাকী এই মহালের বাঁটোয়ারার আমীনের মোশাহেরা বাবদ | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ৬ | বাকী মালগুজারি যেরূপ আদাএ হএ সেইরূপ আদাএ করণের দাওয়ার নিমিত্ত বিক্রয়হওয়া মহাল। | সাং নম্বর ১২৪ হাং নম্বর ১৯১ | বীরমোহন পরগনা | জওয়ারন্নেছা খাতুন হিস্যা /৩ গণ্ডা ও রামনারায়ণ রায় ও রঘুরাম রায় ও রাজারাম রায় ও রাম রায় হিং ॥/১১৩৩॥ তিল ও হরিনাথ রায় হিং ৶১ তিল ও রামকান্ত রায় ও হরেকৃষ্ণ রায় ও রামতনু রায় ও গোবিন্দপ্রসাদ রায় ও ঈশ্বরচন্দ্র রায় ও জয়মণি দেব্যা হিং ১১৶৪॥ তিল দুর্গাচরণ চট্টোপাধ্যায় হিং। ।/১০ তিল। | ৭৫৬।৶৫ | ৯০৶২৻৫ | উক্ত মহালের ॥/১৬৩॥ তিল হিস্যার রামনারায়ণ রায় ও রঘুরাম রায় ও রাজারাম রায় ও রাম রায়ের যে স্বত্ত তাহা বাঁটোয়ারার আমীন ভৃতির মোশাহেরার নিমিত্তে নীলাম হইবেক ইতি। |

# গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 27, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৭ জানুআরি।

## ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 16TH JANUARY, 1852.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 16th January 1852, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

### ACT No. V. OF 1852.

*An Act for giving effect to the provisions of an Act of Parliament, passed in the 15th year of the reign of Her present Majesty, entituled "An Act for Marriages in India."*

Whereas by an Act passed in the Session of Parliament holden in the Fourteenth and Fifteenth years of the reign of Her present Majesty entituled "An Act for Marriages in India," it was enacted (among other things) that it should be lawful for the Governor General of India in Council from time to time, by laws and Regulations, (not inconsistent with the provisions of the said Act of Parliament,) to be made in the manner, and subject to the Provisions by law required in respect of laws and Regulations made by the said Governor General of India in Council, to provide for the inspection and publication of Notices of Marriage given under the said Act of Parliament, for the custody and Protection from Injury of Marriage Register Books, for appeals from and references in case of doubt by the Marriage Registrars in relation to Marriages forbidden or Protests entered under the

## আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৬ জানুআরি।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরিবল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৬ জানুআরি তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

### ইঙ্গরেজী ১৮৫২ সাল ৫ আইন।

"ভারতবর্ষে বিবাহের বিষয়ি আইন" এই নামবিশিষ্ট শ্রীশ্রীমতী মহারাণীর পঞ্চদশ বৎসরে যে আক্ট পার্লিমেণ্ট জারী হয় তাহার বিধি সফল করণের আইন।

যেহেতুক "ভারতবর্ষে বিবাহের বিষয়ি আইন" এই নামবিশিষ্ট শ্রীশ্রীমতী মহারাণীর চতুর্দ্দশ ও পঞ্চদশ বৎসরে পার্লিমেণ্টের যে বৈঠক হয় তাহাতে জারীহওয়া আক্ট পার্লিমেণ্টের দ্বারা যেমন অন্যান্য বিষয় নির্দ্দিষ্ট হইল তেমনি ইহাও নিরূপণ হইয়াছিল যে যে প্রকারে এবং আইনের যে বিধি বিধায় শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের আইন করিবার হুকুম আছে সেই প্রকারে এবং সেই বিধি বিধায় যে২ আইন উক্ত আক্ট পার্লিমেণ্টের বিধির বিরুদ্ধ না হয় এমত আইনের দ্বারা ভারতবর্ষের ঐ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে এই২ বিষয় নির্দ্দিষ্ট করিতে পারেন বিশেষতঃ আক্ট পার্লিমেণ্টক্রমে বিবাহের এত্তেলা দেখিবার ও প্রকাশ করিবার বিষয় ও বিবাহের রেজিষ্টরী বহী রাখণের এবং ক্ষতি না হইবার বিষয় এবং উক্ত আক্ট পার্লিমেণ্টক্রমে যে বিবাহের নিষেধ হয় বা নিষেধপত্র দাখিল হয় সেই বিবাহের বিষয়ে সন্দেহ হইলে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের হুকুমের উপর যে আপীল হয় ও তাঁহার দ্বারা জিজ্ঞাসা করা যায় তাহার বিষয় এবং উক্ত আক্ট পার্লিমেণ্টক্রমে যে২ ঘণ্টার মধ্যে বি-

said Act of Parliament, for fixing the hours between which Marriages might be solemnized under the said Act of Parliament, for appointing the Officers to whom Certificates were to be transmitted by the Marriage Registrars, and generally for giving effect to the provisions of the said Act of Parliament, it is hereby enacted as follows :

Form of Notice and length of Residence necessary.

I. In every case of Marriage intended to be solemnized in India, after the first day of February next, under the Provisions of the said Act of Parliament, one of the parties shall give Notice in writing, in the form of Schedule (A.) to this Act annexed, or to the like effect, to any Marriage Registrar of the District within which the parties shall have dwelt for not less than five days, then next preceding, or, if the parties dwell in different Districts, shall give the like notice to a Marriage Registrar of each District, and shall state therein the name, and surname, and the profession, or condition of each of the parties intending marriage, the dwelling place of each of them, and the time, not being less than five days, during which each has dwelt therein, and the Church, Chapel, or other building in which the Marriage is to be solemnized; provided that if either party shall have dwelt in the place stated in the notice during more than one Calendar month, it may be stated therein that he or she hath dwelt there one month and upwards.

Inspection of Notices.

II. The Marriage Registrar shall file all such Notices and keep them with the Records of his Office, and shall also forthwith enter a true copy of all such notices fairly into a book, to be for that purpose furnished to him by the Government, to be called the "Marriage Notice Book," and the Marriage Notice Book shall be open, at all reasonable times, without Fee, to all persons desirous of inspecting the same.

Publication of Notices.

III. The Marriage Registrars, or Registrar of all districts in the British Territories in India shall respectively publish all such Notices of Marriage given in their respective districts by causing a copy of such Notices to be affixed in some conspicuous place in their respective offices, or, where such Registrars are Ministers of the Christian Religion, ordained or otherwise set apart to the Ministry of the Christian Religion, such Notices shall be affixed in some conspicuous place in the Church or Chapel or place of worship in which such Ministers respectively officiate. When one of the parties intending Marriage (not being a widow or widower) is under twenty-one years of age, every Marriage Registrar shall, within twenty-four hours after the receipt by him of the Notice of such Marriage, send, or cause to be sent, by the Post or otherwise, a copy of such Notice to all the other Marriage Registrars (if any) in the same district, who shall likewise affix the same in

বাহ সাধন হইতে পারে সেই২ ঘণ্টা নিরূপণ করণের বিষয় এবং যে কর্ম্মকারকের নিকটে বিবাহের রেজিষ্ট্রার সাহেব সর্টিফিকট পাঠাইবেন সেই২ কর্ম্মকারককে নিযুক্ত করণের বিষয় এবং সামান্যতঃ এই আইনের বিধি সফল করণের বিষয়। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে প্রকার এত্তেলার ও যত কাল বাস করণের আবশ্যক হইবেক তাহা।]

১ ধারা। আগামি প্রথম ফেব্রুআরি তারিখের পর যে প্রত্যেক গতিকে উক্ত আক্ট পার্লিমেণ্টের বিধির অধীনে বিবাহ সাধন করণের কল্প হয় সেই২ গতিকে বিবাহসম্পর্কীয় উভয় ব্যক্তি যে এলাকার মধ্যে এত্তেলা দেওনের অব্যবহিত পূর্ব্বে পাঁচ দিবসের কম না হয় বাস করিয়াছেন সেই এলাকার বিবাহের কোন এক জন রেজিষ্ট্রার সাহেবকে তাঁহারদের মধ্যে এক জন এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলের পাঠানুসারে কিম্বা সেই প্রকারে লিখনের দ্বারা এত্তেলা দিবেন অথবা যদি উভয়ে ভিন্ন২ এলাকার মধ্যে বাস করিয়া থাকেন তবে প্রত্যেক এলাকার বিবাহের রেজিষ্ট্রার সাহেবকে সেইরূপ এত্তেলা দিবেন এবং সেই২ এত্তেলার মধ্যে বিবাহ করণে উদ্যত ব্যক্তিরদের প্রত্যেক জন আপনার নাম ও বংশের নাম ও ব্যবসায় ও অবস্থা ও বাসস্থান ও পাঁচ দিবসের অন্যূন যত কাল প্রত্যেক জন সেই এলাকার মধ্যে বাস করিয়াছেন এবং যে গিরিজাঘর অথবা অন্য এমারতে বিবাহ সাধন হইবেক তাহা লিখিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন এক জন যদি এত্তেলানামার লিখিত স্থানে সম্পূর্ণ এক মাসের অধিক কাল বাস করিয়া থাকেন তবে সেই এত্তেলানামার মধ্যে ইহা লেখা যাইতে পারে যে সেই পুরুষ বা সেই স্ত্রী সেই এলাকার মধ্যে এক মাস ও তদধিক কাল বাস করিয়াছেন।

[এত্তেলা দেখনের বিষয়।]

২ ধারা। বিবাহের রেজিষ্ট্রার সাহেব ঐ সকল এত্তেলা নথীতে গাঁথিবেন এবং আপনার দফ্তরের রোয়দাদের মধ্যে রাখিবেন এবং "বিবাহের এত্তেলা বহী" এই নামবিশিষ্ট গবর্ণমেণ্ট তাঁহাকে তন্নিমিত্তে যে বহী দেন সেই বহীর মধ্যে ঐরূপ সকল এত্তেলার যথার্থ নকল সপষ্টাক্ষরে তৎক্ষণাৎ লিখিবেন এবং ঐ বিবাহের এত্তেলার বহী যত ব্যক্তি দেখিতে চাহেন সেই সকল ব্যক্তির বিনারসুমে উপযুক্ত সকল সময়ে দেখিবার জন্যে খোলা থাকিবেক ইতি।

[এত্তেলা ঘোষণা করণের বিষয়।

৩ ধারা। ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারের মধ্যে সকল জিলার বিবাহের রেজিষ্ট্রার সাহেব বা সাহেবেরা আপন২ এলাকার মধ্যে ঐ প্রকার সকল বিবাহের এত্তেলা এইরূপে ঘোষণা করিবেন অর্থাৎ আপন২ দফ্তরের সকলের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ২ এত্তেলার এক নকল লট্‌কাইবেন অথবা যদি ঐ রেজিষ্ট্রার খ্রীষ্টীয়ান ধর্ম্মোপদেশক হন এবং খ্রীষ্টীয়ান ধর্ম্মের উপদেশকর্তা কর্ম্মে নিরূপণ অথবা প্রকারান্তরে নিযুক্ত হন তবে যে গিরিজা ঘরে অথবা ঈশ্বরের আরাধনার অন্য কোন স্থানে ঐ২ ধর্ম্মোপদেশক একে২ ধর্ম্মকর্ম্ম করেন সেই২ গিরিজাঘরপ্রভৃতির সকলের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ২ এত্তেলা লট্‌কাইবেন। বিবাহ করণে উদ্যত ব্যক্তিরদের মধ্যে কোন এক জন (বিধবা বা মৃতস্ত্রীক না হইয়া) যদি একুশ বৎসরের কমবয়স্ক হন তবে প্রত্যেক বিবাহের রেজিষ্ট্রার সাহেব ঐ বিবাহের এত্তেলা পাইবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে সেই জিলার মধ্যে অন্য কোন বিবাহের রেজিষ্ট্রার সাহেব থাকিলে সেই সকল রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ এত্তেলার এক নকল ডাকযোগে বা প্রকারান্তরে পাঠাইবেন এবং তাঁহারা

some conspicuous place in their own Offices or Chapels as aforesaid.

**Suspension of Certificate in the case of Minors.**

IV. Where by the oath or declaration required by the sixth Section of the said Act of Parliament, it appears that one of the parties intending Marriage (not being a widow or widower,) is under twenty-one years of age, the Marriage Registrar shall not issue his Certificate under the provisions of the second Section of the said Act of Parliament until the expiration of fourteen days after the entry of such notice of Marriage.

**Supreme Court may order Registrar to issue his certificate in less than fourteen days.**

V. When one of the parties intending Marriage (not being a widow or widower) is under twenty-one years of age, and both parties intending Marriage are at the time resident in any of the Towns of Calcutta, Madras, or Bombay, and are desirous of being married in less than 14 days after the entry of such notice as aforesaid, it shall be competent for both parties intending Marriage to apply by petition to the Supreme Court of such Town, or any Judge thereof, for an order upon the Marriage Registrar to whom the notice of Marriage has been given, directing him to issue his Certificate at some time before the expiration of the said fourteen days required by Section IV. of this Act. And it shall be competent to the said Supreme Court, or any Judge thereof, on sufficient cause being shown, in their or his discretion, to make an order upon such Marriage Registrar, directing him to issue his Certificate, at any time to be mentioned in the said order, before the expiration of the said fourteen days required by Section IV.; and the said Marriage Registrar, on receipt of the said order, shall proceed to issue his Certificate in accordance therewith.

**Form of Certificate.**

VI. The Certificate to be issued by the Marriage Registrar, under the provisions of the second Section of the said Act of Parliament, may be in the form of Schedule B. to this Act annexed, or to the like effect, and the Government of each Presidency or Place shall furnish to every Marriage Registrar, a sufficient number of Forms of Certificate.

**Notices and Certificates to be translated to Native Christians.**

VII. When any Native Christian about to be married, applies for or tenders a Notice of Marriage, or applies for a Certificate from a Marriage Registrar, such Marriage Registrar shall ascertain whether the said Native Christian understands the English language, and if he does not, the said Marriage Registrar shall translate such Notice or Certificate, or both of them, as the case may be, or shall cause the same to be translated, to such Native Christian, in the language of

পূর্ব্বোক্তমতে আপনং দপ্তরে কিম্বা গিরিজা ঘরে সকলের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ এত্তেলা লট্‌কাইবেন ইতি।

[নাবালগের সম্পর্কে সর্টিফিকট স্থগিত রাখণের বিষয়।]

৪ ধারা। উক্ত আক্ট পার্লিমেণ্টের ষষ্ঠ ধারার যে শপথ অথবা সুকৃতির বিষয়ের হুকুম আছে সেই প্রকার শপথ অথবা সুকৃতির দ্বারা যখন দৃষ্ট হয় যে বিবাহ করিতে উদ্যত ব্যক্তিরদের মধ্যে এক জন (মৃতস্ত্রীক কি বিধবা না হইয়া) একুশ বৎসরের কমবয়স্ক হন তখন ঐ বিবাহের এত্তেলা দাখিল করণের পর যাবৎ চৌদ্দ দিবস অতীত না হয় তাবৎ উক্ত আক্ট পার্লিমেণ্টের দ্বিতীয় অধ্যায়ের বিধিক্রমে বিবাহের রেজিষ্টার সাহেব আপনার সর্টিফিকট দিবেন না ইতি।

[সুপ্রিম কোর্ট চৌদ্দ দিবসঅপেক্ষা কম দিবসে রেজিষ্টারকে সর্টিফিকট দিতে হুকুম করিতে পারেন।]

৫ ধারা। যে ব্যক্তিরা বিবাহ করিতে উদ্যত আছেন তাঁহারদিগের মধ্যে এক জন (বিধবা অথবা মৃতস্ত্রীক না হইয়া) যদি একুশ বৎসর বয়সের কমবয়স্ক হন এবং বিবাহ করিতে উদ্যত উভয় ব্যক্তি যদি তৎসময়ে কলিকাতা অথবা মান্দ্রাজ কি বোম্বাই শহরে বাস করেন এবং পূর্ব্বোক্তমতে এত্তেলা দেওনের পর চৌদ্দ দিবসঅপেক্ষা কম দিবসে বিবাহ করিতে ইচ্ছুক হন তবে বিবাহ করিতে উদ্যত উভয় ব্যক্তি ঐ শহরের সুপ্রিম কোর্টে অথবা তাহার কোন এক জন জজ সাহেবকে এমত এক দরখাস্ত দিতে পারেন যে বিবাহের যে রেজিষ্টার সাহেবকে বিবাহের এত্তেলা দেওয়া গিয়াছে তাঁহার প্রতি এই হুকুম হয় যে এই আইনের ৪ ধারায় যে চৌদ্দ দিন নিরূপণ আছে তাহা সমাপ্ত না হইতেং তিনি আপনার সর্টিফিকট দেন। এবং ঐ সুপ্রিম কোর্ট অথবা তাহার এক জন জজ সাহেবের এই ক্ষমতা থাকিবেক যে উপযুক্ত কারণ দর্শান গেলে তাঁহারা বা তিনি আপনার বিবেচনাক্রমে ঐ বিবাহের রেজিষ্টার সাহেবকে এই হুকুম দেন যে ৪ ধারার নিরূপিত চৌদ্দ দিন শেষ না হইতেং ঐ হুকুমে যে সময় নির্দ্দিষ্ট হয় সেই সময়ে সর্টিফিকট দেন এবং বিবাহের ঐ রেজিষ্টার সাহেব উক্ত হুকুম পাইলে পর তদনুযায়ি আপনার সর্টিফিকট দিবেন ইতি।

[সর্টিফিকটের পাঠের বিষয়।]

৬ ধারা। উক্ত আক্ট পার্লিমেণ্টের দ্বিতীয় ধারার বিধিক্রমে বিবাহের রেজিষ্টার সাহেব যে সর্টিফিকট দেন তাহা এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা তাহার অনুযায়ি দেওয়া যাইতে পারে। এবং প্রত্যেক রাজধানী অথবা স্থানের গবর্ণমেণ্ট যত কেতা সর্টিফিকটের পাঠের আবশ্যক হয় তত পাঠ প্রত্যেক বিবাহের রেজিষ্টার সাহেবকে যোগাইয়া দিবেন ইতি।

[এদেশীয় খ্রীষ্টীয়ানদিগের এত্তেলা ও সর্টিফিকট তরজমা করিতে হইবেক।]

৭ ধারা। যখন এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহ করিতে উদ্যত হন এবং বিবাহের এত্তেলার বিষয়ের দরখাস্ত করেন অথবা তাহা দাখিল করেন কি বিবাহের রেজিষ্টার সাহেবের নিকটে এক সর্টিফিকটের দরখাস্ত করেন তখন বিবাহের ঐ রেজিষ্টার সাহেব এই নিশ্চয় করিবেন যে এদেশীয় ঐ খ্রীষ্টীয়ান ইঙ্গরেজী অবগত আছেন কি না এবং যদি তিনি তাহা না জানেন তবে বিবাহের ঐ রেজিষ্টার সাহেব ঐ এত্তেলা বা সর্টিফিকট কিম্বা বিষয় বিশেষে উভয় দলীল ঐ এদেশীয় খ্রীষ্টীয়ানের ভাষায় তাঁহাকে তরজমা করিয়া দিবেন অথবা ঐ এদেশীয় খ্রীষ্টীয়ানকে

such Native Christian, or the said Marriage Registrar shall otherwise ascertain whether such Native Christian is cognizant of the purport and effect of the said Notice and Certificate.

How issue of Certificate may be forbidden.

VIII. Any person authorized in that behalf may forbid the issue of the Marriage Registrar's Certificate, by writing, at any time before the issue of such Certificate, the word "forbidden" opposite to the Entry of the Notice of such intended Marriage in the Marriage Notice Book, and by subscribing thereto his or her name and place of abode, and his or her character, in respect of either of the parties, by reason of which he or she is so authorized, and the said word "forbidden," so written and subscribed as aforesaid, shall be deemed a Protest, within the meaning of the seventh Section of the said Act of Parliament.

References by the Registrars in cases of doubt.

IX. In all cases where a Marriage Registrar, acting under the provisions of the fourth Section of the said Act of Parliament, shall not be satisfied that the person forbidding the issue of the Certificate is authorized by law so to do, the said Marriage Registrar shall apply by petition, which may in all cases be on unstamped paper, where the district of such Registrar is within any of the Towns of Calcutta, Madras, and Bombay, to the Supreme Court of Judicature in the Presidency or Place within which such district is comprised, or if such district be not within any of the said Towns, then to the Judge of the Zillah or District within which the same is comprised, and the said petition shall state all the circumstances of the case, and pray for the order and direction of the Court concerning the same, and the said Supreme Court, or any Judge thereof, or such Judge of the Zillah or District, shall be empowered to examine into the allegations of the Petition and the circumstances of the case in a summary way, and if upon such examination it shall appear that the person forbidding the issue of such Certificate is not authorized by law so to do, such Supreme Court, or any Judge thereof, or such Judge of the Zillah or District, shall declare that the person forbidding the issue of such Certificate is not authorized as aforesaid, and that then and in such case such Certificate shall be issued, and the like Proceedings may be had under the said Act of Parliament in relation to such Marriage as if the issue of such Certificate had not been forbidden by such person. And in all cases where a Marriage Registrar, appointed to act within the Territories of any Native Prince or State in alliance with the East India Company acting under the provisions of the sixth Section of the said Act of Parliament, shall not be satisfied that the person forbidding the issue of the Certificate is not authorized by law so to do, the said Marriage Registrar shall transmit a statement of all the circumstances

তাহা তরজমা করাইবেন অথবা বিবাহের ঐ রেজিষ্ট্রার সাহেব অন্য প্রকারে এই নিশ্চয় করিবেন যে ঐ এদেশীয় খ্রীষ্টীয়ান উক্ত এত্তেলা এবং সর্টিফিকটের অভিপ্রায় ও ফল সুজ্ঞাত আছেন কি না ইতি।

[সর্টিফিকট দেওয়া যেরূপে নিষেধ হইতে পারে তাহা।]

৮ ধারা। যে কোন ব্যক্তির তদ্বিষয়ে ক্ষমতা থাকে সেই ব্যক্তি ঐ সর্টিফিকট দেওনের পূর্ব্বে কোন সময়ে বিবাহের এত্তেলা বহীতে ঐ কল্পিত বিবাহের এত্তেলার নিদর্শনের পার্শ্বে "নিষেধ হইল" এই কথা লিখনের দ্বারা এবং (স্ত্রী হউন বা পুরুষ হউন) তাঁহার নাম ও বাসস্থান ও বিবাহ করণে উদ্যত ব্যক্তি অন্যতরের সঙ্গে তাঁহার যে সম্পর্কক্রমে ঐ বিবাহ নিষেধ করণের ক্ষমতা থাকে তাহা লিখনের দ্বারা বিবাহের রেজিষ্ট্রার সাহেবের ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ করিতে পারেন। এবং "নিষেধ হইল" উক্ত এই কথা পূর্ব্বোক্তমতে লিখিত হইলে ও তাহাতে দস্তখৎ হইলে উক্ত আক্ট পার্লিমেণ্টের সপ্তম দফার অর্থের মধ্যে নিষেধপত্র বোধ হইবেক ইতি।

[রেজিষ্ট্রার সাহেবেরদের সন্দেহ হইলে যেরূপে জিজ্ঞাসা করিবেন তাহার বিষয়।]

৯। যে সকল গতিকে উক্ত আক্ট পার্লিমেণ্টের চতুর্থ দফার বিধির অনুসারে বিবাহের কোন রেজিষ্ট্রার সাহেব কর্ম্ম করণেতে যখন তাঁহার এইমত হৃদ্বোধ না হয় যে যে ব্যক্তি সর্টিফিকট দেওয়া নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির আইনক্রমে সেইরূপ নিষেধ করণের ক্ষমতা আছে তখন বিবাহের ঐ রেজিষ্ট্রার সাহেব দরখাস্ত করিবেন এবং ঐ দরখাস্ত নিরত ইষ্ট্যাম্প না হওয়া কাগজে লেখা যাইতে পারে বিশেষতঃ যদি ঐ রেজিষ্ট্রার সাহেবের এলাকা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শহরে হয় তবে যে রাজধানী বা স্থানের মধ্যে ঐ এলাকা থাকে সেই রাজধানীর সুপ্রিম কোর্টে দরখাস্ত করিবেন। অথবা যদি ঐ এলাকা উক্ত কোন শহরের মধ্যে না থাকে তবে যে জিলা অথবা প্রদেশের মধ্যে তাহা থাকে সেই জিলা কি প্রদেশের জজ সাহেবের নিকটে দরখাস্ত করিবেন এবং সেই দরখাস্তের মধ্যে সেই বিষয়ের সকল বৃত্তান্ত লেখা থাকিবেক এবং তৎসম্পর্কে ঐ আদালতের হুকুম ও বিজ্ঞাপনের প্রার্থনা করা যাইবেক। এবং উক্ত সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব কিম্বা সেই জিলা কি প্রদেশের জজ সাহেব সরাসরীমতে সেই দরখাস্তের এজহার এবং বিষয়ের সকল বৃত্তান্তের তজবীজ করিতে পারেন এবং সেই তজবীজক্রমে যদি এইমত দৃষ্ট হয় যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির সেইরূপ করিতে আইনক্রমে কোন ক্ষমতা নাই তবে সেই সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব অথবা সেই জিলা কি প্রদেশের জজ সাহেব ইহা জ্ঞাপন করিবেন যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছিলেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে কোন ক্ষমতা নাই এবং তাহাতে ঐ সর্টিফিকট দেওয়া যাইবেক এবং সেই ব্যক্তির দ্বারা সেইরূপ সর্টিফিকট নিষেধ না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ বিবাহের বিষয়ে উক্ত আক্ট পার্লিমেণ্টের অনুসারে সেইরূপ সকল কর্ম্ম হইতে পারে। এবং কোম্পানি বাহাদুরের সঙ্গে এদেশীয় যে রাজা কি রাজ্যের সন্ধি থাকে সেই রাজা বা রাজ্যের দেশের মধ্যে নিযুক্ত হওয়া বিবাহের রেজিষ্ট্রার সাহেব উক্ত আক্ট পার্লিমেণ্টের ষষ্ঠ ধারার বিধির অনুসারে কর্ম্ম করণেতে যদি তাঁহার এইমত হৃদ্বোধ না হয় যে ঐ সর্টিফিকট দেওয়া যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে আইনের দ্বারা কোন ক্ষমতা আছে তবে বিবাহের ঐ রেজিষ্ট্রার সাহেব সেই বিষয়ের সকল বৃত্তান্তের এক কৈফিয়ৎ এবং তৎসম্পর্কীয় সকল দলীলদস্তাবেজ ও কাগজপত্র ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদু-

of the case, together with all documents and papers relating thereto, to the Governor General of India in Council, and if it shall appear to the said Governor General of India in Council that the person forbidding the issue of such Certificate is not authorized by law so to do, the said Governor General of India in Council shall declare that the party forbidding the issue of such Certificate is not authorized as aforesaid, and that then and in such case such Certificate shall be issued, and the like Proceedings may be had under the said Act of Parliament in relation to such Marriage, as if the issue of such Certificate had not been forbidden by such person.

Appeal where Registrar in Allied Native State refuses Certificate.

X. In all cases whatsoever where a Marriage Registrar resident in the Territories of any Native Prince or State in alliance with the East India Company has refused to issue his Certificate, it shall be lawful for either of the parties intending Marriage to apply by Petition to the Governor General of India in Council, and the said Governor General of India in Council shall be empowered to examine the allegations of the Petition in a summary way, and shall decide thereon, and the decision of the said Governor General of India in Council shall be final, and the Marriage Registrar, to whom the application was originally made, shall proceed in accordance therewith.

Hours for Marriages.

XI. Every Marriage solemnized under the provisions of the said Act of Parliament shall be so solemnized between the hours of six in the morning and seven in the evening.

Declarations made at the Marriage to be translated to Native Christians.

XII. When any native Christian is married under the provisions of the said Act of Parliament, the party solemnizing the said Marriage shall ascertain whether such Native Christian understands the English language, and if he does not, the party solemnizing the said Marriage shall, at the time of the solemnization thereof, translate, or cause to be translated, to such Native Christian, in the language of such Native Christian, both the declarations made at such Marriage in pursuance of Section IX. of the said Act of Parliament.

[To be Continued.]

## CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 34.

*To the Civil Judges in the Lower Provinces.*

I am directed to forward for your information copy of the Rules which have been for some time in

রের হজুর কৌন্সেলে পাঠাইবেন এবং যদি উক্ত ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের এইমত বোধ হয় যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির তাহা নিষেধ করিতে আইনের দ্বারা কোন ক্ষমতা নাই তবে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইহা জ্ঞাপন করিবেন যে ঐ সর্টিফিকট দিতে যে ব্যক্তি নিষেধ করিয়াছেন সেই ব্যক্তির পূর্ব্বোক্তমতে কোন ক্ষমতা নাই এবং সেই গতিকে ঐ ব্যক্তির দ্বারা ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ সর্টিফিকট দেওয়া যাইবেক এবং ঐ বিবাহের সম্পর্কে উক্ত আক্ট পার্লিমেণ্টক্রমে সেইরূপ কার্য্য হইতে পারে ইতি।

[সন্ধিক্রমে বদ্ধ এদেশীয় রাজ্যে নিযুক্ত রেজিষ্ট্রার সাহেব সর্টিফিকট দিতে স্বীকার না করিলে যেরূপে আপীল হইবেক তাহা।]

১০ ধারা। এদেশীয় যে কোন রাজা বা রাজ্যের সঙ্গে কোম্পানি বাহাদুরের সন্ধি থাকে সেই রাজা বা রাজ্যের দেশস্থিত বিবাহের রেজিষ্ট্রার সাহেব যে সকল গতিকে সর্টিফিকট দিতে অস্বীকার করিয়াছেন সেই সকল গতিকে বিবাহ করিতে উদ্যত ব্যক্তির অন্যতর ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দরখাস্ত করিতে পারেন এবং উক্ত ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সেই দরখাস্তের এজহার সরাসরীমতে তজবীজ করিতে পারেন এবং তাহা নিষ্পত্তি করিবেন এবং উক্ত শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবেক এবং বিবাহের যে রেজিষ্ট্রার সাহেবের নিকটে দরখাস্ত প্রথমে করা গিয়াছিল তিনি শ্রীযুক্তের তদ্বিষয়ের নিষ্পত্তির অনুসারে কার্য্য করিবেন ইতি।

[বিবাহের সময়।]

১১ ধারা। উক্ত আক্ট পার্লিমেণ্টের বিধির অনুসারে যে সকল বিবাহ সাধন হয় তাহা প্রাতঃকালে ইঙ্গরেজী ছয় ঘণ্টাঅবধি বৈকালের সাত ঘণ্টাপর্য্যন্ত ইহার মধ্যে সাধন হইবেক ইতি।

[বিবাহের সময়ের এজহার এদেশীয় খ্রীষ্টীয়ানকে তরজমা করিয়া দিতে হইবেক।]

১২ ধারা। যখন উক্ত আক্ট পার্লিমেণ্টের অনুসারে এদেশীয় কোন খ্রীষ্টীয়ানের বিবাহ হয় তখন যে ব্যক্তি বিবাহ সাধন করেন তিনি ইহা নিশ্চয় করিবেন যে ঐ এদেশীয় খ্রীষ্টীয়ান ইঙ্গরেজী ভাষা অবগত আছেন কি না এবং যদি তিনি তাহা না জানেন তবে যে ব্যক্তি বিবাহ সাধন করেন তিনি বিবাহ সাধন করণের সময়ে উক্ত আক্ট পার্লিমেণ্টের ৯ ধারার অনুযায়ি উক্ত বিবাহে যে দুই এজহার করিতে হয় তাহা ঐ এদেশীয় খ্রীষ্টীয়ানের ভাষায় ঐ এদেশীয় খ্রীষ্টীয়ানকে তরজমা করিয়া দিবেন বা তরজমা করাইবেন ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

## সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতিদেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

নম্বরী দেওয়ানী আপীল শুনানির সময়ে বিরোধি অভিপ্রায় প্রস্তাব ও নির্দ্ধার্য্য করণার্থে এই আদালতে কিছু

force in this Court for the proposing and settling of Issues on the hearing of Regular Civil Appeals.

2. The operation of these rules has been found materially to promote the proper study and knowledge of their cases by the pleaders previous to a hearing, and greater dispatch, with an orderly and comprehensive course of argument on their discussion of them before the Court.

3. The rules are, in their principle equally applicable to the hearing of Original Suits as of Appeals.

4. It is desirable that you should endeavour as far as may be in your power to introduce rules of the same tenor into your Court, and into that at least of the Principal Sudder Ameen of your district. The Court are aware that, with imperfectly qualified pleaders general effect cannot immediately be given to systematic rules of this kind. But they believe from what they have themselves found, that pleaders of fair ability, when duly aided and instructed, rapidly become familiar with the rules, and apply them without difficulty. To accustom them to the use of such rules may be an important step towards the improvement of the Mofussil pleaders. Those who are really capable, may be encouraged to act on the rules, and they will gain merited distinction and advantage from their success.

5. The Court request that the degree in which you have found it possible to carry out their wishes on the point above referred to, may be specially noticed in your Annual Reports.

6. Copies of the proposed Issues as given in, and accepted, or objected to, by the several pleaders, will always remain filed, with the record of a case, and be sent with it in the event of appeal to this Court.

(Signed) B. J. Colvin,
*Register.*

Fort William, the 20th November, 1851.

---

*Rules of Practice.*

1. At the hearing of a regular case, the pleader of the Appellant shall, in the first instance, state, in brief and distinct terms, the Issues, whether of fact or law, which he would propose for argument. The pleader for the Respondent shall then state which of these Issues he accepts as Issues in the cause should it be heard on the merits, and which of them he objects to, and the reasons for such objection. He shall next state any further Issues, whether in bar of the Appeal or on the merits, which he would propose for argument on behalf of the Respondent. It is expected that the pleaders will mutually communicate and compare their proposed Issues before a case comes on for hearing, so that the Issues, accepted by them, may be at once declared and their discussion with a view to the approval of Issues by the Court, be confined to those Issues which they contest.

কালঅবধি যে২ বিধান চলন আছে তাহার এক নকল তোমার বিজ্ঞাপনের নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি।

২। এই বিধানানুসারে কার্য্য করণেতে এই২ উপকার দৃষ্ট হইয়াছে যে মোকদ্দমা শুননির পূর্ব্বে উকীলেরা আপন২ মোকদ্দমাতে পূর্ব্বাপেক্ষা উত্তমমতে মনোনিবেশ করিয়াছেন ও তাহা বুঝিয়াছেন এবং মোকদ্দমার কর্ম্ম আশুহইয়াছে এবং আদালতে তাহার বাদানুবাদ হওনের সময়ে নিয়মমতে ও বিজ্ঞতারূপে তাহার বিতর্ক হইয়াছে।

৩। ঐ২ বিধানের মূল নিয়ম যেমন আপীলী মোকদ্দমার শুননির বিষয়ে খাটে তেমনি আসল মোকদ্দমার শুননির বিষয়ে খাটে।

৪। অতএব তোমার উচিত যে তোমার আদালতে এবং নিদানে তোমার প্রধান সদর আমীনের আদালতে সাধ্যপর্য্যন্ত সেই বিধানের ব্যবহার করণের উদ্যোগ কর। সদর আদালত সুজ্ঞাত আছেন যে উকীলেরা উপযুক্তমতে কর্ম্মণ্য না হইলে এইপ্রকার রীত্যনুযায়ি বিধান আপাততঃ সর্ব্বত্র ব্যবহার হইতে পারে না। কিন্তু তাঁহারদিগের নিজ জানা শুনার দ্বারা এমত বোধ হইয়াছে যে যে উকীলদিগের সামান্য পারগতা আছে তাঁহারদিগের সাহায্য করিলে এবং তাঁহারদিগকে সুশিক্ষা দিলে তাঁহারা অতিশীঘ্র এই বিধান জ্ঞাত হইতে পারেন এবং অনায়াসে তদনুসারে কার্য্য করিতে পারেন। এই প্রকার বিধির অভ্যাস করাইলে মফঃসলের উকীলদিগের পারিপাট্য হওনের এক গুরুতর উপায় হইতে পারে। যে উকীলেরা নিতান্ত পারগ তাঁহারদিগকে এই২ বিধির অনুসারে কার্য্য করিতে আশ্বাস দেওয়া যাইতে পারে এবং তাঁহারা কৃতকার্য্য হইলে তাঁহারদিগের যথোচিত সুখ্যাতি ও উপকার অবশ্য হইবেক।

৫। সদর আদালত আরো আদেশ করিতেছেন যে পূর্ব্বোক্ত বিষয়ে তাঁহারদিগের ইচ্ছা যেপর্য্যন্ত তুমি সফল করিতে পারিয়াছ তাহা তোমার বার্ষিক রিপোর্টে বিশেষরূপে লেখ।

৬। নানা উকীলেরা যে প্রস্তাবিত বিরোধি অভিপ্রায় দাখিল করেন এবং যেরূপে মঞ্জুর বা নামঞ্জুর করেন তাহা মোকদ্দমার রোয়দাদের শামিল নিয়ত করা যাইবেক এবং যদি এই আদালতে ঐ মোকদ্দমার আপীল হয় তবে তাহা ঐ মোকদ্দমার রোয়দাদের সঙ্গে পাঠাইতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২০ নবেম্বর।

---

কার্য্যের নিয়ম।

১। কোন নম্বরী মোকদ্দমার শুননির সময়ে আপেলান্টের উকীল বৃত্তান্তঘটিত কি আইনঘটিত যে বিরোধি অভিপ্রায় যুক্তি হওনার্থে প্রস্তাব করিতে চাহেন তাহা প্রথমতঃ অতি সংক্ষেপ ও স্পষ্ট কথায় লিখিবেন। তৎপরে রেস্পাণ্ডেণ্টের উকীল মোকদ্দমার দোষগুণের উপর তাহার বিচার হইলে ঐ বিরোধি অভিপ্রায়ের যে অভিপ্রায় তিনি স্বীকার করেন এবং যে অভিপ্রায়ে ওজর করেন তাহা এবং ঐ ওজরের কারণ লিখিবেন। তৎপরে অন্য যে কোন বিরোধি অভিপ্রায় আপীলের প্রতিবন্ধকস্বরূপ অথবা মোকদ্দমার দোষগুণঘটিত তিনি রেস্পাণ্ডেণ্টের পক্ষে সওয়ালজবাব হওনের জন্যে প্রস্তাব করিতে চাহেন তাহা লিখিবেন। আদালতের সাহেবেরদের এইমত অপেক্ষা আছে যে মোকদ্দমা শুননি হওনের পূর্ব্বে উকীলেরা আপনারদিগের প্রস্তাবিত বিরোধি অভিপ্রায় পরস্পর জ্ঞাত ও ঐক্য করাইবেন তাহার তাৎপর্য্য এই যে তাঁহারদিগের দ্বারা পরস্পর স্বীকৃত বিরোধি অভিপ্রায় একেবারে জ্ঞাত করা যায় এবং আদালতের দ্বারা বিরোধি অভিপ্রায় মঞ্জুর হওনের অর্থে যে২ বিরোধি অভিপ্রায়ে তাঁহারদের অনৈক্য আছে কেবল তাহারি বিবেচনা করা যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৭ জানুআরি।]

2. The Court, after requiring from the pleaders any explanations or statements that may be deemed necessary, and considering the Issues proposed by them, shall determine and record the proper Issues for trial on the Appeal.

3. The pleaders of the Appellant and the Respondent shall be required in arguing on the merits of the case to confine themselves to the Issues so laid down by the Court.

4. If any fresh Issue of law be suggested in the course of the arguments, either on the part of the pleaders or that of the Court, the Court *shall be* empowered to add such Issues to the written Issues as first drawn, and the pleaders shall be at liberty to argue and to reply thereupon.

The following Resolution was adopted by the Court on the 13th May, 1851, on the above rules being sanctioned by the Supreme Government:

*Resolution.*

The foregoing rules having been approved by the Supreme Government, and established as rules of practice under Section 2, Act XVII. 1841, the Court notify the following subsidiary rules for the guidance of the pleaders:

*First.* List of Regular Appeals to be heard by the Court, to the amount of twelve in each week, will be prepared by the Native Deputy Register, and affixed in the Court house for at least three weeks previously to the week of hearing so that the pleaders may be enabled duly to prepare and examine the Issues to be proposed for trial on those appeals.

*Second.* The Court consider it very desirable that the Issues, whether for the Appellant or Respondent, signed by the pleaders proposing them, and with the words "accepted" or "objected to" noted opposite to each Issue by the pleader of the other party, should be written in any of the Native languages current in the Court, or in English and delivered to the Native Deputy Register eight days previous to Monday of the week appointed for the hearing, so that, if in any of the native languages, translations may be made, and copies of the Issues may be attached in English to the three copies of the pleadings and decision now made for the Judges of the full bench.

*Third.* A pleader appointed in a cause after the filing of the Issues as above directed, will be at liberty to propose fresh Issues at the hearing, having previously shewn them according to the present practice to the opposing pleader. But it is expected that, as far as may be in their power, pleaders, even appointed after the filing of the first Issues will arrange for settling any Issues proposed by them so as to admit of these being translated, and filed with the translations of pleadings (with a note of ac-

[*Government Gazette, 27th January, 1852.*]

২। সদর আদালত উকীলদিগের স্থানে যে সপষ্টার্থ কথা অথবা কৈফিয়ৎ আবশ্যক বোধ করেন তাহা তলব করিলে পর এবং তাঁহারা যে বিরোধি অভিপ্রায় প্রস্তাব করিয়াছেন তাহার বিবেচনা করণের পর আপীলের মোকদ্দমায় যেং বিরোধি অভিপ্রায় বিচারকরণার্থ উপযুক্ত হয় তাহা নিশ্চয় করিয়া লিখিবেন।

৩। আপেলাণ্ট ও রেস্পাণ্ডেণ্টের উকীলদিগকে এই হুকুম করা যাইবেক যে মোকদ্দমার দোষগুণের বিষয়ে সওয়াল জওয়াব করণেতে আদালতের দ্বারা ধার্য্য হওয়া বিরোধি অভিপ্রায় ছাড়া অন্য কোন বিষয়ে তর্ক করিবেন না।

৪। যদি সওয়াল জওয়াব করণেতে উকীলের দ্বারা অথবা আদালতের দ্বারা আইনঘটিত কোন নূতন বিরোধি অভিপ্রায়ের পরামর্শ দেওয়া যায় তবে আদালতের এই ক্ষমতা থাকিবেক যে প্রথম ধার্য্য হওয়া যে বিরোধি অভিপ্রায় লিখিত হইয়াছিল তাহার সঙ্গে এই নূতন বিরোধি অভিপ্রায় সংযোগ করেন এবং তৎপরে উকীলেরা সেই নূতন বিরোধি অভিপ্রায়ে সওয়াল জওয়াব করিতে পারিবেন।

উক্ত বিধি সুপ্রিম গবর্ণমেণ্টের দ্বারা মঞ্জুর হইলে পর সদর আদালত ১৮৫১ সালের ১৩ মে তারিখে পশ্চাৎ লিখিত নির্দ্ধারণ করিলেন।

নির্দ্ধারণ।

১৮৪১ সালের ১৭ আইনের ২ ধারাক্রমে উক্ত বিধান সুপ্রিম গবর্ণমেণ্টের দ্বারা মঞ্জুর হওয়াতে এবং কার্য্যের নিয়মস্বরূপ নিরূপণ হওয়াতে সদর আদালত উকীলদিগের উপদেশের জন্যে পশ্চাৎ লিখিত উপরি বিধি জ্ঞাত করিতেছেন।

প্রথম। প্রত্যেক সপ্তাহে বারো সংখ্যাপর্য্যন্ত যে নম্বরী আপীল আদালতে শুনা যাইবেক তাহার এক ফিরিস্তি এদেশীয় ডেপুটী রেজিষ্টর শুনানির সপ্তাহের অন্যূন তিন সপ্তাহের পূর্ব্বে প্রস্তুত করিয়া আদালতে এই জন্যে লট্‌কাইবেন যে উকীলেরা ঐ আপীলে যেং বিরোধি অভিপ্রায় বিচারার্থ প্রস্তাব করিতে হইবেক তাহা উপযুক্তমতে প্রস্তুত ও তজবীজ করিতে পারেন।

দ্বিতীয়। সদর আদালতের এই ইচ্ছা আছে যে আপেলাণ্টের পক্ষে কি রেস্পাণ্ডেণ্টের পক্ষে ঐ বিরোধি অভিপ্রায় আদালতে চলন এদেশীয় কোন ভাষায় অথবা ইঙ্গরেজী ভাষায় লিখিত হয় এবং যে উকীল তাহা প্রস্তাব করেন তাঁহার দ্বারা দস্তখৎ হয় এবং প্রত্যেক বিরোধি অভিপ্রায়ের লিপির পার্শ্বে অন্য পক্ষের উকীল "স্বীকৃত" বা "ওজর হইল" এই কথা লেখেন এবং মোকদ্দমা শুনানির জন্যে যে সপ্তাহ নিরূপণ হইল তাহার সোমবারের পূর্ব্বে আট দিন ঐ লিপি এদেশীয় ডেপুটী রেজিষ্টরকে দেওয়া যায়। তাহার তাৎপর্য্য এই যে ঐ বিরোধি অভিপ্রায় যদি এদেশীয় কোন ভাষায় লিখিত হইয়া থাকে তবে তাহার তরজমা করা যাইতে পারে এবং সম্পূর্ণ আদালতের জজ সাহেবদিগের জন্যে সওয়াল জওয়াব ও নিষ্পত্তির যে তিন নকল এক্ষণে প্রস্তুত হইতেছে তাহার সঙ্গে ইঙ্গরেজী ভাষায় লিখিত ঐ বিরোধি অভিপ্রায়ের নকল দেওয়া যায়।

তৃতীয়। পূর্ব্বের নির্দ্দিষ্টমতে ঐ বিরোধি অভিপ্রায় দাখিল হওনের পর যদি কোন উকীল কোন মোকদ্দমায় নিযুক্ত হন তবে মোকদ্দমার শুনানির সময়ে তিনি কোন নূতন বিরোধি অভিপ্রায় প্রস্তাব করিতে পারেন কিন্তু এক্ষণকার ব্যবহারানুযায়ি তাহার পূর্ব্বে তাহা বিপক্ষের উকীলকে দেখাইতে হইবেক। কিন্তু সদর আদালতের এইমত অপেক্ষা আছে যে প্রথম বিরোধি অভিপ্রায় দাখিল হওনের পর যদি উকীলেরা নিযুক্ত হন তবে তাঁহারদিগের দ্বারা প্রস্তাবিত কোন বিরোধি অভিপ্রায় ধার্য্য হওনের জন্যে সাধ্যপর্য্যন্ত এইমত উদ্যোগ করিবেন যে মোকদ্দমা শুনানির কএক দিন থাকিতে ঐ বিরোধি অভিপ্রায়ের তরজমা

cepted" or "objected to" by the pleader of the other party, as under the preceding rule) for some days before the hearing.

(True Copy.)
R. STUART, *Asst. Register.*

## No. 40.

*To the Civil Judges in the Lower, and Authorities in the Extra Regulation Provinces.*

In pursuance of the orders of Government, No. 2565 of the 16th Instant, the Court direct me to notify that any rent which may have to be paid for the ground occupied by Moonsiff's Cutcherries, will be paid by Government as a separate item, to be entered by the Judges and others in their Contingent Bills, and is not to be defrayed from the allowance granted to Moonsiffs for Stationery and Establishment.

(Signed) B. J. COLVIN,
*Register.*

Fort William, the 19th December, 1851.

## No. 41.

*To the Civil Judges in the Lower Provinces.*

I am directed by the Court to request that, on a petition of appeal being presented under Act IV. of 1850, whether from your own judgment, or that of a Principal Sudder Ameen, intimation of the same may at once be given by a Vernacular proceeding to the Deputy Register of this Court with a copy of the petition of appeal.

(Signed) B. J. COLVIN, *Register.*

Fort William, the 19th December, 1851.

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENTS.

*The 12th January,* 1852.

Baboo Takoordoss Mookerjea, (who has obtained a Diploma,) to be Acting Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs, during the absence on leave of the incumbent.

*The 14th January,* 1852.

Gooroopersaud Sein, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Beergunge, Zillah Dinagepore, during the absence on leave of the incumbent.

*The 19th January,* 1852.

Baboo Omachurn Mitter, who has obtained a Diploma,) to be Moonsiff of Nasirnugger, Zillah Tipperah. This cancels the appointments made by the Court's Orders of the 29th November last, and the 26th ultimo.

### LEAVES OF ABSENCE.

*The 9th January,* 1852.

Moulvie Toofel Ahmud, Moonsiff of Latoo, Zillah Sylhet, from the 11th to the 22nd ultimo, in extension of that granted on the 20th November last.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৭ জানুআরি।]

ইহতে পারে এবং সওয়াল জওয়াবের তরজমার সঙ্গে দাখিল হইতে পারে। এবং পূর্ব্বোক্ত বিধির অনুযায়ি অন্য পক্ষের উকীল তাহাতে "মঞ্জুর" হইল বা "ওজর" হইল এই কথা লিখিবেন।

(যথার্থ নকল।)
আর ষ্টুয়ার্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

## ৪০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ২৫৬৫ নম্বরী হুকুমক্রমে সদর আদালত ইহা জ্ঞাত করিতে আমাকে আদেশ করিয়াছেন যে মুনসেফের কাছারী যে ভূমির উপর থাকে তজ্জন্যে যে খাজানা দিতে হয় তাহা সরকারের দ্বারা আলাহিদা করিয়া দেওয়া যাইবেক এবং জজ সাহেবেরা এবং অন্যেরা আপন২ বাজে খরচের বিলের মধ্যে তাহা লিখিবেন এবং মুনসেফেরদের কাগজ ও সিরিশ্তার জন্যে যে টাকা দেওয়া যায় তাহাহইতে দেওয়া যাইবেক না।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৯ ডিসেম্বর।

## ৪১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু

সদর আদালত হুকুম করিতেছেন যে ১৮৫০ সালের ৪ আইনক্রমে তোমার ডিক্রীর উপর অথবা প্রধান সদর আমীনের ডিক্রীর উপর আপীলের দরখাস্ত হইলে তাহার সম্বাদ একেবারে এদেশীয় ভাষায় লিখিত রুবকারীর দ্বারা এই আদালতের ডেপুটী রেজিষ্টরকে দেওয়া যায় এবং তাহার সঙ্গে আপীলের দরখাস্তের এক নকল থাকে।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৯ ডিসেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ১২ জানুআরি।

জিলা চব্বিশপরগনার বসিরহাটের মুনসেফের ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা ঐ স্থানের এক্‌টিং মুনসেফ হইবেন।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফের ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন ঐ স্থানের এক্‌টিং মুনসেফ হইবেন।

১৮৫২ সাল ১৯ জানুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু উমাচরণ মিত্র জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ হইবেন। অতএব গত নবেম্বর মাসের ২৯ তারিখের এবং গত মাসের ২৬ তারিখের আদালতের হুকুমক্রমে যে নিয়োগ হয় তাহা রহিত হইয়াছে।

### ছুটী।

১৮৫২ সাল ৯ জানুআরি।

জিলা ছিলটের লাটুর মুনসেফ শ্রীযুত মৌলবী তুফেল আহমদ গত নবেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ১১ তারিখঅবধি ২২ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মহালের নম্বর | | | কোম্পানি বাকীজারির আমানের মোশাহেরা বাবদ | | |
| ১ | এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল | সাং নং ২৮৫১<br>হাং নং ২৭৬৫ | খারিজা পরগনে উত্তর সাহাবাজপুর মাধব চক্রবর্ত্তী তালুক | মাধব চক্রবর্ত্তী ... ... | লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৮ সন বাঙ্গলা<br>২৬৸৶৮ | ১১৲ | ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক ইতি। |
| ৬ | বাকী মালগুজারি যেরূপ আদাএ হএ সেইরূপে আদাএ করণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওয়া মহাল | সাং নং ৩৫৫৮<br>হাং নং ৩৪৫৬ | সুলতানাবাদ তর্পা | সৈদ উজির আলী আলী হসনি হিং /১৫ আনী ও গোলবদন বিবি হিং ১৩।৴ ক্রান্ত ও পুলীমা বেগম হিং /১০ আনী ও ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী ও ব্রজমোহনী চৌধুরান ও তিলকচন্দ্র রায় চৌধুরী হিং ৶১১৷/৩ দন্তী ও রক্তকৃষ্ণ মজুমদার হিং ১৪ গণ্ডা ও মির আমানউল্লা ও আহমত আলী খাঁ চৌধুরী ও কজলে আলী খাঁ চৌধুরী ও নুরমেছা খাওন ও হামেদ মেছা খাওন ও রহিমন মেছা ও খএর মেছা খানম ও দ্বিতীয় খয়ের মেছা খাওন ও খানম জান বেগম ও নতিফমেছা খানম ও ওয়াকীন গীরি গোর নিকুষ পোগোষ সাহেব ও ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী ও তিলকচন্দ্র রায় চৌধুরী ও অছিম মেছা খাওন ও আবদুল ওয়াজেদ ও মরাকে মেছা ও ছৈয়দ মেছা ও খএর মেছা ও আবদুল রসীদ ও মহিরণ মেছা ও হবিব মেছা ও রূপজান মেছা ও অক্তরে মেছা ও হামিদন মেছা ও আকরামে মেছা ও আবদুল অহির ও আবদুল হামিদ হিস্যে ৶১ গণ্ডা ও শোদা আলী দন হিং /১৫ আনী ও মাহামুদ তাহের ফতেমা বেগম ও মেহেরান মেছা খানম ও লক্ষ্মী বিবি হিস্যে ।০ আনী। | ২৩১২৮৸/৫ | তিনকড়ি বাক সরবরাহকারের প্রাপ্য ফিষ<br>১৪০৷৷৷০ | লিখিত মহালের /৮=১০ ক্রান্ত জোনেদা খানম ও /১৫৷৷=১০ তিল মেহেরে মেছা খানবেকম ও তিনকড়ি রায় সরবরাহকারের প্রাপ্য ফিষের টাকা আদায় নিমিত্তে নীলাম আমলে আসিবেক। |
| | এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল। | সাং নং ৪১৭৮<br>হাং নং ৩৯১৪ | খারিজা পরগনে ইদিলপুর অভিরামগুহ তালুক | জগদানন্দ ঘোষ ... ... ... ... | বাকী লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৮ সন বাঙ্গলা<br>৭৬৲ | ২৪৲ | ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক। |

F. E. Read, *Collector.*

## IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of **ALBERT JOHN DeHOCHIPIED LARPENT** and **JOHN BECKWITH**, of the late firm of Cockerell and Company, Insolvents.

In the matter of the Petition of **ALBERT JOHN DeHOCHIPIED LARPENT**, an Insolvent.

In the matter of the Petition of **JOHN BECKWITH**, an Insolvent.

Notice is hereby given, that by an order of this Court, made in this matter, on the 3d day of January, Instant. It was ordered, that three several orders nisi of the 6th day of December last, for the discharge of Henry Cowie, Esq., as Co-Assignee of the joint and separate Estate of the Insolvent, do stand over to Saturday, the 7th day of February next.

SANDES and WATTS, *Attornies.*

## যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন কাক্রেল কোম্পানির সাবেক কুঠীর আলবর্ট জান ডিহচিপীড লার্পেন্ট সাহেব এবং জান বেকুইথ সাহেবের বিষয়ে

যোত্রহীন আলবর্ট জান ডিহচিপীড লার্পেন্ট সাহেবের দরখাস্তের বিষয়ে।

যোত্রহীন জান বেকুইথ সাহেবের দরখাস্তের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখে এই আদালতে হুকুম হইয়াছিল যে যোত্রহীনের এজমালি ও স্বতন্ত্র ইষ্টেটের সহ আসৈনি শ্রীযুত হেনরি কৌই সাহেবের বিদায় করণের বিষয়ে গত ডিসেম্বর মাসের ৬ তারিখে নিসিনামক যে তিন স্বতন্ত্র হুকুম হয় তাহা আগামি ফেব্রুআরি মাসের ৭ তারিখ শনিবারপর্য্যন্ত মুলতবী থাকে।

সাণ্ডেস ও ওয়াট্‌স। উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২০ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশ্‌মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Mr. R. Finney, Moonsiff of Bhutteeary, Zillah Chittagong, from the 29th ultimo, to the 4th instant inclusive, on Medical Certificate.

*The* 12*th January*, 1852.

Baboo Nobinchunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for one day, viz., the 27th instant.

Baboo Rajmohun Mitter, Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs, for two months, on Medical Certificate, from the date on which he may avail himself of it.

*The* 13*th January*, 1852.

Baboo Koolodanund Mookerjea, Moonsiff of Ookhra, Zillah Beerbhoom, for the 26th and 27th instant.

*The* 14*th January*, 1852.

Baboo Sitikunt Singh, Moonsiff of Pothna, Zillah East Burdwan, for one day, the 5th instant.

Moolvie Abdool Mujjeed, Moonsiff of Beergunge, Zillah Dinagepore, for four months, from the 30th ultimo.

*The* 15*th January*, 1852.

Baboo Gopeenath Moitro, Moonsiff of Nasirnugger, Zillah Tipperah, for two months, from the date on which he may avail himself of it.

*The* 16*th January*, 1852.

Mr. R. Finney, Moonsiff of Bhutteeary, Zillah Chittagong, for seven days, in extension of that granted on the 9th instant, on Medical Certificate.

*The* 19*th January*, 1852.

Baboo Gunga Churn Shome, Moonsiff of Suleemabad, Zillah East Burdwan, for seven days, from the date on which he may avail himself of it.

B. J. Colvin, *Register*.

জিলা চাটিগাঁর ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৯ তারিখঅবধি বর্ত্তমান মাসের ৪ তারিখপর্য্যন্ত ঐ দুই তারিখ সুদ্ধ ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১২ জানুআরি।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র বর্ত্তমান মাসের ২৭ তারিখ এক দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার বসিরহাটের মুনসেফ শ্রীযুত বাবু রাজমোহন মিত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৩ জানুআরি।

জিলা বীরভূমের উখড়ার মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা বর্ত্তমান মাসের ২৬ ও ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পথনার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ৫ তারিখে এক দিনের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মজ্জীদ গত মাসের ৩০ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৫ জানুআরি।

জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জানুআরি।

জিলা চাটিগাঁর ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৯ জানুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সলিমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

## রাজকর্ম্মে নিয়োগ।

৪২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ৮ জানুআরি।

রঙ্গপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr. J. K. Walter,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) ১৮৫১ সালের ১১ মার্চ তারিখের হুকুমক্রমে সমুদ্রে গমনার্থে যে ছুটী পান তাহা লইয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

বীরভূমের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেম্‌স সাহেব (Mr. H. F. James,) সমুদ্রে গমনের অনুমতি প্রার্থনা করণের পূর্ব্বে কলিকাতায় গমনার্থে ছুটীবিষয়ক স্তধরা বিধির ৮ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর মেম্বর শ্রীযুত এচ রিকেট্‌স সাহেব (Mr. H. Ricketts,) ছুটীবিষয়ক স্তধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৯ জানুআরি।

নওগাঁয়ে আসামের কমিসানর সাহেবের প্রধান অসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জে বটলর সাহেব (Captain J. Butler,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে গমনার্থ গত মাসের ৪ তারিখে ঐ স্থানহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি এচ এম রিকেট্‌স সাহেব (Mr. G. H. M. Ricketts,) গত মাসের ৩ তারিখে সিংহভূম জিলার কার্য্যের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট আই সি হটন সাহেবের (Lieutenant I. C. Haughton,) স্থানে গ্রহণ করেন।

গোআলপাড়াতে আসামের কমিসানর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগনিউ সাহেব (Lieutenant W. Agnew,) গত মাসের ২৯ তারিখে ঐ জিলার খাজানাখানার এবং দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় কর্ম্মের ভার সহ-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ২৭ জানুআরি।]

# GOVERNMENT ADVERTISEMENTS.

## LAND ADVERTISEMENTS.

# গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা নদীয়া।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের বিধানমতে জেলা নদীয়ার নিম্নের লিখিত ইজারা মহালাতের লাং ১২৫৮ সালের কার্ত্তিক তলবের বাকী মালগুজারীর নিমিত্তে ইজারার জামিনীর আবেজ্ঞায় নিম্নের লিখিত জায়দাদ ১৮৫২ সালের ৪ ফেব্রুআরি তারিখে মোং ১২৫৮ সালের ২৩ মাঘ তারিখে বুধবার দিবসে উক্ত জেলার কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তাং ১৭ জানুআরি মোং ১২৫৮ সন তারিখ ৫ মাঘ।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জেলার তৌজীর নম্বর | নাম মহাল | নাম মালিক | সদর জমা | লাং ১২৫৮ সালের কার্ত্তিক তলবের বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | অন্য মহালের বাবত পাওনা বাকী মালগুজারি আদায় কারণ যে মহাল নীলাম হয় তাহা। | | মোং মহেশ্বরপুর গ্রামের পূর্ব্ব বিলদাম জলির মধ্যে মালের জমীর পূর্ব্ব ও মালের জমীর পশ্চিম ও উত্তর ও দক্ষিণ ২ বন্দের কাত ৩/০ বিঘা রোয়া১৩৩৬ নং তায়দাদভুক্ত লাখেরাজ জমী ... | উমাচরণ ঢোল | | ১১ | ২১০০ নং তৌজি ৩৬০ নং খাস মহাল সুটরার ইজারাদার উমাচরণ ঢোল নিকট উক্ত বকী আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জায়দাদে ঐ ইজারাদার একারয়দেহেন্দার যে স্বত্ত্ব আছে তাহা নীলাম হইবেক। |
| ঐ | ঐ | | ঐ গ্রামের দক্ষিণ মাটে ঐ তায়দাদভুক্ত লাখেরাজ জমী বেদেডাঙ্গার ধুতরাগাছির খাজাঞ্চীদিগরের ব্রহ্মোত্তর জমীর পূর্ব্ব ফকিরচাঁদ মণ্ডলের জমাই জমীর পশ্চিম ও সান্যাল ও চট্টোপাধ্যায়ের ব্রহ্মোত্তর জমীর দক্ষিণ এই চৌহদ্দির মধ্যে দং রামচাঁদ মদকের ঘোটের জমী রোয়া ১ বন্দ ৩॥০ বিঘা। | ঐ | | ঐ | ঐ |

H. B. Lawford, *Assist. Collr. in Charge.*

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার বিধানমতে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল লাং ১২৫৮ সালের অগ্রহায়ণ তলবের বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫২ সালের ২ ফেব্রুআরি মোং ১২৫৮ সালের ২১ মাঘ সোমবার দিবসে উক্ত জেলার কালেক্টর সাহেবের কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তাং ১০ জানুআরি মোং সন ১২৫৮ সাল তারিখ ২৭ পৌষ।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | নম্বর রেজেষ্টরী | নাম মহাল | নাম মালিক | সদর জমা | লাং ১২৫৮ সালের অগ্রহায়ণ তলবের বাকী | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল ... ... | ৫৪৩ | মৌং নওপাড়া পং বাগওয়ান ... | ... কালিদাস ও দেবনাথ চাটুয্যা | ১৮৬/০৸ | ৮৲ | |
| ঐ | ঐ | ৬২৮ | ফতেপুর চাং মাটীয়ারি ... ... | ... নিং খরিদার বিষ্ণুচন্দ্র ভট্টাচার্য্য | ১৮ ‖/৪ | ১২৲ | |
| ঐ | ঐ | ৯৪৭ | দলুইগ্রাম পং মামজোওয়ানিয়া ... | ... নিং খরিদার মফিজদ্দীন সাহা | ১২৸৶৩ | ৬৸৶৩ | |
| ঐ | ঐ | ১০৭২ | গোপালপুর পং রাজপুর ... | ... মদনমোহন ঘোষ ... | ১০৶১০ | ২ ‖৶৮ | |
| ঐ | ঐ | ১৩৫৫ | খড়মি গোবিন্দপুর চাং ধুলিয়াপুর | ... নিং খরিদার অভয়ানাথ বসু | ৩৭ ‖৶০<br>রসদ<br>১২৫৯ সাল ৪৭৲৩<br>১২৬০ সাল ৫৬ ।৶০<br>১২৬১ সাল ৬২৸৶৩<br>১২৬২ সাল পূরা ৭৪ ।০ | ১৩৲ | |
| ঐ | ঐ | ১৪২১ | কুল্যা চাকলে কৃষ্ণনগর ... | ... মধুসূদন বসু ... ... | ১০ ।৶১ | | |
| ঐ | ঐ | ১৬৫৪ | কলাবাড়ি পং মহামুদ শাহি ... | ... নফরচন্দ্র সরকার ... | ২০ ।৶৯ | ৩ ।/৪ | |
| ঐ | ঐ | ১৮৫২ | ফুলিয়ার দেয়াড় চাং কৃষ্ণনগর ... | ... পার্ব্বতী দেব্যা ... ... | ১০৸৶১০ | ৬৲ | |
| ঐ | ঐ | ১৮৫৪ | ঐ | কাশীমণি দেব্যা ... ... | ১০৸৶১ | ৩ ।/৪ | |
| ঐ | ঐ | ১৮৬১ | তাহেরপুর চাং কৃষ্ণনগর ... | ... নীলাম খরিদার উমাচরণ মুখোপাধ্যায় ... ... | ১৪৸৶৩ | ৩ ।/৪ | |
| ঐ | ঐ | ১৯০৯ | ভাণ্ডার কোণা তং মহৎপুর ... | ... মদনমোহন চাটুয্যা ... | ১৫ ‖/১০ | ৭৲ | |
| ২ | ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল | ৮২৭ | চর কাচকাটা গোহালিবাটী ... | ... নিং খরিদার নবকিশোর রায় | ২২৯ ।৶৭ | ১০ ‖৶১০<br>৮৯ ।৶৭ | এই মহাল ইং ১২৫৫ সাল লাং ১২৬৪ সাল ১০ সন মেয়াদে মেয়াদি বন্দবস্ত। |

G. W. BATTYE, *Collector.*

[*Government Gazette, 27th January, 1852.*]

## IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JAMES CULLEN, and another, Insolvents.

On Saturday, the 3d day of January instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 41,487-8-3 in his hands, pay a dividend at the rate of Co.'s Annas Three and Nine Pies per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 27.499-3-6) upon the several claims admitted on the Schedule of the said Insolvents so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 22d January, 1852.

## যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জেমস কলেন এবং অন্যের বিষয়ে

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ৪১৪৮৭ ৷৩ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকাপ্রতি ৵৯ ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২৭৪৯৯৶৬ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

জান কক্রেন। সরকারী আসৈনি।

আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ২২ জানুআরি।

---

In the matter of HENRY COOK, an Insolvent.

On Saturday, the 3d day of January instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 4,904-4-7 in his hands, pay a dividend at the rate of Co.'s. Rs. 20 per Cent. (which will amount to the sum of Co.'s. Rs. 3,910-1-11) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Noticę whereof is hereby given.

Official Assignee's Office, 19th January, 1852.

যোত্রহীন হেনরি কুক সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের লিখিত যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ৪৯০৪ ।৭ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ২০৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৯১০/১১ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ১৯ জানুআরি।

---

The like Notice in the matter of JOHN TAYLOR SHAVE, an insolvent, in which it was ordered, that out of the sum of Co.'s. Rs. 2570-1-2, a dividend at the rate of Co.'s Rs. 34 per Cent. (amounting to Co.'s. Rs. 2,299-2) be paid.

যোত্রহীন জান টেলর শেব সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়েতে হুকুম হইয়াছিল যে আসৈনি সাহেবের হাতে যে ২৫৭০/২ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ৩৪৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২২৯৯৶ টাকা দেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৭ জানুআরি।].

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 3, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৩ ফেব্রুআরি।

## ACTS.

[Concluded from page 63.]

ACT No. V. OF 1852.

*An Act for giving effect to the provisions of an Act of Parliament, passed in the 15th year of the reign of Her present Majesty, entituled "An Act for Marriages in India."*

*Proof as to Notice, Certificate, or hours of Marriage, &c., not necessary to establish Marriage.*

XIII. After any Marriage has been solemnized under the said Act of Parliament, it shall not be necessary, in support of such Marriage, to give any proof in respect of the Notice of Marriage, or the Certificate, or the translation thereof respectively, or in respect of the hours between which any Marriage may be solemnized, or in respect of the said translations of the said declarations in Section IX. of the said Act of Parliament contained, nor shall any evidence be given to prove the contrary, in any suit touching the validity of such Marriage.

*Penalties.*

XIV. Every Marriage Registrar who shall knowingly and wilfully issue any Certificate for Marriage after the expiration of three Calendar months after the Notice shall have been entered by him as aforesaid, or who shall knowingly and wilfully issue, without the order of a competent Court authorizing him so to do, any Certificate for Marriage where one of the parties intending Marriage (not being a widower or widow) is under twenty-one years of age before the expiration of fourteen days after the entry of such Notice, or any Certificate the issue of which shall have been forbidden as aforesaid by any person authorized to forbid the issue thereof, shall be guilty of felony. And every person who shall knowingly and wil-

## আইন।

[৬৩ পৃষ্ঠাহইতে চলিতেছে]

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৫ আইন।

"ভারতবর্ষে বিবাহের বিধি আইন" এই নামবিশিষ্ট শ্রীশ্রীমতী মহারাণীর পঞ্চদশ বৎসরে যে আক্‌ট পার্লিমেণ্ট জারী হয় তাহার বিধি সফল করণের আইন

[বিবাহ সাব্যস্ত করণার্থে এত্তেলা বা সর্টিফিকট কি বিবাহের ঘণ্টার বিষয়ের প্রমাণ অনাবশ্যক।]

১৩ ধারা। উক্ত আক্‌ট পার্লিমেণ্টক্রমে কোন বিবাহ সাধন হইলে ঐ বিবাহ সাব্যস্ত করণার্থে ঐ বিবাহের এত্তেলা কি সর্টিফিকট দেওনের বিষয়ে কি তাহার তরজমা হওনের বিষয়ে অথবা যে ঘণ্টার মধ্যে ঐ বিবাহ সাধন হইয়াছিল তাহার বিষয়ে কিম্বা উক্ত আক্‌ট পার্লিমেণ্টের ৯ ধারার উক্ত এজহারের উক্ত তরজমা হওনের বিষয়ে কোন প্রমাণ দিবার আবশ্যক হইবেক না এবং ঐ বিবাহের সিদ্ধতার বিষয়ের কোন মোকদ্দমা হইলে তাহার বিপরীত প্রমাণ করিবার জন্যে কোন সাক্ষ্য দেওয়া যাইবেক না ইতি।

[দণ্ড।]

১৪ ধারা। বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রার সাহেব পূর্ব্বোক্তমতে তাঁহার নিকটে এত্তেলা দাখিল হওনের পর সম্পূর্ণ তিন মাস অতীত হওনানন্তর যদি জানিয়া শুনিয়া এবং খামখা কোন বিবাহের সর্টিফিকট দেন অথবা বিবাহ করণ উদ্যত ব্যক্তিরদের কোন এক ব্যক্তি (মৃতস্ত্রীক অথবা বিধবা না হইয়া) একুশ বৎসরের কমবয়স্ক হইলে ঐ এত্তেলা দাখিল হওনের পর চৌদ্দ দিন অতীত হওনের পূর্ব্বে অথবা সর্টিফিকট দেওয়া নিষেধ করিতে যে কোন ব্যক্তির ক্ষমতা আছে এমত কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে নিষেধ করিলে পর যদি বিবাহের কোন রেজিষ্ট্রার সাহেব উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের হুকুম না পাইয়া জানিয়া শুনিয়া এবং খামখা কোন বিবাহের সর্টিফিকট দেন তবে সেই রেজিষ্ট্রার ফেলোনি অপরাধের দোষী হইবেন। এবং যে কোন ব্যক্তি যে এলাকার মধ্যে বিবাহ সাধন হয় সেই এলাকার রেজি-

fully solemnize any Marriage under the provisions of the said Act of Parliament in the absence of a Registrar of the District in which such Marriage is solemnized, or who shall knowingly and wilfully solemnize any Marriage where one of the parties to such Marriage (not being a widower or widow) is under twenty-one years of age within fourteen days after the entry of the Notice of Marriage, no order for the issue of a Certificate in less than fourteen days having been made by a competent Court, shall be guilty of felony.

Certificates of Marriages in Allied Native States to be transmitted to Secretary, &c.

XV. The Marriage Registrars in the Territories of any Native Prince or State in alliance with the East India Company, shall transmit the Certificates mentioned and referred to in the twelfth Section of the said Act of Parliament to the Secretary for the Foreign Department of the Government of India.

Punishment for making false oath or declaration.

XVI. Every person who shall knowingly and wilfully make any false oath or declaration, or sign any false Notice or Certificate, required by the said Act of Parliament or this Act, for the purpose of procuring any Marriage, and every person who shall forbid the issue of a Marriage Registrar's Certificate, by falsely representing himself or herself to be a person whose consent to such Marriage is required by law, knowing such representation to be false, shall, on conviction, suffer the penalties of Perjury.

Limitation of Prosecution.

XVII. Every prosecution under this Act shall be commenced within the space of two years after the offence committed.

Appointment of Registrars in Allied Native States, and as to their fees.

XVIII. The Governor General of India in Council may appoint any covenanted or uncovenanted Servant of the Company, being a Christian, or any Minister of the Christian religion, ordained, or otherwise set apart to the Ministry of the Christian religion, according to the usage of the persuasion to which he may belong, to be a Marriage Registrar in any District, to be assigned by the Governor General of India in Council in any place within the Territories of any Native Prince or State in alliance with the East India Company. And the said Marriage Registrar shall be entitled to receive the following fees; that is to say, for receiving each Notice of Marriage, one rupee, for publishing each Notice of Marriage, two rupees, for the issuing of each Certificate, five rupees, for every Marriage forbidden or Protest entered, ten rupees, and for registering each Marriage, three rupees, and all such fees shall be accounted for and paid over by the Marriage Registrar to the Government Treasury as in the said Act of Parliament mentioned. Pro-



ষ্টার সাহেবের অবর্ত্তমানে জানিয়া শুনিয়া এবং খামখা উক্ত আক্ট পার্লিমেন্টের বিধির অনুসারে কোন বিবাহ সাধন করেন অথবা বিবাহ করণ উদ্যত ব্যক্তিরদের কোন এক জন (মৃতস্ত্রীক অথবা বিধবা না হইয়া) একুশ বৎসরের কমবয়স্ক হইলে এবং উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা চৌদ্দ দিবসের ন্যূন কালে সর্টিফিকট দিবার হুকুম না হইলে যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত বিবাহের এত্তেলা দেওনানন্তর চৌদ্দ দিবসের মধ্যে জানিয়া শুনিয়া এবং খামখা বিবাহ সাধন করেন তবে সেই ব্যক্তি ফেলোনি অপরাধের দোষী হইবেন ইতি।

[এতদ্দেশীয় যে রাজ্যের সঙ্গে কোম্পানি বাহাদুরের সন্ধি থাকে সেই রাজ্যের দেশে বিবাহের সর্টিফিকট সেক্রেটারী সাহেবপ্রভৃতির নিকটে পাঠাইবার বিষয়।]

১৫ ধারা। যে রাজা বা রাজ্যের সঙ্গে কোম্পানি বাহাদুরের সন্ধি থাকে সেই রাজা বা রাজ্যের দেশের মধ্যে নিযুক্ত বিবাহের রেজিষ্ট্রার সাহেবেরা উক্ত আক্ট পার্লিমেন্টের দ্বাদশ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট ভারতবর্ষের গবর্ণমেন্টের বিদেশীয় ডিপার্টমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

[মিথ্যা শপথ বা সুকৃতি করণের দণ্ড।]

১৬ ধারা। কোন বিবাহ করাওনের জন্যে আক্ট পার্লিমেন্টের দ্বারা অথবা এই আইনের দ্বারা যে শপথ বা সুকৃতি করিতে হয় অথবা যে এত্তেলা কি সর্টিফিকট দিতে হয় যদি কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ও খামখা সেইরূপ কোন মিথ্যা শপথ বা সুকৃতি করেন বা সেইরূপে কোন এত্তেলা বা সর্টিফিকটে মিথ্যা দস্তখৎ করেন এবং বিবাহেতে আইনমতে যে ব্যক্তির সম্মতির আবশ্যক আছে সেই ব্যক্তি যদি আপনার নাম ভাঁড়াইয়া আমি অমুক ব্যক্তি বা অমুক স্ত্রী এমত কহিয়া রেজিষ্ট্রার সাহেবের বিবাহের সর্টিফিকট দেওয়া নিষেধ করেন এবং সেই এজহার মিথ্যা জানেন তবে তাঁহার দোষ সাব্যস্ত হইলে মিথ্যা শপথের দণ্ড হইবেক ইতি।

[নালিশের মিয়াদ।]

১৭ ধারা। এই আইনক্রমে যত নালিশ হয় তাহা অপরাধ করণের পর দুই বৎসরের মধ্যে আরম্ভ করিতে হইবেক ইতি।

[কোম্পানি বাহাদুরের সঙ্গে এদেশীয় যে রাজ্যের সন্ধি আছে তাঁহার দেশে রেজিষ্ট্রার নিযুক্ত করণের বিষয় এবং তাঁহারদের রসুমের বিষয়।]

১৮ ধারা। কোম্পানি বাহাদুরের সঙ্গে এদেশীয় যে কোন রাজার বা রাজ্যের সন্ধি থাকে সেই রাজার বা রাজ্যের দেশের মধ্যে কোন স্থানে কোম্পানি বাহাদুরের খ্রীষ্টীয়ান ধর্ম্মী কোন চিহ্নিত বা অচিহ্নিত কার্য্যকারককে অথবা খ্রীষ্টীয়ান ধর্ম্মের কোন ধর্ম্মোপদেশক যে মতাবলম্বী হন সেই মতের ব্যবহারানুসারে খ্রীষ্টীয়ান ধর্ম্মের উপদেশকর্ত্তা কর্ম্মে নিরূপণ অথবা প্রকারান্তরে নিযুক্ত হওয়া ধর্ম্মোপদেশককে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোন এলাকার বিবাহের রেজিষ্টর হওনার্থে নিযুক্ত করিতে পারেন। এবং উক্ত বিবাহের রেজিষ্ট্রার সাহেবের পশ্চাৎ লিখিত রসুম পাইবার স্বত্ব হইবেক বিশেষতঃ বিবাহের প্রত্যেক এত্তেলা লইবার জন্যে এক টাকা। বিবাহের প্রত্যেক এত্তেলা ঘোষণা করণার্থে দুই টাকা। প্রত্যেক সর্টিফিকট দেওনার্থে পাঁচ টাকা। যে প্রত্যেক বিবাহ নিষেধ হইল বা যাহার বিষয়ে নিষেধপত্র দাখিল হইল তাহার জন্যে দশ টাকা। প্রত্যেক বিবাহ রেজিষ্টরীকরণার্থে তিন টাকা। এবং উক্ত আক্ট পার্লিমেন্টের নির্দ্দিষ্ট মতানুসারে ঐ বিবাহের রেজিষ্ট্রার সাহেব ঐ সকল রসুমের হিসাব গবর্ণমেন্টের খাজানাখানায় দিবেন এবং তাহার টাকা সেই খানে পা-

vided always, that in any case in which it shall appear to the satisfaction of the Marriage Registrar, that the parties intending marriage, or married, under the provisions of the said Act of Parliament, are in indigent circumstances, it shall and may be lawful for the said Marriage Registrar, in his discretion, to remit some part, but not more than three-fourths, of the said fees respectively, and in each and every such case of remission of fees, the Marriage Registrar shall report the circumstances thereof, and the grounds on which the remission is made, for the information of the Governor General of India in Council.

Salaries of Registrars.

XIX. It shall be lawful for the Government of each Presidency or Place to pay any one Marriage Registrar of Calcutta, Madras and Bombay, or of any other district where a considerable number of persons likely to avail themselves of this Act are resident, such salary as they shall think fit, not exceeding the sum of Co's. Rs. fifty per month.

Provision in case of illness, &c., of Marriage Registrar.

XX. When there is only one Marriage Registrar in a district, and such Registrar is absent from such district, or ill, or in case of the death of the only Marriage Registrar in a district, or of any temporary vacancy in such office, the Magistrate of such district shall act as, and be, Marriage Registrar thereof, during such absence, illness, or temporary vacancy as aforesaid.

Searches may be made and Certificates given.

XXI. Every Marriage Registrar, or other person who shall have the custody for the time being of the Register of Marriages under this Act, shall at all reasonable times allow searches to be made of any Registrar Book in his custody, and shall give a copy, certified under his hand, of any entry or entries in the same, on the payment of the fees hereinafter mentioned, (that is to say) for every search extending over a period of not more than one year, the sum of one rupee, and four annas additional for every additional year, and the sum of one rupee for every single Certificate, and all such fees shall be accounted for and paid over by the Marriage Registrar to the Government Treasury.

Penalty for destroying or falsifying Register Book, &c.

XXII. Every person who shall wilfully destroy or injure, or cause to be destroyed or injured, any such Register Book, or the counterfoil Certificates thereof, or any part or certified copy thereof, or shall falsely make or counterfeit, or cause to be falsely made or counterfeited, any part of such Register Book, or of such counterfoil Certificates, or of certified copies thereof, or shall wilfully insert, or cause to be inserted, in

ইতেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি কোন গতিকে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের এইমত হৃদ্বোধ হয় যে উক্ত আক্ট পালিমেণ্টের বিধির অনুসারে যাঁহারা বিবাহ করিতে উদ্যত আছেন অথবা বিবাহ করিয়াছেন তাঁহারা অতিদরিদ্র তবে উক্ত বিবাহের রেজিষ্ট্রার সাহেব আপনার বিবেচনাক্রমে উক্ত রসুমের কোন ভাগ ক্ষমা করিতে পারিবেন কিন্তু তাহা ঐ প্রত্যেক গতিকে ঐ রসুমের চারি ভাগের তিন ভাগের অধিক হইবেক না। এবং যে প্রত্যেক গতিকে রসুম এইরূপে ক্ষমা হয় সেই প্রত্যেক গতিকে বিবাহের রেজিষ্ট্রার সাহেব তাহার সকল বৃত্তান্ত এবং যে হেতুতে তিনি ক্ষমা করিলেন তাহার এক রিপোর্ট ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের বিজ্ঞাপনের জন্যে করিবেন ইতি।

[রেজিষ্ট্রার সাহেবেরদের মাহিয়ানা।]

১৯ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই অথবা অন্য যে প্রদেশের মধ্যে যাঁহারদিগের এই আইনানুসারে বিবাহ করিবার সম্ভাবনা এমত অনেক লোক থাকেন সেই প্রদেশের বিবাহের কোন এক রেজিষ্ট্রার সাহেবকে প্রত্যেক রাজধানী অথবা স্থানের গবর্ণমেণ্ট যত মাহিয়ানা উচিত বোধ করেন তত মাহিয়ানা দিতে পারেন। কিন্তু তাহা মাসে ৫০৲ টাকার অধিক হইবেক না ইতি।

[বিবাহের রেজিষ্ট্রার সাহেবের পীড়াপ্রভৃতি হইলে যাহা কর্ত্তব্য।]

২০ ধারা। যখন কোন জিলায় কেবল এক জন বিবাহের রেজিষ্ট্রার সাহেব থাকেন এবং ঐ রেজিষ্ট্রার ঐ জিলাতে বর্ত্তমান না থাকেন অথবা পীড়িত হন কি কোন জিলার একাকী রেজিষ্ট্রার সাহেব মরিলে অথবা ঐরূপ পদ ক্ষণেক কালের জন্যে শূন্য হইলে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে রেজিষ্ট্রারের অবর্ত্তমানে বা পীড়িত সময়ে বা পদ ক্ষণেক কাল শূন্য হওনের সময়ে বিবাহের রেজিষ্ট্রারস্বরূপ কার্য্য করিবেন এবং সেই জিলার বিবাহের রেজিষ্ট্রার হইবেন ইতি।

[বহীর মধ্যে অন্বেষণ করা যাইতে পারে এবং সর্টিফিকট দেওয়া যাইতে পারে।]

২১ ধারা। প্রত্যেক বিবাহের রেজিষ্ট্রার সাহেব অথবা অন্য যে কোন ব্যক্তির জিম্মায় সময়ক্রমে এই আইনানুসারে বিবাহের রেজিষ্টরী বহী থাকে তিনি উপযুক্ত সকল সময়ে আপনার জিম্মায় থাকা কোন রেজিষ্টরী বহীতে অন্বেষণ করিতে দিবেন এবং তাহার মধ্যে কোন এক বা ততোধিক নিদর্শনের নকল আপনার দস্তখৎক্রমে দিবেন এবং তজ্জন্যে তাঁহাকে পশ্চাৎ লিখিত রসুম দেওয়া যাইবেক বিশেষতঃ এক বৎসরের অনধিক কালের রেজিষ্টরী বহী অন্বেষণ করণের জন্যে এক টাকা। এবং তদতিরিক্ত প্রত্যেক বৎসরের জন্যে অতিরিক্ত চারি আনা। এবং যে প্রত্যেক সর্টিফিকট দেন তজ্জন্যে এক টাকা। এবং এই সকল রসুমের হিসাব ঐ বিবাহের রেজিষ্ট্রার সাহেব সরকারী খাজানাখানায় দিবেন ও তাহার টাকা তথায় দাখিল করিবেন ইতি।

[রেজিষ্টরী বহীপ্রভৃতি নষ্ট করণ অথবা তাহাতে মিথ্যা লিখনের দণ্ড।

২২ ধারা। যে কোন ব্যক্তি এমত কোন রেজিষ্টরী বহী অথবা তাহার পার্শ্বস্থ সর্টিফিকট কিম্বা তাহার কোন ভাগ অথবা তাহার সর্টিফিকটহওয়া নকল জানিয়া শুনিয়া নষ্ট অথবা ক্ষতি করেন অথবা বিনষ্ট বা ক্ষতি করান অথবা যে কোন ব্যক্তি এইরূপ কোন রেজিষ্টরী বহী বা তাহার পার্শ্বস্থ সর্টিফিকট কিম্বা তাহার সর্টিফিকটহওয়া নকল মিথ্যা করেন অথবা কৃত্রিম করেন অথবা করান বা কৃত্রিম করান অথবা যে কোন ব্যক্তি কোন রেজিষ্টরী বহী অথবা তাহার পার্শ্বস্থ নকল কিম্বা তাহার সর্টিফিকট-

any Register Book, or counterfoil copy or certified copy thereof, any false entry of any Marriage, or shall wilfully give any false Certificate, or shall certify any writing to be a copy or extract of any Register Book, or counterfoil copy thereof, knowing the same Register Book or counterfoil copy to be false in any part thereof, shall be guilty of felony.

হওনা নকলের মধ্যে জানিয়া শুনিয়া কোন বিবাহের মিথ্যা নিদর্শন লেখেন অথবা জানিয়া শুনিয়া কোন মিথ্যা সর্টিফিকট দেন কিম্বা যে রেজিষ্টরী বহীর বা তাহার পার্শ্বস্থ নকলের কোন ভাগ মিথ্যা জানিয়া কোন লিপি বিবয় এমত জ্ঞাত করেন যে তাহা সেই রেজিষ্টরী বহীর বা তাহার পার্শ্বস্থ নকলের নকল বা চুম্বক সেই ব্যক্তি ফেলোনি অপরাধের দোষী হইবেন ইতি।

XXIII. Any person charged with the duty of registering any Marriage, who shall discover any error to have been committed in the form or substance of any such entry, may, within one calendar month next after the discovery of such error, in the presence of the parties married, or, in case of their death or absence, in the presence of two other credible witnesses, who shall respectively attest the same, correct the erroneous entry according to the truth of the case, by entry in the margin without any alteration of the original entry, and shall sign the marginal entry, and add thereunto the day of the month and year when such correction shall be made, and he shall make the like marginal entry, attested in the like manner, in the counterfoil Certificate thereof, to be made by him as in the said Act of Parliament mentioned, and in case such counterfoil certificate shall have been already transmitted to the Secretary of Government of the Presidency or Place within which he resides, he shall make and transmit in like manner a separate counterfoil Certificate of the original erroneous entry, and of the marginal correction therein made.

*Accidental errors may be corrected.*

[দৈবাগত ভুল হইলে তাহার সংশোধন হইতে পারে।]

২৩ ধারা। বিবাহের রেজিষ্টরী করণের ভারপ্রাপ্ত কোন ব্যক্তির যদি দৃষ্ট হয় যে ঐ নিদর্শনের পাঠে অথবা তাহার কথার কোন ভুল হইয়াছে তবে ঐ ভুল দৃষ্ট হওনের পর এক মাসের মধ্যে বিবাহহওয়া ব্যক্তিরদের সম্মুখে অথবা তাঁহারা মরিলে বা অবর্ত্তমান থাকিলে অন্য দুই জন বিশ্বাসযোগ্য সাক্ষির সাক্ষাৎ সেই বিষয়ের সত্যতানুসারে এইরূপে ঐ ভুলহওয়া নিদর্শন সংশোধন করিতে পারেন অর্থাৎ আসল নিদর্শনেতে কিছু কাটকুট না করিয়া তাহার পার্শ্বে ঐ ভুল শুধরাইবেন এবং ঐ দুই জন সাক্ষী তাহাতে দস্তখৎ করিবেক এবং ঐ বিবাহের রেজিষ্ট্রার সাহেব পার্শ্বস্থ নিদর্শনে দস্তখৎ করিবেন এবং যে বৎসরে ও মাসের যে দিবসে তাহা সংশোধন হইল তাহা লিখিবেন এবং তাহার পার্শ্বস্থ যে সর্টিফিকট পূর্ব্বোক্ত আকট পার্লিমেন্টক্রমে করিতে হয় তাহাতে সেইরূপ পার্শ্বস্থ নিদর্শন করিবেন এবং তাহাতে সেইরূপ দস্তখৎ হইবেক এবং যদি ঐ পার্শ্বস্থ সর্টিফিকট যে রাজধানী বা স্থানে ঐ রেজিষ্ট্রার সাহেব বাস করেন সেই রাজধানীর বা স্থানের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান গিয়া থাকে তবে আসল ভুলবিশিষ্ট নিদর্শন ও তাহার পার্শ্বে যে সংশোধন হইয়াছিল তাহার এক আলাহিদা পার্শ্বস্থ সর্টিফিকট সেইরূপে করিবেন ও পাঠাইবেন ইতি।

XXIV. Nothing in this Act contained shall be construed to extend to the Registration of Marriages which may be solemnized in India by persons in Holy Orders, or under the provisions of the Act of the 58th year of King George the Third, Chapter 84, or to the registration of any Marriage solemnized between any two persons professing the Jewish religion, and nothing herein contained, shall affect the right of any Officiating Minister to receive the fees now usually paid for the performance or registration of any Marriage.

*Certain Registers of Marriage may be kept as heretofore.*

[বিবাহের কোনং রেজিষ্টর পূর্ব্ববৎ স্বতন্ত্র রাখা যাইতে পারে।]

২৪ ধারা। এই আইনের মধ্যের লিখিত কোন কথার এই অর্থ করিতে হইবেক না যে শ্রীযুত লার্ড বিশপ সাহেবকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তির দ্বারা ভারতবর্ষে যে বিবাহ সাধন হয় অথবা তৃতীয় জর্জ বাদশাহের ৫৮ বৎসরীয় আইনের ৮৪ অধ্যায়ের বিধির অনুসারে যে বিবাহ হয় অথবা যে কোন যিহুদীয় মতাবলম্বী দুই ব্যক্তির মধ্যে বিবাহ সাধন হয় সেইং বিবাহের রেজিষ্টরী করণের বিষয়ে এই আইনের লিখিত কোন কথা খাটে। এবং কোন বিবাহ করণের ও তাহা রেজিষ্টরী করণের বিষয়ে এক্ষণে সামান্যতঃ যেং রসুম দেওয়া গিয়া থাকে তাহা লইতে যে কোন ধর্ম্মোপদেশকের স্বত্ব থাকে সেই স্বত্বের এই আইনের লিখিত কোন কথার দ্বারা হানি হইবেক না ইতি।

XXV. All petitions presented in pursuance of Section V. of the said Act of Parliament, may be so presented on unstamped paper.

*Petitions to be on unstamped paper.*

[দরখাস্ত শাদা কাগজে দেওয়া যাইবেক।]

২৫ ধারা। উক্ত আকট পার্লিমেণ্টের ৫ ধারানুযায়ি যে সকল দরখাস্ত দেওয়া যায় তাহা ইষ্টাম্পরহিত কাগজে দেওয়া যাইতে পারে ইতি।

XXVI. This Act shall commence and take effect from and after the first day of February, 1852.

*Commencement of Act.*

[আইন চলনের আরম্ভ।]

২৬ ধারা। এই আইন ১৮৫২ সালের ১ ফেব্রুআরি তারিখঅবধি ও তাহার পর আরম্ভ হইবেক ও চলন হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩ ফেব্রুআরি।]

SCHEDULE (A.)

## NOTICE OF MARRIAGE.

To *Mr. John Cox*, a Registrar of the District of *Calcutta* in *Bengal.*

I hereby give you Notice, that a Marriage is intended to be had, within three Calendar Months from the date hereof, between me and the other party herein named and described.

| Name. | Condition. | Rank or Profession. | Age. | Dwelling Place. | Length of Residence. | Church, Chapel, or, place of worship, or building in which Marriage is to be solemnized. | District in which the other Party resides when the Parties dwell in different Districts. |
|---|---|---|---|---|---|---|---|
| *James Smith,* | *Widower,...* | *Carpenter,* | *Of Full Age* | *15 Clive Street,* | *23 Days,* | *Union Chapel, Dhurrumtollah.* | |
| *Martha Green,* | *Spinster, ...* | ... | *Minor,* | *20 Hastings' Street,* | *More than a Month,* | | |

Witness my Hand this *Sixth* Day of *May, One Thousand Eight Hundred and Fifty-two.*

(Signed) *James Smith.*

(The *Italics* in this Schedule to be filled up as the case may be, and the Blank division thereof is only to be filled up when one of the Parties lives in another District.)

A চিহ্নিত তফসীল।

বিবাহের এত্তেলা।

বাঙ্গলা দেশস্থ কলিকাতা এলাকার রেজিষ্ট্রার শ্রীযুত জান কক্স সাহেব বরাবরেষু।

আমি তোমাকে ইহার দ্বারা এত্তেলা দিতেছি যে পশ্চাৎ লিখিত যে ব্যক্তির নাম ও বর্ণনা আছে তাঁহার সঙ্গে এই তারিখ অবধি সম্পূর্ণ তিন মাসের মধ্যে আমার বিবাহ হওনের কল্প আছে।

| নাম | অবস্থা | পদবি বা ব্যবসায় | বয়স | বাসস্থান | কত দিন বাসস্থান করিতেছেন | যে চর্চ কি চাপেল কি ভজনালয়ে বা ঘরে বিবাহ হইবেক তাহা। | উভয় ব্যক্তি ভিন্ন২ এলাকায় বাস করিলে অন্য ব্যক্তি যে এলাকায় বাস করেন তাহা। |
|---|---|---|---|---|---|---|---|
| জেম্‌স স্মিথ | মৃতস্ত্রীক | ছুতার | সম্পূর্ণ বয়স্ | ১৫ নম্বর ক্লৈব ষ্ট্রীট | ২৩ দিন | ইউনিয়ন চাপেল ধর্ম্মতলা। | |
| মার্থা গ্রীন | অবিবাহিতা | ॰ | অপ্রাপ্ত-প্রাপ্তা | ২০ নম্বর হেষ্টিংস ষ্ট্রীট | এক মাসের অধিক কাল | | |

আঠার শত বাওয়ান সালের ছওই মে তারিখে আমার দ্বারা দস্তখৎ হইল।

জেম্‌স স্মিথ।

( উক্ত তফসীলে ইঙ্গরেজী ইটালিক অক্ষরে যে২ কথা আছে তাহা বিষয় বিশেষঅনুসারে লিখিতে হইবেক এবং তফসীলের যে ঘর খালী আছে তাহাতে কেবল উভয় পক্ষের এক জন অন্য এলাকায় বাস করিলে তাহা লিখিতে হইবেক।)

---

SCHEDULE (B.)

## REGISTRAR'S CERTIFICATE.

I, *John Cox*, a Registrar of the District of *Calcutta* in *Bengal*, do hereby Certify, that on the *6th* day of *May*, Notice was duly entered in my Marriage Notice Book of the said District of the Marriage intended between the parties therein named and described, delivered under the Hand of *James Smith*, one of the Parties, (that is to say.)

[*Government Gazette, 3rd February*, 1852.]

| Name. | Condition. | Rank or Profession. | Age. | Dwelling Place. | Length of Residence. | Church, Chapel, place of worship, or building in which the Marriage is to be solemnized. | District in which the the other party dwells when the parties dwell in different Districts. |
|---|---|---|---|---|---|---|---|
| *James Smith,* | *Widower,* | *Carpenter,* | *Of full Age,* | *16 Clive Street,* | *23 Days,* | *Union Chapel, Dhurrumtollah.* | |
| *Martha Green,* | *Spinster,* | ... | *Minor,* | *20 Hastings Street,* | *More than a Month.* | | |

Date of Notice entered *6th May* 1852.
Date of Certificate given *20th May* 1852.

The Issue of this Certificate has not been forbidden by any Person authorized to forbid the issue thereof.

Witness my hand this *Twentieth* Day of *May, One Thousand Eight Hundred and Fifty-two.*

(Signed) JOHN COX, *Registrar.*

This Certificate will be void unless the Marriage is solemnized on or before the 6th day *of August* 1852.

(The *Italics* in this Schedule to be filled up as the case may be, and the blank division thereof is only to be filled up when one of the parties lives in another district.)

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

B চিহ্নিত তফসীল।

রেজিষ্ট্রার সাহেবের সর্টিফিকট।

আমি জান কক্স বাঙ্গলা দেশস্থ কলিকাতা এলাকার এক জন রেজিষ্ট্রার সাহেব এই সর্টিফিকট দিতেছি যে এত্তেলানামার মধ্যে যাঁহারদের নাম ও বর্ণনা আছে সেই দুই ব্যক্তির সঙ্গে সম্পাদিত বিবাহের এত্তেলা উক্ত এলাকার বিবাহের এত্তেলার বহীর মধ্যে রীতিমত লেখা গিয়াছিল এবং ঐ উভয় ব্যক্তির এক জন জেমস স্মিথ সাহেব ঐ এত্তেলানামা দাখিল করিলেন। বিশেষতঃ

| নাম | অবস্থা | পদবী বা ব্যবসায় | বয়স্ | বাস স্থান | যত দিন বাস করিয়াছেন | যে চর্চ্চ কি চাপেল কি ভজনালয়ে বা ঘরে বিবাহ হইবেক তাহা। | উভয় ব্যক্তি ভিন্ন২ এলাকায় বাস করিলে অন্য ব্যক্তি যে এলাকায় বাস করেন তাহা। |
|---|---|---|---|---|---|---|---|
| জেমস স্মিথ | মৃতস্ত্রীক | ছুতার | সম্পূর্ণ বয়স্ | ১৬ নম্বর ক্লাইব ষ্ট্রিট | ২৩ দিন | ইউনিয়ন চাপেল ধর্ম্মতলা। | |
| মার্থা গ্রীন | অবিবাহিতা | • | অবয়ঃপ্রাপ্তা | ২০ নম্বর হেষ্টিংস ষ্ট্রিট | এক মাসের অধিক কাল | | |

এত্তেলানামার তারিখ ১৮৫২ সাল ৬ মে।
সর্টিফিকটের তারিখ ১৮৫২ সাল ২০ মে।

যে কোন ব্যক্তির সর্টিফিকট দেওয়া নিষেধ করিবার ক্ষমতা আছে এমত কোন ব্যক্তির দ্বারা এই সর্টিফিকট নিষেধ হয় নাই।

আমার দ্বারা আঠার শত বাওয়ান্ন সালের বিশে মে তারিখে দস্তখৎ হইল।

জান কক্স।
রেজিষ্ট্রার।

যদি এই বিবাহ ১৮৫২ সালের ৬ আগষ্ট তারিখে অথবা তাহার পূর্ব্বে সাধন না হয় তবে এই সর্টিফিকট মিথ্যা হইবেক।

(উক্ত তফসীলে ইঙ্গরেজী ইটালিক অক্ষরে যেং কথা আছে তাহা বিষয় বিশেষঅনুসারে লিখিতে হইবেক এবং তফসীলের যে ঘর খালী আছে তাহাতে কেবল উভয় পক্ষের এক জন অন্য এলাকায় বাস করিলে তাহা লিখিতে হইবেক।)

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩ ফেব্রুআরি।]

## FORT WILLIAM,
## HOME DEPARTMENT,
## LEGISLATIVE,

THE 2[?]TH DECEMBER, 1851.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council, on the 26th December 1851, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. XVI. OF 1851.

*An Act for the trial of Receivers of Stolen Property.*

For the trial of Receivers of Stolen Property where the principal is tried, or where the Property is found in their possession, or where the receiving takes place, It is enacted as follows :—

1. Every person who receives any Chattel, Money, Valuable Security, or other Property whatsoever, knowing the same to have been feloniously or unlawfully stolen, taken, obtained, or converted, whether charged as an accessory after the fact to the felony, or with a substantive felony, or with a misdemeanor only, may be dealt with, indicted, tried, and punished in any place in which he shall have, or shall have had, any such property in his possession, or in any place in which the party guilty of the principal felony or misdemeanor may by law be tried, or in the place where he actually received such property.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

## ফোর্ট উলিয়ম।
## দেশীয় ডিপার্টমেন্ট।
## লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৬ ডিসেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত আনরবিল প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৬ ডিসেম্বর তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহিতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ১৬ আইন।

থাঙ্গীদারদিগের বিচারের আইন।

যে স্থানে আসল অপরাধির বিচার হয় অথবা যে স্থানে সম্পত্তি থাঙ্গীদারদিগের দখলে পাওয়া যায় কি যে স্থানে চোরা মাল গ্রহণ হয় সেই স্থানে থাঙ্গীদারদিগের বিচার হওনার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে কোন দ্রব্য কি টাকা কিম্বা মূল্যবান নিদর্শন অথবা অন্য কোন প্রকার সম্পত্তি ফেলোনিরূপে কি বেআইনীমতে চুরী করা গিয়াছে কি লওয়া গিয়াছে কি পাওয়া গিয়াছে কি রূপান্তর হইয়াছে ইহা জানিয়া যে কোন ব্যক্তি তাহা গ্রহণ করে সেই ব্যক্তির নামে ফেলোনির পর সহকারি হওনের দোষে অথবা প্রকৃত ফেলোনির দোষে কিম্বা সুদ্ধ মিসডিমীনর অর্থাৎ সামান্য অপরাধে নালিশ হইলে যে কোন স্থানে সেই ব্যক্তির দখলে ঐ দ্রব্য ছিল কি হইয়াছিল অথবা যে কোন স্থানে আসল ফেলোনি কিম্বা মিসডিমীনরের অপরাধি ব্যক্তির আইনমতে বিচার হইতে পারে সেই স্থানে অথবা যে স্থানে সেই ব্যক্তি ঐ দ্রব্য নিতান্ত গ্রহণ করিল সেই স্থানে তাহার প্রতি ব্যবহার হইতে পারে ও তাহার নামে নালিশ হইতে পারে ও তাহার বিচার ও দণ্ড হইতে পারে ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## DRAFT OF ACT.

## FORT WILLIAM,
## HOME DEPARTMENT,
## LEGISLATIVE,

THE 12TH DECEMBER, 1851.

The following Extract from the Proceedings of the Hon'ble the President of the Council of India in Council, in the Legislative Branch of the Home Department, under date the 12th December, 1851, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 16th November 1849, and published in the *Bengalee Government Gazette* of the 11th December, 1849, to amend the law for the dismissal of pleaders in Bengal.

*Resolution.*—The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information.

ACT No. —— OF 1851.

*An Act to amend the Law relating to Pleaders in Bengal.*

Whereas the laws in force relating to pleaders,

## আইনের মুসাবিদা

## ফোর্ট উলিয়ম।
## দেশীয় ডিপার্টমেন্ট।
## লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ১২ ডিসেম্বর।

দেশীয় সিরিশতার ব্যবস্থাপক ডিপার্টমেন্টে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ১২ ডিসেম্বর তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

বাঙ্গলা দেশের উকীলদিগের কর্ম্মচ্যুত হওনের বিষয়ি আইন সংশোধনার্থে ১৮৪৯ সালের ১৬ নবেম্বর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৯ সালের ১১ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গবর্নমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের উকীলের বিষয়ি আইন সংশোধনের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর

practising in the Courts of the East India Company, in the Presidency of Fort William, in Bengal, require amendment, it is enacted as follows :

I. Clause 4, Section V. Regulation XXVI. of 1814, and Sections VI., VII., VIII., X., XI., XII., XIV., XV., Clause 3, Section IX. and Clause 6, Section XX. of Regulation XXVII. of 1814, and Section XVIII., Regulation X. of 1829, of the Bengal Code, and Sections X. and XI. of Act I. of 1846, are hereby repealed.

II. Any pleader practising in the said Courts of the said Presidency shall be liable to dismissal on proof of his conviction by a competent Court of a Criminal offence, or on proof of a declaration by a competent Court, that he has knowingly committed a breach of trust, or for fraudulent or dishonest conduct in the discharge of his professional duty.

III. When any pleader is charged by any person or Court with any offence or misconduct, rendering him liable to dismissal, the Court competent to make an order for his dismissal, shall serve or cause to be served upon such pleader a copy of the charge or charges brought against him, and also a notice of the day appointed by the said Court for the hearing of such charge or charges, and such copy and notice shall be served upon the said pleader at least 20 clear days before the day appointed for such hearing, and on the hearing of the said charge or charges the Court shall receive all such relevant evidence as shall be properly tendered by or on behalf of the Court or party bringing the charge or charges, or by the said pleader and shall proceed to adjudicate on the said charge or charges in a summary way, and shall record its decision and the reasons on which the same is grounded. Provided always that the Court, which is competent to dismiss a pleader, shall also be competent to bring a charge or charges and proceed against him as aforesaid, and may also hear and adjudicate upon such charge or charges in manner hereinbefore mentioned.

IV. The power of dismissing pleaders practising in either of the Sudder Courts of the said Presidency is vested in the Judges of those Courts, respectively : the power of dismissing pleaders, practising in the Courts of the Zillah Judges, or in Courts subordinate to them, in the said Presidency, is vested in the Zillah Judges, respectively.

V. An appeal from the order of any Zillah Judge, for the dismissal of a pleader, may be made to the Sudder Dewanny Adawlut, according to the Rules in force for the admission of appeals.

VI. It shall not be lawful for any of the said Courts of the said Presidency to impose any fine on any pleader practising in the said Courts, except such fine as may be imposed under the Provisions of Act XXX. of 1841.

Ordered, that the Draft now read be re-consider-

অধীন দেশে কোম্পানি বাহাদুরের আদালতে কার্য্যকরণিয়া উকীলদিগের বিষয়ে যে আইন চলন আছে তাহা সংশোধন করণের আবশ্যক হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৬ আইনের ৫ ধারার ৪ প্রকরণ এবং ১৮১৪ সালের ২৭ আইনের ৬। ৭। ৮। ১০। ১১। ১৩। ১৪। ১৫ ধারা এবং ৯ ধারার ৩ প্রকরণ ও ২০ ধারার ৬ প্রকরণ এবং ১৮২৯ সালের ১০ আইনের ১৮ ধারা এবং ১৮৪৬ সালের ১ আইনের ১০ ও ১১ ধারা ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। উক্ত রাজধানীর উক্ত আদালতে যে কোন উকীল কর্ম্ম করেন যদি কোন ক্ষমতাবিশিষ্ট আদালতে তাঁহার কোন ফৌজদারী অপরাধের দোষ সাব্যস্ত হয় অথবা যদি কোন ক্ষমতাবিশিষ্ট আদালত এমত জ্ঞাপন করেন যে তিনি জানিয়াশুনিয়া কোন বিশ্বাসঘাতকতা কর্ম্ম করিয়াছেন অথবা আপনার উকীলী কর্ম্ম নির্ব্বাহ করণেতে কোন প্রবঞ্চনা বা শঠতা করিয়াছেন তবে সেই উকীল কর্ম্মহইতে তগীর হওনের যোগ্য হইবেন ইতি।

৩ ধারা। যে অপরাধ বা দুষ্ক্রিয়ার জন্যে কোন উকীল কর্ম্মচ্যুত হওনের যোগ্য হন এমত কোন অপরাধ করণের বিষয়ে যখন কোন ব্যক্তি অথবা আদালত তাঁহার অভিযোগ করেন তখন যে আদালত তাঁহার কর্ম্মচ্যুত হওনের হুকুম দিবার ক্ষমতা রাখেন সেই আদালত ঐ উকীলের নামে যে নালিশ বা নালিশসকল হইয়াছে তাঁহার এক নকল এবং সেই নালিশ বা নালিশসকল শুনানির জন্যে ঐ আদালত যে দিবস নিরূপণ করেন তাহার এত্তেলা তাঁহার উপর জারী করিবেন বা করাইবেন এবং ঐ মোকদ্দমা শুনানির জন্যে যে দিন নিরূপণ হয় তাহার অন্যূন সম্পূর্ণ কুড়ি দিবস পূর্ব্বে ঐ নকল এবং এত্তেলা ঐ উকীলের উপর জারী হইবেক এবং ঐ নালিশ বা নালিশসকল শুনানির সময়ে যে আদালত কি যে ব্যক্তি ঐ নালিশ বা নালিশসকল দরপেশ করিলেন তাঁহার দ্বারা অথবা উক্ত উকীলের দ্বারা যে উপকারক সাক্ষ্য উপযুক্তমতে দরপেশ হয় তাহা ঐ আদালত গ্রাহ্য করিবেন এবং ঐ নালিশ বা নালিশসকলের বিষয় সরাসরীমতে নিষ্পত্তি করিবেন এবং আপনার ফয়সলা এবং সেই ফয়সলার হেতু লিখিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যে আদালত উকীলকে কর্ম্মচ্যুত করিবার ক্ষমতা রাখেন এইমত আদালত তাঁহার নামে নালিশ বা নালিশসকল করিতে পারেন এবং পূর্ব্বোক্তমতে তাঁহার প্রতিকূলে কার্য্য করিতে পারেন এবং পূর্ব্বের লিখিতমতে ঐ নালিশ বা নালিশসকল শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন ইতি।

৪ ধারা। উক্ত রাজধানীর উভয় সদর আদালতে যে উকীলেরা কার্য্য করেন তাঁহারদিগকে কর্ম্মচ্যুত করণের ক্ষমতা ঐ২ আদালতের জজ সাহেবদিগের প্রতি অর্পণ হইল এবং ঐ রাজধানীতে জিলার জজ সাহেবের আদালতে অথবা তাঁহারদিগের অধীন আদালতে যে উকীলেরা কর্ম্ম করেন তাঁহারদিগকে কর্ম্মচ্যুত করণের ক্ষমতা ঐ২ জিলার জজ সাহেবদিগের প্রতি অর্পণ আছে ইতি।

৫ ধারা। জিলার জজ সাহেব উকীলকে কর্ম্মচ্যুত করণের যে হুকুম দেন তাহার উপর আপীল গ্রাহ্য করণের চলিত বিধির অনুসারে সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে ইতি।

৬ ধারা। উক্ত রাজধানীর উক্ত কোন আদালতের এইমত ক্ষমতা নাহি যে ১৮৪১ সালের ৩০ আইনের বিধির অনুসারে যে জরীমানা হয় তাহাছাড়া উক্ত আদালতে কর্ম্মকারি কোন উকীলের কোন জরীমানা করেন ইতি।

হুকুম হইল যে আগামি ১৮৫২সালের ১২ ফেব্রুআরি

**ed at the first Meeting of the Legislative Council of India, after the 12th day of February, 1852.**

F. J. Halliday,
*Secy. to the Govt. India.*

## CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 15.

*To the Criminal Authorities in the Lower Provinces.*

**I am directed by the Court of Nizamut Adawlut to call the attention of the Magistrates and Sessions Judges to the careful and proper framing of charges of Embezzlement under Section 13, Act XIII. of 1850. The charges, in various instances, which have come before the Court, do not set forth the nature and purpose of the Trust, and it is important that the accused should be distinctly informed what Trust he is charged with having abused. The distinction between Embezzlement and Theft being nice, in cases of Embezzlement under the Act, a count for Theft arising out of the same Act should be added, as a conviction for theft cannot be had on a charge of Embezzlement only.**

**2d. The Court are aware that, under Section 14 of the Act abovementioned, power is given to make any amendments in the charge that may be necessary, and under the recent Circular Order No. 13 of the 14th ultimo, Session Judges are competent to alter the charge from Embezzlement to Theft. What the Court desire to point out is that the insertion of both counts in the commitment by a Magistrate, and, where this has been omitted, the correction of the error by the Sessions Judges will prevent delay, and enable this Court, on appeal to deal with either charge, accordingly, as one or the other may appear to be the most strictly applicable to the facts of the case.**

(Signed) B. J. Colvin,
*Register.*

**Fort William, the 12th December, 1851.**

No. 17.

*To the Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.*

**As the Court of Nizamut Adawlut find it important to regulate the manner in which the signatures of witnesses to their depositions should be subscribed on the record, they direct that no signature, or mark in lieu of signature, of a witness, be attached to the record of his deposition until after such deposition has been read over to him, and *immediately below* such deposition and that such signature be repeated on every occasion of re-examination of the witness.**

**2d. The Court further direct that, in future, all witnesses to confessions, whether before the Police**

তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।   এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

## সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুক্ত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

১৮৫০ সালের ১৩ আইনের ১৩ ধারানুসারে তসরুফের নালিশপত্র অতি বিবেচনা ও উপযুক্তমতে প্রস্তুত করণের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব ও সেশন জজ সাহেবদিগকে বিশেষ মনোযোগ করিতে সদর আদালত হুকুম করিতেছেন। সদর আদালতের বিচারের অধীনে যে মোকদ্দমা বারম্বার আসিতেছে তাহাতে তাঁহারা দেখিতেছেন যে অর্পিত বিষয়ের ভাব ও অভিপ্রায় ঐ নালিশপত্রে নির্দ্দিষ্ট নাই এবং আসামীকে ইহা স্পষ্ট জ্ঞাত করণের আবশ্যক আছে যে কোন্ অর্পিত বিষয়ের তসরুফ করণে তাহার নামে নালিশ হইয়াছে। তসরুফ করণের এবং চুরী করণের অপরাধের মধ্যে যে প্রভেদ আছে তাহা অতিসূক্ষ্ম অতএব সেই আইনক্রমে তসরুফের মোকদ্দমা হইলে সেই অপরাধের সম্পর্কে চুরীর নালিশের এক দফাও দিতে হইবেক যেহেতুক যদি কেবল তসরুফের নালিশ হয় তবে সেই নালিশে কোন অপরাধী চুরীর বিষয়ে দোষীকৃত হইতে পারে না।

২। নিজামৎ আদালত সুজ্ঞাত আছেন যে নালিশপত্র কোন প্রকারে শুধরাইবার আবশ্যক বোধ হইলে পূর্ব্বোক্ত আইনের ১৪ ধারানুসারে সেইরূপ শুধরাইবার ক্ষমতা দেওয়া গিয়াছে এবং তাঁহারদিগের গত মাসের ১৪ তারিখের ১৩ নম্বরী সরকুলর অর্ডরক্রমে সেশন জজ সাহেবেরা তসরুফের নালিশের পরিবর্ত্তে তাহা চুরীর নালিশ লিখিতে পারেন। কিন্তু সদর আদালতের ইহা জ্ঞাত করিবার ইচ্ছা আছে যে মাজিষ্ট্রেট সাহেব যখন মোকদ্দমা সোপর্দ্দ করেন তখন উভয় অপরাধ লিখিলে এবং যেখানে তিনি এইরূপ না লিখিয়া থাকেন সেখানে সেশন জজ সাহেবেরা সেই ভুল সংশোধন করিলে বিলম্ব হইবেক না এবং এই আদালতে মোকদ্দমার আপীল হইলে আদালতের জজ সাহেবেরা মোকদ্দমার বৃত্তান্ত যদি তসরুফের নালিশসম্পর্কীয় বোধ হয় তবে তসরুফের নালিশের বিচার করিতে পারিবেন যদি ঐ বৃত্তান্তে চুরীর অপরাধ দৃষ্ট হয় তবে সেই চুরীর মোকদ্দমার বিচার করিতে পারিবেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১২ ডিসেম্বর।

১৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুক্ত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সাক্ষিদিগের জোবানবন্দীতে তাহারদিগের নাম যেরূপে রোয়দাদে দস্তখৎ হইবেক তাহার বিষয়ে নিয়ম করা সদর নিজামৎ আদালত অতি গুরুতর বিষয় বোধ করিয়া এই হুকুম দিতেছেন যে কোন সাক্ষির জোবানবন্দী তাহার নিকটে পাঠ না হইলে তাহাতে ঐ সাক্ষির দস্তখৎ অথবা দস্তখতের ঢেরা না দেওয়া যায় এবং ঐ দস্তখৎ বা ঢেরা জোবানবন্দীর অব্যবহিত নিম্নে দেওয়া যাইবেক এবং যতবার ঐ সাক্ষির পুনর্ব্বার জোবানবন্দী লওয়া যায় ততবার তাহার দস্তখৎ তাহাতে পুনরায় দেওয়া যায়।

২। সদর আদালত আরো হুকুম করিতেছেন যে পোলীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কবুলপত্রের

or Magistrates, have their expenses paid for attendance on the Sessions trial, at the rate laid down in Section 26, Regulation IX. of 1793, as they are generally of a class, to whom the assistance, permitted by that Law, may be very properly given.

(Signed) B. J. COLVIN,
*Register.*

Fort William, the 17th December, 1851.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

*The 23rd January,* 1852.

Baboo Gour Chunder Mujoomdar to be Moonsiff of Handrah, Zillah Nuddea, from the 14th instant.

LEAVES OF ABSENCE.

*The 23rd January,* 1852.

Mr. R. Finney, Moonsift of Bhutteeary, Zillah Chittagong, for two days, in extension of that granted on the 16th instant, on Medical Certificate.

Baboo Gungachurn Sircar, Moonsiff of Hauskhally, Zillah Nuddea, from the 26th to the 28th instant.

*The 29th January,* 1852.

Moulvy Gholam Rubbany, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, from the 25th to 27th instant.

Baboos Srikunt Sing, and Gopalchunder Ghose, Moonsiffs of Samunte and Bhaturia, Zillah East Burdwan, for the 26th and 27th instant.

B. J. COLVIN, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৪২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৯ জানুআরি।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr. H. V. Hathorn.) গত মাসের ৩১ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মিরজা মহম্মদ সাদীকের প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব ও শ্রীযুত জি জে কৃষ্টিয়ান সাহেব ও শ্রীযুত সি বি থর্ণহিল সাহেব এবং পাদরি শ্রীযুত এচ বি বর্ণি সাহেব (Messrs. G. D. Wilkins, G. J. Christian, C. B. Thornhill, and Reverend H. B. Burney,) "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১ তারিখে সাগরদ্বীপে পঁহুছে।

ঢাকার মাজিষ্ট্রেট শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার কালেক্টর শ্রীযুত জি পি লেষ্টর সাহেবের (Mr. G. P. Leycester,) প্রতি অর্পণ করেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩ ফেব্রুআরি।]

যত সাক্ষী থাকে তাহারা সেশন আদালতের মোকদ্দমার বিচারে হাজির হইলে তাহারদিগকে ১৭৯৩ সালের ৯ আইনের ২৬ ধারার নিরূপিত হারানুসারে আপনং খরচ দেওয়া যায় যেহেতুক ঐ আইনের দ্বারা যে প্রকার ব্যক্তিকে সাহায্য দেওয়া যাইতে পারে ঐ সাক্ষিরা প্রায় নিয়ত সেই সম্প্রদায়ের ব্যক্তি।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫১। ১৭ ডিসেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি জিলা নদীয়ার হাঁড়রার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৩ জানুআরি।

জিলা চাটিগাঁর ভাটিয়ারির মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার হাঁসখালির মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার বর্ত্তমান মাসের ২৬ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৯ জানুআরি।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানী বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির ও ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ ও শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ২৬ ও ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

শ্রীযুত এ ব্রাণ্ডরেথ সাহেব ও শ্রীযুত জে ডবলিউ মাকনাব সাহেব ও শ্রীযুত ডবলিউ সি কাপর সাহেব ও শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব ও শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেব ও শ্রীযুত আর এন লৌইস সাহেব (Messrs. A. Brandreth, J. W. Macnabb, W. C. Capper, R. H. Alexander, J. H. Mangles, and R. N. Lowis,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবদিগের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "হিন্দুস্থান"নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২ তারিখে কলিকাতায় পঁহুছে।

হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেবের সম্মতিক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব আজ্ঞা করিতেছেন যে নীচের লিখিত যে বিধানক্রমে ধর্ম্মোপদেশকেরা চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী পাইয়া উত্তর পশ্চিম দেশে স্বাস্থ্যজনক স্থানে গমন করিয়া তথাকার ধর্ম্মোপদেশকতা পদেও নিযুক্ত হইতে পারেন সেই বিধান উত্তর কালে দারজিলিঙ্গেও খাটিবেক। ঐ বিধান এই।

"অন্যান্য পর্ব্বতীয় স্থানের কার্য্য চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীপ্রাপ্ত যে ধর্ম্মোপদেশকেরদের বিষয়ে শ্রীযুত লার্ড বিশপ সাহেব কি আর্চডীকন সাহেব পরামর্শ দেন তাঁহারাই নির্ব্বাহ করিবেন। এই প্রকারে কর্ম্ম নির্ব্বাহ করণ সময়ে ধর্ম্মোপদেশকেরদের বেতন কর্ত্তন

হইবেক না। তদ্ভিন্ন সর্ব্বতোভাবে ছুটী লইয়া অনুপস্থিত আছেন জ্ঞান হইবেক। অতএব বেতন কর্ত্তন যে না হয় এই মঙ্গল তাঁহারা কেবল দুই বৎসরপর্য্যন্ত ভোগ করিতে পারিবেন। যদি তাহার অধিক কালের ছুটী লইয়া থাকেন তবে ঐ মোকামের ধর্ম্মোপদেশকতা কর্ম্ম না করিলে তাঁহারদের যেরূপ হানি হইত সেইরূপই হইবেক। এই বিধানে তাঁহারদের প্রতি যে উপকার বর্ত্তে তাহা যদি গ্রহণ করেন তবে পূর্ব্বে যে মোকামে ছিলেন সেই মোকামে ফিরিয়া যাইতে তাঁহারদের কোন দাওয়া থাকিতে পারে না। দুই বৎসরের পর অন্য যে কোন স্থান খালী থাকে সেই স্থানে তাঁহারদিগকে নিযুক্ত করা যাইতে পারিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৯ জানুআরি।

শ্রীযুত ডবলিউ সি লেসি সাহেব (Mr. W. C. Lacey,) কটকে গবর্ণমেণ্টের উড়িয়া ভাষার অনুবাদক হইবেন।

১৮৫২ সাল ১০ জানুআরি।

বালেশ্বরের নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন উল্লঙ্ঘন বিষয়ের মোকদ্দমার বিচারার্থ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫২ সাল ৮ জানুআরি।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে পৌয়র সাহেব (Mr. J. Power,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত পি টেলর সাহেব (Mr. P. Taylor,) গত মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরাতে আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এম লিটল সাহেব (Mr. M. Little,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু যাদবচন্দ্র বসু ত্রিপুরার আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৫ ধারার নির্দ্দিষ্টমতে বিচারার্থ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ৯ জানুআরি।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) যে তারিখে বাকরগঞ্জের মাজিষ্ট্রেটী কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি বাকরগঞ্জের মাজিষ্ট্রেট শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) ত্রিপুরাতে স্বীয় কর্ম্মে উপস্থিত হওনের মিয়াদের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এন কেব সাহেব (Lieutenant G. N. Cave,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১০ জানুআরি।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর এলাকার কমিসানর শ্রীযুত জি এফ ব্রৌন সাহেব (Mr. G. F. Brown,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৩ জানুআরি।

সাণ্ডোয়ে স্থানে আরাকানের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনার্থে গত মাসের ১০ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার সাণ্ডোয়ে স্থানের মযূপুগন্থী শ্রীযুত আগাজীর প্রতি অর্পণ করেন এবং ঐ মাসের ২২ তারিখে ঐ কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

এদেশীয় পদাতিক ২৭ পল্টনের সার্জেণ্ট শ্রীযুত সাইমন বাণ্ডরপ্ট সাহেব (Serjeant Simon Vandroft,) বেহারের তৈনাতী সৈন্যেরদের সার্জেণ্ট মেজরের পদে নিযুক্ত হইয়া গত মাসের ২৭ তারিখে বাঁকীপুরে আপনার কর্ম্মে উপস্থিত হন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলী বর্ত্তমান মাসের ৩ তারিখে শাহাবাদের সদর আমানী ও ঐ জিলার সদর মোকামের মুনসেফী কর্ম্ম গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর স্থানে পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মওয়াজিম হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার সিরিশ্তার ও খাজানাখানার ভার শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেবের (Mr. W. M. Beaufort,) প্রতি অর্পণ করেন।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বর্ত্তমান মাসের ৭ তারিখে কালেক্টরীর ভার শ্রীযুত এচ বি বেলি সাহেবের (Mr. H. V. Bayley,) স্থানে এবং খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলির স্থানে গ্রহণ করেন।

যশোহরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি পামর সাহেব (Mr. C. Palmer,) বর্ত্তমান মাসের ৬ তারিখে ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টরের কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এল বোফর্ট সাহেবের (Mr. F. L. Beaufort,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বীরভূমের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রায় গোবিন্দচাঁদ চৌধুরী বর্ত্তমান মাসের ৭ তারিখে ঐ জিলার সিবিল ও সেশন জজের সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত এচ এফ জেমস সাহেবের (Mr. H. F. James,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১০ জানুআরি।

শ্রীযুত জি লক সাহেবের (Mr. G. Loch,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টি সি লক সাহেব (Mr. .T. C. Loch,) ভাগলপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি সি লক সাহেবের (Mr. T. C. Loch,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১২ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট জে এমরসন সাহেবের (Lieutenant J. Emerson,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট ই এম রায়ণ সাহেব (Lieutenant E. M. Ryan,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের ছোট আসিষ্টান্ট হইবেন।

মান্দ্রাজীর পদাতিক ৪২ পল্টনের ডাক্তর শ্রীযুত স্কট সাহেব (Dr. Scott,) সৈন্যসম্পর্কীয় চিকিৎসকতা কর্ম্মের অতিরিক্ত কটকের দেওয়ানী কার্য্যকারকেরদের চিকিৎসকতা কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ জি ফুলটন সাহেব ও শ্রীযুত এচ ডেবরিল সাহেব (Mr. F. G. Fulton and Mr. H. Deverill,) মুরশিদাবাদের প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes,) বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ হইবেন। কিন্তু শ্রীযুত আর এচ মিটন সাহেবের (Mr. R. H. Mytton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি ঢাকা এলাকার কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব (Mr. W. J. H. Money,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া জিলা চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত বাবু শ্যামলপ্রাণ মুস্তফী নদীয়ার সদর আমীন ও ঐ জিলার সদর স্থানের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র মেদিনীপুরের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন কিন্তু তিনি হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ শ্রীরামপুরের সদর আমীন ও মুনসেফ হইবেন।

বেহারে জাহানাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী ফরীদ উদ্দীন এবং ত্রিহুতের দ্বারভাঙ্গার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল বরকৎ মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী ইজ্রৎ হুসেন অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের (Mr. F. A. E. Dalrymple,) অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত বীরভূমের কালেকটর শ্রীযুত এ ওগলবি সাহেব (Mr. A. Ogilvie,) ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ১২ জানুআরি।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr. J. C. Brown,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্বধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৩ জানুআরি।

দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জে এস ডেবিস সাহেব (Lieutenant J. S. Davies,) গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত " আজিনকোর্ট" নামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। তিনি উক্ত ছুটী এবং গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহা সমুদ্রে গমনার্থে ছুটী প্রার্থনা করণের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে রাজধানীতে গমনোপলক্ষে পাইয়াছেন এমত জ্ঞান করিতে হইবেক।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত এ ডিক সাহেব (Mr. A. Dick,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন কিন্তু ১৮৪৯ সালের ৫ ডিসেম্বর তারিখের হুকুমক্রমে সমুদ্রে গমনার্থে পীড়াপ্রযুক্ত যে সময়ের ছুটী পাইয়াছিলেন তাহা ঐ দুই বৎসরহইতে বাদ দেওয়া যাইবেক।

যশোহরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি পামর সাহেব (Mr. C. Palmer,) গত মাসের ৩১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ১৬ জানুআরি।

আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S. R. Tickell,) সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার খাজানাখানার এবং সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এফ ডবলিউ রিপলি সাহেবের (Lieutenant F. W. Ripley,) প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রান্ট সাহেব (Mr. J. Grant,) দওরার কর্ম্মে মালদহে গমনার্থে বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার সদর আমীন শ্রীযুত মৌলবী ইজ্রৎ হুসেনের প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের এক্টিং জজ শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থে বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

এদেশীয় ২৭ পদাতিক পল্টনের সার্জন্ট শ্রীযুত সাইমন বাণ্ডরাষ্ট সাহেব (Serjeant Simon Vandrast,) বেহারের ভৈনাতী সৈন্যেরদের সার্জন মেজরী পদে নিযুক্ত হইয়া গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্ম স্থান বাঁকীপুরে পঁহুছেন।

আসামের লঘু অস্ত্রধারি পদাতিক ২ পল্টনের সঙ্গে কর্ম্মকারি এদেশীয় পদাতিক ৪০ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত এ এ মাকডনেল সাহেব (Lieutenant A. A. McDonell,) তদ্দেশীয় ভাষার পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার সিরিশ্তার ও খাজানাখানার ভার শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankee,) প্রতি অর্পণ করেন।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon. E. Drummond,) জিলার মফস্বলে গমনার্থে বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার খাজানাখানার

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৩ ফেব্রুআরি।]

ভার শ্রীযুত এচ মস্প্রাট সাহেবের (Mr. H. Muspratt,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

জিলা মেদিনীপুরে প্রতাপপুরের দ্বিতীয় শ্রেণীর দারোগা শ্রীযুত মঙ্গলপ্রসাদ সিংহ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১৫ জানুআরি।

মেদিনীপুর এলাকার একজেকুটিব এঞ্জিনিয়র শ্রীযুত কাপ্তান জি এচ ফেগন সাহেব (Captain G. H Fagan,) পুলবন্দীর সম্পর্কীয় মোকদ্দমার বিচারার্থে জিলা মেদিনীপুরে জাইণ্ট মাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জানুআরি।

শ্রীযুত এচ এফ জেমস সাহেবের (Mr. H. F. James) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া বীরভূমের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর বি গারেট সাহেবের (Mr. R. B. Garrett,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) কটকের মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং স্বীয় পদোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এচ সুইটনহাম সাহেবের (Mr. H. Swetenham,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ লোথ সাহেব (Mr. F. Lowth,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতা প্রাপ্ত হইয়া পূরণিয়ার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১৭ জানুআরি।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি জে মনি সাহেব (Mr. D. J. Money,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া ভাগলপুরের সিবিল ও সেশন জজ হইবেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr. H. V. Hathorn,) মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেবের (Mr. H. V. Hathorn,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পি টেলর সাহেব (Mr. P. Taylor,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া মুরশিদাবাদের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতা প্রাপ্ত হইয়া পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেবের (Mr. W. S. Alexander,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এন ফারকরসন সাহেব (Mr. R. N. Farquharson,) উপরের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়া পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর এন ফারকরসন সাহেবের (Mr. R. N Farquharson,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr. A. Littledale,) পাটনার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ লিটলডেল সাহেবের (Mr. A. Littledale,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr. J. C. Dodgson,) রাজশাহীর মাজিস্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) চব্বিশপরগনার জাইণ্ট মাজিস্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৪ জানুআরি।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মজমুল হক গত নবেম্বর মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৫ জানুআরি।

পূরণিয়ার একটিং মাজিস্ট্রেট শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক স্ুধরা বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জানুআরি।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত জে নের্ণ সাহেব (Mr. J. Nairne,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের কালেক্টরীর ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জি জি মরিস সাহেবের (Mr. G. G. Morris) প্রতি অর্পণ করিয়া ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৭ জানুআরি।

দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr. F. J. Cockburn,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক স্ুধরা বিধির ১১ ধারানুসারে পঁচিস দিনের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়াতে আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A. A. Sturt,) গত অক্টোবর মাসের ২৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত "মেডষ্টন" নামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত ডবলিউ জাকসন সাহেব (Mr. W. Jackson,) গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

পোলীসের আমলারদের চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি ও উডফোর্ড সাহেব (Dr. C. O. Woodford,) আপন কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর ডবলিউ মার্টিন সাহেবের (Dr. W. Martin,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৮ জানুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব জিলা চব্বিশ পরগনার নীচের লিখিত তিন থানার নাম পরিবর্ত্তন করিবার অনুমতি দিয়াছেন। অর্থাৎ মাণিকতলার থানার নাম ইটালি থানা হইবেক। নওহা

[*Government Gazette*, *3rd February*, 1852.]

জারি থানার নাম খিদিরপুর থানা হইবেক। এবং ভাইজিরৎ থানার নাম কালীঘাটের থানা হইবেক।

১৮৫২ সাল ২০ জানুআরি।

গোয়ালপাড়াতে আসামের কমিসানর সাহেবের একটিং প্রধান আসিষ্টাট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগনিউ সাহেব (Lieutenant W. Agnew,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন খাজানাখানার এবং দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. Sub-Assistant H. Driver,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) বর্ত্তমান মাসের ৮ তারিখে বহেরা এলাকাখণ্ডের ভার ত্রিহুতের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ টকর সাহেবের (Mr. F. Tucker,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্ম ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্রের স্থানে গ্রহণ করেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweedie,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে জিলা ঢাকার মুনশীগঞ্জের এলাকা খণ্ডের ভার গ্রহণ করেন অতএব গত ফেব্রুআরি মাসের ৮ তারিখের হুকুমক্রমে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ৫ তারিখে খাজানাখানার ও আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার শ্রীযত এফ জে কোবর্ণ সাহেবের (Mr. F. J. Cockburn,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে হুগলীর খাজানাখানার ও কালেক্টরীর ভার শ্রীযুত জি এল মার্টিন সাহেবের (Mr. G. L. Martin,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৮৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৯ জানুআরি।

শ্রীযুত পাদরি এফ ফিশর সাহেব (Rev. F. Fisher,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত চুঁচুড়ার ধর্ম্মোপদেশকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২০ জানুআরি।

শ্রীযুত আর টরেন্স সাহেব (Mr. R. Torrens,) বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার কমিসানর হইবেন। এবং জিলা রাজশাহীতে সেশন জজের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি প্লৌডন সাহেব (Mr. G. Plowden,) ঐ তারিখঅবধি ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার কমিসানর ও পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr. C. H. Lushington,) ঐ তারিখঅবধি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর প্রধান সেক্রেটারী হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্লেটঙ্কওএর কমিসানরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই বেকর সাহেব (Mr. E. Baker,) নওয়াখালীতে গুনারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত ডাক্তর জি ক্রেগি সাহেব (Dr. G. Craigie,) জাহাজসম্পর্কীয় চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫১ সাল ১৯ জানুআরি।

সম্বলপুরের ডাকাধ্যক্ষ এবং রায়পুর রাস্তার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এল বাবিংটন সাহেব (Mr. L. Babington,) স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৫ জানুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত জে ডবলিউ পৌয়র সাহেব (Mr. J. W. Power,) দ্বিতীয় শ্রেণীর নিয়মিত ছুটী লইয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৫২ সাল ২০ জানুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৫২ সাল ২৩ জানুআরি।

উত্তর আসামের পোলিটিকাল এজেন্ট এবং লক্ষীপুরে প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H. Vetch,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান ই টি ডাল্টন সাহেবের (Captain E. T. Dalton,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) বর্ত্তমান মাসের ১২ তারিখে ত্রিপুরার সিবিল ও সেশন জজের কর্ম্ম শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেবের (Mr. H. Stainforth,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় মুকুন্দপ্রসাদের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) বর্ত্তমান মাসের ১১ তারিখে পাটনার বাঢ় এলাকা খণ্ডের ভার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ টি টকর সাহেবের (Mr. W. T. Tucker,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এচ সুইটনহাম সাহেব এবং পাদরি শ্রীযুত এচ এস ফিশর সাহেব (Mr. H. Swetonham and Rev. H. S. Fisher,) "টিউডর" নামক জাহাজে কেপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে সাগর দ্বীপে পঁহুছে।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে চব্বিশ পরগনার সিবিল ও সেশন জজের সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষের প্রতি অর্পণ করেন।

চব্বিশপরগনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ই জাক্সন সাহেব (Mr. E. Jackson,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে খাজানাখানার ভার শ্রীযুত এচ মসপ্রাট সাহেবের (Mr. H. Muspratt,) স্থানে পুনর্গ্রহণ করেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) বর্ত্তমান মাসের ৮ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা ঐ মাসের ২০ তারিখে গ্রহণ করেন। শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr.

R. H. Mytton,) ঐ তারিখে উক্ত আদালতে আপনার একটিং জজী কর্ম্ম গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

২২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২১ জানুআরি।

আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী করিমদাদ খাঁ ছিলটে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন। এবং শ্রীযুত ডাক্তর সি হার্লাণ্ড সাহেব (Dr. C. Harland,) ও শ্রীযুত কাপ্তান এচ এম নেশন সাহেব (Captain H. M. Nation,) ও শ্রীযুত আর কিং সাহেব (Mr. R. King,) পাটনার বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন কেব সাহেব (Lieutenant G. N. Cave,) ছুটী লইয়াছেন। তাঁহার অনুপস্থান বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এচ রেবান সাহেব (Lieutonant H. Raban,) খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্টের আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত জে এচ বি কলবিন সাহেব (Mr. J. H. B. Colvin,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত বাবু শ্যামলপ্রাণ মুস্তফী মুরশিদাবাদের সদর আমীন হইবেন।

শ্রীযুত সাবদ সখাবৎ হুসেন নদীয়ার সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১২ জানুআরি।

রাজশাহীর আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত বাবু মথুরানাথ বাঁড়ুয্যা গত নবেম্বর মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৩ জানুআরি।

দিনাজপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে জোএট সাহেব (Mr. J. Jowett,) আপনার কর্ম্মের ভার স্বীয় অনুপস্থানপর্য্যন্ত এদেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি এ পাকষ্টন সাহেব (Mr. G. A. Paxton,) গত অক্টোবর মাসের ১৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৪ জানুআরি।

নওয়াখালীর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক এবং বলুয়া এলাকার নিমকের ডেপুটী এজেন্ট এবং নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে বেকর সাহেব (Mr. J. Baker,) কেপে গমনার্থে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৯ তারিখঅবধি এক বৎসর চারি মাস একুশ দিনের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ই বেকর সাহেব (Mr. E. Baker,) বলুয়াতে নিমকের ডেপুটী এজেন্টী এবং নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২৭ জানুআরি।

বীরভূমের কালেক্টর শ্রীযুত এ ওগলবি সাহেব (Mr. A. Ogilvie,) কোম্পানি বাহাদুরের কর্ম্মে ইস্তফা দেওনের পূর্ব্বে ছুটীবিষয়ক খুদরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২৭ জানুআরি।

শিবসাগরে আসামের কমিশ্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Captain C. Holroyd,) বর্ত্তমান মাসের ১০ তারিখে ঐ এলাকার রাজস্ব ও দেওয়ানী সম্পর্কীয় কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত যে থর্ণটন সাহেবের (Mr. Sub-Assistant J. Thornton,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রান্ট সাহেব (Mr. J. Grant,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার সদর আমীন শ্রীযুত মৌলবী ইব্রৎ হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) "রয়ল সাকশন" নামক জাহাজে কেপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে সাগর দ্বীপে পঁহুছে।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব ( Mr. H. T. Raikes,) বর্ত্তমান মাসের ১০ তারিখে ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার কমিশ্যনরী কর্ম্মের ভার শ্রীযুত আর এচ মিটন সাহেবের (Mr. R. H. Mytton,) স্থানে গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) এবং দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জে এস ডেবিস সাহেব (Lieut. J. S. Davies,) "আজিনকোর্ট" নামক জাহাজে কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২১ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

পোলীসের আমলারদের চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি ও উডফর্ড সাহেব (Dr. C. O. Woodford,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) আসিষ্টান্টেরদের ষাণ্মাসিক প্রথম পরীক্ষায় উপস্থিত হওনের জন্যে কটকে গমনার্থ বালেশ্বরের খাজানাখানা ও মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট ও হাসিলের কালেক্টরের কর্ম্ম বর্ত্তমান মাসের ২৪ তারিখে ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় কৃষ্ণকান্ত মিত্রের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ১০ ফেব্রুআরি মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫০। ৫১ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

| | | |
|---|---|---|
| বেহারের পয়দায়শী আফিম | ... ... | ১৯২০ |
| বানারসের পয়দায়শী আফিম | ... ... | ৮৮০ |
| জুমলা সিন্দুক | | ২৮০০ |

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫১ সালের ৫ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম-খালাসের শেষ তারিখ সন ১৮৫২ সালের ১১ এবং ২৫ ফেব্রুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫২ সালের ১১ ফেব্রুআরি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৫২ সালের ২৫ ফেব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫০। ৫১ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

| | | | | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|---|---|---|
| সন ১৮৫২ সালের | ১০ মার্চ | বুধবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১২ আপ্রিল | সোমবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ মে | ঐ | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ জুন | বৃহস্পতিবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১২ জুলাই | সোমবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ আগস্ট | মঙ্গলবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ সেপ্টেম্বর | শুক্রবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১১ অক্টোবর | সোমবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ নবেম্বর | বুধবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ ডিসেম্বর | শুক্রবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৮৯২ | ৮৬৯ | ২৭৬১ |
| | | | | ১৯১৭২ | ৮৭৮৯ | ২৭৯৬১ |

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। কোর্ট উলিয়ম সন ১৮৫২ সাল তারিখ ১৯ জানুআরি।

সি বীডন। ছোট সেক্রেটারী।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

## CALCUTTA, TUESDAY, FEBRUARY 10, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১০ ফেব্রুআরি।


### DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 5TH DECEMBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 5th December 1851.

ACT No. —— OF 1851.

*An Act to facilitate the enforcement of Judgments in places beyond the jurisdiction of the Courts pronouncing the same.*

I. Every judgment passed by any Court of Her Majesty, or of the East India Company, in any Presidency, or in any extra Regulation Province, or Territory possessed by the East India Company, before the 22nd day of April 1834, shall be recognized, enforced, and carried into execution in manner hereinafter mentioned, by any other of the said Courts.

II. Every party who has obtained a judgment in any of the said Courts, and cannot enforce, or obtain execution of the same within the jurisdiction of such Court, and is desirous of enforcing, or obtaining execution of the same in any other Presidency, or in any other Province or Territory as aforesaid, shall apply to the Court which has pronounced such judgment for a Roobakarree, or letter of request to the Court of the place where he is desirous of enforcing, or obtaining execution of such judgment, requiring such last mentioned Court to enforce, or obtain execution of the same, and the said last mentioned Court, on receipt of such Roobakarree, or letter of request, shall proceed to enforce, or obtain execution of such judgment according to the tenor thereof, in the same manner as if such judgment had been pronounced by such last mentioned Court.

### আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ৫ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ৫ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

যে আদালতে ডিক্রী হয় সেই আদালতের এলাকার বাহিরের স্থানে ঐ ডিক্রী জারীর সুগম করণের আইন।

১ ধারা। কোন রাজধানীতে অথবা কোন আইন-বহির্ভূত প্রদেশে অথবা ১৮৩৪ সালের ২২ আপ্রিল তারিখের পূর্ব্বে কোম্পানি বাহাদুরের দখলহওয়া দেশে শ্রীশ্রীমতী মহারাণীর যে আদালত অথবা কোম্পানি বাহাদুরের যে আদালত থাকে সেই২ আদালতে যে প্রত্যেক ডিক্রী হইয়াছে তাহা পশ্চাৎ লিখিতমতে উক্ত অন্য কোন আদালতের দ্বারা স্বীকৃত হইবেক ও প্রবল করা যাইবেক ও জারী হইবেক ইতি।

২ ধারা। উক্ত কোন আদালতে যে প্রত্যেক ব্যক্তি ডিক্রী পাইয়াছে এবং সেই আদালতের এলাকার মধ্যে তাহা প্রবল করিতে অথবা জারী করিতে পারে না এবং অন্য কোন রাজধানীতে কি পূর্ব্বোক্তমতে অন্য কোন প্রদেশে কি দেশে তাহা প্রবল করিতে অথবা জারী করিতে চাহে সেই ব্যক্তি যে স্থানে ঐ ডিক্রী প্রবল করিতে অথবা জারী করিতে চাহে সেই স্থানের আদালতের প্রতি এক রুবকারী অথবা আদেশপত্রের জন্যে ডিক্রীকরণিয়া আদালতের নিকটে দরখাস্ত করিবেক। ঐ রুবকারীতে এই হুকুম থাকিবেক যে ঐ প্রথমোক্ত আদালত ঐ ডিক্রী প্রবল অথবা জারী করেন। এবং ঐ প্রথমোক্ত আদালত ঐ রুবকারী কিম্বা আদেশপত্র পাইলে ঐ ডিক্রী ঐ প্রথমোক্ত আদালতের দ্বারা করা গেলে যেরূপ করিতেন সেইরূপে ঐ ডিক্রীর ভাবানুসারে তাহা প্রবল করিবেন অথবা জারী করিবেন ইতি।

III. When any of the said Courts shall enforce or execute the judgment of any other Court as aforesaid, the Court so enforcing or executing the same shall proceed so to do according to its own laws and mode of procedure in like cases, and the last mentioned Court shall take cognizance of, and punish all wrongful acts or irregularities done, or committed in enforcing and executing such judgment, and all persons disobeying or obstructing the enforcement or execution of any such judgment, shall be punishable by such last mentioned Court, in the same manner as if the said judgment had been pronounced by such Court.

IV. Every Roobakarree, or letter of request, and judgment aforesaid, shall be signed by a Judge of the Court which passed or pronounced such judgment, and shall also be sealed with the seal of such Court, if such Court has a seal.

V. Each of the said Courts shall recognize, enforce, and execute any final Judgment passed by any Court in any extra Regulation Province or Territory acquired by the East India Company, after the said 22nd day of April 1834, and shall, upon the receipt of a Roobakarree, or letter of request from any Court in any extra Regulation province or Territory acquired by the East India Company after the said 22nd day of April 1834, requiring them to enforce or obtain execution of a final judgment, proceed to enforce or obtain execution of the same, according to the tenor thereof, in the same manner as if the said judgment had been pronounced by their own Court.

VI. The following words and expressions in this Act shall have the several meanings hereby assigned to them, unless there be something either in the subject or context repugnant to such construction; that is to say, the word "judgment" shall include any final decree, order, or judgment, and the words "extra Regulation Province or Territory" shall include any Province or Territory to which the Regulations and Acts of the Supreme Government of India have not been extended.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 5th day of March next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 12TH DECEMBER, 1851.

The following Extract from the Proceedings of the Hon'ble the President of the Council of India in Council, in the Legislative Branch of the Home Department, under date the 12th December, 1851, is published for general information.



৩ ধারা। যখন উক্ত কোন আদালত পূর্ব্বোক্তমতে অন্য কোন আদালতের ডিক্রী প্রবল অথবা জারী করেন তখন ডিক্রী প্রবল কি জারীকরণিয়া ঐ আদালত সেইরূপ মোকদ্দমায় আপনার যে কোন নিয়ম এবং কার্য্যের ব্যবহার থাকে সেই নিয়ম ও ব্যবহারানুসারে তাহা জারী করিবেন। এবং ঐ ডিক্রী প্রবল ও জারী করণেতে যে কোন অপকারক কর্ম্ম অথবা বেদাঁড়া কর্ম্ম হয় তাহার বিষয়ে ঐ শেষোক্ত আদালত বিচার করিবেন ও দণ্ড দিবেন এবং যে সকল ব্যক্তি হুকুম না মানে অথবা ঐ ডিক্রী প্রবল বা জারী করণের প্রতিবন্ধকতা করে সেই সকল ব্যক্তি ঐ ডিক্রী ঐ শেষোক্ত আদালতের দ্বারা হইলে যেরূপ হইত সেইরূপে ঐ শেষোক্ত আদালতের দ্বারা দণ্ডনীয় হইবেক ইতি।

৪ ধারা। পূর্ব্বোক্ত প্রত্যেক রুবকারী অথবা আদেশপত্র এবং ডিক্রীতে যে আদালতে ঐ ডিক্রী হয় সেই আদালতের এক জন জজ সাহেবের দ্বারা দস্তখৎ হইবেক এবং যদি ঐ আদালতের মোহর থাকে তবে তাহাতে মোহর করা যাইবেক ইতি।

৫ ধারা। আইনবহির্ভূত কোন প্রদেশের অথবা ১৮৩৪ সালের ২২ আপ্রিল তারিখের পর কোম্পানি বাহাদুরের দখলহওয়া কোন দেশের কোন আদালতের কোন চূড়ান্ত ডিক্রী উক্ত প্রত্যেক আদালত স্বীকার ও প্রবল ও জারী করিবেন। এবং কোন চূড়ান্ত ডিক্রী প্রবল অথবা জারী করণের বিষয়ে আইনবহির্ভূত কোন প্রদেশের অথবা ১৮৩৪ সালের ২২ আপ্রিল তারিখের পর কোম্পানি বাহাদুরের দ্বারা দখলহওয়া দেশের কোন আদালতের রুবকারী অথবা আদেশপত্র পাইলে আপনার আদালতের দ্বারা সেই ডিক্রী হইলে যেরূপ করিতেন সেইরূপে ঐ ডিক্রীর ভাবানুসারে তাহা প্রবল অথবা জারী করিবেন ইতি।

৬ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত কথা ও বাক্যের যে নানা অর্থ ইহার দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার সেই অর্থ হইবেক অর্থাৎ যদি সেই বিষয়ে অথবা তাহার পূর্ব্বাপর কথায় এইমত অর্থ করণের কিছু প্রতিবন্ধক না থাকে তবে সেইরূপ অর্থ হইবেক। বিশেষতঃ "ডিক্রী" ইহা কোন চূড়ান্ত ডিক্রী বা হুকুম কি ফয়সলা বুঝাইবেক এবং "আইনবহির্ভূত প্রদেশে বা দেশে" ইহা যে কোন প্রদেশে বা দেশে ভারতবর্ষের সুপ্রিম গবর্ণমেন্টের আইন বিস্তার না হইয়া থাকে তাহা বুঝাইবেক ইতি।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৫ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১২ ডিসেম্বর।

দেশীয় সিরিশ্তার ব্যবস্থাপক ডিপার্টমেন্টে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেব হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫১ সালের ১২ ডিসেম্বর তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

**Read a second time the Draft of a proposed Act, dated the 11th July 1851, and published in the *Bengalee Government Gazette* of the 29th July, 1851, for summary suits for arrears of rent, and sales of saleable tenures to be held within the judicial district in which the lands are situated.**

***Resolution.*—The President in Council resolves that the following amended Draft, on the subject be published for general information.**

ACT No. —— OF 185 .

***For the trial of summary suits for arrears of rent, and for the sales of saleable tenures, within the judicial district in which the lands are situated.***

Whereas by Regulation VIII. of 1831 of the Bengal Code, the hearing and decision of summary suits or claims relating to arrears or exactions of rents were transferred from the Judges of the Zillah or City Courts to the Collectors of the several Districts; and whereas by Regulation VII. of 1832, of the Bengal Code, the superintendence of the sales of Putnee Talooks and other saleable tenures of the class specified in Clause 1, Section 8, Regulation VIII. of 1819 was transferred to the Collector or Deputy Collector of Land Revenue, or Head Assistant to the Collector or Deputy Collector, subject to an appeal to the Commissioner of Revenue for the Division; and whereas by Act VIII. of 1835 the conduct of sales of Talooks or other saleable tenures in execution of summary decrees for rent, in conformity with Regulation VII. of 1799 was transferred to the Collectors of Land Revenue, and whereas doubts have been entertained as to the District within which such summary suits or claims should be decided, and such sales made, by reason that the jurisdiction of the several Zillah and City Courts is not conterminous with the jurisdiction of the several Collectors of Land Revenue, —It is enacted as follows :—

I. No order in any such summary suit, and no such sale made as aforesaid, which has not been questioned before a Court of competent judicature, before the passing of this Act, on the ground of having been decided or made by a Collector having no jurisdiction therein, shall be liable to be annulled or disputed on that ground.

II. Where the lands which are the subject of such summary suits or such sales as aforesaid, are situate in a judicial district other than that of the Collector or Deputy Collector, who receives the sudder malguzarree of such lands, all such summary suits and sales as aforesaid shall be tried and decided or made by the Collector or Deputy Collector who has jurisdiction in the greater part of the judicial district in which the lands are situated.

III. Where the lands which are the subject of

বাকী খাজানার বিষয়ি সরাসরী মোকদ্দমার বিচারের জন্যে এবং নীলামের যোগ্য ভূমি যে দেওয়ানী আদালতের জিলার মধ্যে থাকে সেই জিলায় তাহার নীলাম করণের জন্যে ১৮৫১ সালের ১১ নবেম্বর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫১ সালের ২৯ জুলাই তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত প্রসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫ সাল অমুক আইন।

বাকী খাজানার বিষয়ি সরাসরী মোকদ্দমার বিচারের এবং নীলামের যোগ্য ভূমি যে দেওয়ানী আদালতের জিলার মধ্যে থাকে সেই জিলায় তাহার নীলাম করণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৮ আইনের দ্বারা বাকী খাজানা অথবা খাজানা অন্যায়েতে তহসীল করণের বিষয়ি সরাসরী মোকদ্দমা কিম্বা দাওয়া শুনিবার ও বিচার করিবার ভার জিলা বা শহরের আদালতের জজ সাহেবের স্থানহইতে খারিজ হইয়া নানা জিলার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের দ্বারা পত্তনি তালুক এবং ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্ট প্রকার নীলামের যোগ্য অন্যান্য ভূমির নীলামের কর্ত্তৃত্ব কার্য্য ভূমির রাজস্বের কালেক্টর অথবা ডেপুটী কালেক্টর অথবা কালেক্টর বা ডেপুটী কালেক্টরের প্রধান আসিষ্টান্টের প্রতি অর্পণ হইল এবং ঐ এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে ঐ বিষয়ের আপীল করণ নির্দ্দিষ্ট হইল। এবং যেহেতুক খাজানার বিষয়ি সরাসরী ডিক্রীজারীক্রমে তালুক অথবা নীলামের যোগ্য অন্যান্য ভূমি ১৭৯৯ সালের ৭ আইনানুসারে নীলাম করণের কার্য্য ১৮৩৫ সালের ৮ আইনের দ্বারা ভূমির রাজস্বের কালেক্টর সাহেবদিগের প্রতি অর্পণ হইয়াছিল এবং যেহেতুক নানা জিলা ও শহরের আদালতের এলাকার সীমা ভূমির রাজস্বের নানা কালেক্টরের এলাকার সঙ্গে অনৈক্য থাকাপ্রযুক্ত ঐ২ সরাসরী মোকদ্দমা ও দাওয়া যে জিলার মধ্যে নিষ্পত্তি করিতে হয় এবং ঐ নীলাম যে জিলাতে করিতে হয় এই বিষয়ে সন্দেহ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। এইরূপ কোন সরাসরী মোকদ্দমায় করা যে কোন হুকুমের এবং পূর্ব্বোক্তমতে করা যে কোন নীলামের বিষয়ে এই আইন জারী হওনের পূর্ব্বে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে এই হেতুতে নালিশ না হইয়া থাকে যে যে কালেক্টর সাহেবের সেই বিষয়ে কোন এলাকা নাই এই মত কালেক্টর সাহেবের দ্বারা সেই মোকদ্দমা নিষ্পত্তি বা সেই নীলাম সম্পন্ন হইয়াছে সেই মোকদ্দমা ও নীলাম সেইপ্রযুক্ত অন্যথা হওন বা বিবাদের বিষয় হওনের যোগ্য হইবেক না ইতি।

২ ধারা। পূর্ব্বোক্তমতে যে ভূমির বিষয়ে উক্ত সরাসরী মোকদ্দমা অথবা নীলাম হয় সেই ভূমির সদর মালগুজারী যে কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টর লন সেই কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টরের জিলাছাড়া যখন অন্য দেওয়ানী আদালতের জিলার মধ্যে সেই ভূমি থাকে তখন যে দেওয়ানী আদালতের জিলায় ঐ ভূমি থাকে সেই জিলার অধিকাংশ যে কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টরের এলাকায় থাকে সেই কালেক্টর সাহেব কি ডেপুটী কালেক্টরের দ্বারা পূর্ব্বোক্তমতে সেই সকল সরাসরী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি হইবেক এবং সেই নীলাম করা যাইবেক ইতি।

৩ ধারা। পূর্ব্বোক্তমতে যে ভূমির বিষয়ে উক্ত সরা-

such summary suits or such sales as aforesaid, are situate in a judicial district which is divided into two or more Collectorate districts, all such summary suits and sales as aforesaid, shall be tried and decided or made by the Collector or Deputy Collector who has jurisdiction in that part of the judicial district in which the lands are situated.

IV. Sections 9, 11, 13, 15, and 17 of Regulation VIII. of 1819, of the Bengal Code, shall be applicable to sales of under tenures under the Provisions of Act VIII. of 1835.

Ordered, that the Draft now read be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 12th day of February 1852.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 19TH DECEMBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 19th December 1851.

ACT No. —— OF 1851.

*An Act for consolidating and amending the Regulations of the Calcutta Police.*

For consolidation and amendment of divers Rules, Ordinances, and Regulations which from time to time have been passed in Council, and registered in the Supreme Court, for the good order and civil Government of the Presidency and Settlement of Fort William in Bengal, It is enacted as follows:

I. The Rules, Ordinances, and Regulations for the good order and civil government of the Settlement of Fort William in Bengal, passed in Council, and registered in the Supreme Court, on the several days hereinafter mentioned, are repealed, but not so as to revive any other Rules, Ordinances, and Regulations thereby repealed.

*List of Repealed Ordinances.*

| Date of passing in Council. | Date of Registry in the Supreme Court. |
|---|---|
| 26th July 1814. | 11th November 1814. |
| 28th October 1814. | 18th November 1814. |
| 1st March 1816. | 26th March 1816. |
| 23rd March 1816. | 13th April 1816. |
| 16th June 1816. | 8th July 1816. |
| 19th October 1816. | 12th November 1816. |
| 28th March 1817. | 21st April 1817. |
| 13th January 1818. | 7th February 1818. |
| 9th July 1819. | 22nd October 1819. |
| 24th March 1820. | 17th April 1820. |
| 8th March 1827. | 27th April 1827. |

সরী মোকদ্দমা বা নীলাম হয় সেই ভূমি যে দেওয়ানী আদালতের জিলা দুই বা ততোধিক কালেক্টরী জিলার মধ্যে বিভক্ত আছে এমত জিলার মধ্যে যদি থাকে তবে দেওয়ানী জিলার যে ভাগে ভূমি থাকে সেই ভাগে যে কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টরের এলাকা আছে সেই কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টরের দ্বারা পূর্ব্বোক্ত সকল সরাসরী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি হইবেক এবং নীলাম করা যাইবেক ইতি।

৪ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ৯। ১১। ১৩। ১৫ ও ১৭ ধারা ১৮৩৫ সালের ৮ আইনের বিধিক্রমে সকল পেটাও ভূমির নীলামের বিষয়ে খাটিবেক ইতি।

হুকুম হইল যে আগামি ১৮৫২ সালের ১২ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১৯ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ১৯ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

কলিকাতার পোলীসের বিষয়ি আইন সংগ্রহ ও সংশোধন করণের আইন।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর ও বসতির পারিপাট্য ও দেওয়ানীসম্পর্কীয় রাজশাসনের জন্যে যে নানা বিধি ও হুকুম ও আইন সময়ক্রমে হজুর কৌন্সেলে করা গিয়াছে এবং সুপ্রিম কোর্টে রেজিষ্টরী হইয়াছে তাহা সংগ্রহ ও সংশোধন করণার্থে পশ্চাৎ লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর বসতির পরিপাটী ও দেওয়ানীবিষয়ক রাজশাসনের জন্য যে বিধান ও হুকুম ও আইন পশ্চাৎ লিখিত নানা তারিখে হজুর কৌন্সেলে করা গিয়াছিল এবং সুপ্রিম কোর্টে রেজিষ্টরী হইয়াছিল তাহা রদ হইল। কিন্তু তাহার দ্বারা অন্য যে কোন বিধান ও হুকুম ও আইন রদ হইয়াছিল তাহা পুনর্ব্বার বহাল হইবেক না ইতি।

রদ হওয়া আইনের ফিরিস্তি।

| কৌন্সেলে হওনের তারিখ | সুপ্রিম কোর্টে রেজিষ্টরী হওনের তারিখ |
|---|---|
| ১৮১৪। ২৬ জুলাই। | ১৮১৪। ১১ নবেম্বর। |
| ঐ। ২৮ অক্টোবর। | ঐ। ১৮ নবেম্বর। |
| ১৮১৬। ১ মার্চ। | ১৮১৬। ২৬ মার্চ। |
| ঐ। ১৩ মার্চ। | ঐ। ১৩ আপ্রিল। |
| ঐ। ১৬ জুন। | ঐ। ৮ জুলাই। |
| ঐ। ১৯ অক্টোবর। | ঐ। ১২ নবেম্বর। |
| ১৮১৭। ২৮ মার্চ। | ১৮১৭। ২১ আপ্রিল। |
| ১৮১৮। ১৩ জানুআরি। | ১৮১৮। ৭ ফেব্রুআরি। |
| ১৮১৯। ৯ জুলাই। | ১৮১৯। ২২ অক্টোবর। |
| ১৮২০। ২৪ মার্চ। | ১৮২০। ১৭ আপ্রিল। |
| ১৮২৭। ৮ মার্চ। | ১৮২৭। ২৭ আপ্রিল। |

II. If any person within the said Town, having sufficient means or employment, shall not duly maintain his wife or his legitimate or illegitimate children, and shall be thereof convicted before a Justice of the Peace upon his own confession, or the oath of one or more credible witnesses, the said Justice may make an order upon such person for the maintenance of such wife and children, or any of them, at such monthly rate as to the Justice seems reasonable, and upon non-compliance with the said order for any one month, any Justice, by warrant under his hand and seal, may commit the person so convicted to the Common Gaol of Calcutta without labour, or to the House of Correction to hard labour, for any time not exceeding two Calendar months.

Justices of the Peace may make order of maintenance for wives and children.

III. Every person who shall be brought before a Justice of the Peace charged with having in his possession, or in his premises with his knowledge, or with conveying in any manner, any thing which may be reasonably suspected of being stolen or unlawfully obtained, and who shall not give an account to the satisfaction of such Justice how he came by the same, shall be deemed guilty of a misdemeanor, and, on conviction thereof before such Justice, shall be liable to a penalty not exceeding one hundred rupees, or, in the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any time not exceeding three Calendar months.

Persons convicted of having or conveying stolen goods liable to penalty.

IV. When any person shall be brought before a Justice of the Peace charged with having in his possession, or in his premises with his knowledge, or with conveying, anything stolen or unlawfully obtained, and shall declare that he received the same from some other person, or that he was employed as a carrier, agent, or servant to convey the same for some other person, such Justice shall cause every such person, and also if necessary every former or pretended purchaser, or other person through whose possession the same shall have passed, to be brought before him and examined, and shall examine witnesses upon oath touching the same, and if it shall appear to such Justice that any person shall have had possession of such thing, and had reasonable cause to believe the same to have been stolen or unlawfully obtained, such person shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to a penalty not exceeding one hundred rupees, or, in the discretion of the Justice, may be imprisoned, with or without hard labour, for any time not exceeding

Persons in whose possession stolen goods are found to be examined, &c.



[স্ত্রী ও বালকদিগের ভরণপোষণের জন্যে জুষ্টিস অফ দি পীস সাহেব হুকুম দিতে পারিবার কথা।]

২ ধারা। উক্ত শহরের মধ্যে কোন ব্যক্তির উপযুক্ত যোত্র অথবা কর্ম্ম থাকিলে সেই ব্যক্তি যদি আপনার স্ত্রীর অথবা আপনার বিবাহিতাজাত অথবা অবিবাহিতাজাত সন্তানের উপযুক্তমতে ভরণপোষণ না করে এবং আপনার কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষির শপথক্রমে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সমক্ষে সেই অপরাধের দোষী হয় তবে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ ব্যক্তির প্রতি আপনার ঐ স্ত্রী ও সন্তান কিম্বা তাহার কোন এক জনের ভরণপোষণার্থে ঐ জুষ্টিস সাহেবের মাসিক যত টাকা ওয়াজীবী বোধ হয় তত টাকা দিবার হুকুম করিতে পারেন। এবং যদি সেই ব্যক্তি কোন এক মাস সেই হুকুম না মানে তবে কোন জুষ্টিস সাহেব আপনার দস্তখৎ ও মোহরকরা ওয়ারণ্টের দ্বারা ঐরূপ দোষীহওয়া ব্যক্তিকে বিনাপরিশ্রমে কলিকাতার সাধারণ জেলখানায় অথবা কঠিন পরিশ্রমবিশিষ্ট হরিণবাটীতে সম্পূর্ণ দুই মাসের অধিক না হয় এমত মিয়াদের জন্যে কয়েদ করিতে হুকুম দিতে পারেন ইতি।

[চোরা মাল রাখণের বা লইয়া যাওনের অপরাধে দোষীকৃত ব্যক্তি দণ্ড হওনের যোগ্যের কথা।]

৩ ধারা। যে ব্যক্তি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আনীত হয় এবং তাহার নামে এই নালিশ হয় যে যে কোন দ্রব্য চুরীহওন বা বেআইনীমতে প্রাপ্ত হওনের বিষয়ে যথার্থ শোবে হইতে পারে এমত দ্রব্য তাহার দখলে ছিল অথবা তাহার জ্ঞাতসারে তাহার বাটীর মধ্যে ছিল কি সেই ব্যক্তি কোনপ্রকারে তাহা স্থানান্তর করিল এবং সেই ব্যক্তি যেরূপে ঐ দ্রব্য পাইল তাহা ঐ জুষ্টিস সাহেবের খাতিরজমামতে কহিতে না পারে সেই ব্যক্তি "মিসডিমীনর" অপরাধের দোষী জ্ঞান হইবেক এবং ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে এক শত টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেক অথবা উক্ত জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে সম্পূর্ণ তিন মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের যোগ্য হইবেক ইতি।

[যাহারদের দখলে চোরা মাল পাওয়া যায় তাহারদের তজবীজপ্রভৃতি করিবার কথা।]

৪ ধারা। যখন কোন ব্যক্তি কোন জুষ্টিস সাহেবের সম্মুখে আনা যায় এবং তাহার নামে এই নালিশ হয় যে চোরা বা বেআইনীমতে প্রাপ্ত কোন জিনিস তাহার দখলে ছিল অথবা তাহার জ্ঞাতসারে তাহার বাটীতে ছিল কি তাহার দ্বারা স্থানান্তর করা গেল এবং সেই ব্যক্তি কহে যে আমি তাহা অন্য কোন ব্যক্তির স্থানে পাইলাম অথবা অন্য কোন ব্যক্তির কারণ তাহা লইবার জন্যে আমি মুটিয়া অথবা মোখ্তার কি চাকরস্বরূপ নিযুক্ত হইয়াছিলাম তখন ঐ জুষ্টিস সাহেব ঐরূপ প্রত্যেক ব্যক্তিকে এবং আবশ্যক হইলে ঐ দ্রব্যের প্রত্যেক সাবেক অথবা কল্পিত খরীদারকে অথবা তাহার পূর্ব্বে অন্য যে কোন ব্যক্তির দখলে তাহা ছিল তাহাকে আপনার সম্মুখে আনাইবেন এবং তাহার তজবীজ করিবেন এবং সেই বিষয়েতে শপথপূর্ব্বক সাক্ষিরদের জোবানবন্দী লইবেন এবং যদি ঐ জুষ্টিস সাহেবের এইমত বোধ হয় যে সেই দ্রব্য ইহার পূর্ব্বে কোন ব্যক্তির দখলে ছিল এবং সেই দ্রব্য চুরী অথবা বেআইনীমতে প্রাপ্ত হইয়াছিল ইহা বিশ্বাস করিতে সেই ব্যক্তির উপযুক্ত কারণ ছিল তবে ঐ ব্যক্তি মিসডিমানরের অপরাধী জ্ঞান হইবেক এবং এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনায় সম্পূর্ণ তিন মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন

three Calendar months. Every such person shall be deemed to have had possession of such thing at the time and place when and where the same shall have been found or seized, and the possession of a carrier, agent, or servant shall be deemed to be the possession of the person who shall have employed such carrier, agent, or servant to keep or convey the same.

*On suspicion of goods being stolen or unlawfully obtained, Justice may grant search-warrant.*

V. If information shall be given on oath to a Justice of the Peace that there is reasonable cause for suspecting that any thing stolen or unlawfully obtained is concealed or lodged in any dwelling-house, building, or other place, such Justice, by special warrant under his hand, directed to any police officer or constable, may cause such dwelling house, building, or other place to be entered and searched at any time of the day, or by night, if power for that purpose be given by such warrant, and the said Justice, if it shall appear to him necessary, may empower such police officer or constable, with such assistance as may be found necessary, (such constable having previously made known his authority,) to use force for the effecting of such entry, whether by breaking open doors or otherwise, and if upon search thereupon made any such thing shall be found, then to convey the same before a Justice, or to guard the same on the spot, until the offenders are taken before a Justice, or otherwise dispose thereof in some place of safety, and moreover to take into custody, and carry before the said Justice every person found in such house or place, who shall appear to have been privy to the deposit of any such thing, knowing or having reasonable cause to suspect the same to have been stolen or otherwise unlawfully obtained.

*Power to search houses for stolen property without a warrant in certain cases.*

VI. If information shall be given to any Superintendent, Deputy Superintendent, or Inspector belonging to the Calcutta Police, that there is reasonable cause for suspecting that any stolen property is concealed or lodged in any dwelling-house or other place, and the said Superintendent, Deputy Superintendent, or Inspector shall have good grounds for believing that, by reason of the delay in obtaining a search-warrant, the property is likely to be removed, the said Superintendent, Deputy Superintendent, or Inspector, in virtue of his office, may search for specific articles alleged to have been stolen in the houses and places specified ; provided always that a list of the articles stolen or missing be delivered and taken down in writing, with a declaration stating that the robbery has been com-

পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের যোগ্য হইবেক। এবং যে সময়ে ও যে স্থানে ঐ দ্রব্য পাওয়া গিয়াছিল অথবা ধরা পড়িল সেই সময়ে ও স্থানে সেই দ্রব্য সেই ব্যক্তির দখলে ছিল এমত জ্ঞান হইবেক। এবং কোন মুটিয়া বা মোক্তার কি চাকরের দখলে সেই জিনিস থাকিলে যে ব্যক্তি সেই জিনিস রাখিতে অথবা স্থানান্তর করিতে ঐ মুটিয়া বা মোক্তার কি চাকরকে নিযুক্ত করিয়াছিল সেই ব্যক্তির দখলে সেই জিনিস ছিল এমত বোধ হইবেক ইতি।

[জিনিস চুরী বা বেআইনীমতে প্রাপ্ত হওনের শোবে হইলে জুষ্টিস সাহেব তালাশীর পরওয়ানা দিতে পারিবার কথা।]

৫ ধারা। যদি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে শপথপূর্ব্বক এমত এজহার করা যায় যে চুরীহওয়া বা বেআইনীমতে প্রাপ্ত কোন দ্রব্য কোন বসত বাটী বা এমারৎ কি অন্য স্থানে লুক্কায়িত হওনের অথবা ন্যস্ত হওনের শোবে করণের উপযুক্ত কারণ আছে তবে ঐ জুষ্টিস সাহেব পোলীসের কোন আমলা অথবা বরকন্দাজকে আপনার দস্তখৎকরা এক বিশেষ ওয়ারণ্ট অর্থাৎ পরওয়ানা দিতে পারেন এবং যদি সেই ওয়ারণ্টে তালাশী করণের ক্ষমতা দেওয়া গিয়া থাকে তবে ঐ ওয়ারণ্টক্রমে দিবাভাগে অথবা রাত্রির কোন সময়ে ঐ বসতবাটী বা এমারৎ কি অন্য স্থানে প্রবেশ করা যাইতে পারে এবং তাহার তালাশী হইতে পারে এবং ঐ জুষ্টিস সাহেবের আবশ্যক বোধ হইলে তিনি ঐ পোলীসের আমলা বা বরকন্দাজকে এই ক্ষমতা দিতে পারেন যে ঐ আমলা বা বরকন্দাজ আপনার প্রাপ্ত ঐ ক্ষমতা জ্ঞাত করিলে যে সাহায্যের আবশ্যক বোধ হয় সেই সাহায্য লইয়া দ্বার ভাঙ্গিয়া বা প্রকারান্তরে ঐ বসত বাটীপ্রভৃতিতে বলপূর্ব্বক প্রবেশ করেন। এবং যদি ঐরূপ তালাশী করণেতে ঐরূপ কোন দ্রব্য পাওয়া যায় তবে ঐ আমলা বা বরকন্দাজ তাহা কোন জুষ্টিস সাহেবের নিকটে লইয়া যাইবেন অথবা যাবৎ অপরাধিদিগকে কোন জুষ্টিস সাহেবের সম্মুখে লইয়া না যাওয়া যায় তাবৎ ঐ স্থানে তাহা চৌকী দিয়া রাখিতে পারেন অথবা প্রকারান্তরে তাহা কোন নির্ব্বিঘ্ন স্থানে রাখিতে পারেন। এবং আরো ঐ ঘরে অথবা স্থানে পাওয়া যে প্রত্যেক ব্যক্তির বিষয়ে এমত বোধ হয় যে ঐ ব্যক্তি তাহা চুরী বা প্রকারান্তরে বেআইনীমতে প্রাপ্তহওনের বিষয় জানিয়া কি চুরীপ্রভৃতি হওনের বিষয়ে শোবে করণের কারণ থাকিতে ঐ দ্রব্য তাহার জ্ঞাতসারে সেই খানে রাখা গিয়াছিল এমত ব্যক্তিকে ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে লইয়া যাইতে পারেন ইতি।

[কোন২ গতিকে পরওয়ানাবিনা চোরা মালের জন্যে ঘর তালাশীর ক্ষমতার কথা।]

৬ ধারা। যদি কলিকাতার পোলীসের কোন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কিম্বা ইনস্পেক্টরকে এমত সম্বাদ দেওয়া যায় যে কোন চোরা মাল কোন বসতবাটী বা অন্য স্থানে লুক্কায়িত অথবা ন্যস্তহওনের বিষয়ে শোবে করণের উপযুক্ত কারণ আছে এবং যদি উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনস্পেক্টরের ইহা বিশ্বাস করণের উপযুক্ত কারণ থাকে যে তালাশী পরওয়ানা আনাইতে যে বিলম্ব হইবেক তৎপ্রযুক্ত ঐ মাল সরাওনের সম্ভাবনা আছে তখন উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনস্পেক্টর আপনার পদের ক্ষমতাক্রমে যে বিশেষ মাল চুরী হইয়াছে কথিত হয় তজ্জন্যে নির্দ্দিষ্ট বাটী ও স্থান তালাশী করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যে জিনিস চুরী হইয়াছে বা হারাণ গিয়াছে তাহার এক তালিকা দিতে হইবেক এবং তাহা লিখিতে হইবেক এবং এমত এজহার করিতে হইবেক যে এক চুরী হইয়াছে এবং সম্বাদদেওনিয়া ব্যক্তির ইহা বিশ্বাস

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ ফেব্রুআরি।]

mitted, and that the informant has good ground to believe that the property is deposited in such house or place ; and provided further that the person who lost the goods, or his representative, accompany the officer in the search, and that no goods be taken upon such search which are not identified by the person who lost them, or his representative.

VII. Section VIII. of Act XXI. of 1839 is hereby repealed, and all persons charged with the offence of feloniously receiving goods or money, knowing the same to be stolen, may be tried by any Justice of the Peace, provided that the value of the property stolen or received does not, according to the belief of the Justice, exceed twenty rupees, and all the powers and provisions of Act XXI. of 1839, except Section VIII. aforesaid, shall apply, so far as they are applicable, to the trial and conviction of any person charged under this Section with the offence of feloniously receiving goods or money knowing the same to be stolen ; provided always, that if it shall appear to the said Justice that such person has been previously convicted of, or is in the habit of receiving stolen goods, knowing the same to be stolen, the said Justice shall commit such person for trial before the Supreme Court of Judicature.

Extension of Act XXI. of 1839 to the offence of receiving stolen property when the value of the property does not exceed twenty rupees.

VIII. Every person who is accessory, before or after the fact, to any felony which is punishable on summary conviction before any Justice or Justices, is liable to be tried and convicted summarily before such Justice or Justices, on his own confession or the oath of one or more credible witnesses, and the convicting Justice or Justices shall have power to sentence any such accessory to imprisonment, with or without hard labour, for any time not exceeding six Calendar months, or in his or their discretion, instead of trying him, to commit him for trial to the Supreme Court of Judicature, or other Court having authority to try him.

Summary conviction of persons accessory to the commission of certain felonies.

IX. Whenever any boy, under the age of sixteen years, is convicted before a Justice of the Peace, either of simple larceny under the said Act XXI. of 1839, or, under this Act, of feloniously receiving goods or money knowing the same to be stolen, or of being an accessory to any felony which is punishable on summary conviction before any Justice, the said Justice, if he thinks fit, may sentence him to receive corporal punishment not exceeding twelve stripes of a light ratan, instead of sentencing him to imprisonment.

Punishment for boys.

[*Government Gazette*, 10*th February*, 1852.]

করণের উপযুক্ত কারণ আছে যে ঐ দ্রব্য অমুক ঘরে কি অমুক স্থানে ন্যস্ত হইয়াছে। এবং আরো জানা কর্ত্তব্য যে যে ব্যক্তির জিনিস হারাণ গিয়াছে সেই ব্যক্তি অথবা তাহার প্রতিনিধি তালাশীর সময়ে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট-প্রভৃতির সঙ্গে যাইবেক এবং যাহার দ্রব্য হারাণ গিয়াছে সেই ব্যক্তি অথবা তাহার প্রতিনিধি যে দ্রব্য চিনিতে পারে তাহাছাড়া অন্য কোন জিনিস ঐ তালাশীক্রমে লওয়া যাইবেক না ইতি।

[চোরা মালের মুল্য কুড়ি টাকার অধিক না হইলে ঐ চোরা মাল লওনের অপরাধের বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইন খাটাইবার কথা।]

৭ ধারা। ১৮৩৯ সালের ২১ আইনের ৮ ধারা ইহার দ্বারা রদ হইল এবং দ্রব্য অথবা টাকা চোরা জানিয়া ফেলোনিরূপে গ্রহণ করণের অপরাধের বিষয়ে যে সকল ব্যক্তির নামে নালিশ হয় চুরীহওয়া বা গ্রহণহওয়া সম্পত্তি জুষ্টিস অফ দি পীস সাহেবের বোধে কুড়ি টাকার অধিক না হইলে ঐ সকল ব্যক্তির জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা বিচার হইতে পারে। এবং জিনিস বা টাকা চোরা জানিয়া তাহা ফেলোনিরূপে গ্রহণ করণের অপরাধে এই ধারাক্রমে যাহার নামে নালিশ হয় তাহার বিচার ও দোষীকৃত করণের বিষয়ে পূর্ব্বোক্ত ৮ ধারাছাড়া ১৮৩৯ সালের ২১ আইনের সকল ক্ষমতা ও বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ জুষ্টিস সাহেবের যদি এমত বোধ হয় যে ঐ ব্যক্তি দ্রব্য চোরা জানিয়া চোরা দ্রব্য গ্রহণ করণের অপরাধে ইহার পূর্ব্বে দোষীকৃত হইয়াছিল অথবা যদি ঐ ব্যক্তির ঐরূপ চোরা দ্রব্য লওনের ব্যবহার থাকে তবে জুষ্টিস সাহেব ঐ ব্যক্তিকে সুপ্রিম কোর্টের সম্মুখে বিচার হওনার্থে সোপর্দ্দ করিবেন ইতি।

[কোন২ ফেলোনির অপরাধ করণের সহকারি ব্যক্তিরদের সরাসরীরূপে দোষীকৃত করণের কথা ]

৮ ধারা। যে ফেলোনি কোন জুষ্টিস সাহেব বা সাহেবদিগের সম্মুখে সরাসরীমতে সাব্যস্ত হইলে দণ্ডনীয় হয় এমত ফেলোনির কর্ম্ম হওনের পূর্ব্বে বা পরে যে কোন ব্যক্তি সহকারী ছিল সেই ব্যক্তি আপনার কবুলক্রমে অথবা এক কি ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিদিগের শপথক্রমে ঐ জুষ্টিস সাহেবের বা সাহেবদিগের সম্মুখে সরাসরীমতে বিচার ও দোষীকৃত হওনের যোগ্য হইবেক এবং দোষ সাব্যস্তকরণিয়া সাহেবেরা ঐ সহকারি ব্যক্তিকে সম্পূর্ণ ছয় মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের দণ্ডের হুকুম করিতে পারেন অথবা তাঁহার বা তাঁহারদিগের বিবেচনামতে অপরাধির বিচার না করিয়া সুপ্রিম কোর্টে অথবা তাহার বিচার করিতে অন্য যে কোন আদালতের ক্ষমতা থাকে সেই আদালতে তাহাকে বিচারার্থে সোপর্দ্দ করিতে পারেন ইতি।

[বালকদিগের দণ্ডের কথা।]

৯ ধারা। ষোল বৎসরের কমবয়স্ক কোন বালকের যখন ১৮৩৯ সালের উক্ত ২১ আইনানুসারে পাতি চুরীর অপরাধের বিষয়ে অথবা এই আইনক্রমে জিনিস বা দ্রব্য চোরা জানিয়া তাহা ফেলোনিরূপে গ্রহণ করণের বিষয়ে অথবা যে ফেলোনি জুষ্টিস সাহেবদিগের সম্মুখে সরাসরীমতে সাব্যস্ত হইলে দণ্ডনীয় হয় এইমত ফেলোনির বিষয়ে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে দোষীকৃত হয় তখন ঐ জুষ্টিস সাহেব উপযুক্ত বোধ করিলে কয়েদের হুকুম না দিয়া লঘু বেত্রের বার আঘাতের অনধিক শারীরিক শাস্তি দিতে হুকুম করিতে পারেন ইতি।

*Cases of assault, forcible entry, or other injury not being felony.*

X. Any person who shall commit any assault, forcible entry, or other injury accompanied with force, not being felony, within the said Town, against the person or property of any person whatsoever, shall be liable, on conviction thereof before a Justice of the Peace, to a fine not exceeding one hundred rupees, and the said Justice may award the whole or any part of such fine to the party or parties aggrieved, by way of satisfaction for such injury, or, in the discretion of such Justice, such person shall be imprisoned, with or without hard labour, for any time not exceeding four Calendar months.

*Persons charged with recent assault may be apprehended by Police without warrant, though assault not committed in view of Police.*

XI. Any Deputy Superintendent or Inspector of Police may take into custody, or authorize a Constable to take into custody, without warrant, any person who within the said Town shall be charged by any other person with committing an aggravated assault, in every case in which such Deputy Superintendent or Inspector of Police shall have good reason to believe that such assault has been committed, although not within view of such Deputy Superintendent or Inspector, and that by reason of the recent commission of the offence, a warrant could not have been obtained for the appearance of the offender.

*Unlawfully taking or enticing away married women or female children under the age of thirteen.*

XII. If complaint shall be made before any Justice that any person has within the said Town unlawfully taken or caused to be taken away or has unlawfully enticed away, any married woman or female child unmarried, such female child being under the age of thirteen years, out of the possession or protection and against the will of the husband of such married woman, or of the father, mother, or guardian of any such child, or any other person who has the lawful order, keeping, education, or government of such female child, for the purpose of living in adultery with her, or for purposes of prostitution, or of deflowering or disposing of her in marriage, against the will of her husband, father, mother, or guardian, or such other person as aforesaid respectively, it shall be lawful for the said Justice to make an order for the immediate restoration of such married woman or female child to her husband, father, mother, guardian, or such other person as aforesaid, as the case may be, and to compel compliance with such order, and, if it be necessary to use force for that purpose, any Deputy Superintendent or Inspector of Police, duly authorized by the Justice in that behalf, with such assistants as he may deem necessary, may break open doors or

[যে চড়াউ বা বলপূর্ব্বক প্রবেশ বা অন্য ক্ষতি ফেলোনি না হয় তাহার মোকদ্দমার কথা।]

১০ ধারা। যে কোন ব্যক্তি উক্ত শহরের মধ্যে কোন ব্যক্তির প্রতি বা কোন ব্যক্তির সম্পত্তির প্রতি কোন চড়াউ করে অথবা বলপূর্ব্বক প্রবেশ করে কি বলপূর্ব্বক অন্য কোন ক্ষতি করে এবং তাহা ফেলোনির অপরাধ না হয় সেই ব্যক্তির দোষ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ জুষ্টিস সাহেব যে ব্যক্তি বা ব্যক্তিরা ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহারদিগের ঐ ক্ষতি পূরণার্থে ঐ জরীমানা সমুদয় বা তাহার কতক অংশ তাহারদিগকে দিতে পারেন অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে ঐ ব্যক্তি সম্পূর্ণ চারি মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[সম্প্রতি চড়াউ করণের অপবাদিত ব্যক্তি ঐ চড়াউ পোলীসের সাক্ষাৎ না হইলেও পোলীসের দ্বারা ওয়ারণ্ট বিনা গ্রেফ্তার হইতে পারিবার কথা।]

১১ ধারা। যদি উক্ত শহরের মধ্যে কোন ব্যক্তি অন্য ব্যক্তির নামে এই নালিশ করে যে ঐ ব্যক্তি অতি ঘোরতর চড়াউ করিয়াছে এবং যদি ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা ইনস্পেক্টর ইহা বিশ্বাস করণের উপযুক্ত কারণ দেখেন যে ঐ ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কিম্বা পোলীসের ইনস্পেক্টরের সম্মুখে যদ্যপি সেই চড়াউ না হইয়া থাকে তথাপি ঐ প্রকার চড়াউ নিতান্ত হইয়াছে এবং অপরাধ অল্প কাল পূর্ব্বে হওয়াপ্রযুক্ত অপরাধিকে হাজির করাইবার জন্যে ওয়ারণ্ট পাওয়া যাইতে পারিল না তবে সেই ব্যক্তিকে কোন ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা পোলীসের ইনস্পেক্টর ওয়ারণ্ট বিনা কয়েদ করিতে পারেন অথবা তাহাকে কয়েদ করিতে কোন বরকন্দাজকে হুকুম দিতে পারেন ইতি।

[বিবাহিতা স্ত্রী অথবা তের বৎসরের কমবয়স্কা বালিকাকে বেআইনীমতে লওন বা ফুসলিয়া লওনের কথা।]

১২ ধারা। যদি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে এইমত নালিশ হয় যে ঐ শহরের মধ্যে কোন ব্যক্তি কোন বিবাহিতা স্ত্রীর স্বামির ইচ্ছার বিরুদ্ধে অথবা কোন বালিকার পিতা বা মাতা কি সংসারাধ্যক্ষ কি অন্য যে কোন ব্যক্তির আইনমতে ঐ বালিকার রক্ষণাবেক্ষণ বা বিদ্যা শিখাওন কি শাসন করণের ক্ষমতা আছে এইমত পিতাপ্রভৃতির ইচ্ছার বিরুদ্ধে ঐ স্বামী এবং পিতাপ্রভৃতির দখল বা আশ্রয়হইতে কোন বিবাহিতা স্ত্রী কিম্বা তের বৎসরের কমবয়স্কা কোন অবিবাহিতা বালিকাকে বেআইনীমতে লইয়া গিয়াছে বা অন্যের দ্বারা লইয়া গিয়াছে অথবা বেআইনীমতে ফুসলিয়া লইয়া গিয়াছে এবং উক্ত স্বামির ইচ্ছার বিরুদ্ধে তাহার সঙ্গে ব্যভিচার করণার্থে অথবা ঐ বালিকার পিতা বা মাতা কি সংসারাধ্যক্ষ কিম্বা পূর্ব্বোক্তপ্রকার অন্য ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে বালিকাকে ভ্রষ্টা করণ কিম্বা কুমারীত্ব নাশ করণের জন্যে অথবা তাহাকে বিবাহ দেওনের জন্যে সেইরূপ করিয়াছে তবে উক্ত জুষ্টিস অফ দি পীস সাহেব সেই বিবাহিতা স্ত্রী অথবা বালিকাকে বিষয়বিশেষে আপনার স্বামী বা পিতা কি মাতা বা সংসারাধ্যক্ষ কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিকে অগৌণে ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন এবং বলপূর্ব্বক সেই হুকুম জারী করিতে পারেন এবং তজ্জন্যে যদি কোন জোর করণের আবশ্যক হয় তবে কোন ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা পোলীসের ইনস্পেক্টর তন্নিমিত্তে জুষ্টিস অফ দি পীস সাহেবের স্থানে রীতিমত ক্ষমতা পাইয়া যে২ সহকারির আবশ্যক হয় তাহাকে সঙ্গে লইয়া দ্বার ভাজিতে পারেন অথবা প্রকারান্তরে ঐ হুকুম বলপূর্ব্বক জারী করি-

otherwise compel compliance with the same, and the said Justice may commit any person charged with taking any married woman or female child as aforesaid, for any of the purposes aforesaid, for trial before the Supreme Court of Judicature.

[ To be Continued,]

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

### LEAVES OF ABSENCE.

*The 4th February*, 1852.

Munmohun Baboo, Moonsiff of Khundghose, Zillah East Burdwan, for the 25th and 26th ultimo.

Moulvee Noorul Hossein, Moonsiff of Bishenpoor, Zillah West Burdwan, from the 27th ultimo to the 3rd instant.

Baboo Sitikunt Singh, Moonsiff of Patenah, Zillah East Burdwan, for the 26th and 27th ultimo.

Baboo Gunga Churn Shome, Moonsiff of Suleemabad, Zillah East Burdwan, from the 28th instant to the 5th proximo, inclusive.

B. J. Colvin, *Register*.

## রাজকর্ম্মে নিয়োগ।

১৫৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২১ জানুআরি।

ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্র জিলা বীরভূমের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

চতুর্থ অর্থাৎ পশ্চিমাংশের জরিপী কর্ম্মে নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনানুসারের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত ভাগলপুর ও মুঙ্গের ও বীরভূম ও পূর্ব্ব ও পশ্চিম বর্দ্ধমান ও নদীয়া ও মুরশিদাবাদ ও দিনাজপুর ও পূরণিয়া ও রঙ্গপুর ও বগুড়া ও রাজশাহী ও মালদহ জিলায় ১৮২২ সালের ৭ আইনানুসারে কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫১ সাল ২৬ জানুআরি।

শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) চম্পারণ জিলাতে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

প্রথম অর্থাৎ উত্তরাংশের জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) এবং ডেপুটী কালেক্টর শ্রীযুত ক্ষেত্রমোহন মুখুয্যা যশোহর ও ফরিদপুর ও ময়মুনসিংহ জিলাতে ১৮২২ সালের ৭ আইন এবং ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) যশোহর জিলাতে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

তে পারেন এবং পূর্ব্বোক্ত কোন কারণের জন্যে পূর্ব্বোক্ত মতে কোন বিবাহিতা স্ত্রী অথবা বালিকাকে লইয়া যাওনের বিষয়ে যে ব্যক্তির নামে নালিশ হয় সেই ব্যক্তিকে উক্ত জুষ্টিস সাহেব সুপ্রিম কোর্টের সম্মুখে বিচার হওনার্থে সোপর্দ্দ করিতে পারেন ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### ছুটী।

১৮৫২ সাল ৪ ফেব্রুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু গত মাসের ২৫ ও ২৬ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী নুরুল হসেন গত মাসের ২৭ তারিখঅবধি বর্ত্তমান মাসের ৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পাটনার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ গত মাসের ২৬ ও ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম বর্ত্তমান মাসের ২৮ তারিখঅবধি আগামি মাসের ৫ তারিখপর্য্যন্ত ঐ দুই দিন যুক্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

১৮৫২ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত বীরভূমের কালেক্টরী কর্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি লক সাহেবের (Mr. G. Loch,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেব (Mr. R. R. Sturt,) ভাগলপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছিলটের কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) ময়মুনসিংহের কালেক্টর হইবেন।

ময়মুনসিংহের কালেক্টর শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) ছিলটের কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কলিকাতার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

১৮৫২ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) মুঙ্গেরের কালেক্টর হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ২৬ জানুআরি।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত আর ফিনি সাহেব (Mr. R. Finney,) গত মাসের ১৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৭ জানুআরি।

ভাগলপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ বক্স সাহেব (Rev. F. W. Vaux,) গত সেপ্টেম্বর মাসের ৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক বিধির ২৪ ধারানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৬৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৭ জানুআরি।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত সি গারষ্টিন সাহেব (Mr. C. Garstin,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া সারণের সিবিল ও সেশন জজ হইবেন।

১৮৫২ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত পাদরি জে গোএন সাহেব (Revd. J. Gawen,) বহরমপুরের ও মুরশিদাবাদের ধর্ম্মোপদেশক হইবেন। কিন্তু আগামি মাসের ২১ তারিখপর্য্যন্ত ফোর্ট উলিয়ম কিল্লাতে আপনার বর্ত্তমান কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

মেদিনীপুর জিলার নগওয়ানের মুনসেফ শ্রীযুত মৌলবী দরাসতুল্লা নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন এবং ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

১৮৫২ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত ডবলিউ সি স্পেনসর সাহেব (Mr. W. C. Spencer,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫২ সাল ২৯ জানুআরি।

শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

---

২৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৩১ জানুআরি।

শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr. J. K. Walter,) রঙ্গপুর জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ভারতবর্ষে বিবাহবিষয়ক আইন নামক শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১৪ ও ১৫ বৎসরে জারীহওয়া আইনের এবং হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের জারীহওয়া ১৮৫২ সালের ৫ আইনের বিধানানুসারে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেব বিবাহের রেজিষ্ট্রারদিগের নীচের লিখিত নিয়োগ অনু করিয়াছেন এবং উক্ত প্রকারে নিযুক্ত সকল রেজিষ্ট্রার সাহেবদিগের কিম্বা উত্তর কালে যাঁহারা সেই পদে নিযুক্ত হইবেন তাঁহারদিগের এলাকার নীচের লিখিত সীমা নির্দ্দিষ্ট করিয়াছেন।

সুপ্রিম কোর্টের ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্ট্রার শ্রীযুত ডবলিউ মাকফর্সন সাহেব (Mr. W. Macpherson,) কলিকাতায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

বাকরগঞ্জের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) বাকরগঞ্জের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ভাগলপুরের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে আলেন সাহেব (Mr. J. Allan,) ভাগলপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

বীরভূমের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) বীরভূমের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

বেহারের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এচ ডায়পর সাহেব (Mr. H. Diaper,) বেহারের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) পূর্ব্ব বর্দ্ধমানের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek,) পশ্চিম বর্দ্ধমানের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

চাটিগাঁর দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) চাটিগাঁর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

কটকের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) কটকের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ঢাকার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে এফ মিডল্টন সাহেব (Mr. J. F. Middleton,) ঢাকার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

দিনাজপুরের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে জৌয়েট সাহেব (Mr. J. Jowett,) দিনাজপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

হুগলীর দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) হুগলীর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

যশোহরের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত সি পামর সাহেব (Mr. C. Palmer,) যশোহরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

মেদিনীপুরের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে বি ফর্ব্বস সাহেব (Mr. J. V. Forbes,) মেদিনীপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

মুরশিদাবাদের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) মুরশিদাবাদের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ময়মনসিংহের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এচ এন এলটন সাহেব (Mr. H. N. Elton,) ময়মনসিংহের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

নদীয়ার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত সি আর্চর সাহেব (Mr. C. Archer,) নদীয়ার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পাটনার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত ডবলিউ এস ডিকিন সাহেব (Mr. W. S. Dicken,) পাটনার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

চব্বিশপরগনার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) চব্বিশপরগনার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পূরণিয়ার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) পূরণিয়ার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

রাজশাহীর দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে আর বেডফোর্ড সাহেব (Mr. J. R. Bedford,) রাজশাহীর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

রঙ্গপুরের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr. J. K. Walter,) রঙ্গপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

সারণের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এ সিমসন সাহেব (Mr. A. Simpson,) সারণের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শাহাবাদের দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr. A. A. Swinton,) শাহাবাদের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ত্রিপুরার দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত ই মাণ্ডিস

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ ফেব্রুআরি।]

সাহেব (Mr. E. Sandys,) ত্রিপুরার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ত্রিহুতের দর্ব্বীলদস্কাবেজের রেজিষ্টর শ্রীযুত আর বি কিন্সি সাহেব (Mr. R. B. Kinsey,) ত্রিহুতের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ইহার দ্বারা নিযুক্ত কলিকাতার বিবাহের রেজিষ্ট্রার এবং উত্তর কালে যে সকল অতিরিক্ত রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন তাঁহারদিগের এলাকা কলিকাতা নগর নির্দ্দিষ্ট হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের অধীন নানা জিলা উক্ত ভারতবর্ষীয় বিবাহবিষয়ক আইনের অভিপ্রায়ার্থে বিবাহের রেজিষ্টরী এলাকা নির্দ্দিষ্ট হইয়াছে এবং ইহার দ্বারা নিযুক্ত বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রার ও উত্তর কালে যে প্রত্যেক রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন তাঁহারদের মোকাম যে জিলাতে আছে সেই জিলায় এমত বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রার সাহেবের রেজিষ্টরী করণীয় এলাকা নির্দ্দিষ্ট হইয়াছে।

ভারতবর্ষীয় বিবাহবিষয়ক উপরের উক্ত আইনের উপলক্ষে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে খ্রীষ্টীয় ধর্ম্মের যে উপদেশকেরা আপন২ ধর্ম্ম মতানুসারে খ্রীষ্টীয় ধর্ম্মের উপদেশকতা পদে নিযুক্ত হন তাঁহারদের মধ্যে যে কেহ বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অধীন আপন নিবাস জিলার বিবাহের রেজিষ্ট্রার হইতে চাহেন তাঁহারা লিখিত দরখাস্ত পাঠাইলে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব তাহা বিবেচনা করিবেন। কলিকাতানিবাসি ধর্ম্মোপদেশকেরদের উক্ত প্রকার সকল দরখাস্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং তদ্ভিন্ন বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যার অন্তঃপাতি স্থাননিবাসি ধর্ম্মোপদেশকদিগের ঐ দরখাস্ত যে এলাকায় দরখাস্তকারী বাস করেন সেই এলাকার কমিস্যানর সাহেবের নিকটে পাঠান যাইবেক। তদ্ভিন্ন অন্যান্য প্রদেশনিবাসি ধর্ম্মোপদেশকেরা যে প্রদেশে বাস করেন সেই প্রদেশের কমিস্যানর সাহেবের কিম্বা দেওয়ানীসম্পর্কীয় প্রধান কার্য্যকারকের নিকটে দরখাস্ত পাঠাইবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৩ ফেব্রুআরি।

থনাসরিম প্রদেশে কমিস্যানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ হপকিন্সন সাহেব (Lieutenant H. Hopkinson,) গত মাসের ১৪ তারিখে মৌলমেনের খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ডি আরডাগ সাহেবের (Lieutenant R. D. Ardagh,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়েট সাহেব (Mr. T. Wyatt,) গত মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ আহমদ বক্সের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) গত মাসের ২২ তারিখে ভাগলপুরের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোওয়াজিম হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) "বুনিফালস" নামক জাহাজে বাঙ্গলা দেশহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ গত মাসের ২৩ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

রামরিতে আরাকাণের কমিস্যানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি পি স্পার্কস সাহেব (Captain T. P. Sparks,) গত মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার ও খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেবের (Lieutenant G. Faithful,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত সি গারষ্টিন সাহেব (Mr. C. Garstin,) গত মাসের ২৬ তারিখে সারণের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মীর্জা মহম্মদ সাদিকের স্থানে গ্রহণ করেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr. J. C. Brown,) গত মাসের ২৮ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) গত মাসের ৮ তারিখে ত্রিহুতের কালেক্টরীর ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেবের (Mr. W. R. Davies,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৮৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৬ জানুআরি।

শ্রীযুত এচ এম লো সাহেব (Mr. H. M. Low,) সম্বলপুরের ডাকাধ্যক্ষ হইবেন।

১৮৫২ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত কাপ্তান জে সি হানিংটন সাহেবের (Capt. J. C. Hannyngton,) দানাপুরে গমন কালে শ্রীযুত কাপ্তান টি সিম্সন সাহেব (Captain T. Simpson,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে ডেপুটী কমিস্যানরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান সিম্সন সাহেবের (Captain Simpson,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট ই এম রায়ন সাহেব (Lieutenant E. M. Ryan,) হাজারীবাগে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট রায়ন সাহেবের (Lieutenant Ryan,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এনসাইন বি ডি গ্রাণ্ট সাহেব (Ensign B. D. Grant,) দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

১৮৫২ সাল ২৯ জানুআরি।

শ্রীযুত এচ ডাপর সাহেব (Mr. H. Diaper, ) বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত এ বীল সাহেব (Mr. A. Beale,) পূরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৯ জানুআরি।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) গত মাসের ৩১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) বর্ত্তমান মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

# GOVERNMENT ADVERTISEMENTS.

## SALT.

# গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

## নিমক।

মানকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পারসেণ্ট গোলাপ্তক্তি বাবৎ তাগাদ ৩১ জানুআরি সন ১৮৫২ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নমকের।

| এজেন্সীর নাম। | সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮। সাল এবং পূর্ব্ব সনহায়ের | সন ১২৫৫ সাল মোতাবেক ইং ১৮৪৮। ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবেক ইং ১৮৪৯। ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবেক ইং ১৮৫০। ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবেক ইং ১৮৫১। ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|
| হিজলী। | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট রসুলপুর। | • | • | • | ২,৪০,১২৫/ | • | ২,৪০,২২৫/ |
| ঐ ঐ কৃষ্ণনগর। | • | • | • | ২৫,৪০৪/ | • | ২৫,৪০৪/ |
| ঐ ঐ রামনগর। | • | • | • | ২,১০,৯৩২/ | • | ২,১০,৯৩২/ |
| গাছা নমক। | ৭,২৩৪/৪ | • | • | • | • | ৭,২৩৪/৪ |
| একুন। | ৭,২৩৪/৪ | • | • | ৪,৭৬,৬৬১/ | • | ৪,৮৩,৮৯৫/৪ |
| তমলুক। | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর। | • | • | • | ১,৪৯,৯৩৩৸৮ | | ১,৪৯,৯৩৩৸৮ |
| একুন। | • | • | • | ১,৪৯,৯৩৩৸৮ | • | ১,৪৯,৯৩৩৸৮ |
| চট্টগ্রাম। | | | | | | |
| পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি। | ১,১২,৮৩৬।৪৸১০ | • | • | • | • | ১,১২,৮৩৬।৪৸১০ |
| ঐ আরাকিন ঐ | • | ১৫,১১৭॥০ | • | • | • | ১৫,১১৭॥০ |
| ঐ সদর ঘাট এজেন্সী। | • | • | ২,৮৯,৫১১/৪ | ৭,৯৩,১৮৮৸৯ | • | ১০,৮২,৭০৫/৩ |
| ঐ ঐ আরাকিন। | ৩,৯৫,১৫৮৸০ | • | • | ৩০,৮৯৩/ | • | ৪,২৪,৫৫১৸০ |
| একুন। | ৫,০৮,৪২৫/৪৸১০ | ১৫,১১৭॥০ | ২,৮৯,৫১১/৪ | ৮,২৪,০৮১৸৯ | • | ১৬,৩৫,২১০॥৭৸১০ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ ফেব্রুআরি।]

| এজেন্সীর নাম। | সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের | সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|
| **ভুলুয়া।** | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট কাঁকড়া, আরাকিন। | • | • | • | ৫৬,৯২৯৸২ | • | ৫৬,৯২৯৸২ |
| একুন। | • | • | • | ৫৬,৯২৯৸২ | • | ৫৬,৯২৯৸২ |
| **শালিখা।** | | | | | | |
| পাঙ্গা নমক কটক। | ৭,৪৯,৩৭২ ॥০ | ১৮,৪৯৬ ॥৫ | ৩,১৫২ ॥০ | • | • | ৭,৭১,০২১ ॥৫ |
| ঐ বালেশ্বর। | • | • | • | ১৫,০৮০ ।৮ | • | ১৫,০৮০ ।৮ |
| ঐ খোরদা। | ২২৭ ॥১ ॥ | ৩৭৭ ॥২ | • | ৪১০/ | • | ১,০৩৫/৩ ॥ |
| ঐ চিলকা। | ২৭৸০ | ১১৬/ | • | • | • | ১৪৩৸০ |
| করকচ নমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম। | ৬৪৫/ | • | • | • | • | ৬৪৫/ |
| ঐ ঐ ২ দোসরা রকম। | ৯৮,৯৪০ ॥২ | • | • | • | • | ৯৮,৯৪০ ॥২ |
| পাঙ্গা হিজলি কালীনগর। | ৫৬,৭৬৩/ | • | • | • | • | ৫৬,৭৬৩/ |
| ঐ রসুলপুর | • | • | • | ২,০২,৩৬১ ॥০ | • | ২,০২,৩৬১ ॥০ |
| ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক। | • | ৪,০১,১১৮/৪ | • | • | • | ৪,০১,১১৮/৪ |
| ঐ ঐ ডাইমনহারবর। | ১,২২,৩৮৫/ | • | • | • | • | ১,২২,৩৮৫/ |
| ঐ ঐ সাগর। | • | ৪৯,১৭২ ॥০ | • | • | • | ৪৯,১৭২ ॥০ |
| একুন | ১০,২৮,৩৬১ ।৩ ॥ | ৪,৬৯,২৮০৸১ | ৩,১৫২ ॥০ | ২,১৯,৮৭১৸৮ | • | ১৭,১৮,৬৬৬ ॥২ ॥ |
| **আরাকিন।** | | | | | | |
| পাঙ্গা ঘাট কৈককু। | ৩,৮৬৬/৯ | ৬,৩৭১/ | • | ৩৫,২৭০ ॥০ | ৩৩,৫১৫/ | ৭৭,০২২ ॥৯ |
| একুন। | ৩,৮৬৬/৯ | ৬,৩৭১/ | • | ৩৫,২৭০ ॥০ | ৩৩,৫১৫/ | ৭৭,০২২ ॥৯ |
| মোট একুন। | ১৫,৪৪,৯২৬৸১।৵১০ | ৪,৯০,৭৬৯ ।১ | ২,৯২,১৬৮ ॥৩ | ১৭,৫৮,৭১৯/৭ | ৩৩,৫১৫/ | ৪১,২১,৬২৮৸০ ৵১০ |

সি বীডন। ছোট সেক্রেটারী।

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত গয়া পোষ্ট আফিসে ইং সন ১৮৫০ সালের মার্চ মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১ | টেবু সইস | সাহেবগঞ্জ | |
| ২ | আফজল আলি | ঐ | |
| ৩ | জুয়ালা শাহায় | ঐ | |
| ৪ | জানকীরাম | ঐ | |
| ৫ | নৈবুলাল | গয়া | |
| ৬ | ইরার আলি | ঐ | |
| ৭ | মহাম্মদ ইশফ | সাহেবগঞ্জ | |
| ৮ | দাএম আলি | ঐ | |
| ৯ | শম্ভুরায় | গয়া | |
| ১০ | রাধাকুমার | সাহেবগঞ্জ | |
| ১১ | সুমিরণলাল | ঐ | |
| ১২ | লালা মনুলাল | ঐ | |
| ১৩ | মিসন খানসামা | ঐ | |
| ১৪ | সোবরাতি | ঐ | |
| ১৫ | মংলি | ঐ | |
| ১৬ | দ্বারকা | ঐ | |
| ১৭ | ভীম সেন | ঐ | |
| ১৮ | বুধু | ঐ | |
| ১৯ | আটরাজ সিং | ঐ | |
| ২০ | রাধাদাস পণ্ডিত | ঐ | |
| ২১ | রাজা মহেন্দ্রনারায়ণসিং | ঐ | |
| ২২ | প্রসাদ সিং | ঐ | |
| ২৩ | লালু | ঐ | |
| ২৪ | সেখ রোসন | ঐ | |
| ২৫ | দেওলাল শহায় | ঐ | |
| ২৬ | শ্যামাচরণ মুখোপাধ্যায় | ঐ | |
| ২৭ | মেং ক্যাভকার্ট | গয়া | |
| ২৮ | জগমোহন | ঐ | |
| ২৯ | রামচরণ সিং | ঐ | |
| ৩০ | সখায়ৎ হোশেন | সাহেবগঞ্জ | |
| ৩১ | ছটুরাম | ঐ | |
| ৩২ | খোদাবক্স | ঐ | |
| ৩৩ | নারায়ণ | ঐ | |
| ৩৪ | বিষন সিং | ঐ | |
| ৩৫ | পাঁচু | ঐ | |
| ৩৬ | সুরজলাল সিং | ঐ | |
| ৩৭ | মাজু সিং | ঐ | |
| ৩৮ | দীনদয়াল সিং | ঐ | |
| ৩৯ | লালবেহারী | ঐ | |
| ৪০ | বাকারি সিং | ঐ | |
| ৪১ | হোসেন আলী | ঐ | |
| ৪২ | ফরিদউদ্দীন। | ঐ | |
| ৪৩ | দয়ালি | ঐ | |
| ৪৪ | রামজীবন | ঐ | |
| ৪৫ | সেখ ধম্মি | ঐ | |
| ৪৬ | জগন্নাথ সহায় | ঐ | |
| ৪৭ | নব সিং | ঐ | |
| ৪৮ | সেখ বেহারী | ঐ | |
| ৪৯ | চন্দ্রপ্রসাদ সুকুল | ঐ | |
| ৫০ | জুমন | ঐ | |
| ৫১ | দেবীদয়াল সিংহ | ঐ | |
| ৫২ | আমীর | ঐ | |
| ৫৩ | লছমন সিং | ঐ | |
| ৫৪ | রামধন | সাহেবগঞ্জ | |
| ৫৫ | টিকমলাল | ঐ | |
| ৫৬ | সেখ মকু | ঐ | |
| ৫৭ | গঙ্গাবিষন লাল | ঐ | |
| ৫৮ | সেখ সাকির | ঐ | |
| ৫৯ | মকসুদ আশরফ | ঐ | |
| ৬০ | আমীন আলী | ঐ | |
| ৬১ | আমির খাঁ | ঐ | |
| ৬২ | ওয়ারিস আলি | ঐ | |
| ৬৩ | কলবআলী | ঐ | |
| ৬৪ | ফকিরলাল | ঐ | |
| ৬৫ | মনসফদর খাঁ | ঐ | |
| ৬৬ | মহম্মদ আবিদ | ঐ | |
| ৬৭ | আকুরি | ঐ | |
| ৬৮ | রামকিসন সিং | ঐ | |
| ৬৯ | সঙ্গত | ঐ | |
| ৭০ | জগন্নাথ সহায় | ঐ | |
| ৭১ | গঙ্গাধরপ্রসাদ | ঐ | |
| ৭২ | রামরাম | ঐ | |
| ৭৩ | আকবাল আলী | ঐ | |
| ৭৪ | ভিখন লাল | ঐ | |
| ৭৫ | শিউদয়াল | ঐ | |
| ৭৬ | গোবৰ্দ্ধন দাস | ঐ | |
| ৭৭ | শিউ সহায় | ঐ | |
| ৭৮ | মেং জেকব | ঐ | |
| ৭৯ | নেকপত সিং | ঐ | |
| ৮০ | কালীচরণ | ঐ | |
| ৮১ | মহম্মদ সাদিক | ঐ | |
| ৮২ | মেঘন | ঐ | |
| ৮৩ | মন্নুলাল | ঐ | |
| ৮৪ | ছটুলাল | ঐ | |
| ৮৫ | রাজারাম | ঐ | |
| ৮৬ | শিউনাথ সিং | ঐ | |
| ৮৭ | হোশেনির মাতা | ঐ | |
| ৮৮ | বেহারী | ঐ | |
| ৮৯ | আবদুল্লা | ঐ | |
| ৯০ | চেতলাল | ঐ | |
| ৯১ | তিলকচাঁদ | ঐ | |
| ৯২ | জগবন্ধুলাল | গয়া | |
| ৯৩ | খয়রাত হোসেন | সাহেবগঞ্জ | |
| ৯৪ | মনসুর আলী | ঐ | |
| ৯৫ | গদাধররাম | ঐ | |
| ৯৬ | শরফরাজ আলী | ঐ | |
| ৯৭ | আক্‌বর হোসেন | ঐ | |
| ৯৮ | প্রেমলাল | ঐ | |
| ৯৯ | চূড়ামন শা | ঐ | |
| ১০০ | বলাই দেও চৌধুরী | ঐ | |
| ১০১ | মেং হাল | ঐ | |
| ১০২ | ওয়ারিস আলি | ঐ | |
| ১০৩ | মাধবরাম | ঐ | |
| ১০৪ | খেয়ালিরাম | ঐ | |
| ১০৫ | নজরু | ঐ | |
| ১০৬ | শঙ্কর রাউত | ঐ | |
| ২০৭ | গোপাললাল | ঐ | |
| ১০৮ | জগদেও সিং | ঐ | |
| ১০৯ | রহমত হোসেন | ঐ | |
| ১১০ | জিকিমলাল | ঐ | |
| ১১১ | আমদ হোসেন | ঐ | |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ ফেব্রুআরি।]

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১১২ | পরমানন্দ পাণ্ডা | গয়া | |
| ১১৩ | গণেশ | সাহেবগঞ্জ | |
| ১১৪ | আমদ হোসেন | ঐ | |
| ১১৫ | শিউবক্সলাল | ঐ | |
| ১১৬ | ফকিরা | ঐ | |
| ১১৭ | তিলকধারী | ঐ | |
| ১১৮ | আসন বকস | ঐ | |
| ১১৯ | মেৎ কেডকার্ট | ঐ | |
| ১২০ | হরচরণ দোবে | ঐ | |
| ১২১ | রাধেকিসন চৌধুরী | ঐ | |
| ১২২ | বনয়ারিলাল | ঐ | |
| ১২৩ | আজিম আলি | ঐ | |
| ১২৪ | বিদ্ধলাল এবং হরলাল | ঐ | |
| ১২৫ | গোলাব | ঐ | |
| ১২৬ | পির মহম্মদ | ঐ | |
| ১২৭ | রাজকৃষ্ণ মিত্র | ঐ | |
| ১২৮ | বলদেও | গয়া | |
| ১২৯ | নিরঞ্জান সিং | ঐ | |
| ১৩০ | সেখ সোবরাতি | সাহেবগঞ্জ | |
| ১৩১ | নন্দলাল | ঐ | |
| ১৩২ | যদুনাথ বসু | স৹। | |
| ১৩৩ | তসদক হোসেন | সাহেবগঞ্জ | |
| ১৩৪ | মনোহরলাল | ঐ | |
| ১৩৫ | মহম্মদ ছিরাত | ঐ | |
| ১৩৬ | মেরালাল | ঐ | |
| ১৩৭ | মনু | ঐ | |
| ১৩৮ | দৌলত | ঐ | |
| ১৩৯ | আমদ হোসেন | ঐ | |
| ১৪০ | আতা হোসেন | ঐ | |
| ১৪১ | আদ্যা দত্ত | ঐ | |
| ১৪২ | বঙ্কুলাল | ঐ | |
| ১৪৩ | চন্দ্র | ঐ | |
| ১৪৪ | নাগমহতু | ঐ | |
| ১৪৫ | বুধন লাল | ঐ | |
| ১৪৬ | ওয়াজদী হোসেন | ঐ | |
| ১৪৭ | রামনারায়ণ | ঐ | |
| ১৪৮ | সুপন খাঁ | ঐ | |
| ১৪৯ | মিলন | ঐ | |
| ১৫০ | গুরুদয়াল পাঁড়ে | ঐ | |
| ১৫১ | রামদয়াল | ঐ | |
| ১৫২ | মোহন | ঐ | |
| ১৫৩ | টিকারাম | ঐ | |
| ১৫৪ | ভোরাব খাঁ | ঐ | |
| ১৫৫ | আবদুলবাসত | ঐ | |
| ১৫৬ | গৌরীশঙ্কর | ঐ | |
| ১৫৭ | রামলাল | ঐ | |
| ১৫৮ | বকাতি | ঐ | |
| ১৫৯ | মহেন্দ্রনারায়ণ | ঐ | |
| ১৬০ | বৈজুনাথ | ঐ | |
| ১৬১ | ভিকারী | ঐ | |
| ১৬২ | রামচন্দ্র বসু | গয়া | |
| ১৬৩ | মিয়া তকু | ঐ | |
| ১৬৪ | ঈশ্বরীপ্রসাদ | ঐ | |
| ১৬৫ | গোলাম মন্তি | সাহেবগঞ্জ | |
| ১৬৬ | ইমদাদ আলি | ঐ | |
| ১৬৭ | দেবীরাম | ঐ | |
| ১৬৮ | কুঞ্জলাল | ঐ | |
| ১৬৯ | দেবনাথ | ঐ | |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১৭০ | আবদুল হোসেন | সাহেবগঞ্জ | |
| ১৭১ | মকসুদ আলি | ঐ | |
| ১৭২ | গোলাম আলি | ঐ | |
| ১৭৩ | চেরাগ আলি | ঐ | |
| ১৭৪ | ইন্দ্রজিৎ কুঙর | ঐ | |
| ১৭৫ | হরিরাম | ঐ | |
| ১৭৬ | দিনদয়াল দোবে | ঐ | |
| ১৭৭ | মহম্মদ ইমাম | ঐ | |
| ১৭৮ | মাদার বক্স | ঐ | |
| ১৭৯ | প্রহ্লাদ দাস | ঐ | |
| ১৮০ | তুফানি লাল | ঐ | |
| ১৮১ | রূপনারায়ণ মজুমদার | গয়া | |
| ১৮২ | গঙ্গাদিন | সাহেবগঞ্জ | |
| ১৮৩ | সঙ্গত বক্স | ঐ | |
| ১৮৪ | ভুলারাম | ঐ | |
| ১৮৫ | বেচুরাম | ঐ | |
| ১৮৬ | ঠাকুর শাহায় | ঐ | |
| ১৮৭ | সেবক | ঐ | |
| ১৮৮ | সেখ মহম্মদি | ঐ | |
| ১৮৯ | শিউসহায় রাম | ঐ | |
| ১৯০ | ওয়াহিদ আলী | ঐ | |
| ১৯১ | তসদুক হোসেন | ঐ | |
| ১৯২ | গদাধর লাল | ঐ | |
| ১৯৩ | মেয়া লাল | ঐ | |
| ১৯৪ | মন্নু লাল | ঐ | |
| ১৯৫ | মিয়া তকু | ঐ | |
| ১৯৬ | কাজিম আলি | ঐ | |
| ১৯৭ | মহম্মদি | ঐ | |
| ১৯৮ | সখায়ৎ লাল | ঐ | |
| ১৯৯ | মহম্মদ | ঐ | |
| ২০০ | গঙ্গানন্দ | ঐ | |
| ২০১ | মকসুদ আশরফ | ঐ | |
| ২০২ | আসগর আলি | ঐ | |
| ২০৩ | ওয়াজদীন হোসেন | ঐ | |
| ২০৪ | দরশন লাল | ঐ | |
| ২০৫ | রাম লাল | ঐ | |
| ২০৬ | শিউদয়াল | ঐ | |
| ২০৭ | বলভদ্র শাহায় | ঐ | |
| ২০৮ | বলু ধুবি | ঐ | |
| ২০৯ | মক্ষণ লাল | ঐ | |
| ২১০ | ব্রজগোপাল মুখোপধ্যায় | ঐ | |
| ২১১ | সাজাদ আলি | ঐ | |
| ২১২ | পূরণ লাল | ঐ | |
| ২১৩ | বুধন লাল | ঐ | |
| ২১৪ | হিম্মত আলি | ঐ | |
| ২১৫ | শঙ্কর শাহায় | ঐ | |
| ২১৬ | গনু লাল | ঐ | |
| ২১৭ | আমিরুল্লা | ঐ | |
| ২১৮ | সুপন খানসামা | ঐ | |
| ২১৯ | বিশ্বেশ্বর লাল | ঐ | |
| ২২০ | লালা মন্নু লাল | ঐ | |
| ২২১ | গোলাম আলি | ঐ | |
| ২২২ | সুপন খাঁ | ঐ | |
| ২২৩ | করক আলি | ঐ | |
| ২২৪ | হকুমচাঁদ সোণার | ঐ | |
| ২২৫ | পার্ব্বতীচরণ চট্টোপাধ্যায় | ঐ | |

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক ।)

[Government Gazette, 10th February, 1852.]

**Price Current of grain in the Town of Bancoorah on the 22nd January, 1852.**

| | 80 Sicca Wt. Md. Sr. | C. |
|---|---|---|
| Rice 1st Sort per Rupee, ... ... ... ... ... ... | 26 | 12 |
| Do. 2nd Do. Do. ... ... ... ... ... ... | 28 | 0 |
| Do. 3rd Do. Do., ... ... ... ... ... ... | 31 | 12 |
| Atta Do. Do., ... ... ... ... ... ... | 17 | 0 |
| Ooreed Dhal Do., ... ... ... ... ... ... | 21 | 6 |
| Gram Do. Do., ... ... ... ... ... ... | 27 | 12 |
| Wheat 1st Do. Do., ... ... ... ... ... ... | 26 | 0 |
| Do. 2nd Do. Do., ... ... ... ... ... ... | 27 | 4 |
| Pease Do. Do., ... ... ... ... ... ... | 30 | 8 |
| Beeree Do. Do., ... ... ... ... ... ... | 25 | 8 |

জিলা পশ্চিমাংশ বৰ্দ্ধমান মোং বাকুণ্ডার বাজারের সন ১৮৫২ সালের লাগাইদ ২২ জানুআরির নীচের লিখিত দ্রব্যাদির নিরিখ মোং শ্রীরামপুরের বাঙ্গলা গেজেটে প্রকা। হওন জন্য প্রেরণ হইল।

| রকম জিনিস | ফিঃটাকায় | কাত জিনিস ওজন ৮০ সিককা |
|---|---|---|
| উত্তম চাউল | ১৲ ... ... ... ... ... | ৵॥৬৸ |
| চাউল দ্বিতীয় | ঐ ... ... ... ... ... | ॥৮ |
| চাউল তৃতীয় | ঐ ... ... ... ... ... | ৸১ |
| আটা | ঐ ... ... ... ... ... | ।৭ |
| উরিদ দাল | ঐ ... ... ... ... ... | ॥১ ।৶ |
| বুট | ঐ ... ... ... ... ... | ॥৭৸ |
| গম উত্তম | ঐ ... ... ... ... ... | ॥১ |
| গম মধ্যম | ঐ ... ... ... ... ... | ॥৭ । |
| মটর | ঐ ... ... ... ... ... | ৸০ ॥ |
| বিরিকলাই | ঐ ... ... ... ... ... | ।৫॥ |

A. W. RUSSELL, *Offg. Joint Magistrate.*

## NOTICE.

With reference to the conclusion of the Harvest in the neighbouring districts, and for the greater convenience of the Elephant and other Dealers, the Titalya Fair will commence on the 20th February 1852,—9th Falgoon, 1258, Bengalli era, and will, in future, take place annually at the same date.

A. CAMPBELL, *Superintendent.*

Superintendent's Office, Darjeeling, the 8th November, 1851.

## বিজ্ঞাপন।

নিকটস্থ জিলার ফসল কাটিবার সময়োপলক্ষে এবং হস্তী ও নানা দ্রব্য বিক্রেতারদের ক্লেশ নিবারণার্থে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে তেঁতুলিয়ার মেলা ইং ১৮৫২ সালের ২০ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৫৮ সাল ৯ ফাল্গুণ তারিখে আরম্ভ হইবেক এবং উত্তর কালে বৎসরে২ ঐ তারিখে আরম্ভ হইবেক।

এ কাম্বেল। সুপরিন্টেণ্ডেন্ট।

সুপরিন্টেণ্ডেন্টের দফতরখানা।

দারজীলিং ১৮৫১ সাল ৮ নবেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ১০ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 17, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১৭ ফেব্রুআরি।

## DRAFT OF ACT.

[Continued from page 95.]

ACT No. —— OF 1851.

*An Act for consolidating and amending the Regulations of the Calcutta Police.*

Keeping open houses of public entertainment without licence.

XIII. Any person who shall have or keep any house, shop, room, or place of public resort and entertainment within the said Town, wherein provisions, liquors, or refreshments of any kind shall be sold or consumed, (whether the same shall be kept or retailed therein or procured elsewhere,) without a licence for the same being first had and obtained from and under the hand of two Justices of the Peace, shall be liable, on conviction thereof before any of the said Justices, to a penalty not exceeding one hundred rupees for every day that such unlicensed house or place of public resort or entertainment is kept open.

Two Justices to grant licences.

XIV. Two or more of the said Justices shall from time to time hold licensing Sessions, for the purpose of granting licences to the keepers of such houses or places of public resort and entertainment as aforesaid, and the said licences may be granted by the said Justices for the term of one year, subject to the restriction contained in Section XII. Act XI. of 1849, and upon such conditions to be inserted in every such licence as the Justices from time to time shall order, for securing the good behaviour of the keepers of the said houses or places of public resort or entertainment, and the prevention of drunkenness and disorder among the persons frequenting or using the same.

## আইনের মুসাবিদা।

[৯৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— আক্ট।

কলিকাতার পোলীসের বিষয়ি আইন সংগ্রহ ও সংশোধন করণের আইন।

[বিনাঅনুমতিতে সাধারণ ভোজনালয় খোলা রাখণের বিষয়ি কথা।]

১৩ ধারা। যে ঘর বা দোকান কি কামরা কিম্বা লোকদিগের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থানে আহারীয় দ্রব্য অথবা শরাব কি কোন প্রকার জলপানেয় দ্রব্য বিক্রয় হয় বা খরচ হয় (ঐ আহারীয় দ্রব্যপ্রভৃতি সেখানে ন্যস্ত হউক অথবা খুচরা বিক্রয় হউক কি স্থানান্তরহইতে আনা যাউক) এইমত ঘরপ্রভৃতি যে কোন ব্যক্তি দুই জন জুষ্টিস অফ দি পীস সাহেবের দস্তখৎকরা পাট্টা না পাইয়া রাখে অথবা খোলে সেই ব্যক্তি উক্ত কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে দোষী হইলে যে প্রত্যেক দিবস ঐ বিনানুমতির ঘর অথবা সকল লোকের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থান খোলা থাকে সেই প্রত্যেক দিনের জন্যে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[দুই জন জুষ্টিস অফ দি পীস সাহেব পাট্টা দিতে পারিবার কথা।]

৩ ধারা। যদি কোন ব্যক্তিকে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আনা যায় এবং তাহার নামে এই নালিশ হয় যে যে কোন দ্রব্য চুরীহওন বা বেআইনীমতে প্রাপ্ত হওনের বিষয়ে যথার্থ শোবে হইতে পারে এমত দ্রব্য তাহার দখলে আছে অথবা তাহার জ্ঞাতসারে তাহার বাটীর মধ্যে আছে কি সেই ব্যক্তি কোন প্রকারে তাহা স্থানান্তর করিয়াছে এবং সেই ব্যক্তি যেরূপে ঐ দ্রব্য পাইল তাহা ঐ জুষ্টিস সাহেবের খাতিরজমামতে কহিতে না পারে তবে সেই ব্যক্তি "মিসডিমীনর" অপরাধের দোষী জ্ঞান হইবেক এবং ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা উক্ত জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে সম্পূর্ণ তিন মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের যোগ্য হইবেক ইতি।

Persons in whose possession stolen goods are found to be examined, &c.

IV. When any person shall be brought before a Justice of the Peace charged with having in his possession, or in his premises with his knowledge, or with conveying, anything stolen or unlawfully obtained, and

[যাহারদের দখলে চোরা মাল পাওয়া যায় তাহারদের তজবীজপ্রভৃতি করিবার কথা।]

৪ ধারা। যখন কোন ব্যক্তিকে কোন জুষ্টিস সাহেবের সম্মুখে আনা যায় এবং তাহার নামে এই নালিশ হয় যে চোরা বা বেআইনীমতে প্রাপ্ত কোন জিনিস তাহার দখলে আছে অথবা তাহার জ্ঞাতসারে তাহার বাটীতে আছে কি তাহার দ্বারা স্থানান্তর করা গিয়াছে

shall declare that he received the same from some other person, or that he was employed as a carrier, agent, or servant to convey the same for some other person, such Justice shall cause every such person, and also if necessary every former or pretended purchaser, or other person through whose possession the same shall have passed, to be brought before him and examined, and shall examine witnesses upon oath touching the same, and if it shall appear to such Justice that any person shall have had possession of such thing, and had reasonable cause to believe the same to have been stolen or unlawfully obtained, such person shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to a penalty not exceeding one hundred rupees, or, in the discretion of the Justice, may be imprisoned, with or without hard labour, for any time not exceeding three Calendar months. Every such person shall be deemed to have had possession of such thing at the time and place when and where the same shall have been found or seized, and the possession of a carrier, agent, or servant shall be deemed to be the possession of the person who shall have employed such carrier, agent, or servant to keep or convey the same.

এবং সেই ব্যক্তি কহে যে আমি তাহা অন্য কোন ব্যক্তির স্থানে পাইলাম অথবা অন্য কোন ব্যক্তির জন্যে তাহা বহিতে আমি মুটিয়া অথবা মোখ্তার কি চাকরস্বরূপ নিযুক্ত হইয়াছিলাম তখন ঐ জুষ্টিস সাহেব ঐরূপ প্রত্যেক ব্যক্তিকে এবং আবশ্যক হইলে ঐ দ্রব্যের সাবেক প্রত্যেক খরীদার অথবা কল্পিত খরীদারকে বা তাহার পূর্ব্বে অন্য যে কোন ব্যক্তির দখলে তাহা ছিল তাহাকে আপনার সম্মুখে আনাইবেন এবং তাহার তজবীজ করিবেন এবং সেই বিষয়েতে শপথপূর্ব্বক সাক্ষিরদের জোবানবন্দী লইবেন এবং যদি ঐ জুষ্টিস সাহেবের এইমত বোধ হয় যে সেই দ্রব্য ইহার পূর্ব্বে কোন ব্যক্তির দখলে ছিল এবং সেই দ্রব্য চুরী অথবা বেআইনীমতে প্রাপ্ত হইয়াছিল ইহা বিশ্বাস করিতে সেই ব্যক্তির উপযুক্ত কারণ ছিল তবে ঐ ব্যক্তি “ মিসডিমীনরের” অপরাধী জ্ঞান হইবেক এবং এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনায় সম্পূর্ণ তিন মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হইতে পারে। এবং যে সময়ে ও যে স্থানে ঐ দ্রব্য পাওয়া গিয়াছিল অথবা ধরা পড়িল সেই সময়ে ও স্থানে সেই দ্রব্য সেই ব্যক্তির দখলে ছিল এমত জ্ঞান হইবেক। এবং সেই জিনিস কোন মুটিয়া বা মোখ্তার কি চাকরের দখলে থাকিলে যে ব্যক্তি সেই জিনিস রাখিতে অথবা স্থানান্তর করিতে ঐ মুটিয়া বা মোখ্তার কি চাকরকে নিযুক্ত করিয়াছিল সেই ব্যক্তির দখলে সেই জিনিস ছিল এমত বোধ হইবেক ইতি।

[জিনিস চুরী বা বেআইনীমতে প্রাপ্ত হওনের শোবে হইলে জুষ্টিস সাহেব তালাশীর পরওয়ানা দিতে পারিবার কথা।]

V. If information shall be given on oath to a Justice of the Peace that there is reasonable cause for suspecting that anything stolen or unlawfully obtained is concealed or lodged in any dwelling-house, building, or other place, such Justice, by special warrant under his hand, directed to any police officer or constable, may cause such dwelling house, building, or other place to be entered and searched at any time of the day, or by night, if power for that purpose be given by such warrant, and the said Justice, if it shall appear to him necessary, may empower such police officer or constable, with such assistance as may be found necessary, (such constable having previously made known his authority,) to use force for the effecting of such entry, whether by breaking open doors or otherwise, and if upon search thereupon made any such thing shall be found, then to convey the same before a Justice, or to guard the same on the spot, until the offenders are taken before a Justice, or otherwise dispose thereof in some place of safety, and moreover to take into custody, and carry before the said Justice every person found in such house or place, who shall appear to have been privy to the deposit of any such thing, knowing or having reasonable cause to suspect the same to have been stolen or otherwise unlawfully obtained.

On suspicion of goods being stolen or unlawfully obtained, Justice may grant search-warrant.

৫ ধারা। যদি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে শপথপূর্ব্বক এমত এজহার করা যায় যে চুরী হওনা বা বেআইনীমতে প্রাপ্ত কোন দ্রব্য কোন বসতবাটী বা এমারৎ কি অন্য স্থানে লুক্কায়িত হওনের অথবা ন্যস্ত হওনের শোবে করণের উপযুক্ত কারণ আছে তবে ঐ জুষ্টিস সাহেব পোলীসের কোন আমলা অথবা বরকন্দাজকে আপনার দস্তখৎকরা এক বিশেষ ওয়ারণ্ট অর্থাৎ পরওয়ানা দিতে পারেন এবং যদি সেই ওয়ারণ্টে তালাশী লওনের ক্ষমতা দেওয়া গিয়া থাকে তবে ঐ ওয়ারণ্টক্রমে দিবাভাগে অথবা রাত্রির কোন সময়ে ঐ বসতবাটী বা এমারৎ কি অন্য স্থানে প্রবেশ করা যাইতে পারে এবং তাহার তালাশী হইতে পারে এবং ঐ জুষ্টিস সাহেবের আবশ্যক বোধ হইলে তিনি ঐ পোলীসের আমলা বা বরকন্দাজকে এই ক্ষমতা দিতে পারেন যে ঐ আমলা বা বরকন্দাজ (আপনার প্রাপ্ত ঐ ক্ষমতা জ্ঞাত করিলে পর) যে সাহায্যের প্রয়োজন বোধ হয় সেই সাহায্য লইয়া দ্বার ভাঙ্গিয়া বা প্রকারান্তরে ঐ বসতবাটীপ্রভৃতিতে বলপূর্ব্বক প্রবেশ করেন এবং যদি ঐরূপ তালাশী করণেতে ঐরূপ কোন দ্রব্য পাওয়া যায় তবে ঐ আমলা বা বরকন্দাজ তাহা কোন জুষ্টিস সাহেবের নিকটে লইয়া যাইবেন অথবা যাবৎ অপরাধিদিগকে কোন জুষ্টিস সাহেবের সম্মুখে লইয়া না যাওয়া যায় তাবৎ ঐ স্থানে তাহা চৌকী দিয়া রাখিবেন অথবা প্রকারান্তরে তাহা কোন নির্ব্বিঘ্ন স্থানে রাখিবেন। এবং আরো ঐ ঘরে অথবা স্থানে পাওয়া যে প্রত্যেক ব্যক্তির বিষয়ে এমত বোধ হয় যে ঐ ব্যক্তি ঐ দ্রব্য চুরী বা প্রকারান্তরে বেআইনীমতে প্রাপ্ত হওনের বিষয় জানিয়া কি শোবে করণের কারণ থাকিতে ঐ দ্রব্য তাহার জ্ঞাতসারে সেই খানে রাখা গিয়াছিল এমত ব্যক্তিকে গ্রেফ্তার করিবেন এবং ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে লইয়া যাইবেন ইতি।

VI. If information shall be given to any Superintendent, Deputy Superintendent, or Inspector belonging to the Calcutta Police, that there is reasonable cause for suspecting that any stolen property is concealed or lodged in any dwelling-house or other place, and the said Superintendent, Deputy Superintendent, or Inspector shall have good grounds for believing that, by reason of the delay in obtaining a search-warrant, the property is likely to be removed, the said Superintendent, Deputy Superintendent, or Inspector, in virtue of his office, may search for specific articles alleged to have been stolen in the houses and places specified; provided always that a list of the articles stolen or missing be delivered and taken down in writing, with a declaration stating that the robbery has been committed, and that the informant has good ground to believe that the property is deposited in such house or place; and provided further that the person who lost the goods, or his representative, accompany the officer in the search.

Power to search houses for stolen property without a warrant in certain cases.

VII. All persons charged with the commission of any of the offences specified in Acts XXI. of 1839 and III. of 1842, may be tried by any Justice of the Peace for the said Town, provided the value of the property which the prisoner is charged with having stolen does not, according to the belief of such Justice, exceed fifty rupees, anything in the said Acts to the contrary notwithstanding; and all the powers by Act XXI. of 1839 (except Section VIII. aforesaid) and Act III. of 1842, given or reserved to any such Justice for the trial, conviction, and sentence of parties charged with having stolen property not exceeding twenty rupees in value, and all the provisions of the said Acts (except as aforesaid) shall extend and be applicable to the trial, conviction, and sentence of parties charged with having stolen property, not exceeding, according to the belief of the Justice, fifty rupees in value.

Extension of Act XXI. of 1839 and III. of 1842, to cases in which property stolen does not exceed 50 rupees in value.

VIII. Every person charged with the offence of feloniously receiving goods or money, knowing the same to be stolen, may be tried by any Justice of the Peace, provided that the value of the property stolen or received does not, according to the belief of the Justice, exceed fifty rupees, and every such person, on conviction of any such offence, shall be liable, at the discretion of the Justice, to be imprisoned, with or without hard la-

Extension of Act XXI. of 1839 and III. of 1842, to the offence of receiving stolen property when the value of the property does not exceed fifty rupees.

[কোন২ গতিকে পরওয়ানাবিনা চোরা মালের জন্যে ঘর তালাশীর ক্ষমতার কথা।]

৬ ধারা। যদি কলিকাতার পোলীসের কোন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কিম্বা ইনস্পেক্টরকে এমত সম্বাদ দেওয়া যায় যে কোন চোরা মাল কোন বসতবাটী বা অন্য স্থানে লুক্কায়িত অথবা ন্যস্ত হওনের বিষয়ে শোবে করণের উপযুক্ত কারণ আছে এবং যদি উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনসেপকটরের ইহা বিশ্বাস করণের উপযুক্ত কারণ থাকে যে তালাশী পরওয়ানা আনাইতে যে বিলম্ব হইবেক তৎপ্রযুক্ত ঐ মাল সরাওণের সম্ভাবনা আছে তবে উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বা ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনসেপকটর আপনার পদের ক্ষমতাক্রমে যে বিশেষ মাল চুরী হইয়াছে কথিত হয় তজ্জন্যে নির্দ্দিষ্ট বাটী ও স্থান তালাশী করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যে জিনিস চুরী হইয়াছে বা হারাণ গিয়াছে তাহার এক তালিকা দিতে হইবেক এবং তাহা লিখিতে হইবেক এবং এমত এজহার করিতে হইবেক যে এক চুরী হইয়াছে এবং সম্বাদদেওনিয়ার ইহা বিশ্বাস করণের উপযুক্ত কারণ আছে যে ঐ দ্রব্য অমুক ঘরে কি অমুক স্থানে ন্যস্ত হইয়াছে। এবং আরো জানা কর্ত্তব্য যে যে ব্যক্তির জিনিস হারাণ গিয়াছে সেই ব্যক্তি অথবা তাহার প্রতিনিধি তালাশীর সময়ে ঐ সুপরিণ্টেণ্ডেণ্টপ্রভৃতির সঙ্গে যাইবেক ইতি।

[যে২ গতিকে চোরা সম্পত্তি পঞ্চাশ টাকার অনধিক মূল্যের হয় সেই২ গতিকে ১৮৩৯ সালের ২১ আইন এবং ১৮৪২ সালের ৩ আইন খাটিবার কথা।]

৭ ধারা। ১৮৩৯ সালের ২১ আইন এবং ১৮৪২ সালের ৩ আইনের নির্দ্দিষ্ট কোন অপরাধ করণের বিষয়ে যে সকল ব্যক্তির নামে নালিশ হয় যে সম্পত্তি চুরী করণের বিষয়ে আসামীর নামে নালিশ হয় তাহার মূল্য যদি শহর কলিকাতার কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের বোধে পঞ্চাশ টাকার অধিক না হয় তবে সেই সকল ব্যক্তির ঐ শহরের কোন জুষ্টিস সাহেবের দ্বারা বিচার হইতে পারে এবং উক্ত দুই আইনে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না। এবং কুড়ি টাকার অনূর্দ্ধ মূল্যের সম্পত্তি চুরী করণের বিষয়ে যাহারদের নামে নালিশ হয় তাহারদের বিচার ও দোষী করণার্থ ও দণ্ড দেওনার্থে ১৮৩৯ সালের ২১ আইনের (পূর্ব্বোক্ত ৮ ধারা বর্জ্জিত) এবং ১৮৪২ সালের ৩ আইনের যে সকল ক্ষমতা উক্ত কোন জুষ্টিস সাহেবকে দেওয়া গিয়াছিল বা নিরূপণ হইয়াছিল সেই সকল ক্ষমতা এবং উক্ত দুই আইনের (পূর্ব্বোক্ত বিষয় বর্জ্জিত) সকল বিধি জুষ্টিস সাহেবের বিবেচনায় পঞ্চাশ টাকা মূল্যের অনধিক সম্পত্তি চুরী করণের বিষয়ে যাহাদের নামে নালিশ হইয়াছে তাহারদিগের বিচার ও দোষী ও দণ্ড করণের বিষয়ে বিস্তার হইবেক ও খাটিবেক ইতি।

[চোরা মালের মূল্য পঞ্চাশ টাকার অধিক না হইলে ঐ চোরা মাল লওনের অপরাধের বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইন এবং ১৮৪২ সালের ৩ আইন খাটাইবার কথা।]

৮ ধারা। জিনিস অথবা টাকা চোরা জানিয়া ফেলোনিরূপে গ্রহণ করণের অপরাধের বিষয়ে যে কোন ব্যক্তির নামে নালিশ হয় যদ্যপি চোরা অথবা গ্রহণ হওয়া সম্পত্তির মূল্য জুষ্টিস সাহেবের বিবেচনায় পঞ্চাশ টাকার অধিক না হয় তবে সেই ব্যক্তির কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা বিচার হইতে পারে। এবং ঐ প্রকার যে প্রত্যেক ব্যক্তির সেই অপরাধ সাব্যস্ত হয় সেই ব্যক্তি জুষ্টিস সাহেবের বিবেচনায় সম্পূর্ণ ছয় মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত কঠিন পরিশ্রমবিশিষ্ট বা

bour, for any term not exceeding six Calendar months; and all the powers and provisions of Act III. of 1842 and Act XXI. of 1839, except Section VIII. aforesaid, shall apply, so far as they may be applicable, to the trial, conviction, and sentence of any person charged under this Section with the offence of feloniously receiving goods or money knowing the same to be stolen; provided always, that if it shall appear to the said Justice that such person has been previously convicted of, or is in the habit of receiving, stolen goods, knowing the same to be stolen, the said Justice shall commit such person for trial before the Supreme Court of Judicature.

Summary conviction of persons accessory to the commission of certain felonies.

IX. Every person who is accessory, before or after the fact, to any felony which is punishable on summary conviction before any Justice is liable to be tried and convicted summarily before such Justice on his own confession or the oath of one or more credible witnesses, and the convicting Justice shall have power to sentence any such accessory to imprisonment, with or without hard labour, for any time not exceeding six Calendar months, or in his or their discretion, instead of trying him, to commit him for trial to the Supreme Court of Judicature, or other Court having authority to try him.

Punishment for boys.

X. Whenever any boy, under the age of sixteen years, is convicted before a Justice of the Peace, either of simple larceny under the said Act XXI. of 1839, or, under this Act, of feloniously receiving goods or money knowing the same to be stolen, or of being an accessory to any felony which is punishable on summary conviction before any Justice, the said Justice, if he thinks fit, may sentence him to receive corporal punishment not exceeding fifteen stripes of a light ratan, instead of sentencing him to imprisonment.

Cases of assault, forcible entry, or other injury not being felony.

XI. Any person who shall commit any assault, forcible entry, or other injury accompanied with force, not being felony, within the said Town, against the person or property of any person whatsoever, shall be liable, on conviction thereof before a Justice of the Peace, to a fine not exceeding one hundred rupees, and the said Justice may award the whole or any part of such fine to the party or parties aggrieved, by way of satisfaction for such injury, or, in the discretion of such Justice, such person shall be imprisoned, with or without hard labour, for any time not exceeding four Calendar months.

[*Government Gazette*, 16th *March*, 1852.]

তাহা বিনা কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং জিনিস বা টাকা চোরা জানিয়া তাহা ফেলোনিরূপে গ্রহণ করণের অপরাধে এই ধারাক্রমে যাহার নামে নালিশ হয় তাহার বিচার ও দোষীকৃত করণের ও দণ্ড দেওনের বিষয়ে ১৮৪২ সালের ৩ আইন এবং (পূর্ব্বোক্ত ৮ ধারা বর্জ্জিত) ১৮৩৯ সালের ২১ আইনের সকল ক্ষমতা ও বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ জুষ্টিস সাহেবের যদি এই মত বোধ হয় যে ঐ ব্যক্তি দ্রব্য চোরা জানিয়া তাহা গ্রহণ করণের অপরাধে ইহার পূর্ব্বে দোষীকৃত হইয়াছিল অথবা ঐ ব্যক্তির এরূপ চোরা দ্রব্য লওনের ব্যবহার আছে তবে জুষ্টিস সাহেব ঐ ব্যক্তিকে সুপ্রিম কোর্টে বিচার হওনার্থে সোপর্দ্দ করিবেন ইতি।

[কোনং ফেলোনির অপরাধ করণের সহকারি ব্যক্তিরদের সরাসরীরূপে দোষীকৃত করণের কথা।]

৯ ধারা। যে ফেলোনি কোন জুষ্টিস সাহেব বা সাহেবদিগের সম্মুখে সরাসরীমতে সাব্যস্ত হইলে দণ্ডনীয় হয় এমত ফেলোনির কর্ম্ম হওনের পূর্ব্বে বা পরে যে কোন ব্যক্তি সহকারী ছিল সেই ব্যক্তি আপনার কবুলক্রমে অথবা এক কি ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিদিগের শপথক্রমে ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে সরাসরীমতে বিচার ও দোষীকৃত হওনের যোগ্য হইবেক এবং দোষ সাব্যস্তকরণিয়া জুষ্টিস সাহেব এমত সহকারি কোন ব্যক্তিকে সম্পূর্ণ ছয় মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের দণ্ডের হুকুম করিতে পারেন অথবা আপনার বিবেচনামতে অপরাধির বিচার স্বয়ং না করিয়া সুপ্রিম কোর্টে অথবা তাহার বিচার করিতে অন্য যে কোন আদালতের ক্ষমতা থাকে সেই আদালতে তাহাকে বিচারার্থে সোপর্দ্দ করিতে পারেন ইতি।

[বালকদিগের দণ্ডের কথা।]

১০ ধারা। ষোল বৎসরের কমবয়স্ক কোন বালকের যখন ১৮৩৯ সালের উক্ত ২১ আইনানুসারে পাতি চরীর অপরাধের বিষয়ে অথবা এই আইনক্রমে জিনিস বা দ্রব্য চোরা জানিয়া তাহা ফেলোনিরূপে গ্রহণ করণের বিষয়ে অথবা যে ফেলোনি জুষ্টিস সাহেবদিগের সম্মুখে সরাসরীমতে সাব্যস্ত হইলে দণ্ডনীয় হয় এইমত ফেলোনির বিষয়ে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে দোষীকৃত হয় তখন ঐ জুষ্টিস সাহেব উপযুক্ত বোধ করিলে কয়েদের হুকুম না দিয়া লঘু বেত্রের পনের আঘাতের অনধিক শারীরিক শাস্তি দিতে হুকুম করিতে পারেন ইতি।

[যে মারিপীট বা বলপূর্ব্বক প্রবেশ বা অন্য যে ক্ষতি ফেলোনি না হয় তাহার মোকদ্দমার কথা।]

১১ ধারা। যে কোন ব্যক্তি উক্ত শহরের মধ্যে কোন মারিপীট করে অথবা বলপূর্ব্বক প্রবেশ করে কি বলপূর্ব্বক কোন ব্যক্তির বা কোন ব্যক্তির সম্পত্তির অন্য কোন ক্ষতি করে এবং তাহা ফেলোনির অপরাধ না হয় সেই ব্যক্তির দোষ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ জুষ্টিস সাহেব যে ব্যক্তি বা ব্যক্তিরা ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহারদিগের ঐ ক্ষতি পূরণার্থে ঐ জরীমানা সমুদয় বা তাহার কতক অংশ তাহারদিগকে দিতে হুকুম করিতে পারেন অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে ঐ ব্যক্তি সম্পূর্ণ চারি মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

Persons charged with recent assault may be apprehended by Police without warrant, though assault not committed in view of Police.

XII. Any Deputy Superintendent or Inspector of Police may take into custody, or authorize a Constable to take into custody, without warrant, any person who within the said Town shall be charged by any other person with committing an aggravated assault, in every case in which such Deputy Superintendent or Inspector of Police shall have good reason to believe that such assault has been committed, although not within view of such Deputy Superintendent or Inspector, and that by reason of the recent commission of the offence, a warrant could not have been obtained for the appearance of the offender.

Unlawfully taking or enticing away married women or female children under the age of sixteen.

XIII. If complaint shall be made before any Justice that any person within the said Town has unlawfully taken or caused to be taken away, against her will, any woman, or has unlawfully taken or caused to be taken or enticed away any female child under the age of sixteen years, out of the possession or protection and against the will of the husband, father, mother, guardian or other person who has the lawful order, keeping, education, or government of such child, for the purpose of living in adultery with such woman or child, or for purposes of prostitution, or of deflowering or disposing of her in marriage, it shall be lawful for the said Justice to make an order for the immediate restoration of such woman to her liberty, or of such female child to her husband, father, mother, guardian, or such other person as aforesaid, as the case may be, and to compel compliance with such order, and, if it be necessary to use force for that purpose, any Deputy Superintendent or Inspector of Police, duly authorized by the Justice in that behalf, with such assistants as he may deem necessary, may break open doors or otherwise compel compliance with the same, and the said Justice may commit any person charged with taking, or causing to be taken, or enticing any woman or female child as aforesaid, for any of the purposes aforesaid, for trial before the Supreme Court of Judicature.

Keeping open houses of public entertainment without licence.

XIV. Any person who shall have or keep any house, shop, room, or place of public resort and entertainment within the said Town, wherein provisions, liquors, or refreshments of any kind shall be sold or consumed, (whether the same shall be kept or retailed therein or procured elsewhere,) without a licence for the same being first had and obtained from and under the hand of two Justices of the Peace, shall be liable, on conviction thereof before any of the said Justices, to a penalty not exceeding one hundred

[সম্প্রতি মারিপীট করণের অপবাদিত ব্যক্তি ঐ মারিপীট পোলীসের সাক্ষাৎ না হইলেও পোলীসের দ্বারা ওয়ারণ্ট বিনা গ্রেক্তার হইতে পারিবার কথা।]

১২ ধারা। যদি উক্ত শহরের মধ্যে কোন ব্যক্তি অন্য ব্যক্তির নামে এই নালিশ করে যে ঐ ব্যক্তি অতি ঘোরতর মারিপীট করিয়াছে এবং যদি ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট অথবা পোলীসের ইনস্পেক্টর ইহা বিশ্বাস করণের উপযুক্ত কারণ দেখেন যে ঐ ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট কিম্বা পোলীসের ইনস্পেক্টরের সম্মুখে যদ্যপি সেই মারিপীট না হইয়া থাকে তথাপি ঐ প্রকার মারিপীট নিতান্ত হইয়াছে এবং অপরাধ অল্প কাল পূর্ব্বে হওয়াপ্রযুক্ত অপরাধিকে হাজির করাইবার জন্যে ওয়ারণ্ট পাওয়া যাইতে পারিল না তবে সেই ব্যক্তিকে কোন ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট অথবা পোলীসের ইনস্পেক্টর ওয়ারণ্ট বিনা গ্রেক্তার করিতে পারেন অথবা তাহাকে গ্রেক্তার করিতে কোন বরকন্দাজকে হুকুম দিতে পারেন ইতি।

[বিবাহিতা স্ত্রী অথবা ষোল বৎসরের কমবয়স্কা বালিকাকে বেআইনীমতে লওন বা ফুসলিয়া লওনের কথা।]

১৩ ধারা। যদি কোন জুষ্টিস সাহেবের নিকটে এই নালিশ হয় যে ঐ শহরনিবাসি কোন ব্যক্তি কোন স্ত্রীর ইচ্ছার বিপরীতে তাহাকে বেআইনীমতে আপনি লইয়াছে বা অন্যের দ্বারা লইয়াছে অথবা ষোল বৎসরের কমবয়স্কা কোন বালিকার স্বামী বা পিতা কি মাতা কিম্বা সংসারাধ্যক্ষ বা অন্য যে কোন ব্যক্তির প্রতি ঐ বালিকার আইনমতে কায়দার বা রাখণের কি বিদ্যা শিখাওনের বা শাসনের ভার থাকে সেই ব্যক্তির ইচ্ছার বিপরীতে ঐ বালিকাকে বেআইনীমতে ঐ স্বামিপ্রভৃতির দখল বা আশ্রয়হইতে আপনি লইয়াছে বা অন্যের দ্বারা লইয়াছে বা ফুসলিয়া লইয়াছে এবং ঐ স্ত্রী কিম্বা বালিকার সঙ্গে ব্যভিচার করণের জন্যে অথবা বেশ্যা করিবার অভিপ্রায়ে কি কুমারীত্ব নাশ করণের জন্যে কিম্বা তাহার বিবাহ দেওনের জন্যে ঐরূপ কর্ম্ম করিয়াছে তবে ঐ জুষ্টিস সাহেব এইমত হুকুম দিতে পারেন যে ঐ স্ত্রীকে তৎক্ষণাৎ মুক্ত করা যায় অথবা ঐ বালিকাকে আপনার স্বামী বা পিতা কি মাতা বা সংসারাধ্যক্ষ কি বিষয়বিশেষে পূর্ব্বোক্ত অন্য কোন ব্যক্তিকে ফিরিয়া দেওয়া যায় এবং বলপূর্ব্বক সেই হুকুম জারী করিতে পারেন এবং তজ্জন্যে যদি কোন জোর করণের আবশ্যক হয় তবে কোন ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট অথবা পোলীসের ইনস্পেক্টর জুষ্টিস সাহেবের স্থানে রীতিমত ক্ষমতা পাইয়া যেং সহকারি ব্যক্তির আবশ্যক হয় তাহাকে সঙ্গে লইয়া দ্বার ভাঙ্গিতে পারেন অথবা প্রকারান্তরে ঐ হুকুম বলপূর্ব্বক জারী করিতে পারেন। এবং পূর্ব্বোক্ত কোন কারণের জন্যে পূর্ব্বোক্তমতে কোন স্ত্রী অথবা বালিকাকে নিজে কি অন্যের দ্বারা লওনের বা ফুসলিয়া লওনের বিষয়ে যে ব্যক্তির নামে নালিশ হয় সেই ব্যক্তিকে উক্ত জুষ্টিস সাহেব সুপ্রিম কোর্টের সম্মুখে বিচার হওনার্থে সোপর্দ্দ করিতে পারেন ইতি।

[বিনাঅনুমতিতে সাধারণ ভোজনালয় খোলা রাখণের কথা।]

১৪ ধারা। উক্ত শহরের মধ্যে যে ঘর বা দোকান কি কামরা কিম্বা লোকদিগের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থানে আহারীয় দ্রব্য অথবা শরাব কি কোন প্রকার জলপানের দ্রব্য বিক্রয় হয় বা খরচ হয় (ঐ আহারীয় দ্রব্যপ্রভৃতি সেখানে ন্যস্ত হউক অথবা খুচরা বিক্রয় হউক কি স্থানান্তরহইতে আনা যাউক) এইমত ঘরপ্রভৃতি যে কোন ব্যক্তি দুই জন জুষ্টিস অফ দি পীস সাহেবের দস্তখৎকরা পাট্টা না পাইয়া রাখে অথবা খোলে সেই ব্যক্তি উক্ত কোন জুষ্টিস সাহেবের সম্মুখে দোষী হইলে সে প্রত্যেক দিবস ঐ বিনানুমতির ঘর অথবা সকল লোকের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থান খোলা থাকে সেই

rupees for every day that such unlicensed house or place of public resort or entertainment is kept open.

*Two Justices to grant licences.*

XV. Two or more of the said Justices shall from time to time hold licensing Sessions, for the purpose of granting licences to the keepers of such houses or places of public resort and entertainment as aforesaid, and the said licences may be granted by the said Justices for any term not exceeding one year, subject to the restriction contained in Section XII. Act XI. of 1849, and upon such conditions to be inserted in every such licence as the Justices from time to time shall order, for securing the good behaviour of the keepers of the said houses or places of public resort or entertainment, and the prevention of drunkenness and disorder among the persons frequenting or using the same.

*Penalty for parties not conforming to the tenor of their licence.*

XVI. The keeper of every such house or place of public resort and entertainment, who shall wilfully offend against any condition of his licence, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding one hundred rupees for every such offence, and in the discretion of the convicting Justice, to forfeit his licence, in addition to any other penalty or punishment that shall be imposed on him.

*Disorderly conduct and illegal harbouring of deserters in houses of public entertainment.*

XVII. Every person who shall have or keep any house, shop, room, or place of public resort or entertainment within the said Town, wherein provisions, liquors, or refreshments of any kind shall be sold or consumed, (whether the same shall be kept or retailed therein or procured elsewhere,) and who shall knowingly or wilfully permit drunkenness or other disorderly behaviour in such house, shop, room, or place, or who shall knowingly suffer any unlawful games or any gaming whatsoever therein, or who shall knowingly permit prostitutes or persons of notoriously bad character to meet or remain therein, or who shall wilfully harbour or conceal any Seaman or Apprentice who shall have deserted, knowing or having reason to believe such Seaman or Apprentice so harboured or concealed to be a deserter, shall be liable to a penalty not exceeding one hundred rupees, and shall be liable to forfeiture of his licence, in addition to any other penalty or punishment that shall be imposed on him.

*Hours for sale of Spirituous liquors and intoxicating drugs.*

XVIII. Every person who shall keep open his house, shop, room, or place, for the purpose of selling or retailing spirituous or fermented liquors, or intoxicating drugs, under a licence from the Collector of Calcut-

প্রত্যেক দিনের জন্যে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[দুই জন জুষ্টিস অফ দি পীস সাহেব পাট্টা দিতে পারিবার কথা।]

১৫ ধারা। উক্ত জুষ্টিস অফ দি পীস সাহেবদিগের মধ্যে দুই অথবা ততোধিক সাহেব ঐরূপ পূর্ব্বোক্ত ঘর অথবা সকল লোকের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থান রাখণিয়াকে পাট্টা দিবার জন্যে সময়ক্রমে পাট্টার সেশন করিবেন। এবং ১৮৪৯ সালের ১১ আইনের ১২ ধারার নিষেধে দৃষ্টি রাখিয়া ঐ২ পাট্টা ঐ জুষ্টিস সাহেবদিগের দ্বারা এক বৎসরের অধিক না হয় এমত মিয়াদের জন্যে দেওয়া যাইতে পারে। এবং ঐ ঘর অথবা সকল লোকের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থান রাখণিয়া ব্যক্তিদিগের সদ্ব্যবহার করাওনের জন্যে এবং যাহারা সেই স্থানে গতায়াত করে অথবা আহার ব্যবহার করে তাহারদের মধ্যে মাতলামী ও গোলমাল নিবারণার্থে যে সকল নিয়ম ঐ জুষ্টিস সাহেবেরা সময়ক্রমে করেন সেই২ নিয়ম ঐ প্রত্যেক পাট্টার মধ্যে লেখা যাইবেক ইতি।

[পাট্টাঅনুসারে কার্য্য না করণের দণ্ডের কথা।]

১৬ ধারা। এইমত প্রত্যেক ঘর অথবা গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থান রাখণিয়া যে ব্যক্তি জানিয়া শুনিয়া আপনার পাট্টার নিয়মের বিরুদ্ধ কোন কর্ম্ম করে সেই ব্যক্তির দোষ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং দোষীকরণিয়া জুষ্টিস সাহেবের বিবেচনায় আর যে কোন জরীমানা বা দণ্ডের হুকুম হয় তদতিরিক্ত তাহার পাট্টা রদ হইবার যোগ্য হইবেক ইতি।

[সাধারণ খাওয়া দাওয়ার ঘরে শোরশরাবৎ কর্ম্ম হওনের এবং পলাতক ব্যক্তিরদিগকে বেআইনীমতে আশ্রয় দেওনের কথা।]

১৭ ধারা। উক্ত শহরের মধ্যে যে ঘর বা দোকান ও কামরা কিম্বা লোকদিগের গমনাগমন ও খাওয়া দাওয়ার স্থানে আহারীয় বস্তু অথবা শরাব কি কোন প্রকার জলপানের দ্রব্য বিক্রয় হয় বা খরচ হয় (ঐ আহারীয় দ্রব্যপ্রভৃতি সেখানে ন্যস্ত হউক অথবা খুজরা বিক্রয় হউক কি স্থানান্তরহইতে আনা যাউক) এইমত ঘরপ্রভৃতি যে প্রত্যেক ব্যক্তি রাখে সেই ব্যক্তি যদি জানিয়া শুনিয়া অথবা খামখা ঐ ঘর বা দোকান কি কামরা অথবা স্থানে কোন মাতলামী কি শোরশরাবৎ কর্ম্ম করিতে দেয় অথবা জানিয়া শুনিয়া কোন বেআইনী খেলা অথবা কোনপ্রকার জুয়া সেখানে করিতে দেয় কিম্বা জানিয়া শুনিয়া বেশ্যা অথবা নিতান্ত বদমাইশ ব্যক্তিকে সেখানে একত্র হইতে বা থাকিতে দেয় অথবা যে গোরা খালাসী অথবা আপ্রেণ্টিস পলাইয়াছে তাহাকে জানিয়া শুনিয়া আশ্রয় দেয় অথবা লুকাইয়া রাখে এবং তৎসময়ে জানে অথবা জানিতে পারে যে সেইরূপে আশ্রিত অথবা লুক্কায়িত ব্যক্তি পলাতক সেই ঘরপ্রভৃতি রাখণিয়া ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং তাহার প্রতি অন্য যে কোন জরীমানা বা দণ্ডের হুকুম হয় তাহার অতিরিক্ত তাহার পাট্টা রদ হইবার যোগ্য হইবেক ইতি।

[শরাব এবং বেহোশকারি দ্রব্য বিক্রয় করণের ঘন্টার কথা।]

১৮ ধারা। যে প্রত্যেক ব্যক্তি শরাব কি গাঁজাধরা শরাব বা বেহোশকারি দ্রব্য বিক্রয় অথবা খুজরা বিক্রয় করণের জন্যে কলিকাতার কালেক্টর সাহেবের স্থানে পাট্টা পাইয়াছে সেই ব্যক্তি যদি তজ্জন্যে আপনার ঘর বা দোকান কি কামরা বা স্থান রাত্রি ইঙ্গরেজী নয় ঘন্টার

ta, after the hour of nine at night and before the hour of six in the morning, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding twenty-five rupees, and shall also be liable, in the discretion of the said Justice, to the forfeiture of his licence.

**Introduction of Spirituous Liquors without licence into Fort William.**

XIX. If any person, not being amenable to the Articles of War, shall take or attempt to take into Fort William any quantity of spirituous liquors, wine, or intoxicating drugs of any description, without a licence from the Commanding Officer of the said Fort, or from some other person thereunto authorized, any Justice of the Peace, upon complaint to him thereof made, may issue his summons or warrant for bringing the party complained of, and also the liquors, wine, or drugs, and the vessels containing the same, before him, and in case of conviction may adjudge the said liquors, wine, or drugs and the vessels containing the same, to be forfeited, and every such person so convicted shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding fifty rupees, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any period not exceeding two Calendar months.

**Taking Spirits, &c. into the Gaol.**

XX. Every person who shall take or throw, or attempt to take or throw, into the Great Gaol or House of Correction of Calcutta, any quantity of spirituous liquors, wine, or intoxicating drugs, without the licence or consent of the Jailor or Keeper of such Gaol or House of Correction respectively, shall be liable for every such offence, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding fifty Rupees, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any period not exceeding two months.

**Breaking Gaol.**

XXI. Every person who shall have been committed to the Great Gaol or House of Correction, or who shall be in custody at any Police Office or Station, and who shall unlawfully break or escape from such Gaol, House of Correction, Police Office or Station, shall be liable for every such offence, on conviction before a Justice of the Peace, to imprisonment, with or without hard labour, for any period not exceeding three months, and such imprisonment shall commence and take effect from and after the expiration of any other sentence of imprisonment under which such person may be imprisoned at the time of committing the offence aforesaid.

**Riotous or indecent behaviour.**

XXII. Every person who shall be found drunk and incapable of taking care of himself in any street or public thoroughfare, or who shall be guilty of any riotous or in-

পর প্রাতঃকালে ইঙ্গরেজী ছয় ঘণ্টার পূর্ব্বে খোলা রাখে তবে সেই ব্যক্তির দোষ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার পঁচিশ টাকার অনধিক জরীমানা হইবেক এবং ঐ জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে সেই ব্যক্তির পাট্টা রদ হইবার যোগ্য হইবেক ইতি।

[ফোর্ট উলিয়ম কিল্লার মধ্যে বিনানুমতিতে শরাব লইয়া যাইবার কথা।]

১৯ ধারা। যে ব্যক্তি যুদ্ধবিষয়ক আইনের অধীন নহে এইমত ব্যক্তি যদি ফোর্ট উলিয়ম কিল্লার অধ্যক্ষ সাহেবের স্থানে অথবা পাট্টা দিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন সাহেবের স্থানে পাট্টা না পাইয়া কোন পরিমাণের শরাব কি ওয়াইন শরাব কিম্বা কোন প্রকার বেহোশকারি দ্রব্য ঐ কিল্লার মধ্যে লইয়া যায় কি লইয়া যাইতে উদ্যোগ করে তাহার বিষয়ে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে নালিশ হইলে ঐ জুষ্টিস সাহেব ঐ নালিশগ্রস্ত ব্যক্তিকে এবং ঐ শরাব কিম্বা ওয়াইন শরাব অথবা মাদক দ্রব্য এবং তাহা যে পাত্রে ছিল তাহা আপনার সম্মুখে আনিবার জন্যে সমন অথবা ওয়ারণ্ট দিতে পারেন এবং দোষ সাব্যস্ত হইলে ঐ শরাব বা ওয়াইন শরাব বা মাদক দ্রব্য এবং তাহা যে পাত্রে ছিল তাহা জব্দ করিবার হুকুম করিতে পারেন এবং যে প্রত্যেক ব্যক্তির দোষ এইরূপে সাব্যস্ত হয় সেই ব্যক্তি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে দোষী হইলে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনায় দুই মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

[জেলখানায় শরাবপ্রভৃতি লইয়া যাওনের কথা।]

২০ ধারা। যে প্রত্যেক ব্যক্তি জেলখানার কি হরিণবাটীর অধ্যক্ষের পাট্টা অথবা অনুমতি না পাইয়া কলিকাতার বড় জেলখানায় অথবা হরিণবাটীতে কোন পরিমাণের শরাব কি ওয়াইন শরাব বা বেহোশকারি দ্রব্য লইয়া যায় অথবা নিক্ষেপ করে বা লইয়া যাইবার বা নিক্ষেপ করিবার উদ্যোগ করে সেই ব্যক্তির দোষ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা উক্ত জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা দুই মাসের অনধিক কাল মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[জেল ভাঙ্গিয়া পলায়নের কথা।]

২১ ধারা। যে প্রত্যেক ব্যক্তি বড় জেলখানায় অথবা হরিণবাটীতে কয়েদ হইয়াছে অথবা পোলীসের কোন থানা বা আড্ডাতে আটক হইয়াছে সেই ব্যক্তি যদি বেআইনীমতে ঐ জেলখানা বা হরিণবাটী কি পোলীসের থানা বা আড্ডা ভাঙ্গিয়া পলায় সেই ব্যক্তির অপরাধ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তি তিন মাসের অনধিক কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক এবং ঐ পূর্ব্বোক্ত অপরাধ করণের সময়ে ঐ ব্যক্তি অন্য যে কোন কয়েদের হুকুমানুসারে কয়েদ ছিল তাহার মিয়াদ শেষ হওনের পর ঐ তিন মাস কয়েদ আরম্ভ হইবেক ইতি।

[দাঙ্গাহাঙ্গামা অথবা লজ্জাকর ব্যবহারের কথা।]

২২ ধারা। যে প্রত্যেক ব্যক্তিকে কোন সরকারী রাস্তা বা সর্ব্বদা গমনাগমনের স্থানে মাতওয়াল পাওয়া যায় এবং আপনাকে খবরদার করিতে অক্ষম দেখা যায় অথবা যে প্রত্যেক ব্যক্তি কোন রাস্তা বা সকলের গমনা-

decent behaviour in any street, public thoroughfare, Police Office, Station, or Section House, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding twenty rupees for every such offence, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any period not exceeding fourteen days.

[To be Continued.]

## CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 1.

*From the Officiating Secretary to the Board of Revenue Lower Provinces to the Commissioners of Revenue, for the Division of ——. Dated Fort William, the 6th February, 1852.*

In continuation of their Circular Order No. 38, dated the 28th November last, I am directed by the Board of Revenue to forward herewith, for the information and guidance of yourself and your subordinates, a copy of a Resolution recorded by the President in Council, under date the 26th December last, ruling that no fees shall in future be charged to persons in the employment of Government, for the preparation and execution of any documents connected with their appointments, which the Law Officers of the East India Company may be required to draw up.

(Signed) A. C. BIDWELL,
*Offg. Secretary.*

Board of Revenue, Lower Provinces.

RESOLUTION.

The President in Council, with a view to put a stop to the diversity of practice which has obtained in this respect, is pleased to resolve that in future persons actually in the employment of Government, whether in the Civil or Military Department, shall not be liable to any charge for the preparation and execution of any documents connected with their appointments, which the Law Officers of the East India Company may be required to draw up by the heads of the Offices or Departments in which such persons may be employed.

No. 3.

*From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ——. Dated Fort William, the 6th February, 1852.*

I am directed by the Board of Revenue to state, for the information and guidance of yourself and your subordinates, that, after communicating with the Superintendent and Remembrancer of Legal Affairs, in consequence of a reference made to them on the subject, they are of opinion that a Collector is competent to re-admit on his file a summary suit

গমনের স্থানে কি পোলীস ঘরে বা থানায় কি আড্ডায় কোন দাঙ্গা অথবা লজ্জাকর ব্যবহার করে এইমত ব্যক্তির দোষ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে কুড়ি টাকার অনধিক জরীমানার অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনায় কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা চৌদ্দ দিনের অনধিক মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

## সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ৬ ফেব্রুআরি।

সদর বোর্ড রেবিনিউর গত বৎসরের ২৮ নবেম্বর তারিখের ৩৮ নম্বরী সরকুলর অর্ডরের অনুক্রমে বোর্ডের সাহেবেরদের হুকুমক্রমে তোমার ও তোমার অধীন কর্ম্মকারকদিগের বিজ্ঞাপন ও উপদেশের জন্যে শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের গত বৎসরের ২৬ ডিসেম্বর তারিখের লিখিত এক নির্দ্ধারণের নকল তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে এই বিধান আছে যে সরকারী কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদের পদসম্পর্কে যে কোন দলীল কোম্পানি বাহাদুরের উকীলের প্রস্তুত করিতে হয় সেই দলীল প্রস্তুত ও তাহাতে দস্তখৎ করণার্থে ঐ কর্ম্মকারকদিগের উপর কাহে কোন রসুম দিতে হইবেক না।

এ সি বিডউএল।
একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

নির্দ্ধারণ।

এই বিষয়ে যে বিবিধ প্রকার ব্যবহার হইতেছে তাহা নিবারণার্থে শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে এই নির্দ্ধারণ করিয়াছেন যে সিবিল অথবা সৈন্যসম্পর্কীয় যে ব্যক্তিরা প্রকৃতপ্রস্তাবে সরকারী কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহারা যে দপ্তরে অথবা যে সিরিশ্তায় থাকেন সেই দপ্তর অথবা সিরিশ্তার অধ্যক্ষেরা তাঁহারদের পদসম্পর্কে যে কোন দলীল কোম্পানি বাহাদুরের উকীলদিগকে প্রস্তুত করিতে হুকুম দেন সেই দলীল প্রস্তুত এবং জারী করণার্থে ঐ কর্ম্মকারকদিগের উপর কোন খরচা পড়িবেক না।

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ৬ ফেব্রুআরি।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা তোমার ও তোমার অধীন কর্ম্মকারকদিগের বিজ্ঞাপনের জন্যে ইহা জ্ঞাত করিতেছেন যে সরাসরী মোকদ্দমার বিষয়ে তাঁহারদের প্রতি জিজ্ঞাসা হওয়াতে তাঁহারা আদালতসম্পর্কীয় কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া ইহা ধার্য্য করিয়াছেন যে কোন সরাসরী মোকদ্দমা নথীহইতে খারিজ হইলে পর যদি তাহা পুনর্ব্বার নথীর শামিল করণার্থে বিশিষ্ট হেতু থাকে তবে

which has been struck off from it, where good grounds exist for such an indulgence.

2nd. The power in question must, however, be sparingly exercised. Looking at the summary nature of these proceedings, it can hardly ever be proper to re-admit a case which has been struck off in consequence of default on the part of the plaintiff.

(Signed) A. C. Bidwell,
*Offg. Secretary.*

Board of Revenue, Lower Provinces.

---

No. 3.

*From the Junior Secretary to the Board of Revenue, to Officers Subordinate to the Board in the Salt Department. Fort William, the 7th February, 1852.*

I am directed by the Board of Revenue to circulate the following rules relating to the re-delivery of Salt lost by accident, or the refund of duty paid thereon, to be observed in supersession of all others on the subject now in force.

I. When Salt is accidentally lost in transit, re-delivery of an equal quantity at prime cost, or refund of duty, is only granted when the facts of the case can be ascertained to be such as to negative any suspicion of fraud or neglect on the part of the Merchant to whom the Salt belongs, or of those in his employ.

II. If Salt, when being conveyed by boat, be lost through the negligence or unskilfulness of the boat people in navigating the boat, they not being regular servants of the owner of the Salt, re-delivery or refund of duty is not on that account barred; but if it appear that the boat was unseaworthy or ill found when the Salt was put on board, or at the time of the accident, or that the boat was unnecessarily detained in transit, or that proper endeavours were not made to save the Salt after the accident occurred, re-delivery or refund will not be allowed.

III. No re-delivery or refund of duty will be granted on account of Salt lost by accident beyond the limits of the tract guarded by Chokeys, or of Salt that has once been stored in a private Golah.

IV. Information of loss of Salt by accident, or of the occurrence of an accident by which Salt may be lost, must be *immediately* given at the nearest Salt Chokey, or to the nearest Officer of the Salt department, in order that a local enquiry may be made as soon after the occurrence as possible. Any delay in giving such information, whether on the part of the owner of the Salt, or his agents or servants, or of the boatmen or other persons engaged in transporting it, will preclude the grant of re-delivery or refund of duty; and no relaxation of this rule will be allowed on the ground of alleged ignorance of it on the part of any person required thereby to give such information.

কালেক্টর সাহেব ঐ মোকদ্দমা পুনরায় আপনার নথীর শামিল করিতে পারেন।

২। এই ক্ষমতানুসারে কেবল পরিমিতরূপে কার্য্য করিতে হইবেক। এই সকল কার্য্য সরাসরীমতে হইতেছে ইহা বিবেচনা করিলে বোধ হয় যে ফরিয়াদীর কসুরপ্রযুক্ত যে মোকদ্দমা নথীহইতে বরখাস্ত হইয়াছে তাহা প্রায় কখন পুনরায় নথীর শামিল করা উচিত হইতে পারে না।

এ সি বিডউএল।
এক্টিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

---

৩ নম্বর।

নিমকী সিরিশ্তার বোর্ডের অধান কর্ম্মকারকদিগের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ৭ ফেব্রুআরি।

দৈবায়ত্ত যে লবণ নোকসান হইয়াছে তাহা পুনর্ব্বার দেওনের বিষয়ে অথবা তাহার উপর যে মাসুল দেওয়া গিয়াছে তাহা ফিরিয়া দেওনের বিষয়ে যে সকল বিধি এক্ষণে চলন আছে তাহা বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমক্রমে রদ হইল এবং তাহার পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত বিধি জ্ঞাত করিতেছি।

১। লবণ চালান সময়ে দৈবাৎ নোকসান হইলে সেই ঘটনার বিবরের যে বৃত্তান্ত নিশ্চয় করিয়া জানা যাইতে পারে তাহার দ্বারা যখন ইহা বোধ হয় যে লবণের মহাজন অথবা তাঁহার কর্ম্মে নিযুক্ত ব্যক্তিদিগের চাতুরী অথবা শৈথিল্যের কোন দোষে হইতে না পারে কেবল সেই গতিকে তত্তুল্য লবণ আসল মূল্যে পুনরায় দেওয়া যাইবেক অথবা মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক।

২। যখন লবণ নৌকার দ্বারা বহন হয় এবং নাবিকেরদের নৌকা চালাইতে অসাবধান বা অনিপুণ কার্য্য করাতে লবণ নোকসান হইয়াছে এবং ঐ নাবিকেরা লবণের মালিকের নিয়মিত চাকর নহে তখন তৎপ্রযুক্ত লবণ পুনরায় দেওন অথবা মাসুল ফিরিয়া দেওনের প্রতিবন্ধক হইবেক না। কিন্তু যদি এইমত দৃষ্ট হয় যে ঐ লবণ নৌকার বোঝাই দেওন সময়ে অথবা দৈবায়ত্ত নোকসান হওন সময়ে ঐ নৌকা জলপথে গমনের উপযুক্ত ছিল না অথবা তাহাতে উপযুক্ত সরঞ্জাম ছিল না কিম্বা গমনের সময়ে ঐ নৌকার অনাবশ্যকমতে গহরী হইয়াছিল অথবা দৈবঘটনা হওনের পর লবণ রক্ষা করণের উপযুক্ত উদ্যোগ হইল না তখন লবণ অথবা মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক না।

৩। চৌকীর দ্বারা যে প্রদেশ রক্ষিত আছে সেই প্রদেশের সরহদ্দের বাহিরে যদি লবণ দৈবাৎ নোকসান হয় অথবা যদি লবণ একবার কোন সাধারণ ব্যক্তির গোলাজাৎ হইলে পর নোকসান হয় তবে সেই লবণ পুনরায় দেওয়া যাইবেক না এবং তাহার মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক না।

৪। যদি লবণ দৈবাৎ নোকসান হইয়াছে অথবা যদ্দ্বারা লবণ নষ্ট হইতে পারে এমত কোন দৈবঘটনা যদি হয় তবে তাহার সম্বাদ তৎক্ষণাৎ এই জন্যে নিকটস্থ নিমক চৌকীর অথবা নিমকী সিরিশ্তার নিকটস্থ আমলাকে দিতে হইবেক যে দৈবঘটনা হওনের পর যথাসাধ্য শীঘ্র তদ্বিষয়ে সরেজমীনে তদারক করা যায়। যদি লবণের মালিক অথবা তাঁহার গোমাস্তা কি চাকরেরা কি নাবিকেরা কিম্বা লবণ চালাওনে নিযুক্ত অন্য ব্যক্তিরা এইমত সম্বাদ দিতে কোন বিলম্ব করে তবে লবণ পুনরায় দেওয়া যাইবেক না অথবা মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক না এবং যে ব্যক্তির সেইরূপ সম্বাদ দিতে হয় সেই ব্যক্তি যদি এই ওজর করে যে আমি ঐ বিধি অবগত ছিলাম না তথাপি তাহাতে এই বিধির অন্যথা হইবেক না।

V. On receiving information of the loss of Salt by accident, the Chokey Officer, or other Officer of the Salt department to whom the information is given, will proceed immediately to the spot to ascertain the truth of it, and will take down in writing the statements of the boat-people and of such of the residents in the neighbourhood as may have knowledge of any circumstances connected with the occurrence. These statements, together with a record of the result of his own observation, will be forwarded by the Chokey Officer to the Superintendent of Salt Chokeys, or Salt Agent, to whom he is subordinate. Chokey Officers are also required to assist, to the utmost of their power, in preventing Salt from being lost.

VI. All claims to re-delivery or refund of duty on account of Salt accidentally lost must be made to the Board of Revenue, either direct, or through the Superintendent of Salt Chokeys, or Salt Agent, in whose jurisdiction the accident occurs. No claim will be received unless preferred within three months from the date of the accident.

VII. No application for re-delivery or refund of duty will be received unless made either by the owner of the Salt in person or by a duly constituted Mokhtar, and in the latter case a written authority executed on stamp paper and attested before a competent Officer, must be presented with the application.

CECIL BEADON,
*Junior Secretary.*
Board of Revenue, Lower Provinces.

No. 4.

*From the Junior Secretary to the Board of Revenue, to Officers Subordinate to the Board in the Salt Department. Fort William, the 24th February, 1852.*

The Board of Revenue are of opinion that Officers of the Salt Department, having judicial powers, and investigating cases cognizable by them under Section XCVI. Regulation X. of 1819, must be held to adjudicate such cases, even though, by reason of the amount of fine to be imposed, or the quantity of Salt to be confiscated, they are not competent to pass a final order.

2. It follows that, under Section XXV. Act No. XXIX. of 1838, no Officer investigating such cases can receive any part of the rewards that may be eventually decreed, or otherwise benefit by the adjudication.

3. The Circular Order of the late Board of Customs, Salt and Opium No. 741, dated the 14th August, 1840, is hereby superseded.

CECIL BEADON,
*Junior Secretary.*
Board of Revenue, Lower Provinces.

No. 5.

*From the Junior Secretary to the Board of Revenue, to the Officers Subordinate to the Board in the Salt Department. Fort William, the 26th February, 1852.*

It has been supposed that Section CX., Regula-

৫। নিমক চৌকীর আমলা অথবা নিমকী সিরিশতার অন্য যে কর্ম্মকারককে সম্বাদ দেওয়া যায় তিনি দৈবাৎ লবণের নোকসানের সম্বাদ পাইলে তাহার যথার্থ নিশ্চয় করণার্থে তৎক্ষণাৎ সরেজমীনে যাইবেন এবং নাবিকেরদের এবং সেই অঞ্চল নিবাসি যাঁহারা ঐ দৈবঘটনার বিষয়ি বৃত্তান্ত অবগত আছেন তাঁহারদের এজহার লইবেন ও লিখিবেন। এই সকল এজহার এবং তিনি নিজে যাহা দেখিলেন তাহার বৃত্তান্ত ঐ চৌকীর আমলা নিমক চৌকীর যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা নিমকীর যে এজেণ্ট সাহেবের অধীনে কার্য্য করেন তাঁহার নিকটে পাঠাইবেন। এবং চৌকীর আমলারদের প্রতি হুকুম আছে যে লবণ নোকসান না হইবার জন্যে তাঁহারা যথাসাধ্য সাহায্য করেন।

৬। দৈবঘটনাপ্রযুক্ত যে লবণ নোকসান হয় তাহা পুনরায় পাইবার কি মাসুল ফিরিয়া পাইবার সকল দাওয়া একেবারে সদর বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে করিতে হইবেক কিম্বা নিমক চৌকীর যে সুপরিন্টেণ্ডেণ্ট অথবা নিমকের যে এজেণ্ট সাহেবের এলাকার মধ্যে দৈবঘটনা হইল তাঁহার দ্বারা করিতে হইবেক। দৈবঘটনা হওনের পর তিন মাসের মধ্যে যদি দাওয়া না করা যায় তবে তাহা গ্রাহ্য হইবেক না।

৭। লবণ পুনরায় পাইবার কি মাসুল ফিরিয়া পাইবার দরখাস্ত যদি লবণের মালিকের নিজের দ্বারা অথবা তাঁহার রীতিমত নিযুক্ত মোখ্তারের দ্বারা না করা যায় তবে তাহা গ্রাহ্য হইবেক না। মোখ্তারের দ্বারা হইলে দরখাস্তের সঙ্গে ইষ্টাম্প কাগজে লিখিত এবং উপযুক্ত কর্ম্মকারকের দ্বারা দস্তখৎ হওয়া এক মোখ্তারনামা দাখিল করিতে হইবেক।

সি বীডন।
ছোট সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

৪ নম্বর।

নিমকী সিরিশতার বোর্ডের অধীন কর্ম্মকারকদিগের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ২৪ ফেব্রুআরি।

বোর্ড রেবিনিউর সাহেবদিগের এইমত বোধ আছে যে নিমকী সিরিশতার যে কর্ম্মকারকেরা মোকদ্দমা বিচার করণের ক্ষমতা পাইয়া ১৮১৯ সালের ১০ আইনের ৯৬ ধারার দ্বারা তাঁহারদের বিচার্য্য মোকদ্দমা তজবীজ করেন তাঁহারা যদ্যপিও যে জরীমানা করিতে হয় তাহার সংখ্যাপ্রযুক্ত অথবা যে লবণ জব্দ করিতে হয় তাহার পরিমাণপ্রযুক্ত চূড়ান্ত হুকুম দিতে অক্ষম তথাপি তাঁহারা সেই২ মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন এমত জ্ঞান করিতে হইবেক।

২। ইহাতে এই ফল হয় যে ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে যে কর্ম্মকারক এইরূপ মোকদ্দমার বিচার করেন তিনি পরিশেষে ডিক্রীহওয়া পুরস্কারের কোন অংশ পাইতে পারেন না অথবা প্রকারান্তরে নিষ্পত্তির দ্বারা কোন উপকার পাইতে পারেন না।

৩। সাবেক তাসিল ও নিমক ও আফিমের বোর্ডের সাহেবেরদের ১৮৪০ সালের ১৪ আগষ্ট তারিখের ৭৪১ নম্বরী সরকুলর অডর রদ হইল।

সি বীডন।
ছোট সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

৫ নম্বর।

নিমকী সিরিশতার বোর্ডের অধীন কর্ম্মকারকদিগের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ২৬ ফেব্রুআরি।

এমত বোধ হইয়াছে যে ১৮১৯ সালের ১০ আইনের

tion X. of 1819 is superseded by Section XV., Act No. XXIX. of 1838, and that consequently persons convicted of smuggling Salt without Rowannah may be imprisoned in commutation of fine for any period not exceeding six months, without reference to the amount of the fine imposed.

2. This view is held by the Board of Revenue to be erroneous. The only part of Regulation X. of 1819, in modification of which Section XV., Act No. XXIX. of 1838 was enacted, is Section CXXI. Both these Sections relate to the *place* of confinement, and to nothing else. Under the law of 1819, persons imprisoned in default of paying fines were confined in the Dewanny Jail. Under the law of 1838, they are to be confined in the Foujdary Jail.

3. Section CX., Regulation X. of 1819 still remains in full force. The general terms used at the close of Section XV., Act No. XXIX. of 1838, only mark the limit, already prescribed by the Regulation, beyond which imprisonment in commutation of fine is not permitted. They do not give the adjudicating Officer power to imprison for the full period of six months in commutation of a fine, however small.

C. Beadon,
*Junior Secretary.*

Board of Revenue, Lower Provinces.

১১০ ধারা ১৮৩৮ সালের ২৯ আইনের ১৫ ধারার দ্বারা রদ হইয়াছে এবং এইপ্রযুক্ত যাহারা রওয়ানা বিনা ঘাট মারিয়া লবণ লইয়া যাওনের দোষে দোষীকৃত হয় তাহারদিগের যে জরীমানা হয় সেই জরীমানার সংখ্যা যত হউক তাহার পরিবর্ত্তে ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইতে পারে।

২। বোর্ড রেবিনিউর সাহেবেরা বোধ করিয়াছেন যে আইনের এই প্রকার অর্থ ভুল। ১৮১৯ সালের ১০ আইনের যে ভাগমাত্র ১৮৩৮ সালের ২৯ আইনের ১৫ ধারার দ্বারা মতান্তর হইয়াছিল তাহা ১২১ ধারা। কিন্তু এই উভয় ধারা কেবল কয়েদের স্থানের সঙ্গে সম্পর্ক রাখে আর কোন বিষয়ের সঙ্গে সম্পর্ক রাখে না। ১৮১৯ সালের ১০ আইনক্রমে যাহারা জরীমানা না দেওয়াপ্রযুক্ত কয়েদ হইল তাহারা দেওয়ানী জেলখানায় কয়েদ হইত। ১৮৩৮ সালের ২৯ আইনানুসারে তাহারা ফৌজদারী জেলখানায় কয়েদ হইবেক।

৩। ১৮১৯ সালের ১০ আইনের ১১০ ধারা অদ্যাপি বলবৎ আছে। ১৮৩৮ সালের ২৯ আইনের ১৫ ধারার শেষে যে সাধারণ কথা আছে তাহার দ্বারা যে সীমার অতিরিক্ত জরীমানার পরিবর্ত্তে আইনের দ্বারা কয়েদ হইতে পারে না সেই সীমামাত্র নির্দ্দিষ্ট আছে। ঐ ধারার দ্বারা মোকদ্দমার নিষ্পত্তিকারি কর্ম্মকারককে এইমত ক্ষমতা দেওয়া যায় নাই যে জরীমানা অত্যল্প হইলেও তাহার পরিবর্ত্তে সম্পূর্ণ ছয় মাস মিয়াদে কয়েদ করেন।

সি বীডন।
ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

John C. Marshman, *Bengalee Translator.*

---

## CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 3.

*To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.*

In continuation of their Circular Order No. 35, of the 24th November last, the Court, under the Orders of Government No. 106 of the 14th Instant, publish for general information, the subjoined Resolution of the Government of India in the Home Department.

(Signed) B. J. Colvin,
*Register.*

Fort William, the 23rd January, 1852.

(Copy.)

*Resolution.*

The President in Council, with a view to put a stop to the diversity of practice which has obtained in this respect, is pleased to resolve that, in future, persons actually in the employment of Government, whether in the Civil or Military Department shall not be liable to any charge for the preparation and execution of any documents connected with their appointments which the Law Officers of the East India Company may be required to draw up by the heads of the Offices or departments in which such persons may be employed.

(True Copy.)

R. Stuart,
*Asst. Register.*

## সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

গত বৎসরের ১৪ নবেম্বর তারিখের ৩৫ নম্বরী সরকুলর অর্ডরের অনুক্রমে সদর ও নিজামৎ আদালত বর্ত্তমান মাসের ১৪ তারিখের ১০৬ নম্বরী গবর্ণমেণ্টের হুকুমক্রমে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত নির্দ্ধারণ সকলের বিজ্ঞাপনের জন্য প্রকাশ করিতেছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ২৩ জানুআরি।

(নকল।)

নির্দ্ধারণ।

এই বিষয়ে যে বিবিধ প্রকার ব্যবহার হইতেছে তাহা নিবারণার্থে শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব হুজুর কৌন্সেলে এই নির্দ্ধারণ করিয়াছেন যে সিবিল অথবা সৈন্যসম্পর্কীয় যে ব্যক্তিরা প্রকৃতপ্রস্তাবে সরকারী কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহারদের পদসম্পর্কে যে কোন দলীল তাঁহারা যে দফ্তরে অথবা যে সিরিশ্তায় নিযুক্ত থাকেন সেই দফ্তর অথবা সিরিশ্তার অধ্যক্ষেরা কোম্পানি বাহাদুরের উকীলদিগকে প্রস্তুত করিতে হুকুম দেন সেই দলীল প্রস্তুত এবং জারী করণার্থে ঐ কর্ম্মকারকদিগের উপর কোন খরচা পড়িবেক না।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৬ মার্চ।]

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### LEAVES OF ABSENCE.

*The 2nd March*, 1852.

Hamidul Huq, Moonsiff of Mohumudpore, East Burdwan, for ten days, from the 20th ultimo.

Moulvee Noorul Hossein, Moonsiff of Bishenpore, West Burdwan, for the 6th instant.

*The 3rd March*, 1852.

Moonshee Rumeezoodeen, Moonsiff of Cusba Noornuggur, Zillah Tipperah, from the 8th to the 13th instant.

Srikunt Sing, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, for 3 days, from the 6th instant.

*The 5th March*, 1852.

Moonshee Wujeeodeen Mohumud, Moonsiff of Kytha, Zillah Beerbhoom, for three days from the 6th instant.

*The 9th March*, 1852.

Hamidul Huq, Moonsiff of Mohumudpore, Zillah East Burdwan, for 14 days from the 4th instant, in extension of the leave given to him on the 2nd idem.

Moulvee Gholam Rubbany, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for the 7th and 8th instant.

The unexpired portion (7 days) of the leave of absence for fifteen days granted on the 4th ultimo, to Baboo Gungachurn Shome, Moonsiff of Sullimabad, Zillah East Burdwan, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Register*.

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### ছুটী।

১৮৫২ সাল ২ মার্চ।

পূর্ব্ববর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত হামিদুল হক গত মাসের ২০ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী নূরুল হসেন বর্ত্তমান মাসের ৬ তারিখের ছুটী পান।

১৮৫২ সাল ৩ মার্চ।

জিলা ত্রিপুরার কসবা নূরনগরের মুনসেফ শ্রীযুত মুনশী রমীজুদ্দীন বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি ১৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তীর মুনসেফ শ্রীযুত শ্রীকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ৫ মার্চ।

জিলা বীরভূমের কাইথার মুনসেফ শ্রীযুত মৌলবী ওজীউদ্দিন মহম্মদ বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ৯ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত হামিদুল হক বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৪ তারিখ অবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানি বর্ত্তমান মাসের ৭। ৮ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম গত মাসের ৪ তারিখে যে পনের দিনের ছুটী পান তাহার অবশিষ্ট সাত দিন তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

## রাজকর্ম্মে নিয়োগ।

৪১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোস্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন। এবং ১৮২১ সালের ৩ আইনের ১ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ১১ ধারার নির্দিষ্ট বিশেষ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) মঙ্গলপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত মাকিলপ সাহেব (Mr. Mackillop,) বাঁকুড়া জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতানুসারে তিনি মঙ্গলপুর এলাকাখণ্ডে কার্য্য করিবেন কিন্তু শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের (Mr. F. A. E. Dalrymple,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

চাটিগাঁর সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী নাজিরুদ্দিন মহম্মদ ময়মুনসিংহের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

ময়মুনসিংহের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী আমীরুদ্দিন মহম্মদ চাটিগাঁর সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

১৮৫২ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত আর ট্রাটর সাহেবের (Mr. R. Trotter,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) ঢাকার অতিরিক্ত জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ব্রুস সাহেবের (Mr. T. Bruce,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) ১৮১৮ সালের ৩ আইনঅনুসারে খাস কমিসানরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া হুগলীর সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২৩ ফেব্রুআরি।

শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষ কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৮ ফেব্রুআরি।

ঢাকা এলাকার একটিং কমিসানর শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes,) ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৯ ফেব্রুআরি।

ঢাকার অতিরিক্ত জজ শ্রীযুত আর ট্রাটর সাহেব (Mr. R. Trotter,) সরকারী কর্ম্মে ইস্তাফা দেওনের পূর্ব্বে ছুটী-

[*Government Gazette*, 16*th March*, 1852.]

বিষয়ক খুধরা বিধির ১২ ধারানুসারে আড়াই মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার মাজিষ্ট্রেট ও এইক্ষণে মুঙ্গেরের একটিং কালেকটর শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) ছুটীবিষয়ক খুধরা বিধির ১২ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

কলিকাতার পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ টি ল সাহেব (Mr. W. T. Law,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

২৪পরগনার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আহমদ স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপের বরপেটার সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথ স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বীরভূমের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ ক্রাডক সাহেব (Mr. W. Craddock,) গত ডিসেম্বর মাসের ১১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর একটিং দ্বিতীয় অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পঞ্চানন বাঁড়ুয্যা গত নবেম্বর মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে পুরণিয়ার সিবিল ও সেশন জজী কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দিনের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব (Mr. F. W. Russell,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে চাটিগাঁর নিমক এজেন্টী কর্ম্ম শ্রীযুত আর ইন্স সাহেবের (Mr. R. Ince,) স্থানে গ্রহণ করেন।

বীরভূমের কালেক্টর শ্রীযুত এ ওগলবী সাহেব (Mr. A. Ogilvie,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত টি সি লক সাহেবের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে বীরভূমের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার একটিং প্রধান সদর আমীন শ্রীযুত রায় গোবিন্দচাঁদ চৌধুরীর স্থানে গ্রহণ করেন।

জিলা যশোহরের দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন মোকামে পঁহুছেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ এফ জেম্স সাহেব ও শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Messrs. H. F. James, and W. M. Dirom,) "ট্রাফালগার" নামক জাহাজে সমুদ্রে গমন করিয়াছেন এবং রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২১ তারিখে আড়কাটী সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

— —

৪৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২২ ফেব্রুআরি।

চাটিগাঁর নিমকের এজেন্ট শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr. W. M. Dirom,) হিজলীর নিমকের এজেন্ট হইবেন।

শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব (Mr. F. W. Russell,) চাটিগাঁর নিমকের এজেন্ট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত লার্ড বিশপ সাহেব ঢাকার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ আর শেপর্ড সাহেবকে (Reverend H. R Shepherd,) ছুটীবিষয়ক খুধরা বিধির ২৫ ধারানুসারে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

১৮৫২ সাল ২৩ ফেব্রুআরি।

কটকের কমিসানর শ্রীযুত এফ গুলসবরি সাহেব (Mr. F. Gouldsbury,) ছুটীবিষয়ক খুধরা বিধির ১১ ধারানুসারে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন। কিন্তু ঐ সময়ে আপনার কর্ম্ম রাখিবেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) গত আগষ্ট মাসের ৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত বি ডবলিউ কলবিন সাহেব (Mr. B. W. Colvin.) কোম্পানির চার্টরের নির্দ্দিষ্ট সীমার মধ্যে সমুদ্রে গমনার্থে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

---

### SALT. — নিমক।

এস্তেহার।

গত আপ্রেল মাসের ২১ তারিখের এস্তেহারঅনুসারে বিজ্ঞাপন করা যাইতেছে যে জেলা হিজলির ঘাট রামনগর ও ঘাট কৃষ্ণনগরহইতে রওয়ানা বিক্রীর বাবদ নমক রপ্তানি সম্প্রতি বন্দ করা গেল ইতি।

সি বীডন। ছোট সেক্রেটারী।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। সন ১৮৫২ সাল তারিখ ৯ মার্চ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৬ মার্চ।]

[Government Gazette, 16th March, 1852.]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ভুলুয়া।

এক্তেলানামা কাছারী কালেক্টরী জিলা ভুলুওয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি নীচের লিখিত মহালাতের সন ১২৫৮ সনের লাগায়ত কিস্তী মাঘের সরকারের পাওনা বাকী মালগুজারি আদাএর নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫২ সালের ২৬ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৫৮ সনের ১৪ চৈত্র রোজ শুক্রবার অত্র কালেক্টরি কাছারিতে বিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তাং ২৭ ফেব্রুআরি।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | বাকীর সংখ্যা সন ১৮৫২ সনের তাং ২৫ ফেব্রুআরি সূর্য্যাস্তপর্য্যন্ত যে বাকী ছিল | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ১১১ | পং কাঞ্চনপুর তাং মাহামুদ নাইম ... | দুর্লভ বানু জলিশ মোল্লা ... ... | ৭৪॥৵৮ | ২৬৴১১ | |
| ঐ | ঐ | ৪৫৩ | পং অমুরাবাদ হিস্যে ॥৵১৩।– ক্রান্ত মধ্যে তাং আমানুল্লা আত | সদরুদ্দীন ... ... ... | ৫৩৮৯ | ১২৴৭ | |
| ঐ | ঐ | ৯১৯ | পং ঐ হিং ।৵৬॥= ক্রান্ত মধ্যে তাং পাঁচুরাম দালাল | পাঁচুরাম দালাল ... ... ... | ৪৮৶৬ | ২৭৶৬ | |
| ঐ | ঐ | ১৩৫৯ | পং নিজ সন্দীপ তং মাহামুদ হোসেনের খারিজা মুং জিহা মাহামুদ মফজিল হাল তালুক মেহেরবানু ওয়াছিল হাসন আলী মমতাজ বানু বক্কার মুনশী রহমত আলী বৃন্দাবন ফাজিল রাজেশ্বরী হাজরা বানু ফতে মাহামুদ বেচু মিছি নজুমদ্দীন রতনভুই মালী | মেহেরবানু ওয়াছিল হাসন আলী মমতাজ বানু বক্কার মুনশী রহমত আলী বৃন্দাবন ফাজিল রাজেশ্বরী হাজরা বানু ফতে মাহামুদ বেচু মিছি নজুমদ্দীন রতনভুই মালী | ২৭॥৶৩ | ৩০৲ | |

৪

মা ১২ি মহালমাত্র

E. W. MOLONY. Asst. Collr. in Charge.

জিলা বেহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বেহারের নীচের লেখা ১২৫৯ সালের লাগাদ কিস্তী ২৯ ডিসেম্বর ১৮৫১ সালের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৫২ সালের মার্চ মাসের ১৩ তারিখে মোতাবেক ১৭ চৈত্র ১২৫৯ ফসলি রোজ মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তাং ৪ মার্চ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | তৌজিতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লেখা মালিক | সদর জমা | সন ১৮৫১ সালের লাং কিস্তী ২৯ ডিসেম্বর ১৮৫১ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | চিরস্থ বন্দোবস্তি মহাল ... | ৩৪১ | চক মরার বুড়িয়া অন্তরগতে রামপুর গামে পরগণে মমার ... | নরকুসিং কাবিঞ্জ ... | ৪১/১ | ১০॥/১ | এ মৌজে ১৩ জানুআরি ১৮৫২ তারিখে নীলাম হন কিন্তু খরিদার নীলাম জরসমন না দেওয়াপ্রযুক্ত পুনর্নীলাম হইবেক। |

J. MACLEOD. *Depy. Collr. in Charge.*

[গবর্ণমেন্ট গেজেট : ১৮৫২। ১১ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 23, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৩ মার্চ।


## ACT.

[Concluded from page 175.]

ACT No. XIII. OF 1852.

*An Act for consolidating and amending the Regulations of the Calcutta Police.*

Rogues and vagabonds.

XXIII. Any Constable or Peace Officer belonging to the Calcutta Police may take into custody, without a warrant, any person who shall be found between sun set and sunrise armed with any dangerous or offensive instrument whatsoever with intent to break or enter into any dwelling-house or other building whatsoever, or any loose, idle, or disorderly persons whom he shall find disturbing the public peace, or whom he shall have good cause to suspect of having committed, or being about to commit any felony, misdemeanor, or breach of the peace, or any reputed thief whom he shall find between sunset and sunrise on board any boat in the river, or lying or loitering in any bazar, street, road, yard, thoroughfare or other place, and not giving a satisfactory account of himself, or any person having in his possession without lawful excuse (the proof of which excuse shall lie on such person), any picklock key, crow, jack, bit, or other implement of house breaking, or any person found between sunset and sunrise having his face blackened or otherwise disguised, with intent to commit any felony, or any person who shall be found between sunset and sunrise in any dwelling-house or other building whatsover, with intent to commit any felony therein; and every such offender, on conviction before a Justice, either on his own confession or on the evidence of one or more credible witnesses, shall be liable, at the discretion of the said Justice, to be im-

## আইন।

[১৭৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৩ আইন।

কলিকাতার পোলীসের বিষয়ি আইন সংগ্রহ ও সংশোধন করণের আইন।

[ঠগ ও লুচ্চালোকন্দরার বিষয়ের কথা।]

২৩ ধারা। কোন বসতবাটী বা অন্য প্রকার এমারৎ ভাঙ্গিয়া প্রবেশ করিবার বা প্রবেশ করিবার মানসে কোন শঙ্কাজনক অস্ত্র অথবা কোনপ্রকার অস্ত্রশস্ত্রযুক্ত যে কোন ব্যক্তিকে সূর্য্যাস্ত ও সূর্য্যোদয়ের মধ্যে পাওয়া যায় কি যে কোন লুচ্চা কি নিষ্কর্ম্মা বা দাঙ্গাবাজ ব্যক্তিকে কলিকাতার পোলীসের কোন বরকন্দাজপ্রভৃতি দাঙ্গা করিতে দেখে অথবা যাহার বিষয়ে ঐ বরকন্দাজপ্রভৃতি এমত শোবে করণের উপযুক্ত কারণ দেখে যে ঐ ব্যক্তি কোন ফেলোনি অথবা মিসডীমিনর কি দাঙ্গা করিযাছে অথবা করিতে উদ্যত আছে কি ঐ বরকন্দাজপ্রভৃতি যে কোন খ্যাত চোরকে সূর্য্যাস্ত ও সূর্য্যোদয়ের মধ্যে নদীর উপর কোন নৌকাতে পায় অথবা কোন বাজার বা রাস্তা কি পথ কি উঠান বা গমনাগমনের স্থানে কি অন্য স্থানে নিষ্কর্ম্মরূপে গাঁওতামি করিতে দেখে এবং আপনার অহওয়ালের বিষয়ে খাতিরজমামতে কিছু কহিতে না পারে অথবা যে কোন ব্যক্তির নিকটে উপযুক্ত কারণ বিনা কোন কুলুপ ভাঙ্গিবার চাবি কি ঘর ভাঙ্গিবার কোন প্রকার অস্ত্র থাকে (এবং তাহা ঐ ব্যক্তির নিকটে থাকিবার কারণ তাহারই সাবাস্ত করিতে হইবেক) অথবা যে কোন ব্যক্তিকে কোন ফেলোনি করিবার অভিপ্রায়ে সূর্য্যাস্ত ও সূর্য্যোদয়ের মধ্যে আপনার মুখ কালকরা বা অন্য প্রকারে ছদ্মবেশী পাওয়া যায় অথবা যে কোন ব্যক্তিকে কোন ঘরের মধ্যে কোন ফেলোনি করণের অভিপ্রায়ে সূর্য্যাস্ত ও সূর্য্যোদয়ের মধ্যে কোন বসতবাটী কি কোন এমারতে পাওয়া যায় এইমত প্রত্যেক প্রকার ব্যক্তিকে কলিকাতার পোলীসের বরকন্দাজ কি অন্য কোন আমলা ওয়ারন্ট বিনা গ্রেপ্তার করিতে পারে। এবং এইমত যে প্রত্যেক অপরাধির অপরাধ আপনার কবুলক্রমে কি এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিদিগের সাক্ষ্যক্রমে জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাবাস্ত হয় সেই

prisoned, with or without hard labour, for any term not exceeding four Calendar months.

**Beggars.**

XXIV. Every person who shall beg or apply for alms or relief in any public road, street, or thoroughfare, or who shall expose or exhibit any sores, wounds, bodily ailment or deformity in such roads, streets, or public thoroughfares, with the object of exciting charity, or of obtaining alms or relief, or who shall, anywhere within the Town, seek for or obtain alms or relief by means of any false statements or pretences, or who shall cause, aid, or abet any such person as aforesaid in the commission of any of the said offences, shall, for every such offence, on conviction before a Justice, be liable to imprisonment, with or without hard labour, for any period not exceeding two Calendar months.

**Furious driving.**

XXV. Every person who shall drive or ride furiously, or at a greater rate than ten miles an hour, any vehicle or animal in the said streets or public thoroughfares, shall, for every such offence, on conviction thereof before a Justice, be liable to a penalty not exceeding fifty rupees, or in default of payment thereof, to imprisonment for any period not exceeding one Calendar month.

**Lamps to vehicles.**

XXVI. Every person who shall drive any vehicle of any description at any time between one hour after sunset and one hour before sunrise, without having a lighted lamp affixed to such vehicle, shall, for every such offence, on conviction thereof before a Justice, be liable to a penalty of not more than fifty rupees, or in default of payment thereof, to imprisonment for any period not exceeding one Calendar month.

**For suppression of common gaming-houses.**

XXVII. If any person shall make oath before a Justice of the Peace that any house, building, room, or other place within the Town is commonly reported and believed to be kept or used as a common gaming-house or place, such Justice, by an order in writing, may authorize a Deputy Superintendent or Inspector of Police to enter any such house, building, room, or place, with such constables as he shall deem requisite to accompany him, and if necessary to use force for the purpose of effecting such entry, whether by breaking open doors or otherwise, and to take into custody and search all persons found therein, and to seize all tables and instruments of gaming found in such house, building, room, or place, or on the persons of any of those found therein, and also to seize all moneys and securities for money found in any such house, building, room, or place, and the owner or keeper of the said gaming-house, or place, or other person having the care and management thereof, shall be liable, on conviction before a Justice of the Peace, to a pe-

ব্যক্তি ঐ জুষ্টিস সাহেবের বিবেচনাক্রমে কঠিন পরিশ্রমং বিশিষ্ট বা তাহা বিনা সম্পূর্ণ চারি মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

[ভিক্ষুকের বিষয়ের কথা।]

২৪ ধারা। যে কোন ব্যক্তি কোন সরকারী রাস্তায় বা পথে কি সকলের গমনাগমনের স্থানে ভিক্ষা করে অথবা দান বা উপকার চাহে কিম্বা দয়া জন্মাইবার জন্যে কি দান বা উপকার পাইবার অভিপ্রায়ে ঐ মত কোন সরকারী রাস্তা বা পথে কি সকলের গমনাগমনের স্থানে কোন ক্ষত বা ঘা কি শারীরিক রোগ কি বিকৃতাকার দর্শায় বা প্রকাশ করে অথবা যে কোন ব্যক্তি ঐ শহরের মধ্যে কোন স্থানে মিথ্যা এজহারের দ্বারা বা চাতুরী করিয়া কোন দান বা উপকার চেষ্টা করে কি প্রাপ্ত হয় অথবা যে কেহ উক্ত কোন ব্যক্তিকে সেইরূপ কোন এক অপরাধ করায় কি সেই অপরাধের সাহায্য বা উপকার করে এমত প্রত্যেক ব্যক্তি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে দোষী হইলে প্রত্যেক অপরাধের জন্যে সম্পূর্ণ দুই মাসের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

[প্রচণ্ডরূপে গাড়িপ্রভৃতি চালাওনের কথা।]

২৫ ধারা। যে প্রত্যেক ব্যক্তি উক্ত রাস্তায় অথবা সকলের গমনাগমনের পথে কোন গাড়ি কি পশু প্রচণ্ডরূপে চালায় অথবা ঘণ্টা প্রতি দশ মাইলের অধিক বেগে চালায় সেই ব্যক্তির অপরাধ কোন জুষ্টিস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা সেই জরীমানা না দিলে সম্পূর্ণ এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[গাড়ির লাম্পের কথা।]

২৬ ধারা। যে প্রত্যেক ব্যক্তি সূর্য্যাস্তের পর এক ঘণ্টাঅবধি সূর্য্যোদয়ের পূর্ব্বে এক ঘণ্টাপর্য্যন্ত কোন প্রকার গাড়ি চালায় এবং সেই গাড়িতে আলো দেওয়া লাম্প অর্থাৎ দীপদান না থাকে সেই ব্যক্তির অপরাধ কোন জুষ্টিস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা সেই জরীমানা না দিলে সম্পূর্ণ এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[সাধারণ জুয়াঘর নিবারণের কথা।]

২৭ ধারা। যদি কোন ব্যক্তি কোন জুষ্টিস সাহেবের নিকটে এইমত শপথ করে যে শহরের মধ্যে কোন বাটী বা এমারৎ কি কামরা বা অন্য স্থান সাধারণ জুয়া ঘর অথবা স্থানস্বরূপ রাখা যাইতেছে অথবা ব্যবহার হইতেছে ইহার সামান্য জনরব আছে এবং তাহাতে সকলেই বিশ্বাস করে তবে ঐ জুষ্টিস সাহেব কোন ডেপুটী সুপরিন্টেণ্ডেন্ট কি পোলীসের ইনস্পেক্টরকে লিখিত হুকুমের দ্বারা এই ক্ষমতা দিতে পারেন যে তিনি যত বরকন্দাজ সঙ্গে লওয়া আবশ্যক বোধ করেন তত বরকন্দাজকে সঙ্গে লইয়া ঐরূপ কোন বাটী বা এমারৎ কি কামরা কি স্থানে প্রবেশ করেন এবং আবশ্যক হইলে দ্বার ভাঙ্গিবার দ্বারা কি প্রকারান্তরে ঐ বাটীপ্রভৃতির মধ্যে বলপূর্ব্বক প্রবেশ করেন এবং যত ব্যক্তিকে তাহার মধ্যে পাওয়া যায় তাহারদের গ্রেপ্তার ও তালাশী করেন এবং ঐ ঘর বা এমারৎ বা কামরা কি স্থানে যে সকল মেজ অথবা জুয়াখেলার সরঞ্জাম পাওয়া যায় অথবা তাহার মধ্যে পাওয়া ব্যক্তিরদের নিকটে যে সকল জুয়াখেলার সরঞ্জাম পাওয়া যায় তাহা আটক করেন এবং ঐ ঘর বা এমারৎ বা কামরা কি স্থানে যে সকল টাকা বা টাকার নিদর্শন পাওয়া যায় তাহা আটক করেন। এবং ঐ জুয়াখেলার ঘর অথবা স্থান যাহার থাকে বা যে ব্যক্তি তাহা রাখে সেই ব্যক্তি অথবা অন্য যে ব্যক্তির জিম্মায় বা কর্ত্তৃত্বে তাহা থাকে সেই ব্যক্তির অপরাধ

nalty not exceeding one hundred rupees, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any time not exceeding three Calendar months, and upon conviction of any such offender all such tables and instruments of unlawful games shall be destroyed or otherwise disposed of by order of the Justice before whom the conviction is had, and all the moneys and securities for moneys so found shall be forfeited to Government, and every person found on such premises, and who shall not be the owner or keeper or other person having the care or management thereof, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding fifty rupees.

জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা উক্ত জুষ্টিস সাহেবের বিবেচনায় সম্পূর্ণ তিন মাসের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং ঐ অপরাধির দোষ এইরূপে সাব্যস্ত হইলে ঐ সকল বেআইনী জুয়াখেলার মেজ এবং সরঞ্জাম নষ্ট করা যাইবেক অথবা যে জুষ্টিস সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হয় তাঁহার হুকুমক্রমে তাহা লইয়া ব্যবহার হইবেক। এবং যে সকল টাকা ও টাকার নিদর্শন এইরূপে পাওয়া যায় তাহা সরকারে জব্দ হইবেক এবং ঐ জুয়াখেলার ঘর অথবা স্থানের মালিক কি তাহা রাখণিয়া ব্যক্তি অথবা অন্য যে ব্যক্তির জিম্মায় কি কর্তৃত্বে তাহা থাকে সেই ব্যক্তি ছাড়া ঐ বাটীতে অন্য যে প্রত্যেক জনকে পাওয়া যায় তাহার অপরাধ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XXVIII. It shall not be necessary, in support of any information for gaming in, or for suffering any games or gaming in, or for keeping or managing or being concerned in the management or conduct of, any common gaming-house or place, under this Act, to prove that any person found playing at any game was playing for any money, wager, or stake.

Proof of playing for stakes unnecessary.

[পণের জন্যে খেলিবার প্রমাণের আবশ্যক না হইবার কথা।]

২৮ ধারা। ঐ সাধারণ জুয়াখেলার ঘর কি স্থানে জুয়াখেলার বিষয়ে অথবা তাহার মধ্যে কোন খেলা অথবা জুয়াখেলা করিতে দিবার বিষয়ে অথবা তাহা রাখিবার কি কর্তৃত্ব করিবার বিষয়ে অথবা তাহার কর্তৃত্ব কি তাহা চালাইবার কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে যে কোন এজহার এই আইনক্রমে হয় তাহার পোষকতা করণার্থে ইহার প্রমাণ দিবার আবশ্যক হইবেক না যে যে কোন ব্যক্তি জুয়াখেলাতে ধরা পড়িল সেই ব্যক্তি কোন টাকা বা বাজী কি পণের জন্যে খেলিতেছিল ইতি।

XXIX. Where any cards, dice, balls, counters, tables, or other instruments of gaming, used in playing any unlawful game, are found in any house, building, room, or place, suspected to be used as a common gaming-house or place, and entered by an order issued under this Act, or about the person of any who are found therein, it shall be evidence, until the contrary is made to appear, that such house, building, room, or place, is used as a common gaming-house or place, and that the persons found in the house, building, room, or place, where such tables or instruments of gaming shall have been found, were playing therein, although no play was actually going on in the presence of the Superintendent, Deputy Superintendent, Inspector, or Constable entering the same as aforesaid.

What articles if found shall be evidence that the house is a gaming-house.

[যে দ্রব্য পাওয়া গেলে তাহা ঐ ঘর জুয়াখেলার ঘরের প্রমাণস্বরূপ জ্ঞান হইবেক তাহার কথা।]

২৯ ধারা। যে কোন ঘর বা এমারৎ বা কামরা কি স্থান সামান্য জুয়াখেলার ঘর বা স্থানস্বরূপ ব্যবহার হওনের শোবে হইয়াছে এবং এই আইনক্রমে দেওয়া হুকুমানুসারে তাহাতে প্রবেশ করা গিয়াছে এমত ঘরপ্রভৃতির মধ্যে অথবা সেই ঘরপ্রভৃতিতে যাহাকে পাওয়া যায় এমত কোন ব্যক্তির নিকটে কোন তাস বা পাশা কি এন্টাল বা ঘুঁটী কি মেজ বা জুয়াখেলার অন্য যে সরঞ্জাম কোন বেআইনী খেলা করণেতে ব্যবহার হয় তাহা পাওয়া গেলে যাবৎ বিপরীত প্রমাণ না দেওয়া যায় তাবৎ তাহাই এই বিষয়ের প্রমাণ জ্ঞান হইবেক যে ঐ ঘর বা এমারৎ কি কামরা বা স্থান সামান্য জুয়াখেলার ঘর বা স্থানস্বরূপ ব্যবহার হইতেছে এবং যে ঘর বা এমারৎ কি কামরা বা স্থানে ঐ মেজ অথবা জুয়াখেলার সরঞ্জাম পাওয়া গিয়াছিল সেই ঘরপ্রভৃতিতে প্রাপ্ত ব্যক্তিরা নিতান্ত খেলিতেছিল। এবং যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব বা ডেপুটী সুপরিন্টেণ্ডেন্ট বা ইনস্পেক্টর কি বরকন্দাজ পূর্ব্বোক্তমতে তাহাতে প্রবেশ করিলেন তাঁহারদের সাক্ষাতে কোন খেলা যদ্যপিও নিতান্ত না হইল তথাপি ঐ ব্যক্তিরা সেখানে খেলিতেছিল এমত বোধ হইবেক ইতি।

XXX. Every person who shall game for money, or any other thing or reward whatsoever, or who shall join in, bet at, or abet, or be present for the purpose of joining, betting at, or abetting any such gaming, in any street or public thoroughfare in the said Town, shall be liable, on conviction thereof before a Justice, to a penalty not exceeding fifty rupees, or in default of payment, to imprisonment for any term not exceeding one Calendar month.

Gambling in the Streets.

[রাস্তার মধ্যে জুয়াখেলার কথা।]

৩০ ধারা। যে কোন ব্যক্তি উক্ত শহরের কোন রাস্তায় অথবা সকলের গমনাগমনের পথে টাকা বা অন্য কোন দ্রব্য বা কোনপ্রকার পুরস্কারের জন্যে জুয়া খেলে কি যে কোন ব্যক্তি ঐরূপ জুয়া খেলায় জোটে অথবা সেখানে বাজী রাখে কি তাহার সাহায্য করে অথবা জুটিবার বা বাজী রাখিবার কি সাহায্য করণের অভিপ্রায়ে তথায় উপস্থিত হয় এমত ব্যক্তির অপরাধ কোন জুষ্টিস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা সেই জরীমানা না দেওয়া গেলে সম্পূর্ণ এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

*Using false or defective weights and measures.*

**XXXI.** All persons who deal in any articles by retail by weight or measure, and who have in or about their shops or premises, or otherwise in their possession, any false or deficient weight, measure, beam or scale, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding twenty rupees, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any period not exceeding one Calendar month; and every such false and defective weight, measure, beam or scale shall be forfeited, and the said Justice shall cause the same to be destroyed: and it shall be lawful for the Chief Magistrate or Superintendent of Police from time to time to issue public notices at the Police Office and Thannahs, and such Places as to him appear suitable, of the exact weight and measure of just weights and measures, and to keep at the Police Office and Thannas standard weights and measures for the information of the public.

*False weights and measures.*

**XXXII.** Any Justice of the Peace, or the Superintendent of Police, may issue his warrant, directing any Deputy Superintendent or Inspector of Police to enter into any shop or other place where articles are bought and sold by retail, and to search for and to examine the weights and measures therein, and seize all such as he may suspect to be forfeited as false and deficient in weight.

*Justice of the Peace may take cognizance of cases of desertion or unauthorized absence from their ship of Foreign and Asiatic seamen.*

**XXXIII.** If any seaman, whether British or Foreign, shall, wilfully and without leave or lawful excuse, absent himself from his vessel, any Justice of the Peace, upon complaint upon oath, and at the instance of any of the officers of the said vessel, may issue his warrant to apprehend and detain the said seaman and convey him on board of his vessel; and whenever any seaman shall have been imprisoned, it shall be lawful for any Justice of the Peace, on the release of such seaman from imprisonment, to cause him to be conveyed on board of the Vessel to which he may belong.

*Arms carried by persons without due authority.*

**XXXIV.** No person, not being a soldier or sailor in the service of the Queen or the East India Company, or a Constable belonging to the Calcutta Police, shall be entitled to carry any sword, spear, gun, or other offensive weapon in any street, thoroughfare, or public place, unless by leave of the Chief Magistrate or other head of the Police; and any person offending against this enactment shall be liable to be disarmed by any Constable or other person acting under such instructions as shall be

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৩ মার্চ।]

[অপ্রকৃত অথবা কমী বাটখারা ও গজ ব্যবহার করণের কথা।]

৩১ ধারা। যে সকল ব্যক্তি ওজন বা মাপের দ্বারা কোন দ্রব্য খুজরা বিক্রয়ের ব্যবসা করে যদি তাহারদের দোকানে বা বাটীতে কি তাহার আশপাশে বা অন্য প্রকারে তাহারদিগের দখলে কোন অপ্রকৃত অথবা কমী বাটখারা কি গজ কি কাঁটা কিম্বা নিক্তি থাকে তবে জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাহারদিগের দোষ সাব্যস্ত হইলে তাহারা কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনায় সম্পূর্ণ এক মাসের অনধিক মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের যোগ্য হইবেক এবং এইরূপ প্রত্যেক অপ্রকৃত এবং কমী বাটখারা বা গজ কি কাঁটা কিম্বা নিক্তি জব্দ হইবেক এবং উক্ত জুষ্টিস সাহেব তাহা নষ্ট করিতে হুকুম দিবেন এবং প্রধান মাজিষ্ট্রেট সাহেব অথবা পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যথার্থ বাটখারার ঠিক ওজন এবং যথার্থ গজের ঠিক মাপের বিষয়ে সাধারণ এত্তেলা সময়ক্রমে পোলীসের দফ্তরে ও থানায় ও অন্য যে স্থান তাঁহার উচিত বোধ হয় সেই স্থানে দিতে পারেন এবং সকল লোকের জ্ঞাত হইবার জন্য পোলীসের দফ্তরে ও থানায় খাটী বাটখারা ও গজ রাখিতে পারেন ইতি।

[অপ্রকৃত বাটখারা ও গজের কথা।]

৩২ ধারা। কোন জুষ্টিস অফ দি পীস সাহেব অথবা পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কোন ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্টকে অথবা ইনস্পেক্টরকে আপনার পরওয়ানার দ্বারা এই হুকুম করিতে পারেন যে যে কোন দোকান বা অন্য স্থানে দ্রব্য খুজরা ক্রয়বিক্রয় হয় তাহাতে প্রবেশ করেন ও তাহার মধ্যে বাটখারা ও গজের তালাশী করেন ও তাহার তহকীক করেন ও যে বাটখারা অপ্রকৃত ও কমী ওজনপ্রযুক্ত জব্দ হইবার যোগ্য বোধে করেন তাহা আটক করেন ইতি।

[বিদেশীয় এবং এদেশীয় খালাসীরা আপনার জাহাজহইতে পলায়ন করিলে অথবা অনুমতি বিনা গরহাজির হইলে জুষ্টিস অফ দি পীস সাহেব তাহার তহকীক করণের কথা।]

৩৩ ধারা। যদি কোন ব্রিটনীয় অথবা বিদেশীয় খালাসী খামখা এবং অনুমতি বিনা অথবা ন্যায্য কারণ বিনা আপনার জাহাজহইতে গরহাজির হয় তবে ঐ জাহাজের মালিমেরদের মধ্যের কোন এক জনের শপথানুসারে এবং উদ্দেশক্রমে তদ্বিষয়ের নালিশ হইলে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব এ খালাসীকে গ্রেফ্তার করিতে এবং আটক করিতে এবং আপন জাহাজে ফিরিয়া লইয়া যাইতে আপনার পরওয়ানা দিতে পারেন। এবং যখন কোন খালাসী কয়েদ হইয়াছে তখন কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের এই ক্ষমতা থাকিবেক যে ঐ খালাসী কয়েদহইতে খালাস হইলে যে জাহাজের খালাসী হয় সেই জাহাজে তাহাকে লইয়া যাইবার হুকুম দেন ইতি।

[উপযুক্ত ক্ষমতা বিনা কোন ব্যক্তির আপনার সঙ্গে অস্ত্রশস্ত্র লইয়া যাইবার কথা।]

৩৪ ধারা। যে কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর অথবা কোম্পানি বাহাদুরের চাকরীতে নিযুক্ত সৈন্য অথবা খালাসী নহে কিম্বা কলিকাতার পোলীসের বরকন্দাজ নহে এমত কোন ব্যক্তি প্রধান মাজিষ্ট্রেট সাহেবের বা পোলীসের অন্য অধ্যক্ষ সাহেবের অনুমতি বিনা কোন রাস্তার বা সকলের গমনাগমনের স্থানে কি সরকারী কোন স্থানে কোন তলওয়ার অথবা বর্শা কি বন্দুক অথবা অন্য কোন অস্ত্রশস্ত্র আপনার সঙ্গে লইতে পারিবেক না। এবং যে ব্যক্তি এই হুকুমের বিরুদ্ধ কার্য্য করে সেই ব্যক্তিকে কোন বরকন্দাজ অথবা প্রধান ম-

from time to time given by the Chief Magistrate or other head of the Police; and the weapons so seized shall be taken before the Chief Magistrate or other head of the Police, and forfeited to the Government, if the Chief Magistrate or other head of the Police, in his discretion, shall think fit to declare them forfeited.

**The regulation of carriages and persons at places of public resort.**

XXXV. The Chief Magistrate or other head of the Police from time to time, and as occasion may require, may make regulations for keeping clear the public ghauts and landing-stairs, and for the route to be observed in the public streets and places by all carts, carriages, palanquins, backeries, and other vehicles, and by all horses, cattle and persons, and as to the times during which they may take the said routes, and for preventing obstruction of the streets and thoroughfares within the Town on all times of public processions and native holidays, as also during the time of Divine Service, and also may give directions to the Constables and other peace officers for keeping order and for preventing any obstruction of the thoroughfares in the immediate neighbourhood of any place of public resort, and in any case when the ghauts, landing-stairs, streets, or thoroughfares may be thronged or may be liable to be obstructed, and every person opposing or not obeying the orders so issued by the Chief Magistrate or other head of the Police shall be liable to be arrested and detained by the Police, and, on conviction before a Justice of the Peace, shall be liable to a penalty of one hundred rupees.

**Police Officers taking Bribes.**

XXXVI. Any Police Officer or Constable who shall ask for or take any bribe or unauthorized reward in consideration of his doing or omitting to do any act in his official capacity, shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding five hundred rupees, or, at the discretion of the said Justice, to imprisonment, with or without hard labour, for any time not exceeding three months.

**As to manufacture or possession of Gun-powder or Gun-cotton.**

XXXVII. The Rule, Ordinance, and Regulation passed by the Governor General in Council on the 8th April 1802, and Section II. Act XVIII of 1841, are hereby repealed. Any person who shall, within the limits of the said Town, manufacture gun-powder or gun-cotton, or who shall, without a licence for that purpose being first had and obtained from the Chief Magistrate, have in his possession in any house, shop, warehouse, or other building, at any one time, a greater quantity of gun powder or gun-cotton for sale or otherwise than ten pounds, shall, on

[*Government Gazette*, 23rd *March*, 1852.]

জিষ্ট্রেট সাহেব কি পোলীসের অন্য অধ্যক্ষ সাহেব সময়ক্রমে যে হুকুম দেন সেই হুকুমানুযায়ি কার্য্যকারি অন্য কোন ব্যক্তি নিরস্ত্র করিতে পারে। এবং যে অস্ত্র এইরূপে ধরা যায় তাহা প্রধান মাজিষ্ট্রেট সাহেবের অথবা পোলীসের অন্য কোন অধ্যক্ষ সাহেবের নিকটে লইয়া যাইতে হইবেক এবং প্রধান মাজিষ্ট্রেট সাহেব অথবা পোলীসের অন্য অধ্যক্ষ সাহেব যদি আপনার বিবেচনায় তাহা জব্দ করা উপযুক্ত বোধ করেন তবে তাহা সরকারে জব্দ হইবেক ইতি।

[সকলের গমনাগমনের স্থানে গাড়ি ও ব্যক্তিরদের সম্পর্কে নিয়ম করণের কথা।]

৩৫ ধারা। সরকারী ঘাট ও উত্তরণের স্থান খোলা রাখণের বিষয়ে এবং সমারোহপূর্ব্বক গমনের এবং এদেশীয় উৎসবের সময়ে এবং গির্জ্জা হওনের সময়ে সকল গাড়ি ও ঘোড়ার গাড়ি ও পালকি ও ছকড়া গাড়ি এবং অন্যান্য বাহন ও সকল ঘোড়া ও বলদ ও ব্যক্তি সরকারী রাস্তা ও স্থানে যে দিগে গমন করিবেক তাহার বিষয়ে এবং যে সময়ে তাহারা ঐ পথে গমন করিবেক তাহার বিষয়ে এবং কলিকাতার রাস্তা ও গমনাগমনের স্থানের অবরোধ নিবারণের বিষয়ে প্রধান মাজিষ্ট্রেট সাহেব অথবা পোলীসের অন্য প্রধান অধ্যক্ষ সাহেব সময়ক্রমে এবং আবশ্যকমতে নিয়ম করিতে পারেন এবং সকল লোকের গমনাগমনের কোন স্থানের সন্নিহিতে এবং যে কোন গতিকে ঘাট অথবা উত্তরণের শিঁড়ি অথবা রাস্তা কি গমনাগমনের স্থানে ভিড় হয় কি তাহা অবরোধ হওনের সম্ভাবনা হয় সেই গতিকে সেই স্থানে গোলমাল এবং গমনাগমনের স্থানের অবরোধ নিবারণার্থে বরকন্দাজ এবং পোলীসসম্পর্কীয় অন্য আমলাকে হুকুম দিতে পারেন। এবং যে প্রত্যেক ব্যক্তি প্রধান মাজিষ্ট্রেট সাহেবের অথবা পোলীসের অন্য প্রধান অধ্যক্ষ সাহেবের সেইরূপ দেওয়া হুকুমের প্রতিবন্ধকতা করে অথবা তাহা না মানে সেই ব্যক্তি পোলীসের দ্বারা গ্রেপ্তার ও আটক হইবার যোগ্য হইবেক এবং জষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে তাহার দোষ সাব্যস্ত হইলে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[পোলীসের আমলাদিগের ঘুষ লওনের কথা।]

৩৬ ধারা। পোলীসের যে কোন কর্ম্মকারক কি বরকন্দাজ আপনার পদোপলক্ষে কোন কার্য্য করিবার বা করিতে ক্ষান্ত হইবার জন্যে কোন ঘুষ অথবা বিনানুমতির পুরস্কার যাচ্ঞা করেন অথবা লন সেই ব্যক্তির অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তিনি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন অথবা ঐ জষ্টিস সাহেবের বিবেচনাক্রমে তিন মাসের অধিক না হয় এমত মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদ হওনের যোগ্য হইবেন ইতি।

[বারুদ বা বারুদের তুলা প্রস্তুত অথবা রাখণের কথা।]

৩৭ ধারা। যে বিধান ও হুকুম ও আইন শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের দ্বারা হজুর কৌন্সেলে ১৮০২ সালের ৮ আপ্রিল তারিখে করা গিয়াছিল তাহা এবং ১৮৪১ সালের ১৮ আইনের ২ ধারা রদ হইল। উক্ত শহরের সীমাসরহদ্দের মধ্যে যদি কোন ব্যক্তি বারুদ বা বারুদের তুলা প্রস্তুত করে অথবা যদি প্রধান মাজিষ্ট্রেট সাহেবের স্থানে তন্নিমিত্ত এক পাট্টা না পাইয়া কোন এক সময়ে কোন ঘরে বা দোকানে কি গুদামে কিম্বা অন্য এমারতে বিক্রয়ের জন্যে বা অন্য কোন নিমিত্তে আপনার দখলে দশ পৌণ্ডের অধিক বারুদ বা বারুদের তুলা রাখে তবে সেই ব্যক্তির অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে এইরূপ প্রস্তুত

conviction before a Justice of the Peace, be liable to a forfeiture of all such gun-powder or gun-cotton so manufactured or possessed, together with the vessel or receptacle in which it may be seized, and also to a fine not exceeding in amount the sum of rupees five hundred.

Chief Magistrate to grant licences for sale and deposit of gun-powder, &c.

XXXVIII. It shall be lawful for the Chief Magistrate to grant to any person (whom he shall deem fit and proper) a licence for the sale or keeping in deposit, within the limits of the said Town, any quantity of imported or Indian manufactured gun-powder not exceeding fifty pounds, or any quantity of gun-cotton not exceeding twenty pounds, on such conditions as shall be specified in the licence, and any person who shall be guilty of a breach of any of such conditions, shall, on conviction before a Justice of the Peace, be liable to a forfeiture of his licence and of all gun-powder or gun-cotton so kept in deposit contrary thereto, and also to a fine not exceeding rupees two hundred.

Licences to be in force for one year and to contain certain provisions.

XXXIX. Every such licence as is mentioned in the preceding Section shall be in force for a period of one year only and no longer, but shall be renewable by the said Chief Magistrate at his discretion on the same or any other terms and conditions, and such licence shall also provide for the transit and carrying of gun-powder from one place to another within the limits of the said Town, in such manner and in such quantity as shall be deemed advisable for the safety of the inhabitants and of property within the said Town, and every person offending against such provisions shall be liable to a fine not exceeding rupees fifty.

As to Search for Gun-powder, &c.

XL. Any Justice of the Peace, on credible information laid before him on oath or solemn affirmation, that gun-powder or gun-cotton or mixed materials for making the same, contrary to the provisions of this Act, are suspected to be stored, kept, or possessed by any person, may issue his warrant authorizing any Police Officer to search in the day-time any house, shop, magazine, or other building or place in which he has reasonable ground to suspect any gun-powder or gun-cotton to be manufactured, sold, or kept, or any boat, carriage, cart, or other vehicle in which any gun-powder or gun-cotton or materials for manufacturing the same may be suspected to be carried, or any person suspected of carrying the same contrary to such licence or to the provisions of this Act, and all gun-powder, gun-cotton, or materials for manufacturing the same, found on such search shall, together with the vessels or receptacles in which they may be stored, be immediately seized and brought before a Justice of the Peace, with whom

হওয়া বা রাখা সকল বারুদ বা বারুদের তুলা এবং যে পাত্রে বা আধারে তাহা ধরা পড়িল তাহা জব্দ হওনের যোগ্য হইবেক এবং সে ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বারুদপ্রভৃতি বিক্রয় এবং রাখণের জন্যে প্রধান মাজিষ্ট্রেটের পাট্টা দেওনের কথা।]

৩৮ ধারা। প্রধান মাজিষ্ট্রেট সাহেবের এই ক্ষমতা হইল যে যে ব্যক্তিকে তিনি উপযুক্ত ও উচিত বোধ করেন সেই ব্যক্তিকে উক্ত শহরের সীমাসরহদ্দের মধ্যে আমদানী হওয়া অথবা দেশে প্রস্তুত হওয়া পঞ্চাশ পৌণ্ডের অনধিক বারুদ অথবা কুড়ি পৌণ্ডের অনধিক বারুদের তুলা বিক্রয় করণার্থে কি ন্যস্ত করণার্থে পাট্টা দেন এবং তাহার নিয়ম ঐ পাট্টার মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক। এবং যে কোন ব্যক্তি ঐ কোন নিয়মের উল্লঙ্ঘন করণের অপরাধী হয় সেই ব্যক্তির অপরাধ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তির পাট্টা রদ হইবার যোগ্য হইবেক এবং পাট্টার বিরুদ্ধে যত বারুদ কি বারুদের তুলা ন্যস্ত করা গিয়াছিল তাহা জব্দ হইবার যোগ্য হইবেক এবং সেই অপরাধী দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[পাট্টা এক বৎসরপর্য্যন্ত বহাল থাকিবার এবং তাহাতে কোনং নিয়ম থাকিবার কথা।]

৩৯ ধারা। পূর্ব্বোক্ত ধারায় সেইরূপ যে প্রত্যেক পাট্টার বিষয় লেখা আছে তাহা কেবল এক বৎসরপর্য্যন্ত বহাল থাকিবেক তদপেক্ষা অধিক কাল বহাল থাকিবেক না। কিন্তু প্রধান মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনাক্রমে সেই নিয়ম ও করারে বা অন্য কোন করারক্রমে পুনরায় পাট্টা দিতে পারেন। এবং উক্ত শহরের নিবাসি ব্যক্তির ও সম্পত্তির নির্ব্বিঘ্নের জন্যে যেমত উচিত বোধ হয় সেইমতে এবং সেই পরিমাণে ঐ শহরের সীমাসরহদ্দের মধ্যে বারুদ এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাওনের ও গমনের নিয়ম ঐ পাট্টার মধ্যে থাকিবেক। এবং যে প্রত্যেক ব্যক্তি সেই নিয়মের বিরুদ্ধে কর্ম্ম করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বারুদপ্রভৃতির তালাশীর বিষয়ি কথা।]

৪০ ধারা। যদি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবকে শপথ কি সুকৃতিক্রমে এমত বিশ্বাসযোগ্য সম্বাদ দেওয়া যায় যে এই আইনের বিধির বিরুদ্ধে বারুদ অথবা বারুদের তুলা কি তাহা প্রস্তুত করণার্থ মিশ্রিত সরঞ্জাম কোন ব্যক্তির দ্বারা ন্যস্ত আছে বা রাখা গিয়াছে কি তাহার দখলে আছে এমত শোবে হয় তবে ঐ জুষ্টিস সাহেব আপনার ওয়ারণ্টের দ্বারা পোলীসের কোন আমলাকে এমত ক্ষমতা দিতে পারেন যে যে কোন ঘরে বা দোকানে বা মাগজিনে কি অন্য এমারতে বা স্থানে কোন বারুদ বা বারুদের তুলা প্রস্তুত বা বিক্রয় বা ন্যস্ত হইবার শোবে করিতে উপযুক্ত কারণ আছে সেই ঘরপ্রভৃতির অথবা যে কোন নৌকা বা গাড়ি কি বলদের গাড়ি কি অন্য কোন বাহনে কোন বারুদ অথবা বারুদের তুলা কি তাহা প্রস্তুত করণের সরঞ্জাম বহন হইতেছে এমত শোবে হয় সেই নৌকাপ্রভৃতির অথবা যে কোন ব্যক্তি আপনার পাট্টা অথবা এই আইনের বিধির বিরুদ্ধে সেই বারুদপ্রভৃতি লইয়া যাইতেছে শোবে হয় সেই ব্যক্তির দিবা ভাগে তালাশী লন্। এবং তালাশীক্রমে যে সকল বারুদ বা বারুদের তুলা বা তাহা প্রস্তুত করণার্থ সরঞ্জাম পাওয়া যায় তাহা ও যে পাত্রে বা আধারে তাহা ন্যস্ত আছে তাহা তৎক্ষণাৎ ক্রোক হইবেক এবং

the same shall be kept till it shall be adjudged whether the same shall be forfeited.

XLI. The four last preceding Sections shall not extend to any Government Magazine or store, or building for the making or deposit of gun-powder or gun-cotton under the authority or for the use of the Government, or to any gun-powder or gun-cotton for the use of Her Majesty's or the East India Company's Troops, or otherwise for the service of Government, or to any of Her Majesty's Vessels of War, or the Vessels of the Indian Navy, or of the East India Company's Marine, or to any other Vessel within the River Hooghly laden with gun-powder for importation or exportation.

*Act not applicable to Government Powder, &c.*

XLII. Commanders of merchant vessels entering the River Hooghly shall, on or before the arrival of their vessels off Moyapore, deposit in the Magazine at that place all gun-powder intended for the Ship's use from on board their respective vessels, exceeding the quantity of fifty pounds, which quantity they shall be permitted to retain in their vessels for the purpose of firing salutes or signals in case of distress, and the gun-powder so deposited shall be again delivered on board on the return of the respective vessels from Calcutta in prosecution of the outward voyage; and Commanders of merchant vessels in the River Hooghly having on board their vessels gun-powder or gun-cotton for importation (not being gun-powder belonging to the Government) exceeding the quantity of fifty pounds, shall also deposit the same, on or before the arrival of their vessels off Moyapore, in the Magazine of that place, under charge of an Officer belonging to the Customs at that place, or such other person as the Governor of Bengal may appoint, and the proprietors or consignees of such gun-powder or gun-cotton, or their agents, whenever they shall desire to remove the same from the Magazine, shall make application to the Collector of Sea Customs for authority to do so, which application, when it be intended that such gun-powder or gun-cotton shall be lodged in any place, or be laden in any boat or other conveyance within the limits of the said town, shall be accompanied by a written order of permission, signed by a Justice of the Peace to that effect, and when it be intended that such gun-powder or gun-cotton shall be exported by sea, the Commanders of vessels, or the proprietors, or their agents, by whom it shall have been deposited in the Magazine, shall make application to the Collector of Sea Customs for permission so to export it; and the Collector of Sea Customs shall comply with such applications aforesaid, except where the exportation of ammunition shall require, under provisions of Act XVIII. of

*As to vessels arriving in River with powder on board.*

জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আনা যাইবেক এবং যাবৎ নিশ্চিত না হয় যে তাহা জব্দ করিতে হইবেক তাবৎ ঐ সকল দ্রব্য ঐ জুষ্টিস সাহেবের নিকটে থাকিবেক ইতি।

[সরকারী বারুদপ্রভৃতির বিষয়ে এই আইন না খাটিবার কথা।]

৪১ ধারা। সরকারের ক্ষমতাক্রমে অথবা তাঁহার ব্যবহারের জন্যে বারুদ বা বারুদের তুলা প্রস্তুত করণার্থে অথবা ন্যস্ত করণার্থে কোন সরকারী মাগজিন অথবা গুদাম কি এমারতের বিষয়ে কি শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সৈন্যের ব্যবহারের জন্যে কিম্বা প্রকারান্তরে সরকারের কর্ম্মের জন্যে কোন বারুদ বা বারুদের তুলার বিষয়ে অথবা শ্রীশ্রীমতী মহারাণীর অথবা কোম্পানি বাহাদুরের যুদ্ধ জাহাজের বিষয়ে কিম্বা কোম্পানি বাহাদুরের আড়কাটিপ্রভৃতির জাহাজের বিষয়ে কি হুগলী নদীর মধ্যে আমদানী বা রপ্তানীর জন্যে অন্য যে কোন জাহাজে বারুদ বোঝাই হয় সেই জাহাজের বিষয়ে পূর্ব্বোক্ত চারি ধারা খাটিবেক না ইতি।

[যে জাহাজ নদীর মধ্যে বারুদ লইয়া আইসে তাহার কথা।]

৪২ ধারা। যে সকল বাণিজ্যজাহাজ হুগলী নদীর মধ্যে আইসে সেই জাহাজের অধ্যক্ষ ঐ জাহাজ মায়াপুরে পঁহুছনের সময়ে বা তাহার পূর্ব্বে পঞ্চাশ পৌণ্ডের অধিক যত বারুদ জাহাজের ব্যবহারার্থ তাঁহারদের প্রত্যেক জাহাজে থাকে তাহা ঐ স্থানের মাগজিনে আমানৎ করিবেন। এবং ঐ পঞ্চাশ পৌণ্ডপর্য্যন্ত বারুদ তাঁহারা সেলামী তোপ করিবার জন্যে অথবা বিভ্রাটের সম্বাদ দেওনের জন্যে আপনং জাহাজে রাখিতে পারিবেন। এবং যে বারুদ এইরূপে ন্যস্ত হয় তাহা ঐং জাহাজ কলিকাতাহইতে রপ্তহওনের সময়ে ঐং জাহাজে ফিরিয়া দেওয়া যাইবেক। এবং হুগলী নদীর মধ্যে থাকা বাণিজ্যের জাহাজের যে অধ্যক্ষ সাহেবের জাহাজে (সরকারের তরফ বারুদ না হইয়া) আমদানীর জন্যে পঞ্চাশ পৌণ্ডের অধিক বারুদ বা বারুদের তুলা থাকে ঐ অধ্যক্ষ সাহেবেরা আপনং জাহাজ মায়াপুরে পঁহুছনের সময়ে বা পূর্ব্বে তাহা ঐ স্থানের মাগজিনে আমানৎ করিবেন এবং সেই স্থানে হাসিলের সিরিশ্তার কোন আমলা অথবা অন্য যে ব্যক্তিকে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব নিযুক্ত করেন তাঁহার জিম্মায় ঐ সকল বারুদ থাকিবেক। এবং ঐ বারুদ বা বারুদের তুলার মালিক বা আড়ৎদার কি তাঁহারদের গোমাস্তা যখন ঐ বারুদ ঐ মাগজিনহইতে লইয়া যাইতে চাহেন তখন তাহা লইবার হুকুমের জন্যে সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেন। এবং যখন ঐ বারুদ অথবা বারুদের তুলা ঐ শহরের সীমাসরহদ্দের মধ্যে কোন স্থানে ন্যস্ত করিবার কি কোন নৌকা বা অন্য বাহনে বোঝাই করিবার মানস থাকে তখন ঐ দরখাস্তের সঙ্গেং সেই বিষয়ের এক জন জুষ্টিস অফ দি পীস সাহেবের লিখিত অনুমতিপত্র দাখিল করিতে হইবেক। এবং যখন ঐ বারুদ বা বারুদের তুলা সমুদ্রপথে রপ্তানী করিবার মানস আছে তখন জাহাজের যে অধ্যক্ষ অথবা বারুদের যে মালিক কি তাঁহারদের যে গোমাস্তার দ্বারা বারুদ ঐ মাগজিনে ন্যস্ত হইয়াছিল তাঁহারা ঐ বারুদ রপ্ত করণার্থে সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেবের অনুমতির জন্যে তাঁহার নিকটে দরখাস্ত করিবেন এবং ঐ সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেব ঐ দরখাস্তক্রমে অনুমতি দিবেন। কিন্তু যখন ১৮৪১ সালের ১৮ আইনের বিধির অনুসারে বারুদপ্রভৃতি রপ্তানী করিবার জন্যে সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেব ছাড়া সরকারী অন্য কর্ম্মকারকের পাট্টার আবশ্যক হয় তখন সেই দরখস্তের সঙ্গেং ঐ অন্য সরকারী আমলার অনুমতিপত্র না থাকিলে কালেক্টর সা-

1841, a licence from a public Officer other than the Collector of Sea Customs, in which case the Collector of Sea Customs shall not comply with the application unless it be accompanied by the licence of such public Officer; and on or before the removal of all gun-powder or gun-cotton from the Magazine, the Collector of Sea Customs shall and he is hereby authorized to levy a fee, the rate of which shall not exceed two annas per pound, for all gun-powder or gun-cotton that has been lodged therein, which fee shall be taken to cover all charges for the safe custody of the gun-powder or gun-cotton during the period it has remained or shall remain in the Magazine; provided also, that the Governor of Bengal shall be at liberty to authorize such arrangement to be made by letting or otherwise contracting for the custody of the Magazine, and for the collection and appropriation of the fees which may be charged for gun-powder or gun-cotton stored therein, as he may think proper, subject however to all the restrictions and rules imposed by this Section in respect to the removal from the Magazine of gun-powder therein stored.

**Penalties.**

XLIII. For every act done or omitted to be done contrary to the provisions of the last preceding Section by the Commander of any merchant vessel in the port of Calcutta, the Commander aforesaid shall, on conviction thereof before any Justice of the Peace, be liable to a penalty of two hundred rupees: and the Collector of Sea Customs is hereby empowered to search for any quantity of gun powder which he may have reason to believe to be on board a merchant vessel in the port of Calcutta, contrary to the provisions of this Act, and to seize and detain it as forfeited to Government, to be dealt with as the Governor of Bengal shall think right to direct.

**Jurisdiction of Justices on the River Hooghly.**

XLIV. The jurisdiction of the Justices of the Peace acting within and for the said Town shall extend to all offences committed by any person in sea-going vessels in any part of the River Hooghly, and the said Justices shall have the same power and jurisdiction in respect of criminal offences committed in sea-going vessels in any part of the said river, that they now have and exercise within the said Town.

**Persons apprehended without warrant to be taken first to the Station-house, and if not admitted to bail, to the Police Office.**

XLV. Every Officer belonging to the Calcutta Police is hereby authorized to arrest with a warrant any person committing in his view any offence against this Act, and every person taken into custody without warrant by any Constable belonging to the Calcutta Police shall be forthwith taken to the Station-house to which the Constable belongs, in order

হেব ঐ দরখাস্তের অনুযারি কার্য্য করিবেন না। এবং ঐ সকল বারুদ বা বারুদের তুলা ঐ মাগজিনহইতে স্থানান্তর করণ সময়ে অথবা তাহার পূর্ব্বে যে সকল বারুদ বা বারুদের তুলা সেই স্থানে ন্যস্ত হইয়াছিল তাহার জন্যে পৌণ্ডপ্রতি দুই আনার অধিক না হয় এমত মাসুল সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেব লইবেন এবং সেইরূপ মাসুল লইতে ইহার দ্বারা তাঁহাকে ক্ষমতা দেওয়া গেল এবং ঐ বারুদ বা বারুদের তুলা যত কাল ঐ মাগজিনের মধ্যে রহিয়াছে অথবা রহে তত কাল তাহা নির্ব্বিঘ্নে রাখিবার সকল খরচ ঐ মাসুলের দ্বারা পোষাইয়াছে এমত বোধ হইবেক। পরন্তু বাঙ্গলা দেশের শ্রীযুক্ত গবরনর সাহেব যেমত উচিত বোধ করেন সেই মতে ঐ মাগজিন রক্ষা করিবার জন্যে এবং তাহার মধ্যে ন্যস্ত বারুদ বা বারুদের তুলার জন্যে যে সকল মাসুল নির্দ্দিষ্ট হয় তাহা আদায় ও ব্যয় করণের জন্যে মাগজিন ভাড়া দেওনের বা তাহার চুক্তি করণের নিয়ম করিতে পারেন। কিন্তু ঐ মাগজিনের মধ্যে ন্যস্ত সকল বারুদের স্থানান্তর করণের বিষয়ে এই ধারাতে যে সকল নিষেধ ও বিধি আছে তাহা নিয়ত বহাল থাকিবেক ইতি।

[দণ্ডের কথা।]

৪৩ ধারা। কলিকাতা বন্দরে কোন বাণিজ্য জাহাজের অধ্যক্ষ ৪২ ধারার নিয়মের বিরুদ্ধে যে কর্ম্ম করেন বা যে কর্ম্মের ত্রুটি করেন সেই প্রত্যেক কর্ম্মের জন্যে জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাঁহার দোষ সাব্যস্ত হইলে তিনি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন। এবং সমুদ্রীয় মাসুলের কালেক্টর সাহেবের প্রতি ইহার দ্বারা এই ক্ষমতা দেওয়া গেল যে কলিকাতা বন্দরে কোন বাণিজ্য জাহাজে এই আইনের বিধির বিরুদ্ধে কোন পরিমাণের বারুদ থাকনের বিষয়ে তাঁহার বিশ্বাস করণের কারণ জন্মিলে সেই বারুদের জন্যে তিনি তালাশী করেন এবং সরকারে তাহা জব্দ হওনের যোগ্য বোধ করিয়া তাহা ক্রোক ও আটক করেন। এবং পরে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব যেমত হুকুম করেন সেই মতে ঐ বারুদ লইয়া কর্ম্ম হইবেক ইতি।

[হুগলী নদীর উপর জুষ্টিস সাহেবদিগের এলাকার কথা।]

৪৪ ধারা। যে জুষ্টিস অফ দি পীস সাহেবেরা উক্ত শহরের মধ্যে এবং উক্ত শহরের জন্যে কার্য্য করেন তাঁহারদিগের এলাকা হুগলী নদীর কোন ভাগে সমুদ্রে গমনশীল জাহাজে কোন ব্যক্তির দ্বারা যেং অপরাধ হয় সেই সকল অপরাধের বিষয়ে থাকিবেক। এবং উক্ত জুষ্টিস সাহেবদিগের উক্ত শহরের মধ্যে এক্ষণে ফৌজদারী অপরাধের বিষয়ে যে ক্ষমতা ও এলাকা আছে এবং যে ক্ষমতানুসারে কার্য্য করিতেছেন উক্ত নদীর কোন ভাগে সমুদ্রে গমনশীল জাহাজে করা কোন ফৌজদারী অপরাধের বিষয়ে তাঁহারদিগের তত্তুল্য ক্ষমতা ও এলাকা থাকিবেক ইতি।

[ওয়ারণ্ট বিনা গ্রেপ্তারহওয়া ব্যক্তিদিগকে প্রথমতঃ পোলীসের থানাতে লইয়া যাইতে হইবার এবং জামিন দেওনের অনুমতি না হইলে পোলীস ঘরে লইয়া যাইতে হইবার কথা।]

৪৫ ধারা। কলিকাতার পোলীসের প্রত্যেক কর্ম্মকারককে ইহার দ্বারা এই ক্ষমতা দেওয়া গেল যে এই আইনের বিরুদ্ধে যে কোন ব্যক্তি তাঁহার সাক্ষাতে কোন অপরাধ করে তাহাকে ওয়ারণ্টবিনা গ্রেপ্তার করেন। এবং কলিকাতার পোলীসসম্পর্কীয় কোন বরকন্দাজ যে প্রত্যেক ব্যক্তিকে ওয়ারণ্টবিনা গ্রেপ্তার করে তাহাকে ঐ

that such person may be detained, until he can be brought before a Justice of the Peace to be dealt with according to law, or in order that such person may give bail for his appearance before a Justice of the Peace, if the Superintendent, Deputy Superintendent, or Inspector at the Station shall deem it prudent to take bail in the manner hereinafter mentioned, which he is hereby authorized to do.

XLVI. Whenever any person is brought to the Station house as aforesaid, charged with misdemeanor, assault, or with having carelessly done any hurt or damage, or whenever any Superintendent, Deputy Superintendent, or Inspector of Police, or Town Sergeant in charge of a Police Lock-up, shall deem it probable that any person so brought is falsely or maliciously charged with having committed a felony, and any such person as aforesaid shall be, without the warrant of a Magistrate, in the custody of any Constable of the Calcutta Police, it shall be lawful for the Superintendent or any Deputy Superintendent of Police, if he shall deem it prudent, to enlarge such person on his own recognizance, with or without sureties, conditioned as hereinafter mentioned.

Power to take recognizances, at Station-houses or Police Lock-up on certain charges.

XLVII. Every recognizance so taken shall be without fee or reward, and shall be conditioned for the appearance of the person thereby bound before a Justice of the Peace at his next sitting, and the time and place of appearance and the sum thereby acknowledged (not exceeding one thousand rupees) shall be specified in the said recognizance, or the condition thereof; and the officer taking the recognizance shall enter into a book, to be kept for the purpose, the name, residence, and occupation of the party and his surety or sureties (if any) entering into such recognizance, together with the condition thereof, and the sum thereby acknowledged, and shall return every such recognizance to the Justice present at the time and place, and when, and where the party is bound to appear, and the said recognizance may be in either of the forms as the case may be, in Schedule (A) to this Act annexed, or to the like effect.

Condition of recognizance.

XLVIII. In every case in which any person shall be given in charge to a Constable, or in which any information or complaint of any offence shall be laid or made before any Justice of the Peace, and it shall appear to the Justice by whom the case shall be heard that there was no sufficient ground for making the charge, it shall be lawful for such Justice, at his discretion, to award such amends

Amends may be awarded for false or malicious charges.

বরকন্দাজ যে থানাসম্পর্কীয় হয় সেই থানায় তৎক্ষণাৎ লইয়া যাইবেক। তাহার অভিপ্রায় এই যে ঐ ব্যক্তির প্রতি আইনানুসারে কার্য্য করণার্থে যাবৎ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আনীত না হইতে পারে তাবৎ ঐ ব্যক্তি আটক থাকে অথবা যদি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কি ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট অথবা থানার ইনস্পেক-টর পশ্চাৎ লিখিতমতে জামিন লইতে উপযুক্ত বোধ করেন তবে জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে হাজির হইবার জন্যে ঐ ব্যক্তি জামিন দেয় এবং সেইরূপ জা-মিন লইতে ঐ সুপরিন্টেণ্ডেণ্টপ্রভৃতিকে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল ইতি।

[কোনং নালিশে থানার ঘরে অথবা পোলীসের কোন ফটকে মুচলকা লওনের ক্ষমতার কথা।]

৪৬ ধারা। যখন কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন থানার ঘরে আনীত হয় এবং তাহার নামে এই নালিশ হয় যে সেই ব্যক্তি কোন মিসডিমীনর অথবা মারিপীট করিয়াছে কি অমনোযোগিতাপূর্ব্বক কোন জখম বা ক্ষতি করিয়াছে অথবা যখন পোলীসের কোন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট কি ইনস্পেকটর বা পোলীসের কোন ফটক যে সারজনের জিম্মায় থাকে সেই সারজন বোধ করেন যে এইরূপে আনীত কোন ব্যক্তির নামে ফেলোনি অপরাধ করণের বিষয়ে মিথ্যা অথবা দ্বেষ-পূর্ব্বক অভিযোগ হইয়াছে ইহার সম্ভাবনা আছে এবং এইরূপ পূর্ব্বোক্তমতে কোন ব্যক্তি যখন মাজিষ্ট্রেট সাহে-বের ওয়ারণ্ট বিনা কলিকাতার পোলীসের কোন বরকন্দা-জের জিম্মায় থাকে তখন পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সা-হেব অথবা কোন ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট উচিত বোধ করি-লে জামিন লইয়া বা জামিন বিনা ঐ ব্যক্তিকে আপনার মুচলকাক্রমে খালাস করিতে পারেন এবং ঐ মুচলকাতে পশ্চাৎ লিখিতমত নিয়ম থাকিবেক ইতি।

[মুচলকার নিয়মের কথা।]

৪৭ ধারা। এইরূপ প্রত্যেক মুচলকার জন্যে কোন রসুম অথবা পুরস্কার লওয়া যাইবেক না। এবং তাহাতে এই নিয়ম থাকিবেক যে তাহার দ্বারা যে ব্যক্তি বদ্ধ হন সেই ব্যক্তি কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের আগা-মি বৈঠকে তাঁহার সম্মুখে হাজির হইবেক। এবং যে সময়ে ও যে স্থানে ঐ ব্যক্তির হাজির হইতে হইবেক তাহা এবং এক হাজার টাকার অনূর্দ্ধ যে টাকা তাহার দ্বারা স্বীকার হন তাহা ঐ মুচলকার মধ্যে কিম্বা তাহার নিয়-মের মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লেখা থাকিবেক। এবং যে কর্ম্মকারক মুচলকা লন তিনি তন্নিমিত্তে রাখা এক বহীর মধ্যে মুচলকাদেওনিয়া ব্যক্তির এবং যদি সে ব্যক্তি এক বা ততোধিক জামিন দিয়া থাকে তবে সেই জামিনদিগের নাম ও বাসস্থান ও ব্যবসা ও সে মুচলকার নিয়ম ও যত টাকা তদ্দ্বারা স্বীকার হইল এই সকল লিখিবেন এবং যে সময়ে ও যে স্থানে ঐ ব্যক্তির হাজির হইবার অঙ্গীকার হইয়াছে সেই সময়ে ও সেই স্থানে উপস্থিত জুষ্টিস সা-হেবকে ঐরূপ প্রত্যেক মুচলকা ফিরিয়া দিবেন। এবং ঐ মুচলকা বিষয় বিশেষে এই আইনের শেষে দেওয়া A চিহ্নিত তফসীলের পাঠের অন্যতর হইতে পারে অথবা তাহার মত হইতে পারে ইতি।

[মিথ্যা কি দ্বেষপূর্ব্বক নালিশের খেসারৎ দেওয়া যাই-তে পারিবার কথা।]

৪৮ ধারা। যে প্রত্যেক গতিকে কোন ব্যক্তি কোন বরকন্দাজের জিম্মায় করা যায় অথবা যে গতিকে কোন অপরাধের এজহার অথবা নালিশ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে করা যায় এবং যে জুষ্টিস সাহে-বের দ্বারা ঐ মোকদ্দমা শুনা যায় সেই জুষ্টিস সাহেবের যখন এমত বোধ হন যে ঐরূপ নালিশ করণের কোন মাতবর কারণ ছিল না তখন ঐ জুষ্টিস সাহেব আপনার বিবেচনায় এইমত হুকুম করিতে পারেন যে যে ব্যক্তির নামে এজহার অথবা নালিশ হইল তাহার সেই বিষয়ে

not more than the sum of fifty rupees, to be paid by the informer to the party informed or complained against, for his loss of time and expenses in the matter, as to the Justice shall seem meet.

[To be Continued.]

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENT.

*The 15th March*, 1852.

Baboo Petumber Mookerjee, late Moonsiff of Zeagunge, Moorshedabad, to be Acting Moonsiff of Kishengunge, Zillah Rungpore, during the absence on Deputation of the incumbent, or until further orders.

### LEAVE OF ABSENCE.

*The 12th March*, 1852.

Baboo Mohun Lall Panday, Moonsiff of Jehanabad, Hooghly, for 3 weeks, from the 9th instant, beyond the period of the late Dole Jattra vacation.

B. J. COLVIN, *Register*.

সময়ের ক্ষতির এবং খরচের বাবৎ সম্বাদদেওনিয়া ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক ঐ জুষ্টিস সাহেব যে খেসারৎ উচিত বোধ করেন তত টাকার খেসারৎ তাহাকে দিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ১৫ মার্চ।

জিলা রঙ্গপুরের কৃষ্ণগঞ্জের মুনসেফের সরকারী কর্ম্মোপলক্ষে অন্য স্থানে থাকনপর্য্যন্ত কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা মুরশিদাবাদের জিয়াগঞ্জের সাবেক মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখুয্যা ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ১২ মার্চ।

জিলা হুগলীর জাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে গত দোলযাত্রার বন্দের অতিরিক্ত বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

৪৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৯ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব মেদিনীপুর জিলার পূর্ব্বাংশে এলাকাখণ্ড সংস্থাপনের অনুমতি দিয়াছেন। নীচের লিখিত থানা ঐ এলাকাখণ্ড ভুক্ত হইবেক। তাহা তামলুকের এলাকাখণ্ড নামে খ্যাত হইবেক তাহার সদর স্থান তামলুক। থানার নাম এই২

| | |
|---|---|
| বাসুলিয়া। | মসন্দপুর |
| বামনাড়িয়া | তামলুক। |

প্রতাপপুর।

শ্রীলশ্রীযুত আরো অনুমতি দিয়াছেন যে থানা বামনাড়িয়া তামলুক এলাকখণ্ডে ভুক্ত হওয়াতে থানা কাদুরগাঁ নওগাঁ এলাকাখণ্ডে ভুক্ত হইবেক।

১৮৫২ সাল ১৭ ফেব্রুআরি।

লক্ষ্মীপুরে আসামের কমিসানর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই টি ডালটন সাহেব (Captain E. T. Dalton,) বর্ত্তমান মাসের ৯ তারিখে কালেক্টরীর খাজানাখানার ও আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এচ এস বাইবার সাহেবের (Lieutenant H. S. Bivar,) স্থানে পুনর্গ্রহণ করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) "ওরিএন্টল" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৯ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়েট সাহেব (Mr. T. Wyatt,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ আহমদ বক্সের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে মুঙ্গেরের কালেক্টরীর ভার শ্রীযুত এল এস জাকসন সাহেবের (Mr. L. S. Jackson,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) বর্ত্তমান মাসের ২০ তারিখে যশোহরের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট এচ ডিক্সন সাহেব (Lieutenant H. Dixon,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে খুর্দ্দা ও বালেশ্বরের পাইক সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্ম শ্রীযুত লেপ্টেনেন্ট সি পুলি সাহেবের (Lieutenant C. Pulley,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত পি টেলর সাহেব (Mr. P. Taylor,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ওসমান আলীর স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ই এস পিয়রসন সাহেবের (Mr. E. S. Pearson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব (Mr. W. J. Allen,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে বালেশ্বরের কালেক্টরী খাজানাখানার ও মাজিষ্ট্রেটীর ও নিমকের সিরিশ্তার ও কষ্টম হৌসের কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ ডিক সাহেব ও শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Messrs. A. Dick and W. M. Dirom,) "প্রিন্স অফ ওএলস" নামক জাহাজে সমুদ্রে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২১ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ২৩ মার্চ।]

৪৮৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H. Vetch,) আসামের ডেপুটী কমিস্যনর হইবেন। শ্রীযুত কাপ্তান বেচ সাহেব (Captain Vetch,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত উত্তর আসামে পোলিটিকাল কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত কাপ্তান ই টি ডালটন সাহেব (Captain E. T. Dalton,) আসামের কমিস্যনর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টান্ট হইবেন। শ্রীযুত কাপ্তান ডালটন সাহেব (Captain Dalton,) লক্ষ্মীপুর ও দেবরুগড় এলাকার ভার রাখিবেন।

শ্রীযুত কাপ্তান সি এস রেনলড্স সাহেব (Captain C. S. Reynolds,) আসামের কমিস্যনর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টান্ট হইবেন। শ্রীযুত কাপ্তান রেনলড্স সাহেব (Captain Reynolds,) দরঙ্গ এলাকার ভার রাখিবেন।

শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টান্ট হইবেন। শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেব (Captain Rowlatt,) গৌহাটির এলাকার ভার রাখিবেন।

১৮৫২ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেবের (Mr. H. Stainforth,) অনুপস্থান কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত এস বৌরিং সাহেব (Mr. S. Bowring,) ১৮২৮ সালের ৩ আইনানুসারে খাস কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া চাটিগাঁর সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস বৌরিং সাহেবের (Mr. S. Bowring,) অন্য কর্ম্ম করণ কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত এ ফর্বস সাহেব (Mr A. Forbes,) চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২৬ ফেব্রুআরি।

প্রথম অর্থাৎ উত্তরাংশের জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) এবং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) ১৮২২ সালের ৭ আইন এবং ১৮২৫ সালের ৯ আইনানুসারে রাজশাহী ও পাবনা ও বগুড়া জিলাতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেবের (Mr. G. G. Balfour,) অনুপস্থান কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) মুঙ্গেরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এচ এম রিকেট্স সাহেব (Mr. G. H. M. Ricketts,) শান্তিপুরের এলাকা খণ্ডের ভারপ্রাপ্ত হইবেন। শ্রীযুত রিকেট্স সাহেব নদীয়া জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতানুসারে তিনি শান্তিপুর এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

মুরশিদাবাদের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী আবদুল জব্বার ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ক্রি ষ্ট চর্চের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জান মাকেল সাহেব (Revd. John Mackail,) কলিকাতা নগরে এবং লণ্ডন মিশনরি সোসাইটির ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জেম্স ব্রাডবেরি সাহেব (Revd. James Bradbury,) মুরশিদাবাদ জিলাতে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫২ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন। এবং ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত পাদরি এ ডবলিউ ওয়ালিস সাহেব (Revd. A. W. Wallis,) যে তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৫ ফেব্রুআরি।

যশোহরের ও নদীয়ার একটিং আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি মাকবিটি সাহেব (Mr. W. G. Macvitie,) বোর্ড রেবিনিউর স্থানে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এচ আর হম্ফ্রিস সাহেব (Mr. H. R. Humphreys,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট বিচারার্থ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ২৬ ফেব্রুআরি।

ময়মনসিংহের কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) আপনার কর্ম্মস্থানে পঁহুছনের মিয়াদের অতিরিক্ত ছুটী বিষয়ক খুদরা বিধির ১২ ধারানুসারে বর্ত্তমান মাসের ২৭ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) গত মাসের ১৫ ও ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১ মার্চ।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) গত মাসের ২০ তারিখে চাটিগাঁর সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার ঐ জিলার দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাবাগীশের প্রতি অর্পণ করেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেণ্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এন কেব সাহেব (Lieutenant G. N. Cave,) আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন। অতএব গত জানুআরি মাসের ১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ১১ তারিখঅবধি রহিত হইয়াছে।

সারণের কালেক্টর শ্রীযুত সি বি কুইণ্টিন সাহেব (Mr. C. B. Quintin,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল (Mr. W. F. McDonell,) সাহেবের স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব (Mr. J. Grant,) গত মাসের ২৩ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার একটিং প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইজ্জৎ হুসেনের প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর ও হেউড সাহেবের (Mr. R. O. Heywood,) প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে জোএট সাহেব (Mr. J. Jowett,) গত মাসের ২৬ তারিখে সদর স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার এদেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষ গত মাসের ২৭ তারিখে চব্বিশ পরগনার প্রধান সদর আমীনের সিরিশ্তার চলিত কর্ম্মের ভার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ সাইমের প্রতি অর্পণ করেন।

হুগলীর একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) গত মাসের ২৭ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসুর প্রতি অর্পণ করেন।

যশোহরের কালেক্টর শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) গত মাসের ২৮ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) স্থানে গ্রহণ করেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr. J. C. Brown,) গত মাসের ২৮ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষের স্থানে পুনর্গ্রহণ করেন।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি স্পেনসর সাহেব (Mr. W. C. Spencer,) গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্ম স্থানে পঁহুছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৫০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) জিলা শাহাবাদে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। এই হুকুমক্রমে চাম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেটী পদে শ্রীযুত কুম সাহেবের (Mr. Combe,) নিয়োগের বিসয়ে গত মাসের ২১ তারিখের হুকুম রহিত হইল।

শ্রীযুত বাবু চন্দ্রশেখর রায় ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে পূর্ব্ব বর্দ্ধমানে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত পণ্ডিত মধুসূদন গুপ্ত মাডিকেল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যাশিক্ষক ও হিন্দুস্থানীয় এবং বঙ্গদেশীয় ছাত্রেরদের সাধারণ তত্ত্বাবধারক হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত শিবচন্দ্র কর্ম্মকার ঐ সম্প্রদায় ছাত্রেরদের মাটেরিয়া মেডিকা শিক্ষক হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু প্রসন্নকুমার মিত্র ঐ সম্প্রদায় ছাত্রেরদের ঔষধ শিক্ষক হইবেন।

কলাগাছিয়াস্থ বিদ্যুতীয় টেলিগ্রাফের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত বাবু শিবচন্দ্র নন্দী ঐ স্থানের ডাকাধ্যক্ষও হইবেন।

শ্রীযুত মৌলবী রসীদুন নবি হুগলীর ফতওয়াদায়ক হইবেন।

১৮৫২ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট জে এস ডেবিস সাহেবের (Lieutenant J. S. Davies,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জে সি হটন সাহেব (Lieutenant J. C. Haughton,) সিংহভূমে দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট জে সি হটন সাহেবের (Lieutenant J. C. Haughton,) অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জে এমরসন সাহেব (Lieutenant J. Emerson,) সম্বলপুরে দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৬ ফেব্রুআরি।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ৫ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ৪ মার্চ।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট এইক্ষণে বীরভূমের একটিং জজ শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) গত ডিসেম্বর মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৫ মার্চ।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) গত মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankie,) প্রতি অর্পণ করেন।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগনিউ সাহেব (Lieutenant W. Agnew,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে গমনার্থে কালেক্টরীর খাজানাখানা এবং আপনার দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় কর্ম্মের ভার গত মাসের ১৪ তারিখে সব আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) প্রতি অর্পণ করেন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) গত মাসের ২৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr. F. J. Cockburn,) স্থানে পুনর্গ্রহণ করেন। শ্রীযুত ডাক্তর কাম্বেল সাহেবের (Dr. Campbell,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কোবর্ণ সাহেব (Mr. Cockburn,) খাজানাখানার এবং সিরিশ্তার চলিত কর্ম্মের ভার রাখিবেন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) কলিকাতার গেজেটে গত জানুআরি মাসের ৩১ তারিখের বিজ্ঞাপনমতে ত্রিপুরার কালেক্টরীর ভার শ্রীযুত জি জি মরিস সাহেবের (Mr. G. G. Morris,) প্রতি অর্পণ না করিয়া ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর ডেবিস সাহেবের (Mr. J. R. Davies,) প্রতি অর্পণ করেন।

বাকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) গত মাসের ২৯ তারিখে আপন কর্ম্ম স্থানে পঁহুছেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত বি ডবলিউ কলবিন সাহেব (Mr. B. W. Colvin,) "আরোরা" নামক জাহাজে সমুদ্রে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১ তারিখে আড়কাটী সাহেব ছাড়িয়া আইসেন।

কলিকাতার পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr. W. T. Law,) গত মাসের ২৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সেন্ট আন্দ্রু নামক ভজনালয়ের প্রধান ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জেম্স হর্ডমান সাহেব (Reverend James Herdman,) আপন কর্ম্ম পুনর্গ্রহণ করেন অতএব গত মাসের ১০ তারিখের হুকুমক্রমে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ২৩ মার্চ।]

[*Government Gazette*, 23rd March, 1852.]

# GOVERNMENT ADVERTISEMENTS.

# গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

## LAND ADVERTISEMENT.

## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

### জিলা শ্রীহট্ট।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজী ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা শ্রীহট্টের সংক্রান্ত নীচের লিখিত মহালাত সন ১৮৫১ সাল ইংরেজীর কিস্তি ডিসেম্বরপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত সন ১৮৫২ ইংরেজীর মাহে ১৫ মার্চ মোতাবেক সন ১২৫৮ বাঙ্গলার ৩ চৈত্র রোজ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নালামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী মাহে ১৬ ফেব্রুআরি।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জিলার তৌজির মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | বাকী লাং কিস্তি ডিসেম্বর সন ১৮৫১ ইং | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তামরারি জমা ধার্য্য হওয়া মহাল | ৩ | পং সুধবানী তাং পীর মাং | গুরুপ্রসাদ প্রভু গং | ৯৪৸৵১১ | ১০॥৵০ | |
| | | ৪ | পং ঐ তাং শাহামামুদ | ঐ | ১০১৸/৩ | ১৩/০ | |
| | | ৫ | পং ঐ তাং কর মামুদ | ঐ | ৯৩৸/১০ | ২ ।৭ | |
| | | ৭ | পং ঐ তাং বাকর মামুদ | ঐ | ৫১৩।৪ | ১৪৩/৩ | |
| | | ৫৪ | পং ঢাকা দক্ষিণ তাং হরিনারায়ণ দত্ত ও রামকৃষ্ণ দত্ত | নিজ | ১৬॥৵৩ | ৮৷/০ | |
| | | ৩৭২ | পং ঐ তাং বিজয়রাম দত্ত | রাধাবল্লভ দত্ত গএরহ | ১০৶১০ | ৫/০ | |
| | | ৩৭৩ | পং ঐ তাং মাধবরাম দত্ত | কালিকাপ্রসাদ দত্ত | ১০ ।৶৩ | ৫৶০ | |
| | | ৪২০ | পং ঐ তাং কামাল | আকূতরাম দেব | ১০৶১০ | ৫/০ | |
| | | ৪২৭ | পং ঐ তাং বিনোদ পং | গোবিন্দরাম পং গং | ১৫৵৪ | ৭৷/০ | |
| | | ২১ | পং কুবকাবাদ তাং উচিৎভট্ট হিং নিজ | নিজ | ১৪ ॥১ | ৬।০ | |
| | | ৩৮ | পং ডাছেশ্বর তাং মামুদ খনিন | মামুদ আবিদ | ২৬ ।৶৩ | ১৩৶০ | |
| | | ১৯ | পং বেঙ্গা তাং মুহনরাম | চান্দরাম গএরহ | ৮৫ ৷/৪ | ২০ ॥৶৯ | |
| | | ৩৩৫ | পং ঐ তাং বিশ্বেশ্বর | গুংকচন্দ্র সেট্টি | ৩৫৸/৫ | ১৭৸৵০ | |
| | | ৬১৫ | পং পঞ্চখণ্ড কানা তাং মিরণমিয়া | আবদুল আলী | ৩০৸৵১১ | ১৫ ৷/০ | |
| | | ৭ | পং মাহাজপুর তাং জাহান খাঁ | খুশীরাম শাহা | ২০ ।৩ | ১০৵০ | |
| | | ৩০৯ | পং কোসিয়ার কোন তাং হুকুমতরার | অমৃতরাম গএরহ | ১৩৭৸/০ | ৫ ॥/৪ | |
| | | ১০৮ | পং টুডখাইড তাং নানবাকর | রায় রাধাগোবিন্দ সিং | ৩০ ।৮ | ১৫৵০ | |
| | | ৩৯ | পং ঢাকা উত্তর তাং আবোমামুদ | মামুদপনা গএরহ | ১৫৵৪ | ৭ ॥৶০ | |

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জিলার তৌজির মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | বাকী লাং ডিসেম্বর মাস ১৮৫১ ইং | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমেরারি জমা ধার্য্য হওয়া মহাল | ২০৬ | পং ঢাকা উত্তর তাং ধনরাম ... ... | মুনাউল্যা ... ... ... | ২০।ℓ৮ | ১০ℓ০ | |
| | | ১৪৬১ | পং নঙ্গনা তাং ত্রিলোকরাম ... ... | বাঞ্ছিত্রাম ... ... ... | ১০॥৶৮ | ৫।৴০ | |
| | | ১৬০১ | পং ঐ তাং জীবন আনন্দ ... ... | কৃষ্ণপ্রসাদ গং ... ... ... | ২৩।১ | ৫।১ | |
| | | ২ | পং বরমচান তাং কান্তগোবিন্দ রায় হিং গোবিন্দ রায় ... ... ... | কালিকাপ্রসাদ গএরহ ... ... | ১২০৸/৭ | ১০৸৶০ | |
| | | ১১ | পং সুট নেখা তাং সানন্দরায় ... ... | প্রভাবরামদেব গং ... ... ... | ৫৫।১ | ৭৸১০ | |
| | | ১৫৯ | পং আওয়াজান তাং প্রসাদ সেত্তি ... | হরেকৃষ্ণ গএরহ ... ... ... | ১৭॥ℓ৪ | ৮৸/০ | |
| | | ২১২ | পং কোড়িয়া তাং ভগীরথ ... ... | ভোলানাথ মজুমদার .. ... | ১৯॥৶ | ৯৸/০ | |
| | | ১৩৮ | পং ঐ তাং হরলাল ... ... | আকুতরাম গএরহ ... ... ... | ৫৫৸৶৪ | ৫॥ℓ২ | |
| | | ৩০৮ | পং ঐ তাং জয়নারায়ণ ... ... | চণ্ডীপ্রসাদ গএরহ ... ... ... | ২৩৮॥ℓ৬ | ৯৬৸/৭ | |
| | | ৩১৩ | পং ঐ তাং সাহেব রাম ... ... | ঐ ... ... ... ... | ১৪৭৸/৫ | ৮১ℓ৬ | |
| | | ৩৪৮ | পং ঐ তাং ভবানীচরণ ... ... | আকুতরাম গএরহ ... ... ... | ২৫৮।/৭ | ১১১ℓ৮ | |
| | | ৪ | পং হাং সিংচাপড় তাং বৈদ্যনাথ প্রভৃতি... | বিশ্বনাথ দত্ত ... ... ... | ২৮৶৭ | ৫/৩ | |
| | | ৮৭ | পং পাঙুয়া তাং মহপান সেকদনা ... | মুলুকচান্দ ... ... ... | ২১।/৪ | ১০॥৶ | |
| | | ৮৮ | পং কোবসা তাং সেক লাইওর ... ... | সাহেব রামদেব ... ... ... | ১৮৸ℓ৯ | ৯।ℓ০ | |
| | | ২ | পং চৌকী তাং জয়নগর আনন্দপুর ... | ভুবনেশ্বরী গএরহ ... ... ... | ২৬৮।৶ | ১১॥/৫ | |
| | | ৫ | পং ঐ তাং হরিবউল্যা ... ... | নিজ ... ... ... ... | ১৯।৶৭ | ৯॥ℓ০ | |
| | | ৫ | পং মুং বাণীর চুক তাং মাং নাজিম জমিদার | রাজনারায়ণ শর্ম্মা ... ... ... | ৪২০৸৯ | ১১১।/৮ | |
| | | ৬ | পং ঐ তাং মামুদ আনফর জমিদার ... | সেক হিঙ্গন ... ... ... | ৪২০৸৯ | ১১১।/৭ | |
| | | ৯ | পং ঐ তাং মাং নজাত জমিদার ... | শিবানী দাসী গং ... ... ... | ১৩১।৶৭ | ৩৬।/৩ | |
| | | ৪ | পং বোয়ান জুড় তাং রূপরাম হিং মুকুট রায় | বলরাম ঘুস ... ... ... | ১১৩॥ℓ৪ | ১৭।ℓ৮ | |
| | | ৯২ | পং বেতবিকুল তাং হরিচন্দ্র ... ... | মামুদ তোরাব ... ... ... | ১০॥৶৮ | ৫।/০ | |
| | | ২ | পং মুক্তারপুর তাং মামুদ বাহির চৌং ... | নিজ গএরহ ... ... ... | ১২১৶৯ | ৬।/১০ | |
| | | ৫ | পং ইন্দ্রানগর তাং কেশবরাম ... ... | খুদালরাম গএরহ ... ... ... | ১৬৸৶১ | ৭।৫ | |
| | | ১৪ | পং চৌওয়ালীশ তাং জদু নকুল রায় ... | হরেকৃষ্ণ গএরহ ... ... ... | ৭১৸৶৪ | ১১॥৶১ | |
| | | ১০৪১ | পং ঐ তাং চৈতন্ন মবারক ... ... | মাধু ছবদার গং ... ... ... | ১০।ℓ৩ | ৫ℓ০ | |
| | | ৯ | পং চৌকী তাং কাশিনাথ ... ... | রঘু বসু .. .. ... | ১২৶৪ | ৫॥৶৮ | |

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জিলার তৌজির মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | বাকী লাং কিস্তু ডিসেম্বর সন ১৮৫১ ইং | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তুমেরারি জমা ধার্য্য হওয়া মহাল | ২৭ | পং রাণী শিরা তাং শুনামগোছ ... | গোলাম মহিউদ্দীনগং ... ... ... | ৪৭ ॥৴২ | ৭ ॥৶৬ | |
| | | ১ | পং চৌওয়ালীশ ২৪ নং ছেলা ১৫৩১ নং চেটানী মাং ছাদির জিম্মে হেকাউতুল্য নং রেরাজউল্যা ... ... ... | নিজ ... ... ... ... | ১৪ ৴৫ | ৭৶৮ | |
| | | ২ | পং ঐ মহাল ঐ নং তোরাব আলী ... | মাং হাজির ... ... ... | ১৪ । ৫ | ৭৶৮ | |
| | | ১২১ | পং বেমুড় তাং জগন্নাথ সিং হিং গঙ্গানারায়ণ জয়নারায়ণ ... ... ... | নিজ ... ... ... ... | ১০২৸৴৩ | ৮ ॥৶০ | |
| | | ১ | পং নাকাই তাং খদামুকুত আনওর নাইওর হিং খদারক্ত ... ... ... | জয়গোপাল দত্তগং ... ... ... | ১২১৸০ | ৬৸৴২ | |
| | | ১ | পং তরফ তাং সৈদ মামুদ নাজির হিং সৈদ নইমউল্যা ... ... ... ... | আজিজাজান বানুগং ... ... ... | ৩৭৩/১ | ২১৸৴৪ | |
| | | ২ | পং ঐ তাং সৈওদ আহামুদ আলী হিং সৈদ আহাম্মদ রজা ... ... ... | লালচান্দ দাসগং ... ... ... | ১৫০২৲ | ৩১৸৫ | |
| | | ঐ | পং ঐ তাং ঐ হিং সৈদ মদন রজা ... | রামবল্লভ গএরহ ... ... ... | ২৭৮৪৲২ | ৬৩ ।৴৩ | |
| | | ঐ | পং ঐ তাং ঐ হিং সৈদ কাইম রজা ... | জয়গোবিন্দ রায়গং ... ... ... | ১১৬৬৸৶১১ | ২৫ ।৴০ | |
| | | ঐ | পং ঐ তাং ঐ হিং সৈদ কলীম রজা ... | ঐ ... ... ... ... | ৭১৮৸১০ | ৩৭ ।১ | |
| | | ৭ | পং ঐ তাং সৈদ হবিবউল্যা ... ... | ফরজঙ্গ আলী গএরহ ... ... | ৬৩৭৸১০ | ১১৶৬ | |
| | | ১৪১ | পং ঐ তাং কবির আগরজয় ... ... | জিউজান বিবি গএরহ... ... ... | ১০ ।১ | ৫৶০ | |
| | | ২০৩ | পং ঐ তাং শাহাজেএবুন আবদি ... | চনাইবিবি গএরহ ... ... ... | ৫৭৯৴১ | ১৬৸৩ | |
| | | ২৪৮ | পং ঐ তাং আবদুল অএক ... ... | আলী মামুদ গএরহ ... ... ... | ২৮ ।৲৬ | ৭৴৮ | |
| | | ৫৮১ | পং ঐ তাং সেক কুরবান উল্যা ... ... | লালচান্দ গএরহ ... ... ... | ৫৭২ ॥১ | ১৭৬ ॥৶০ | |
| | | ৭২৭ | পং ঐ তাং দুর্গাশঙ্কর শর্ম্মা ... ... | শ্রীচন্দ্রদেব গএরহ ... ... ... | ১০৩ ।১ | ১১৸৲৭ | |
| | | ১০৪৬ | পং ঐ তাং সৈওদ মাহামুদ আতির ... | রাজনারায়ণ পালগং ... ... | ১২২ ॥১ | ১২৶৫ | |
| | | ১০৫১ | পং ঐ তাং সৈদ মামুদ আতির ... | জিউজান বিবি গং ... ... ... | ২০৫ ॥৶৮ | ২৭ ॥৴ ১১ | |
| | | ১ | পং গদাহাশন নগর তাং সৈদ আবুল হাসন হিং সৈদ আকবর হাসন ... ... | কৃষ্ণচরণ কর গএরহ ... ... ... | ১৮৭৲১ | ১২৶১১ | |
| | | ১ | পং রঘুনন্দন তাং রঘুনন্দন শর্ম্মা ... | কৃষ্ণচরণ দাস গএরহ ... ... ... | ১১৬/১ | ১৭ ।৪ | |

M SHAWE, *Offg Collector.*

[*Government Gazette, 23rd March,* 1852.]

## IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JAMES WILLIAM HENRY ILBERY, and another, Insolvents.

NOTICE is hereby given, that Saturday, the third day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that the last Account in detail of the Receipts and Disbursements of the Assignee ending the Twenty-Eighth day of February last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, 17th March, 1852. JOHN COCHRANE, *Official Assignee.*

## দেউলিয়াদের উপকারার্থ আদালত।

দেউলিয়া জেম্‌স উলিয়ম ইলবেরি সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি আপ্রিল মাসের ৩ তারিখ শনিবারে পুনরায় হইবেক। ঐ বিষয়ে গত ফেব্রুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের শেষ হিসাব বিস্তারিতরূপে দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেউলিয়াদের ইস্টেটের বিষয়ে কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ১৭ মার্চ। জান কাক্রেন। সরকারী আসৈনি।

---

In the matter of CHARLES MOTTLEY, an Insolvent, 2d Insolvency.

On Saturday, the sixth day of March instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 5,283 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 38 per cent. (which will amount to the sum of Co.'s Rs. 4,850-2-1,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 20th March, 1852.

দ্বিতীয়বার দেউলিয়া চার্লস মটলি সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত দেউলিয়ার তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ৫২৮৩৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৩৮৲ টাকার ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪৮৫০৵১ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ২০ মার্চ।

---

In the matter of FREDERICK WILLIAM BIRCH, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 3d day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 24th day of July, 1849, until the 6th day of March instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk 3 clear days before the Hearing.

Official Assignee's Office, 20th March, 1852.

দেউলিয়া ফ্রেডরিক উলিয়ম বর্চ সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি আপ্রিল মাসের ৩ তারিখ শনিবারে পুনরায় হইবেক। এবং ১৮৪৯ সালের ২৪ জুলাই তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখপর্য্যন্ত এই বিষয়ে আসৈনি সাহেবের জমা ও খরচের হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেউলিয়ার ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ২০ মার্চ।

---

The like Notice in the matter of JAMES SIMPSON, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 23d day of January last, to the 6th day of March instant.

দেউলিয়া জেম্‌স সিমসন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের হিসাব গত জানুআরি মাসের ২৩ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখপর্য্যন্ত দাখিল করা গিয়াছে।

---

The like Notice in the matter of GEORGE FRAZER RAILEY, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 22d day of February, 1849, to the 6th day of March instant.

দেউলিয়া জর্জ ফ্রেজর রেলি সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের হিসাব ১৮৪৯ সালের ২২ ফেব্রুআরি তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখপর্য্যন্ত দাখিল করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৩ মার্চ।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেব কর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 30, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৩০ মার্চ।


## ACTS.

[Concluded from page 192.]

ACT No. XIII. OF 1852.

*An Act for consolidating and amending the Regulations of the Calcutta Police.*

Offences how to be tried.

XLIX. Every Justice of the Peace shall be empowered summarily to hear and determine every complaint of an offence committed against this Act, and to convict any person charged with any such offence on the oath of one or more witnesses, or by his own confession, and to award the penalty or punishment herein provided for such offence.

Justices may proceed by summons, and if party does not appear may issue warrant.

L. Upon any information or complaint to be laid or made before any Justice of the Peace (which complaint need not be made upon oath) of any matter which such Justice is authorized to hear and determine, either under this or any other Act or Regulation, he may summon the party charged, and if such party shall not appear according to the tenor of the summons, the Justice, upon proof of the service of the summons, may proceed, in all cases which are not of a criminal nature, if no sufficient cause shall be shown for the non-appearance of the party, to hear and determine the case in the absence of the party, and in all criminal cases shall issue his warrant for apprehending and bringing such party before him, or some other Justice, in order that the said information and complaint may be heard and determined.

[*Government Gazette*, 30*th March*, 1852.]

## আইন।

[১৯২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৩ আইন।

কলিকাতার পোলীসের বিষয়ি আইন সংগ্রহ ও সংশোধন করণের আইন।

[অপরাধের যেরূপে বিচার হইবেক তাহার কথা।]

৪৯ ধারা। প্রত্যেক জন জুষ্টিস অফ দি পীস সাহেবের এই ক্ষমতা হইবেক যে এই আইনের বিরুদ্ধে যে কোন অপরাধ করা যায় সেই অপরাধের নালিশ সরাসরীরূপে শুনেন ও নিষ্পত্তি করেন এবং যে ব্যক্তির নামে সেই অপরাধের বিষয়ে নালিশ হয় সেই ব্যক্তির নিজ কবুলক্রমে অথবা এক কি ততোধিক সাক্ষির শপথক্রমে সেই ব্যক্তিকে দোষী করেন এবং সেই অপরাধের জন্যে এই আইনে যে জরীমানা অথবা দণ্ড নিরূপণ আছে তাহার হুকুম দেন ইতি।

[জুষ্টিস সাহেবেরা সমনক্রমে হাজির করিতে পারিবার এবং আসামী হাজির না হইলে ওয়ারণ্ট দিতে পারিবার কথা।]

৫০ ধারা। এই আইন অথবা অন্য কোন আইনের দ্বারা জুষ্টিস অফ দি পীস সাহেব যে কোন বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এইমত বিষয়ে যখন কোন জুষ্টিস সাহেবের সম্মুখে কোন এজহার বা নালিশ হয় (এবং সেই নালিশ শপথক্রমে করিবার আবশ্যক নাই) তখন ঐ জুষ্টিস সাহেব নালিশগ্রস্ত ব্যক্তির নামে সমন দিতে পারেন এবং যদি সেই ব্যক্তি সেই সমনের হুকুমানুসারে হাজির না হয় এবং যদি সেই বিষয় ফৌজদারীর অপরাধ না হয় এবং যদি সেই সমন জারী হওনের প্রমাণ হয় এবং সেই ব্যক্তির হাজির না হইবার বিষয়ে কোন মাতবর কারণ দর্শান না যায় তবে ঐ ব্যক্তির অবর্ত্তমানে ঐ জুষ্টিস সাহেব মোকদ্দমা শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন। এবং সকল ফৌজদারী মোকদ্দমায় উক্ত এজহার ও নালিশ শুননি ও নিষ্পত্তি হইবার জন্যে জুষ্টিস সাহেব ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিতে এবং আপনার অথবা অন্য কোন জুষ্টিস সাহেবের সম্মুখে আনিতে ওয়ারণ্ট দিতে পারেন ইতি।

**LI.** Every such summons may be served by delivering it or a copy thereof to the party or to his wife, servant, or some inmate of his dwelling, or by delivering it at or affixing it to the door or wall of his usual place of abode.

*How summons may be served.*

**LII.** A Justice of the Peace may, without issuing any summons, forthwith issue his warrant for the apprehension of any person charged with any offence cognizable before him, either under this or any other Act or Regulation, whenever good grounds for so doing shall be stated on oath before him.

*Justices may issue warrant without summons.*

**LIII.** Any Justice may summon any witness to appear and give evidence upon the matter of any offence cognizable before him, either under this or any other Act or Regulation, with which any person shall be charged before him, at a time and place appointed for hearing the information or complaint, and, by warrant under his hand and seal, may require any person to be brought before him who shall neglect or refuse to give evidence at the time and place appointed on such summons, proof upon oath being first given of personal service of the summons upon the person against whom such warrant shall be granted, and such Justice may commit any person coming or brought before him who shall refuse to give evidence, to the Common Gaol of Calcutta, for any time not exceeding fourteen days, or until such person shall sooner submit himself to be examined, and in case of such submission the order of such Justice shall be a sufficient warrant for the discharge of such person.

*May enforce attendance of witnesses.*

**LIV.** When any Justice of the Peace is desirous of examining any prisoner confined in the Great Gaol or House of Correction as a witness or defendant, with respect to any charge, case, or proceeding pending before him, it shall be lawful for such Justice to issue an order in the form contained in Schedule (B) to this Act annexed, or to the like effect, addressed to the keeper or Governor of the said Gaol or House of Correction, requiring him to bring such prisoner in proper custody, at a time to be therein named, to the Police Office, for examination, and the keeper or Governor of the said Gaol or House of Correction, on the receipt of such order, shall act in accordance therewith, and shall take care for the safe custody of the prisoner during his absence from prison for the purpose aforesaid.

*Power to Magistrates to order prisoners to be brought up to the Police Office.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৩০ মার্চ।]

[সমন যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৫১ ধারা। যে ব্যক্তির নামে সমন হয় তাহাকে অথবা তাহার স্ত্রী কি চাকর বা তাহার বসতবাটীনিবাসি কোন ব্যক্তিকে ঐ সমন বা তাহার নকল দেওনের দ্বারা অথবা তাহার সামান্য বাসস্থানে ঐ সমন দেওনের দ্বারা কিম্বা সেই বাসস্থানের দ্বারে বা দেওয়ালে লট্‌কাইবার দ্বারা এরূপ প্রত্যেক সমন জারী হইতে পারে ইতি।

[জুষ্টিস সাহেবেরা সমনবিনা ওয়ারণ্ট জারী করিতে পারিবার কথা।]

৫২ ধারা। জুষ্টিস অফ দি পীস সাহেব এই আইন অথবা অন্য কোন আইনক্রমে যে অপরাধের বিচার করিতে পারেন এইমত অপরাধের বিষয়ে কোন ব্যক্তির নামে নালিশ হইলে ঐ জুষ্টিস সাহেব তাহার নামে সমন না দিয়া যখন ওয়ারণ্ট দিবার উপযুক্ত কারণ শপথপূর্ব্বক তাঁহাকে দর্শান যায় তখন সেই ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে একেবারে ওয়ারণ্ট দিতে পারেন ইতি।

[সাক্ষিরদিগকে হাজির করাওনের কথা।]

৫৩ ধারা। এই আইন অথবা অন্য কোন আইনক্রমে জুষ্টিস সাহেব যে কোন অপরাধের বিচার করিতে পারেন সেই অপরাধের বিষয়ে কোন ব্যক্তির নামে নালিশ হইলে ঐ এজহার অথবা নালিশ শুনিবার জন্যে যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে ও স্থানে কোন সাক্ষিকে হাজির হইতে এবং সেই অপরাধের বিষয়ে সাক্ষ্য দিতে ঐ জুষ্টিস সাহেব সমন করিতে পারেন। এবং যে ব্যক্তি ঐ সমনের নিরূপিত সময় ও স্থানে সাক্ষ্য দিতে ত্রুটি অথবা অস্বীকার করে যদি সেই সমন ঐ ব্যক্তির উপর জারী হওনের বিষয়ে শপথ বা সুকৃতিক্রমে প্রমাণ দেওয়া যায় তবে ঐ জুষ্টিস সাহেব আপনার দস্তখৎ ও মোহর করা ওয়ারণ্টের দ্বারা সেই ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার হুকুম দিতে পারেন। এবং ঐ জুষ্টিস সাহেবের নিকটে যে ব্যক্তি আইসে বা আনীত হয় সেই ব্যক্তি যদি সাক্ষ্য দিতে স্বীকার না করে তবে ঐ জুষ্টিস সাহেব চৌদ্দ দিনের অনধিক মিয়াদপর্য্যন্ত অথবা যাবৎ ঐ ব্যক্তি সাক্ষ্য দিতে স্বীকার না করে তাবৎ তাহাকে কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ করিতে পারেন এবং যদি সেই ব্যক্তি সাক্ষ্য দিতে স্বীকার করে তবে ঐ জুষ্টিস সাহেব হুকুম দিলে সেই হুকুম ঐ ব্যক্তির খালাসের জন্যে প্রচুর ওয়ারণ্ট হইবেক ইতি।

[পোলীসের ঘরে আসামীরদিগকে আনিতে মাজিষ্ট্রেট সাহেবের হুকুম দিবার ক্ষমতার কথা।]

৫৪ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস সাহেব আপনার সম্মুখে উপস্থিত কোন নালিশ বা মোকদ্দমা কি কার্য্যের বিষয়ে বড় জেলখানায় অথবা হরিণবাটীতে কয়েদথাকা কোন ব্যক্তির সাক্ষী বা আসামীস্বরূপ জোবানবন্দী লইতে চাহেন তখন ঐ জুষ্টিস সাহেব এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা তাহার মর্ম্মানুসারে ঐ জেলখানা অথবা হরিণবাটী রাখণিয়াকে কি অধ্যক্ষকে এই মজমুনে হুকুম দিতে পারেন যে তিনি ঐ হুকুমের নির্দ্দিষ্ট সময়ে আসামীর জোবানবন্দীর নিমিত্তে তাহাকে উপযুক্ত তৈনাৎ দিয়া পোলীস ঘরে আনেন। এবং ঐ জেলখানা কি হরিণবাটী রাখণিয়া বা অধ্যক্ষ সেইরূপ হুকুম পাইলে তাহার অনুযায়ি কার্য্য করিবেন এবং পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আসামী জেলখানাহইতে অবর্ত্তমান সময়ে তাহাকে নির্ব্বিঘ্নে রাখিবার জন্যে খবরদারী করিবেন ইতি।

**LV.** All penalties and forfeitures and other sums of money imposed, awarded, or ordered to be paid by any Justice of the Peace under the authority of this Act, and all sums of money which any person is bound to pay under any recognizance taken before a Justice of the Peace or an officer of Police empowered to take recognizances by this Act and afterwards forfeited, in case of non-payment thereof, may be levied by distress and sale of the goods and chattels of the offender or person liable to pay the same, by warrant under the hand of any Justice of the Peace, and in case any such penalty or forfeiture or sum of money shall not be forthwith paid, any Justice may order the party to be detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless such party shall give security to the satisfaction of such Justice for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and the Justice may take such security by way of recognizance or otherwise; and if upon the return of such warrant it shall appear that no such sufficient distress could be had whereon to levy the said penalty, or forfeiture, or sum of money, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of the Justice, by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such penalty, forfeiture, or sum of money could be levied if warrant of distress should be issued, the Justice, by warrant under his hand, may commit such party to the Common Gaol of Calcutta, there to remain for any time not exceeding two Calendar months.

Recovery of penalties and forfeitures.

**LVI.** No conviction, order, or judgment of any Justice of the Peace shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment, in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

Convictions to be quashed on merits only. Form of Conviction, &c.

**LVII.** In the construction of this Act the following words and expressions shall have the several meanings hereby assigned to them, unless there be something in the context or subject repugnant to such construction; that is to say,--

[দণ্ড ও জরীমানা আদায় করিবার কথা।]

৫৫ ধারা। এই আইনের ক্ষমতানুসারে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব যে সকল দণ্ড ও জরীমানা ও অন্যান্য টাকা দিবার হুকুম করিয়াছেন বা ধার্য্য করিয়াছেন তাহা এবং কোন জুষ্টিস অফ দি পীস সাহেব অথবা এই আইনক্রমে মুচলকা লওনের ক্ষমতাপ্রাপ্ত পোলীসের অন্য কোন কর্ম্মকারক যে কোন মুচলকা লন তাহা খেলাফ হইলে যত টাকা কোন ব্যক্তির দিতে হয় সেই সকল টাকা না দেওয়া গেলে সেই টাকা কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে অপরাধি ব্যক্তির অথবা যে ব্যক্তির তাহা দিতে হয় সেই ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা আদায় হইতে পারে। এবং যদি ঐরূপ কোন দণ্ড বা জরীমানা কি টাকা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে ক্রোকী পরওয়ানার রিটর্ণ অর্থাৎ জওয়াবের জন্যে যে স্থান ও সময় নিরূপণ হয় সেই সময় ও স্থানে যদি সেই ব্যক্তি হাজির হইতে জুষ্টিস সাহেবের খাতিরজমামতে জামিন না দেয় তবে কোন জুষ্টিস সাহেব এইমত হুকুম দিতে পারেন যে ঐ ক্রোকী পরওয়ানার রিটর্ণ যাবৎ সুগমমতে না পাওয়া যাইতে পারে তাবৎ সেই ব্যক্তিকে নির্ব্বিঘ্নমতে কয়েদ করা যায়। এবং ঐ জুষ্টিস সাহেব মুচলকাস্বরূপ বা প্রকারান্তরে তাহার হাজির হইবার বিষয়ে জামিন লইতে পারেন। এবং যদি ঐ ওয়ারণ্টের রিটর্ণ হওয়াতে দৃষ্ট হয় যে ঐ দণ্ড অথবা জরীমানা কি টাকা আদায় করিবার জন্যে প্রচুর দ্রব্য ক্রোক হইবার না থাকে এবং যদি সেই টাকা তৎক্ষণাৎ না দেওয়া যায় অথবা যদি ঐ ব্যক্তির কবুলক্রমে কি প্রকারান্তরে ঐ জুষ্টিস সাহেবের খাতিরজমামতে ইহা দৃষ্ট হয় যে ক্রোকী পরওয়ানা জারী করিলেও যাহাতে ঐ দণ্ড বা জরীমানা কি টাকা আদায় হইতে পারে সেই ব্যক্তির এমত প্রচুর জিনিস ও সম্পত্তি নাই তবে ঐ জুষ্টিস সাহেব আপনার দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে ঐ ব্যক্তিকে কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ করিতে পারেন এবং সেই ব্যক্তি সম্পূর্ণ দুই মাসের অনধিক মিয়াদে সেখানে কয়েদ থাকিবেক ইতি।

[দোষীকরণের হুকুম কেবল মোকদ্দমার দোষগুণপ্রযুক্ত রদ হইতে পারিবার এবং দোষীকরণের পাঠপ্রভৃতির কথা।]

৫৬ ধারা। কোন জুষ্টিস অফ দি পীস সাহেব কোন দোষীকরণের আজ্ঞা বা অন্য হুকুম কি ডিক্রী দাঁড়া বা কার্য্যের নিয়মের ব্যতিক্রম হইয়াছে বলিয়া রদ হইবেক না কেবল তাহার দোষগুণপ্রযুক্ত ঐ দোষীকরণের আজ্ঞাপ্রভৃতি রদ হইতে পারে। এবং ঐ দোষীকরণের আজ্ঞা অথবা হুকুম কি ডিক্রী যে প্রমাণের দ্বারা করা গেল তাহা তাহার মধ্যে লিখিবার আবশ্যক হইবেক না। কিন্তু যদি কোন সর্সিওরারির পরওয়ানা হয় তবে সেই পরওয়ানার হুকুমক্রমে জোবানবন্দী অথবা তাহার নকল ঐ দোষীকরণের আজ্ঞা বা হুকুম কি ডিক্রীর সঙ্গে২ পাঠান যাইবেক। এবং ঐ আদালতের সেই বিষয়ে এলাকা ছিল না ইহা যদি দোষীকরণের হুকুম বা আজ্ঞা কি ডিক্রীর দ্বারা দেখা যায় তথাপি যে জোবানবন্দী লওয়া গিয়াছিল তাহাতে যদি ঐ দোষ খণ্ডন হয় তবে ঐ জোবানবন্দীতে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষীকরণের আজ্ঞা অথবা হুকুম কি ডিক্রীর পোষকতা হইবেক ইতি।

৫৭ ধারা। এই আইনের অর্থ করণেতে পশ্চাৎ লিখিত কথা এবং উক্তির যে নানা অর্থ তাহাতে ইহার দ্বারা দেওয়া গেল তাহার সেই অর্থ হইবেক কিন্তু যদি পূর্ব্বাপর কথায় অথবা ভাবে তাহার সেইরূপ অর্থ করণের কিছু প্রতিবন্ধকতা হয় তবে সেই অর্থ করা যাইবেক না বিশেষতঃ।

Words importing the singular number only shall include the plural, and words importing the plural number only shall include the singular.

Words importing the masculine gender only shall include females.

The word "Town" shall include the Town of Calcutta and Settlement of Fort William.

The word "Justice" or "Justices of the Peace" shall mean the Justices of the Peace for the time being acting within and for the said Town of Calcutta and Settlement of Fort William.

The word "Oath" shall mean any oath or solemn affirmation in lieu of an oath.

---

## SCHEDULE A.

### Form 1.

Town of Calcutta. } Be it remembered that on the day in the year *A. B.*, of and *C. D.*, of and *E. F.*, of personally came before me *G. H.*, *Superintendent of Police*, and acknowledged themselves to owe to our Sovereign Lady the Queen; that is to say the said *A. B*, the sum of Rupees *Two Hundred*, and the said *C. D.* and *E. F.* each the sum of Rupees *One Hundred*, separately and of good and lawful money of British India, to be made and levied of their Goods and Chattels, Lands and Tenements respectively, to the use of our said Lady the Queen, Her heirs and successors, if the said *A. B.* shall make default in the condition hereinunder written.

Acknowledged before me

*G. H.*

*Superintendent of Police.*

The condition of the above written recognizance is such that *if the said A. B. shall appear before J. P. Justice of the Peace at* 10 *o'clock in the morning of the day of in the year at the Police Office in Calcutta*, then the said recognizance to be void or else to stand in full force and virtue.

### Form 2.

Town of Calcutta. } Be it remembered that on the day in the year *A. B.* of personally came before me *G. H. Superintendent of Police*, and acknowledged himself to owe to our Sovereign Lady the Queen, the sum of Rupees *Two Hundred*, of good and lawful money of British India, to be made and levied of his Goods and Chattels, Lands and Tenements to the use of our said Lady the Queen, Her heirs and successors, if

এক বচনের কথা বহু বচনেও বুঝাইবেক এবং বহু বচনের কথাও এক বচনে বুঝাইবেক।

পুংলিঙ্গের কথা স্ত্রীকেও বুঝাইবেক।

"শহর" এই কথার মধ্যে কলিকাতা শহর ও ফোর্ট উলিয়মের বসতি বুঝাইবেক।

"জুষ্টিস" অথবা "জুষ্টিস অফ দি পীস সাহেবেরা" এই কথা উক্ত শহর কলিকাতার এবং ফোর্ট উলিয়মের বসতির মধ্যে ও জন্যে সময়ক্রমে যাঁহারা জুষ্টিস অফ দি পীসস্বরূপ কর্ম্ম করেন তাঁহারদিগকে বুঝাইবেক ইতি।

শপথ এই কথা কোন শপথ বা শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা বুঝাইবেক।

---

## A চিহ্নিত তফসীল।

### ১ পাঠ।

শহর কলিকাতা। } স্মরণে রাখিতে হইবেক যে অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসে অমুক স্থানের [A B] এবং অমুক স্থানের [C D] এবং অমুক স্থানের [E F] আমার অর্থাৎ [পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট শ্রী অমুকের] সম্মুখে স্বয়ং উপস্থিত হইল এবং স্বীকার করিল যে আমরা শ্রীশ্রীমতী মহারাণীর এত টাকা ধারি বিশেষতঃ অমুক [A B] ভারতবর্ষের উত্তম ও চলন টাকা [দুই শত] এবং [C D] ও [E F] একেং [এক শত] টাকা। এবং যদি উক্ত [A B] পশ্চাৎ লিখিত নিয়মের বিষয়ে ত্রুটি করে তবে ঐ টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারির ও পদাভিষিক্তের পক্ষে আমারদের জিনিস ও মাল ও ভূমি ও বাটী হইতে উসুল ও আদায় হইবেক।

আমার সম্মুখে স্বীকার করা গেল।

শ্রী অমুক।

পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট।

উপরের লিখিত মুচলকার নিয়ম এই যে [উক্ত A B যদি কলিকাতার পোলীস ঘরে অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসের দশ ঘন্টার সময়ে শ্রীঅমুক জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে হাজির হয়] তবে উক্ত মুচলকা রদ হইবেক নতুবা ঐ মুচলকা সম্পূর্ণরূপে বহাল ও প্রবল থাকিবেক।

### ২ পাঠ।

শহর কলিকাতা। } ইহা স্মরণ করিতে হইবেক যে অমুক স্থানের [A B] অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসে আমার অর্থাৎ [পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীঅমুকের সম্মুখে] স্বয়ং উপস্থিত হইয়া এই স্বীকার করিল যে আমি ভারতবর্ষের উত্তম ও চলন [দুই শত] টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ধারি এবং যদি আমি উক্ত [A B] এই মুচলকার নিয়মের বিষয়ে ত্রুটি করি তবে উক্ত শ্রীশ্রীমতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারি ও পদাভিষিক্তের পক্ষে ঐ টাকা আমার জিনিস ও মাল ও

he, the said *A. B.* shall fail in the condition hereunder written.

Acknowledged before me

*G. H.*

*Superintendent of Police.*

The condition of the above written recognizance is such that *if the said A. B. shall appear before J. P. Justice of the Peace at 10 o'clock in the morning of the day of in the year at the Police Office in Calcutta,* then the said recognizance to be void, or else to stand in full force and virtue.

Note.—The words and figures in Italics in this Schedule to be filled up as the case may be.

---

SCHEDULE B.

FORM OF ORDER.

To *A. B., Keeper of the Great Gaol of Calcutta or Governor of the House of Correction as the case may be.*

Bring before me in safe custody on the day of in the year *C. D.*, a prisoner now in the (*Great Gaol or House of Correction as the case may be*) in order that the said *C. D.*, may be examined by me as a (*witness or defendant*) with respect to (*here state the charge, case or proceeding in respect of which the evidence of the prisoner is required.*)

*E. F.*

*Justice of the Peace.*

FRED. JAS. HALLIDAY,

*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

LEGISLATIVE,

THE 20TH FEBRUARY, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 20th February 1852, is hereby promulgated for general information:

ACT No. XII. OF 1852.

*An Act to repeal Act No. II. of 1848, and to confer certain powers on the Commissioners for the Improvement of the Town of Calcutta.*

Whereas by Section LXV. of Act No. X. of 1852, it is, among other things, enacted that certain funds therein mentioned should be applied by the Commissioners for the Improvement of the Town of Calcutta in cleansing, improving and embellishing the said Town: And whereas it is expedient that the said Commissioners should be invested with further powers for the effectual accomplishment of the purposes aforesaid, It is hereby enacted as follows:

I. Act II. of 1848, and the Bye-Laws made in pursuance thereof, and the Regulation for the Good

ভূমি ও বাটীহইতে উসুল ও আদায় হইবেক।

আমার সম্মুখে স্বীকার করা গেল

শ্রী অমুক।

পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট।

উপরের লিখিত মুচলকার নিয়ম এই যে [উক্ত A B যদি কলিকাতার পোলীস ঘরে অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসের দশ ঘন্টার সময়ে শ্রী অমুক জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে হাজির হয়] তবে উক্ত মুচলকা রদ হইবেক নতুবা ঐ মুচলকা সম্পূর্ণরূপে বহাল ও প্রবল থাকিবেক।

মন্তব্য। এই তফসীলে যে২ কথা [ ] এই চিহ্নের মধ্যে দেওয়া গিয়াছে তাহা বিষয় বিশেষে বদল করিতে হইবেক।

---

B চিহ্নিত তফসীল।

হুকুমের পাঠ।

কলিকাতার বড় জেলখানার রক্ষক অথবা বিষয় বিশেষে হরিণবাটীর অধ্যক্ষ বরাবরেষু।

যে C D এক্ষণে (বড় জেলখানার অথবা বিষয় বিশেষে হরিণবাটীতে) কয়েদ আছে সেই ব্যক্তির অমুক বিষয়ে (এই স্থানে যে নালিশ বা মোকদ্দমা বা কার্য্যের বিষয়ে আসামীর সাক্ষ্যের আবশ্যক আছে তাহা লিখিতে হইবেক) সাক্ষী বা আসামীস্বরূপ তজবীজ হওনার্থ তাহাকে অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসে নির্বিঘ্নে আমার নিকটে আন।

শ্রী অমুক।

জুষ্টিস অফ দি পীস।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ২০ ফেব্রুআরি।

ভরতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২০ ফেব্রুআরি তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১২ আইন।

১৮৪৮ সালের ২ আইন রদ করিবার এবং শহর কলিকাতা উত্তম করণার্থ কমিসানরদিগকে কোন২ ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক ১৮৫২ সালের ১০ আইনের ৬৫ ধারার দ্বারা যেমন অন্যান্য বিষয়ের হুকুম হইয়াছিল তেমনি এই বিষয়ের হুকুম হইয়াছিল যে তাহার মধ্যের নির্দ্দিষ্ট কতক২ টাকা শহর কলিকাতা উত্তম করণার্থ কমিসানর সাহেবেরা ঐ শহর পরিষ্কার করণ ও উত্তম ও শোভা করণার্থে ব্যয় করিবেন। এবং যেহেতুক উক্ত অভিপ্রায় সফলরূপে সিদ্ধ করণার্থে ঐ কমিসানর সাহেবদিগকে অধিক ক্ষমতা দেওয়া উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪৮ সালের ২ আইন এবং তাহার অনুক্রমে যে সকল বিধান হইয়াছিল তাহা এবং বাঙ্গলা

Order and Civil Government of the Settlement of Fort William in Bengal, passed in Council, on the 28th day of October 1814, are hereby repealed. Act X. of 1852, repealing Act XVI. of 1847, shall not be construed so as to revive Act XXIV. of 1840.

Commissioners to appoint Surveyors and other Officers.

II. The said Commissioners may, subject to confirmation or disallowance by the Governor of Bengal, nominate, appoint and employ, respectively, such Surveyors, Inspectors and other necessary Officers and Servants as may be necessary or proper for the execution of the powers hereby vested in them ; and such Surveyors, Inspectors, Officers and Servants shall receive such salaries as to the Governor of Bengal shall seem meet.

Commissioners to have management and control over streets, drains, &c.

III. The management and control over all the streets within the said Town of Calcutta, existing at the time of the passing of this Act, and of all parts of the said Town which shall hereafter become streets, and the pavements and other materials therein, and all erections and buildings, materials, implements or other things provided for the said streets by or under the authority of the Governor of Bengal, or by the Magistrates of Calcutta, or by the said Commissioners, and also the management and control of all public tanks, aqueducts and canals, and of all sewers and drains, whether public or private, now made or hereafter to be made within the said Town, are hereby vested in the said Commissioners for the purposes of this Act.

Commissioners empowered to make or widen or stop up streets.

IV. The said Commissioners, by and with the consent of the Governor of Bengal, may lay out, make, build and construct streets, and may alter and widen narrow streets, and may turn, divert, discontinue or stop up streets, within the said Town, regard being had to the compensation of owners of lands which may be required to be vested in the said Commissioners for any such purposes, and of owners of lands which may be damaged or deteriorated in value by the turning, diverting, discontinuing, or stopping up of any such streets,—and, in case of dispute, the amount of such compensation shall be ascertained and paid in the manner and according to the provisions contained in Act XXII. of 1847, which is hereby declared to be applicable to all claims for compensation made in respect of any acts done by the said Commissioners under the authority of this Act. Provided always, that it shall not be lawful for the said Commissioners, or any other person, to make or lay out any new street, unless the same,

দেশস্থ ফোর্ট উলিয়মের বসতির উত্তম রীতি ও সুশাসন করণার্থে যে আইন ১৮১৪ সালের ২৮ অকটোবর তারিখে হজুর কৌন্সেলে জারী হইয়াছিল তাহা ইহার দ্বারা রদ হইল। ১৮৫২ সালের ১০ আইনের দ্বারা ১৮৪৭ সালের ১৬ আইন রদ হইয়াছে কিন্তু তাহার এই অর্থ করিতে হইবেক না যে তদ্দ্বারা ১৮৪০ সালের ২৪ আইন পুনরায় বহাল হইল ইতি।

[কমিস্যনরেরা সরবেয়র ও অন্য কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কথা।]

২ ধারা। উক্ত কমিস্যনর সাহেবদিগের প্রতি ইহার দ্বারা যে কার্য্যের ক্ষমতা অর্পণ হইল সেই কার্য্য নির্ব্বাহের জন্যে যে২ সরবেয়র ও ইনস্পেক্টর ও অন্যান্য আবশ্যক আমলা ও চাকরের প্রয়োজন অথবা উচিত বোধ হয় তাঁহারদিগকে ঐ কমিস্যনর সাহেবেরা মনোনীত ও নিযুক্ত করিতে ও খাটাইতে পারেন। কিন্তু তাহার বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের মঞ্জুর বা নামঞ্জুর করণের অপেক্ষা থাকিবেক। এবং যে২ মাহিয়ানা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব উচিত বোধ করেন তাহা ঐ সরবেয়র ও ইনস্পেক্টর ও আমলা ও চাকরেরা পাইবেন ইতি।

[রাস্তা ও নরদমাপ্রভৃতির সরবরাহের ভার ও কর্ত্তৃত্ব কমিস্যনরদিগের প্রতি অর্পণ করণের কথা।]

৩ ধারা। এই আইন জারী হইবার সময়ে উক্ত শহর কলিকাতায় যে সকল রাস্তা থাকে তাহার এবং উত্তর কালে ঐ শহরের যে সকল ভাগে রাস্তা করা যায় সেই ভাগের এবং তাহার উপর যে সকল শান পাতর ও অন্য সরঞ্জাম থাকে তাহার এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের অথবা কলিকাতার মাজিষ্ট্রেট সাহেবেরদের কি উক্ত কমিস্যনর সাহেবদিগের দ্বারা কি তাঁহারদের ক্ষমতাক্রমে ঐ রাস্তার জন্যে যে সকল গাঁথনি ও এমারৎ ও সরঞ্জাম ও হোতিয়ার অথবা অন্য দ্রব্য প্রস্তুত করা যায় তাহার সরবরাহের ভার ও কর্ত্তৃত্ব এবং যে সকল সরকারী পুষ্করিণী ও জলপথ ও খাল এবং সরকারের বা সাধারণ ব্যক্তির যে সকল নরদমা ও মোরী ঐ শহরের মধ্যে এক্ষণে প্রস্তুত আছে বা উত্তর কালে প্রস্তুত হয় সেই সকলের সরবরাহের ভার ও কর্ত্তৃত্ব এই আইনের অভিপ্রায়ের জন্যে উক্ত কমিস্যনর সাহেবদিগের প্রতি অর্পণ হইল ইতি।

[কমিস্যনরেরা রাস্তা চৌড়া করিতে বা বুজাইতে পারিবার কথা।]

৪ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের অনুমতিক্রমে উক্ত শহরের মধ্যে রাস্তা তৈয়ার ও প্রস্তুত ও নির্ম্মাণ করিতে পারেন এবং রাস্তার পরিবর্ত্তন করিতে পারেন এবং অপ্রশস্ত রাস্তা চৌড়া করিতে পারেন এবং রাস্তা ফিরাইতে ও অন্য দিগে লইয়া যাইতে পারেন এবং তাহা রহিত অথবা বন্দ করিতে পারেন। কিন্তু উক্ত অভিপ্রায়ের জন্যে উক্ত কমিস্যনর সাহেবদিগের প্রতি যে ভূমি অর্পণ করিবার আবশ্যক হইবেক সেই ভূমির মালিকদিগের এবং ঐরূপ রাস্তা ফিরাওন বা অন্য দিগে চালাওন কি রহিত বা বন্দ করণের দ্বারা যে২ ভূমির ক্ষতি কি মুল্যের কমতি হয় সেই২ ভূমির মালিকদিগের ক্ষতি পূরণের বিষয়ে দৃষ্টি রাখিয়া কার্য্য করিতে হইবেক। এবং যদি কোন বিবাদ হয় তবে ঐ ক্ষতি পূরণের টাকার সংখ্যা ১৮৪৭ সালের ২২ আইনের বিধির নিরূপিতমতে নির্ণয় হইবেক ও দেওয়া যাইবেক। এবং ইহার দ্বারা হুকুম হইল যে এই আইনের ক্ষমতানুসারে উক্ত কমিস্যনর সাহেবেরা যে কোন কার্য্য করেন তাহার বাবৎ ক্ষতিপূরণের যে সকল দাওয়া হয় তাহার বিষয়ে ঐ ১৮৪৭ সালের ২২ আইন খাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কমিস্যনর সাহেবেরা অথবা অন্য কোন ব্যক্তি যদি কোন

being a carriage road, be at least 50 feet wide, exclusive of the drains at the sides thereof, or not being a carriage road, be at least 20 feet wide, exclusive of the drains at the sides thereof.

নূতন রাস্তা তৈয়ার অথবা প্রস্তুত করেন এবং তাহা গাড়ির রাস্তা হয় তবে উভয় দিগে নরদমাছাড়া তাহা পঞ্চাশ ফুটের কম চৌড়া হইবেক না অথবা গাড়ির রাস্তা না হইলে উভয় দিগের নরদমা ছাড়া কুড়ি ফুটের কম চৌড়া হইবেক না ইতি।

Power to Commissioners to pave and water streets, &c., erect pumps, &c., and make convenient tanks, &c.

V. The said Commissioners, with the consent and approbation of the Governor of Bengal, shall pave, metal and water such of the public streets existing in the said Town at the time of the passing of this Act, or at any future time, as they shall think fit; and it shall be lawful for the said Commissioners to excavate and provide convenient tanks or runs of water through the said Town, and to sink wells, and lay, erect, and place pipes, gutters, conduits and pumps in any of the said streets, and may remove and alter the same when and in such manner the said Commissioners shall think proper.

[কমিসানরেরা রাস্তাপ্রভৃতি পাকা করিতে পারিবার ও তাহাতে জল দিতে পারিবার ও বোমাপ্রভৃতি ও উপযুক্ত পুষ্করিণীপ্রভৃতি করিতে পারিবার কথা।]

৫ ধারা। এই আইন জারীহওনের সময়ে অথবা উত্তর কালে উক্ত শহরের মধ্যে থাকা যে২ সরকারী রাস্তা উক্ত কমিসানর সাহেবেরা উচিত বোধ করেন সেই২ সরকারী রাস্তায় তাঁহারা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের সম্মতি ও অনুমতিক্রমে শান পাতর দিতে পারেন ও তাহাতে খোআপ্রভৃতি ও জল দিতে পারেন। এবং শহরের মধ্যে উপযুক্ত পুষ্করিণী খনন অথবা জলের প্রবাহ প্রস্তুত করিতে এবং উক্ত কোন রাস্তায় চৌবাচ্চা খনন করিতে পারেন এবং চুঙ্গি ও নরদমা ও জলপথ ও বোমা নির্ম্মাণ করিতে ও স্থাপন করিতে ও রাখিতে পারেন এবং উক্ত কমিসানর সাহেবেরা যে সময়ে এবং যেমত উচিত বোধ করেন সেই সময়ে ও সেই মতে সেই সকল উঠাইয়া লইতে এবং মতান্তর করিতে পারেন ইতি।

Power to Commissioners to purchase lands, &c., for the purposes of this Act.

VI. The said Commissioners, by and with the consent of the said Governor of Bengal, may, by agreement or in conformity with the provisions of Act XXII. of 1847, purchase or take absolutely or on lease, for such terms as they may think fit, any water-works, streams of water, lands, fixtures or other property which the said Commissioners may deem it necessary to purchase, or take for any work or purpose which they are required or authorized to do and execute under this Act, or the said Act No. X. of 1852, and when the said Commissioners take and purchase any lands for the purposes of this Act otherwise than with the consent of the owners and occupiers thereof, they shall, in exercising the powers so given, be subject to the provisions and restrictions contained in the said Act No. XXII. of 1847; and the said Commissioners shall make to the owners and occupiers of and all other parties interested in any such lands taken for the purposes of this Act, full compensation for the value of the lands so taken, and for all damages sustained by such owners, occupiers and other parties by reason of the exercise, as regards such lands, of the powers vested in the Commissioners by this Act; and the amount of such compensation shall be determined in the manner provided by the said Act No. XXII. of 1847, for determining questions of compensation with regard to lands purchased or taken under the provisions thereof; and all the provisions of the said Act No. XXII. of 1847, shall be applicable to determine the amount of any such compensation, and to enforce the payment or other satisfaction thereof.

[*Government Gazette*, 30*th March*, 1852.]

[এই আইনের অভিপ্রায়ের জন্যে কমিসানরেরদের ভূমিপ্রভৃতি খরীদ করিতে পারিবার কথা।]

৬ ধারা। উক্ত কমিসানর সাহেবদিগকে এই আইনক্রমে অথবা ১৮৫২ সালের ১০ আইনক্রমে যে কোন কর্ম্ম বা কার্য্য করিতে হুকুম বা ক্ষমতা দেওয়া গেল সেই কর্ম্মের জন্যে যে কোন জলযন্ত্র বা জলের স্রোত কি ভূমি বা বসান দ্রব্য কিম্বা অন্য সম্পত্তি খরীদ করিতে অথবা লইতে তাঁহারা আবশ্যক বোধ করেন সেই সকল জলযন্ত্রপ্রভৃতি উক্ত কমিসানর সাহেবেরা উক্ত বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের সম্মতিক্রমে বন্দোবস্তের দ্বারা অথবা ১৮৪৭ সালের ২২ আইনের বিধির অনুসারে যে নিয়মে উচিত বোধ করেন সেই নিয়মে খরীদ করিতে অথবা চূড়ান্তরূপে লইতে কি ভাড়া করিতে পারেন। এবং যখন উক্ত কমিসানর সাহেবেরা এই আইনের অভিপ্রায়ের জন্যে ভূমির মালিক ও দখীলকারেরদের অনুমতি বিনা অন্য কোন প্রকারে কোন ভূমি লন ও খরীদ করেন তখন তাঁহারা সেইরূপ দত্ত ক্ষমতানুসারে কার্য্যকরণেতে ১৮৪২ সালের উক্ত ২২ আইনে যে সকল বিধি ও নিষেধ আছে তাহার অধীন হইয়া কার্য্য করিবেন। এবং এই আইনের অভিপ্রায়ের জন্যে যে সকল ভূমি লওয়া যায় তাহার মালিক ও দখীলকারকে এবং অন্য যে সকল ব্যক্তির সেই ভূমিতে লাভ নোকসান থাকে তাহারদিগকে সেইরূপে লওয়া ভূমির মূল্যের জন্যে উক্ত কমিসানর সাহেবেরা সম্পূর্ণ টাকা দিবেন। এবং সেই ভূমি সম্পর্কে এই আইনের দ্বারা কমিসানর সাহেবদিগের প্রতি অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করণেতে ঐ সকল মালিক ও দখীলকার ও অন্য ব্যক্তিদিগের যে সকল নোকসান হয় তাহার জন্যে উক্ত কমিসানর সাহেবেরা সম্পূর্ণ ক্ষতিপূরণ করিয়া দিবেন। এবং ১৮৪৭ সালের ২২ আইনানুসারে খরীদহওয়া অথবা লওয়া ভূমির সম্পর্কে টাকা দেওনের বিষয় নির্ণয় করণার্থে ঐ আইনে যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে সেই টাকার সংখ্যা নির্ণয় হইবেক। এবং ১৮৪৭ সালের উক্ত ২২ আইনের সকল বিধি ঐরূপ কোন টাকার সংখ্যা নির্ণয় করণার্থে এবং সেই টাকা কি অন্য টাকা বলপূর্ব্বক দেওনার্থে খাটিবেক ইতি।

Power to Commissioners to sell lands, &c.

**VII.** The Commissioners, by and with the consent of the Governor of Bengal, may sell or dispose of any lands or other property vested in or acquired by them under the powers herein, or in the said Act No. XXII. of 1847, contained, which it may appear to the Commissioners may be properly sold or disposed of; and for completing and carrying any such sale of lands into effect, the Commissioners may make and execute a conveyance of the lands sold and disposed of as aforesaid unto the purchaser or as he shall direct, and such conveyance shall be under the hands of three of the Commissioners, and under the seal of the Commissioners, and a receipt, under the hands of three of the Commissioners, shall be a sufficient discharge to the purchaser of any such lands for the purchase money in such receipt expressed to be received, and the money to arise from such sale shall be applied to such of the purposes of this Act as the Commissioners shall think fit.

Power to Commissioners to improve and cleanse or to discontinue drains, &c.

**VIII.** The said Commissioners may, from time to time as they shall see fit, widen, deepen, embank, alter, arch over, amend, clean and scour out all or any of the sewers or drains within the said Town as may be necessary, and also cleanse and drain off into any sewers or drains, and fill up and level or otherwise abate all stagnant pools, ditches, tanks and other receptacles of foul water and filth existing within the said Town, whether the same be the private property of any person or persons or otherwise, and the said Commissioners, if they shall think fit, may take up, stop, fill in, and discontinue any sewers or drains which they shall deem useless or unnecessary; Provided always that the expenses incurred in respect of any such works done or executed on the private property of any person, if not defrayed by such person on demand thereof, may be recovered by distress and sale of the goods and chattels of such person, and any two of the said Commissioners may issue their warrant of distress accordingly.

Power to Commissioners to enter, examine, and lay open houses, lands, &c., for that purpose. Compensation in certain cases.

**IX.** Every Commissioner and the Surveyor to the Commissioners, with such subordinate officers or persons as they may require shall, when it shall be necessary or convenient for the purpose of making any survey or examination of any sewers or drains, or of making or repairing or cleansing any sewers, drains, or works within the said Town, or of carrying into execution any of the powers entrusted to the Commissioners by this Act, or Act

[কমিস্যনরেরা ভূমিপ্রভৃতি বিক্রয় করিতে পারিবার কথা।]

৭ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরদের প্রতি এই আইনের ক্ষমতানুসারে অথবা ১৮৪৭ সালের উক্ত ২২ আইনের লিখিত ক্ষমতানুসারে যে কোন ভূমি অথবা অন্য সম্পত্তি অর্পণ হয় অথবা তাঁহারা যে ভূমিপ্রভৃতি প্রাপ্ত হন সেই ভূমির যে ভাগ উক্ত কমিস্যনর সাহেবেরা বিক্রয় অথবা হস্তান্তর করা উচিত বোধ করেন তাহা তাঁহারা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের সম্মতিক্রমে বিক্রয় অথবা হস্তান্তর করিতে পারেন। এবং সেই ভূমির বিক্রয় সম্পূর্ণ ও সিদ্ধ করণার্থে ঐ কমিস্যনর সাহেবেরা পূর্ব্বোক্তমতে বিক্রয় ও হস্তান্তর করা ভূমির এক বিক্রয়পত্র খরীদারকে লিখিয়া দিতে পারেন অথবা ঐ খরীদার যেমত চাহেন সেই মত সেই ভূমি তাঁহাকে দিতে পারেন। এবং ঐ বিক্রয়পত্রেতে তিন জন কমিস্যনর সাহেবের দস্তখৎ থাকিবেক ও তাঁহারদের মোহর থাকিবেক এবং রসীদে যে টাকা পাওনের বিষয় লেখা থাকে সেই খরীদের টাকার তিন জন কমিস্যনর সাহেব আপনারদের দস্তখৎকরা এক রসীদ দিলে তাহা ঐ ভূমির খরীদারের সম্পূর্ণ ফারখৎ হইবেক। এবং যে টাকা ঐ বিক্রয়ের দ্বারা পাওয়া যায় তাহা এই আইনের যে অভিপ্রায় কমিস্যনর সাহেবেরা উচিত বোধ করেন সেই অভিপ্রায়ের জন্যে ব্যয় হইবেক ইতি।

[নরদমাপ্রভৃতি উত্তম ও পরিষ্কার করিতে কি নিবৃত্ত করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

৮ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা যেমত আবশ্যক বোধ করেন সেইমতে উক্ত শহরের মধ্যের সকল অথবা কোন মোরী কিম্বা নরদমা চৌড়া বা গহেরা করিতে পারেন বা তাহাতে আলি দিতে কি মতান্তর করিতে বা তাহার উপর খিলান করিতে পারেন ও তাহা সময়ক্রমে মেরামৎ ও পরিষ্কার ও ধৌত করিতে পারেন। এবং উক্ত শহরের মধ্যে যে সকল অপ্রবাহ খাই ও নরদমা ও পুষ্করিণী কি দুর্গন্ধ জল ও ময়লার আধার থাকে তাহা কোন ব্যক্তি বা ব্যক্তিদিগের নিজ সম্পত্তি হউক বা অন্য প্রকার সম্পত্তি হউক সেই খাইপ্রভৃতি পরিষ্কার করিতে এবং তাহার ময়লা উক্ত কোন মোরী বা নরদমার মধ্যে চালাইতে পারেন ও তাহা বুজাইতে ও তাহা সমভূমি অথবা অন্য কোন প্রকারে নিবৃত্ত করিতে পারেন। এবং উক্ত কমিস্যনর সাহেবেরা উচিত বোধ করিলে যে কোন মোরী কি নরদমা তাঁহারদের বোধে অকর্ম্মণ্য অথবা অনাবশ্যক হয় তাহা উঠাইয়া ফেলিতে কি বন্দ করিতে ও বুজাইতে ও রহিত করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐরূপ যে কোন কর্ম্ম কোন ব্যক্তির নিজ ভূমির উপর করা যায় সেই কর্ম্মের খরচ যদি দাওয়া হইলেই ঐ ব্যক্তি না দেয় তবে তাহার জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা আদায় হইতে পারে। এবং উক্ত কোন দুই কমিস্যনর সাহেব তদনুযায়ি আপনারদের ক্রোকী পরওয়ানা দিতে পরেন ইতি।

[তন্নিমিত্তে বাটী ও ভূমিপ্রভৃতিতে প্রবেশ করিতে ও তাহা তহকীক করিতে ও তাহা খোলাসা করিতে ঐ কমিস্যনরেরদের ক্ষমতার কথা]

[কোন২ গতিকে ক্ষতিপূরণের টাকা দেওনের কথা।]

৯ ধারা। যখন কোন মোরী অথবা নরদমা দেখনার্থে কি তহকীক করণার্থে কি উক্ত শহরের মধ্যে কোন মোরী অথবা নরদমা কি কোন কর্ম্ম মেরামৎ কিম্বা পরিষ্কার করণার্থে অথবা এই আইন কি ১৮৫২ সালের ১০ আইনের দ্বারা কমিস্যনর সাহেবেরদের প্রতি অর্পিত কোন ক্ষমতানুসারে কার্য্য করণার্থে আবশ্যক অথবা উপযুক্ত হয় তখন প্রত্যেক কমিস্যনর সাহেব ও কমিস্যনরেরদের সরবেয়রের এইমত সম্পূর্ণ ক্ষমতা ও শক্তি থাকিবেক যে যত তাবেদার আমলা কি ব্যক্তিদিগের তাঁহার-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৩০ মার্চ।]

No. X. of 1852, have full power and authority, at all reasonable hours in the day-time, to enter, examine, and lay open, or to direct their subordinate officers to enter, examine and lay open, any house, building or other erection, or any lands, without being liable to any action at Law or Suit in Equity, or any other legal proceedings or molestation whatsoever, for or on account of such entry, examination, or wc ks, or of any thing done, or to be done in any part of such house, building, erection or land in pursuance of this Act; Provided always, that except in cases of emergency, none of the persons above mentioned shall enter, examine or lay open any house, building or other erection, or lands which may be occupied at the time, unless with the consent of the occupier thereof, without previously giving the said occupier twenty-four hours' notice of their intended entry and of the object thereof; Provided also, that compensation shall be made for any damage occasioned by such entry and works to all persons other than the owners and occupiers of any land or building in respect of which any private drain or sewer, or the state of drainage shall be inspected, cleansed, or repaired, and other than the owners or occupiers of any premises where any nuisance may exist, and other than the person who may have cause such nuisance; and provided also, that in case no nuisance shall be found to exist in or on the house, building or other erection, or lands so entered, examined and laid open as aforesaid, the said Commissioners shall, out of the rates and taxes aforesaid, cause the said house, building, or other erection, or lands, to be restored to the same state and condition in all respects as the same were in before they were so entered, examined or laid open.

দের প্রয়োজন হয় তত তাবেদার আমলা কি ব্যক্তিদিগকে সঙ্গে লইয়া দিবাভাগে সকল উপযুক্ত সময়ে কোন ঘর বা এমারৎ কি অন্য গাঁথনি অথবা কোন ভূমিতে প্রবেশ ও তহকীক এবং খোলাসা করেন অথবা তাঁহারদের অধীন কর্ম্মকারকদিগকে তাহাতে প্রবেশ করিতে ও তদারক করিতে ও খোলাসা করিতে হুকুম দেন। এবং এইরূপ প্রবেশ করণের ও তদারক করণের বিষয়ে ও কর্ম্মের বিষয়ে অথবা এই আইনানুযায়ি ঐরূপ কোন ঘর বা এমারৎ কি গাঁথনি বা ভূমির কোন ভাগে যে কোন কর্ম্ম করা যায় বা করিতে হয় তাহার বিষয়ে আইন অথবা একুটিপক্ষে তাঁহারা কোন নালিশের যোগ্য হইবেন না অথবা তাঁহারদের বিরুদ্ধে আইনসম্পর্কীয় অন্য কোন কার্য্য হইবেক না কি কোন প্রকারে তাঁহারদিগকে উত্যক্ত করা যাইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে অত্যাবশ্যক না হইলে পূর্ব্বোক্ত যে কোন ঘর বা এমারৎ বা অন্য গাঁথনি কি ভূমিতে তৎসময়ে কোন ব্যক্তি থাকে সেই ঘরপ্রভৃতির মধ্যে দখীলকারের অনুমতি বিনা এইরূপ প্রবেশ করণের মানস ও তাহার অভিপ্রায়ের সম্বাদ চব্বিশ ঘণ্টার পূর্ব্বে ঐ দখীলকারকে না দিলে উক্ত প্রকার কোন ব্যক্তি ঐ ঘরপ্রভৃতির মধ্যে প্রবেশ করিতে অথবা তাহা তহকীক করিতে কি খোলাসা করিতে পারিবেন না। এবং জানা কর্ত্তব্য যে যে কোন ভূমি বা এমারতের সম্পর্কে কোন ব্যক্তির মোরী অথবা নরদমা কিম্বা নরদমার অবস্থা তহকীক কি পরিষ্কার কিম্বা মেরামৎ হয় সেই ভূমিপ্রভৃতির মালিক ও দখীলকার ছাড়া অন্য সকল ব্যক্তির এবং যে কোন বাটীতে কোন অপকারক বিষয় থাকে সেই বাটীর মালিক অথবা দখীলকার ছাড়া অন্য সকল ব্যক্তির এবং যে ব্যক্তি ঐ অপকারক কর্ম্ম করিয়াছে সেই ব্যক্তি ছাড়া অন্য সকল ব্যক্তির ঐরূপ প্রবেশ ও কর্ম্ম করণের দ্বারা যে কোন ক্ষতি হইয়া থাকে সেই ক্ষতিপূরণের টাকা তাহাকে দেওয়া যাইবেক। এবং জানা কর্ত্তব্য যে যে ঘর ও এমারৎ অথবা অন্য গাঁথনি বা ভূমিতে সেইরূপ প্রবেশ করা যায় ও তদারক হয় ও খোলাসা করা যায় সেই ঘরপ্রভৃতির মধ্যে বা তাহার উপর যদি কোন অপকারক বিষয় না পাওয়া যায় তবে উক্ত কমিস্যনর সাহেবেরা পূর্ব্বোক্ত কর ও টাক্সের টাকা হইতে ঐ ঘর বা এমারৎ বা অন্য গাঁথনি কি ভূমি সেইরূপ প্রবেশ অথবা তদারক বা খোলাসা হওনের পূর্ব্বে যেমতে ও যে অবস্থায় ছিল সর্ব্বতোভাবে সেইমতে ও সেই অবস্থায় তাহা পুনর্ব্বার রাখিবেন ইতি।

[ভগ্নাবস্থা অথবা শঙ্কাজনক এমারতের বিষয়ে কমিস্যনরেরদের ক্ষমতার কথা]

Power to Commissioners in case of ruinous or dangerous buildings.

X. If any house, building, or wall, or anything affixed thereon within the limits of the said Town, be deemed by the Commissioners or their Surveyor to be in a ruinous state, or likely to fall, and also dangerous to passengers or the occupiers of neighbouring buildings, such Surveyor shall immediately cause a proper boa'd or fence to be put up for the protection of passengers, and shall cause notice in writing to be given to the owner of such house, building, or wall, or other thing, if he be known and resident within the said limits, and shall also cause such notice to be put on the door or other conspicuous part of the said premises, or otherwise to be given to the occupier thereof (if any), requiring such owner or occupier forthwith to take down, secure, or repair such house, building, wall, or other thing, as the case shall require; and if such owner or occupier do not begin to repair,

১০ ধারা। যদি ঐ কমিস্যনর সাহেবেরা অথবা তাঁহারদের সরবেয়র বোধ করেন যে উক্ত শহরের সীমার মধ্যে কোন ঘর কি এমারৎ বা দেওয়াল বা তাহার উপর দেওয়া কোন দ্রব্য নষ্ট অবস্থায় আছে কি তাহা পড়িবার সম্ভাবনা আছে এবং তাহার দ্বারা পথিক ব্যক্তিদিগের অথবা নিকটস্থ বাটীর দখীলকারেরদের শঙ্কা হইতে পারে তবে ঐ সরবেয়র তৎক্ষণাৎ পথিকেরদের রক্ষার জন্যে উপযুক্ত তক্তা অথবা বেড়া দিতে হুকুম করিবেন এবং ঐ ঘর বা এমারৎ কি দেওয়াল বা অন্য দ্রব্যের মালিক যদি জানা থাকে এবং যদি সেই সীমাসরহদ্দের মধ্যে বাস করে তবে সেই ঘরপ্রভৃতির মালিককে লিখনের দ্বারা এক এত্তেলা দেওয়াইবেন এবং সেই প্রকার এত্তেলানামা উক্ত বাটীর দ্বারের উপর অথবা সকলের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কাইবেন অথবা দখীলকার থাকিলে তাহাকে প্রকারান্তরে এত্তেলা দিবেন এবং ঐ এত্তেলানামাতে এই হুকুম থাকিবেক যে ঐ মালিক অথবা দখীলকার তৎক্ষণাৎ যেমত আবশ্যক হয় সেইমতে ঐ ঘর বা এমারৎ কি দেওয়াল কিম্বা অন্য দ্রব্য ভাঙ্গিয়া ফেলে বা তাহা মজবুত করে কি মেরামৎ করে। এবং

take down, or secure such house, building, wall, or other thing, within the space of three days after such notice has been given or put up as aforesaid, and complete the same as speedily as the nature of the case will admit, the said Commissioners shall, with all convenient speed, cause all or so much of such house, building, wall, or other thing, as shall be in a ruinous condition, or likely to fall, and also dangerous as aforesaid, to be taken down, repaired, rebuilt or otherwise secured in such manner as shall be requisite; and all the expenses of putting up every such fence, and of taking down, repairing, rebuilding or securing such building, wall, or other thing, shall be paid by the owner thereof, if such owner can be found within the said limit; and if, on demand of the expenses aforesaid, he neglect or refuse to pay the same, then such expenses may be levied by distress on the goods and chattels of the owner of the said house, building, wall, or other thing, and any two Commissioners may issue their warrant of distress accordingly.

XI. If any such house, building, wall, or other thing, or any part of the same, be pulled down by virtue of the powers aforesaid, the Commissioners may sell the materials thereof, or so much of the same as shall be pulled down, and apply the proceeds of such sale in payment of the expenses incurred in respect of such house, building, wall, or other thing, and the Commissioners shall restore any overplus arising from such sale to the owner of such house, building, wall, or other thing on demand; nevertheless the Commissioners, although they sell such materials for the purposes aforesaid, shall have the same remedies for compelling the payment of so much of the said expenses as may remain due after the application of the proceeds of such sale, as are hereinbefore given to them for compelling the payment of the whole of the said expenses.

[To be Continued.]

ঐ মালিক বা দখীলকারকে ঐরূপ এত্তেলানামা পূর্ব্বোক্তমতে দেওয়া গেলে বা লট্‌কান হইলে পর যদি তিন দিনের মধ্যে সেই ব্যক্তি ঐ ঘর বা এমারৎ কি দেওয়াল বা অন্য দ্রব্য মেরামৎ করিতে বা ভাঙ্গিয়া ফেলিতে কি মজবুত করিতে আরম্ভ না করে এবং যত শীঘ্র সাধ্য তত শীঘ্র তাহা সম্পন্ন না করে তবে ঐ কমিস্যনর সাহেবেরা যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র যে ঘর বা এমারৎ বা দেওয়াল কি অন্য দ্রব্যের সমুদায় অথবা যে ভাগ ভগ্নাবস্থায় আছে অথবা পড়িবার সম্ভাবনা আছে এবং পূর্ব্বোক্তমতে শঙ্কাজনক আছে তাহা ভাঙ্গিয়া ফেলিতে বা মেরামৎ করিতে কি পুনর্ব্বার গাঁথিতে অথবা যেরূপ আবশ্যক হয় সেইরূপে তাহা প্রকারান্তরে মজবুত করিতে হুকুম দিবেন। এবং এইরূপ প্রত্যেক বেড়া দেওনের এবং ঐরূপ প্রত্যেক এমারৎ বা দেওয়াল কি অন্য দ্রব্য ভাঙ্গিতে বা মেরামৎ করিতে কি পুনর্ব্বার গাঁথিতে কিম্বা মজবুত করিতে যে সকল খরচ লাগে তাহা উক্ত মালিককে উক্ত সীমাসরহদ্দের মধ্যে পাওয়া গেলে সেই মালিক দিবেক। এবং যদি উক্ত খরচের দাওয়া হইলে সেই ব্যক্তি তাহা দিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই ঘর বা এমারৎ কি দেওয়াল বা অন্য দ্রব্যের মালিকের জিনিস ও সম্পত্তি ক্রোকের দ্বারা ঐ খরচ আদায় হইতে পারে এবং কোন দুই জন কমিস্যনর সাহেব তদনুযায়ি আপনারদের ক্রোকী পরওয়ানা দিতে পারেন ইতি।

১১ ধারা। যদি ঐরূপ কোন ঘর বা এমারৎ কি দেওয়াল বা অন্য দ্রব্য বা তাহার কোন ভাগ পূর্ব্বোক্ত ক্ষমতানুসারে ভাঙ্গিয়া ফেলা যায় তবে কমিস্যনর সাহেবেরা তাহার সরঞ্জাম অথবা যে ভাগ ভাঙ্গা গিয়াছে তাহার সরঞ্জাম বিক্রয় করিতে পারেন এবং ঐ বিক্রয়ের উৎপন্ন টাকা লইয়া ঐ ঘর বা এমারৎ কি দেওয়াল অথবা অন্য দ্রব্যের সম্পর্কে যে খরচ লাগিয়াছিল তাহাতে ব্যয় করিতে পারেন। এবং যদি ঐ বিক্রয়ের উৎপন্নের কিছু অবশিষ্ট থাকে তবে তাহার দাওয়া হইলে ঐ ঘর বা এমারৎ কি দেওয়াল কিম্বা অন্য দ্রব্যের মালিককে দিতে পারেন। এবং যদ্যপি ঐ কমিস্যনর সাহেবেরা পূর্ব্বোক্ত অভিপ্রায়ের জন্যে ঐ সরঞ্জাম বিক্রয় করেন তথাপি উক্ত খরচের সমুদায় টাকা বলপূর্ব্বক দেওয়ানার্থে পূর্ব্বোক্তমতে যে ক্ষমতা ইহার পূর্ব্বে দেওয়া গিয়াছে ঐ বিক্রয়ের উপস্বত্ব সেইরূপ ব্যয় করণের পর উক্ত খরচের যে অংশ দেনা থাকে তাহার টাকা দেওয়ানের বিষয়ে তাঁহারদের সেইরূপ প্রতিকার থাকিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

---

## EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College, on Saturday, the 3d of April, 1852.

Datailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education, to all Candidates on personal application.

(By order,)

F. J. MOJAT,
*Secy. Council of Education.*

## বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫২ সালের ৩ আপ্রিল তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৩০ মার্চ।]

## NOTIFICATION.

The following Return of meritorious Students for 1851-52 furnished by the Council of Education in pursuance of the Resolution of Government, dated the 10th October, 1844, is published for general information.

| Names of Candidates. | Age. | Residence. | Institution at which educated. | Extent of acquirement. | Character and Abilities. | Class attained and honorary distinctions acquired. | Remarks. |
|---|---|---|---|---|---|---|---|
| Sreenauth Doss, .. ... | 22 | Calcutta, Bow Bazar, ... | Hindu College, ... ... | Senior Scholarship Standard, | Character very good, Mathematical abilities of the first order, ... ... ... .. | Senior Scholarship for five years. Gained a Gold Medal for proficiency in Natural Philosophy, and another for general proficiency, &c. | First Class. |
| Callyprosuno Chatterjee, ... | 23 | Kumarhutto, Zillah 24-Pergunnahs, ... ... | Hooghly College, ... | Has made very satisfactory progress in all the ordinary branches of instruction, .. | Good, ... ... ... .. | Senior Scholarship for six years. Gained a Silver Medal in 1846, and a Gold Medal in 1851, ... .. | Ditto. |
| Modusudon Chatterjee, ... | 21 | Calcutta Hogulcuriah, | Hindu College, ... | Senior Scholarship Standard. | Very good, ... ... ... | Senior Scholarship for five years, ... | Ditto. |

Fort William, the 20th March, 1852.

J. P. GRANT, *Secy. to the Govt. of Bengal.*

## বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণক্রমে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মহাশয়েরা ১৮৫১। ৫২ সালের উত্তীর্ণ ছাত্রেরদের নীচের লিখিত যে রিপোর্ট পাঠান্ তাহা সকল লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

| পদাকাঙ্ক্ষির নাম | বয়স্ | বাসস্থান। | যে বিদ্যালয়ে শিক্ষা করেন। | যেপর্য্যন্ত শিক্ষা করেন। | চরিত্র ও পারগতা | যে শ্রেণীভুক্ত হন ও যে সম্ভ্রমের চিহ্ন প্রাপ্ত হন। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|
| শ্রীশ্রীনাথ দাস ... ... | ২২ | কলিকাতা বহুবাজার .. | হিন্দু কালেজ ... ... | প্রধান বৃত্তিভোগির শ্রেণীর তুল্য ... ... ... | চরিত্র অত্যুত্তম। মাথিমাটিক বিদ্যাসম্পর্কে উঁহার পারগতা তৎপর। ... ... | পাঁচ বৎসরপর্য্যন্ত প্রধান বৃত্তিভোগী ছিলেন পদার্থ বিদ্যার নিমিত্তে স্বর্ণপদক এবং সাধারণ সুশিক্ষার নিমিত্তে অন্য স্বর্ণপদক প্রাপ্ত হন। | প্রথম শ্রেণী |
| শ্রীকালীপ্রসন্ন চাটুয্যা ... | ২৩ | কুমারহাটা জিলা২৪ পরগনা | হুগলী কালেজ... ... | সাধারণ নানা বিদ্যা উত্তমরূপে শিক্ষা করিয়াছেন .. | ভাল ... ... .. | ছয় বৎসর প্রধান বৃত্তিভোগী ছিলেন ১৮৪৬ সালে রৌপ্যময় পদক ও ১৮৫১ সালে স্বর্ণপদক প্রাপ্ত হন। | ঐ |
| শ্রীমধুসূদন চাটুয্যা... ... | ২১ | কলিকাতা হোগলকুঁড়িয়া ... | হিন্দুকালেজ .. ... | প্রধান বৃত্তিভোগির শ্রেণীর তুল্য ... ... ... | অত্যুত্তম ... ... ... | পাঁচ বৎসরপর্য্যন্ত প্রধান বৃত্তিভোগী ছিলেন। | ঐ |

ফোর্ট উলিয়ম। ১৮৫১ সাল ২০ মার্চ।

জে পি গ্রান্ট। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENT.

*The 17th March*, 1852.

Baboo Goluck Chunder Roy Canoongo, (who has obtained a Diploma) to be Moonsiff of Satkaneah, Zillah Chittagong, vice Moulvee Syud Ahmud transferred to Putteah in the same district.

### LEAVES OF ABSENCE.

*The 19th March*, 1852.

Moulvee Mohumud Munaim, Moonsiff of Dwarhatta, Zillah Hooghly, for two months, from the 16th instant, in extension of the leave granted on the 6th ultimo.

Baboo Debnath Phooken, Moonsiff of Durrung, in Assam, for seven days, from the 5th instant.

*The 22d March*, 1852.

Baboo Beneemadhub Shome, Moonsiff of Patturghotta, Zillah 24-Pergunnahs, for ten days, from the 16th instant, on Medical Certificate.

B. J. Colvin, *Register*.

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৭ মার্চ।

শ্রীযুত মৌলবী সায়দ আহমদ জিলা চাটিগাঁর পটিয়া স্থানে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় কানুনগো ঐ জিলার সাতকানিয়ার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৯ মার্চ।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মনাইম গত মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

আসামে দরঙ্গের মুনসেফ শ্রীযুত বাবু দেবনাথ ফুক্কন বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২২ মার্চ।

জিলা চব্বিশপরগনার পাতর ঘাটার মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব সোম চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

## রাজকর্ম্মে নিয়োগ।

৫৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ৪ মার্চ

হুগলির কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr. W. Bracken,) বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ এচ কাম্বেল সাহেব (Mr. J. W. H. Campbell,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ বি ড্রুমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২০ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ঢাকা এলাকার একটিং কমিস্যনর শ্রীযুত এচ টি রেক্স সাহেবকে (Mr. H. T. Raikes,) গত মাসের ১৮ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল এ মাসের ১৭ তারিখঅবধি রহিত হইয়াছে এ তারিখে তিনি আপন এলাকায় পঁহুছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৪ মার্চ

সিবিলসম্পর্কীয় সেরিশ্তার শ্রীযুত আর মাণ্ডর্সন সাহেব (Mr. R. Manderson,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

১৮৫২ সাল ৯ মার্চ।

শ্রীযুত আর এন ফার্কসন সাহেব (Mr. R. N. Farquharson,) বর্ত্তমান মাসের ১ তারিখে পাটনার খাজানাখানার ও কালেক্টরীর ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে নট সাহেবের (Mr. J. Knott,) স্থানে পুনর্গ্রহণ করিয়া

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৩০ মার্চ।]

শ্রীযুত এ লিটলডেল সাহেবের (Mr. A. Littledale,) প্রতি অর্পণ করেন।

ঢাকার মাজিষ্ট্রেট শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জি পি লেস্টর সাহেবের (Mr. G. P. Leycester,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) বর্ত্তমান মাসের ৩ তারিখে পাটনার মাজিষ্ট্রেটী কর্ম্ম শ্রীযুত এল এস জাকসন সাহেবের (Mr. L. S. Jackson.) প্রতি অর্পণ করেন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ৪ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেবের (Mr. G. F. Cockburn,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৫৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৪ মার্চ।

অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর কুলী সাহেব (Rev. R. Cooley,) বালেশ্বর জিলাতে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫২ সাল ৬ মার্চ।

শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্টমতে বিচার কর-

গের ক্ষমতাপ্রাপ্ত হইয়া পূরণিয়াতে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ সারসন সাহেব (Mr. W. Sarson,) ঐ ক্ষমতাপ্রাপ্ত হইয়া চাটিগাঁর আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত বাবু নীলকমল শীল ঐ ক্ষমতাপ্রাপ্ত হইয়া ফরীদপুরে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

রঙ্গপুরে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টি এ ডনো সাহেব (Mr. T. A. Donough,) ১৮৪০ সালের ১৫ আইনের ৩ ধারার নির্দিষ্টমতে বিচার করণার্থ ক্ষমতাপ্রাপ্ত হইয়া বগুড়াতেও আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

রাজশাহীতে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু মথুরনাথ বাঁড়ুয্যা ঐ ক্ষমতাপ্রাপ্ত হইয়া পাবনাতেও আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

চাটিগাঁর আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ সারসন সাহেব (Mr. W. Sarson,) এবং বাকরগঞ্জে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ সি গ্রাণ্ট সাহেব (Mr. W. C. Grant,) এবং ত্রিপুরাতে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এম লিটল সাহেব (Mr. M. Little,) ঐ ক্ষমতাপ্রাপ্ত হইয়া বলুয়াতেও আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫২ সাল ৯ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ অগ্নিউ সাহেব (Lieutenant W. Agnew,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন কিন্তু শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেবের (Captain A. A. Sturt,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি গোআলপাড়াতে প্রধান আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত টি সি লক সাহেবের (Mr. T. C. Loch,) অনুপস্থানপর্য্যন্ত মুরশিদাবাদের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) মুরশিদাবাদ জিলাতে বিবাহের রেজিষ্ট্রারী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১১ মার্চ।

শ্রীযুত বাবু প্রসন্ননাথ রায় রাজশাহীতে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত সি বি কুইণ্টিন সাহেব ও শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. C. B. Quintin and Mr. W. F. McDonell,) সারণে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) ও শ্রীযুত নরেন্দ্রকৃষ্ণ মেদিনীপুরে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৬ মার্চ।

বাঙ্গল দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব অনুমতি দিয়াছেন যে আবকারী বিষয় সম্পর্কে জিলা পূরণিয়া দ্বিতীয় অর্থাৎ ঢাকা এলাকার আবকারী কমিসানরের প্রতি ও তাঁহার তাবোদীনে অর্পণ হয়।

১৮৫২ সাল ১২ মার্চ।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত সারর আজাম আলীর স্থানে পুনর্গ্রহণ করেন।

রামরীতে আরাকানের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি পি স্পার্কস সাহেব (Capt. T. P. Sparks,) গত মাসের ২৭ তারিখে খাজানাখানার ও দফ্তরখানার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেবের (Lieut. G. Faithful,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) বর্ত্তমান মাসের ৫ তারিখে পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্টী কর্ম্ম শ্রীযুত এ ফর্বস সাহেবের (Mr. A. Forbes,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এস বৌরিং সাহেব (Mr. S. Bowring,) বর্ত্তমান মাসের ৪ তারিখে চাটিগাঁর সিবিল ও সেশন জজী কর্ম্ম ঐ জিলার দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাবাগীশের স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫৭৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৪ মার্চ।

শ্রীশ্রীমতী মহারাণীর ১৪ ও ১৫ বর্ষীয় আইনের ৪০ অধ্যায়ের এবং হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের জারী হওয়া ১৮৫২ সালের ৫ আইনের বিধানানুসারে বাঙ্গলা দেশের মোষ্ট নোবল শ্রীযুত গবরনর সাহেব নীচের লিখিত সাহেবদিগকে বিবাহের রেজিষ্ট্রারী পদে নিযুক্ত করিয়াছেন এবং উক্ত প্রকারে নিযুক্ত প্রত্যেক রেজিষ্ট্রার সাহেবের নীচের লিখিত এলাকা নিরূপণ করিয়াছেন.

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) দারজিলিঙ্গে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

কাছাড়ের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান জি বরনর সাহেব (Captain G. Verner,) কাছাড়ের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

চরাপুঞ্জিতে দলীলদস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জে ডবলিউ ফ্লেচর সাহেব (Mr. J. W. Fletcher,) চরাপুঞ্জির বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এবং কাছাড়ের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এবং খাসিয়া পর্ব্বতের পোলিটিকাল এজেণ্ট সাহেবের অধীন যেং এলাকা আছে সেইং এলাকার দারজিলিঙ্গে এবং কাছাড়ে এবং চরাপুঞ্জিতে বিবাহের যেং রেজিষ্ট্রার নিযুক্ত হইয়াছেন কিম্বা উত্তর কালে হইবেন তাঁহারদেরই এলাকা হইবেক।

১৮৫২ সাল ১১ মার্চ।

শ্রীযুত জে এস টরেন্স সাহেবের (Mr. J. S. Torrens,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) চব্বিশপরগনার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) বীরভূমের কালেক্টর হইবেন কিন্তু শ্রীযুত এচ সি মেটকাফ সাহেবের (Mr. H. C. Metcalfe,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেব (Mr. R. R. Sturt,) ভাগলপুরের কালেক্টর হইবেন।

১৮৫২ সাল ১৩ মার্চ।

মান্দ্রাজীয় পদাতিক ৪৬ সংখ্যক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এ সি মাকনীল সাহেব (Lieut. A. C. McNeill,) যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি উড়িষ্যার পর্ব্বতীয় অঞ্চলের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

[*Government Gazette, 30th March, 1852.*]

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৬ মার্চ।

লক্ষ্মীপুরে আসামের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই টি ডালটন সাহেব (Captain E. T. Dalton,) জিলার মফঃসলে গমনের পূর্ব্বে গত মাসের ১৭ তারিখে কালেক্টরীর খাজানাখানার এবং আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এফ জি ইডন সাহেবের (Lieutenant F. G. Eden,) প্রতি অর্পণ করেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত টি পি লারকিন্স সাহেব (Mr. T. P. Larkins,) গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগ্নিউ সাহেব (Lieutenant W. Agnew,) গত মাসের ২৪ তারিখে কালেক্টরীর খাজানাখানার এবং আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্তার কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. Sub-Assistant H. Driver,) প্রতি অর্পণ করেন।

দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) বর্ত্তমান মাসের ৬ তারিখে চাম্পারণে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ঢাকার অতিরিক্ত জজ শ্রীযুত আর ট্রটর সাহেব (Mr. R. Trotter,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি টি ডেবিডসন সাহেবের (Mr. C. T. Davidson,) প্রতি অর্পণ করেন।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজমুল হক বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) বর্ত্তমান মাসের ১০ তারিখে মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্ম শ্রীযুত সি এফ কার্ণাক সাহেবের (Mr. C. F. Carnac,) স্থানে গ্রহণ করেন।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ ওগলবী সাহেব (Mr. A. Ogilvie,) "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন। অতএব গত জানুআরি মাসের ১৭ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৬০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১১ মার্চ।

জলেশ্বরে ফ্রি উইল অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে ফিলিপ্‌স সাহেব (Rev. J. Phillips,) মেদিনীপুর জিলাতে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫২ সাল ১৫ মার্চ।

শ্রীযুত এ ফর্বস সাহেবের (Mr. A. Forbes,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং স্বীয় পদোপলক্ষে পেশকশী মহালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৫২ সাল ১৮ মার্চ।

ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন। শ্রীযুত স্পাঙ্কি সাহেব (Mr. Spankie,) যে তারিখে মাজিষ্ট্রেটী কর্ম্ম শ্রীযুত ই স্যাণ্ডস সাহেবের (Mr. E. Sandys,) স্থানে গ্রহণ করেন সেই তারিখঅবধি ঐ নিয়োগ আমলে আসিবেক।

ছুটী।

১৮৫২ সাল ১৬ মার্চ।

রেলওএ সিরিশ্তায় নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনঅনুযায়ি ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মিত্র চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৮ মার্চ।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr. J. H. Crawford,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে সি হানিংটন সাহেব (Major J. C. Hannyngton,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৯ মার্চ।

কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেট শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষ গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন।

আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Capt. S. R. Tickell,) বর্ত্তমান মাসের ১ তারিখে খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এফ ডবলিউ রিপলি সাহেবের (Lieut. F. W. Ripley,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়ালটর সাহেব (Mr. J. K. Walter,) গত মাসের ১৯ তারিখে ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেবের (Mr. H. D. H. Fergusson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার রাজস্বের কমিস্যনরী কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ বেল সাহেবের (Mr. W. Bell,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৬৫২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৫ মার্চ।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন কেব সাহেব (Lieutenant G. N. Cave,) মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১১ মার্চ।

শ্রীযুত এফ হগ সাহেব (Mr. F. Hogg,) ১৮৪৩ সালের

১৫ আইনঅনুসারে বেহার ও হাজারীবাগ জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন। শ্রীযুত হগ সাহেব (Mr. Hogg,) ঐ ২ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বারণেট শ্রীযুত সর রাবর্ট বারলো সাহেব ওকালতী পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ রাজধানীর স্থানি কমিটির প্রসীডেন্ট হইবেন এবং শ্রীযুত জে আর কলবিন সাহেব ও শ্রীযুত এ জে এম মিলস সাহেব ও শ্রীযুত আর এচ মিটন সাহেব (Sir Robert Barlow, Baronet, and Messrs. J. R. Colvin, A. J. M. Mills, and R. H. Mytton,) ঐ কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ১৬ মার্চ।

মাষ্টর এটেণ্ডেন্ট শ্রীযুত কাপ্তান এচ এল তামস সাহেব (Captain H. L. Thomas,) স্বীয় পদোপলক্ষে কলিকাতার বন্দরে বিদেশ গমনশীল মজুরেরদের রক্ষক হইবেন।

শ্রীযুত টি হিল সাহেব (Mr. T. Hill,) বিদেশ গমনশীল মজুর রক্ষক সাহেবের ও মাষ্টর এটেণ্ডেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৫২ সাল ১৮ মার্চ।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার জরিপের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) এবং সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের অধীন কার্য্যকারকেরা অর্থাৎ আসিষ্টান্ট শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R Ward,) ও ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ ও শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ প্রত্যেকে সুন্দরবনে ১৮১৯ সালের ৭ আইনঅনুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

স্কটলাণ্ডের ফ্রি চর্চের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডি ইউআর্ট সাহেব (Reverend D. Ewart,) কলিকাতার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৮ মার্চ।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫১ সাল ২০ মার্চ।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণানুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল ১৮৫১। ৫১ সালের উপযুক্ত ছাত্রেরদের যে রিপোর্ট প্রেরণ করেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

প্রথম শ্রেণী।

শ্রীশ্রীনাথ দাস। হিন্দু কালেজ।

শ্রীকালীপ্রসন্ন চাটুর্য্যা। হুগলীকালেজ।

শ্রীমধুসূদন চাটুর্য্যা। হিন্দু কালেজ।

১৮৫২ সাল ২৩ মার্চ।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওআইনাট সাহেব (Mr. T. Wyatt,) দওরার কর্ম্মে বগুড়াতে গমনার্থে বর্ত্তমান মাসের ১১ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ আহমদ বকশের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে ময়মুনসিংহের কালেক্টরীর ভার শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেবের (Mr. R. R. Sturt,) স্থানে গ্রহণ করেন।

বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এম ব্রডহর্ষ্ট সাহেব (Mr. M. Brodhurst,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন মোকামে পঁহুছেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankie,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে ঢাকার অতিরিক্ত জজের কর্ম্ম শ্রীযুত সি টি ডেবিডসন সাহেবের (Mr. C. T. Davidson,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা নদীয়া।

ইস্তহারনামা কাছারী কালেক্টরি জেলা নদীয়া।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে নদীয়া জিলার নীচের লিখিত মহাল লাং ১২৫৮ সালের অগ্রহায়ণ তলবের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে বর্ত্তমান সনের ৫ আপ্রিল মোং ১২৫৮ সালের ২৪ চৈত্র তারিখে সোমবারে কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইং ১৬ মার্চ মোং ১২৫৮ সন ৪ চৈত্র।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | লাং ১২৫৮ সনের অগ্রহায়ণ তলবের পাওনা বাকী | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল | ৮২৭ | চর কাচিকাটা গোহালিবাটী | নীলাম খরিদার নবকিশোর রায় | ২২৬৷৶৭ | ৮৯৷৶৭ | এই মহাল ইং ১২৫৫ সাল লাং ১২৬৪ সাল ১০ সন মেয়াদি বন্দবস্তী মহাল। |

G. W. Battye, *Collector*.

[*Government Gazette, 30th March,* 1852.]

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত বহরমপুর পোষ্ট আফিসে ১৮৫১ সালের মার্চ ও আপ্রিল মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

গত প্রকাশিতের শেষ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ৫৬ | নাগরি চিঠী |
| ৫৭ | ঐ ঐ |
| ৫৮ | ঐ ঐ |
| ৫৯ | ঐ ঐ |
| ৬০ | পারসি চিঠী |
| ৬১ | ঐ ঐ |
| ৬২ | ঐ ঐ |
| ৬৩ | নাগরি ঐ |
| ৬৪ | ঐ ঐ |
| ৬৫ | ঐ ঐ |
| ৬৬ | শ্যামাচরণ দত্ত |
| ৬৭ | শিবনাথ চৌধুরী |
| ৬৮ | বিশ্বনাথ রায় |
| ৬৯ | শিবনাথ তেওয়ারি |
| ৭০ | Mr. B. Rees, |
| ৭১ | J. Richer, |
| ৭২ | A. Campbell, |
| ৭৩ | Captn. Green, |
| ৭৪ | Ditto Ditto, |
| ৭৫ | J. Delanougerede, |
| ৭৬ | C. M. Wilson, |
| ৭৭ | Captn. Revate. |
| ৭৮ | অভয়গোবিন্দ চৌধুরী |
| ৭৯ | ঐ ঐ |
| ৮০ | বংশী ঘোষ |
| ৮১ | কৃষ্ণনাথ রায় |
| ৮২ | দুর্গাপ্রসাদ ভাদুড়ি |
| ৮৩ | মেহেরচাঁদ |
| ৮৪ | শুলতান মহম্মদ |
| ৮৫ | প্রেমচাঁদ সরকার |
| ৮৬ | মাণিকরাম চক্রবর্ত্তী |
| ৮৭ | ফকির উদ্দীন |
| ৮৮ | ঐ ঐ |
| ৮৯ | পারসি চিঠী |
| ৯০ | ঐ ঐ |
| ৯১ | ঐ ঐ |
| ৯২ | ঐ ঐ |
| ৯৩ | ঐ ঐ |
| ৯৪ | ঐ ঐ |
| ৯৫ | ঐ ঐ |
| ৯৬ | ঐ ঐ |
| ৯৭ | ঐ ঐ |
| ৯৮ | ঐ ঐ |
| ৯৯ | ঐ ঐ |
| ১০০ | ঐ ঐ |
| ১০১ | পারসি চিঠী |
| ১০২ | ঐ ঐ |
| ১০৩ | ঐ ঐ |
| ১০৪ | ঐ ঐ |
| ১০৫ | বিশ্বনাথ দে |
| ১০৬ | ব্রজনাথ সেন |
| ১০৭ | নীলকমল সরকার |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ১০৮ | জঙ্গলরাম |
| ১০৯ | ফকির উদ্দীন |
| ১১০ | গানের আলি |
| ১১১ | হীরানন্দ |
| ১১২ | রামনাথ চক্রবর্ত্তী |
| ১১৩ | নাগরি চিঠী |
| ১১৪ | ঐ ঐ |
| ১১৫ | ঐ ঐ |
| ১১৬ | ঐ ঐ |
| ১১৭ | ঐ ঐ |
| ১১৮ | ঐ ঐ |
| ১১৯ | ঐ ঐ |
| ১২০ | ঐ ঐ |
| ১২১ | ঐ ঐ |
| ১২২ | ঐ ঐ |
| ১২৩ | ঐ ঐ |
| ১২৪ | ঐ ঐ |
| ১২৫ | ঐ ঐ |
| ১২৬ | ঐ ঐ |
| ১২৭ | ঐ ঐ |
| ১২৮ | ঐ ঐ |
| ১২৯ | আনন্দচন্দ্র |
| ১৩০ | ঈশানচন্দ্র মিত্র |
| ১৩১ | নবীনচন্দ্র সেন |
| ১৩২ | প্রতাপ সিংহ |
| ১৩৩ | গোলোকচন্দ্র ঘোষ |
| ১৩৪ | ফকির উদ্দীন |
| ১৩৫ | রাধে সিংহ |
| ১৩৬ | রেজা আলি |
| ১৩৭ | আবদুল্লা |
| ১৩৮ | গোবিন্দচন্দ্র দাস |
| ১৩৯ | জহর আলি |
| ১৪০ | হারাধন বসু |
| ১৪১ | পঞ্চানন্দ শাহা |
| ১৪২ | পারসি চিঠী |
| ১৪৩ | ঐ ঐ |
| ১৪৪ | ঐ ঐ |
| ১৪৫ | ঐ ঐ |
| ১৪৬ | ঐ ঐ |
| ১৪৭ | ঐ ঐ |
| ১৪৮ | ঐ ঐ |
| ১৪৯ | ঐ ঐ |
| ১৫০ | ঐ ঐ |
| ১৫১ | ঐ ঐ |
| ১৫২ | ঐ ঐ |
| ১৫৩ | ঐ ঐ |
| ১৫৪ | ঐ ঐ |
| ১৫৫ | ঐ ঐ |
| ১৫৬ | পারসি চিঠী |
| ১৫৭ | ঐ ঐ |
| ১৫৮ | জগু মির |
| ১৫৯ | আকেল সারঙ্গ |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ১৬০ | ফকির উদ্দীন |
| ১৬১ | রাজকুমার শাহা |
| ১৬২ | রামচন্দ্র খানসামা |
| ১৬৩ | বিজয়চন্দ্র রায় |
| ১৬৪ | মেজা মহম্মদ আকবর |
| ১৬৫ | পারসি চিঠী |
| ১৬৬ | ঐ ঐ |
| ১৬৭ | ঐ ঐ |
| ১৬৮ | ঐ ঐ |
| ১৬৯ | বুধু |
| ১৭০ | মনমোহন মল্লিক |
| ১৭১ | হারাধন দাস |
| ১৭২ | মহম্মদ করিম |
| ১৭৩ | মেজা রেজা আলি |
| ১৭৪ | নীলাম্বর মুখোপাধ্যায় |
| ১৭৫ | ঈশ্বরচন্দ্র ঠাকুর |
| ১৭৬ | গৌর সিংহ |
| ১৭৭ | ফরিদ খাঁ |
| ১৭৮ | বটু লাল |
| ১৭৯ | নাগরি চিঠী |
| ১৮০ | ঐ ঐ |
| ১৮১ | ঐ ঐ |
| ১৮২ | ঐ ঐ |
| ১৮৩ | ঐ ঐ |
| ১৮৪ | ঐ ঐ |
| ১৮৫ | ঐ ঐ |
| ১৮৬ | ঐ ঐ |
| ১৮৭ | রঞ্জনাথ রায় |
| ১৮৮ | মবারক আলি |
| ১৮৯ | করিম বক্স |
| ১৯০ | ঐ ঐ |
| ১৯১ | মির সৈএদ মহম্মদ |
| ১৯২ | বিলাএত হোসেন |
| ১৯৩ | কৃষ্ণমোহন সিকদার |
| ১৯৪ | রাজারাম সিংহ |
| ১৯৫ | শিউপ্রসাদ |
| ১৯৬ | রাম লাল |
| ১৯৭ | রামকমল বাগচি |
| ১৯৮ | কমলাকান্ত চক্রবর্ত্তী |
| ১৯৯ | মির নুর আলি |
| ২০০ | চণ্ডীচরণ ধর |
| ২০১ | সেখ গোয়ারি |
| ২০২ | মির কাদের আলি |
| ২০৩ | কমর উদ্দীন |
| ২০৪ | শিউনাথ |
| ২০৫ | তিলকচাঁদ |
| ২০৬ | গরিব শাহা |
| ২০৭ | মির মৈজুদ্দীন |
| ২০৮ | হেসাবেজান |
| ২০৯ | মির সাদক আলি |
| ২১০ | ফরিদ খাঁ |
| ২১১ | করম উদ্দীন |
| ২১২ | পারসি চিঠী |
| ২১৩ | ঐ ঐ |
| ২১৪ | ঐ ঐ |
| ২১৫ | ঐ ঐ |
| ২১৬ | হাফেজ নবি বক্স |
| ২১৭ | রামদুর্লভ গঙ্গোপাধ্যায় |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ২১৮ | মুনশী ছোমা উদ্দীন |
| ২১৯ | কৃষ্ণবেহারী শাহা |
| ২২০ | প্রসাদচন্দ্র কর্ম্মকার |
| ২২১ | রাজকিশোর গুহ |
| ২২২ | কৃষ্ণপ্রাণ চৌধুরী |
| ২২৩ | নীলকণ্ঠ মজুমদার |
| ২২৪ | শ্রীরামচন্দ্র |
| ২২৫ | নাগরি চিঠী |
| ২২৬ | ঐ ঐ |
| ২২৭ | ঐ ঐ |
| ২২৮ | ঐ ঐ |
| ২২৯ | ঐ ঐ |
| ২৩০ | ঐ ঐ |
| ২৩১ | ঐ ঐ |
| ২৩২ | পারসি চিঠী |
| ২৩৩ | ঐ ঐ |
| ২৩৪ | ঐ ঐ |
| ২৩৫ | ঐ ঐ |
| ২৩৬ | ঐ ঐ |
| ২৩৭ | ঐ ঐ |
| ২৩৮ | ঐ ঐ |
| ২৩৯ | ঐ ঐ |
| ২৪০ | মনতাজ আলি |
| ২৪১ | দুর্গারাম সর্দ্দার |
| ২৪২ | বিজুরাম |
| ২৪৩ | উমাচরণ পাল |
| ২৪৪ | রুদ্রনাথ চৌধুরী |
| ২৪৫ | অধীন গোসাঞি |
| ২৪৬ | তাবিস মহম্মদ |
| ২৪৭ | রুশটম খাঁ |
| ২৪৮ | মহেশচন্দ্র রায় |
| ২৪৯ | গঙ্গানারায়ণ স্বর্ণকার |
| ২৫০ | রাধামোহন মুখোপাধ্যায় |
| ২৫১ | কেশবচন্দ্র ঘোষ |
| ২৫২ | শ্যামাচরণ রায় |
| ২৫৩ | বিশ্বনাথ দাস |
| ২৫৪ | রামাসুন্দর |
| ২৫৫ | মহেশচন্দ্র তরফদার |
| ২৫৬ | হলধর মুখোপাধ্যায় |
| ২৫৭ | রামসুন্দরী |
| ২৫৮ | সেখ হাবাজ |
| ২৫৯ | রামতনু বন্দ্যোপাধ্যায় |
| ২৬০ | গৌরমণি বৈষ্ণ। |
| ২৬১ | চৈতন্যচরণ স |
| ২৬২ | সৈএদ জহর |
| ২৬৩ | পরেশ ধুবি |
| ২৬৪ | কৃষ্ণচন্দ্র বিশ্বাস |
| ২৬৫ | ভবানীপ্রসাদ রা |
| ২৬৬ | নাগরি চিঠী |
| ২৬৭ | ঐ ঐ |
| ২৬৮ | ঐ ঐ |
| ২৬৯ | ঐ ঐ |
| ২৭০ | পারসি চিঠী |
| ২৭১ | ঐ ঐ |

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 6, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৬ আপ্রিল।

## ACT.

[Continued from page 208.]

Act No. XII. of 1852.

*An Act to repeal Act No. II. of 1848, and to confer certain powers on the Commissioners for the Improvement of the Town of Calcutta.*

Power to Commissioners to make canals, aqueducts, sewers, drains, &c.

XII. The said Commissioners, by and with the consent of the Governor of Bengal, may construct, make, and lay, or cause to be constructed, made, and laid, such reservoirs, canals, aqueducts, channels, tanks, sewers, drains, bridges, banks, conduits, machinery, engines, waste-gates, stop-gates, stop-cocks, sluices, tunnels, water-pipes, and other works, as shall, in their opinion, be necessary and proper for obtaining water and supplying the same to the said Town, and for the effectual draining and cleansing of the said Town, and for the properly flushing and cleansing out such sewers in, under, or across all or any of the streets therein, whether dedicated to the public use or not, and if needful through and across all under-ground cellars, and vaults, which they may find under any of the said streets, doing as little damage as may be; and also to cause such and so many rings and openings to be made or left in the sides of the said sewers, as will be sufficient for the making or branching any drain or drains from any or all of the houses built, and which may probably be built, adjoining or near thereto, into any of the said sewers, as the said Commissioners shall think necessary for that purpose; and in case it shall be found necessary for completing any of the aforesaid works to build, carry, or continue the same in, into, through, or

## আইন।

[২০৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১২ আইন।

১৮৪৮ সালের ২ আইন রদ করিবার এবং শহর কলিকাতা উত্তম করণার্থ কমিসানরদিগকে কোন২ ক্ষমতা দেওনের আইন।

[খাল ও জলপথ ও মোরী নরদমাপ্রভৃতি করিবার বিষয়ে কমিসানরেরদের ক্ষমতার কথা।]

১২ ধারা। উক্ত শহরে জল পাইবার জন্যে ও জল যোগাওনার্থে এবং উপযুক্তমতে ঐ শহরে নরদমা করণ ও তাহা পরিস্কার করণার্থে এবং উক্ত শহরের মধ্যে সকল অথবা কোন রাস্তার মধ্যে বা নীচে কি আড়ে ঐরূপ সকল নরদমা তাহা সরকারের ব্যবহারের জন্যে হউক বা না হউক সেই২ নরদমাতে এবং আবশ্যক হইলে উক্ত কোন রাস্তার নীচে যে সকল ভূমির মধ্যস্থিত কুঠরী ও খিলান পাওয়া যায় তাহার মধ্য দিয়া এবং তাহার আড়ে সকল নরদমাতে উপযুক্তমত জল বহনার্থে এবং তাহা পরিষ্কার করণার্থে যে জলাশয় ও খাল ও জলপথ ও জুলী ও পুষ্করিণী ও মোরী ও নরদমা ও সাঁকো ও আলি ও প্রণালী ও কল ও যন্ত্র ও জলনির্গমনের কপাট ও জল আটকের কপাট ও নল ও নালা ও খিলানপথ ও নর্দা ও অন্যান্য কর্ম্ম তাঁহারদের বিবেচনায় আবশ্যক ও উচিত বোধ হয় তাহা উক্ত কমিসানর সাহেবেরা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের সম্মতির দ্বারা ও সম্মতক্রমে নির্ম্মাণ করিতে ও সৃজন করিতে পারেন ও বসাইতে পারেন কিম্বা নির্ম্মাণ করাইতে এবং সৃজন করাইতে এবং বসাইতে পারেন এবং সাধ্যপর্য্যন্ত তাঁহারা অল্প ক্ষতি করিবেন। এবং উক্ত নরদমার নিকটে বা সন্নিধানে যে কোন বা যে সকল ঘর গাঁথা আছে কি গাঁথিবার সম্ভাবনা আছে সেই সকল বা এক ঘরহইতে উক্ত মোরীর মধ্যে কোন এক বা ততোধিক নরদমা করিবার জন্যে বা সংযোগ করিবার জন্যে উক্ত মোরীর পার্শ্বে যত চক্র কিম্বা ফুকর তন্নিমিত্ত করিতে কমিসানর সাহেবেরদের আবশ্যক বোধ হয় তত চক্র ও ফুকর করিতে বা রাখিতে হুকুম দিতে পারেন। এবং পূর্ব্বোক্ত কর্ম্ম সম্পন্ন করণার্থে যদি কোন ঘেরাও ভূমি অথবা যে স্থানে সরকারী রাস্তা নাই এমত স্থানে

over any enclosed lands, or other place not being a public way, it shall be lawful for the said Commissioners to build, carry, or continue the same in, into, through, or over the said lands or other places accordingly, and the said Commissioners shall cause such sewers to communicate with and empty themselves into any public river, stream, canal, or watercourse, whether within or without the said Town, or shall cause the refuse from such sewers to be conveyed by an appropriate channel to the most convenient site for its deposit, collection, and sale, and its application as manure for agricultural purposes or otherwise, as they shall deem most expedient, but so that the same shall in no case become a public nuisance or annoyance to the neighbourhood.

Power to Commissioners when constructing drains and aqueducts without the jurisdiction of Supreme Court.

XIII. For the purpose of constructing any aqueducts for bringing water to the Town of Calcutta from any place without the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature, or for the purpose of making sewers or drains to communicate with or empty themselves into any public sewer, lake, stream, canal, or water-course without the said limits, it shall be lawful, whenever a plan for any such aqueduct, sewer, or drain shall have been approved by the Governor of Bengal, for every Commissioner, and for the Surveyor and Secretary to the Commissioners, with such Assistants as they may require, to exercise, in the construction of such aqueduct, sewer, or drain throughout the line of country through which the said aqueduct, sewer, or drain is to run, all the powers which by this Act it is lawful for them to exercise within the said local limits, and which may be necessary for the construction of such aqueduct, sewer, or drain, without being subject to any action or molestation whatever for so doing; and it shall also be lawful for any Magistrate of any district through which the said aqueduct, sewer, or drain is to run, in furtherance of the construction of such aqueduct, sewer, or drain, to do such acts within the limits of his own district as it is by this Act lawful for a Magistrate of the Town of Calcutta to do, in furtherance of any work to be executed by the said Commissioners within the said local limits.

Power to Commissioners to execute works by contract.

XIV. It shall be lawful for the said Commissioners, instead of executing any of the works which by this Act they are authorized to execute by themselves, their servants, and assistants, to execute the same by contract with any individual or company who may be willing to undertake the same, and in that case it shall be lawful for such individual or company to exercise and enjoy all the powers and privileges which by this Act it is lawful for the said Com-



বা তাহার মধ্যে কি তাহা দিয়া বা তাহার উপর পূর্ব্বোক্ত কর্ম্ম গাঁথিবার বা চালাইবার কি অনবরত করিবার আবশ্যক বোধ হয় তবে উক্ত কমিসানর সাহেবেরা উক্ত ভূমি বা অন্য স্থানে বা তাহার মধ্যে বা তাহা দিয়া কি তাহার উপর ঐ কর্ম্ম গাঁথিতে বা চালাইতে কি অনবরত করিতে পারেন। এবং উক্ত কমিসানর সাহেবেরা উক্ত শহরের মধ্যে বা তাহার বাহিরে কোন সরকারী নদী বা প্রবাহ কি খাল কিম্বা জলপথে ঐ মোরী সংলগ্ন করিবেন এবং তাহার জল সেই নদীপ্রভৃতিতে চালাইবেন অথবা ঐ মোরীর মধ্যে থাকা জঞ্জাল রাখিবার ও সংগ্রহ ও বিক্রয় করিবার ও তাহা কৃষিকর্ম্ম বা অন্য কর্ম্মে সারের ন্যায় ব্যবহার করিবার জন্যে যে স্থান সুবিধা বোধ হয় সেই স্থানে তাঁহারদের যেমত উচিত বোধ হয় সেইমতে উপযুক্ত খালের দ্বারা লইয়া যাইবেন। কিন্তু তাহা এইরূপে করিতে হইবেক যে তদ্দ্বারা নিকটবর্ত্তি সাধারণ ব্যক্তিরদের অনিষ্ট বা উৎপাত না হয় ইতি।

[সুপ্রিম কোর্টের এলাকার বাহিরে নরদমা ও জলপথ প্রস্তুত করণের সময়ে কমিসানরদিগের ক্ষমতার কথা।]

১৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোন স্থানহইতে কলিকাতা শহরের মধ্যে জল আনিবার কারণ জলপথ নির্ম্মাণ করিবার জন্যে অথবা উক্ত সীমাসরহদ্দের বাহিরে কোন সরকারী মোরী বা ঝিল বা স্রোত কি খাল কিম্বা জলপথের সঙ্গে সংলগ্ন করিতে বা তাহার মধ্যে জল নিক্ষেপ করিতে মোরী অথবা নরদমা প্রস্তুত করণার্থে যখন ঐ জলপথ বা মোরী কি নরদমার নকশার বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের সম্মতি হইয়াছে তখন প্রত্যেক কমিসানর সাহেবের এবং কমিসানর সাহেবেরদের সরবেয়র এবং সেক্রেটারী সাহেবের এই আইনের দ্বারা যে ক্ষমতা সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার সীমার মধ্যে থাকে এবং ঐ জলপথ বা মোরী কি নরদমা প্রস্তুত করণার্থে আবশ্যক হয় সেই সকল ক্ষমতা যে দেশ দিয়া ঐ জলপথ বা মোরী কি নরদমা চলে সেই দেশের মধ্যে ঐ জলপথ বা মোরী কি নরদমা নির্ম্মাণ করণেতে তাঁহারদের এবং যত আসিষ্টাণ্টের আবশ্যক হয় তত আসিষ্টাণ্টের হইবেক এবং সেইরূপ কর্ম্ম করণের বিষয়ে তাঁহারদের নামে কোন নালিশ হইতে পারিবেক না অথবা তাঁহারদিগকে কোন প্রকারে উত্ত্যক্ত করা যাইবেক না। এবং কলিকাতা শহরের বিশেষ সীমাসরহদ্দের মধ্যে উক্ত কমিসানর সাহেবদিগের করা কোন কর্ম্ম চালাইবার নিমিত্তে কলিকাতা শহরের মাজিষ্ট্রেট সাহেব এই আইনানুসারে যেং কর্ম্ম করিতে পারেন উক্ত জলপথ বা মোরী কি নরদমা যে কোন জিলা দিয়া গমন করে সেই জিলার কোন মাজিষ্ট্রেট সাহেব ঐ জলপথ ও মোরী বা নরদমা নির্ম্মাণের কর্ম্ম চালাইনেতে আপন জিলার সীমাসরহদ্দের মধ্যে সেইং কর্ম্ম করিতে পারিবেন ইতি।

[চুক্তির দ্বারা কর্ম্ম নির্ব্বাহ করিতে কমিসানরেরদের ক্ষমতার কথা।]

১৪ ধারা। এবং উক্ত কমিসানর সাহেবদিগের এই ক্ষমতা থাকিবেক যে এই আইনের দ্বারা যেং কর্ম্ম তাঁহারদিগকে করিবার শক্তি দেওয়া গেল সেইং কর্ম্ম আপনারদের চাকর কি আপনার আসিষ্টাণ্টের দ্বারা না করিয়া যে কোন ব্যক্তি বা সমাজ তাহা করিতে স্বীকৃত হন তাঁহার সঙ্গে চুক্তি করিয়া সেই কর্ম্ম নির্ব্বাহ করেন। এবং তাহা হইলে ঐরূপ কোন কর্ম্ম নির্ব্বাহ করণেতে উক্ত কমিসানর সাহেবেরদের এই আইনের দ্বারা যে সকল শক্তি ও ক্ষমতা থাকে ঐ চুক্তিকারক ব্যক্তি বা সমাজের সেই সকল শক্তি ও ক্ষমতা থাকিবেক। কিন্তু

missioners to exercise and enjoy in the execution of any such works. Provided always, that no Commissioner or Officer, or servant of the Commissioners, shall be in any wise concerned or interested in any contract or work made with or executed for the Commissioners, and if any such Commissioner, or Officer, or Servant, be so concerned or interested, or shall, under colour of his office or employment, exact, take, or accept any fee or reward whatsoever, other than his proper salary, wages, fees, and allowances, he shall be incapable of afterwards holding or continuing in the office of Commissioner, or any office or employment under the Commissioners, and shall forfeit and pay the sum of Company's Rupees five hundred, which may be recovered by any person, with full costs of suit, by action of debt.

Power to Commissioners to contract for supply of water, and to grant leases for that purpose.

XV. The said Commissioners may, with the consent and approbation of the said Governor, contract and agree with any person for supplying the said Town, or any part thereof, with water, and may also, with the like consent and approbation, grant to any person contracting to supply the said Town, or any part thereof, with water, a lease, for any term not exceeding twenty-one years, of any water-works, machinery, streams, waters, lands, tenements, easements, rights, privileges, and advantages, belonging to or acquired by, or which may belong to or be acquired by or be vested in the said Commissioners, under any of the powers or authorities in this or any other Act contained, so as to enable such person or persons so contracting the more effectually and efficiently to procure and supply water in pursuance of any such contract or agreement; and every such lease so to be granted by the said Commissioners may be made subject to such conditions and stipulations as to the supplying water, for the purposes of this Act, or any of them, as may be agreed upon between the respective parties thereto. Provided always, that no lease or contract made in pursuance of the powers hereinbefore contained shall be valid or effectual, for any purpose whatsoever, unless the said Governor's approval of the same shall be testified by writing, endorsed on such lease or contract, under the hand of the Secretary to the Government of Bengal.

Power to Commissioners to enter on lands adjacent to works, &c.

XVI. It shall be lawful for the said Commissioners, their Secretary, Surveyor, or other Officer, subject to the restrictions in this Act contained to enter upon the lands of any corporation or person adjoining to, or being within the distance of one hundred yards of the works by this Act authorized to be made, or any part thereof, for the purpose of depositing upon such lands, or any part thereof, any soil, gravel, sand, lime,

জানা কর্ত্তব্য যে উক্ত কমিস্যনর সাহেবেরদের সঙ্গে যে কোন চুক্তি হয় বা তাঁহারদিগের জন্যে যে কোন কর্ম্ম হয় সেই চুক্তি বা কর্ম্মেতে কোন কমিস্যনর সাহেব বা কমিস্যনর সাহেবেরদের কোন আমলা বা চাকরের কোন প্রকার সম্পর্ক থাকিবেক না ও তাহাতে তাঁহারদের কোন প্রকার লাভালাভ থাকিবেক না। এবং যদি ঐ প্রকার কোন কমিস্যনর সাহেব বা আমলা কি চাকর সেই প্রকার কোন কর্ম্মে লিপ্ত থাকেন অথবা সেই কর্ম্মের লাভের ভোগী হন কি আপনার পদ বা কর্ম্মের ছলে আপনার প্রকৃত মাহিয়ানা ও বেতন ও রসুম ও মুসাহেরা ব্যতিরেক কোন প্রকার রসুম বা পুরস্কারের দাওয়া করেন বা লন কি গ্রহণ করেন তবে ঐ ব্যক্তি তৎপরে কমিস্যনরী পদ অথবা কমিস্যনরেরদের অধীন কোন কর্ম্ম বা পদ ধারণ করিতে কি তাহাতে থাকিতে পারিবেন না এবং তাঁহার কোং পাঁচ শত টাকা জরীমানা হইবেক এবং তিনি সেই টাকা দিবেন এবং কর্জ্জের নালিশের দ্বারা কোন ব্যক্তি সেই টাকা এবং মোকদ্দমার সম্পূর্ণ খরচা তাঁহার স্থানে আদায় করিয়া লইতে পারেন ইতি।

[জল যোগানোর্থে চুক্তি করিতে এবং তন্নিমিত্ত পাট্টা দিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

১৫ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা উক্ত শ্রীযুত গবরনর সাহেবের সম্মতি ও অনুমতিক্রমে ঐ শহর অথবা তাহার কোন ভাগে জল যোগাওনের বিষয়ে কোন ব্যক্তির সঙ্গে বন্দোবস্ত ও চুক্তি করিতে পারেন এবং শ্রীযুক্তের ঐ সম্মতি ও অনুমতিক্রমে যে কোন ব্যক্তি ঐ শহর বা তাহার কোন ভাগে জল যোগাওনের বন্দোবস্ত করেন তাঁহাকে যে কোন জলযন্ত্র ও কল ও জলপ্রবাহ কি জল বা ভূমি কি বাটী অথবা উপকার কিম্বা স্বত্ব ও ক্ষমতা ও উপায় এই আইন অথবা অন্য কোন আইনের দত্ত শক্তি বা ক্ষমতাক্রমে উক্ত কমিস্যনর সাহেবেরদের থাকে কিম্বা তাঁহারা প্রাপ্ত হন কি তাঁহারদের প্রতি অর্পণ হয় সেই জলযন্ত্রপ্রভৃতির একুশ বৎসরের অনধিক কোন মিয়াদের জন্যে এক পাট্টা দিতে পারেন এবং তাহার অভিপ্রায় এই যে ঐরূপ চুক্তিকারক ব্যক্তি বা ব্যক্তিরা আপনার ঐ চুক্তি বা বন্দোবস্তক্রমে অধিক কর্ম্মণ্য ও সফলরূপে জল আনাইতে ও যোগাইতে পারেন। এবং উক্ত কমিস্যনর সাহেবেরা ঐরূপ যে পাট্টা দেন তাহাতে এই আইনের সকল বা কোন এক অভিপ্রায়ের জন্যে জল যোগাওনের বিষয়ে যে নিয়ম ও করার উভয়ের মধ্যে স্বীকৃত হয় তাহা লেখা থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত ক্ষমতানুসারে যে পাট্টা অথবা চুক্তি হয় সেই পাট্টা কি চুক্তিপত্রের পৃষ্ঠে যদ্যপি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দস্তখৎক্রমে উক্ত শ্রীযুত গবরনর সাহেবের অনুমতির লিখিত নিদর্শন না থাকে তবে তাহা কোন কারণের জন্যে মাতবর অথবা সিদ্ধ হইবেক না ইতি।

[কর্ম্মের নিকট ভূমিতে প্রবেশ করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

১৬ ধারা। এই আইনের লিখিত নিষেধে দৃষ্টি রাখিয়া এই আইনের দ্বারা যে কর্ম্ম করণের হুকুম দেওয়া গেল তাহার কি তাহার কোন ভাগের লাগাও বা দুই শত হাত অন্তরের মধ্যে কোন চার্টরপ্রাপ্ত সমাজ বা ব্যক্তির যে ভূমি থাকে সেই ভূমির উপর বা তাহার কোন ভাগের উপর মাটি বা খোয়া কি বালী কিম্বা চূণ বা ইট বা পাতর কি অন্য কোন সরঞ্জাম রাখণের জন্যে অথবা উক্ত কার্য্য সম্পাদনসম্পর্কীয় কোন অভিপ্রায়ের জন্যে উক্ত কমিস্যনর সাহেবেরা এবং তাঁহারদের সেক্রেটারী বা সরবেয়র

brick, stone, or other materials, or for any other purposes connected with the formation of the said works, without making any previous payment tender, or deposit, the said Commissioners, their Secretary, Surveyor, or other Officer, doing as little damage as may be in the exercise of the several powers hereby granted to them, and making compensation for such temporary occupation or temporary damage of the said lands to the owners and occupiers thereof, from time to time, and as often as any such temporary occupation shall be taken or any such temporary damage done, and making compensation to the owners also for the permanent injury (if any) to such lands; and in case the parties differ respecting the amount of the compensation, or the respective shares of several claimants of compensation, then and in every such case the said disputes respectively shall be settled and adjusted by arbitration, or by the verdict of a Jury, summoned and assembled in manner provided in Act No. XXII. of 1847. Provided always that before the said Commissioners make any such temporary use as aforesaid of the lands adjoining or lying near to the said works, they shall give fourteen days' notice of such their intention to the owners and occupiers of such lands, and shall separate and set apart by sufficient fences so much of the lands as shall be required to be used as aforesaid from the other lands adjoining thereto.

Commissioners when executing works to provide convenient roads, drains, &c., for use of adjoining lands when present roads &c., are stopped, &c.,

XVII. The said Commissioners, when executing any works hereby authorized to be made, shall, at their own expense, make and provide a sufficient number of convenient roads, ways, watering places, wells, water-courses, drains and channels for the irrigation and for the use of the adjoining lands, and for irrigating the same in those parts where the present roads, ways, watering places, wells, water-courses, drains, and channels shall and may be taken away or interrupted, injured, or rendered inconvenient or useless by reason of the execution of the said works, and in case of any difference arising between the said Commissioners and the owners of such adjoining lands, such difference shall be settled by arbitration, or by the verdict of a Jury summoned and assembled in manner provided in Act No. XXII. of 1847.

Power to Commissioners to make compensation out of rates, &c.

XVIII. The said Commissioners shall make full compensation out of the rates and taxes to be levied by them to all persons sustaining any damage by reason of the exercise of any of the powers vested in the Commissioners, or their Officers or servants, under and by virtue of this Act.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৬ আপ্রিল।]

বা অন্য কর্ম্মকারক টাকা না দিয়া বা দিবার প্রস্তাব না করিয়া বা আমানৎ না করিয়া সেই ভূমিতে প্রবেশ করিতে পারেন। এবং এই আইনের দ্বারা উক্ত কমিস্যনর সাহেবদিগকে যে নানা ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে কার্য্য করণেতে ঐ কমিস্যনর সাহেবেরা কি তাঁহারদের সেক্রেটারী বা সরবেয়র কিম্বা অন্য কর্ম্মকারক যত অল্প ক্ষতি করিতে পারেন তত অল্প ক্ষতি করিবেন এবং উক্ত ভূমির ক্ষণেক কাল দখল করণের বিষয়ে অথবা তাহাতে ক্ষণেক কাল যে নোকসান করা যায় তাহার বিষয়ে তাঁহারা ঐ ভূমির মালিক বা দখীলকারকে সময়ক্রমে ক্ষতি পূরণ করিয়া দিবেন এবং যতবার ঐ কমিস্যনর সাহেবপ্রভৃতি ঐরূপ ক্ষণেক কালের দখল করেন অথবা ঐরূপ ক্ষণেক কালের অপচয় করেন ততবার ঐ ভূমির মালিককে ক্ষতি পূরণ করিয়া দিবেন। এবং যদি ঐ ভূমির চিরস্থায়ি কোন ক্ষতি করেন তাহাও ভূমির মালিককে পূরণ করিয়া দিবেন। এবং যদি ক্ষতিপূরণের টাকার সংখ্যার বিষয়ে অথবা ক্ষতিপূরণের টাকার নানা দাওয়াদারের বিশেষ২ অংশের বিষয়ে অনৈক্য হয় তবে ঐমত প্রত্যেক গতিকে সালিসীর দ্বারা কিম্বা ১৮৪৭ সালের ২২ আইনের নির্দ্দিষ্ট প্রকারে তলব ও সংগ্রহ হওয়া জুরির ফয়সলার দ্বারা ঐ বিরোধের বন্দোবস্ত ও নিষ্পত্তি হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কর্ম্মের নিকট অথবা লাগাও ভূমির উক্ত কমিস্যনর সাহেবেরদের পূর্ব্বোক্তমতে ক্ষণেক কাল দখল করণের পূর্ব্বে তাঁহারা সেই ভূমির মালিক ও দখীলকারকে তাঁহারদের ঐ মানসের চৌদ্দ দিবসের এত্তেলা দিবেন এবং ভূমির মধ্যে যত ভূমি পূর্ব্বোক্তমতে দখল করণের আবশ্যক হয় তাহা নিকটবর্ত্তি ভূমিহইতে উপযুক্ত বেড়া দিয়া পৃথক্ করিবেন ও স্বতন্ত্র রাখিবেন ইতি।

[কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করণেতে বর্ত্তমান রাস্তা বন্দ হইলে নিকটবর্ত্তি ভূমির উপকারের জন্যে উপযুক্ত রাস্তা নরদমাপ্রভৃতি করিবার কথা।]

১৭ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা এই আইনের দ্বারা যে কর্ম্ম করণের ক্ষমতা পাইয়াছেন সেই কর্ম্ম করণেতে নিকটস্থ ভূমিতে জল দেওনের এবং জলের ব্যবহারের জন্যে এবং ঐ২ কর্ম্ম করণের দ্বারা বর্ত্তমান রাস্তা ও পথ ও জলের আধার ও কুপ ও জলপ্রণালী ও নরদমা ও জলপথ যে২ স্থানে উঠান যায় বা বিঘ্ন হয় কি ক্ষতি হয় কিম্বা অনুপকারি কি অকর্ম্মণ্য হয় সেই২ স্থানে জল দেওনার্থ কমিস্যনর সাহেবেরা আপনারদের খরচে প্রচুরসংখ্যক উপকারি রাস্তা ও পথ ও জলের আধার ও কুপ ও জলপ্রণালী ও নরদমা ও জলপথ করিবেন। এবং যদি উক্ত কমিস্যনর সাহেবদিগের এবং ঐ নিকটস্থ ভূমির মালিকেরদের মধ্যে কোন অনৈক্য হয় তবে সেই বিবাদ সালিসীর দ্বারা অথবা ১৮৪৭ সালের ২২ আইনের নির্দ্দিষ্ট প্রকারে তলব ও সংগ্রহ হওয়া জুরির ফয়সলার দ্বারা নিষ্পত্তি হইবেক ইতি।

[টাক্সপ্রভৃতিহইতে ক্ষতিপূরণ করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

১৮ ধারা। এই আইনানুসারে এবং তৎক্রমে কমিস্যনর সাহেবেরদের অথবা তাঁহারদের কর্ম্মকারক কি চাকরেরদের প্রতি যে২ ক্ষমতার্পণ হইল সেই২ ক্ষমতানুসারে কার্য্য করণেতে যে সকল লোকের কোন ক্ষতি হয় সেই লোকদিগের সেই ক্ষতি কমিস্যনর সাহেবেরা আদায়হওয়া কর ও টাক্সহইতে পূরণ করিয়া দিবেন ইতি।

Power to Commissioners to prosecute in certain cases.

**XIX.** It shall be lawful for the said Commissioners to direct any prosecution before any Court or Justice of the Peace for any public nuisance whatsoever which shall be permitted, suffered or committed within the said Town, and to order proceedings to be taken for the recovery of any penalties, and for the punishment of any persons offending against the provisions of this Act, and to direct and order the expenses of such prosecutions and other proceedings to be paid and borne by and out of the funds placed at their disposal under the provisions of this or any other Act.

[কোনং গতিকে নালিশ করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

১৯ ধারা। উক্ত শহরের মধ্যে সাধারণের অপকারক কোন প্রকার বিষয় যে কোন ব্যক্তি করিবার অনুমতি দেয় বা করিতে দেয় বা করে তাহার জন্যে ঐ কমিস্যনর সাহেবেরা তাহার নামে কোন আদালতে অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে নালিশ করিতে হুকুম দিতে পারেন এবং কোন জরীমানা আদায় করণের জন্যে এবং এই আইনের বিধির বিরুদ্ধ অপরাধকরণিয়া কোন ব্যক্তিরদের দণ্ড করিবার জন্যে নালিশের উদ্যোগ করিতে হুকুম দিতে পারেন এবং এই আইন বা অন্য কোন আনের বিধিক্রমে উক্ত কমিস্যনর সাহেবেরদের প্রতি যে টাকা অর্পণ হয় তাহাহইতে ঐ নালিশের ও আদালতসম্পর্কীয় অন্য কার্য্যের খরচা দিতে হুকুম ও আজ্ঞা করিতে পারেন ইতি।

Power to Commissoners to prefer bill of indictment in certain cases.

**XX.** It shall be lawful for the said Commissioners, if they shall not think fit to take any other proceedings prescribed by this Act, to prefer any bill of indictment or information, or to take any other proceedings against any person who shall obstruct or molest the said Commissioners, or their Secretary, Surveyor, or other Officer or servant, or any workman or other person employed by them in the performance and execution of their or his duty, under or by virtue or in consequence of this Act, or who shall steal, take, or carry away, or wilfully deface or injure any property, article, or thing belonging to the said Commissioners, and in every such case it shall be sufficient to state generally the property, article, or thing, in respect of which such proceeding shall have been taken, to be the property of the said Commissioners.

[কোনং গতিকে ইণ্ডাইটের দ্বারা নালিশ করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২০ ধারা। এই আইনের দ্বারা আদালতসম্পর্কীয় অন্য যে কোন কার্য্য নির্দ্দিষ্ট থাকে তাহা করিতে যদি উক্ত কমিস্যনর সাহেবদিগের উচিত বোধ না হয় তবে উক্ত কমিসানর সাহেবেরদের কি তাঁহারদের সেক্রেটারী কি সরবেয়র কিম্বা অন্য কর্ম্মকারক বা চাকরের অথবা এই আইনানুসারে কি তৎক্রমে বা তৎপ্রযুক্ত তাঁহারদের যে কর্ম্ম করিতে হয় সেই কর্ম্ম নির্ব্বাহ করণার্থে তাঁহারদের দ্বারা নিযুক্ত কোন কারিগর বা অন্য ব্যক্তির প্রতিবন্ধকতা যে কেহ করে অথবা যে কেহ তাহারদিগকে উত্যক্ত করে অথবা যে কোন ব্যক্তি উক্ত কমিস্যনর সাহেবেরদের কোন সম্পত্তি বা দ্রব্য কি জিনিস চুরী করে বা লও কি লইয়া যায় কিম্বা খামখা বিরূপ করে কি ক্ষতি করে সেই ব্যক্তির নামে ঐ কমিস্যনর সাহেবেরা নালিশ করিতে পারেন বা এজহার দিতে পারেন অথবা তাহার বিরুদ্ধে অন্য কোনপ্রকার কর্ম্ম করিতে পারেন। এবং এইরূপ প্রত্যেক গতিকে যদি সাধারণমতে এইমত কথিত হয় যে যে সম্পত্তি বা দ্রব্য কি জিনিসের বাবৎ আদালতসম্পর্কীয় ঐ কার্য্য হইয়াছে তাহা উক্ত কমিস্যনর সাহেবেরদের সম্পত্তি তবে তাহাই প্রচুর হইবেক ইতি।

Power to Commissioners to arrest unknown offenders without warrant.

**XXI.** It shall be lawful for any of the Commissioners, their Secretary, Surveyor, Inspectors, Overseers, or any servants or persons employed by them, and for any Inspector of Police or policeman employed in the said Town, and such other person or persons whom he or they shall call to his or their assistance, without any summons, or warrant, or other authority than this Act, to seize and detain any unknown person who shall commit any offence against the provisions of this Act, and to take him immediately to a Police Station, where he shall be detained in default of Bail until he can be taken before any Justice of the Peace, who is hereby required to proceed and act with respect to such offender according to the provisions of this Act.

[ওয়ারণ্ট বিনা অজ্ঞাত অপরাধিকে গ্রেপ্তার করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২১ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরদের এবং তাঁহারদের সেক্রেটারীর বা সরবেয়রের কি ইনস্পেক্টরের অথবা ওবর্সিয়রের কি তাঁহারদের নিযুক্ত কোন চাকরের বা অন্য ব্যক্তির এবং উক্ত শহরের পোলীসের কোন ইনস্পেক্টরের অথবা বরকন্দাজের এবং অন্য যে ব্যক্তি বা ব্যক্তিরদিগকে তিনি বা তাঁহারা আপনার বা আপনারদের সাহায্য করণার্থে তলব করেন সেই ব্যক্তিরদের এই ক্ষমতা থাকিবেক যে এই আইনের বিধির বিরুদ্ধ যে কোন অজ্ঞাত ব্যক্তি কোন অপরাধ করে তাহাকে কোন সমন বা ওয়ারণ্ট বিনা অথবা এই আইনের ক্ষমতা ছাড়া অন্য কোন ক্ষমতাবিনা গ্রেপ্তার ও আটক করেন ও তাহাকে তৎক্ষণাৎ পোলীসের কোন থানায় লইয়া যান এবং ঐ অপরাধী জামিন না দিলে যাবৎ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আনীত না হয় তাবৎ তাহাকে সেই থানে আটক করিতে হইবেক। এবং ঐ জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি ইহার দ্বারা হুকুম হইল যে এই আইনের বিধির অনুসারে ঐ অপরাধির বিষয়ে কার্য্য করেন ইতি।*

[*Government Gazette*, 6th *April*, 1852.]

**XXII.** The Commissioners, or any one of them, or any person appointed by them for that purpose, may at all reasonable times, with or without assistants, enter into and inspect any market, building, shop, stall, or place, kept or used for the sale of butcher's meat, poultry, fish, or vegetables, or as a slaughter-house, and may examine any animal, carcase, meat, poultry, game, flesh, fish, or vegetables which may be therein, and in case any animal, carcase, meat, poultry, game, flesh, fish, or vegetables appear to be intended for the food of man, and to be unfit for such food, may seize, remove, and destroy the same, at the expense of the owner thereof, or the owner, occupier, or farmer of any such public market, bazar, or slaughter house, or private shop or stall within the Town, wherein the same shall be exposed or allowed to be exposed for sale.

Power to Commissioners to enter and inspect bazars, slaughter-houses,&c. and to seize unwholesome articles exposed for sale.

[বাজার ও কসাইখানাপ্রভৃতিতে প্রবেশ করিতে এবং তাহার তদারক করিতে এবং তাহাতে বিক্রয়ার্থ রাখা অনুপযুক্ত দ্রব্য আটক করিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২২ ধারা। ঐ কমিস্যনর সাহেবেরা বা তাঁহারদের মধ্যে কোন এক জন অথবা তন্নিমিত্তে তাঁহারদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তি সকল উপযুক্ত সময়ে সহকারিকে সঙ্গে লইয়া বা না লইয়া যে কোন বাজারে কি এমারতে বা দোকানে কি মাচানে বা স্থানে খাইবার মাংস বা মুরগিপ্রভৃতি বা মৎস্য কি শবজি বিক্রয়ার্থে রাখা যায় বা ব্যবহার হয় অথবা যে স্থান কসাইখানারূপে ব্যবহার হয় সেই বাজারপ্রভৃতির মধ্যে প্রবেশ করিতে এবং তাহার তদারক করিতে পারেন এবং তাহার মধ্যে থাকা কোন পশু বা পশুর শব কি মাংস অথবা মুরগিপ্রভৃতি কি বন্য চিড়িয়া কি গোস্ত বা মৎস্য কি শবজি তদারক করিতে পারেন এবং যদি কোন পশু বা পশুর শব বা মাংস কি মুরগিপ্রভৃতি কি বন্য চিড়িয়া কি গোস্ত কিম্বা মৎস্য কি শবজি মনুষ্যের আহারের জন্যে ব্যবহার করিতে মানস আছে দৃষ্ট হয় এবং তাহা সেইরূপ আহারের অনুপযুক্ত বোধ হয় তবে তাহার মালিকের অথবা শহরের মধ্যে সেইরূপ যে কোন সরকারী হাট বা বাজার কি কসাইখানা কিম্বা সাধারণ দোকান বা মাচার মধ্যে ঐ জিনিস বিক্রয়ার্থে সাজান আছে বা সাজাইতে দেওয়া গিয়াছে সেই সরকারী হাটপ্রভৃতির মালিক বা দখীলকার কি ইজারদারের খরচে ঐ অনুপযুক্ত দ্রব্য আটক করিতে ও স্থানান্তর করিতে ও নষ্ট করিতে পারেন ইতি।

**XXIII.** The Commissioners or their Surveyor shall have full power and authority to remove or order the removal of any wall, fence, rail, post, or other obstruction or encroachment in any street or in or over any drain, sewer, or aqueduct, within the said Town, whether the proprietary right to such street drain, sewer, or aqueduct shall be in dispute or not; provided always that nothing in this Act shall be construed to give the said Commissioners or their Surveyor power to remove such wall, fence, or other obstruction after the decree or order of any competent Court has declared the land, walled, fenced, or railed in, to be private property.

Power to Commissioners to remove obstructions in streets.

[রাস্তা অবরোধকারি দ্রব্য উঠাইতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২৩ ধারা। উক্ত শহরের মধ্যে কোন রাস্তার কিম্বা কোন নরদমা কি মোরী কিম্বা জলপথ কি তাহার উপর যে কোন দেওয়াল কি বেড়া বা কাঠের গরাদি বা খুঁটী কি অবরোধের বস্তু কি রাস্তার উপর স্থাপিত কোন বিষয় থাকে সেই রাস্তা বা নরদমা বা মোরী কি জলপথের স্বত্বের বিষয়ে বিরোধ থাকুক বা না থাকুক সেই দেওয়ালপ্রভৃতি উঠাইয়া ফেলিতে অথবা স্থানান্তর করিবার হুকুম দিতে ঐ কমিস্যনর সাহেবদিগের অথবা তাঁহারদের সরবেয়রের সম্পূর্ণ ক্ষমতা ও শক্তি হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে কোন ক্ষমতাপন্ন আদালত যদি এমত ডিক্রী কি হুকুম করেন যে ঐ দেওয়ালে বা বেড়াতে কি কাষ্ঠের গরাদিতে ঘেরা ভূমি কোন ব্যক্তির নিজ সম্পত্তি তবে সেই ডিক্রীর বা হুকুমের পর ঐ কমিস্যনর সাহেবেরদের ঐরূপ দেওয়াল বা বেড়া কি অন্য কোন অবরোধকারি বস্তু উঠাইবার শক্তি আছে ইতি।

**XXIV.** When any private tank, or low marshy ground, shall appear to the Commissioners to be offensive to the neighbourhood or unwholesome, it shall be lawful for the said Commissioners to require, by notice in writing, the owner thereof to cleanse or fill up the same, and if the said tank shall remain uncleansed or not filled up for seven days after such notice, it shall be lawful for the said Commissioners to enter into and upon the adjoining lands, and to cleanse or fill up the said tank as they shall think fit, and the expense incurred thereby shall be paid by the owner of such tank, to be recovered in manner hereinafter mentioned.

Power to Commissioners to fill up unwholesome tanks.

[অস্বাস্থ্যজনক পুষ্করিণী বুজাইতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২৪ ধারা। যখন কমিস্যনর সাহেবদিগের এই মত বোধ হয় যে কোন ব্যক্তির নিজ পুষ্করিণী অথবা নিম্ন জলো্য ভূমি নিকটবর্ত্তি ব্যক্তিদিগের অপকারক অথবা পীড়াজনক আছে তখন ঐ কমিস্যনর সাহেবেরা তাহার মালিককে লিখিত এত্তেলার দ্বারা তাহা পরিষ্কার করিবার কি বুজাইবার হুকুম দিতে পারেন। এবং ঐরূপ এত্তেলার পর সাত দিনের মধ্যে যদি ঐ পুষ্করিণী পরিষ্কার না করা যায় কি বুজান না যায় তবে ঐ কমিস্যনর সাহেবেরা নিকটবর্ত্তি ভূমিতে প্রবেশ করিতে পারেন এবং তাঁহারা যেমত উচিত বোধ করেন সেইমতে সেই পুষ্করিণী পরিষ্কার করিতে অথবা বুজাইতে পারেন এবং তাহাতে যে খরচ লাগে তাহা ঐ পুষ্করিণীর মালিক দিবেক এবং তাহা পশ্চাৎ লিখিতমতে আদায় হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৬ আপ্রিল।]

XXV. The Commissioners may affix on or to the wall of any house or compound, or in or to any wall within the said Town, as they shall think fit, any board or metal plate to indicate the name of the street in which such house, compound, or wall is situate, or any lamp for the purpose of lighting the street.

*Power to Commissioners to affix boards or plates to houses.*

XXVI. It shall be lawful for the said Commissioners or their subordinate Officers, as they shall think fit, to kill and destroy, or to order to be killed and destroyed, all dogs that may be found loose in the said streets, and not accompanying their owners or some person in charge of them.

*Power to Commissioners to kill dogs.*

XXVII. The said Commissioners shall, so far as the funds at their disposal will admit, keep in good and sufficient repair every street now or at any future time existing in the said Town.

*Commissioners to repair streets, &c.*

XXVIII. When any of the streets, sewers, or drains in the said Town are being made, or shall be under repair, the Commissioners or their Surveyor, or other subordinate Officer, shall take proper precautions against danger by shoreing up and protecting the adjoining houses, and shall fix and place, or cause to be fixed and placed such and so many bars, chains, or posts across or in any of the said streets to prevent the passing and repassing of carriages, carts, or other vehicles, cattle or horses, during the time of such works and repairs being carried on as shall be necessary, and the said Commissioners and their said Surveyor shall cause any sewer or drain or other works, during the construction or repair thereof by them, to be well and sufficiently lighted during the night to prevent accidents.

*Commissioners to take precautions when streets and drains under repair.*

XXIX. The said Commissioners, so far as the funds at their disposal will admit, shall provide lamps for lighting such parts of the said Town as the said Commissioners shall consider to require the same, and shall keep the said lamps in fit order for public use, and shall keep and employ a sufficient number of persons to cleanse, prepare, repair, and light the same, and shall also from time to time, as shall be required, increase or otherwise alter the number and situation of the said lamps, as to them shall appear necessary for the lighting of the said town.

*Commissioners to light the Town.*

XXX. The said Commissioners and their said Surveyor and other Officers shall cause all the public streets of the said Town, together with the foot pavements or foot-paths therein,

*Commissioners to keep town clean, remove dirt, &c.*

[ঘরে তক্তা বা প্লেট বসাইতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২৫ ধারা। কমিস্যনর সাহেবেরা যেমত উচিত বোধ করেন সেইমতে ঐ শহরের মধ্যে কোন ঘর বা অঙ্গনের দেওয়ালে অথবা কোন দেওয়ালে ঐ ঘর বা অঙ্গন কি দেওয়াল যে রাস্তার মধ্যে আছে তাহার নাম জ্ঞাত করিবার জন্যে সেই দেওয়ালের উপর কোন তক্তা বা ধাতুর প্লেট বসাইতে পারেন কি রাস্তায় আলো দিবার জন্যে তাহাতে কোন লাম্প অর্থাৎ দীপ দিতে পারেন ইতি।

[কুকুর মারিতে কমিস্যনরেরদের ক্ষমতার কথা।]

২৬ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা বা তাঁহারদের তাবেদার কর্ম্মকারকেরা যেমত উচিত বুঝেন সেইমত যে সকল কুকুর ঐ রাস্তার মধ্যে এলুয়া পাওয়া যায় এবং তাহার মালিক তাহার সঙ্গে না থাকে অথবা কোন ব্যক্তির জিম্মায় না থাকে সেই সকল কুকুর খুন এবং নষ্ট করিতে পারেন কিম্বা খুন এবং নষ্ট করিবার হুকুম দিতে পারেন ইতি।

[কমিস্যনরেরা রাস্তাপ্রভৃতি মেরামৎ করিবার কথা।]

২৭ ধারা। উক্ত কমিস্যনর সাহেবদিগের অধীন টাকায় যেপর্য্যন্ত কুলায় সেইপর্য্যন্ত তাঁহারা উক্ত শহরের মধ্যে এক্ষণে যে প্রত্যেক রাস্তা আছে বা উত্তর কালে হয় তাহা উত্তম ও প্রচুরমতে মেরামৎ করিবেন ইতি।

[রাস্তা ও নরদমা মেরামৎ হওনের সময়ে কমিস্যনরেরা আপদ নিবারণার্থে উদ্যোগ করিবার কথা।]

২৮ ধারা। যখন উক্ত শহরের মধ্যে কোন রাস্তা কি মোরী বা নরদমা প্রস্তুত হইতেছে কি মেরামৎ হইতেছে তখন কমিস্যনর সাহেবেরা অথবা তাঁহারদের সরবেয়র কি অন্য কোন তাবেদার কর্ম্মকারক নিকটস্থ ঘরে ঠেস দেওনের বা রক্ষা করণের দ্বারা আপদ নিবারণার্থে যথোচিত উদ্যোগ করিবেন। এবং ঐ কর্ম্ম ও মেরামৎ হওনের সময়ে কোন গাড়ি বা বলদের গাড়ি কি অন্য বাহন কি বলদ কি ঘোড়ার গমনাগমন নিবারণার্থে উক্ত রাস্তার যত হুড়কা কি শৃঙ্খল অথবা খুঁটী রাখিবার আবশ্যক ও উচিত বোধ হয় তাহা ঐ রাস্তার মধ্যে রাখিবেন ও স্থাপন করিবেন কিম্বা রাখাইবেন ও স্থাপন করাইবেন। এবং যখন কোন মোরী বা নরদমা কি অন্যান্য কর্ম্ম হইতেছে বা মেরামৎ হইতেছে তখন দৈবঘটনা নিবারণার্থে ঐ কমিস্যনর সাহেবেরা ও তাঁহারদের সরবেয়র সেই নরদমাপ্রভৃতিতে রাত্রিযোগে উপযুক্ত ও প্রচুর আলো দিবেন ইতি।

[কমিস্যনরেরা শহরে আলো দিবার কথা।]

২৯ ধারা। এবং উক্ত কমিস্যনর সাহেবদিগের অধীন টাকায় যেপর্য্যন্ত কুলায় সেইপর্য্যন্ত শহরের যে ভাগে আলোর আবশ্যক বোধ হয় সেই ভাগে আলো দেওনের জন্যে প্রচুরসংখ্যক লাম্প অর্থাৎ দীপ দিবেন এবং সকল লোকের উপকারের জন্যে উক্ত দীপ উপযুক্তরূপে রাখিবেন এবং তাহা পরিষ্কার করিতে ও প্রস্তুত ও মেরামৎ করিতে এবং তাহাতে আলো দিতে প্রচুরসংখ্যক ব্যক্তিকে রাখিবেন ও নিযুক্ত করিবেন এবং উক্ত শহরে আলো দেওনার্থে যেমত আবশ্যক বোধ হয় সেইমতে সময়ক্রমে ঐ দীপের সংখ্যা বৃদ্ধি করিবেন বা প্রকারান্তরে তাহার সংখ্যা বা স্থান মতান্তর করিবেন ইতি।

[কমিস্যনরেরা শহর পরিষ্কার রাখিবার ও ময়লাপ্রভৃতি উঠাইবার কথা।]

৩০ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরা এবং তাঁহারদের সরবেয়র ও অন্য কর্ম্মকারকেরা উক্ত শহরের সকল সরকারী রাস্তা এবং পদব্রজের শান অথবা হাঁটিবার পথ সময়ক্রমে উপযুক্তমতে ঝাঁটি দেওয়াইবেন ও পরি-

from time to time to be properly swept and cleansed, and all dust, dirt, soil, ashes, rubbish and filth of every sort which may be found thereon to be collected and removed therefrom at convenient hours and times, and shall cause all or any of the privies, cesspools, and drains within the said Town to be cleansed and emptied in a sufficient and proper manner by the owners or occupiers of the premises; and the said Surveyor or other subordinate Officer of the Commissioners shall give such orders and directions to the owners and occupiers aforesaid as to the said Surveyor or other Officer as aforesaid, acting under the orders and control of the said Commissioners, shall appear proper and necessary, and the said Commissioners may, in their discretion, order and direct where, and in what places, and how, and in what manner, the dust, dirt, soil, night soil, ashes, rubbish and filth collected in the said Town shall be deposited and disposed of.

Owners to prevent effluvia from drains, &c.

XXXI. The owners of any private drains in the said town shall by providing proper traps or other coverings, or by ventilation, or by such other ways and means as shall be practicable for that purpose, prevent as far as possible the effluvia of sewers and drains from exhaling from gully-holes, gratings, or any other openings whatsoever of drains or sewers in streets or other places, and in case the owner of any private sewer or drain shall neglect or delay so to do, the Surveyor of the said Commissioners shall give him notice to prevent as far as possible the effluvia of such sewer or drain from so exhaling, and if the same shall not be done by such owner within ten days after such notice shall have been given to him, the said Surveyor shall forthwith provide and apply proper traps or other coverings, or such other means as aforesaid, so as effectually to prevent such effluvia from exhaling, and the expense incurred thereby shall be paid by the owner of such sewer or drain, to be recovered in manner hereinafter mentioned.

Commissioners to issue certificates prohibiting improper burial-places.

XXXII. If upon the representation of the Surveyor of the Commissioners, and after inquiry by such other ways and means as the Commissioners may think fit to direct, the said Commissioners shall certify, (such certificate to be published in the *Calcutta Gazette* and in one of the English and Bengalee newspapers respectively usually circulated within the town,) that any burial-ground situated within the said town is in such a state as to be dangerous to the health of persons living in the neighbourhood thereof, or that any church or other place of public worship within the town is dangerous to the health of persons frequenting the same by reason of the state of the vaults or graves within the walls of or underneath the same, and that sufficient means of interment exist within a convenient distance from

ষ্কার করাইবেন। এবং তাহার উপর যত ধুলা ও ময়লা ও কাদা ও ছাই ও জঞ্জাল ও সকল প্রকার গলিজ পাওয়া যায় তাহা একত্র করাইবেন এবং উপযুক্ত ঘণ্টায় ও সময়ে তাহা স্থানান্তর করাইবেন। এবং উক্ত শহরের মধ্যে সকল অথবা কোন এক টাটি এবং ময়লার গর্ত্ত ও নরদমা সেই বাটীর মালিক অথবা দখীলকারের দ্বারা প্রচুর ও উপযুক্তমতে পরিষ্কার ও খালী করাইবেন। এবং উক্ত কমিস্যনর সাহেবদিগের উক্ত সরবেয়র অথবা অন্য তাবেদার কর্ম্মকারক যেং হুকুম ও নিয়ম ঐ সরবেয়র অথবা পূর্ব্বোক্ত অন্য কর্ম্মকারক কমিস্যনর সাহেবদিগের হুকুম ও কর্ত্তৃত্বের অধীনে কর্ম্ম করত উচিত ও আবশ্যক বোধ করেন সেইমতে ঐ বাটীর মালিক ও দখীলকারকে হুকুম দিবেন ও নিয়ম করিবেন। এবং উক্ত শহরে সংগ্রহ হওয়া ধুলা ও ময়লা ও কাদা ও বিষ্ঠা ও ছাই ও জঞ্জাল ও গলিজ যে স্থানে ও যেমতে ও যেপ্রকারে ন্যস্ত হইবেক ও হস্তান্তর হইবেক তাহার বিষয়ে উক্ত কমিস্যনর সাহেবেরা আপনারদের বিবেচনামতে হুকুম দিতে ও নিয়ম করিতে পারেন ইতি।

[মালিকেরা নরদমাপ্রভৃতিহইতে দুর্গন্ধ নিবারণ করিবার কথা।]

৩১ ধারা। এবং উক্ত শহরের কোন বিশেষ মোরীর উপযুক্ত কপাট অথবা অন্য ঢাকনি দেওনের দ্বারা কি তাহার মধ্য দিয়া বায়ুর গমনাগমনের সুগম করণের দ্বারা কিম্বা তন্নিমিত্ত অন্য যে উপায় ও উদ্যোগেতে তাহা সাধ্য হয় তাহার দ্বারা গলিঘুঁজিহইতে এবং রাস্তা বা অন্যান্য স্থানের মোরী কি নরদমার ঝাঁজরী কি অন্য প্রকার খোলা স্থানহইতে ঐ নরদমা এবং মোরীর দুর্গন্ধ নির্গত না হইবার উপায় করিবেন। এবং যদি কোন বিশেষ নরদমা অথবা মোরীর মালিক সেই কর্ত্তব্য কার্য্যের শৈথিল্য কি বিলম্ব করে তবে সেইরূপ নরদমা অথবা মোরীহইতে নির্গত দুর্গন্ধ সফলরূপে নিবারণার্থে উক্ত কমিস্যনর সাহেবেরদের সরবেয়র তাহাকে উপযুক্ত এত্তেলা দিবেন এবং যদি সেইরূপ এত্তেলা পাওনের পর দশ দিবসের মধ্যে সেই নরদমার মালিক অতি কর্ম্মণ্যরূপে তাহা না করে তবে উক্ত সরবেয়র তৎক্ষণাৎ উপযুক্ত কপাট কি অন্য ঢাকনি দিবেন কি ঐ দুর্গন্ধ নির্গত হওনের অতি সফলরূপে নিবারণার্থে অন্যান্য যে উপায় উচিত বোধ হয় তাহা করিবেন এবং তাহাতে যে খরচ লাগে তাহা ঐ নরদমা অথবা মোরীর মালিক দিবেক এবং তাহা পশ্চাৎ লিখিতমতে উসুল হইতে পারে ইতি।

[অনুপযুক্ত গোরস্থান নিবারণার্থে কমিস্যনরের সর্টিফিকট দিবার কথা।]

৩২ ধারা। যদি কমিস্যনর সাহেবেরদের সরবেয়রের এজহারক্রমে এবং অন্য যে কোন মতে বা উপায়ে কমিস্যনর সাহেবেরা তদারক করিতে হুকুম দেন সেই তদারকের পর উক্ত কমিস্যনর সাহেবেরা এমত সর্টিফিকট দেন (ঐ সর্টিফিকট কলিকাতা গেজেটে এবং শহরের মধ্যে সামান্যতঃ চলন এক ইঙ্গরেজী ও এক বাঙ্গলা কাগজে প্রকাশ হইবেক) যে ঐ শহরের মধ্যস্থিত কোন গোরস্থান এমত অবস্থায় আছে যে তাহার চতুর্দ্দিগনিবাসি ব্যক্তিরদের স্বাস্থ্যের ব্যাঘাত হইতে পারে অথবা ঐ শহরের মধ্যে কোন গির্জাঘর বা ঈশ্বরের আরাধনার অন্য স্থানের প্রচীরের মধ্যে বা তাহার মেজ্জিয়ার নীচে প্যাকা কবর কি গোর এমত অবস্থায় আছে যে ঐ গির্জাঘরপ্রভৃতিতে গমনকারি ব্যক্তিরদের স্বাস্থ্যের ব্যাঘাত হইবেক এবং ঐ গোরস্থান বা গির্জাঘর বা ঈশ্বরের আরাধনার অন্য স্থানহইতে অক্লেশজনক দূরে কবর দেওনের উপযুক্ত উপায় আছে তবে ঐ সর্টিফিকটের মধ্যে যে সময় নির্দ্দিষ্ট হয় তাহা অতীত হইলে

৬। যে প্রত্যেক ব্যক্তি আপনার কোন সেতখানা বা মোরী কি নরদমার জল বা অন্য দুর্গন্ধ জলীয় দ্রব্য কি আপনার ভূমি দিয়া যে জলপ্রভৃতি যায় বা আপনার ভূমিতে থাকে সেই জলপ্রভৃতি কমিস্যনর সাহেবেরদের কোন রাস্তা কি পুষ্করিণী কিম্বা জলপথ বা জলকুণ্ডেতে কি তাহার উপর গমন করার বা নরদমার দ্বারা চালার কি বহন করায় অথবা যে প্রত্যেক ব্যক্তি এইমত কোন কর্ম্ম করে বা করায় যে তাহার দ্বারা শহরনিবাসি ব্যক্তিরদের গৃহ কার্য্যের জন্যে যে জল নিযুক্ত আছে তাহা কোন প্রকারে ময়লা বা নষ্ট হয় অথবা যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী নরদমা বা মোরীতে অথবা কমিস্যনর সাহেবেরদের কোন জলকুণ্ড বা পুষ্করিণী কি জলপথ বা অন্য জলের কলে কোন ময়লা বা গোবর কি কাদা কি ধুলা বা ছাই বা বিষ্ঠা বা বাগান কি আস্তবলের ঝাঁটনি কি অন্য জঞ্জাল ফেলে বা রাখে বা আপনার চাকরের দ্বারা ফেলায় কি রাখায় বা ফেলিতে বা রাখিতে অনুমতি কি হুকুম দেয় কিম্বা যাহার বাটীহইতে তাহা ফেলা যায় বা রাখা যায় সেই ব্যক্তি।

[পাট্টাবিনা সাধারণ টাটি রাখিবার অপরাধের কথা।]

৭। যে কোন ব্যক্তি কমিস্যনর সাহেবেরদের স্থানে পাট্টা না পাইয়া শহরের মধ্যে তাহার যে কোন ভূমি থাকে বা তাহার দখলে থাকে সেই ভূমিতে কোন সাধারণ টাটি বা পাইখানা বা মুতকুড় রাখে সেই ব্যক্তি। এবং কমিস্যনর সাহেবদিগকে আপনারদের সেক্রেটারীর দ্বারা দস্তখৎকরা সেইরূপ এক পাট্টা দিতে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। এবং ঐ পাট্টা এক বৎসরের জন্যে দেওয়া যাইবেক এবং কমিস্যনর সাহেবেরদের বিবেচনামতে প্রতিবৎসরে নূতন পাট্টা দেওয়া যাইবেক বা না যাইবেক।

[সাধারণ টাটি ময়লা রাখিবার অপরাধের কথা।]

৮। উক্ত শহরের মধ্যে যে প্রত্যেক ব্যক্তি পাট্টা পাওয়া কোন সাধারণ টাটি কি পাইখানা বা মুতকুড়ের মালিক বা ইজারদার হইয়া ঐ টাটি বা পাইখানা কি মুতকুড় ময়লা ও অপরিষ্কাররূপে থাকিতে দেয় অথবা তাহা

a filthy and unclean state, or shall neglect to employ proper means for cleaning and regulating it.

*For destroying lamps or street-boards, &c.*

9. Every person who shall wantonly or wilfully destroy, injure, or deface any of the lamps or lamp-posts in the said streets, or extinguish any light therein, or abstract or take away from any of the said lamps any oil or other matter or thing therein, or any part thereof, without the order of the said Commissioners or of their said Surveyor, or who shall wantonly or wilfully destroy, injure, or deface any board bearing on it the name of any street or the number of any building or land within the said Town, or any notice of the said Commissioners fixed or posted up in any place.

*For injuring streets, taking pavements, &c.*

10. Every person who shall displace, take up, or make any alteration in the pavements, flags, stones, fences, posts, or other materials of any foot or carriage-way in any street, without the consent in writing of the said Commissioners or of their said Surveyor, or who shall cause any obstruction to or make any encroachments upon any street or upon any sewer, drain, aqueduct, or space of ground alongside a street, drain or aqueduct.

*For injuring, &c., any boards &c., erected by Commissioners.*

11. Every person who shall take down or remove any fences or boards, or any bars, chains, or posts erected by the said Commissioners, or extinguish any light attached to or connected with the said fences, boards, bars, chains, or posts without the authority or consent of the said Commissioners or their Surveyor.

*For carrying filth through streets except at certain hours.*

12. Every person who shall carry or cause to be carried in carts, pots, handies, or other vessels any night-soil or urine, or other noisome or offensive matter through the public streets except between the hours of midnight and eight in the morning, or who shall carry or cause to be carried any night-soil or urine in such manner that any offensive smell or drainings issue therefrom, or who shall place or set down in any public place any vessel containing night-soil or urine, or who shall carry or cause the same to be carried in any other than covered carts or vessels, or who shall throw or deposit any night-soil in or upon any street.

*For bathing in a public street, &c.*

13. Every person who shall bathe or wash any part of his person in any public street, or upon or in any of the tanks, reservoirs, aqueducts, water-works, or drains belonging to the Commissioners except in such of the said tanks, reservoirs, aqueducts, water-works, or drains as the Commissioners shall set apart for that purpose.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২০ আপ্রিল।]

সাফ করিবার এবং তাহার বিষয়ে সুনিয়ম করিবার উপযুক্ত উপায় করিতে ত্রুটি করে সেই ব্যক্তি।

[লাম্প অথবা রাস্তার তক্তাপ্রভৃতি নষ্ট করিবার অপরাধের কথা।]

৯। যে কোন ব্যক্তি উক্ত রাস্তার মধ্যে কোন লাম্প অর্থাৎ দীপ বা দীপের খুঁটী খামখা কি জানিয়া শুনিয়া নষ্ট করে বা ক্ষতি করে কি বিকৃত করে অথবা তাহার মধ্যের কোন আলো নিবাইয়া দেয় বা উক্ত কোন দীপ-হইতে তাহার মধ্যে থাকা কোন তৈল বা অন্য কোন দ্রব্য কি বস্তু কি তাহার কোন ভাগ উক্ত কমিস্যনর সাহেবেরদের অথবা তাঁহারদের সরবেয়রের হুকুমবিনা উঠাইয়া লয় বা লইয়া যায় অথবা যে কোন তক্তার উপর উক্ত শহরের মধ্যে কোন রাস্তার নাম থাকে কি কোন এমারৎ বা ভূমির নম্বর থাকে সেই তক্তা অথবা উক্ত কমিস্যনর সাহেবেরা কোন স্থানে যে কোন এস্তেলা-নামা লট্‌কান্ বা রাখেন্ তাহা খামখা কি জানিয়া শুনিয়া নষ্ট বা ক্ষতি কি বিকৃত করে সেই ব্যক্তি।

[রাস্তার ক্ষতি ও শান পাতরপ্রভৃতি উঠাইবার অপরাধের কথা।]

১০। যে প্রত্যেক ব্যক্তি উক্ত কমিস্যনর সাহেবেরদের অথবা তাঁহারদের সরবেয়রের লিখিত অনুমতি বিনা কোন রাস্তার কোন পাকা মেজিয়া বা শান পাতর কি পাতর কিম্বা বেড়া বা খুঁটা অথবা হাঁটিবার কিম্বা গাড়ির পথের অন্য সরঞ্জাম সরায় বা উঠাইয়া ফেলে বা তাহাতে কোন মতান্তর করে অথবা যে প্রত্যেক ব্যক্তি কোন রাস্তা বা মোরী বা নরদমা কি জলপথ অথবা রাস্তা বা নরদমা কি জলপথের পার্শ্বস্থ ভূমি অবরোধ করে কি তাহার উপর কিছু রাখে সেই ব্যক্তি।

[কমিস্যনরেরদের দ্বারা স্থাপিত কোন তক্তাপ্রভৃতি ক্ষতিপ্রভৃতি করিবার অপরাধের কথা।]

১১। উক্ত কমিস্যনর সাহেবেরদের দ্বারা স্থাপিত কোন বেড়া বা তক্তা কি হুড়কা কি শিকলি অথবা খুঁটা যে কেহ উক্ত কমিস্যনর সাহেবেরদের অথবা তাঁহারদের সরবেয়রের অনুমতি বা সম্মতিবিনা নামাইয়া ফেলে কি স্থানান্তর করে অথবা ঐ বেড়া বা তক্তা বা হুড়কা কি শিকলি বা খুঁটার নিকটে স্থাপিত বা তাহার সম্পর্কীয় কোন আলো নিবায় সেই ব্যক্তি।

[কোন২ ঘণ্টাবিনা অন্য সময়ে রাস্তার মধ্য দিয়া ময়লা লইয়া যাইবার অপরাধের কথা।]

১২। যে কোন ব্যক্তি দুই প্রহর রাত্রিঅবধি এবং প্রাতঃকালের আট ঘণ্টাপর্য্যন্ত এই সময় ছাড়া অন্য কোন সময়ে সরকারী রাস্তা দিয়া গাড়িতে কি কলশিতে বা হাঁড়িতে কি অন্য পাত্রে কোন বিষ্ঠা বা মুত্র বা অন্য কোন অপকারক বা দুর্গন্ধ বিষয় লইয়া যায় বা বহন করায় অথবা যে প্রত্যেক ব্যক্তি কোন বিষ্ঠা কি মুত্র এমত লইয়া যায় বা বহন করায় যে তাহাহইতে দুর্গন্ধ বাহির হয় কি কিছু ঝরে অথবা যে প্রত্যেক ব্যক্তি যে পাত্রে কোন বিষ্ঠা বা মুত থাকে তাহা কোন সরকারী স্থানে রাখে বা থোয় কিম্বা যে প্রত্যেক ব্যক্তি ঢাকা গাড়ি বা ঢাকাপাত্র ছাড়া অন্য কোন প্রকারে তাহা লইয়া যায় বা বহন করায় অথবা যে প্রত্যেক ব্যক্তি কোন রাস্তায় বা রাস্তার উপর কোন বিষ্ঠা ফেলে বা রাখে সেই ব্যক্তি।

[সরকারী রাস্তাপ্রভৃতিতে স্নান করিবার অপরাধের কথা।]

১৩। যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী রাস্তায় স্নান করে বা আপনার শরীরের কোন অঙ্গ ধোয় কি যে পুষ্করিণী অথবা জলাশয় কি জলপথ কিম্বা জলযন্ত্র কিম্বা নরদমা কমিস্যনর সাহেবেরা তন্নিমিত্ত নির্দ্দিষ্ট করেন সেই পুষ্করিণীপ্রভৃতি ছাড়া কমিস্যনর সাহেবেরদের কোন পুষ্করিণী বা জলাশয় বা জলপথ কি জলযন্ত্র কি নরদমায় কি তাহার উপর স্নান করে বা আপনার শরীরের কোন অঙ্গ ধোয় সেই ব্যক্তি।

14. Every person who shall wash or cause to be washed any horse, dog, or other animal, or any cloth, wearing apparel, leather, or skin of any animal, or any foul or offensive thing on any street, in or near any tanks, reservoirs, aqueducts, water-works, or drains belonging to the Commissioners, or on or in the road adjoining thereto, except in such of the said tanks, reservoirs, aqueducts, water-works, or drains as the said Commissioners shall set apart for that purpose.

For washing animals, &c. in tanks or aqueducts.

15. Every person who shall wilfully and indecently expose his person, or who shall commit nuisance in any of the public streets.

For indecently exposing person.

16. Every person being the owner or occupier of any house, hut, or building within the Town which has a drain on the same side of the street wherein such house, hut, or building is situate, who shall cause or allow any water, or liquid matter from or on such house, hut, or building to flow or be carried through pipes, gutters, water-spouts or other means on any part of any public street, or on any place but his own land or the public drain, or who shall refuse or neglect to remove or alter the direction of any such pipe, gutter, or water-spout after the expiration of ten days' notice for that purpose given by the Surveyor of the said Commissioners; and any person being the owner or occupier of any house, hut, or building in the said Town, which has not a drain on the same side of the street as such house, hut, or building, who shall convey the water from the said house, hut, or building in or upon any public street, through pipes or water spouts the mouths of which shall be higher than two feet from the ground.

For allowing water to flow from houses or pipes on public streets, and for refusing to alter the direction of water-spouts, &c.

17. Every person being the owner or occupier of any house, hut, or building, who shall cause or allow any verandah, balcony, sun-shade, or other part of any house, hut, or building to overhang and project into any public street or public place at a height of less than eleven feet from the level of the roadway or to a distance exceeding four feet from the house, and who shall refuse or neglect to take down and remove such verandah, balcony, sun-shade or other projection after the expiration of fifteen days' notice for that purpose given by the Surveyor.

For projections over streets, &c.

18. Every person who shall, after the passing of this Act, erect or set up any verandah, balcony, sun-shade, or other projection of any kind which may overhang and project into the road at

For projections over streets after passing of this Act.

[পুষ্করিণী কি জলপথে পশুপ্রভৃতি ধুইবার অপরাধের কথা।]

১৪। যে পুষ্করিণী বা জলাশয় কি জলপথ বা জলযন্ত্র কি নরদমা উক্ত কমিস্যনর সাহেবেরা তন্নিমিত্ত নির্দ্দিষ্ট করেন সেই পুষ্করিণীপ্রভৃতি ছাড়া কমিস্যনর সাহেবেরদের অন্য কোন পুষ্করিণী বা জলাশয় কি জলপথ কি জলযন্ত্র কি নরদমায় কি তাহার নিকটবর্ত্তি কোন রাস্তার উপর বা রাস্তার মধ্যে কি তাহার লাগাও কোন রাস্তায় বা তাহার উপর যে প্রত্যেক ব্যক্তি কোন ঘোড়া কি কুকুর বা অন্য পশু কি কোন কাপড় কিম্বা পোশাক বা চামড়া বা কোন পশুর চামড়া বা কোন ময়লা অথবা দুর্গন্ধ দ্রব্য ধোয় বা ধোয়ায় সেই ব্যক্তি।

[নির্লজ্জরূপে আপন শরীর দেখাইবার অপরাধের কথা।]

১৫। যে প্রত্যেক ব্যক্তি কোন সরাকারী রাস্তায় খামখা ও নির্লজ্জরূপে আপনার শরীর দেখায় অথবা অন্য কোন অপকারক কর্ম্ম করে সেই ব্যক্তি।

[সরকারী রাস্তার উপর ঘর বা নলহইতে জল পড়িতে দিবার এবং সেই নল অন্য দিগে রাখিতে অস্বীকার করিবার অপরাধের কথা।

১৬। উক্ত শহরের মধ্যে যে রাস্তায় কোন ঘর বা খড়ুয়া ঘর কি এমারৎ থাকে সেই রাস্তার দিগে ঐ ঘরপ্রভৃতির নল থাকিলে সেই ঘর বা খড়ুয়া ঘর কি এমারতের যে ব্যক্তি মালিক বা দখীলকার হয় সেই ব্যক্তি সেই বাটী বা খড়ুয়া ঘর কি এমারৎহইতে বা তাহার উপরহইতে কোন জল বা জলীয় দ্রব্য চুঙ্গী বা মোরী কি নল কিম্বা অন্য কোন উপায়ের দ্বারা সরকারী রাস্তার কোন ভাগে অথবা আপনার ভূমি কি সরকারী নরদমাছাড়া অন্য কোন স্থানে বহন করায় কি গড়ায় অথবা উক্ত কমিসানরের সরবেয়রের স্থানে তদ্বিষয়ের এত্তেলা পাইলে পর দশ দিবসের মধ্যে সেই নল বা মোরী কি চুঙ্গী উঠাইতে কিম্বা অন্য দিগে রাখিতে অস্বীকার বা ত্রুটি করে সেই ব্যক্তি এবং কোন বাটী বা খড়ুয়া ঘর কি এমারৎ রাস্তার যে পাশে নির্ম্মাণ আছে সেই পাশে তাহার কোন নরদমা নাই এমত বাটী বা খড়ুয়া ঘর কি এমারতের মালিক বা দখীলকার যে নল বা চুঙ্গীর মুখ ভূমিহইতে দুই ফুটের অধিক উচ্চ হয় সেই নলের দ্বারা ঐ বাটী বা খড়ুয়া ঘর কি এমারতের জল কোন সরকারী রাস্তায় কি রাস্তার উপর বহন করায় সেই ব্যক্তি।

[রাস্তাপ্রভৃতির উপর কোন জিনিস ঝুঁকিয়া রাখনের অপরাধের কথা।]

১৭। যে প্রত্যেক ব্যক্তি কোন বাটী বা খড়ুয়া ঘর বা এমারতের মালিক বা দখীলকার হইয়া কোন প্রকার বারাণ্ডা কি রৌদ্রনিবারক কোন আচ্ছাদন কি বাটী বা খড়ুয়া ঘর কি এমারতের অন্য কোন ভাগ কোন সরকারী রাস্তার কি সরকারী স্থানের উপর রাস্তার সমভূমিহইতে এগার ফুট কম উচ্চ অথবা ঘরহইতে চারি ফুটের অধিক অন্তরে ঝুঁকিয়া কি বিস্তার করিয়া রাখে বা ঝুঁকিতে কি বিস্তার হইতে দেয় এবং সরবেয়রের স্থানে তাহা নামাইবার এত্তেলা পাওনের পনের দিনের পরে ঐ বারাণ্ডা বা রৌদ্রনিবারক আচ্ছাদন বা বিস্তারহওয়া অন্য কোন বস্তু নামাইতে এবং উঠাইয়া ফেলিতে অস্বীকার কি ত্রুটি করে সেই ব্যক্তি।

[এই আইন হওনের পর রাস্তার উপর ঝুঁকিয়া থাকা দ্রব্য নির্ম্মাণের অপরাধের কথা।]

১৮। এই আইন জারী হওনের পর যে কোন ব্যক্তি কমিসানর সাহেবেরদের স্থানে তাঁহারদের সরবেয়রের দস্তখৎকরা অনুমতিপত্র না পাইয়া যে কোন বারাণ্ডা কি রৌদ্রনিবারক আচ্ছাদন বা অন্য কোন প্রকার বিস্তৃত বস্তু

[Government Gazette, 20th April, 1852.]

any height and to any distance without licence first obtained from the Commissioners under the hand of their Surveyor.

*For washing carriages in public streets.*

19. Every person who shall wash or cleanse, or cause or order or allow his servants to wash or cleanse any carriage or other conveyance, or horse or other animal, or whose carriage or other conveyance or horse or other animal shall be washed or cleansed in any public street or other public place.

[To be Continued.]

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENTS.

*The 10th April*, 1852.

Baboo Nund Coomar Bose, is confirmed in the appointment of Moonsiff of Bazeetpore, Zillah Mymensing, from the date on which Moulvee Imdad Ali was appointed to be Sudder Ameen of Midnapore.

Baboo Bissessur Sein, (who has obtained a Diploma,) to be Acting Moonsiff of Bowfaul, Zillah Backergunge, during the absence on leave of the incumbent.

### LEAVES OF ABSENCE.

*The 7th April*, 1852.

**Baboo Anund Chunder Banerjee, Moonsiff of Kaloopole, Zillah Jessore, for nine days, from the 17th instant.**

**Baboo Seeteekant Sing, Moonsiff of Pothnah, and Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Bhutooriah, Zillah East Burdwan, the former for 3 days, from the 6th ultimo, and the latter for the 8th idem, on account of the Dole Jattra Vacation.**

*The 10th April*, 1852.

**Baboo Birjo Mohun Dutt, Moonsiff of Bowfaul, Zillah Backergunge, for 25 days, from the date of his quitting his station.**

*The 14th April*, 1852.

**Mahomed Mamood, Moonsiff Borobaree, Zillah Rungpore, for two months, in extension of the leave granted on the 2d January last.**

**Moulvee Gholam Rubbanee, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for the 10th and 11th instant.**

**Baboo Srikant Singh, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, for the 9th instant.**

**Baboos Gopaulchunder Ghose and Seeteekant Singh, Moonsiffs of Bhutooriah and Pothna, Zillah East Burdwan, for the 10th and 11th instant.**

B. J. COLVIN, *Register.*

রাস্তার উপর কোন পরিমাণ উচ্চ বা চৌড়াতে ঝুঁকে বা বিস্তার হয় এমত বারাণ্ডাপ্রভৃতি স্থাপন করায় বা নির্ম্মাণ করে সেই ব্যক্তি।

[সরকারী রাস্তায় গাড়ি ধূইবার অপরাধের কথা।]

১৯। যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী রাস্তা বা অন্য কোন সরকারী স্থানে কোন গাড়ি বা অন্য প্রকার যানবাহন কি ঘোড়া বা অন্য পশু ধোয় বা সাফ করে বা আপনার চাকরদিগের দ্বারা ধোয়ায় বা সাফ করায় কি তাহারদিগকে ধূইতে কিম্বা সাফ করিতে হুকুম কিম্বা অনুমতি দেয় অথবা যে কোন ব্যক্তির গাড়ি বা অন্য প্রকার যানবাহন কি ঘোড়া বা অন্য পশু সেই প্রকার রাস্তায় ধোয়া যায় বা সাফ করা যায় সেই ব্যক্তি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

---

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলী যে তারিখে মেদিনীপুরের সদর আমীনী পদে নিযুক্ত হন সেই তারিখঅবধি শ্রীযুত বাবু নবকুমার বসু জিলা ময়মনসিংহের বাজিৎপুরের মুনসেফী পদে বহাল হইয়াছেন।

জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ৭ আপ্রিল।

জিলা যশোহরের কালুপোলের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি নয় দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পতনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ দোলযাত্রার বন্দে গত মাসের ৬ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন। এবং ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ ঐ মাসের ৮ তারিখের ছুটী পান।

১৮৫২ সাল ১০ আপ্রিল।

জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত যে তারিখে ঐ মোকাম ছাড়েন সেই তারিখঅবধি পাঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৪ আপ্রিল।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত মহম্মদ মামুদ গত জানুআরি মাসের ২ তারিখের যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বাণি বর্ত্তমান মাসের ১০। ১১ তারিখের ছুটী পান।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ৯ তারিখের ছুটী পান।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ ও পতনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ১০। ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

৬৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ২৪ মার্চ।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর উইটল সাহেব (Mr. R. Whittal,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনঅনুযারি মালদহের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জনসন সাহেব (Mr. J. Johnson,) গত নবেম্বর মাসের ১১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল জানুআরি মাসের ১০ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

চাটিগাঁর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু বৈদ্যনাথ ব্রহ্ম গত নবেম্বর মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত জানুআরি মাসের ১০ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২৬ মার্চ।

দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান সি এস রেনলড্‌স সাহেব (Captain C. S. Reynolds,) বর্ত্তমান মাসের ১০ তারিখে কালেক্টরীর খাজানাখানার ও আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেবের (Mr. C. A. Bruce,) স্থানে পুনর্গ্রহণ করেন।

দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে খাজানাখানার এবং আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr. F. J. Cockburn,) স্থানে পুনর্গ্রহণ করেন।

ঢাকার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ আর শেপর্ড সাহেব (Reverend H. R. Shepherd,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন এলাকায় প্রত্যাগমন করেন।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগ্নিউ সাহেব (Lieutenant W. Agnew,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে কালেক্টরীর খাজানাখানার এবং আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্‌তার কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr. H. Driver,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর আর হারিস সাহেব (Lieut. R. R. Harris,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে দানাপুরের ছাউনি স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার এদেশীয় পদাতিক ২৬ পল্টনের কাপ্তান শ্রীযুত আর স্পেনসর সাহেবের (Captain R. Spencer,) প্রতি অর্পণ করেন।

রাজশাহির সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) দওরার কর্ম্মে পাবনাতে গমনার্থে বর্ত্তমান মাসের ২০ তারিখে আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আজীর প্রতি অর্পণ করেন।

১৮৪৩ সালের ১৫ আইনঅনুযারি ডেপুটী মেজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে দেবগড় এলাকাখণ্ডের ভার গ্রহণ করেন।

বেহারের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকলৌড সাহেবের (Mr. J. Macleod,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে বাঁকুড়ার ডেপুটী কালেক্টরীর খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সায়দ ওয়াজীউল্লার স্থানে পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত আর টরেন্স সাহেব (Mr. R. Torrens,) বর্ত্তমান মাসের ২২ তারিখে সমুদ্রহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৭০৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৮ মার্চ।

শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) বর্ত্তমানে বিদ্যাধ্যাপনের কমিটীর মেম্বর হইবেন।

১৮৫২ সাল ২৭ মার্চ।

শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) রেলওএর কমিস্যনর হইবেন। শ্রীযুত লক সাহেব (Mr. Loch,) ১৮২৪ সালের ১ আইনের ৩ ধারার ২ প্রকরণ ও ১৮৫০ সালের ৪২ আইনের দ্বিতীয়াদি ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি লক সাহেবের (Mr. G. Loch,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) বীরভূমের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের (Mr. F. A. E. Dalrymple,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এন্স্‌লী সাহেব (Mr. W. Ainslie,) বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেবের (Mr. Hon'ble E. Drummond,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেবের (Mr. J. J. Ward,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ এল বোফর্ট সাহেবের (Mr. F. L. Beaufort,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) যশোহরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বেলাই সাহেবের (Mr. Belli,) না পঁহুছনপর্য্যন্ত শ্রীযুত এচ রোস সাহেব (Mr. H. Rose,) যশোহরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) কলিকাতার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং স্বীয় পদোপলক্ষে ১৮৪৭ সালের ১৫ আইন অনুসারে সরবেয়রের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর সি রেক্স সাহেবের (Mr. R. C. Raikes,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) ময়মনসিংহের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[*Government Gazette*, 20th *April*, 1852.]

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) যাবৎ বালেশ্বরহইতে না পঁহুছেন তাবৎ শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) ময়মুন সিংহের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৫ মার্চ।

বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এ সি বিড্‌ওএল সাহেব (Mr. A. C. Bidwell,) সিংহলদ্বীপে এবং ছুটী বিষয়ক বিধির ৪ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যবর্ত্তি অন্যান্য স্থানে গমনার্থে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ৮ তারিখঅবধি আট মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৭ মার্চ।

কটকের কমিস্যনর শ্রীযুত এফ গুল্‌সবরি সাহেবকে (Mr. F. Gouldsbury,) গত মাসের ২৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৩০ মার্চ।

কামরূপে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে কালেক্টরী খাজানাখানা এবং আপনার দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত এনসাইন টি লাম সাহেবের (Ensign T. Lamb,) স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ই এস পিয়রসন সাহেবের (Mr. E. S. Pearson,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্‌স গ্রাণ্ট সাহেব (Mr. James Grant,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার একটিং প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এন ফারকরসন সাহেব (Mr. R. N. Farquharson,) বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মআজিম হুসেনের স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭২৯ নম্বর।

বাঙ্গলা দেশের মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৫ মার্চ।

শ্রীযুত বাবু নীলমণি দত্ত পাটনাতে দিগা স্থানের পেনিটেনসরির সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত বাবু কালাচাঁদ দে ফরীদপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত বাবু শ্যামাচরণ দত্ত ভবানীপুরের ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫২ সাল ৩১ মার্চ।

শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত বীরভূমের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বর্ত্তমান মাসের ২৭ তারিখের যে হুকুমক্রমে শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) বীরভূমের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হন তাহা রহিত হইয়াছে।

পাটনার মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট হইবেন। কিন্তু শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেবের (Mr. G. F. Cockburn,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুঙ্গেরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এল এস জাক্‌সন সাহেব (Mr. L. S. Jackson,) পাটনার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) ময়মুনসিংহ জিলাতে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ৩১ মার্চ।

কলিকাতার পুলিসের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ টি ল সাহেব (Mr. W. T. Law,) স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি ছাব্বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১ আপ্রিল।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) সমুদ্রে গমনের অনুমতি প্রার্থনা করণের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr. J. H. Crawford,) গত মাসের ১৮ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২ আপ্রিল।

বড়পেটাতে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি কে হডসন সাহেব (Mr. C. K. Hudson,) সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনার্থে গত ফেব্রুআরি মাসের ২০ তারিখে জেলখানার এক[illegible]নার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার একটিং সদর আমীন শ্রীযুত বাবু জগন্নাথ বরদলৈর প্রতি অর্পণ করেন।

মাষ্টর এটেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান এচ এল তামস সাহেব (Captain H. L. Thomas,) গত মাসের ২১ তারিখে বিদেশগমনশীল মজুরেরদের রক্ষকতা কর্ম্ম শ্রীযুত কাপ্তান টি ই রাজর্স সাহেবের (Captain T. E. Rogers,) স্থানে গ্রহণ করেন।

বিদেশগমনশীল মজুরেরদের রক্ষক সাহেবের আসিষ্টাণ্ট ও মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত টি হিল সাহেব (Mr. T. Hill,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) গত মাসের ২৫ তারিখে বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্ম শ্রীযুত জি এ পেপর সাহেবের (Mr. G. A. Pepper,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত আর ইন্স সাহেব (Mr. R. Ince,) গত মাসের ২৫ তারিখে চাটিগাঁর নিমকের এজেন্টী কর্ম্ম গ্রহণ করেন।

জিলা শাহাবাদে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) গত মাসের ২৬ তারিখে আপন মোকামে পঁহুছেন।

দিনাজপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জোএট সাহেব (Mr. J. Jowett,) গত মাসের ২৬ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Mr. H. D. H.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২০ আপ্রিল।]

Fergusson,) গত মাসের ২৭ তারিখে মুঙ্গেরের মাজিস্ট্রেটী কর্ম্ম শ্রীযুত এ হোপ সাহেবের (Mr. A. Hope,) প্রতি অর্পণ করেন।

বারাসতের জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) গত মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে আর মসপ্রাট সাহেবের (Mr. J. R. Muspratt,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৭৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৫ মার্চ।

কটকের অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ সটন সাহেব (Reverend A. Sutton,) কটকের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

মুঙ্গেরে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জান লারেন্স সাহেব (Reverend John Lawrence,) ভাগলপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীরামপুরে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ এচ ডেনহাম সাহেব (Reverend W. H. Denham,) হুগলীর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

যশোহরের অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে পারি সাহেব (Reverend J. Parry,) যশোহরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

চুচুড়ায় ফ্রি চর্চ স্কটলাণ্ডের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ই মিলর সাহেব (Reverend E. Miller,) হুগলীর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

রাম মাকাল চকে লণ্ডন মিশনরি সোসাইটির ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জেম্‌স পাটরসন সাহেব (Reverend James Paterson,) এবং ভবানীপুরে ঐ সোসাইটির ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জোসেফ মলিন্স সাহেব (Reverend Joseph Mullens,) এবং কৃষ্ণপুরে ঐ সোসাইটির ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে এচ পার্কর সাহেব (Reverend J. H. Parker,) এবং হাবড়াতে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি টি মর্গান সাহেব (Reverend T. Morgan,) ও ইটালিতে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি পিয়র্স সাহেব (Reverend G. Pearce,) এবং বিষ্ণুপুরে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ সুপর সাহেব (Reverend F. Supper,) চব্বিশপরগনার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫২ সাল ৩১ মার্চ।

শ্রীযুত জে সথরলাণ্ড সাহেবের (Mr. J. Sutherland,) অনুপস্থানকি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত কাপ্তান এচ হো সাহেব (Captain H. Howe,) মারীন্ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১ আপ্রিল।

শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Honorable E. Drummond,) যাবৎ পুরীতে না পঁহুছেন তাবৎ শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) পুরীতে মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং স্বীয় পদোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

দানাপুরে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এন ব্রাইস সাহেব (Reverend N. Brice,) পাটনার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৪১ সালের ১৫ আইনঅনুসারে রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ ঐ জিলাতে ১৮১১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫২ সাল ১ আপ্রিল।

মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ কীন সাহেব (Dr. A. Kean,) আপনার কর্ম্মের ভার এদেশীয় ৫৭ পল্টনের চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

কাছাড়ে সংগৃহীত কুকী সৈন্যেরদের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট এ টর্ণবুল সাহেব (Lieutenant A. Turnbull,) চন্দ্রাপুঞ্জিতে ও রাজধানীতে গমনার্থে ১৮৫১ সালের ১৫ ফেব্রুয়ারি তারিখঅবধি ১৫ নবেম্বর তারিখপর্য্যন্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে নয় মাসের ছুটী পাইয়াছেন।

ছিলটের পদাতিক লঘু অস্ত্রধারী পল্টনে নিযুক্ত এদেশীয় ২২ পল্টনের এনসাইন্ শ্রীযুত আর ষ্টুআর্ট সাহেব (Ensign R. Stewart,) আপন কর্ম্মাতিরিক্ত কুকী সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্ম কিঞ্চিৎ কাল গ্রহণ করিবেন।

মারিন্ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সেক্রেটারী শ্রীযুত জে সথরলাণ্ড সাহেব (Mr. J. Sutherland,) সরকারী কর্ম্মে ইশতাফা দেওনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রাফিক স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২২ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ৫ আপ্রিল।

বালেশ্বরের একটিৎ সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে পি কেলি সাহেব (Mr. J. P. Kelly,) চিকিৎসা পাইবার জন্য রাজধানীতে গমনার্থে যে তারিখে আপন কর্ম্ম অন্য সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বগুড়ার সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় গত ডিসেম্বর মাসের ১০ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৬ আপ্রিল।

শ্রীযুত মেজর জে সি হানিংটন সাহেব (Major J. C. Hannyngton,) গত মাসের ১৬ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে ডেপুটী কমিসানরের কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন।

শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simpson,) গত মাসের ১৭ তারিখে হাজারীবাগে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ই এম রায়ন সাহেব (Lieutenant E. M. Ryan,) গত মাসের ২৩ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত কাপ্তান জে সি হটন সাহেব (Captain J. C. Haughton,) গত মাসের ২২ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর একটিৎ আসিষ্টাণ্টস্বরূপ সিংহভূম জিলার ভার গ্রহণ করেন এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এমরসন সাহেব (Lieutenant J. Emerson,) একটিৎ প্রধান আসিষ্টাণ্টস্বরূপ সম্বলপুর জিলার ভার গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব (Mr. J. Grant,) নওয়ার কর্ম্মে মালদহে গমনার্থে গত মাসের ৩০ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার একটিৎ প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেনের প্রতি অর্পণ করেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander,) "ওরিয়েন্টাল" নামক বাষ্পীয় জাহাজে সমুদ্রহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১ তারিখে সাগরদ্বীপে পঁহুছে।

শ্রীযুত ডবলিউ জনষ্টন সাহেব ও জি এচ লারেন্স সাহেব ও এচ এম চেস সাহেব ও ডবলিউ সি শরুড সাহেব (Messrs. W. Johnston, G. H. Lawrence, H. M. Chase, and W. C. Sherwood,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিল সম্পর্কীয় সিরিশতার মেম্বরী পদে নিযুক্ত হইয়া "ওরিয়েন্টাল" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১ তারিখে সাগরদ্বীপে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৭৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১ আপ্রিল।

শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) জিলা চব্বিশপরগনার দলিল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫২ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেন্ট আর আর হারিস সাহেবের (Lt. R. R. Harris,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান আর স্পেনসর সাহেব (Captain R. Spencer,) দানাপুরের ছাউনির জাইন্ট মাজিষ্ট্রেট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জি টড সাহেব (Mr. G. Todd,) বর্ত্তমান কালের নিয়মিত ছুটী লইবার অনুমতি পাইয়াছেন।

১৮৫২ সাল ৩ আপ্রিল।

আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ বি বর্ণি সাহেব (Reverend H. B. Burney,) ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫২ সাল ৯ আপ্রিল।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত সি গারষ্টিন সাহেব (Mr. C. Garstin,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মীর্জা মহম্মদ সাদিকের স্থানে পুনর্গ্রহণ করেন।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে এচ বি কলবিন সাহেব (Mr. J. H. B. Colvin,) গত মাসের ২৯ তারিখে আপন মোকামে পঁহুছিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

---

### LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পাবনা।

এত্তালানামা কাছারি ডিপুটী কালেক্টরী মহকুমা পাবনা।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাত চলিত সনের কিস্তী ফালগুণপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারি ন্যায় আদায় করণের হুকুমাছে তদনুসারে সন ১৮৫২ সালের ২৭ আপরেল মোতাবেক সন ১২৫৯ সালের ১৬ বৈশাখ মঙ্গলবার অত্র কালেক্টরীতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ৩১ মার্চ মোতাবেক সন ১২৫৮ সাল তারিখ ১৯ চৈত্র।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জেলার তৌজির মহালের রেজিষ্টরির নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা সালিয়ানা | বাকী খাজানা লাং কিস্তী ফালগুণ | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল | ৩৮১ | চক নাকানিয়া পং ইসীফ শাহী | কীর্ত্তিনাথ মজুমদার | ১/১ | ১/১ | |
| ঐ | ঐ | ৪৮৭ | কিং ৩৬ বা তপে খলশী | শঙ্কর প্রাণকৃষ্ণ নেউগী | ৯।১১ | ৯।১১ | |
| ঐ | ঐ | ৭৮৩ | কিং থিকমনা পং নসরত শাহী | শম্ভুচন্দ্র রায় | ৩॥৶৮ | ৩॥৶৮ | |

J. WARD, *Deputy Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ২০ আপ্রিল।]

## জিলা পূরণিয়া।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল ১৮৫২ সালের ফেব্রুআরি মাসের কিস্তীপর্য্যন্তের বাকী মালগুজারীর নিমিত্তে ১৮৫২ সালের ২৬ আপ্রিল তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৯ সালের ১৫ বৈশাখ সোমবারে ঐ জিলার কালেক্টর সাহেবের সিরিশ্তায় দিনাওয়ারে নীলাম হইবেক।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজিতে কি রেজিষ্টরীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | সন ১৮৫২ সালের ফেব্রুআরি মাসের কিস্তীপর্য্যন্তের বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বাঙ্গলা সন। | | | | |
| ১ | ১০০৲ টাকার অধিক ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল | ৬১ | তরফ বাকরপুর পরগনা চক দিসৌরি ... | ঝুমকলাল ঝা ও মসম্মাত সর্ব্বেশ্বরী ... | ১০৪৮॥৶১০ | ১৭০৸৶৬ | হাল |
| ২ | ১০০৲ টাকার অনধিক | ২১২ | মৌজা চিরা পরগনা সুলতানপুর ... ... | গোলাপচাঁদ ... ... ... | ১১॥৶৩ | ৬ ৶৭ | ঐ |
| | ঐ ঐ | | | | | | |
| | ঐ | ৩৪৪ | মৌজা ভামৌত পরগনা হাবেলী ... ... | জীরা খাওয়াসীন ... ... ... | ৩৭ ৷৶ | ১৮॥৶ | ঐ |
| | ঐ | ৭০৪ | মৌজা নেওয়ানকার পরগনা শ্রীপুর ... | বুনিয়াদ সিং ... ... ... | ৭৭৸৶৬ | ২৫৸৶৬ | ঐ |
| | ঐ | ৭১০ | মৌজা মালবার পরগনা ঐ ... ... | রামচরণ ভকত ওগয়রহ ... ... | ৫৩৸৶৯ | ২১৸৶৯ | ঐ |
| | ঐ | ৯৩৫ | মৌজা মালবার গঙ্গভবানন্দ শর্ম্মা পং ঐ ... | সেখ ফইজ বক্শ নীলাম খরীদার ... | ৬৮৸৶৬ | ২২৸৶১০ | ঐ |
| ৩ | মিয়াদী কিম্বা ইজারা দেওয়া মহাল | ৭৯২ | মৌজা ভাগরতল মানকোল মণিহারি পরগনা কাঁকজোল | ত্রিভুবন লাল ঐ ... ... ... | ২৩॥৶৯ | ১১৸৶৫ | ঐ |
| | | | পরগনা হাবেলী লালচৌনীর মৌজাতে পূর্ব্বে গোলাম হুসেনের ১৫ পনের বিঘ জমী ও তাহাতে আমগাছ ও তাল গাছ। | সেখ আলী বক্স জামিনদার ... ... | | ১৪৲ | এই মহাল আবকারী ইজারদার জামিনস্বরূপ বন্ধক দিয়াছিল পূর্ব্বে লিখিত আবকারীর বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক। |

C. D. Russell, *Collector.*

জিলা যশোহর।

এস্তলানামা কাছারি কালেক্টরি জিলা যশোর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে অত্র জেলার যে তালিকাতের লিখিত মহাল বর্ত্তমান সন ১২৫৮ সালের ফসলুত্তর মাসপর্য্যন্ত কাস্তেমী মহালাতের ও মাঘ মাসপর্য্যন্ত ইজারা মহালের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্ত প্রচলিত সন ১৮৫২ সালের ২৭ আপরেল বাঙ্গলা সন ১২৫৯ সালের ১৬ বৈশাখ রোজ মঙ্গলবার অত্র কালেক্টরিতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তাং ১২ আপরেল বাঙ্গলা সন ১২৫৯ সাল তারিখ ১ বৈশাখ।

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের তৌজির নম্বর | মহালের নাম | মালেকের নাম | সদর জমা | বাকী পাওনা লাং ফালগুণ সন ১২৫৮ সাল | বকেয়া বাকী | একুন বাকী | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | এস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল ... | ৪৭৫ | কিসমত লাহুড়িয়া পং নলদী ... ... | তালুক জয়চন্দ্র রায় ... | ৭৸৯ | ৪ ৷৴১১ | ০ | ৪ ৸৴১১ | |
| ঐ | ঐ | ৫০৩ | কিসমত শুক্রাগ্রাম পং ঐ ... ... | পাঁচু পাল দং রামপ্রসাদ পাল ... ... ... | ২ ॥৶৮ | ২ ৷৴১০ | ০ | ২ ৷৴১০ | |
| ঐ | ঐ | ১২ | কিসমত ধুবড়িয়াওং পং সাতৈর ... | রামবল্লভ পঞ্চাননদিগর ... | ১৸৴৫ | ১৸৴৫ | ০ | ১৸৴৫ | |
| ঐ | ঐ | ২২৩ | কিং দিলজোওয়ারিয়া তিরার পাড়া পং ঐ ... ... ... ... ... | রামসুন্দর চাকলাদার ... | ৩৸৴২ | ৩৸৴২ | ০ | ৩৸৴২ | |
| ঐ | ঐ | ২২ | কিং বাবপাড়া পং মকিমপুর ... ... | গিরিধর সেন ... ... | ৩ ।১০ | ৩ ।১০ | ০ | ৩ ।১০ | |
| ঐ | ঐ | ৫ | কিং ময়নাদহা পং সাতৈর মুং গঙ্গাপথ | গিরিধর সেন ... ... | ২ ॥৭ | ২ ॥৭ | ০ | ২ ॥৭ | |
| ঐ | ঐ | ১৫ | কিং মিরপুর পং ইশফপুর ... ... | মৌলবি বাথের ... ... | ২৭ ।৶ | ।৶ | ০ | ।৶ | |
| ঐ | ঐ | ২৯ | কিং বাঘটার ওং পং নশিবশাহী ... | রামকিশোর মজুমদার ... | ৬ ।৴২ | ৪৸৶৯ | ০ | ৪৸৶৯ | |
| ঐ | ঐ | ৩৬ | কিসমত ঐ ... ... ... ... | রামকিশোর মজুমদার ... | ২৸৶৪ | ২ ॥৴১১ | ০ | ২ ॥৴১১ | |
| ঐ | ঐ | ৭৯ | কিং লক্ষ্মণদিয়া পং ঐ ... ... | গিরিধর সেন ... ... | ২৯ ॥৴৭ | ৭৷১ | ০ | ৭৷১ | |
| ঐ | ঐ | ১০৩ | কিসমত ঐ ... ... ... ... | চন্দ্রনাথ রায় ... ... | ৬৸১ | ৬৸১ | ০ | ৬৸১ | |
| ঐ | ঐ | ৪৫৩ | কিসমত ঐ ... .. ... ... | গিরিধর সেন ... ... | ১৫ ।৴৯ | ৫৸১ | ০ | ৫৸১ | |
| ঐ | ঐ | ১০১ | কিং আলমপুর পং সাতৈর ... ... | হরিশ্চন্দ্র গুহ ... ... | ৪ ॥৶৮ | ৪ ॥৶৮ | ০ | ৪ ॥৶৮ | |
| ঐ | ঐ | ১০৬ | কিং দামুদরদি পং সাতৈর মহাল নাওরা বেশনশী ... ... ... ... ... | হরিশ্চন্দ্র গুহ ওগএরহ ... | ৫৸১০ | ৫৸১০ | ০ | ৫৸১০ | |
| ঐ | ঐ | ৩১৪১ | ২২৭১ কিং লক্ষ্মীনাথ কাটী পং বাজিতপুর ... | বাজেআপ্তী তালুক হরনাথ রায় ... ... ... | ৩১৶ | ৩১৶ | ০ | ৩১৶ | |
| ঐ | ঐ | ৩১৪৪ | ১০০২ কিং মকরমপুর ওং পং মাহামুদ শাহী | রামসুন্দর বসু ... ... | ২৸৷ | ২৸৶ | ০ | ২৸৶ | |

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের তৌজীর নম্বর | মহালের নাম | মালেকের নাম | সদর জমা | বাকী পাওনা লাং ফাল্গুণ সন ১২-৫৮ সাল | বকাবা বাকী | এক্ষুন বাকী | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল | ৩১৭১ | ৮৯৩ কিসমত শ্রীকোল পং মামুদশাহী | বিবি আছমতন্নেছা | ২॥৶ | ২৷৶ | • | ২॥৶ | |
| ঐ | ঐ | ৩২১৩ | ১১৭১ কিং পদ্ম পুখরিয়া বিগর পং শৈদপুর | কৃষ্ণকান্ত ভট্টাচার্য্য | ৯০৲৬ | ২৪৸৶৮ | • | ২৪৸৶৮ | |
| ঐ | ঐ | ৩৫৫২ | ১২৩৭ কিং মেথলার মাইজপাড়া পং জাঙ্গীরাবাদ | ডুমন সেখ | ১৲ | ১৲ | • | ১৲ | |
| ঐ | ঐ | ৩৫৫৮ | ১২৩৭ কিং ঐ | মোহিনীমোহন চৌধুরী | ১৸৶ | ১॥৶ | • | ১॥৶ | |
| ঐ | ঐ | ৩৫৮৭ | ১১৭৪ কিং গোপালপুর ও চেউলিয়া ওং পং মামুদশাহী | প্রাণনাথ রায় | ২৭॥৴ | ২৭৷৶ | • | ২৭॥৴ | |
| ঐ | ঐ | ৩৬১২ | ১১৭৫ কিং দুর্গাপুর ওং পং ঐ | হরিমোহন বসু | ২৸৵ | ২৸৴ | • | ২৸৴ | |
| ঐ | ঐ | ৩৬৩২ | ২৪৬৫ কিং বেউলিয়া পং জামিরিয়া | হরনাথ রায় | ২৯৸৶৯ | ১৬৸৶৯ | • | ১৬৸৶৯ | |
| ঐ | ঐ | ৩৬৪২ | ১২২৬ কিং বেউলিয়া রাড়ীপাড়া পং মামুদশাহী | বাঞ্ছারাম মৌলিক | ৸৶ | ৸৶ | • | ৸৶ | |
| ঐ | ঐ | ৩৬৮১ | ৯৭০ কিং চালমিয়া দিং পং নলদী | মেং তামেষ ব্রে সাহেব | ৫৪৶ | ৩৫৶ | • | ৩৫৶ | |
| ঐ | ঐ | ৩৭৬৭ | ১৭৬০ কিং বরিসাট পং শাহাউজিয়াল | মীর গোলাম নবী | ৮৷৵ | ৮৷৵ | • | ৮৷৵ | |
| ঐ | ঐ | ৩৮৭২ | ৯৬৬ কিং চালমিয়া পং নলদী | রাধাচরণ রায় | ৭১॥৭॥ | ২৬॥৭। | • | ২৬॥৭॥ | |
| ঐ | ঐ | ৩৯৮৭ | ২১২৭ কিং কামালপুর বিল হরিণা পং এমাদপুর | বাণীকান্ত মুখোপাধ্যায় | ২৫৲ | ২০৲ | • | ২০৲ | |
| ঐ | ঐ | ৪০২৯ | ২৮৬৩ কিং গড়ুই নদী জের জয়নাবাদ পং মামুদশাহী | জোরছন্নেছা বিবি | রসদী মোট জমা ৩৸১০ | ৸৫ | • | ৸৫ | |

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের তৌজীর নম্বর | মহালের নাম | মালেকের নাম | নম্বর জমা | বাকী পাওনা লাং ফাল্গুণ সন ১২-৫৮ সাল | বকায় বাকী | একুন বাকী | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | একমুরারি জমা ধার্য্য-হওয়া মহাল | ৪১১৪ | কিং প্রতাবনগর পং জমিরিয়া ... | ... সেখ তোরফওল্লা ... ... | ৬/৪৸ | ৬/২। | ২০৲ | ২৬/২। | |
| ঐ | ঐ | ৩৩১০ | ৬২৯ কিং চর হরিহরনদী লক্ষ বাসুদেবপুর পং এমা-দপুর | শ্রীধর ঘোষওগয়রহ ... ... | সমেত মালেকানা ২৸৵ | ১৸৵ | • | ১৸৵ | |
| ঐ | ঐ | ৩৩১১ | ৬২৯ কিং চর হরিহর নদী লক্ষ পদ্ম পুখরিয়া পং শৈদপুর | মুনশী আবদুল রছুল ... ... | ২৪৻৮ | ৩৸১০ | • | ৩৸১০ | |
| ২ | একমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল | ৭১০ ৫ | কিং মুলগ্রাম দিগর পং শৈদপুর ওং ... | রাজা বরদাকণ্ঠ রায় ... ... | ১৫৪১॥০ | ১৫৪১॥০ | • | ১৫৪১॥০ | |
| ৩ | ঐ | ৫৭৫ | কিং ডহরমশীয়া হাটী পং শৈদপুর ... | আনন্দচন্দ্র ঘোষ ... ... | ৬১৲ | ৬১৲ | ১০২৲ | ১৬৩৲ | |
| ঐ | ঐ | ১১৮৪ | কিং চর ভদ্র পং দাতীয়া ... ... ... | উমেশচন্দ্র পাল চৌধুরী ... | ৩২॥৶৩ | ২০৲ | ৩২॥৶৩ | ৫২॥৶৩ | |
| ২ | ঐ | • | চর গেউবুনিয়া মোং সুন্দরবন ... ... | কালীবর ঘোষ ওগয়রহ ... | ৩০০৲ | ১১২৲ | • | ১১২৲ | |
| | | | | | | বাকী লাং মাঘ | | | |
| ৩ | ঐ | ৩৩০৫ | কিং সনাতন কাটী পং মলই ... ... | ইজারা প্রাণনাথ চৌধুরী ... | ১১॥০ | ১১॥০ | ৮৷৶৩ | ১৯৸৶৩ | |
| ২ | ঐ | ৩৩৬৮ | চর হরিহর নদী ... ... ... ... | ইজারা কাদেরগাজী ... ... | ১৸৩ | ১৸৩ | • | ১৸৩ | |
| ঐ | ঐ | ৩৩১৯ | চর ঐ ... ... ... ... ... | বালকরাম রিশী ... ... | ৬৸৵ | ৬৸৵ | • | ৬৸৵ | |
| ঐ | ঐ | ৩৩৭৪ | চর ঐ ... ... ... ... ... | বালক রিশী ... ... ... | ২৸০ | ২৸০ | • | ২৸০ | |
| ৩ | ঐ | ৩৩৭৫ | চর ঐ ... ... ... ... ... | বালকরাম রিশী ও সরূপচন্দ্র ঘোষ | ৬।২ | ৬।২ | ১॥৶৩ | ৭৸৶৩ | |
| ঐ | ঐ | ৪০৮৯ | কিং বড়দিয়া পং রাজদিয়া ওং ... ... | শিবচন্দ্র রায় ... ... ... | ১৪।৶৩ | ১৪।৶৩ | ৯৷৶৭ | ২৪৻২০ | |
| ঐ | ঐ | ৪০৯১ | কিং কুমলই পং ঐ ... ... ... ... | ঐ জন ... ... ... | ৩৸৫ | ৩৸৫ | ৩।০৩ | ৭৻৮ | |
| ঐ | ঐ | ৪০৯২ | কিং চাক শ্রীপং ঐ ... ... ... ... | ঐ জন ... ... ... | ৩০/৫ | ৩০/৫ | ২১।/১১ | ৫১।৶৪ | |
| ২ | ঐ | ৪০৯৩ | চর ভদ্র নদী পং বাগমারা ... ... ... | মাহামুদ ছাদেক ... ... | ৪০।৴ | ৩০৲ | • | ৩০৲ | |

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের তৌজীর নম্বর | মহালের নাম | মালেকের নাম | সদর জমা | বাকী পাওনা লাং ফাল্গুণ সন ১২৫৮ সাল | দকায় বাকী | একুন বাকী | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল | ০ | মৌজে টুটপাড়ার লবণ চোরা পং ছোগলা | গাতী জমা হরচন্দ্র সরকার | ... ১৩০৲ | ০ | ১১৫॥৪ | ১১৩॥৪ | অন্য মহাল কি ধুলিহরের পার্শ্বের লিখিত বাকী মবলগ মজকুর আদায় কারণ এই মহালের ।০ আনা নীলাম হইবেক। |
| ঐ | ঐ | ০ | মৌজে ঐ | গাতী জমা ঐ জন | ... ১৩০৲ | ০ | ১১১৶ | ১১১৶ | কিঃ দেয়াড়ার পার্শ্বের লিখিত বাকী মবলগ মজকুর আদায় কারণ এই মহালের ।০ আনা নীলাম হইবেক। |
| ঐ | ঐ | ০ | মৌজে ঐ | গাতী জমা ঐ জন | ... ১৩০৲ | ০ | ৭৪॥৶৫। | ৭৪॥৶৫। | চং কদু লক্ষ লক্ষ নগরের পার্শ্বের লিখিত বাকী মবলগ মজকুর আদায় কারণ এই মহালের ।০ আনা নীলাম হইবেক। |
| ঐ | এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ১০৩ | কিং পং হাবিলী খলফ খেরাবাদ | তালুক গোবিন্দচন্দ্র রায় | ... ৫২৫॥৴১০ | ৭১২॥০ | ০ | ৭১২॥০ | অন্য মহাল চক ফুলহাতা গএরহ ইজারদার নন্দকুমার বাগীশের জেমা বাকী মবলগ মজকুর আদায় কারণ এইসকল মহালের ৶১২ গণ্ডা রকম নীলাম হইবেক। |
| ঐ | ঐ | ১০৪ | কিং পং ঐ | গোবিন্দচন্দ্র বসু ... | ... ২৬৩॥৴৯ | | | | |
| ঐ | ঐ | ১০৮ | কিং পং ঐ | কৃষ্ণচন্দ্র রায় ... | ... ৪৫ ৸৭ | | | | |
| ঐ | ঐ | ১০০ | কিং পং ঐ | গোবিন্দচন্দ্র রায় ... | ... ১৩২॥৶১৸ | | | | |

C. S. Belli, *Offg. Collector.*

[*Government Gazette*, *20th April*, 1852.]

## SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of the undermentioned Jungle lands, situated within the limits of the Soonderbuns, in the 24-Pergunnahs, will be put up for Public Sale at Noon, on Friday, the 30th April, 1852, corresponding with the 19th Bysack, 1259, at the Office of the Commissioner of the Soonderbuns at Allipore. The highest bidder will be entitled to it, and must immediately pay the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name, with the confirmation of Government, and he will occupy the land according to the terms of the Pottah.

It is further notified, that intending purchasers who may wish to see the map of the ground, may obtain all necessary information by application personally or by their Agents at the Office of the Commissioner. The conditions of the sale will be made known on the day of Sale. A. D. 1852, 29th March; corresponding with B. S. 1258, 17th Choitro.

| *No. of Lot* | | *Estimated quantity.* |
|---|---|---|
| 10. | Exclusive of the cleared portion, the whole amount of blind forest, ... | 9.588 Biggahs. |
| 21. | Exclusive of the cleared portion, the whole amount of blind forest, ... | 11.411 ,, |
| 86. | Estimated amount of ground, ... ... ... ... ... | 9,000 ,, |

OOMAKAUNT SEIN, *Commissioner.*

### সুন্দরবন কমিসানরের দপ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে নীচের লিখিত সুন্দরবনের জঙ্গল জমীনের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিসানরের দপ্তরখানার ইংরেজী ১৮৫২ সালের ৩০ আপ্রেল মোতাবেক সন ১২৫৯ সালের ১৯ বৈশাখ শুক্রবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক। যে জন অতিউচ্চ মুল্য ডাকেন তিনি তাহা পাইবেন। তৎক্ষণে তাহার খরিদের সমুদয় টাকা কমিসানরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মন্জুরীক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখলিকার হইবেন আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্সা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারা কমিসানরের দপ্তরখানায় তাহা জানিতে পারেন আরো উক্ত নিয়ম বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন১৮৫২ সাল তারিখ ২৯ মার্চ মোং ১২৫৮ সাল তারিখ ১৭ চৈত্র।

| লাটের নম্বর | | আন্দাজী রকবা |
|---|---|---|
| ১০ নং | লাটের মোট জমী অন্দরে সেওয়ার আবাদি জমী কানা জঙ্গল আন্দাজী | ৯৫৮৮/ |
| ২১ নং | লাটের মোট জমী অন্দরে সেওয়ার আবাদি কানা জঙ্গল আন্দাজী | ১১৪১১/ |
| ৮৬ নং | লাট জমী অন্দাজী | ৯০০০ / |

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিসানর।

---

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্তিহার।

---

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
তালুকদিগর ইজারা।
আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাদী।
হরমোহন রায় ও রাজচন্দ্র রায় প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১ মে শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এম এফ জি সেণ্ডেস সাহেব তাঁহার আফিসে উপরোক্ত প্রতিবাদি হরমোহন রায় ও রাজচন্দ্র রায়ের নীচের লিখিত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা নদীয়া।

তালুক তরফ মামজোয়ানি ১০২ মৌজা রকম ৴১১— ক্রান্তি।

এবং

মোকাম শান্তিপুর বড় বাগান নামক এক বাগান মায় এমারৎ রকম তিন অংশের দুই অংশ।

মোকাম শান্তিপুর চারাবাগান নামক এক বাগান রকম ঐ।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তলব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ১৩ আপরেল ১৮৫২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২০ আপ্রিল।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

ALSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 27, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৭ আপ্রিল।

## ACT.

[Continued from page 264.]

Act No. XII. of 1852.

*An Act to repeal Act No. II. of 1848, and to confer certain powers on the Commissioners for the Improvement of the Town of Calcutta.*

*For setting up boards and scaffolding in streets without leave, &c.*

20. Every person who shall place, set up, or build in any public street within the Town any board, scaffolding, post, bar, rail, boards, or other thing by way of inclosure for the purpose of making mortar or of depositing, sifting, screening, or slackening any bricks, stone, lime, sand, or any other materials for building or repairing any house or other building, or for any other purpose whatsoever without licence first obtained from the Commissioners, who are hereby authorized to grant such licence, under the hand of their Surveyor, or who shall set up or build the same in any other manner, or allow or cause the same to be continued for any longer time than shall be allowed or expressed in such licence, or who shall cause or allow any of the building materials or other things to extend beyond the distance expressed in the licence.

*For lighting obstructions, when allowed.*

21. Every person who shall have been allowed by the Commissioners to set up any scaffolding or deposit any bricks, stone, lime, sand, or other building materials on the public streets and who shall not cause a light to be set up every night from sunset to sunrise on every such erection or obstruction.

## আইন।

[২৬৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১২ আইন।

১৮৪৮ সালের ২ আইন রদ করিবার এবং শহর কলিকাতা উত্তম করণার্থ কমিস্যনরদিগকে কোন২ ক্ষমতা দেওনের আইন।

[বিনানুমতিতে রাস্তাপ্রভৃতিতে তক্তা ও ভারা বাঁধিবার অপরাধের কথা।]

২০। যে কোন ব্যক্তি কমিস্যনর সাহেবেরদের স্থানে তাঁহারদের সরবেয়রের দস্তখৎকরা অনুমতিপত্র না পাইয়া কোন ঘর বা অন্য এমারৎ গাঁথিবার অথবা মেরামৎ করিবার জন্যে কি অন্য কোন নিমিত্তে মসলা প্রস্তুত করণের জন্যে অথবা ইট বা পাতর কি চুণ কিম্বা বালী বা অন্য কোন সরঞ্জাম রাখিবার বা চালিবার কিম্বা ছাকিবার অথবা ফুটাইবার জন্যে শহরের মধ্যে কোন সরকারী রাস্তাতে বেড়া দেওনের নিমিত্তে কোন কাষ্ঠ বা ভারা অথবা কোন খুঁটী বা গরাদি কি রেল বা তক্তা বা অন্য কোন দ্রব্য রাখে অথবা স্থাপন করে কি বসায় সেই ব্যক্তি। সেইরূপ অনুমতিপত্র দিতে কমিস্যনর সাহেবেরদের প্রতি ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। অথবা যে কোন ব্যক্তি ঐ অনুমতিপত্রেতে যেরূপ অনুমতি বা নির্দিষ্ট ছিল তদ্ভিন্ন অন্য কোনরূপে ঐ তক্তা বা খুঁটাইত্যাদি স্থাপন করে কিম্বা বসায় অথবা ঐ অনুমতিপত্রে যত কাল নির্দিষ্ট ছিল তাহাহইতে অধিক কাল তাহা থাকিতে দেয় অথবা যে কেহ অনুমতিপত্রে যে দূর নির্দিষ্ট আছে তাহাহইতে অধিক দূরে গাঁথনির কোন সরঞ্জাম বা অন্য দ্রব্য রাখে বা রাখিতে দেয় সেই ব্যক্তি।

[অবরোধকারি বস্তুর অনুমতি হইলে তাহাতে আলো দেওনের কথা।]

২১। কমিস্যনর সাহেবেরা যে কোন ব্যক্তিকে কোন সরকারী রাস্তাতে কোন ভারা বাঁধিতে অথবা কোন ইট কি পাতর বা চূণ কি বালী বা গাঁথনির অন্য সরঞ্জাম রাখিতে অনুমতি দিয়াছেন সেই ব্যক্তি এইমত প্রত্যেক ভারা অথবা রাস্তার অবরোধকারি বস্তুর উপর প্রতিরাত্রিতে সূর্য্যাস্তঅবধি তৎপর দিবস সূর্য্যোদয়পর্য্যন্ত এক আলো না রাখে সেই ব্যক্তি।

*For erecting obstruction in streets whether proprietor's right be in dispute or not.*

22. Every person who shall build any wall, or erect any fence or obstruction, or set up any post so as to be an obstruction in any street, whether the proprietary right to such street shall be in dispute or not.

[মালিকী স্বত্বের বিরোধ হইলে বা না হইলে রাস্তার কোন অবরোধকারি বস্তু রাখিবার অপরাধের কথা।]

২২। রাস্তার মালিকী স্বত্বের বিরোধ হউক বা না হউক যে কোন ব্যক্তি কোন রাস্তায় কোন দেওয়াল গাঁথে বা কোন বেড়া কি অবরোধকারি বস্তু রাখে অথবা এইমত কোন খুঁটা বসায় যে তাহাতে রাস্তার অবরোধ হয় সেই ব্যক্তি।

*For exposing articles for sale in public streets, &c.*

23. Every person who shall set out, place, or expose, or cause to be set out, placed, or exposed, whether for sale or otherwise any stall, booth, show-board, basket, cask, or meat, fish, vegetable, fruit, groceries, or any other merchandise or goods of any kind, or any stone, bricks, earthenware, hard-ware, timber, or any other thing whatsoever, whether animal, vegetable, or mineral, in or upon any of the public streets or in or over any drain, sewer or aqueduct.

[সরকারী রাস্তাপ্রভৃতিতে বিক্রয়ের জন্যে কোন বস্তু থুইবার অপরাধের কথা।]

২৩। যে প্রত্যেক ব্যক্তি কোন মাচা কি টোঙ্গ কি বিজ্ঞাপন তক্তা বা টুকরী কি পীপা বা মৎস্য কি মাংস বা শবজি কি ফল অথবা পসারির দ্রব্য কি অন্য কোন বাণিজ্য দ্রব্য কি কোন প্রকার মাল বা কোন পাতর বা ইট বা মৃত্তিকানির্ম্মিত বা ধাতুনির্ম্মিত কোন দ্রব্য কি কোন কাষ্ঠ কিম্বা অন্য কোন প্রকার কোন দ্রব্য তাহা জন্তুসম্বন্ধীয় বা বৃক্ষসম্বন্ধীয় কি ধাতুসম্বন্ধীয় হউক তাহা কোন সরকারী রাস্তা কিম্বা মোরী কি নরদমা বা জলপথের উপর কি তাহার মধ্যে বিক্রয়ের জন্যে বা অন্য কারণে রাখে বা থোয় বা সাজায় কিম্বা অন্যের দ্বারা তাহা রাখে বা সাজায় বা থোয় সেই ব্যক্তি।

*For sifting or cleansing grain, &c., in public streets.*

24. Every person who shall sift or clean, or cause to be sifted or cleansed, or exposed for any other purpose any cotton, grain, seeds, rice, coffee, onions, or any other vegetable matter whatsoever, or who shall sift brick-dust or lime on any public street, or on or over any public drain, sewer, reservoir, or aqueduct.

[সরকারী রাস্তায় শস্যপ্রভৃতি চালনের বা সাফ করণের অপরাধের কথা।]

২৪। যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী রাস্তায় কি কোন সরকারী মোরী বা নরদমা বা জলাশয় কিম্বা জলপথে বা তাহার উপর কোন তুলা বা শস্য কি বীজ কি চাউল বা কাওয়া কিম্বা পেঁয়াজ কি বৃক্ষজাত অন্য কোন দ্রব্য চালে বা সাফ করে বা চালায় কি সাফ করায় বা অন্য কোন কারণে তাহা সাজায় বা সুরকি কি চূণ চালে সেই ব্যক্তি।

*For leaving vehicles in public streets, &c.*

25. Every person who shall keep or leave any carriage, cart, hackery, or other conveyance, or any horse, ox or other animal, on any public street or on or over any public drain, sewer, or aqueduct, so as to cause an obstruction in the streets or public thoroughfare.

[সরকারী রাস্তাপ্রভৃতিতে যানবাহন রাখিবার অপরাধের কথা ]

২৫। যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী রাস্তায় বা কোন সরকারী মোরী বা নরদমা কি জলপথে বা তাহার উপর কোন ঘোড়ার বা গরুর গাড়ি বা ছকড়া গাড়ি কিম্বা অন্য কোন যানবাহন অথবা কোন ঘোড়া কি বলদ বা অন্য কোন পশু এমতে রাখে বা থাকিতে দেয় যে তদ্দ্বারা রাস্তায় বা সকলের গমনাগমনের পথের অবরোধ হয় সেই ব্যক্তি।

*For making fires and discharging fire-arms and fire-works in streets.*

26. Every person who shall set fire to or burn any straw, hay, seeds, timber, or any other matter, or light any bonfire or fire in any public street, or discharge any kind of fire arms or any air-gun, or let off or throw any kind of fireworks or send up any fire-balloon any where in the said Town.

[রাস্তার মধ্যে আগুন করণের এবং বন্দুকপ্রভৃতি বা বাজি ছুড়িবার অপরাধের কথা।]

২৬। যে প্রত্যেক ব্যক্তি কোন সরকারী রাস্তায় কোন খড় বা বিচালী কি বীজ বা কাষ্ঠ কি অন্য কোন দ্রব্যেতে আগুন দেয় কিম্বা জ্বালায় কিম্বা কোন উৎসবেতে বা প্রকারান্তরে আগুন জ্বালায় বা উক্ত শহরের কোন স্থানে কোন প্রকার আগ্নেয় অস্ত্র বা কোন বায়ুর বন্দুক ছোড়ে বা কোন প্রকার বাজী ছোড়ে বা ফেলে কি কোন আগ্নের বলুন উড়ায় সেই ব্যক্তি।

*For sounding musical instruments or metals in streets.*

27. Every person who shall beat or sound any musical or sounding instrument, or any brass or metal utensil in the public streets, except at such times and places as shall be from time to time appointed by the Chief Magistrate upon application made to him for that purpose.

[রাস্তার মধ্যে কোন বাজনা বা ধাতু বাজানের অপরাধের কথা।]

২৭। বাজনা বাজাওনের বিষয়ে প্রধান মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত হইলে তিনি যে সময় ও যে স্থান সময়ক্রমে নিরূপণ করেন সেই সময় ও স্থান ছাড়া যে প্রত্যেক ব্যক্তি অন্য সময়ে কি অন্য স্থানে কোন সরকারী রাস্তায় কোন বাজনা বা শব্দকারি বস্তু বা পিতলের বা ধাতুর কোন দ্রব্য পিটায় বা বাজায় সেই ব্যক্তি।

*For affixing bills, or otherwise defacing houses, &c.*

28. Every person, other than the said Commissioners or their servants, who shall affix any bill, notice, or any paper against or upon any building, wall, fence, or board, or who shall write upon, de-

[ছাপা কাগজ লট্কাওনের বা অন্য প্রকারে ঘরপ্রভৃতি বিরূপ করণের অপরাধের কথা।]

২৮। উক্ত কমিস্যনর সাহেবেরদের বা তাঁহারদের চাকর বিনা যে প্রত্যেক ব্যক্তি কোন এমারৎ বা দেওয়াল কি বেড়া বা তক্তার উপর কোন ছাপা কাগজ বা এত্তেলানামা কি অন্য কোন কাগজ লটকায় অথবা যে কেহ

face, or mark with chalk, or paint, or in any way whatsoever, any building, wall, fence, or board without the consent of the owner or occupier thereof.

*For exposing unwholesome food, &c.*

29. Every person who shall expose or allow to be exposed within the limits of the said Town any animal, carcase, meat, poultry, game, flesh, fish, or vegetables in a decayed and unwholesome state and unfit for the food of man.

*For slaughtering in streets.*

30. Every person who shall slaughter or cut up any beast, sheep, swine, or other animal in any public street or so near thereunto that any blood or filth or other matter from the same shall flow or be carried into such street.

*For keeping a market unclean, &c.*

31. Every person being the owner, occupier or farmer of any public market, bazar, or slaughter-house, who shall keep or allow the same to be kept in a filthy and unclean state, and shall refuse or neglect, after the expiration of two days' notice to be given by the said Commissioners or their Surveyor, Overseer, or Bazar Inspector, to cause such market, bazar, or slaughter-house to be properly cleansed and the filth thereof removed.

*For keeping swine, &c., in the Town.*

32. Every person who shall keep in any street, house, out-house, yard, or ground within the Town any swine or a flock of more than twenty sheep, goats or horned cattle.

*Bathing places at the river to be set apart.*

XLII. It shall be lawful for the said Commissioners, with the concurrence of the Chief Magistrate, to set apart, at their discretion, certain of the public ghauts on the Calcutta bank of the river Hooghly for the purpose of being used as bathing places, and every person who shall by landing goods or merchandize at the said ghauts, or who shall by anchoring or otherwise fastening or keeping boats or vessels of any description in any manner obstruct or incommode the bathers at any such ghaut, shall be liable, on conviction before a Justice of the Peace, to a fine not exceeding fifty rupees, or, at the discretion of such Justice, to imprisonment for a period not exceeding one month.

*Commissioners, and Chief Magistrate, may allow illuminations on street.*

XLIII. It shall be lawful for the said Commissioners, with the concurrence of the Chief Magistrate, at their discretion, to grant a licence to any person permitting him to put up posts on the side of any public street for the purpose of affixing thereon lamps to illumi-

এমারৎপ্রভৃতির মালিক বা দখীলকারের অনুমতি বিনা কোন এমারৎ কি দেওয়াল বা বেড়া বা তক্তার উপর কিছু লেখে কি তাহা বিরূপ করে কি খড়ির কি রঙ্গের দ্বারা বা অন্য কোন প্রকারে তাহাতে কোন দাগ দেয় সেই ব্যক্তি।

[অস্বাস্থ্যজনক খাদ্য দ্রব্যপ্রভৃতি দৃষ্টিগোচরে রাখিবার অপরাধের কথা।]

২৯। যে প্রত্যেক ব্যক্তি উক্ত শহরের সীমার মধ্যে যে পশু বা পশুর শব কি মাংস কি মুরগিপ্রভৃতি বা বন্য পক্ষী কি গোস্ত বা মৎস্য কি শবজি পচা এবং অস্বাস্থ্যজনক আছে এবং মনুষ্যের আহারের অনুপযুক্ত এমত পশুপ্রভৃতি দৃষ্টিগোচরে রাখে বা রাখিতে দেয় সেই ব্যক্তি।

[রাস্তার মধ্যে পশু জবাই করিবার অপরাধের কথা।]

৩০। যে প্রত্যেক ব্যক্তি কোন পশু বা ভেড়া বা শূকর কি অন্য জন্তু কোন সরকারী রাস্তার কি সেই রাস্তার এমত নিকটে জবাই করে কি টুকরা২ করে যে তাহার দ্বারা কোন রক্ত কি ময়লা কি অন্য দ্রব্য ঐ রাস্তায় বহে কি গড়াইয়া যায় সেই ব্যক্তি।

[বাজার অপরিষ্কার প্রভৃতি রাখণের অপরাধের কথা।]

৩১। যে প্রত্যেক সরকারী হাট বা বাজার কি কসাইখানার মালিক বা দখীলকার কি ইজারদার হইয়া ঐ হাটপ্রভৃতি ময়লা ও অপরিষ্কাররূপে রাখে বা রাখিতে দেয় এবং উক্ত কমিসানর সাহেবেরদের কিম্বা তাঁহারদের সরবেয়র কিম্বা ওবর্সিয়র কি বাজারের ইনস্পেক্টরের এত্তেলা পাওনের দুই দিন পরে ঐ বাজার বা হাট কি কসাইখানা উপযুক্তমতে পরিষ্কার করাইতে এবং তাহার ময়লা উঠাইয়া ফেলিতে অস্বীকার বা ত্রুটি করে সেই ব্যক্তি।

[শহরের মধ্যে শূকরপ্রভৃতি রাখিবার অপরাধের কথা।]

৩২। যে প্রত্যেক ব্যক্তি শহরের মধ্যে কোন রাস্তায় বা বাটীতে কি বাহিরের ঘরে কি উঠানে কিম্বা ভূমিতে কোন শূকর কিম্বা কুড়ি ভেড়া বা বকরী কি শৃঙ্গি পশুর অধিক রাখে সেই ব্যক্তি।

[নদীতে স্নানের স্থান নিযুক্ত করিবার কথা।]

৪২ ধারা। প্রধান মাজিষ্ট্রেট সাহেবের সম্মতিক্রমে উক্ত কমিসানর সাহেবেরা হুগলী নদীর কলিকাতার তীরে কোন২ সরকারী ঘাট স্নানের স্থানের ন্যায় ব্যবহার হওনার্থে আপনারদের বিবেচনামতে নিযুক্ত করিতে পারেন। এবং যে প্রত্যেক ব্যক্তি উক্ত ঘাটে জিনিস অথবা বাণিজ্যদ্রব্য নামানের দ্বারা কি কোন প্রকার নৌকাপ্রভৃতি তথায় নোঙ্গর করণের দ্বারা বা প্রকারান্তরে লাগাওন কিম্বা রাখণের দ্বারা ঐরূপ কোন ঘাটে স্নানকারি ব্যক্তিরদের অবরোধ করে বা ক্লেশ দেয় সেই ব্যক্তির অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার অথবা ঐ জষ্টিস সাহেবের বিবেচনাক্রমে এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[কমিসানরেরা ও প্রধান মাজিষ্ট্রেট রাস্তায় রোশনাই করিবার অনুমতি দিবার কথা।]

৪৩ ধারা। প্রধান মাজিষ্ট্রেট সাহেবের অনুমতিক্রমে উক্ত কমিসানর সাহেবেরা আপন২ বিবেচনাক্রমে পূজা কি উৎসবের সময়ে শহরের রাস্তায় রোশনাই করিবার জন্যে তাহার উপর দীপ দিবার নিমিত্তে কোন ব্যক্তিকে কোন সরকারী রাস্তার পার্শ্বে কোন খুঁটী বসাইতে অনুমতিপত্র দিতে পারেন। এবং যে কোন ব্যক্তি সেক্রে-

nate the said street on occasions of festivals or ceremonies; and any person who shall put up any such post, or affix any such lamp for any purpose, without license first had and obtained from the Commissioners under the hand of the Secretary or Surveyor, shall, on conviction thereof before a Justice of the Peace, be liable to a fine not exceeding one hundred rupees, and in default of payment, shall be imprisoned for any period not exceeding one month.

Slaughter-houses to be registered; penalty for not registering.

XLIV. Every person being the owner, occupier, or farmer of any public market, bazar, or slaughter-house within the Town, shall cause such market, bazar, or slaughter-house to be registered at the Office of the Commissioners, with a general description of the place, size, number of shops and stalls, and kinds of goods therein exposed for sale; and if he shall refuse or neglect so to register the same he shall forfeit and pay, on conviction before a Justice of the Peace, a sum not exceeding one hundred rupees, and in default of payment thereof, shall be liable to be imprisoned for any period not exceeding one month.

Penalty for making and using any new slaughter-house within the Town without the consent of Commissioners, &c.

XLV. No place shall be used or occupied as a slaughter-house, within the said Town, which was not in such use and occupation at the time of the passing of this Act, and has not so continued ever since, unless and until a licence for the erection thereof, or for the use and occupation thereof, as a slaughter-house has been obtained from the Commissioners, and every person who, without having first obtained such licence as aforesaid, shall use as a slaughter-house any place within the said limits not used as such at the time of the passing of this Act, and so continued to be used ever since, shall for every such offence forfeit and pay, on conviction before a Justice of the Peace, a sum not exceeding one hundred rupees, and in default of payment shall be liable to be imprisoned for any period not exceeding one month.

Owners of bazars, tanneries, &c, shall have sufficient drains.

XLVI. Every person being the owner, occupier, or farmer of any market, bazar, tannery, or slaughter-house within the said Town is required to have such a number of drains therein as shall be considered sufficient by the Commissioners, and shall have all the floors and drains paved with stone or burnt brick, and he shall have also therein a supply of water sufficient in the judgment of the Commissioners to keep the whole place in a clean and wholesome state at all times, and in default thereof for four weeks after notice given to him by the Surveyor, Overseer, or

টারী সাহেবের অথবা সরবেয়রের দস্তখৎকরা কমিস্যনর সাহেবেরদের স্থানে এক অনুমতিপত্র না পাইয়া কোন কারণে ঐরূপ কোন খুঁটা পোতে কি ঐরূপ কোন দীপ বসায় সেই ব্যক্তির অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং সেই টাকা না দিলে এক মাসের অনধিক মিয়াদে কয়েদ হইবেক ইতি।

[কসাইখানা রেজিষ্টরী করিবার কথা। রেজিষ্টরী না করণের দণ্ডের কথা।

৪৪ ধারা। যে কোন ব্যক্তি শহরের মধ্যে সরকারী হাট বা কোন বাজার কি কসাইখানার মালিক বা দখীলকার কি ইজারদার হয় সেই ব্যক্তি ঐ হাট কি বাজার কি কসাইখানা কমিস্যনর সাহেবেরদের দফ্তরখানায় রেজিষ্টরী করাইবেক এবং ঐ স্থানের সাধারণ বৃত্তান্ত ও তাহার পরিমাণ ও তাহার মধ্যে যত দোকান ও মাচা থাকে ও তাহার মধ্যে যে নানা প্রকার জিনিস বিক্রয়ার্থে থাকে তাহা ঐ রেজিষ্টরীর মধ্যে লিখিবেক। এবং যদি সেই ব্যক্তি তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার অথবা ত্রুটি করে তবে তাহার অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দিবেক এবং সেই টাকা না দিলে এক মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[কমিস্যনরপ্রভৃতির অনুমতি বিনা শহরের মধ্যে নূতন কসাইখানা করিবার বা ব্যবহার করিবার দণ্ডের কথা।]

৪৫ ধারা। এই আইন জারী হওনের সময়ে উক্ত শহরের মধ্যে যে স্থান কসাইখানারূপে ব্যবহার ও দখল ছিল না এবং তদবধি অনবরত সেইরূপ ব্যবহার না হইয়া আসিতেছে এমত স্থান নির্ম্মাণার্থে অথবা কসাইখানারূপে ব্যবহার ও দখল করণার্থে কমিস্যনর সাহেবেরদের স্থানে যাবৎ পাট্টা না পাওয়া যায় তাবৎ কসাইখানারূপে ব্যবহার কি দখল হইবেক না। এবং ঐ সীমার মধ্যে যে স্থান এই আইন জারী হওনের সময়ে কসাইখানারূপে ব্যবহার না ছিল এবং তদবধি অনবরত ব্যবহার না হইয়া আসিতেছে এমত স্থান যে প্রত্যেক ব্যক্তি পূর্ব্বোক্তমতে পাট্টা না পাইয়া কসাইখানার ন্যায় ব্যবহার করে সেই ব্যক্তির অপরাধ জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অধিক না হয় এমত জরীমানা দিবেক এবং সেই টাকা না দিলে এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[চামড়ার কারখানা ও বাজারপ্রভৃতিতে প্রচুর নরদমা করিবার কথা।

৪৬ ধারা। উক্ত শহরের মধ্যে কোন হাট বা বাজার কি চামড়ার কারখানা কিম্বা কসাইখানার প্রত্যেক মালিক কি দখীলকার বা ইজারদারদিগের প্রতি হুকুম হইল যে কমিস্যনর সাহেবেরা যত নরদমা ঐ হাটপ্রভৃতির মধ্যে থাকা উপযুক্ত বোধ করেন তত নরদমা রাখে এবং ঐ হাটপ্রভৃতির মেজিয়া এবং নরদমা পাতর কি ইটেতে নির্ম্মাণ করিবেক এবং কমিস্যনর সাহেবেরদের বিবেচনায় ঐ সমস্ত হাটপ্রভৃতি সর্ব্বদা পরিষ্কার ও স্বাস্থ্যজনকরূপে রাখিবার জন্যে যত জলের আবশ্যক হয় তত জল ঐ মালিকপ্রভৃতি সেখানে প্রস্তুত রাখিবেক। এবং উক্ত কোন বিষয়ে ঐ হাট কি বাজার বা চামড়ার কারখানা কি কসাইখানা দোষ থাকন বিষয়ে সরবেয়র অথবা

Inspector of Markets that such market, bazar, tannery, or slaughter-house is defective in any of the said particulars, shall forfeit and pay, on conviction before a Justice of the Peace, a sum not exceeding one hundred rupees, and in default of payment shall be liable to be imprisoned for any period not exceeding two months.

Penalty for establishing any new tannery, &c., in Town.

XLVII. Any person who, after the passing of this Act, shall establish any new tannery or other manufactory within the said Town, from which an offensive or unwholesome smell may arise, shall forfeit and pay, on conviction before a Justice of the Peace, a sum not exceeding two hundred rupees, and in default of payment shall be liable to be imprisoned for any term not exceeding two months.

Doors in future to be made to open inward, and doors opening outwards may be altered by the Commissioners.

XLVIII. All doors and gates put up after the passing of this Act within the limits of the said Town, and which open upon any street, shall be hung or placed so as not to open outwards; and if any such door or gate be hung or placed so as to open outwards on any street, the occupier of such house, building, yard, or land shall, within eight days after notice from the Commissioners to that effect, cause the same to be altered so as not to open outwards, and in case he neglects so to do the Commissioners may make such alteration, and the expenses of such alteration shall be paid to the Commissioners by such occupier, and shall be recoverable from him in manner hereafter mentioned. And if any such door or gate was before the passing of this Act hung so as to open outwards upon any street, the Commissioners may alter the same, or cause the same to be altered, so that no part thereof when open shall project over any public way.

Number of house to be affixed to it.

XLIX. Every person being the owner or occupier of a house in the Town shall fix at his own expense, in a conspicuous place outside of the house or of his gate, in the street, the number of the same as recorded in the assessment books, and no other number, and the said number shall be in legible figures at least three inches in length, and any person who, after the expiration of three months after the publication of this Act, shall neglect or refuse to have such number affixed, shall, on conviction before a Justice of the Peace, forfeit and pay a sum not exceeding fifty rupees.

Occupiers to keep lamp lighted outside their gates in the streets.

L. Every person being the occupier of a house in the said Town, and rated at a gross monthly rental of rupees seventy and upwards for the same, shall fix, at his own expense, in a conspicuous place outside of his house, or

ওবর্সিয়র অথবা বাজারের ইনস্পেক্টর তাহাকে এত্তেলা দেওনের চারি সপ্তাহের পর যদি ঐ বাজারপ্রভৃতির মালিকপ্রভৃতি তাহার প্রতিকার না করে তবে ঐ ব্যক্তির অপরাধ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দিবেক এবং সেই টাকা না দেওয়া গেলে দুই মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[নূতন চামড়ার কারখানাপ্রভৃতি শহরের মধ্যে স্থাপনের দণ্ডের কথা।]

৪৭ ধারা। এই আইন জারী হওনের পর যে কোন ব্যক্তি শহরের মধ্যে যে কোন নূতন চামড়ার কারখানা বা অন্য কারখানাহইতে দুর্গন্ধ বাহির হয় কি লোকদিগের অস্বাস্থ্য হয় এইমত কারখানা স্থাপন করে সেই ব্যক্তির ঐ অপরাধ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানা দিবেক এবং সেই টাকা না দিলে দুই মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

[উত্তর কালে দ্বার ভিতরে খুলিবার এবং যে দ্বার বাহিরে খোলে তাহা কমিস্যনরের দ্বারা মতান্তর করণের কথা।]

৪৮ ধারা। এই আইন জারী হওনের পর উক্ত শহরের সীমাসরহদ্দের মধ্যে যে সকল দ্বার ও ফটক স্থাপন হয় এবং কোন রাস্তার উপর খোলে তাহা এইমত ঝুলাইতে বা রাখিতে হইবেক যে তাহা বাহিরের দিগে না খোলে। এবং যদি এইরূপে কোন দ্বার বা ফটক এইমত ঝুলান বা রাখা যায় যে তাহা কোন রাস্তার উপর বাহিরের দিগে খোলে তবে সেই ঘর বা এমারৎ বা উঠান কি ভূমির দখীলকার তদ্বিষয়ে কমিস্যনর সাহেবের স্থানে এত্তেলা পাইলে পর আট দিবসের মধ্যে তাহা এমত মতান্তর করাইবেক যে তাহা আর বাহিরের দিগে না খোলে। এবং যদি সেই ব্যক্তি তাহা না করে তবে কমিস্যনর সাহেবেরা সেইরূপ তাহা মতান্তর করিতে পারেন এবং সেইরূপ মতান্তর করণের খরচ ঐ দখীলকার কমিস্যনর সাহেবকে দিবেক এবং তাহা পশ্চাৎ লিখিতমতে তাহার স্থানে আদায় হইতে পারে। এবং এই আইন জারী হওনের পূর্ব্বে যদি ঐরূপ কোন দ্বার বা ফটক এইরূপ ঝুলান ছিল যে তাহা কোন রাস্তার উপর বাহিরের দিগে খোলে তবে কমিস্যনর সাহেবেরা তাহা এইরূপে মতান্তর করিতে বা মতান্তর করাইতে পারেন যে তাহা খোলা হইলে তাহার কোন ভাগ সরকারী কোন রাস্তার উপর না ঝুঁকে ইতি।

[ঘরের নম্বর তাহাতে দেওনের কথা।]

৪৯ ধারা। যে কোন ব্যক্তি শহরের মধ্যে কোন ঘরের মালিক বা দখীলকার হয় সেই ব্যক্তি আপন খরচে ঐ বাটীর বা তাহার ফটকের বাহিরে রাস্তার দিগে সকলের দৃষ্টিগোচর স্থানে টাক্সের বহীতে যে নম্বর লেখা আছে সেই নম্বর লটকাইবেক এবং আর কোন নম্বর লটকাইবেক না। এবং ঐ নম্বর যাহাতে সহজে পাঠ হইতে পারে এমত অঙ্কেতে লেখা যাইবেক এবং ঐ অঙ্ক অন্যূন তিন বুরুল লম্বা হইবেক। এবং যে কোন ব্যক্তি এই আইন জারী হওনের তিন মাস পরে ঐরূপ নম্বর লটকাইতে ত্রুটি অথবা অস্বীকার করে সেই ব্যক্তির অপরাধ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানা দিবেক ইতি।

[দখীলকারেরা রাস্তার মধ্যে আপন২ ফটকে উজ্জ্বল দীপ দিবার কথা।]

৫০ ধারা। উক্ত শহরের মধ্যে যে ঘরের মাসে মোট সত্তরি টাকা এবং তাহাহইতে অধিক ভাড়ার টাক্স দেওয়া যায় এমত প্রত্যেক ঘরের দখীলকার আপনার খরচে আপনার ঘরের বাহিরে সকলের দৃষ্টিগোচর কোন স্থানে অথবা যদি সেই ঘর উঠানের মধ্যে থাকে তবে রাস্তার

if the said house be in a compound, outside of his gate, in the street, a lamp, of a pattern to be approved or allowed by the Commissioners, and the said occupier shall keep and maintain a good and sufficient light burning in the said lamp throughout the night, and any person who, after the expiration of three months next after the passing of this Act, shall neglect or refuse to have such lamp affixed as aforesaid, or who shall on any night after the expiration of the said three months, neglect or refuse to keep a good and sufficient light burning therein as aforesaid, shall, on conviction before a Justice of the Peace, forfeit and pay a sum not exceeding one hundred rupees.

Provision for repetition of offences.

LI. When any person shall have been convicted under the provisions of this Act, and shall not, within seven days after such conviction, discontinue the nuisance or cease to commit the offence for which he was so convicted, such person shall be again liable to the penalties and punishments provided by this Act for such nuisance or offence, and may be again convicted or sentenced under this Act accordingly, and in cases where by the provisions of this Act offenders are required to have notice given them to remove the obstruction or nuisance previous to being liable to the penalties imposed by this Act, if such parties being once warned shall be convicted, and shall again offend against the provisions of this Act, it shall not be necessary to repeat the notice aforesaid, but the parties may be summoned at once.

Obstruction of Commissioners or their Officers.

LII. Any person who shall wilfully obstruct or molest the said Commissioners or any of them, or their Secretary, Surveyor, or other Officer or Workman employed by them under the provisions of this Act, or any person or company with whom they may have contracted under the provisions of this Act, or any person employed by them in the performance or execution of any duty or thing which they are respectively required or authorized to do under this Act, shall for every such offence, on conviction before a Justice of the Peace, forfeit and pay any sum not exceeding one hundred rupees, or, in the discretion of the said Justice before whom he is convicted, to imprisonment with or without hard labor for a period not exceeding three months.

No person liable for penalty unless complaint made within three months.

LIII. No person shall be liable to the payment of any penalty or forfeiture imposed by virtue of this Act for any offence complained of before a Justice of the Peace, unless the complaint respecting such offence shall have been made before such Justice within three months next after the commission of such offence.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৭ আপ্রিল।]

উপর তাহার ফটকের বাহিরে কমিস্যনর সাহেবেরদের অনুমতি ও সম্মতি হওয়া নমুনার মত এক লাম্প অর্থাৎ দীপ দিবেক। এবং ঐ দখীলকার সমস্ত রাত্রিতে ঐ দীপে এক উত্তম ও প্রচুর আলো স্থাপন করিবেক এবং রাখিবেক এবং এই আইন জারী হওনের পর তিন মাস অতীত হইলে যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে ঐ রূপ দীপ রাখিতে ত্রুটি বা অস্বীকার করে অথবা উক্ত তিন মাস অতীত হওনের পর যে ব্যক্তি কোন রাত্রে তাহার মধ্যে পূর্ব্বোক্তমতে উত্তম ও প্রচুর আলো রাখিতে ত্রুটি কি অস্বীকার করে সেই ব্যক্তির অপরাধ কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দিবেক ইতি।

[অপরাধ পুনর্ব্বার করিবার বিষয়ি বিধির কথা।]

৫১ ধারা। এই আইনের বিধির অনুসারে যখন কোন ব্যক্তির দোষ সাব্যস্ত হইয়াছে এবং ঐরূপ দোষ সাব্যস্ত হওনের পর সাত দিবসের মধ্যে ঐ ব্যক্তি যে অপকারক বিষয়ে অপরাধী হইয়াছিল তাহা নিবৃত্ত না করে অথবা যে অপরাধে দোষী হইয়াছিল সেই অপরাধহইতে ক্ষান্ত না হয় তখন সেই ব্যক্তি ঐ অপকারক বিষয় অথবা অপরাধের বিষয়ে এই আইনে যে জরীমানা ও দণ্ড নিরূপণ আছে পুনর্ব্বার তাহার যোগ্য হইবেক এবং এই আইনানুসারে পুনর্ব্বার দোষীকৃত বা দণ্ড্য হইতে পারে। এবং যে২ গতিকে এই আইনের বিধির অনুসারে এই আইনের দ্বারা নিরূপিত জরীমানার যোগ্য হওনের পূর্ব্বে অপরাধিদিগকে অবরোধকারি বা অপকারক বস্তু উঠাইয়া লইবার এত্তেলা দিতে হয় সেই২ গতিকে যদি সেই ব্যক্তি একবার এত্তেলা পাইলে পুনর্ব্বার দোষীকৃত হয় এবং পুনর্ব্বার এই আইনের বিধির বিরুদ্ধে কোন অপরাধ করে তবে তাহাকে পূর্ব্বোক্ত এত্তেলা পুনর্ব্বার দিবার আবশ্যক হইবেক না কিন্তু ঐ ব্যক্তিদিগের নামে একেবারে সমন হইতে পারে ইতি।

[কমিস্যনরেরদের অথবা তাঁহারদের কর্ম্মকারকদিগের প্রতিবন্ধকতা করণের কথা।]

৫২ ধারা। যদি কোন ব্যক্তি উক্ত কমিস্যনর সাহেবদিগের বা তাঁহারদের কোন এক জনের বা তাঁহারদের সেক্রেটারীর কি সরবেয়রের অথবা অন্য কর্ম্মকারকের কি এই আইনের বিধির অনুসারে তাঁহারদের দ্বারা নিযুক্ত কোন কারিগরের কিম্বা এই আইনের বিধির অনুসারে তাঁহারা যে কোন ব্যক্তির বা সমাজের সঙ্গে বন্দোবস্ত করিয়াছেন সেই ব্যক্তি বা সমাজের অথবা এই আইনক্রমে তাঁহারদের একে২ যে কর্ত্তব্য কর্ম্ম বা কার্য্য করিতে হুকুম কিম্বা ক্ষমতা পাইয়াছেন সেই কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ অথবা সম্পন্ন করণার্থে তাঁহারদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তির জানিয়া শুনিয়া প্রতিবন্ধকতা করে কি তাঁহারদিগকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তির অপরাধ জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক জরীমানা দিবেক অথবা যে জুষ্টিস সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইয়াছিল সেই সাহেবের বিবেচনাক্রমে তিন মাসের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমে বা তাহাবিনা কয়েদের যোগ্য হইবেক ইতি।

[তিন মাসের মধ্যে কোন নালিশ না হইলে কোন ব্যক্তি দণ্ডের যোগ্য না হইবার কথা।]

৫৩ ধারা। ঐরূপ কোন অপরাধ হওনের পর যদি তাহার বিষয়ি নালিশ জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে অব্যবহিত তিন মাসের মধ্যে না করা যায় তবে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সেই অপরাধের বিষয়ে নালিশ হইলে কোন ব্যক্তি এই আইনের শক্তিক্রমে নির্দ্দিষ্ট কোন জরীমানা বা গুনাহগারী দেওনের যোগ্য হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারার

Provided always that nothing in this Section contained shall be construed so as to prevent the removal at any time of any obstruction or encroachment in or upon any of the streets or lands or the imposing or levying at any time of any penalty or forfeiture in respect thereof.

Manner in which damages, costs, and expenses are to be ascertained.

LIV. In all cases where any damages, costs, or expenses are by this Act directed to be paid, and the method of ascertaining the amount or of enforcing the paying thereof is not provided for, such amount in case of dispute shall be ascertained and determined by arbitration, in like manner as is provided for proceeding by arbitration under Act No. XXII. of 1847, and if the parties cannot agree upon two persons or arbitrators, or the arbitrators fail to pronounce their award as aforesaid, then by any two Justices of Calcutta, and if the amount so ascertained be not paid by the said Commissioners or by the other party liable to pay the same, as the case may be, within seven days after demand thereof, the amount may be recovered by action of debt or on the case in Her Majesty's Supreme Court of Judicature or the Calcutta Court of Small Causes.

Commissioners to publish short particulars of offences.

LV. The said Commissioners shall publish short particulars of the several offences for which any penalty or punishment is imposed by this Act, affecting other persons than officers or servants of the said Commissioners, and of the amount of every such penalty and punishment, and shall cause such particulars to be painted on a board, or to be printed upon paper and posted on a board in English and Bengalee, and shall cause such board to be hung up or affixed in some conspicuous place in the Office of the Secretary of the said Commissioners, and when any such penalties are of local application shall cause such boards to be affixed in some conspicuous place of the immediate neighbourhood to which such penalties are applicable or have reference.

All penalties not otherwise provided may be recovered before Magistrate; form of procedure.

LVI. Every penalty or forfeiture imposed by this Act, or any expense incurred by the said Commissioners in respect of any private drains, sewers, doors, or other things as aforesaid, the recovery of which is not otherwise provided for, may be recovered by summary proceeding before any Justice of the Peace of Calcutta, and on complaint being made to any such Justice, he shall issue his summons requiring the party complained against to appear before him at a time and place to be named in such summons, and every such summons shall be served on the party offending, either in person or by leaving the same at his usual or last known place of abode, and upon the appearance of the party

মধ্যের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে কোন রাস্তা বা ভূমির মধ্যে কি তাহার উপর যে কোন অবরোধ করা যায় কি যে কিছু গাঁথা যায় তাহা উঠাইতে অথবা তাহার বিষয়ি কোন জরীমানা বা গুনাহগারী কোন সময়ে নিরূপণ বা আদায় করণের নিবারণ হইল ইতি।

[যেরূপে ক্ষতিপূরণ ও খরচা ও খরচ নির্ণয় হইবেক তাহার কথা।

৫৪ ধারা। যে সকল গতিকে কোন ক্ষতিপূরণের টাকা বা খরচা কি খরচ এই আইনের দ্বারা দিবার হুকুম আছে এবং ঐ টাকার সংখ্যা নির্ণয় করণের এবং তাহা আদায় করণের কোন নিয়ম নির্দ্দিষ্ট নাই সেই২ গতিকে যেরূপে ১৮৪৭ সালের ২২ আইনক্রমে সালিসীর দ্বারা কার্য্যকরা নির্দ্দিষ্ট আছে সেইরূপে ঐ বিবাদি টাকার সংখ্যা সালিসীর দ্বারা নির্ণয় ও নির্দ্দিষ্ট হইবেক। এবং যদি উভয় পক্ষীয় ব্যক্তি দুই জন সালিস নিযুক্ত করণের বিষয়ে ঐক্য না হইতে পারে অথবা যদি সালিসেরা পূর্ব্বোক্তমতে আপনারদের ফয়সলা না করেন তবে কলিকাতার কোন দুই জন জুষ্টিস সাহেবের দ্বারা ঐ টাকার সংখ্যার নির্ণয় হইবেক। এবং সেইরূপ নির্দ্দিষ্ট টাকা উক্ত কমিস্যনর সাহেবেরদের দ্বারা অথবা অন্য যে ব্যক্তির সেই টাকা দেয় হয় সেই ব্যক্তির দ্বারা যদি দাওয়া হওনের পর সাত দিবসের মধ্যে না দেওয়া যায় তবে সেই টাকা কর্জের নালিশের দ্বারা বা প্রকারান্তরে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে অথবা কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে আদায় হইতে পারে ইতি।

[অপরাধের সংক্ষেপ বিবরণ কমিস্যনরেরদের প্রকাশ করণের কথা।]

৫৫ ধারা। উক্ত কমিস্যনর সাহেবেরদের কর্ম্মকারক অথবা চাকর ভিন্ন অন্য ব্যক্তির সম্পর্কে এই আইনের দ্বারা যে২ অপরাধের জন্যে জরীমানা অথবা দণ্ড নিরূপণ আছে সেই নানা অপরাধের সংক্ষেপ বিবরণ এবং ঐরূপ প্রত্যেক জরীমানা ও দণ্ডের সংখ্যা তাঁহারা প্রকাশ করিবেন এবং ঐ২ বিবরণ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় একটা তক্তার উপরে রঙ্গ দিয়া লিখিবেন অথবা কাগজের উপর ছাপাইয়া এক তক্তার উপর লেয়াই দিয়া বসাইবেন এবং ঐ তক্তা উক্ত কমিস্যনর সাহেবের সেক্রেটারী সাহেবের দফ্তরের সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লটকাইবেন অথবা বসাইবেন। এবং যখন ঐরূপ কোন জরীমানা কোন বিশেষ স্থানের বিষয়ে খাটে তখন যে বিশেষ স্থানে ঐ জরীমানা অর্শে বা সম্পর্ক রাখে তাহার অতি নিকটবর্ত্তি সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে সেইরূপ তক্তা লটকাইবেন ইতি।

[যে সকল জরীমানার বিষয়ে অন্য নিয়ম নাই তাহা মাজিষ্ট্রেটের দ্বারা আদায় হইবার কথা। কার্য্যের নিয়মের কথা।]

৫৬ ধারা। এই আইনক্রমে যে কোন জরীমানা বা গুনাহগারী নির্দ্দিষ্ট আছে অথবা পূর্ব্বোক্তমতে কোন সাধারণ ব্যক্তির নরদমা বা মোরী বা দরওযাজা কি অন্য বিষয়ে উক্ত কমিস্যনর সাহেবদিগের যে কোন খরচ লাগিয়াছে যদি তাহা আদায় করণের অন্য কোন প্রকার নিয়ম না থাকে তবে তাহা সরাসরীমতে কলিকাতার কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে আদায় হইতে পারে। এবং ঐরূপ জুষ্টিস সাহেবের নিকটে কোন নালিশ হইলে তিনি সমনের মধ্যে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে হাজির হওনার্থ নালিশগ্রস্ত ব্যক্তিকে তলব করিবার সমন বাহির করিবেন এবং ঐরূপ প্রত্যেক সমন অপরাধি ব্যক্তির নিজের উপর জারী হইবেক অথবা তাহার সামান্যতঃ বাস স্থান বা শেষে জ্ঞাত হওয়া বাসস্থানে দিয়া আসিতে হইবেক এবং যে ব্যক্তির নামে ন-

complained against, or in his absence, after proof of the due service of such summons, it shall be lawful for such Justice to proceed to the hearing of the complaint, which complaint shall be reduced to writing, and upon proof of the offence, or of the expense having been incurred, either by the confession of the party complained against or upon the oath or solemn affirmation of one credible witness or more, it shall be lawful for such Justice to convict the offender or party summoned as aforesaid, and upon such conviction to adjudge the offender to pay the penalty, or forfeiture, or suffer the punishment, or to pay the expense incurred under the provisions of this Act, as well as such costs attending the conviction as such Justice shall think fit, which penalty or forfeiture and costs so adjudged may be levied by distress.

Manner of executing distress.

**LVII.** Where in this Act any sum of money, whether in the nature of penalty or otherwise, is directed to be levied by distress, such sum of money shall be levied by distress and sale of the goods and chattels of the party liable to pay the same, and the overplus arising from such goods and chattels, after satisfying such sum of money and the expenses of the distress and sale, shall be returned on demand to the party whose goods shall have been distrained, or instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of any penalties, forfeitures or expenses imposed or incurred under the provisions of this Act, the Commissioners or any one or more of them, if they think fit, may authorize their Secretary or other person to sue the person liable to pay such penalty, forfeiture, or expenses or any part thereof in the Calcutta Court of Small Causes; and the costs, if any, incurred in any such suit which are not recovered in the suit, may be defrayed out of the taxes levied under the provisions of Act X. of 1852.

No distress unlawful for want of form, &c.

**LVIII.** No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress, or other proceeding relating thereto, nor shall any such party be deemed a trespasser *ab initio* on account of any irregularity afterwards committed by him, but all persons aggrieved by such defect or irregularity may recover full satisfaction for the special damage in an action on the case in Her Majesty's said Supreme Court, or in the Calcutta Court of Small Causes.

How penalties are to be applied.

**LIX.** The Justice of the Peace by whom any such penalty or forfeiture shall be imposed may, when the application thereof is not otherwise provided for, award

লিশ হইয়াছে সেই ব্যক্তি হাজির হইলে অথবা হাজির না হইলে সমন রীতিমত জারী হওনের প্রমাণ হইলে ঐ জুষ্টিস সাহেব এই নালিশ শুনিতে পারেন। এবং ঐ নালিশ লিখনের দ্বারা দাখিল হইবেক। এবং নালিশগ্রস্ত ব্যক্তির কবুলক্রমে অথবা এক কি ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষির শপথ বা সুকৃতিক্রমে ঐ অপরাধের প্রমাণ হইলে অথবা ঐ খরচা হওনের প্রমাণ হইলে ঐ জুষ্টিস সাহেব অপরাধি ব্যক্তিকে অথবা পূর্ব্বোক্তমতে সমনহওয়া ব্যক্তিকে দোষী করিতে পারেন এবং সেই অপরাধী সেইরূপে দোষীকৃত হইলে ঐ জুষ্টিস সাহেব এমত হুকুম করিতে পারেন যে এই আইনের বিধির অনুসারে নিরূপিত জরীমানা বা গুনাহগারী দিবেক অথবা দণ্ড ভোগ করিবেক এবং তদতিরিক্ত তাহাকে দোষী করণেতে যে খরচা লাগিয়াছে তাহার মধ্যে যত ঐ জুষ্টিস সাহেব উচিত বোধ করেন তত ঐ ব্যক্তি দিবেক এবং ঐরূপ হুকুমহওয়া জরীমানা অথবা গুনাহগারী এবং খরচা তাহার জিনিস ক্রোক করণের দ্বারা আদায় হইতে পারে ইতি।

[ক্রোক করণের রীতির কথা।]

৫৭ ধারা। এই আইনের মধ্যে যদি কোন টাকা জরীমানাস্বরূপ বা প্রকারান্তরে ক্রোকের দ্বারা আদায় করণের হুকুম হয় তবে সেই টাকা যে ব্যক্তির দেয় হয় সেই ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা আদায় হইবেক এবং সেই দেনা টাকা ও ক্রোক ও বিক্রয়ের খরচা পরিশোধ হইলে ঐ জিনিস ও সম্পত্তির উৎপন্ন অবশিষ্ট টাকা যাহার জিনিস ক্রোক হইয়াছে তাহার দাওয়াক্রমে তাহাকে ফিরাইয়া দেওয়া যাইবেক। অথবা তাহার জিনিস ক্রোক ও বিক্রয় না করিয়া কিম্বা এই আইনের বিধির অনুসারে যে কোন জরীমানা বা গুনাহগারীর হুকুম হয় অথবা যে খরচা লাগিয়াছে তাহার সমুদয় বা কোন ভাগ ক্রোকের দ্বারা যদি আদায় না হয় তবে ঐ কমিসানর সাহেবেরা বা তাঁহারদের এক কি ততোধিক জন উচিত বোধ করিলে যে ব্যক্তি ঐ জরীমানা বা গুনাহগারী কি খরচা বা তাহার কোন ভাগ দেওনের যোগ্য হয় সেই ব্যক্তির নামে কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে নালিশ করিতে আপনারদের সেক্রেটারী বা অন্য ব্যক্তিকে ক্ষমতা দিতে পারেন। এবং যদি ঐ মোকদ্দমায় কোন খরচা লাগে এবং যদি তাহা সেই মোকদ্দমায় উসুল না হয় তবে ১৮৫২ সালের ১০ আইনের বিধির অনুসারে আদায় হওয়া টাক্স হইতে দেওয়া যাইতে পারিবেক ইতি।

[বেদাঁড়াপ্রভৃতিপ্রযুক্ত কোন ক্রোক বেআইনী না হইবার কথা।]

৫৮ ধারা। এই আইনের শক্তিক্রমে যে ক্রোক হয় তাহা সমনে বা দোষ সাব্যস্ত করণে বা ক্রোকী পরওয়ানাতে কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যেতে কোন দোষ বা বেদাঁড়া হইয়াছে বলিয়া বেআইনী জ্ঞান হইবেক না এবং যে ব্যক্তি সেই ক্রোক করে সেই ব্যক্তি "ত্রেসপাসের" অপরাধী জ্ঞান হইবেক না এবং সেই ব্যক্তি তৎপরে কোন বেদাঁড়া কর্ম্ম করিলে তৎপ্রযুক্ত আদৌ "ত্রেসপাসের" দোষী জ্ঞান হইবেক না। কিন্তু যে সকল ব্যক্তি ঐ দোষ অথবা বেদাঁড়া কর্ম্মের দ্বারা ক্ষতিগ্রস্ত হয় সেই সকল ব্যক্তি সেই বিশেষ ক্ষতির সম্পূর্ণ প্রতিকার সেই বিষয়ের নালিশক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত সুপ্রিম কোর্টে অথবা কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে পাইতে পারে ইতি।

[জরীমানা যেরূপে ব্যয় হইবেক তাহার কথা।]

৫৯ ধারা। যে জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা সেইরূপ কোন জরীমানা বা গুনাহগারী নির্দ্দিষ্ট হয় সেই গুনাহগারী ব্যয় করণের বিষয়ে অন্য প্রকারে কোন নি-

not more than one-half thereof or any less sum to the informer, if he shall think fit so to do, and shall award the remainder or the whole thereof to the said Commissioners, to be by them applied to the purposes of this Act as to them shall appear fit, and shall order the same to be paid over to the Secretary of the said Commissioners for that purpose, whose receipt shall be a good and sufficient discharge to the person so paying the same.

Parties liable to penalty shall pay damage done to Commissioners also.

LX. If through any act, neglect, or default, on account whereof any person shall have incurred any penalty imposed by this Act, any damage to the property of the said Commissioners shall have been committed by such person, he shall be liable to make good such damage, as well as to pay such penalty, and if the amount of such damage shall not be paid on demand, the same may be recovered by action of debt, or on the case, in the Calcutta Court of Small Causes, or in Her Majesty's said Supreme Court of Judicature.

Power to Justice to summon witnesses; penalty for not appearing.

LXI. It shall be lawful for any Justice of the Peace to summon any person to appear before him as a witness in any matter in which such Justice shall have jurisdiction under the provisions of this Act, at a time and place to be mentioned in such summons, and require from him on oath or solemn affirmation that he will testify the truth in such matter; and if any person so summoned shall without reasonable cause refuse or neglect to appear at the time and place appointed for that purpose, having been paid or tendered a reasonable sum for his expenses, if from distance or any other cause he shall be lawfully entitled to claim such expenses, or if any person appearing shall refuse to be examined on his oath or solemn affirmation according to law, or to give evidence before such Justice, every such person shall for every such offence forfeit and pay a sum not exceeding two hundred rupees, or at the discretion of such Justice shall be imprisoned for any term not exceeding one month.

Meaning of words in this Act.

LXII. The following words and expressions in this Act shall have the several meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction; (that is to say,) words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number; words importing the masculine gender only shall include females; the word "person" shall include corporations whether aggregate or sole; the words "oath," "affirmation," and "solemn affirmation," when used alone, shall include oath or affirmation or other declaration lawfully substituted

রম না থাকিলে সেই জুষ্টিস সাহেব উচিত বোধ করিলে তাহার অর্দ্ধেকের অনধিক অথবা তাহাহইতে কম গোয়েন্দাকে দিবার হুকুম করিতে পারেন এবং অবশিষ্ট কি সমুদয় কমিসানর সাহেবদিগকে দিতে হুকুম করিবেন এবং তাঁহারা যেমত উচিত বোধ করেন সেইমতে ঐ টাকা এই আইনের অভিপ্রায়েতে খরচ করিবেন এবং ঐ জুষ্টিস সাহেব তন্নিমিত্ত সেই টাকা উক্ত কমিসানর সাহেবেরদের সেক্রেটারীকে দিতে হুকুম করিবেন এবং সেক্রেটারীর রসীদ যে ব্যক্তির সেই টাকা দেয় হয় সেই ব্যক্তির প্রতি উত্তম ও মাতবর ফারখৎ হইবেক ইতি।

[যাহারা জরীমানার যোগ্য হয় তাহারা আরো কমিসানরেরদের ক্ষতিপূরণ করিয়া দিবার কথা।]

৬০ ধারা। যে কোন কর্ম্ম কি ত্রুটি বা কসুরের দ্বারা কোন ব্যক্তি এই আইনক্রমে নির্দ্দিষ্ট জরীমানার যোগ্য হইয়াছে এইমত কর্ম্মপ্রভৃতিপ্রযুক্ত যদি সেই ব্যক্তি উক্ত কমিসানর সাহেবেরদের সম্পত্তির কোন ক্ষতি করিয়া থাকে তবে সেই ব্যক্তি সেই জরীমানা দিবেক এবং তদতিরিক্ত সেই ক্ষতিপূরণ করিয়া দিবার যোগ্য হইবেক। এবং যদি সেই ক্ষতিপূরণের টাকা দাওয়া হইলে না দেওয়া যায় তবে তাহা কলিকাতার অল্প মূল্যের মোকদ্দমার আদালতে অথবা শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে কর্জ্জের নালিশের দ্বারা বা বিশেষ নালিশের দ্বারা আদায় হইতে পারে ইতি।

[জুষ্টিস সাহেবেরদের সাক্ষির তলব করিবার ক্ষমতার কথা। হাজির না হইবার দণ্ডের কথা।]

৬১ ধারা। যে কোন বিষয়ে এই আইনের নিয়মানুসারে জুষ্টিস অফ দি পীস সাহেবের এলাকা থাকে সেই বিষয়ে জুষ্টিস অফ দি পীস সাহেব কোন ব্যক্তিকে আপনার সম্মুখে সাক্ষিস্বরূপ হাজির হইতে তলব করিতে পারেন এবং যে সময়ে ও যে স্থানে তাহার হাজির হইতে হইবেক তাহা ঐ সমনে লেখা থাকিবেক এবং সেই বিষয়ে যথার্থ সাক্ষ্য দেওনার্থে তাহাকে শপথ করাইতে বা তাহার স্থানে সুকৃতি লইতে পারেন। এবং যদি কোন ব্যক্তির এইরূপে তলব হয় এবং দূরত্ব বা কারণান্তরপ্রযুক্ত সেই ব্যক্তি আইনের মতে আপনার যে খরচার জন্যে যথার্থ দাওয়া করিতে পারে তাহার সেই খরচার জন্যে তাহাকে ওয়াজিবী টাকা দেওয়া যায় বা দিবার প্রস্তাব হয় এবং সেই ব্যক্তি তন্নিমিত্ত নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে হাজির হইতে উপযুক্ত কারণ বিনা অস্বীকৃত হয় বা ত্রুটি করে তবে অথবা যদি কোন ব্যক্তি হাজির হইয়া ঐ জুষ্টিস সাহেবের সম্মুখে আইনানুসারে শপথ বা সুকৃতিক্রমে জোবানবন্দী দিতে বা সাক্ষ্য দিতে স্বীকৃত না হয় তবে এমত ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে দুই শত টাকার অনধিক জরীমানা দিবেক অথবা ঐ জুষ্টিস সাহেবের বিবেচনামতে এক মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ হইবেক ইতি।

[এই আইনের কথার অর্থের বিষয়ের কথা।]

৬২ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত কথা ও উক্তির যে নানা অর্থ ইহার দ্বারা নিরূপণ হইয়াছে যদি সেই বিষয়ে অথবা তাহার পূর্ব্বাপর কথায় সেই অর্থ করণের বিরুদ্ধ কিছু না থাকে তবে সেই২ কথা ও উক্তির সেই২ অর্থ হইবেক। বিশেষতঃ যে কথা এক বচনে লেখা গিয়াছে তাহাতে বহু বচনের অর্থও বুঝাইবেক এবং যে কথা বহু বচনে লেখা গিয়াছে তাহার অর্থ এক বচনেও হইবেক এবং যে কথা পুংলিঙ্গ আছে তাহা স্ত্রীলিঙ্গও বুঝাইবেক। এবং "ব্যক্তি" এই কথা বহু জনবিশিষ্ট বা চার্টরপ্রাপ্ত এক জনের সমাজ বুঝাইবেক। এবং "
"শপথ ও সুকৃতি" এবং "ধর্ম্মতঃপ্রতিজ্ঞা" এই কথা যখন অন্য কথায় সংযুক্ত না থাকে তখন ভারতবর্ষের শ্রীযু-|
গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কো
আইনের দ্বারা বা ভারতবর্ষে প্রচলিত ইঙ্গলণ্ড দেশে:

for an oath in such case by any legislative Act of the Governor General of India in Council, or by any Act of the Parliament of Great Britain extended to India; the word "street" shall include any public square, circus, street, court, alley, foot path, highway, lane, road, thoroughfare, public passage, or other public place within the said Town; the word "lands" shall include messuages, buildings, walls, tenements, and hereditaments of any tenure as well as lands; the words "the said Commissioners" shall mean the Commissioners for the time being appointed or acting under the provisions of Act No. X. of 1852, and the word "month" shall mean calendar month.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

পার্লিমেন্টের কোন আক্টের দ্বারা শপথের পরিবর্তে যে কোন শপথ বা সুকৃতি কি অন্য প্রতিজ্ঞা আইনমতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাও বুঝাইবেক। এবং "রাস্তা" এই কথা উক্ত শহরের মধ্যে কোন সরকারী চক বা আখড়া কি রাস্তা কিম্বা অঙ্গন বা সুড়িপথ কি পদব্রজে গমনোপযুক্ত পথ বা রাজমার্গ কিম্বা গলি অথবা পন্থা বা খোলা পথ কি প্রবেশের স্থান বা অন্য কোন সাধারণ জায়গা বুঝাইবেক। এবং "ভূমি" এই কথা যেমন ভূমি বুঝায় তেমনি গৃহ ও এমারৎ ও দেওয়াল ও বাসা ও যে কোন প্রকার পাট্টাক্রমে উত্তরাধিকারিত্ব বিষয় বুঝাইবেক এবং "উক্ত কমিস্যনর" এই কথা ১৮৫২ সালের ১০ আইনের বিধির অনুসারে যে কমিস্যনরেরা সময়ক্রমে নিযুক্ত হন বা কার্য্য করেন তাঁহারদিগকে বুঝাইবেক এবং "মাস" এই কথা কালেণ্ডর মাস অর্থাৎ পূর্ণ মাস বুঝাইবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## NOTIFICATION.

The Most Noble the Governor of Bengal is pleased to notify that from and after the 1st of May next, unpaid letters and newspapers will be received at the several Police Thannahs in the Lower Provinces, for dispatch to any part of India, or to any place with which a communication by post is established; and that from the same date letters received at any Post Office, addressed to persons residing beyond the limits of ordinary delivery, will be transmitted by the district dawk to the persons addressed, unless those persons have made arrangements for receiving their letters at the Post Office.

Unpaid letters and newspapers, not exceeding 12 tolahs in weight, will be received at every Thannah without payment; and the village watchmen of whatever denomination, who present themselves at regular periods at the Thanna, are authorised and required to receive letters and newspapers entrusted to them in their several villages, and to convey them to the Thanna, without charge.

Letters and newspapers, posted as above, if addressed to any place within the same district, will be forwarded, if possible, directly to the Thanna nearest to the place of their destination; but if there be no direct communication between the two Thannas, they will be forwarded, together with all covers intended for other districts, either to the Post Office at the Sudder Station, or to the nearest Post Office, as in the judgment of the Magistrate may be most convenient.

All letters and newspapers, posted as above, will be despatched in the day on which they are posted. They will be stamped with the Thanna Seal, and will be enclosed in a separate bag or wrapper, together with a bill or Chellan, shewing the number of letters and newspapers contained therein.

Letters and newspapers received by the district

## বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব জ্ঞাপন করিতেছেন যে আগামি ১ মে তারিখঅবধি ও তাহার পর ভারতবর্ষের কোন স্থানে অথবা যে কোন স্থানে ডাক স্থাপিত আছে সেই স্থানে পাঠাইবার জন্যে বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের নানা থানায় মাসুল না দেওয়া চিঠী ও খবরের কাগজ লওয়া যাইবেক। এবং যে সীমাসরহদ্দের মধ্যে সামান্যতঃ চিঠী বিলি করা যায় সেই সীমার বাহিরনিবাসি ব্যক্তিরদিগের নামে যে২ চিঠী উক্ত তারিখের পর কোন ডাকঘরে পঁহুছে সেই২ চিঠী শিরনামার লিখিত ব্যক্তিদিগের নিকটে জিলার ডাকের দ্বারা পাঠান যাইবেক। কিন্তু যদি ঐ ব্যক্তিরা আপনার চিঠী ডাকঘরে গিয়া লইবার কোন নিয়ম করিয়া থাকেন তবে ঐরূপ হইবেক না।

বারো তোলার অধিক না হয় এমত ওজনের মাসুল না দেওয়া চিঠী ও খবরের কাগজ মাসুল বিনা প্রত্যেক থানায় লওয়া যাইবেক এবং যে কোন নামে খ্যাত যে২ গ্রাম্য চৌকীদার নিয়মিত সময়ে থানাতে গিয়া থাকে তাহারদিগকে এই ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে আপনং গ্রামে যে চিঠী ও খবরের কাগজ তাহারদিগকে দেওয়া যায় তাহা তাহারা থানাতে পঁহুছিয়া দেয় এবং তাহার জন্যে কিছু না লয়।

যে চিঠী ও খবরের কাগজ এইরূপে ডাকে পাঠান যায় তাহা যদি সেই জিলার মধ্যে কোন স্থানে পঁহুছাইয়া দিতে হয় তবে নিরূপিত স্থানের অতি নিকট যে থানা থাকে সেই থানাতে সাধ্যপর্য্যন্ত একেবারে পাঠান যাইবেক। কিন্তু যদি কোন দুই থানার মধ্যে সোজা গমনাগমনের কোন উপায় নির্দ্দিষ্ট না থাকে তবে ঐ চিঠী ও খবরের কাগজ এবং অন্য জিলার জন্যে যে সকল চিঠীপ্রভৃতি পাঠান যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় যেমতে সুগম হয় সেইমতে হয় সদর মোকামের ডাকঘরে পাঠান যাইবেক নতুবা তাহার নিকটস্থ ডাকঘরে পাঠান যাইবেক।

যে সকল চিঠী ও খবরের কাগজ উক্তরূপে ডাকে দেওয়া যায় তাহা যে দিবসে ডাকে দাখিল হয় সেই দিবসে পাঠাইতে হইবেক। তাহার উপর থানার মোহর দিতে হইবেক এবং তাহা এক স্বতন্ত্র পুলিন্দাতে অথবা খামে মোড়ক করিতে হইবেক এবং তাহার সঙ্গে এক চালান দিতে হইবেক ও যত চিঠী ও খবরের কাগজ তাহাতে থাকে তাহার সংখ্যা চালানে লেখা থাকিবেক।

জিলার ডাকের দ্বারা বিলি করিবার জন্যে কোন থানা

dawk at any Thanna or police station for delivery will be immediately delivered to the person addressed, or to his known servant or agent, or to the watchman of the village in which he resides; or they will be sent to him, when instructions to that effect are given, by a hired messenger.

The bills or Chellans which accompany letters sent through the district dawk for delivery, are to be returned or sent to the Post Master at the Sudder Station on the day after receipt, countersigned by the Officer who opened the packet.

No unpaid letters or newspapers will be delivered until after payment of the postage due on them; and all postage realised at each Thanna will be remitted regularly on every Saturday to the Post Office at the Sudder Station.

Letters and newspapers upon which postage has been charged at any Post Office will not be subject to any additional charge for delivery through the district dawk; but letters and newspapers sent from one Police Station to another, without passing through a Post Office, will be charged on delivery with the lowest rate of postage chargeable by law on letters and newspapers sent through the Post Office.

Abstract registers of letters posted and delivered will be kept at each station in the annexed form, and these registers will be forwarded at the end of every month to the Post Office at the Sudder Station.

অথবা পোলীসের আড্ডায় যে সকল চিঠী ও খবরের কাগজ পঁহুছে তাহা শিরনামার লিখিত ব্যক্তিকে অথবা তাহার সুজ্ঞাত চাকরকে কি মোখ্তারকে অথবা যে গ্রামে সেই ব্যক্তি বাস করে সেই গ্রামের চৌকীদারকে তৎক্ষণাৎ দেওয়া যাইবেক। অথবা যদি তিনি ঠিকা মজুরের দ্বারা পাঠাইবার হুকুম দিয়া থাকেন তবে ঠিকা মজুরের দ্বারা পাঠান যাইবেক।

জিলার ডাকের দ্বারা বিলি করিবার জন্যে পাঠান চিঠীর সঙ্গে যে সকল চালান থাকে তাহা যে দিনে পঁহুছে তাহার পর দিনে সদর মোকামের ডাকের কর্ত্তা সাহেবের নিকটে ফিরিয়া দেওয়া যাইবেক অথবা পাঠান যাইবেক এবং যে কর্ম্মকারক ঐ পুলিন্দা খুলেন তিনি ঐ চালানে দস্তখৎ করিবেন।

যে চিঠী অথবা খবরের কাগজের মাসুল না দেওয়া গিয়া থাকে ঐ দেয় মাসুল যাবৎ না দেওয়া যায় তাবৎ সেই চিঠীপ্রভৃতি দেওয়া যাইবেক না। এবং প্রত্যেক থানাতে যে সকল ডাকের মাসুল আদায় হয় তাহা প্রতি শনিবারে সদর মোকামের ডাকঘরে নিয়মমতে পাঠাইয়া দিতে হইবেক।

যে চিঠী এবং খবরের কাগজের উপর কোন ডাকঘরে মাসুল দেওয়া গিয়া থাকে তাহা জিলার ডাকের দ্বারা বিলি করিবার জন্যে কিছু উপরি খরচ লাগিবেক না কিন্তু যে চিঠী এবং খবরের কাগজ কোন ডাকঘর দিয়া না যাইয়া পোলীসের এক থানাহইতে অন্য থানায় পাঠান যায় সেই চিঠীপ্রভৃতি দেওনের সময়ে আইনানুসারে ডাকের দ্বারা পাঠান চিঠী ও খবরের কাগজের উপর সর্ব্বাপেক্ষা যে অল্প মাসুল নিরূপণ আছে তাহা লওয়া যাইবেক।

প্রত্যেক থানায় যে সকল চিঠী ডাকে পাঠাইবার জন্যে দাখিল হয় অথবা বিলি হইবার জন্যে পঁহুছে সেই চিঠীর এক রেজিষ্টরের খোলাষা নীচের লিখিত পাঠানুসারে রাখিতে হইবেক এবং ঐ সকল রেজিষ্টর প্রতি মাসের শেষে সদর মোকামের ডাকঘরে পাঠান যাইবেক।

*Register of Letters and Newspapers posted at* ——— .

| Date. | Number of Letters. | Number of Newspapers. |
2. A British subject of the name of Moran was fined 400 Rupees by the Joint Magistrate, Mr. C. W. Mackillop, for an aggravated assault on one Rodrigues, a native of India, under Section CV. Stat. 53, Geo. 3, Cap. 155. Failing to pay the fine, his property, consisting of a house in Entally, was attached 15 days' notice of sale was given, and the rights and interests of the Defendant, Moran, in the aforesaid house were finally sold at a Public Auction to a Mr. Cones, for 1850 Rupees, which have been duly deposited with Mr. Mackillop, who, I may add, for the Advocate General's information, is vested with the full powers of a Magistrate. Moran, however, refuses to give possession of the house, and it is said has put forward a third party to claim it as his own. Under these circumstances Mr. Mackillop has retained the purchase-money in deposit, and applied to me for advice. There are several points involved in the case however, on which I do not feel competent to decide, and as the consequences of a mistake may be serious to Mr. Mackillop, and the question of the proper mode of levying fines on the property of British born subjects is one of general importance, I would solicit the Advocate General's replies to the following queries :

[*Government Gazette, 4th May,* **1852.**]

যুক্ত অভিমনোযোগপূর্ব্বক তহকীক করিবেন। এবং তাঁহার ইহা স্মরণে রাখিতে হইবেক যে যে ইজারদার মহালের উন্নতি করিয়াছেন তিনি অন্যং দরখাস্তকারি-অপেক্ষা ভূমি পুনর্ব্বার পাইতে যথার্থ দাওয়া করিতে পারেন এবং ঐ উন্নতি করণেতে যদি কোন মুল ধন ব্যয় হইয়া থাকে তবে যে ব্যক্তি সেই ধন ব্যয় করিয়াছেন তাঁহার ক্ষতি করণপূর্ব্বক নূতন ব্যক্তির অধিক খাজানার প্রস্তাব গ্রাহ্য করিতে হইবেক না।

সি এচ লশিংটন। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## সদর নিজামৎ আদাতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট সাহেবের ১৮৫১ সালের ২৩ ডিসেম্বর তারিখের ১৪১৫ নম্বরী পত্রের এবং তাহার মধ্যের লিখিত নানা বিষয়ে শ্রীযুত একটিং আডবোকেট জেনরল সাহেবের অভিপ্রায়ের পশ্চাৎ লিখিত নকল সদর নিজামৎ আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

বি জে কলবিন।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ২৫ ফেব্রুআরি।

নকল।

১৪১৫ নম্বর।

নিজামৎ আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি চব্বিশপরগনার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১। ২৩ ডিসেম্বর।

শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত পাইবার জন্যে পশ্চাৎ লিখিত মোকদ্দমা আপনার নিকটে পাঠাইতেছি।

২। মোরান নামক এক জন ব্রিটনীয় প্রজা এদেশজাত রড্রিগস নামক এক ব্যক্তিকে অতি ঘোরতর মারিপীট করাতে জাইন্ট মাজিষ্ট্রেট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব মৃত তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারানুসারে তাঁহার ৪০০৲ টাকা জরীমানা করিলেন। মোরান সেই জরীমানার টাকা না দেওয়াতে তাঁহার সম্পত্তি অর্থাৎ ইণ্টালিস্থ এক ঘর ক্রোক হইল এবং তাহার নীলামের পনের দিনের এত্তেলা দেওয়া গেল এবং উক্ত ঘরে আসামী মোরাণের যে স্বত্ত্ব ও অধিকার ছিল তাহা চূড়ান্তরূপে ১৮৫০৲ টাকায় কোনস নামক এক জন সাহেবের নিকটে নীলামের দ্বারা বিক্রয় হইল। ঐ টাকা শ্রীযুত মাকিলপ সাহেবের নিকটে রীতিমত আমানৎ হইল এবং শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের বিজ্ঞাপনের জন্য আমি জানাইতেছি যে ঐ সাহেব মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন। কিন্তু মোরান ঘরের দখল দিতে অস্বীকার করিলেন এবং কথিত আছে যে তিনি এক তৃতীয় ব্যক্তিকে উপস্থিত করিলেন এবং ঐ ব্যক্তি কহিলেন যে ঐ ঘর আমার। এমত হওয়াতে শ্রীযুত মাকিলপ সাহেব ঐ খরীদের টাকা আমানৎ রাখিয়া আমার পরামর্শ চাহিয়াছেন। কিন্তু এই মোকদ্দমায় দুই তিন বিষয় আছে তাহা নিষ্পত্তি করিতে আমি আপনাকে অক্ষম বোধ করি এবং যদি ইহার মধ্যে কিছু ভুল করা যায় তবে মাকিলপ সাহেবের বিভ্রাট হইতে পারে। অধিকন্তু ব্রিটনীয় প্রজার উপর জরীমানার টাকা কি রূপে আদায় করিতে হয় ইহা এক সাধারণ ভারি বিষয় অতএব পশ্চাৎ লিখিত জিজ্ঞাসার উত্তর শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের নিকটে চাহিতেছি।

1. In case of conviction under the Stat. 53, Geo. 3, Cap. 155, Section CV. should the Defendant be allowed any time for the payment of the fine, or should the warrant issue against his property on his failing to pay the amount before he leaves the Court?

2. Has the Magistrate any authority in a case under this Section to detain the Defendant or take bail for his appearance until he can ascertain whether he is possessed of property within the District, or must he allow him to leave the Court and take his chance of being able to apprehend him again if it should eventually turn out that he has no property?

3. Is the Magistrate bound to employ the Police in searching for the Defendant's property, or may he commit him at once if the Defendant fail to satisfy him before leaving Court, that he has property upon which the fine may be levied?

4. Is the process which Mr. Mackillop adopted necessary or correct, that is to say, is attachment and notice indispensable prior to the sale, and was Mr. Mackillop correct in limiting the sale to Moran's rights and interests?

5. Does the Statute contemplate the sale of real as well as of personal* property? It will be seen that the term employed is general.

6. Is Mr. Mackillop authorized to use force in dispossessing Moran and putting Cones in possession, or should he give the latter a certificate of sale, and leave him to establish his claim to the property in the Civil Court or generally, in what way, under the circumstances, should Mr. Mackillop give effect to the sale?

7. In the event of Cones failing to obtain possession would Mr. Mackillop be held responsible for the amount of the purchase money, which Cones has paid in? If so, would he be justified in retaining the money until the result of these proceedings is known?

(Signed) E. A. SAMUELLS,
*Magistrate.*

OPINION.

1. In ordinary cases where the Magistrate has authority to impose a fine, and in default of payment *imprison,* the party convicted is called upon presently to pay, and in default is forthwith committed to prison. Under the statute in question the power to imprison is only given in default of "*property*" *within the district* in which the fine could be levied: so that unless it be at the time of conviction proved before the Magistrate, or confessed by the party fined, that he has no property with-

* The personal property in this case was only of the value of 35 Rs. or thereabouts.

১। মৃত তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারানুসারে অপরাধ সাব্যস্ত হইলে জরীমানার টাকা দিবার নিমিত্তে আসামীকে কোন সময় দিতে হয় কি আদালতহইতে প্রস্থান করণের পূর্ব্বে জরীমানার টাকা না দিলে তাহার সম্পত্তির প্রতি ওয়ারন্ট জারী করিতে হয়।

২। ঐ ধারানুসারের কোন মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেব যাবৎ ইহা নিশ্চয় করিতে না পারেন যে ঐ জিলার মধ্যে আসামীর সম্পত্তি আছে তাবৎ ঐ আসামীকে আটক করিয়া রাখিতে অথবা তাহার হাজির হইবার জন্যে তাহার স্থানে জামিন লইতে পারেন কি মাজিষ্ট্রেট সাহেবের আদালতহইতে তাঁহাকে যাইবার অনুমতি দিতে হয় এবং যদি পরিশেষে এমত দৃষ্ট হয় যে তাঁহার কোন সম্পত্তি নাই তবে তাঁহাকে পুনর্ব্বার গ্রেপ্তার করণের উপর নির্ভর করিতে হয়।

৩। আসামীর সম্পত্তির অন্বেষণ করণার্থে মাজিষ্ট্রেট সাহেবের পোলীসেরদিগকে খাটাইতে হয় কি আসামী আদালতহইতে গমন করণের পূর্ব্বে যাহাহইতে জরীমানার টাকা আদায় হইতে পারে এমত সম্পত্তি থাকনের বিষয়ে মাজিষ্ট্রেটের হৃদ্বোধ প্রমাণ না দিলে তাঁহাকে একেবারে কয়েদ করিতে পারেন।

৪। শ্রীযুত মাকিলপ সাহেব যে কার্য্য করিলেন তাহা আবশ্যক অথবা উপযুক্ত কি না অর্থাৎ নীলামের পূর্ব্বে সম্পত্তি ক্রোক করণের এবং এত্তেলা দেওনের আবশ্যক আছে কি না এবং ঐ সম্পত্তিতে মোরাণের স্বত্বাধিকার মাত্র নীলাম করাতে শ্রীযুত মাকিলপ সাহেব যথার্থ কর্ম্ম করিয়াছেন কি না।

৫। ঐ আক্‌ট পার্লিমেন্টের এমত অভিপ্রায় আছে কি না যে অস্থাবর সম্পত্তি যেমন নীলাম হয় তেমনি স্থাবর সম্পত্তিও নীলাম হইতে পারে * দৃষ্ট হইবেক যে ঐ আইনের মধ্যে যে কথা আছে তাহা নানার্থ।

৬। শ্রীযুত মাকিলপ সাহেব মোরাণকে বলপূর্ব্বক বেদখল করাইতে এবং কোন্‌সকে দখল দেওয়াইতে পারেন কি না। অথবা তাঁহার এই উচিত কি না যে কোন্‌সকে নীলামের এক সর্টিফিকট দেন এবং ঐ কোনসকে দেওয়ানী আদালতে ঐ সম্পত্তির বিষয়ে আপনার দাওয়া সাব্যস্ত করিতে দিতে হয় অথবা সামান্যতঃ এইমত গতিকে মাকিলপ সাহেব ঐ নীলাম কি রূপে সফল করিতে পারেন।

৭। যদি কোন্‌স দখল পাইতে না পারেন তবে ঐ সাহেব খরীদের যে টাকা দাখিল করিয়াছেন তাহার বিষয়ে মাকিলপ সাহেব দায়ী হইবেন কি না। যদি তিনি দায়ী আছেন তবে এই সকল কার্য্যের ফল যাবৎ না জানা যায় তাবৎ তিনি সেই টাকা আমানৎ রাখিতে পারেন কি না।

ই এ সামুএলস। মাজিষ্ট্রেট।

শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত।

১। সামান্য গতিকে যেখানে জরীমানার হুকুম করিতে এবং ঐ টাকা না দেওয়া গেলে কয়েদ করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা আছে সেখানে দোষীকৃত ব্যক্তিকে তৎক্ষণাৎ টাকা দিতে হুকুম করিতে হয় এবং টাকা না দিলে তৎক্ষণাৎ তাঁহাকে জেলখানায় কয়েদ করিতে হয়। উক্ত আক্‌ট পার্লিমেন্টক্রমে যে গতিকে যাহার উপর জরীমানার টাকা আদায় হইতে পারে এইমত সম্পত্তি ঐ জিলার মধ্যে না থাকে কেবল এমত গতিকে ঐ আসামীকে কয়েদ করণের ক্ষমতা দেওয়া গিয়াছে। অতএব যদি দোষ সাব্যস্ত হওনের সময়ে মাজিষ্ট্রেট

* এই গতিকে অস্থাবর সম্পত্তির মূল্য ন্যূনাধিক কেবল ৩৫৲ টাকা ছিল।

in the District, an attempt to levy by warrant must be made before the Magistrate can commit the offender. I think that after conviction and demand of the fine the Magistrate may, in default of payment, immediately issue his warrant to levy the fine, and that default will be incurred if the offender, after demand made of payment, shall quit the Court without making payment.

2. I am of opinion that the Magistrate has no authority, after conviction passed, to detain the Defendant, or require bail for his appearance, till *it be ascertained* whether there be property within the District on which the fine can be levied. He can only take bail under Section 105 in such cases as are therein specified. If, however, it be at the time of conviction proved before the Magistrate, or confessed by the offender, that he has no property within the District, the Magistrate [after recording the proof or confession last mentioned] may, in my opinion, at once commit for the fine.

3. The offender is, in my opinion, not bound upon conviction to disclose his property, or to declare whether he has property or not; but if he either is *proved* or *confesses* to have no property within the District, he may, as already mentioned, be at once committed. If he be known to have property, or if it be doubtful whether he have any within the District, the Magistrate should issue his warrant to levy and deliver it to his officers for execution in the usual manner. The offender may rebut the proof tendered of his having no property, and give evidence of his having property, to prevent immediate commitment as above, and the Magistrate is bound to receive such evidence if tendered, and should call upon the offender to say whether he has any thing to offer in contradiction of the evidence of no property.

4. I suppose by attachment is meant a *Warrant to levy the fine on the property of the offender within the District,* for that is the only process given by the Statute.

Notice of the seizure and intended sale by public advertisement, and, if practicable, by service on the offender himself, should, in all cases, be given, and seems to me indispensable, and the shortest notice that should be given is such as is requisite in cases of distress for rent or the like.

5. The word "property" is comprehensive enough to include real as well as personal property. It is probable that personal or chattel interests only were contemplated in the framing of the Act;

[*Government Gazette, 4th May,* 1852.]

সাহেবের সম্মুখে এইমত প্রমাণ না হয় অথবা জরীমানা হওয়া ব্যক্তি এমত কবুল না করে যে ঐ জিলার মধ্যে তাহার কোন সম্পত্তি নাই তবে মাজিষ্ট্রেট সাহেব জরীমানার টাকা ওয়ারন্টের দ্বারা আদায় করিতে প্রথমে উদ্যোগ না করিলে আসামীকে কয়েদ করিতে পারেন না। আমার বোধ আছে যে দোষ সাব্যস্ত হইলে এবং জরীমানার টাকার দাওয়া হইলে পর যদি সেই টাকা না দেওয়া যায় তবে মাজিষ্ট্রেট সাহেব তৎক্ষণাৎ ঐ জরীমানার টাকা আদায় করণার্থে ওয়ারন্ট দিতে পারেন এবং টাকার দাওয়া হইলে পর যদি অপরাধী সেই টাকা না দিয়া আদালতহইতে চলিয়া যায় তবে তাহার ক্রটি হয়।

২। আমার বোধ আছে যে মাজিষ্ট্রেট সাহেবের এমত ক্ষমতা নাই যে দোষ সাব্যস্ত হইলে পর যাবৎ ইহা নিশ্চয় না জানা যায় যে যাহাতে জরীমানার টাকা আদায় হইতে পারে ঐ জিলার মধ্যে আসামীর এইমত কোন সম্পত্তি নাই তাবৎ তাঁহাকে আটক করেন অথবা তাঁহার হাজির জামিন তলব করেন। ১০৫ ধারানুসারে ঐ ধারাতে যে২ গতিক নির্দ্দিষ্ট আছে কেবল সেইং গতিকে জামিন লওয়া যাইতে পারে। কিন্তু যদি দোষ সাব্যস্ত করণের সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এইমত প্রমাণ দেওয়া যায় অথবা আসামীর দ্বারা এইমত কবুল হয় যে সেই জিলার মধ্যে তাহার কোন সম্পত্তি নাই তবে মাজিষ্ট্রেট সাহেব (শেষোক্ত প্রমাণ অথবা কবুল লিখিয়া রাখণের পর) আমার বোধে জরীমানার বিষয়ে আসামীকে একেবারে কয়েদ করিতে পারেন।

৩। আমার বোধ আছে যে আসামীর অপরাধ সাব্যস্ত হইলে তাহার সম্পত্তি দেখাইয়া দিতেই হইবেক অথবা তাহার সম্পত্তি আছে কি না ইহা জ্ঞাত করিতেই হইবেক এমত নহে। কিন্তু যদি এইমত প্রমাণ অথবা কবুল হয় যে সেই জিলার মধ্যে তাহার কোন সম্পত্তি নাই তবে উপরে যেমন কহিয়াছি তেমনি সেই আসামী একেবারে কয়েদ হইতে পারে। কিন্তু যদি এইমত জানা থাকে যে তাহার সম্পত্তি আছে অথবা যদি জিলার মধ্যে তাহার সম্পত্তি থাকনের বিষয়ে সন্দেহ হয় তবে মাজিষ্ট্রেট সাহেবের উচিত যে জরীমানার টাকা আদায় করণার্থে ওয়ারন্ট দেন এবং রীতিমত তাহা জারী করণার্থে আপনার আমলাকে দেন। আসামীর সম্পত্তি না থাকনের বিষয়ে যে প্রমাণ দেওয়া গিয়াছে তাহা তিনি খণ্ডন করিতে পারেন এবং তৎক্ষণাৎ কয়েদ না হইবার জন্যে তিনি আপনার সম্পত্তি থাকনের বিষয়ে প্রমাণ দিতে পারেন এবং সেইরূপ প্রমাণ দাখিল করণের প্রস্তাব হইলে মাজিষ্ট্রেট সাহেবের তাহা অবশ্য লইতে হয় এবং আসামীকে ইহা কহিতে হয় যে তোমার সম্পত্তি না থাকনের যে প্রমাণ দেওয়া গিয়াছে তাহা খণ্ডনার্থে কিছু বক্তব্য থাকিলে তাহা কহ।

৪। ক্রোকের আমি এই অর্থ বোধ করি যে জিলার মধ্যে আসামীর সম্পত্তির উপর জরীমানা আদায় করণের ওয়ারন্ট যেহেতুক উক্ত আক্ট পার্লিমেন্টের মধ্যে কেবল এই হুকুম নির্দ্দিষ্ট আছে।

সকল গতিকে ক্রোকের এবং অভিপ্রেত নীলামের এত্তেলা ইশ্তিহারের দ্বারা দিতে হয় এবং সাধ্য হইলে সেই এত্তেলা আসামীর উপর জারী করিতে হয় এবং আমার বোধে ইহা না হইলে নয় এবং খাজানাপ্রভৃতির জন্যে ক্রোক করিতে হইলে যে মিয়াদের এত্তেলা দিতে হয় তাহাহইতে কম মিয়াদের এত্তেলা এই গতিকে দিতে হইবেক না।

৫। "সম্পত্তি" এই কথা নানার্থ তাহাতে যেমন স্থাবর তেমনি অস্থাবর সম্পত্তিও বুঝাইতে পারে। অনুমান হয় যে আক্ট প্রস্তুত করণেতে কেবল অস্থাবর সম্পত্তির কল্প ছিল যেহেতুক তৎসময়ে অনুমতিপত্র

for at that time, no British subject could hold real *estate* [*property*] except by license. But inasmuch as by the terms of the Charter, real property is subjected to fieri facias, and is saleable for debts in execution agreeably with personality, I am of opinion that in default of sufficient personal property, the warrant of the Magistrate to levy under the Act (Statute) in question may be executed on the *real property*, if any, of the offender. I am, however, of opinion that it should be in all cases executed, in the first instance, on the personality, where any is to be found; for, as the Act makes no provision for the transfer of reality to the purchaser, difficulties may arise as to his title, especially if he sue for possession in Her Majesty's Court. It was correct to sell only the right, title, interest, (or property,) of the offender.

6. The Magistrate, or his Officer, may deliver over *personal* property, seized and sold under the warrant, to the purchasers; but has no authority to dispossess the party in possession of realty, or to deliver possession of it to the purchaser. He must leave him to recover possession by process of law. It may be that the offender has not the right of possession, but only the right of property. The Magistrate should deliver to the purchaser the Certificate, or other document usually delivered in the Mofussil, to purchasers under judicial execution, and there ends his duty.

7. If the executing Officer has sold (as he ought) merely *the right, title, and interest, of the offender*, the purchaser has no remedy against the Magistrate, should that right, &c., prove to be moonshime. The risk of what property may be in the offender lies in the purchaser. Of course, I presume that no assurance of title or interest was held out to the purchaser at the time of sale. The Magistrate having given no guarantee of title, can have no right to retain the surplus till title be ascertained.

(Signed) C. R. PRINSEP,
*Offg. Advocate General.*

7th January, 1852.

---

No. 2.

***To the Session Judges, Magistrates, and Joint Magistrates, in the Lower Provinces.***

The Court request you to furnish, for the information of Government, within one week after the receipt of this letter a report on the working of Act XXXVIII. of 1850 in your Court. They desire to be informed how far the provisions of the Act have practically been carried into effect, and whether, so far as they have been tried, they have operated beneficially with regard to the ends of justice.

(Signed) B. J. COLVIN,
*Register.*

Fort William, the 26th February, 1852.

বিনা কোন ব্রিটনীয় প্রজা স্থাবর সম্পত্তি দখল করিতে পারিতেন না। কিন্তু চার্টরের কথানুসারে স্থাবর সম্পত্তির উপর "ফাইরাই ফেসিয়স" নামক পরওয়ানা জারী হইতে পারে এবং যেমন অস্থাবর সম্পত্তি কর্জের জন্যে নীলাম হইতে পারে তেমনি স্থাবর সম্পত্তিও হইতে পারে। অতএব আমার বোধ হয় যে অস্থাবর সম্পত্তি প্রচুরমতে না পাওয়া গেলে অপরাধির যদি কোন স্থাবর সম্পত্তি থাকে তবে মাজিস্ট্রেট সাহেব ঐ আক্টক্রমে সেই স্থাবর সম্পত্তির উপর আপনার ওয়ারন্ট জারী করিতে পারেন। কিন্তু আমার এই বোধ আছে যে অস্থাবর সম্পত্তি পাওয়া গেলে সকল গতিকে সেই প্রকার সম্পত্তির উপর প্রথমতঃ ওয়ারন্ট জারী করিতে হয় যেহেতুক স্থাবর সম্পত্তি খরীদারকে অর্পণ করণের বিষয়ে আইনের মধ্যে কোন বিধান নাই অতএব তাহার স্বত্বের বিষয়ে এবং বিশেষতঃ দখলের বিষয়ে সুপ্রিম কোর্টে নালিশ হইলে বিঘ্ন হইতে পারে। অপরাধির স্বত্ব সম্পর্ক ও অধিকার মাত্র নীলাম করণেতে মাজিস্ট্রেট সাহেব উচিত কর্ম্ম করিয়াছেন।

৬। মাজিস্ট্রেট সাহেবের ওয়ারন্টক্রমে যে অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম হয় তাহা মাজিস্ট্রেট সাহেব, অথবা তাঁহার কর্ম্মকারক খরীদারকে দিতে পারেন। কিন্তু স্থাবর সম্পত্তি যাহার দখলে থাকে তাহাহইতে তাহাকে বেদখল করিতে পারেন না অথবা খরীদারকে তাহার দখল দেওয়াইতে পারেন না। খরীদারকে তাঁহার ইহা কহিতে হয় যে আইনানুসারে তুমি তাহা দখল করিয়া লও। এমত হইতে পারে যে অপরাধি ব্যক্তির দখলের স্বত্ব নাই কেবল সম্পত্তির স্বত্ব আছে। মাজিস্ট্রেট সাহেবের উচিত যে খরীদারকে এক সর্টিফিকট দেন অথবা মফঃসলে আদালতের ডিক্রী জারীক্রমে খরীদারকে যে অন্য দলীল দেওয়া যায় সেই প্রকার কোন দলীল দেন এবং তাহা হইলে তাঁহার কর্ত্তব্য কর্ম্মের শেষ হইল।

৭। যদি ওয়ারন্ট জারীকরণিয়া কর্ম্মকারক কেবল অপরাধির স্বত্বাধিকার ও সম্পর্ক নীলাম করিয়া থাকেন (এবং ইহা করা তাঁহার উচিত) তবে সেই স্বত্বপ্রভৃতি মিথ্যা হইলে মাজিস্ট্রেট সাহেবের স্থানে খরীদার তাহার কোন প্রতিকার পাইতে পারে না। অপরাধির যে সম্পত্তি থাকে তাহার ঝুঁকী খরীদারের উপর পড়ে। সুতরাং আমার বোধ হয় যে নীলামের সময়ে স্বত্ব বা সম্পর্কের বিষয়ে কোন নিশ্চিত কথা খরীদারকে কহা যায় নাই। অতএব মাজিস্ট্রেট সাহেব যদি স্বত্বের বিষয়ে কোন নিশ্চিত কথা না কহিয়া থাকেন তবে যাবৎ সেই স্বত্ব নির্ণয় না হয় তাবৎ তিনি সেই অবশিষ্ট টাকা হাতে রাখিতে পারেন না।

সি আর প্রিন্সেপ।
একটিং আডবোকেট জেনরল।

১৮৫২ সাল ৭ জানুআরি।

---

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ ও শ্রীযুত মাজিস্ট্রেট ও শ্রীযুত জাইন্ট মাজিস্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালত হুকুম করিতেছেন যে তোমার আদালতে ১৮৫০ সালের ৩৮ আইনের কিরূপ ফল হইতেছে তাহার বিষয়ের এক রিপোর্ট এই পত্র পাইবার পর এক সপ্তাহের মধ্যে গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাও। তাঁহারা জানিতে চাহেন যে ঐ আইনের বিধি কি পর্য্যন্ত কার্য্যক্রমে আমলে আসিয়াছে এবং ঐ বিধির অনুসারে যেপর্য্যন্ত কার্য্য হইয়াছে সেইপর্য্যন্ত তাহার দ্বারা যথার্থ বিচারের সাহায্য হইয়াছে কি না।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ২৬ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## EDUCATION NOTICE.

A special examination of candidates for admission to the Free and Stipendiary lists of the Medical College, will be held in that Institution, during the first week in June next.

2nd. There are several stipendiary vacancies of Eight Rupees per mensem each, tenable for five years. No candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

3rd. Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying in the Medical College.

4th The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

5th. All candidates will be expected to possess such knowledge of English, so as to be able to read, write, and speak it with ease and fluency. They must be able to analyze a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or works of a similar classical standard,—be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry, and Natural Philosophy,—and bring Certificates from the Head Masters of the Schools in which they have studied, expressly, stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those who possess the greatest amount of information in the above-mentioned branches of Education.

6th. The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London—the Degree, Diploma, and License of which bodies, respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each—of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

(By order.)

FRED. J. MOUAT, M. D.,

*Secretary.*

*Council of Education, the 1st March,* 1852.

## বিদ্যাধ্যাপনের ইশ্তিহার।

মেডিকাল কালেজের বৈতনিক ও অবৈতনিক সম্প্রদায়ের পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের বিশেষ ইমতিহান আগামি জুন মাসের প্রথম সপ্তাহে ঐ কালেজে হইবেক।

২। বৈতনিক কএক পদ শূন্য আছে তাহার বেতন মাসিক ৮৲ টাকা এবং পাঁচ বৎসরপর্য্যন্ত তাহার ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইতে পারিবেক না।

৩। ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানহইতে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং মেডিকাল কালেজে শিক্ষা করণের যোগ্য বটেন।

৪। যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের নিমিত্তে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

৫। সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং কহিতে পারেন। আরো তাঁহারদের আবশ্যক যে মিল্টনের পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কিম্বা তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক ও বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন তাহার প্রধান শিক্ষকের স্থানহইতে এক সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

৬। বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে বিষয়ের শিক্ষা হইতেছে তাহাতে লণ্ডন নগরের উনিবর্সিটির এবং ইঙ্গলণ্ড দেশের চিকিৎসকেরদের রাজকীয় কালেজের ও লণ্ডন নগরে ঔষধ প্রস্তুতকারিরদের অতিসম্ভ্রান্ত সভার সম্মতি আছে এবং কলিকাতায় যে ছাত্রেরা শিক্ষা করিয়াছেন তাঁহারা যদি ঐ প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত বিশেষ বিদ্যাবলিতে বিজ্ঞ হন তবে তাঁহারা ঐ বিদ্যালয়ের উপাধি কিম্বা যোগ্যতার পত্র কি চিকিৎসা করণের অনুমতিপত্র পাইতে পারেন। তাহার বিশেষ বৃত্তান্ত যে কেহ জানিতে চাহেন তিনি স্বয়ং মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে দরখাস্ত করিলে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৫২। ১ মার্চ।

## মেডিকেল কালেজের বাঙ্গালা ক্লাস।

কলিকাতার মেডিকেল কালেজে বাঙ্গালা ক্লাস স্থাপন করিবার নিম্নলিখিত প্রণালী সর্ব্ব সাধারণের গোচরার্থে প্রচারিত হইতেছে।

"মেডিকেল কালেজে উর্দ্দু ভাষায় যে প্রণালীতে ও যত দূরপর্য্যন্ত চিকিৎসা বিদ্যা শিক্ষা দেওয়া যায় বাঙ্গালা ভাষাতে সেইরূপ শিক্ষা দেওয়া যাইবেক।

বাঙ্গালা ক্লাসে প্রথমতঃ ৫০ পঞ্চাশ জন ছাত্র নিযুক্ত করা যাইবেক। তাঁহারা প্রত্যেকে ৫৲ পাঁচ টাকা মাসিক বৃত্তি পাইবেন। তদ্ভিন্ন যত লোক আপনার ব্যয় করিয়া অধ্যয়ন করিতে অভিলাষ করিবেন সকলকেই নিযুক্ত করা যাইবেক।

ভদ্রজাতি হইলেই নিযুক্ত করা যাইবেক। তন্মধ্যে যাঁহাদের অধিক গুণ থাকিবেক তাঁহাদিগকে অগ্রে নিযুক্ত করা যাইবেক। মফঃসলের ছাত্রদিগের নিমিত্ত যথোপযুক্ত কতক গুলি ছাত্রবৃত্তি স্বতন্ত্র রাখা যাইবেক।

সংস্কৃত কালেজের প্রিন্সিপল ও দুই জন অধ্যাপক এই তিন জনে যাবতীয় অধ্যয়নাকাঙ্ক্ষিদিগের পরীক্ষা করিবেন। ইঁহারা যাঁহাদিগকে বাঙ্গালা ভাষায় উত্তম ব্যুৎপন্ন, অর্থাৎ অনায়াসে বাঙ্গালা ভাষা লিখিতে ও পড়িতে পারেন, বলিয়া নিরূপণ করিবেন তাঁহাদিগকে নিযুক্ত করা যাইবেক।

ছাত্রদিগকে বাঙ্গালা ভাষায় এনাটমি, মেটিরিয়া মেডিকা এবং মেটিরিয়া মেডিকাতে কিমিষ্ট্রির যে যে অংশ আবশ্যক, এবং মেডিসিন্ ও সর্জ্জরি, চিকিৎসা বিদ্যাসংক্রান্ত এই সকল বিষয়ে শিক্ষা দেওয়া যাইবেক।

উর্দ্দু ক্লাসের ছাত্রদিগের ন্যায় তাঁহাদিগকে অন্ততঃ দুই বৎসর কালেজে থাকিতে হইবেক, শব কাটিয়া ডিসেক্সন অভ্যাস করিতে হইবেক, এবং হাঁসপাতাল ও ডিস্পেন্সরিতে গিয়া চিকিৎসা শিক্ষা করিতে হইবেক।

তাঁহাদিগকে কালেজে বাসা করিয়া থাকিতে হইবেক না কিন্তু প্রতিদিন ১০ টাঅবধি ৪ টাপর্য্যন্ত উপস্থিত থাকিতে হইবেক।

যাঁহার বয়স ১৮ বৎসরের ন্যূন অথবা ২৫ বৎসরের অধিক এমত ছাত্রকে নিযুক্ত করা যাইবেক না।

দেশের জমীদারদিগের এবং অবৈতনিক বিদ্যালয় সকলের অধ্যক্ষদিগের এরূপ অধিকার থাকিবেক যে উত্তর কালে আপনারা নিযুক্ত করিব এই উদ্দেশে বাঙ্গালা ক্লাসে শিক্ষিত করিবার নিমিত্ত ছাত্র পাঠাইতে পারিবেন যাঁহারা এইরূপ ছাত্র পাঠাইবেন তাঁহাদিগকে তাহাদের সমুদায় ব্যয় নির্ব্বাহ করিতে হইবেক।

পরে যেরূপ পরীক্ষা নির্দ্ধারিত হইবেক প্রশংসাপত্র পাইবার নিমিত্ত সকল ছাত্রকেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবেক। যাঁহারা প্রশংসাপত্র প্রাপ্ত হইবেন তাঁহাদিগকে ডেপুটী মাজিষ্ট্রেটদিগের অধীনে, জেলের হাঁসপাতালে, ব্যাক্সিনেটর অর্থাৎ ইঙ্গরেজী টীকাদারের কর্ম্মে ও এইরূপ আর যে যে কর্ম্মে গবর্ণমেণ্ট বাঙ্গালা দেশের মধ্যে যেখানে নিযুক্ত করিবেন তাঁহাদিগকে তথায় যাইতে হইবেক।"

যাঁহারা উপরি নির্দ্দিষ্ট ক্লাসে নিযুক্ত হইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারা পরীক্ষার নির্দ্ধারিত দিবসের অন্ততঃ এক সপ্তাহ পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারীর নিকট আবেদনপত্র পাঠাইবেন।

নিম্নলিখিত রীতিক্রমে আবেদন পত্র পাঠাইতে হইবেক।

| নাম | বয়স | জাতি | পিতার নাম ও ব্যবসায় | গ্রাম, জিলা ও পরগণা | কোথায় ও কত বৎসর শিক্ষা পাইয়াছেন | রীতি চরিত্রের প্রমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

যাঁহারা বাঙ্গালা ক্লাসে নিযুক্ত হইতে চাহেন ১৮৫২ সালের ১০ জুন বৃহস্পতিবার বেলা ১১ ঘণ্টার সময় সংস্কৃত কালেজে তাঁহাদিগের পরীক্ষা হইবেক।

(অনুমত্যা)

এফ, জে, মোয়েট।

সেক্রেটারী।

কৌন্সিল আব এডুকেশন্।
২২এ এপ্রেল, ১৮৫২।

---

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

*The 23rd April,* 1852.

Baboo Sonatun Bose, (a Diploma Holder of 1847,)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৪ মে।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৩ আপ্রিল।

শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস অন্য স্থানে প্রেরিত হওয়াতে ১৮৪৭ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু

to be Moonsiff of Nicklee, Zillah Mymensingh, vice Baboo Digumber Biswas, transferred.

Kazem Hossein, (a Diploma Holder of 1851,) to be Acting Moonsiff of Samuntoe, Zillah East Burdwan, during the absence on leave of the incumbent, or until further orders.

Baboo Kumulnarain Ghose, (a Diploma Holder of 1849,) to be Acting Moonsiff of Naraingunge, Dacca, during the absence on leave of the incumbent, or until further orders.

*The 26th April,* 1852.

Baboo Cossynath Dass, (a Diploma Candidate,) to be Acting Moonsiff of Sherepore, Zillah Mymensingh, during the absence on leave of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

*The 26th April,* 1852.

Mahomed Sady, Moonsiff of Sherepore, Zillah Mymensingh, for two months on Medical Certificate.

Baboo Bolindernarain, Moonsiff of Rungeah, Zillah Kamroop, for nine days, from the 9th instant.

B. J. Colvin, *Register.*

সনাতন বসু জিলা ময়মুনসিংহের নিকলীর মুনসেফ হই-বেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫১ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত কাজিম হুসেন ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কমলনারায়ণ ঘোষ ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

১৮৫২ সাল ২৬ আপ্রিল।

জিলা ময়মুনসিংহের শেরপুরের মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কাশীনাথ দাস ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৬ আপ্রিল।

জিলা ময়মুনসিংহের শেরপুরের মুনসেফ শ্রীযুত মহম্মদ সাদি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা কামরূপের রাঙ্গিয়ার মুনসেফ শ্রীযুত বাবু বলেন্দ্রনারায়ণ বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি নয় দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

## রাজকর্ম্মে নিয়োগ।

৮৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২০ আপ্রিল।

শ্রীশ্রীমতী মহারাণীর ১৪ ও ১৫ বর্ষীয় ইঙ্গলণ্ডীয় আইনের ৪০ অধ্যায়ের বিধানানুসারে এবং হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের জারীহওয়া ১৮৫২ সালের ৫ আইনের বিধানানুসারে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব নীচের লিখিত সাহেবদিগকে বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত করিয়াছেন এবং তদ্রূপে নিযুক্ত প্রত্যেক রেজিষ্টর সাহেবের নীচের লিখিত এলাকা নিরূপণ করিয়াছেন।

গোয়ালপাড়াতে আসামের কমিসানর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত হেনরি ড্রাইবর সাহেব (Mr. Henry Driver,) গোয়ালপাড়ার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

কামরূপে আসামের কমিস্যনর সাহেবের একটিং দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত এনসাইন টি লাম সাহেব (Ensign T. Lamb,) কামরূপে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেব (Mr. C. A. Bruce,) দরঙ্গে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত সি আর ষ্ট্রং সাহেব (Mr. C. R. Strong,) নওগাঁয়ে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শিবসাগরে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত জে থর্ণটন সাহেব (Mr. J. Thornton,) শিবসাগরে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

দেবরুঘরে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান ই টি ডাল্টন সাহেব (Captain E. T. Dalton,) দেবরুঘরে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

এতদ্দ্বারা কিম্বা উত্তর কালে যাঁহারা গোয়ালপাড়ার ও কামরূপের ও দরঙ্গের ও নওগাঁয়ের ও শিবসাগরের ও দেবরুঘরের বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত হন তাঁহারদের এলাকা ক্রমশঃ গোয়ালপাড়া ও কামরূপ ও দরঙ্গ ও নওগাঁয় ও শিবসাগর ও দেবরুঘর জিলা।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৫ আপ্রিল।

নির্দ্ধারণ।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে এই নির্দ্ধারণ প্রকাশ হওনের তারিখঅবধি ১৮২৮ সালের ৩ আইনঅনুসারে নিযুক্ত খাস কমিস্যনরেরদের এলাকা রহিত হইবেক। কিন্তু ঐ তারিখে যে সকল মোকদ্দমা তাঁহারদের সম্মুখে মুলতবী থাকে তাহা এবং তাঁহারদের করা ডিক্রী জারী হওনেতে যে সকল বিবাদ উত্থাপন হয় তাহা তাঁহারা ঐ ক্ষমতামতে বিচার করিবেন।

১৮৫২ সাল ১০ আপ্রিল।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর এচ বেচ সাহেব (Major H. Vetch,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল জে মাথি সাহেবের (Lieutenant-Colonel J. Matthie,) হস্তে গ্রহণ করেন।

বালেশ্বরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি বি চালমর্স সাহেব (Mr. C. B. Chalmers,) বর্ত্তমান মাসের ১১ তারিখে ঐ স্থানে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

বারাসতের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জি এচ এম রিকেট্স সাহেবের (Mr. G. H. M. Ricketts,) প্রতি অর্পণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলির স্থানে গ্রহণ করেন।

৪ অর্থাৎ পশ্চিম এলাকার জরিপী কার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে ওয়াটসন সাহেব (Mr. J. Watson,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপ-

নার কর্ম্মের ভার ভাগলপুরের একটিং কালেক্টর শ্রীযুত আর ও হেউড সাহেবের (Mr. R. O. Heywood,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে যশোহরের কালেক্টরী কর্ম্ম শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৮৯২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৫ আপ্রিল।

বারাসতের মুনসেফ ও ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু নীলমণি মিত্র মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন। বাবু নীলমণি মিত্র বারাসতে ১৮২১ সালের ৩ আইনের ১ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

আসামে বড়পেটার মুনসেফ শ্রীযুত মুনশী কিফায়ৎ উল্লা সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২০ আপ্রিল।

শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৪ ও ১৫ বর্ষের ৪০ অধ্যায়ের এবং হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের জারীহওয়া ১৮৫২ সালের ৫ আইনের বিধানমতে বাঙ্গলাদেশের শ্রীযুক্ত মোষ্ট নোবল গবরনর সাহেব অদ্য নীচের লিখিত সাহেবদিগকে বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত করিয়াছেন এবং তদ্রূপ নিযুক্ত রেজিষ্টারেরদের নীচের লিখিত এলাকা নিরূপণ করিয়াছেন।

মৌলমেনের দলিল দস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত জি ই বার সাহেব (Mr. G. E. Barr,) মৌলমেনে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

টাবয়ের দলীল দস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত লেপ্টেনেণ্ট সি শার্প সাহেব (Lieutenant C. Sharp,) টাবয়ের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

মর্গুইর দলীল দস্তাবেজের রেজিষ্টর শ্রীযুত কাপ্তান এচ বর্ডমোর সাহেব (Captain H. Berdmore,) মর্গুইর বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

এইক্ষণে যাঁহারা মৌলমেন ও টাবয় ও মর্গুইর বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত হইয়াছেন কিম্বা উত্তর কালে যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহারদের এলাকা ক্রমশঃ মৌলমেন ও টাবয় ও মর্গুই জিলা নির্দ্দিষ্ট হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১০ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে নের্ণ সাহেব (Mr. J. Nairne,) নিয়মিত দ্বিতীয় শ্রেণীর ছুটী লইয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৫২ সাল ২৩ আপ্রিল।

আসামের কমিস্যনর সাহেবের শিবসাগরে নিযুক্ত প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি হলরয়ড সাহেব (Captain T. Holroyd,) মফঃসলে গমনার্থ গত মাসের ৪ তারিখে কালেক্টরীর খাজানাখানা সিবিল চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে লঙ্গ সাহেবের (Mr. W. J. Long,) প্রতি এবং আপন দেওয়ানী সম্পর্কীয় সিরিশ্তার চলিত কার্য্যের ভার সদর আমীন শ্রীযুত যদুনাথ সরো মেলিয়ার প্রতি অর্পণ করেন এবং গত মাসের ৭ তারিখে ঐ কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৪ মে।]

ত্রিপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে বহেরা এলাকা খণ্ডের ভার শ্রীযুত ডবলিউ এফ টকর সাহেবের (Mr. W. F. Tucker,) স্থানে পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এন ফারকরসন সাহেব (Mr. R. N. Farquharson,) দায়ের সায়েরী কর্ম্মে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোয়াজিম হুসেনের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে হুগলীর সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসুর স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত এ পিগু সাহেবের (Mr. A. Pegou,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৯৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর ডিষ্টুয়ার্ট সাহেবের (Dr. D. Stewart,) অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডাক্তর ই গুডিব সাহেব (Dr. E. Goodeve,) মেডিকাল কালেজে ধাত্রীয় বিদ্যার শিক্ষকতা কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন এবং শ্রীযুত ডাক্তর জে মাকফর্সন সাহেব (Dr. J. Macpherson,) মার্টিরিয়া মেডিকার শিক্ষকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২০ আপ্রিল।

শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৪ ও ১৫ বর্ষের ৪০ অধ্যায়ের এবং হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের জারীহওয়া ১৮৫২ সালের ৫ আইনের বিধানমতে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব অদ্য নীচের লিখিত সাহেবদিগকে বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত করিয়াছেন এবং তদ্রূপে নিযুক্ত রেজিষ্ট্রারেরদের নীচের লিখিত এলাকা নিরূপণ করিয়াছেন।

হাজারীবাগে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simpson,) হাজারীবাগে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

লোহারডগাতে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওকস সাহেব (Lieutenant W. H. Oakes,) লোহারডগার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

মানভূমে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এন ওকস সাহেব (Lieutenant G. N. Oakes.) মানভূমের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

সিংহভূমে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের একটিং প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে সি হটন সাহেব (Lieutenant J. C. Haughton,) সিংহভূমে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

সম্বলপুরে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের

এজেণ্ট সাহেবের একটিং প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এমরসন সাহেব (Lieutenant J. Emerson,) সম্বলপুরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

এই হুকুম দ্বারা যে সাহেবেরা বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত হইয়াছেন এবং উত্তরকালে যাঁহারা হাজারীবাগে ও লোহারডগাতে ও মানভূমে ও সিংহভূমে ও সম্বলপুরে নিযুক্ত হন তাহারদের এলাকা হাজারীবাগে ও লোহারডগাতে ও মানভূমে ও সিংহভূমে ও সম্বলপুরে নিযুক্ত দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীলশ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান ও প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সাহেবেরদের এলাকাভুক্ত জিলা নির্দিষ্ট হইয়াছে।

১৮৫২ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A. A. Sturt,) ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Capt. C. Holroyd,) আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন কিন্তু শিবসাগর এলাকাখণ্ডের ভার রাখিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এফ এফ বিনসেণ্ট সাহেব (Lieut. G. F. F. Vincent,) নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এস বাইবার সাহেব (Lieutenant H. S. Bivar,) আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট হইবেন এবং যাবৎ শ্রীযুত কাপ্তান হলরয়ড সাহেব (Captain Holroyd,) কর্ম্ম গ্রহণ না করেন তাবৎ লক্ষ্মীপুরে নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট বাইবার সাহেব (Lieutenant Bivar,) যাবৎ শ্রীযুত এনসাইন টি লাম সাহেবের (Ensign T. Lamb,) স্থানে কর্ম্মগ্রহণ না করেন তাবৎ শ্রীযুত লাম সাহেব কামরূপে আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

বরিশালে অবগাহক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জান পেজ সাহেব (Revd. John Page,) বাকরগঞ্জের বিবাহের রেজিষ্টরী পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২৩ আপ্রিল।

পুরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব (Mr. H. Swetenham,) বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি ভাগলপুরের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এফ লোথ সাহেব (Mr. F. Lowth,) ঐ তারিখঅবধি পুরণিয়ার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) ঐ তারিখঅবধি বেহারের অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত জি উইলকিন্স সাহেব (Mr. G. Wilkins,) ঐ তারিখঅবধি শাহাবাদের কালেক্টর হইবেন কিন্তু শ্রীযুত আর বি গ্যারেট সাহেবের (Mr. R. B. Garrett,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি লক সাহেবের (Mr. G. Loch,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) বীরভূমের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেবের (Mr. R. Abercrombie,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) ঢাকার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২১ আপ্রিল।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) গত মাসের ১৮ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২২ আপ্রিল।

সেরাজগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত এচ এ আর আলেক্জাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) ছুটীবিষয়ক বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৮ আপ্রিল।

বাঙ্গলা দেশের মোষ্ট নোবল গবরনর্ সাহেব অনুমতি দিয়াছেন যে বালেশ্বর জিলার বস্তার থানা বস্তাগ্রামহইতে উঠান যায় ও জগন্নাথের রাস্তায় বর্দ্ধা বাজারে স্থাপন হয়।

১৮৫২ সাল ২২ আপ্রিল।

শ্রীলশ্রীযুত গবরনর সাহেব এদেশীয় লঘু অস্ত্রধারি পদাতিক ৪২ পল্টনের এনসাইন শ্রীযুত ডবলিউ এন লীস সাহেবকে (Ensign W. N. Lees,) উর্দ্দুভাষার নিমিত্তে সম্ভ্রমের পদবী প্রদান করিয়াছেন এবং গোলন্দাজীয় পল্টনের কাপ্তান ও ব্রিবেট মেজর শ্রীযুত এফ এ মাইলস সাহেবকে (Captain and Brevet Major F. A. Miles,) পারসী ও হিন্দী ভাষাতে অত্যন্ত সুশিক্ষিত হওনের সর্টিফিকট প্রদান করিয়াছেন।

১৮৫২ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে চাম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মের ভার শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেবের (Mr. F. A. B. Glover,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে যশোহরের মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত এচ রোস সাহেবের (Mr. H. Rose,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) বর্ত্তমান মাসের ২১ তারিখে বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মের ভার শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেবের (Mr. A. W. Russell,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) বর্ত্তমান মাসের ২২ তারিখে চব্বিশপরগনার কালেক্টরীর ভার শ্রীযুত জে এম লৌইস সাহেবের (Mr. J. M. Lowis,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত সি জি আন্দ্রুস সাহেব (Mr. C. G. Andrews,) জিলা ছিলটের দলীল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪৩ সালের ১৫ আইনঅনুসারে ২৪ পরগনার ডেপুটি মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী আবদুল লতীফ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 4th May,* 1852.]

# GOVERNMENT ADVERTISEMENTS.

## OPIUM.

## গবর্ণমেণ্টের ইশ্‌তিহার ।

### আফিম ।

### আফিমের ইশ্‌তেহার ।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ১০ মে সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌চেঞ্জ ঘরে সন ১৮৫০ । ৫১ সালের পরদায়ণী আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই ।

| | | | |
|---|---|---|---|
| বেহারের পরদায়ণী আফিম | ... | ... | ১৯২০ |
| বানারসের পরদায়ণী আফিম | ... | ... | ৮৮০ |
| জুমলা সিন্দুক | | | ২৮০০ |

১ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫১ সালের ৫ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌চেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন ।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫২ সালের ১৪ এবং ২৫ মে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫২ সালের ১৫ মে শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৫২ সালের ২৫ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না ইতি ।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম দেওয়ার ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫০ । ৫১ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক ।

| | | | | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|---|---|---|
| সন ১৮৫১ সালের | ১০ জুন | বৃহস্পতিবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১২ জুলাই | সোমবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ আগষ্ট | মঙ্গলবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ সেপ্টেম্বর | শুক্রবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১১ অক্টোবর | সোমবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ নবেম্বর | বুধবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ ডিসেম্বর | শুক্রবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৮৯২ | ৮৬৯ | ২৭৬১ |
| | | | | ১৩৪১২ | ৬১৪৯ | ১৯৫৬১ |

বিমোক্তার হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫২ সাল তারিখ ২১ এপ্রেল ।

সি বীডন। জোট সেক্রেটারী।

### জিলা ত্রিপুরা।

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে জিলে ত্রিপুরার মোতালক নীচের লিখিত মহাল সন ১২৫৮ বাং লাং কিস্তী মাঘের পাওনা বাকী মালগুজারীর নিমিত্তে সন ১৮৫২ ইং ২৬ মার্চ নীলামে বিক্রয় হইয়াছিল পর উক্ত আইনের ১৬দফার মর্ম্মানুসারে ত্রিংশত্তম দিবস মধ্যে খরিদার সম্পূর্ণ মুল্য দাখিল না করাতে খরিদারের দাখিলী বায়নার টাকা সরকারে জব্দ হইয়া সন ১৮৫২ ইং ২২ মেই মোং সন ১২৫৯ বাঙ্গলার ১০ জ্যৈষ্ঠ রোজ শনিবার ঐ মহাল পুনরায় নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইংতারিখ ২৪ আপ্রিল মোং সন ১২৫৯ বাং তারিখ ১৩ বৈশাখ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | তৌজীর মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা কোং | যে বাকীর নিমিত্তে নীলাম হইয়াছিল অর্থাৎ সন ১২৫৮ বাং লাং কিং মাঘ | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | দহশালা বন্দবস্তী মহাল | ৯৩২ | পং মহবতপুর তাং খেলারাম দেব দত্ত | সুর্য্যমণি শাহা | ৩৭৮৶৬ | ১৪॥৹ | |

J. S. Spankie, *Acting Collector.*

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠার মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত বহরমপুর পোষ্ট আফিসে ১৮৫১ সালের মার্চ ও আপ্রিল মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

গত প্রকাশিতের শেষ।

| চিঠার সংখ্যা | চিঠীর মালিকানের নাম | চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|---|---|
| ২৭২ | পারসি চিঠী | ৩০২ | কালীচরণ ভট্টাচার্য্য |
| ২৭৩ | ভূতনাথ | ৩০৩ | হোশেনী |
| ২৭৪ | সেখ মাদারি | ৩০৪ | কালীপ্রসাদ ঘোষ |
| ২৭৫ | নাগরি চিঠা | ৩০৫ | তারাচাঁদ রায় |
| ২৭৬ | নিতাইসুন্দর সিংহ | ৩০৬ | আনন্দচন্দ্র রায় |
| ২৭৭ | মোচন খানসামা | ৩০৭ | রামকানাই বন্দ্যো-পাধ্যায় |
| ২৭৮ | সাধাউদ্দীন | | |
| ২৭৯ | পারসি চিঠী | ৩০৮ | মিঞা মহম্মদ খাঁ |
| ২৮০ | ঐ ঐ | ৩০৯ | অযোধ্যাপ্রসাদ |
| ২৮১ | E. Brown, | ৩১০ | নাগরি চিঠী |
| ২৮২ | E. Palmer, | ৩১১ | ঐ |
| ২৮৩ | খোদাবক্স | ৩১২ | ঐ |
| ২৮৪ | দুমনগীর | ৩১৩ | ঐ |
| ২৮৫ | শিতিকণ্ঠ ঘোষ | ৩১৪ | ঐ |
| ২৮৬ | জিবুলাল | ৩১৫ | ঐ |
| ২৮৭ | বক্সু মিঞা | ৩১৬ | ঐ |
| ২৮৮ | অক্ষয়চন্দ্র রায় | ৩১৭ | ঐ |
| ২৮৯ | শ্রীনাথ ঘোষ | ৩১৮ | ঐ |
| ২৯০ | শ্রীনাথ ভট্টাচার্য্য | ৩১৯ | ঐ |
| ২৯১ | পারসি চিঠী | ৩২০ | ঐ |
| ২৯২ | শ্যামাচরণ রায় | ৩২১ | ঐ |
| ২৯৩ | সাধাবি | ৩২২ | ঐ |
| ২৯৪ | বকাউল্লা | ৩২৩ | ঐ |
| ২৯৫ | শীতলচন্দ্র সরকার | ৩২৪ | মাণিক বৈষ্ণবী |
| ২৯৬ | কিশনপ্রসাদ | ৩২৫ | সৈএদ আলি |
| ২৯৭ | ভটু মিঞা | ৩২৬ | জহরা বেগম |
| ২৯৮ | রামলোচন দাস | ৩২৭ | অবধান পণ্ডিত |
| ২৯৯ | হৈবত জং | ৩২৮ | কাশী চৌধুরী |
| ৩০০ | মির গোলাম আর্ব্বাশ | ৩২৯ | সেখ রমজান |
| ৩০১ | ভৈরবচন্দ্র দাস | ৩৩০ | বুণী বেগম |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম- |
|---|---|---|---|
| ৩৩১ | নবীনচন্দ্র মজুমদার | ৩৬৭ | নাগরি চিঠী |
| ৩৩২ | গোলোকচন্দ্র ভূঞা | ৩৬৮ | উমেশচন্দ্র বন্দ্যো-পাধ্যায় |
| ৩৩৩ | বেলাএত হোসেন | | |
| ৩৩৪ | পারসি চিঠী | ৩৬৯ | নিস্তারিণীদাসী |
| ৩৩৫ | ঐ | ৩৭০ | কিশনচন্দ্র |
| ৩৩৬ | ঐ | ৩৭১ | কৃষ্ণগোপাল দত্ত |
| ৩৩৭ | ঐ | ৩৭২ | সেখ আবদুল্লা খাঁ |
| ৩৩৮ | ঐ | ৩৭৩ | বখ্তম খাঁ |
| ৩৩৯ | ঐ | ৩৭৪ | হরজন জমাদ্দার |
| ৩৪০ | ঐ | ৩৭৫ | কড়াকি |
| ৩৪১ | ঐ | ৩৭৬ | হাঁশনু |
| ৩৪২ | ঐ | ৩৭৭ | মহেশচন্দ্র বসু |
| ৩৪৩ | ঐ | ৩৭৮ | শুকহরি |
| ৩৪৪ | ঐ | ৩৭৯ | চৈতন্যকৃষ্ণ |
| ৩৪৫ | নফরচন্দ্র রায় | ৩৮০ | পারসি চিঠী |
| ৩৪৬ | রাধাচরণ সরকার | ৩৮১ | ঐ |
| ৩৪৭ | রামকৃষ্ণ শাহা | ৩৮২ | ঐ |
| ৩৪৮ | রামচন্দ্র চট্টোপাধ্যায় | ৩৮৩ | ঐ |
| ৩৪৯ | রাধাচরণ শাহা | ৩৮৪ | ঐ |
| ৩৫০ | সিউদিন পাঠক | ৩৮৫ | ঐ |
| ৩৫১ | রামলাল মল্লিক | ৩৮৬ | ঐ |
| ৩৫২ | ফকিরা সর্দ্দার | ৩৮৭ | ঐ |
| ৩৫৩ | নাগরি চিঠি | ৩৮৮ | ঐ |
| ৩৫৪ | ঐ | ৩৮৯ | ঐ |
| ৩৫৫ | ঐ | ৩৯০ | ঐ |
| ৩৫৬ | ঐ | ৩৯১ | ঐ |
| ৩৫৭ | ঐ | ৩৯২ | ঐ |
| ৩৫৮ | ঐ | ৩৯৩ | ঐ |
| ৩৫৯ | ঐ | ৩৯৪ | ঐ |
| ৩৬০ | ঐ | ৩৯৫ | ঐ |
| ৩৬১ | ঐ | ৩৯৬ | ঐ |
| ৩৬২ | ঐ | ৩৯৭ | ঐ |
| ৩৬৩ | ঐ | ৩৯৮ | ঐ |
| ৩৬৪ | ঐ | ৩৯৯ | গোপালচন্দ্র |
| ৩৬৫ | ঐ | ৪০০ | প্রসন্ননাথ |
| ৩৬৬ | ঐ | ৪০১ | রামচন্দ্র দাস |

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ৪০২ | দেবীদিন তেওয়ারি |
| ৪০৩ | রাজনারায়ণ বসু |
| ৪০৪ | মতি বেগম |
| ৪০৫ | ঝুমন্ |
| ৪০৬ | নহালচাঁদ |
| ৪০৭ | রামগতি |
| ৪০৮ | নাগরি চিঠী |
| ৪০৯ | ঐ |
| ৪১০ | ঐ |
| ৪১১ | ঐ |
| ৪১২ | রামকানাই |
| ৪১৩ | সেখ খুদম |
| ৪১৪ | আশক আলি |
| ৪১৫ | রাজীবচন্দ্র |
| ৪১৬ | হনুমানপ্রসাদ |
| ৪১৭ | সৈএদ মির আলি |
| ৪১৮ | খৈরন্নেশা খানম |
| ৪১৯ | মুনশী জমিরুদ্দীন |
| ৪২০ | মাণিকচন্দ্র দাস |
| ৪২১ | সীতানাথ দত্ত |
| ৪২২ | হেয়াত খাঁ |
| ৪২৩ | নাগরি চিঠী |
| ৪২৪ | তারণচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| ৪২৫ | বিনোদলাল বন্দ্যোপাধ্যায় |

পোষ্ট পেইড চীঠী

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম |
|---|---|
| ১ | জয়চন্দ্র লস্কর |
| ২ | নাগরি চিঠী |
| ৩ | রামকিশোর চৌধুরী |
| ৪ | রামজীবন বন্দ্যোপাধ্যায় |
| ৫ | মারু খাঁ |
| ৬ | গঙ্গাধর |
| ৭ | Mr. C. Paul, |
| ৮ | নাগরি চিঠী |
| ৯ | ঐ |
| ১০ | ঐ |
| ১১ | পারসি চিঠী |
| ১২ | ঐ |
| ১৩ | ভাগবত খাঁ |
| ১৪ | গোপীনাথ রজক |
| ১৫ | আবদুল্লা |
| ১৬ | আগা মহম্মদ হোসেন |
| ১৭ | কাশীশ্বরী দেব্যা |
| ১৮ | নাগরি চিঠী |
| ১৯ | ঈশানচন্দ্র ভট্টাচার্য্য |
| ২০ | পারসি চিঠী |
| ২১ | মৌলবী সৈএদউদ্দীন |
| ২২ | পারসি চিঠী |
| ২৩ | ঈশানচন্দ্র শাহা |
| ২৪ | সাদের আলী |
| ২৫ | নেজামত নবাব |
| ২৬ | পারসি চিঠী |
| ২৭ | সফিরত |
| ২৮ | গোলাপ দাস |
| ২৯ | নাগরি চিঠী |
| ৩০ | পারসি চিঠী |
| ৩১ | নাগরি চিঠী |
| ৩২ | বলরাম দাস |
| ৩৩ | Mr. Stalbrt, |
| ৩৪ | নাগরি চিঠী |
| ৩৫ | নবকুমার সেন |
| ৩৬ | শম্ভুচন্দ্র সিংহ |
| ৩৭ | শিতিকণ্ঠ ঘোষ |
| ৩৮ | গোলামহজরৎ খাঁ |
| ৩৯ | নাগরি চিঠী |
| ৪০ | ঐ |
| ৪১ | গোরমোহন বিশ্বাস |
| ৪২ | নাগরি চিঠী |
| ৪৩ | ঐ |
| ৪৪ | সাড়াদোন চাপরাসি |
| ৪৫ | নাগরি চিঠী |
| ৪৬ | নাগরি চিঠী |
| ৪৭ | ভূবেন্দ্রনারায়ণ লাহুড়ি |
| ৪৮ | বিষ্ণুচন্দ্র হালদার |
| ৪৯ | লালা পিরথিলাল |
| ৫০ | G. Garden, |
| ৫১ | নাগরি চিঠী |
| ৫২ | নন্দকিশোর পাল |
| ৫৩ | ডোমন |
| ৫৪ | পারসি চিঠী |
| ৫৫ | নাগরি চিঠী |
| ৫৬ | ঐ |
| ৫৭ | রামশঙ্কর সিকদার |
| ৫৮ | নাগরি চিঠী |
| ৫৯ | হরিচরণ শাহা |
| ৬০ | গঙ্গাধর দাস |
| ৬১ | রামকিশোর চক্রবর্ত্তী |
| ৬২ | দাগণ দত্ত |
| ৬৩ | নাগরি চিঠী |
| ৬৪ | আজিম |
| ৬৫ | বুধু সরদ্দার |
| ৬৬ | গোপালচন্দ্র শাহা |
| ৬৭ | আনন্দময়ী দাস্যা |
| ৬৮ | পারসি চিঠী |
| ৬৯ | মৌলবী হোসেন আলি |
| ৭০ | জগদ্দুর্লভ সোম |
| ৭১ | ঈশ্বরচন্দ্র শাহা |
| ৭২ | কাশীনাথ শাহা |
| ৭৩ | চৈতন্যচরণ গুপ্ত |
| ৭৪ | আতহর নেশা |
| ৭৫ | কোরবাণ আলি |

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত কটক পোষ্ট আফিসে ১৮৫১ সালের জানুআরি ও ফেব্রুআরি মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১ | লোকনাথ সিং | ভদরক | |
| ২ | ঈশ্বরচন্দ্র মুখোপাধ্যায় | কটক | |
| ৩ | দামু দাস ও আধরাম পাটনাএক | ঐ | |
| ৪ | রামচন্দ্র দাস | ঐ | |
| ৫ | সেখ ভগ্নু | ঐ | |
| ৬ | সৈএদ জমাল | ঐ | |
| ৭ | সেখ কামাল | পুরী | |
| ৮ | তেলঙ্গী চিঠী | বিজানগর | |
| ৯ | আগা মহম্মদ | ঐ | |
| ১০ | শিবপ্রসাদ | ঐ | |
| ১১ | কামাল উদ্দীন | কটক | |
| ১২ | ইদু খানশামা | ঐ | |

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্‌তিহার।

সাধারণের গোচরার্থ বিজ্ঞাপন এই যে সদর দেওয়ানী আদালত নিষ্পন্ন মোকদ্দমা সকল বঙ্গ ভাষায় প্রচারিত না থাকায় তদ্দ্বারা এতদ্দেশীয় সাধারণ জনগণের কোন উপকার দর্শে নাই। অতএব বর্ত্তমান বর্ষাবধি সদর নিষ্পত্তির অনুবাদ পুস্তক প্রতিমাসে প্রকাশারম্ভ হইয়াছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা শহর কলিকাতার পটল ডেঙ্গার পঞ্চানন্দ তলার লেনের ৩০ নং বাটীতে শ্রীনবীনচন্দ্র রায় সমীপে স্ব২ নামাঙ্কিত পত্র প্রেরিলে পাইতে পারিবেন তদ্বার্ষিক মূল্য মাসে২ বা অগ্রে দিলে ১২৲ টাকা বর্ষান্তে ১৬৲ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ৪ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

## CALCUTTA, TUESDAY, MAY 11, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১১ মে।


### ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 16TH JANUARY, 1852.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council, on the 16th January 1852, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. IV. OF 1852.

***An Act to amend the law relating to emigrant vessels and the emigration of labourers.***

**Whereas by Section VIII., Act XXI. of 1844, it was among other things enacted, that no ship or vessel carrying emigrant labourers to Jamaica, British Guiana, or Trinidad should sail from Calcutta, Madras, or Bombay, at any other time than between the 30th day of any September and the 1st of March next thereafter ensuing ; and whereas the said provision was repealed by Act XXV. of 1845, so far as regarded vessels carrying emigrant labourers from Madras, and has been found inconvenient for vessels carrying emigrant labourers from Calcutta; and whereas it is expedient to amend the law relating to the height between decks in emigrant vessels ; and whereas by Section I., Act XXI. of 1843, it was enacted, that emigration to Mauritius should only lawfully take place under the provisions of Act XV. of 1842, from the Port of Calcutta; and whereas by Act VIII. of 1847, the emigration of labourers from the Port of Madras to Mauritius was declared lawful, and it is now**

### আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৬ জানুআরি।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৬ জানুআরি তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। শ্রীযুতের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৪ আইন।

মজুরেরদের দেশান্তর গমনের বিষয়ি এবং মজুরেরা যে জাহাজে যাত্রা করে তাহার বিষয়ি আইন সংশোধনের আইন।

যেহেতুক ১৮৪৪ সালের ২১ আইনের ৮ ধারায় যেমন অন্যান্য বিষয়ের হুকুম হইয়াছিল তেমনি এই বিষয়েরও হুকুম হইল যে যে কোন জাহাজ দেশান্তর গমনকারি মজুরেরদিগকে জামেকা কি ব্রিটিস গৈয়ানা কি ত্রিণিদাদে লইয়া যায় সেই জাহাজ সেপ্টেম্বর মাসের ৩০ তারিখঅবধি তৎপর মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত যে সময় তাহা ছাড়া অন্য কোন সময়ে কলিকাতা অথবা মান্দ্রাজ কিম্বা বোম্বাইহইতে গমন করিবেক না। এবং যেহেতুক উক্ত বিধি যেপর্য্যন্ত মান্দ্রাজহইতে দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইবার জাহাজের বিষয়ে সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত ১৮৪৫ সালের ২৫ আইনের দ্বারা রদ হইল এবং কলিকাতাহইতে দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইবার জাহাজের বিষয়ে ক্লেশজনক বোধ হইয়াছে। এবং যেহেতুক দেশান্তর গমনকারি মজুরদিগের জাহাজে উভয় তালার মধ্যে যত ব্যবধান থাকিতে হয় তাহার বিষয়ি আইন সংশোধন করা উচিত বোধ হইয়াছে। এবং যেহেতুক ১৮৪৩ সালের ২১ আইনের ১ ধারাতে এই হুকুম হইয়াছিল যে ১৮৪২ সালের ১৫ আইনের বিধিক্রমে কেবল কলিকাতা বন্দরহইতে মরিচ উপদ্বীপে আইনমতে দেশান্তর গমনকারি মজুরদিগকে পাঠান যাইতে পারে। এবং যেহে-

expedient to repeal Section I., Act XXI. of 1843, and to render lawful the emigration of labourers from the Port of Bombay to Mauritius, It is enacted as follows :

I. So much of Act XXI. of 1844, as is hereinbefore recited, is repealed, so far as regards ships or vessels carrying emigrant labourers from Calcutta.

II. No ships or vessels carrying emigrant labourers to Jamaica, British Guiana, or Trinidad, shall sail from Calcutta at any other time than between the thirty-first day of any August and the 1st day of March next thereafter ensuing.

III. No ship or vessel carrying emigrants and having more than one deck, shall have less than the height of five feet and six inches at the least between decks, and in case such ship or vessel shall have only one deck, a platform shall be laid beneath such deck in such manner as to afford a space of the height of five feet and six inches at the least, and such platform shall not be so laid as that the lower beams shall project above the same, and whatever may be the tonnage of the ship or vessel, no greater number of emigrant labourers shall be taken on board such ship or vessel than shall be after the rate of one emigrant labourer for every seventy-two cubic feet of space between decks, or between the deck and platform, unoccupied by goods or stores not being the personal luggage of such emigrant labourers, any thing in Act XV. of 1842, or in the Schedule therein mentioned, to the contrary notwithstanding.

IV. Section I., Act XXI. of 1843 is hereby repealed, and from and after the passing of this Act, emigration to Mauritius may lawfully take place under the provisions of Act XV. of 1842 from the Port of Bombay, as well as from the Ports of Madras and Calcutta.

V. The Governor in Council of Bombay may nominate a proper person to act as Protector of Emigrants at Bombay, and no emigrant shall be permitted to embark without a certificate from the Agent appointed by the Government of Mauritius, countersigned by the Protector, to the effect that such person has been engaged by such Agent, on the part of the said Government, as an emigrant to Mauritius.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 6TH FEBRUARY, 1852.

The following Act, passed by the Governor Gene-



ভুক ১৮৪৭ সালের ৮ আইনের দ্বারা মান্দ্রাজ বন্দরহইতে দেশান্তর গমনকারি মজুরদিগকে মরিচ উপদ্বীপে আইনমতে লইয়া যাইতে অনুমতি হইল এবং এক্ষণে ১৮৪৩ সালের ২১ আইনের ১ ধারা রদ করিতে এবং বোম্বাই বন্দরহইতে দেশান্তর গমনকারি মজুরদিগকে মরিচ উপদ্বীপে লইয়া যাইতে অনুমতি দেওয়া উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪৪ সালের ২১ আইনের যে ভাগ পূর্ব্বে উক্ত হইল তাহা যেপর্য্যন্ত কলিকাতাহইতে দেশান্তর গমনকারি মজুরদিগকে লইয়া যাইবার জাহাজ বা জাহাজসকলের সঙ্গে সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত রদ হইল ইতি।

২ ধারা। যে জাহাজ বা জাহাজসকল দেশান্তর গমনকারি মজুরদিগকে জামেকা কি ব্রিটিস গৈয়ানা কি ত্রিণিদাদে লইয়া যায় সেই জাহাজ আগষ্ট মাসের ৩১ তারিখঅবধি তৎপর মার্চ মাসের তারিখপর্য্যন্ত যে সময় হয় তাহা ছাড়া অন্য কোন সময়ে কলিকাতাহইতে গমন করিবেক না ইতি।

৩ ধারা। দেশান্তর গমনকারি মজুরদিগকে লইয়া যাইবার নিমিত্তে যে জাহাজ নিযুক্ত হয় সেই জাহাজে যদি এক তালার অধিক থাকে তবে দুই তালার মধ্যে পাঁচ ফুট ছয় বুরুলের কম ব্যবধান থাকিবেক না। এবং যদি ঐ জাহাজের কেবল এক তালা থাকে তবে ঐ তালার নীচে এক কাষ্ঠের মেজিয়া করিতে হইবেক এবং ঐ মেজিয়াঅবধি তালাপর্য্যন্ত সাড়ে পাঁচ ফুটের কম ব্যবধান থাকিবেক না এবং ঐ মেজিয়া এমত তৈয়ার করিতে হইবেক যে তাহার তালার নীচের কাষ্ঠ তাহার উপর না বাহিরায়। এবং জাহাজের যত বোঝাইয়ের শক্তি হউক উভয় তালার মধ্যবর্ত্তি অথবা তালা ও মেজিয়ার মধ্যবর্ত্তি বিদেশ গমনকারি এক২ জন মজুরের জন্যে বাহাত্তর ঘনসংখ্যক ফুটের পরিমাণ নিযুক্ত হইবেক এবং সেই হিসাবে জাহাজে যত মজুর ধরে তদপেক্ষা অধিক মজুর লইতে হইবেক না এবং ঐ স্থানের মধ্যে ঐ গমনকারি মজুরদিগের সওয়াজিমা দ্রব্যছাড়া কোন মাল বা দ্রব্যাদি থাকিবেক না। এবং ইহার বিরুদ্ধ ১৮৪২ সালের ১৫ আইনে এবং তন্মধ্যের লিখিত তফসীলে কিছু থাকিলেও প্রতিবন্ধক হইবেক না ইতি।

৪ ধারা। ১৮৪৩ সালের ২১ আইনের ১ ধারা ইহার দ্বারা রদ হইল এবং এই আইন জারী হওনঅবধি ও তাহার পর যেমন মান্দ্রাজ ও কলিকাতা বন্দরহইতে দেশান্তর গমনকারি মজুরেরা যাইতেছে তেমনি ১৮৪২ সালের ১৫ আইনের বিধিক্রমে তাহারা বোম্বাইয়ের বন্দরহইতে মরিচে গমন করিতে পারে ইতি।

৫ ধারা। বোম্বাইয়ের শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ঐ বোম্বাই বন্দরে দেশান্তর গমনকারি ব্যক্তিরদের এক জন উপযুক্ত ব্যক্তিকে রক্ষকস্বরূপ নিযুক্ত করিতে পারেন এবং দেশান্তর গমনকারি যে কোন ব্যক্তির নিকটে মরিচের গবর্ণমেণ্টের নিযুক্ত এজেণ্ট সাহেবের লিখিত এবং ঐ রক্ষক সাহেবের দ্বারা দস্তখৎকরা এই মজমুনের এক সর্টিফিকট না থাকে যে ঐ ব্যক্তি মরিচে গমনার্থে উক্ত গবর্ণমেণ্টের পক্ষে ঐ এজেণ্ট সাহেবের দ্বারা নিযুক্ত হইয়াছে সেই ব্যক্তি জাহাজে গমন করিতে পারিবেক না ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ৬ ফেব্রুআরি।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ৬ ফেব্রুআরি তারিখে

ral of India in Council on the 6th February 1852, is hereby promulgated for general information :

### Act No. VIII. of 1852.

*An Act for remunerating the Sheriffs of Calcutta, Madras, and Bombay for the execution of Mofussil Process under Act XXIII. of* 1840.

For making better provision for the Sheriffs of Calcutta, Madras and Bombay, in remuneration for the execution of legal process issued by Courts out of the said towns respectively, It is enacted as follows :

I. The several Sudder Courts of the Presidency of Fort William in Bengal, and the Sudder Courts of the Madras and Bombay Presidencies respectively shall make, and from time to time amend, a table of reasonable fees, to be taken on account of the execution by the Sheriff in such Presidency of any legal process issued by any Court, Judge or Magistrate, beyond the jurisdiction of the several Supreme Courts established by Royal Charter in Calcutta, Madras and Bombay, and of the sums to be allowed for costs of advertisements, or other notifications of sales of property, according to the amount of the decrees to be satisfied by such sales, which fees and sums shall be payable by the party applying for the process before it is sent to the Sheriff for execution, and shall be deemed costs in the cause.

II. The said table of fees and sums, when made or amended as aforesaid, shall be submitted by the Sudder Court of the Lower Provinces of the Presidency of Fort William to the Governor of Bengal, and by the Sudder Court of the North Western Provinces of the said Presidency to the Lieutenant Governor of those Provinces, and by the Sudder Courts of Madras and Bombay respectively to the Governor in Council of the Presidencies in which such Courts respectively have jurisdiction, for his approval, and the said table of fees and sums shall have full force and effect, and the fees and sums therein mentioned may be lawfully demanded and taken from and after the approval thereof by the said Governor, Lieutenant Governor or Governor in Council, as the case may be.

III. Every such Court, Judge and Magistrate issuing process as aforesaid shall cause a separate account to be kept of the amount of all fees and sums so paid, and shall, from time to time, as directed by Government, cause the amount thereof to be paid into the local treasury.

IV. The Government of each of the Presidencies and Provinces aforesaid shall twice in each year account for and pay over to the Sheriff, for the time being, the amount of fees and sums so paid, after deducting all necessary expenses of receiving and keeping account thereof, and remitting the nett proceeds thereof to Calcutta, Madras or Bombay, as the case may be ; or, where the amount has accrued in the shrievalty of more than one Sheriff, shall apportion the sum paid accordingly between

নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

### ইঙ্গরেজী ১৮৫২ সাল ৮ আইন।

১৮৪০ সালের ২৩ আইনানুসারে মফঃসলের পরওয়ানা জারী করণার্থে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের সরিফ সাহেবকে মেহনতানা দেওনের বিষয়ি আইন।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই শহরের বাহিরের আদালতহইতে যে সকল আদালতী পরওয়ানা বাহির হয় তাহা জারী করিবার নিমিত্তে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের সরিফ সাহেবের মেহনতানার বিষয়ে পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত নানা সুপ্রিম কোর্টের এলাকার বাহিরের কোন আদালত কি জজ সাহেব অথবা মাজিষ্ট্রেট সাহেব যে কোন আদালতী পরওয়ানা দেন তাহা ঐ রাজধানীর সরিফ সাহেব জারী করিলে তাহার নিমিত্তে যে ওয়াজিবী রসুম লওয়া যাইবেক তাহার এবং ইশ্‌তিহারের খরচার জন্যে অথবা সম্পত্তি নীলামের অন্য এত্তেলার জন্যে ঐ নীলামের দ্বারা যে২ ডিক্রী জারী করিতে হইবেক সেই২ ডিক্রীর সংখ্যানুসারে যত টাকা দেওয়া যাইবেক তাহার এক ফিরিস্তি ফোর্ট উলিয়ম রাজধানীর উভয় সদর দেওয়ানী আদালত এবং মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর সদর আদালত নির্দ্দিষ্ট করিবেন এবং সময়ক্রমে তাহা শুধরাইবেন। এবং যে ব্যক্তি হুকুমের জন্যে দরখাস্ত করেন সেই ব্যক্তি ঐ রসুম এবং টাকা সরিফ সাহেবের নিকটে হুকুম জারী হওনার্থে পাঠাওনের পূর্ব্বে দিবেন এবং তাহা ঐ মোকদ্দমার খরচার মধ্যে গণ্য হইবেক ইতি।

২ ধারা। উক্ত রসুমের এবং টাকার ফিরিস্তি উক্ত প্রকারে করা গেলে কিম্বা শুধরাণ গেলে পর তাহা মঞ্জুর করণার্থে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর আদালত বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে এবং উক্ত রাজধানীর উত্তর পশ্চিম দেশের সদর আদালত উক্ত প্রদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকটে এবং মান্দ্রাজ ও বোম্বাইয়ের সদর আদালত ঐ আদালতের ক্রমশঃ যে রাজধানীতে এলাকা থাকে সেই রাজধানীর হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে অর্পণ করিবেন এবং স্থান বিশেষের উক্ত শ্রীযুত গবরনর সাহেব কি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কি হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব ঐ রসুমের ও টাকার ফিরিস্তি মঞ্জুর করণের পরঅবধি তাহা সম্পূর্ণ বলবৎ ও ফলবৎ হইবেক এবং ফিরিস্তির লিখিত রসুম ও টাকা আইনমতে দাওয়া হইতে পারিবেক ও লওয়া যাইতে পারিবেক ইতি।

৩ ধারা। পূর্ব্বোক্তমতে পরওয়ানা জারীকরণিয়া এইমত প্রত্যেক আদালত এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেব উক্ত প্রকারে দেওয়া সকল রসুমের ও টাকার এক স্বতন্ত্র হিসাব রাখিবার হুকুম দিবেন এবং সময়ে২ গবর্ণমেণ্ট যেমত নির্দ্দিষ্ট করেন সেইমত সেই টাকা স্থানবিশেষের খাজানাখানায় দাখিল করাইবেন ইতি।

৪ ধারা। ঐ রসুম ও টাকা লওনের ও তাহার হিসাব রাখণের ও তাহার অবশিষ্ট স্থানবিশেষে কলিকাতা বা মান্দ্রাজ কি বোম্বাইতে পাঠাওনের সকল আবশ্যক খরচখরচা বাদ দিয়া পূর্ব্বোক্ত প্রত্যেক রাজধানীর ও প্রদেশের গবর্ণমেণ্ট বৎসরের মধ্যে দুইবার যিনি সময়ক্রমে সরিফ হন সেই সাহেবকে ঐ সকল রসুম ও টাকার হিসাব বুঝাইবেন ও তাহা দিবেন। অথবা যদি একের অধিক সরিফ সাহেবের আমলে ঐ রসুম ও টাকা জমা হইয়াছে তবে সেই সময়ে যিনি সরিফ হন এবং তাঁহার

the Sheriff for the time being, and the then late Sheriff.

V. The said Governments respectively may compound with the Sheriff for a monthly payment to be made to him instead of such fees and sums, and during such composition may appropriate the said fees and sums to the purposes of Government.

VI. Over and above such fees and sums, or any such monthly payment received instead of such fees and sums, the Sheriff shall be entitled to a fee after the rate of Two Rupees Eight Annas for each Hundred Rupees of the value of any goods or property taken and sold by him in execution of any process issued by any Court, Judge or Magistrate beyond the local jurisdiction of the said Supreme Courts, which fee shall be taken to cover all expenses connected with the seizure and sale, except the expense of advertisement.

VII. No fee, estimated upon the amount of the sum for which any person is taken in execution, shall be payable to the Sheriffs of Calcutta, Madras or Bombay, or any of their Bailiffs, for taking the body of any person in execution on any process issued by any Court, Judge or Magistrate out of the local jurisdiction of the said Supreme Courts respectively; but instead thereof, such fees shall be payable to the Sheriff for taking the body of any person in execution of any such process as shall be settled, from time to time, by the Sudder Court as aforesaid.

VIII. If any person taken in execution on any such process shall escape out of the legal custody of the Sheriff, the Sheriff shall not be liable to an action of debt for such escape, but shall be liable only to an action upon the case for damages in consequence of such escape sustained by the person or persons at whose suit the prisoner was taken.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

## DRAFTS OF ACTS.

### FORT WILLIAM,
### HOME DEPARTMENT,
### LEGISLATIVE,

THE 26TH DECEMBER, 1851.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th December 1851 :—

ACT No. —— OF 185 .

***An Act to facilitate the Prosecution of Native Ministerial Officers for certain Criminal Acts.***

Whereas it is expedient to enable the Local Governments, and the Head Officers of Departments or Offices under Government, to prosecute their subordinate Native Ministerial Officers for acts of corruption, extortion, embezzlement or other malversation, whether or not any charge be preferred by an aggrieved private party in respect of such acts, It is enacted as follows :

অব্যবহিত পূর্ব্বে যিনি সরিফ ছিলেন এই উভয় সাহেবের মধ্যে টাকা ভাগ করিয়া দিবেন ইতি।

৫ ধারা। উক্ত গবর্ণমেণ্ট এইমত রসুমের ও টাকার পরিবর্ত্তে সরিফ সাহেবকে মাসিক বেতন দিতে তাঁহার সঙ্গে বন্দোবস্ত করিতে পারেন এবং সেই বন্দোবস্ত যত কাল থাকে তত কাল উক্ত রসুম ও টাকা গবর্ণমেণ্টের কার্য্যে ব্যয় করিতে পারেন ইতি।

৬ ধারা। উক্ত রসুম ও টাকার অতিরিক্ত অথবা উক্ত রসুম ও টাকার পরিবর্ত্তে যে মাসিক বেতন নির্দ্দিষ্ট হয় তাহার অতিরিক্ত সরিফ সাহেব উক্ত সুপ্রিম কোর্টের স্থানীয় এলাকার বাহিরের যে কোন আদালত কিম্বা জজ কি মাজিষ্ট্রেট সাহেবের দেওয়া কোন পরওয়ানা জারী করণেতে যে কোন মাল কি সম্পত্তি জব্দ ও নীলাম করেন তাহার মুল্যের উপর শতকরা আড়াই টাকার হারে রসুম পাইবার স্বত্ত্ব রাখিবেন এবং ইশ্‌তিহারের খরচছাড়া মাল ক্রোক ও বিক্রয় করণসম্পর্কীয় যে সকল খরচ লাগে তাহা ঐ অতিরিক্ত রসুমহইতে দেওয়া যাইবেক ইতি।

৭ ধারা। উক্ত সুপ্রিম কোর্টের স্থানীয় এলাকার বাহিরের কোন আদালত বা জজ কি মাজিষ্ট্রেট সাহেবের দেওয়া কোন পরওয়ানা জারীক্রমে কোন ব্যক্তি গ্রেস্তার হইলে যে টাকার জন্যে এমত কোন ব্যক্তি গ্রেস্তার হয় সেই টাকার আনুমানিক সংখ্যার উপর কোন রসুম কলিকাতা কি মান্দ্রাজ অথবা বোম্বাইয়ের কোন সরিফ সাহেবকে অথবা তাঁহার কোন বেইলিফকে গ্রেস্তারের বাবতে দেওয়া যাইবেক না। কিন্তু তাহার পরিবর্ত্তে উপরের উক্ত সদর দেওয়ানী আদালতের সাহেবেরা উক্ত প্রকার পরওয়ানা জারীক্রমে কোন ব্যক্তিকে গ্রেস্তার করিবার নিমিত্তে সময়ে২ যেং রসুম ধার্য্য করেন তাহা উক্ত সরিফ সাহেবকে দেওয়া যাইবেক ইতি।

৮ ধারা। উক্ত প্রকার কোন পরওয়ানা জারীক্রমে যে ব্যক্তিকে গ্রেস্তার করা যায় সেই ব্যক্তি যদি সরিফ সাহেবের জিম্মায় আইনমত কয়েদ থাকনসময়ে পলায়ন করে তবে তাহার সেই প্রকার পলায়নপ্রযুক্ত সরিফ সাহেব দেনার নালিশে দায়ী হইবেন না। কিন্তু যাহার বা যাহারদের দরখাস্তমতে কয়েদী ব্যক্তি গ্রেস্তার হইয়াছিল সেই ব্যক্তির অথবা ব্যক্তিরদের ঐ কয়েদীর পলায়নপ্রযুক্ত যে ক্ষতি হইয়াছে কেবল সেই ক্ষতি পূরণের নালিশে দায়ী হইবেন ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## আইনের মুসাবিদা।

### ফোর্ট উলিয়ম।
### দেশীয় ডিপার্টমেণ্ট।
### লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫১ সাল ২৬ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫১ সালের ২৬ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫১ সাল —— অক্ট।

কোনং ফৌজদারী অপরাধের জন্যে এদেশীয় আমলারদের নামে নালিশের সুবিদা করণের আইন।

যেহেতুক নানা স্থানের গবর্ণমেণ্টকে এবং গবর্ণমেণ্টের অধীন সিরিশ্‌তা অথবা পদের প্রধান কর্ম্মকারকদিগকে আপনং তাবে এদেশীয় আমলারদের নামে ঘুষ বা জবরদস্তী করিয়া টাকা লওন অথবা তসরুফ করণ কিম্বা অন্য কুকর্ম্মের জন্যে নালিশ করণের ক্ষমতা দেওয়া উচিত বোধ হইয়াছে অর্থাৎ সেইং কর্ম্মের বিষয়ে ক্ষতিগ্রস্ত সাধারণ ব্যক্তি কোন নালিশ করুন বা না করুন অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

I. Whenever the Local Government, or the Head Officer of a Department or Office under Government, shall be of opinion that there are good grounds for making a public inquiry into the truth of any imputation of corruption, extortion, embezzlement, or other malversation committed at any time during tenure of Office by any Native Ministerial Officer subordinate to such Government, or employed in such Department or Office, as the case may be, it shall be lawful for such Government, or any such Head Officer as aforesaid, to prosecute such Native Officer on the part of Government in a Criminal Court, or to nominate some person to conduct such prosecution: it shall also be lawful for such Government or Head Officer as aforesaid, in their or his discretion, to undertake on the part of Government the prosecution in a Criminal Court of any such charge, as aforesaid, which may be brought by an aggrieved private party against any Native Ministerial Officer.

II. Provided always, that where no such charge as aforesaid is preferred by an aggrieved private individual, no Collector or Magistrate shall commence a prosecution under this Act on his own authority until he shall have obtained the permission of the Commissioner of the Division, or of the Superintendent of Police, to institute the same.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of March 1852.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 6TH FEBRUARY, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th day of February 1852.

ACT No. —— OF 1852.

*An Act to enable the Courts of Sudder and Nizamut Adawlut in the Presidency of Fort William to frame certain rules of practice.*

Whereas it is expedient to enable the Courts of Sudder and Nizamut Adawlut in the Presidency of Fort William to frame rules regulating the practice in their own Courts, and in the Courts subordinate to them, with respect to the amendment of pleadings, It is hereby enacted as follows:

I. It shall be lawful for the several Courts of Sudder and Nizamut Adawlut in the said Presidency to frame, and from time to time to amend, rules regulating the practice of their own Courts and of the Courts subordinate to them respectively, with respect to the insertion, omission or striking out of statements, or of the names of parties, in or from the pleadings filed in such Courts, and generally with respect to the amendment of pleadings.

[*Government Gazette, 11th May, 1852.*]

১ ধারা। যখন স্থানীয় কোন গবর্ণমেণ্টের অথবা গবর্ণমেণ্টের অধীন কোন সিরিশ্তা কি পদের প্রধান কর্ম্মকারকের এমত বোধ হয় যে ঐ গবর্ণমেণ্টের তাবে কিম্বা বিষয়বিশেষে ঐ সিরিশ্তা অথবা পদে নিযুক্ত কোন এতদ্দেশীয় আমলার পদ ধারণের কোন সময়ে ঘুষ বা জবরদস্তী করিয়া টাকা লওন বা তসরুফ করণ কি অন্য কুকর্ম্মের কোন অভিযোগের সত্যতার বিষয়ে সরকারের তরফে তহকীক করণের উপযুক্ত কারণ আছে তখন ঐ গবর্ণমেণ্ট অথবা পূর্ব্বোক্তমতে ঐ প্রধান কর্ম্মকারক কোন ফৌজদারী আদালতে সরকারের পক্ষে ঐ এতদ্দেশীয় আমলার নামে নালিশ করিতে পারেন অথবা সেই নালিশ চালাইতে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারেন। এবং এদেশীয় কোন আমলার নামে ক্ষতিগ্রস্ত কোন সাধারণ ব্যক্তি পূর্ব্বোক্তমতে ঐ রূপ যে কোন নালিশ করে তাহা কোন ফৌজদারী আদালতে নির্ব্বাহ করণের ভার ঐ গবর্ণমেণ্ট অথবা পূর্ব্বোক্তমতে ঐ প্রধান কর্ম্মকারক আপনার বিবেচনাক্রমে সরকারের তরফে লইতে পারেন ইতি।

২ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে যে গতিকে ক্ষতিগ্রস্ত কোন সাধারণ ব্যক্তি পূর্ব্বোক্তমতে এমত কোন নালিশ না করে সেই গতিকে যাবৎ কোন কালেক্টর অথবা মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ে নালিশ করণের অনুমতি ঐ এলাকার কমিস্যনর সাহেবের অথবা পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে না পান তাবৎ আপনার ক্ষমতাক্রমে এই আইনানুসারে নালিশ আরম্ভ করিতে পারেন না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৮৫২ সালের ২৬ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কোন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ৬ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ৬ ফেব্রুআরি তারিখে হজুর কোন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কার্য্য নির্ব্বাহের কতক২ বিধি নিরূপণ করিতে ফোর্ট-উলিয়ম রাজধানীর সদর ও নিজামৎ আদালতকে ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক সদর ও নিজামৎ আদালতে এবং তাহার অধীন আদালতে সওয়াল জওয়াবের সংশোধনের বিষয়ি ব্যবহার ধার্য্য করণার্থ বিধি প্রস্তুত করিতে ঐ ফোর্ট-উলিয়ম রাজধানীর সদর ও নিজামৎ আদালতকে ক্ষমতা দেওয়া উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। সদর ও নিজামৎ আদালতে ও তাহার অধীন আদালতে যে সওয়াল জওয়াব দাখিল হয় তাহাতে এজহার অথবা বাদিপ্রতিবাদিরদের নাম দেওন বা না দেওন কি উঠাইয়া ফেলনের বিষয়ে এবং সামান্যতঃ সওয়াল জওয়াবের সংশোধনের বিষয়ে ঐ২ আদালতের ব্যবহার ধার্য্য করণার্থ বিধি প্রস্তুত করিতে এবং সময়ক্রমে তাহা সংশোধন করিতে উক্ত রাজধানীর উভয় সদর ও নিজামৎ আদালতকে ক্ষমতা দেওয়া গেল ইতি।

II. The said rules, when framed or amended as aforesaid, shall be submitted to the Governor General of India in Council, and from and after their approval by the said Governor General of India in Council they shall be of the same force and effect as if they were inserted in this Act.

III. Where, under the said rules, an amendment of a pleading is allowed or rejected by a Court of first instance, an interlocutory appeal from such order of admission or rejection shall be allowed, within one month from the date of the order, to the Court to which the decisions of such Court of first instance are regularly appealable, and the order of such Appellate Court on the interlocutory appeal shall be final.

IV. When any amendment of a pleading shall be allowed under the rules aforesaid, the said Courts may respectively make such order as to the costs payable in respect thereof, and as to the time of payment of such costs, as to the said Courts respectively may seem just; Provided always that no such costs shall be awarded in respect of any such amendment as aforesaid to a greater amount than the sum of rupees twenty five in the Courts of the Moonsiffs and Sudder Ameens, or to a greater amount than the sum of rupees fifty in the Courts of the Judges and Principal Sudder Ameens, or to a greater amount than the sum of rupees one hundred in the Courts of Sudder Dewanny Adawlut; Provided always that the order of such Courts, awarding costs within the amounts aforesaid, shall be subject to no appeal.

Ordered that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 6th day of April next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 20TH FEBRUARY, 1852.

The following Extract from the Proceedings of the Governor General of India in Council, in the Legislative Branch of the Home Department, under date the 20th February 1852, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 28th November 1851, and published in the *Calcutta Gazette* of the 3rd December 1851, to amend the mode of procedure in the Courts of the Sudder Ameens and Moonsiffs.

***Resolution.***—The Governor General in Council resolves, that the following amended Draft on the subject be published for general information:

২ ধারা। উক্ত বিধি পূর্ব্বোক্তমতে প্রস্তুত অথবা সংশোধন হইলে তাহা ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দরপেশ করিতে হইবেক এবং উক্ত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাহাতে সম্মত হওনঅবধি এবং তাহার পর এই আইনে লিখিত থাকিলে যেরূপে প্রবল ও সফল হইত সেইরূপে প্রবল ও সফল হইবেক ইতি।

৩ ধারা। যে আদালতে মোকদ্দমা প্রথমত উপস্থিত হয় সেই আদালতে যখন উক্ত বিধিক্রমে কোন সওয়াল জওয়াবের সংশোধন মঞ্জুর বা নামঞ্জুর হয় তখন ঐ হুকুমের তারিখের পর এক মাসের মধ্যে ঐ মঞ্জুর বা নামঞ্জুরের হুকুমের উপর মোকদ্দমা রুবকার কালীন এক আপীল যে আদালতে ঐ আদালতের নিষ্পত্তির আপীল প্রথমতঃ রীতিমত হইতে পারে সেই আদালতে হইতে পারিবেক। এবং মোকদ্দমা রুবকার কালীন ঐ আপীলের বিষয়ে ঐ আপীল আদালত যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

৪ ধারা। যখন উক্ত বিধিক্রমে কোন সওয়াল জওয়াবের সংশোধনের অনুমতি হয় তখন তৎসম্পর্কীয় যে খরচা দেয় হয় এবং সেই খরচা যে সময়ে দিতে হয় তাহার বিষয়ে উক্ত আদালত যেরূপ যথার্থ বোধ করেন সেইরূপে হুকুম করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐরূপ পূর্ব্বোক্ত সংশোধনের বিষয়ে মুনসেফ ও সদর আমীনের আদালতে পঁচিশ টাকার অধিক অথবা জজ সাহেব কি প্রধান সদর আমীনের আদালতে পঞ্চাশ টাকার অধিক কিম্বা সদর দেওয়ানী আদালতে এক শত টাকার অধিক সেইরূপ কোন খরচা ধার্য্য হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে উক্ত সংখ্যার মধ্যে খরচা দেওনের যে হুকুম ঐ আদালত করেন তাহার উপর আপীল হইতে পারিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৬ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২০ ফেব্রুআরি।

দেশীয় সিরিশ্তার ব্যবস্থাপক ডিপর্টমেণ্টে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২০ ফেব্রুআরি তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সদর আমীন ও মুনসেফের আদালতের কার্য্যের রীতি সংশোধনার্থে ১৮৫১ সালের ২৮ নবেম্বর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫১ সালের ৩ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

## Act No. —— of 1852.

### *An Act to amend the mode of procedure in the Courts of the Sudder Ameens and Moonsiffs in the Bengal Presidency.*

Whereas it is desirable that the mode of procedure in original suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs should be assimilated to the mode of procedure in such suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, It is hereby enacted as follows :

I. Sections XIX., XXI., XXII., XXIV., XXVII., XXIX., XXXV., XXXVII., and Clauses 1, 2, 3 and 5 of Section XXV., and Section LXXIII., so far as it extends Clauses 1, 2, 3 and 5 of Section XXV. and Section XXXV. to Sudder Ameens, of Regulation XXIII. of 1814, and Clause 5, Section V., Clause 3, Section XV., of Regulation V. of 1831, and so much of Clause 3, Section VIII. of the said Regulation V. of 1831, as relates to the Clauses and Sections of Regulation XXIII. of 1814, hereinbefore mentioned, and Section VI. of the said Regulation V. of 1831, except in so far as it rescinds Sections LVII., LVIII., and LIX., of Regulation XXIII. of 1814, all of the Bengal Code, are hereby repealed.

II. All laws and rules now in force relating to the mode of procedure in the trial and decision of original Civil Suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, shall also apply to nd regulate the mode of procedure in the trial and decision of original Civil Suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs.

III. Sections XIII. and XXI. of Regulation III. of 1793, Sections VII. and XI., Regulation VII. of 1795, Sections XVII. and XIX., Regulation II, of 1803, Sections VIII. and IX. of Regulation VII. of 1832 of the Bengal Code, as extended by Act XXI. of 1850 shall be applicable to suits and cases in the Courts of the Moonsiffs. Clause 2, Section IV., Regulation XXVI. of 1814, of the said Code, relating to reviews of judgment shall also be applicable to the Courts of Sudder Ameens and Moonsiffs. Provided always that if a Sudder Ameen or Moonsiff shall be of opinion that a review of his judgment ought to be granted, he shall report the case to the Judge, who is hereby authorized to permit such review under the same rules as are prescribed by the existing Regulations with respect to similar applications to the Court of Sudder Dewanny Adawlut.

IV. Every Sudder Ameen and Moonsiff shall have power and authority to try suits in which any Vakeel or Officer of his Court is a party, anything in Section VIII., Act VI. of 1843, and in Clause 2, Section XV., Regulation V. of 1831 to the contrary notwithstanding ; and suits under Clause 1, Section XXX., Regulation II. of 1819 of the Bengal Code, may be referred to them by the Zillah Judge for trial and decision under the restrictions as to local jurisdiction and value of pro-

## ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্‌ট।

### বাঙ্গলাপ্রভৃতি দেশে সদর আমীন ও মুনসেফের আদালতে কার্য্যের রীতি সংশোধনের আইন।

যেহেতুক সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালতে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমায় কার্য্য করণের রীতি জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের আদালতে ঐ প্রকার মোকদ্দমার কার্য্য করণের রীতির সঙ্গে ঐক্য করা উচিত আছে অতএব ইহার দ্বারা নীচের লিখিতমতে হুকুম হইয়াছে।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ১৯। ২১। ২২। ২৪। ২৭। ২৯। ৩৫ এবং ৩৭ ধারা এবং ২৫ ধারার ১। ২। ৩ ও ৫ প্রকরণ এবং ৭৩ ধারার যে ভাগের দ্বারা ২৫ ধারার ১। ২। ৩। ৫ প্রকরণ এবং ৩৫ ধারা সদর আমীনের প্রতি খাটান গেল সেই ভাগ এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণ ও ১৫ ধারার ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের উক্ত ৫ আইনের ৮ ধারার ৩ প্রকরণের যে ভাগ পূর্ব্বোক্ত ১৮১৪ সালের ২৩ আইনের ধারা ও প্রকরণের সঙ্গে সম্পর্ক রাখে তাহা রদ হইল এবং ১৮৩১ সালের ৫ আইনের ৬ ধারার যে ভাগে ১৮১৪ সালের ২৩ আইনের ৫৭। ৫৮ ও ৫৯ ধারা রদ হইল তাহা বর্জ্জিয়া ঐ ১৮৩১ সালের ৫ আইনের ৬ ধারার অন্য ভাগ রদ হইল ইতি।

২ ধারা। জজ সাহেব ও প্রধান সদর আমীনের আদালতে প্রথমত উপস্থিতহওয়া দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিতে কার্য্যের রীতির বিষয়ে যে সকল আইন ও বিধি এক্ষণে চলন আছে তাহা সদর আমীন ও মুনসেফের আদালতে প্রথমত উপস্থিতহওয়া সকল দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিতে কার্য্যের রীতির বিষয়ে খাটিবেক এবং ঐ দেওয়ানী মোকদ্দমা সেইরূপে নির্ব্বাহ হইবেক ইতি।

৩ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৩ আইনের ১৩ ও ২১ ধারা এবং ১৭৯৫ সালের ৭ আইনের ৭ ও ১১ ধারা ও ১৮০৩ সালের ২ আইনের ১৭ ও ১৯ ধারা এবং ১৮৫০ সালের ২১ আইনের দ্বারা বিস্তারিত হওয়া ১৮৩২ সালের ৭ আইনের ৮ ও ৯ ধারা মুনসেফের আদালতে উপস্থিতহওয়া মোকদ্দমায় ও বিষয়ে খাটিবেক। ডিক্রীর পুনর্বিচারের বিষয়ি বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণ সদর আমীন ও মুনসেফের আদালতের বিষয়েও খাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন সদর আমীন অথবা মুনসেফের যদি এমত বোধ হয় যে তাঁহার ডিক্রী পুনর্বিচার করণের দরখাস্ত গ্রাহ্য করা উচিত তবে তিনি সেই বিষয়ের রিপোর্ট জজ সাহেবের নিকটে করিবেন এবং সদর দেওয়ানী আদালতে সেইরূপ দরখাস্তের বিষয়ে চলিত আইনে যেং বিধি নিরূপণ আছে সেইং বিধির অনুসারে জজ সাহেব সেইরূপ পুনর্ব্বিচারের অনুমতি দিতে পারেন ইতি।

৪ ধারা। যেং মোকদ্দমায় সদর আমীন ও মুনসেফের আদালতের কোন উকীল অথবা আমলা এক পক্ষ হন সেইং মোকদ্দমার বিচার করিতে ঐ বিচারকেরদের ক্ষমতা ও শক্তি থাকিবেক এবং ১৮৪৩ সালের ৬ আইনের ৮ ধারায় ও ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ২ প্রকরণে ইহার বিপরীত কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না। এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ১। ২। ৩ প্রকরণে ও ১৫ ধারার ২ প্রকরণে স্থান বিশেষের এলাকা ও মূল্যের সম্পত্তির বিষয়ে যে বিধি ও নিষেধ নিরূপণ আছে তাহাতে দৃষ্টি রাখিয়া জিলার জজ সাহেব সদর আমীন ও মুনসেফদিগকে বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ১ প্রকরণের মোক-

perty mentioned in Clauses 1, 2 and 3, Section V., and Clause 2, Section XV., Regulation V. of 1831.

V. Nothing in this Act contained shall be construed so as to repeal or otherwise affect the rules regarding the dispensing with the use of stamp paper on certain documents in the Courts of the Moonsiffs contained in Clause 2, Section IX., Regulation V. of 1831, or the rules for procuring the attendance of witnesses in the Courts of the Moonsiffs contained in Section II., Act XVII. of 1845.

VI. Applicants for execution of decrees may file with their petitions an authenticated copy of the decree of which execution is sought to be taken out, and in such case it shall not be necessary to compare the petition with the decree contained in the original record of the suit, anything in Clause 7, Section XV., Regulation XXVI. of 1814 to the contrary notwithstanding.

VII. Original suits referred to a Sudder Ameen under Clause 2, Section XV., Regulation V. of 1831, shall be tried and determined in conformity with the Provisions of Regulation XXIII. of 1814, and of this Act, anything in Clause 3, Section XV., Regulation V. of 1831, to the contrary notwithstanding.

VIII. Nothing in this Act contained shall be construed to affect the mode of procedure in any case pending in the Courts of the Sudder Ameens and Moonsiffs at the time of the passing of this Act, but the mode of procedure in all such cases shall be governed by the law in force previous to the passing of this Act.

Ordered, that the Draft now read be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 20th day of April 1852.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

কদ্দমা বিচার ও নিষ্পত্তির জন্যে অর্পণ করিতে পারেন ইতি।

৫ ধারা। এই আইনের মধ্যের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে ১৮৩১ সালের ৫ আইনের ৯ ধারার ২ প্রকরণে মুনসেফের আদালতে কোন২ দলীল ইষ্টাম্প কাগজে না লিখনের বিষয়ে যে বিধি আছে অথবা মুনসেফের আদালতে সাক্ষিদিগকে হাজির করাওণের বিষয়ে যে২ বিধি ১৮৪৫ সালের ১৭ আইনের ২ ধারাতে নির্দ্দিষ্ট আছে তাহা রদ অথবা কোন প্রকারে ব্যাঘাত হইল ইতি।

৬ ধারা। ডিক্রী জারী করণের দরখাস্তকারিরা যে ডিক্রী জারী করণের চেষ্টা করে তাহার রীতিমত দস্তখৎ হওয়া এক নকল আপন২ দরখাস্তের সঙ্গে দাখিল করিতে পারে এবং এইমত হইলে মোকদ্দমার আসল রোয়দাদে যে ডিক্রী থাকে তাহার সঙ্গে দরখাস্তের ঐক্য করণের আবশ্যক হইবেক না এবং ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৭ প্রকরণে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

৭ ধারা। প্রথমত উপস্থিত যে মোকদ্দমা ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ২ প্রকরণক্রমে সদর আমীনের প্রতি অর্পণ হয় তাহার বিচার ও নিষ্পত্তি ১৮১৪ সালের ২৩ আইনের বিধির এবং এই আইনের বিধির অনুসারে হইবেক। এবং ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ৩ প্রকরণে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

৮ ধারা। এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে এই আইন জারী হওনের সময়ে সদর আমীন ও মুনসেফের আদালতে যে কোন মোকদ্দমা উপস্থিত ছিল সেই মোকদ্দমার নির্ব্বাহের রীতিতে কোন মতান্তর হইবেক। কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে আইন চলন ছিল তদনুসারে সেই প্রকার সকল মোকদ্দমার নির্ব্বাহ হইবেক ইতি।

হুকুম হইল যে আগামি ১৮৫২ সালের ২০ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 5.

*To the Zillah and City Judges in the Lower Provinces and the Civil Authorities in the Non-Regulation Provinces.*

The Court, having had under consideration Circular Orders Nos. 81 and 112, dated 1st February, 1833, and 1st August, 1834, which contain the present rules regarding the destruction of old records are of opinion that there are numerous papers connected with the entire record of a Civil Suit, the retention of which after final decision (having no bearing upon the merits of the case) is superfluous and only tends to overburthen the Record Room and entail both labor and expense in their preservation.

2d. It appears to the Court that as suggested by Mr. Hathorn, Judge of Sarun, in his letter No.

## সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের শ্রীযুত জজ সাহেব ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

পুরাণ কাগজপত্র বিনাশ করণের বিষয়ে যে২ বিধি চলন আছে তাহা ১৮৩৩ সালের ১ ফেব্রুআরি তারিখের ৮১ নম্বরী এবং ১৮৩৪ সালের ১ আগষ্ট তারিখের ১১২ নম্বরী সরক্যুলর অর্ডরে লেখা আছে। সদর আদালত তদ্বিষয় বিবেচনা করিয়া বোধ করেন যে দেওয়ানী মোকদ্দমার রোয়দাদে এইমত অনেক কাগজপত্র আছে যে তাহাতে মোকদ্দমার দোষগুণের সঙ্গে কোন সম্পর্ক নাই এবং মোকদ্দমা চূড়ান্তরূপে নিষ্পত্তি হইলে পর তাহা রাখা অনাবশ্যক এবং তাহাতে কেবল রিকার্ড দফ্তর পরিপূর্ণ হয় এবং তাহা রক্ষা করণেতে অনর্থক খরচ লাগে ও পরিশ্রম হয়।

২। সারণের জজ শ্রীযুত হেথর্ণ সাহেব ১৮৫১ সালের ২৪ জুলাই তারিখের ১১৪ নম্বরী আপনার পত্রে

114, dated 24th July, 1851, the papers of a Civil Suit may be divided into two Nuthees (A. and B.) *as they are filed.* The one including Papers destined for preservation for 12 years, and the other for destruction after the expiration of one year from the date of the final decision. The former (A.) would of course comprise all Papers and documents required either *in appeal*, or for future reference in subsequent suits bearing upon the identical property, or referring to the same parties and would include

(Nuthee A.)

1. The Original List of Papers.
2. The entire Pleadings.
3. All documents filed by parties including Razeenamahs and Solehnamahs.
4. All the oral evidence taken in Court.
5. The Ameen's report, and map on local enquiry.
6. Petitions of third Parties.
7. Arbitration awards.
8. The Court's final Decree.
9. The Decree-holder's application for execution with schedule of property.
10. The Court's final order in execution of Decree.

(Note.) "Sooruthals" in exparte cases need not be preserved because the vernacular decree itself should contain all such particulars.

*Certificates*, in regard to the state of Documents when filed, are also considered useless, *after* a final decision in the *Appellate* Court, has been passed.

*Petitions of claimants* in execution, after final execution of the decree are for the same reason deemed superfluous.

*Papers relating to attachment* under Regulation II. of 1806, before or after the decision in like manner need not be retained after the final award, and execution of the decree.

So also Copies of *Collector's proceedings* under Section 30, Regulation II. of 1819 (The originals of which are forthcoming in the Collector's Office) need not be kept.

"Nuthee" (B.) is intended to contain papers exclusively appertaining to the Court's *procedure* having no reference to the *merits of the case*, which, after final decision in the remotest Court of appeal, or after the time for preferring a regular or special appeal has passed away, cannot be of the slightest use.

Viz. 1. *Notices* to Parties with their Returns.
2. "Wakalutnamahs" (in which Pleader's fees have been paid.)
3. "Subpœnas," "Sooruthals," &c.
4. Preliminary Proceedings of the Court under Sections 10 and 12 Regulation XXVI. of 1814.
5. Interlocutory Proceedings of the Court.

[*Government Gazette*, 11th *May*, 1852.]

যেরূপ পরামর্শ দিয়াছেন সেইরূপে সদর আদালত বোধ করেন যে দেওয়ানী মোকদ্দমার কাগজপত্র যেমন নথীর শামিল করা যায় তেমনি (A ও B) চিহ্নিত দুই নথীতে বিভাগ হইতে পারে। যে কাগজপত্র বারো বৎসরপর্য্যন্ত রাখিতে হয় তাহা এক নথীতে এবং অন্য নথীতে চূড়ান্ত ডিক্রীর তারিখের পর এক বৎসর গত হইলে যে কাগজ নষ্ট করিতে হয় তাহা থাকিবেক। (A) প্রথম নথীতে সুতরাং যে সকল কাগজপত্র ও দলীলদস্তাবেজ আপীলের সময়ে প্রয়োজন হইবেক অথবা সেই সম্পত্তিঘটিত কি সেই বাদিপ্রতিবাদিসম্পর্কীয় উত্তর কালে কোন মোকদ্দমার সময়ে দেখিতে হয় তাহা থাকিবেক এবং সেই কাগজ এই২।

নথী A।

১। কাগজপত্রের আসল ফিরিস্তি।
২। সমুদয় সওয়াল জওয়াব।
৩। বাদিপ্রতিবাদী যে সকল দলীলদস্তাবেজ দাখিল করিয়াছে ও রাজীনামা ও সোলেনামা।
৪। আদালতে যে সকল মৌখিক সাক্ষ্য লওয়া গিয়াছিল তাহা।
৫। আমীনের রিপোর্ট এবং সরেজমীনে তহকীক করণপূর্ব্বক নক্শা।
৬। তৃতীয় ব্যক্তির দরখাস্ত।
৭। সালিসীর ফয়সলা।
৮। আদালতের চূড়ান্ত ডিক্রী।
৯। ডিক্রীদারের ডিক্রী জারীর দরখাস্ত এবং সম্পত্তির তফসীল।
১০। ডিক্রী জারীতে আদালতের চূড়ান্ত হুকুম।

মন্তব্য কথা। একতরফা মোকদ্দমাতে যে সুরৎহাল দাখিল হয় তাহা রাখিবার আবশ্যক নাই যেহেতুক দেশীয় ভাষার লিখিত ডিক্রীর মধ্যে তাহার সকল বৃত্তান্ত লিখিবার হুকুম আছে।

সর্টিফিকট অর্থাৎ দলীল দাখিল হওনের সময়ে তাহার অবস্থার সর্টিফিকট আপীল আদালতের চূড়ান্ত ডিক্রীর পর রাখা অনাবশ্যক।

ডিক্রী চূড়ান্তরূপে জারী হইলে ডিক্রী জারীর সময়ে দাওয়াদারের দরখাস্ত সেই নিমিত্তে রাখা অনাবশ্যক।

নিষ্পত্তির পূর্ব্বে বা পরে ১৮০৬ সালের ২ আইনানুসারে ক্রোকসম্পর্কীয় কাগজপত্র চূড়ান্ত নিষ্পত্তি এবং ডিক্রী জারী হওনের পর রাখিবার আবশ্যক নাই।

১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারানুসারে কালেক্টর সাহেবের রুবকারীর নকল রাখিবার আবশ্যক নাই সেই আসল কাগজপত্র কালেক্টর সাহেবের দপ্তরখানাতে আছে।

যে কাগজপত্র মোকদ্দমার দোষগুণের বিষয়ে কোন সম্পর্ক রাখে না এবং কেবল আদালতের কার্য্যের সম্পর্কীয় হয় তাহা (B) নথীর মধ্যে থাকিবেক এবং শেষ আপীল আদালতের চূড়ান্ত ডিক্রীর পর কিম্বা নম্বরী কি বিশেষ আপীলের মিয়াদ গত হইলে পর কোন কার্য্যে লাগিতে পারে না তাহা। এই২।

১। বাদিপ্রতিবাদির প্রতি এত্তেলা ও তাহার উত্তর।
২। "ওকালৎনামা" (যাহাতে উকীলের রসুম দেওয়া গিয়াছে।)
৩। "সফীনা" "সুরৎহাল" প্রভৃতি।
৪। ১৮১৪ সালের ২৬ আইনের ১০ এবং ১২ ধারানুসারে আদালতের আদৌ কার্য্য।
৫। মোকদ্দমার রুবকার সময়ে আদালতের কার্য্যের বিবরণ।

6. Ameen's papers (*excepting* final report and map.)

7. "Bywustahs" and "Futwas," (after Registration in the Office) &c.

*Note.* It is not intended that any papers such as "*Chelans*" *or Receipts for money* paid in execution of Decrees, appertaining to the *Judicial Treasury* or the *Receipts for original Documents returned* to parties after decision, should be destroyed.

These vouchers should be retained for 12 years which period would bar any subsequent suit which might be preferred by parties connected with such vouchers.

3. The Court therefore direct that suits instituted from the 1st of July next, be divided as above shown, and that papers appertaining to the Nuthee A. be destroyed after 12 years from the date of decision in the manner indicated in the Circular Orders above referred to, while those of Nuthee B. should be kept only for one year.

4. The Zillah Judges will direct their record-keepers, as they have leisure, to divide the decided cases now in the Record Room upon the same principle, in order that the papers in them, not to be kept beyond a year, may be destroyed with as little loss of time as possible. The progress made in the destruction in this manner of old and useless Records should be noticed in the Annual Reports.

5. Special Reports need not be made of the destruction of Records, when carried out strictly in pursuance of the instructions in paragraph 3 of this letter.

(Signed) B. J. COLVIN,
*Register.*

Fort William, the 3d March, 1852.

৬। (আমীনের চূড়ান্ত রিপোর্ট ও নক্শাব্যতিরিক্ত) অন্য সকল কাগজপত্র।

৭। ব্যবস্থা ও ফতওয়াপ্রভৃতি (দপ্তরে রেজিষ্টরী হওনের পর)।

মন্তব্য কথা। আদালতের খাজানাখানাসম্পর্কীয় কোন কাগজপত্র অর্থাৎ চালান কি ডিক্রী জারীক্রমে যে টাকা দেওয়া গিয়াছে তাহার রসীদ অথবা যে আসল দলীলদস্তাবেজ নিষ্পত্তির পর বাদিপ্রতিবাদিকে ফিরিয়া দেওয়া গিয়াছে তাহার রসীদ নষ্ট করিবার মানস নাহি।

উক্ত কাগজপত্র বারো বৎসরপর্য্যন্ত রাখিতে হয় যেহেতুক বারো বৎসরের পর ঐ কাগজপত্রসম্পর্কীয় বাদিপ্রতিবাদী আর কোন নালিশ করিতে পারে না।

৩। অতএব সদর আদালত হুকুম করিতেছেন যে আগামি ১ জুলাই তারিখে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহার সকল কাগজপত্র উক্তমতে বিভাগ হয় এবং (A) নথীর শামিল যে সকল কাগজপত্র রাখা যায় তাহা উপরের উক্ত সরকুলর অর্ডরের নির্দ্দিষ্টমতে নিষ্পত্তির তারিখের পর বারো বৎসর অতীত হইলে নষ্ট করা যায় এবং (B) চিহ্নিত নথীর সকল কাগজপত্র কেবল এক বৎসরপর্য্যন্ত রাখা যায়।

৪। জিলার জজ সাহেব আপনার মহাফেজকে এই হুকুম দিবেন যে রিকার্ড দপ্তরে নিষ্পত্তিহওয়া মোকদ্দমার কাগজপত্র অবকাশমতে উক্ত নিয়মানুসারে এমত বিভাগ করেন যে তাহার মধ্যে যে সকল কাগজপত্র কএক বৎসরের অধিক কাল রাখিতে নাই তাহা যথাসাধ্য শীঘ্র নষ্ট করা যায়। পুরাণ এবং অনাবশ্যক রোয়দাদ যেপর্য্যন্ত নষ্ট করণের কর্ম্ম সম্পন্ন হয় তাহা বার্ষিক রিপোর্টের মধ্যে লিখিতে হইবেক।

৫। যে কাগজপত্র এই সরকুলর অর্ডরের ৩ দফার হুকুমমতে অবিকলরূপে নষ্ট করা যায় তাহার বিষয়ে কোন বিশেষ রিপোর্ট করিবার আবশ্যক নাই।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫২। ২৬ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

*The 30th April,* 1852.

Baboo Ramdhun Mookerjee, (who has obtained a Diploma,) to be Acting Moonsiff of Khundghose, Zillah East Burdwan, during the absence on leave of the incumbent or until further orders.

LEAVE OF ABSENCE.

*The 30th April,* 1852.

Mun Mohun Baboo, Moonsiff of Khundghose, Zillah East Burdwan, for one month, from the 19th [illegible]stant, on Medical Certificate.

B. J. COLVIN, *Register.*

[illegible] retentio[illegible] bearing up[illegible] only ten [illegible]ntal.

[illegible] নিয়োগ।

বাঙ্গলা দেশের [illegible] ৯৪৪ নম্বর।

মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

১৮৫২ সা[illegible] নিয়োগ।

[illegible] ২২ আপ্রিল।

শ্রীযুত বাবু শ্যাম দত্ত ব[illegible] [illegible]লে নওগাঁয়ের প্রধান সদর আমীন হইবেন।

[illegible]বর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। [illegible]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৩০ আপ্রিল।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামধন মুখুয্যা ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ৩০ আপ্রিল।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

শ্রীযুত বাবু মাধবরাম রাজকওয়া কামরূপের সদর আমীন হইবেন।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) জিলা বাকরগঞ্জের দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫২ সাল ২৬ আপ্রিল।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) ডাকাইতী নিবারণার্থ কমিস্যনর হইবেন। শ্রীযুত ওয়াকোপ সাহেব (Mr. Wauchope,) চব্বিশপরগনা ও মে-

মিদিনীপুর ও হাবড়া ও বারাসৎ ও হুগলী ও যশোহর জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) হুগলীর মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) শ্রীরামপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন। শ্রীযুত ব্রাইট সাহেব (Mr. Bright.) হুগলী জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতামতে তিনি শ্রীরামপুর এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২২ আপ্রিল।

যশোহর ও নদীয়ার একটিং আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি মাকবিটি সাহেব (Mr. W. G. Macvitie,) গত ফেব্রুআরি মাসের ২৫ তারিখের হুকুমমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

গোলাঘাটে সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু যদুরাম বড়ুয়া বীজবন্দের নিমিত্তে বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ১৮ তারিখপর্য্যন্ত আট দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৩০ আপ্রিল।

কলিকাতার পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr. W. T. Law,) বর্ত্তমান মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৫৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৪ আপ্রিল।

বিশেষ কর্ম্মোপলক্ষে শ্রীযুত ডাক্তর ডবলিউ বি ওশাগনেসি সাহেবের (Dr. W. B. O'Shaughnessy,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এফ জি সিডন্স সাহেব (Mr. F. G. Siddons,) গবর্ণমেণ্টের পক্ষে কিমীয় পরীক্ষক ও ইলেকট্রিক টেলিগ্রাফের তত্ত্বাবধারক হইবেন।

১৮৫২ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore) বাঁকুড়া জিলার দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

পুরীর নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে জি ডেনহাম সাহব (Mr. J. G. Denham,) ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন উল্লঙ্ঘন সম্পর্কীয় মোকদ্দমার বিচার করণের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১ মে।

শ্রীযুত এস এম শরকোর সাহেব (Mr. S. M. Shircore,) মুক্তিয়া গলির ঔষধালয়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব ও শ্রীযুত এ ফর্বস সাহেব (Mr. H. T. Raikes and Mr. A. Forbes.) ঢাকার শুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৭ আপ্রিল।

যশোহরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু পেয়ারীমোহন বাঁড়ুয্যা স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

শ্রীরামপুরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১২ তারিখঅবধি ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ৩০ আপ্রিল।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত বি আর কপেজ সাহেব (Mr. B. R. Cuppage,) স্বীয় স্বাস্থ্যার্থে নীলগিরি পর্ব্বতে গমনার্থে আগামি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর উইটল সাহেব (Mr. R. Whittall,) গত মাসের ২৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত টি ডি ঔসলি সাহেব (Mr. T. D. Ouseley,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৮ তারিখে কলিকাতায় পঁহুছে।

১৮৫২ সাল ৪ মে।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব (Mr. R. N. Farquharson,) গত মাসের ২৪ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোয়াজিম হুসেনের স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এচ রোস সাহেব (Mr. H. Rose,) গত মাসের ২৬ তারিখে যশোহরের মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ টি টৈলর সাহেব (Mr. W. T. Taylor,) "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ গত মাসের ২৭ তারিখে সাগরদ্বীপে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৭৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) কটকে মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫২ সাল ৩ মে।

শ্রীযুত আর হৌষ্টন সাহেব (Mr. R. Houston,) চাটিগাঁর নিমকের এজেণ্ট হইবেন।

১৮৫২ সাল ৪ মে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এ টর্ণবুল সাহেবের (Lieutenant A. Turnbull,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ছুলটের লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যের কর্ম্মে নিযুক্ত এতদ্দেশীয় ২২ পদাতিক পল্টনের এনসাইন শ্রীযুত আর ষ্টুয়ার্ট সাহেব (Ensign R. Stewart,) আপনার কর্ম্মাতিরিক্ত কাছাড়ে কুকী সংগৃহীত সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মে থাকিবেন।

১৮৫২ সাল ৬ মে।

১৮৪৫ সালের ২৪ আইনানুসারে জাহাজসম্পর্কীয় বি-

যয় ব্যাপারের তত্ত্বাবধারণার্থে যে আদালত স্থাপন হয় তাহাতে কার্য্য চালাইবার নিমিত্তে শ্রীযুত টি হিল সাহেব (Mr. T. Hill,) জজ আডবোকেট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৯ আপ্রিল।

পাটনাতে দিগার পেনিটেনশরির সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমণি দত্ত আপন কর্ম্ম স্থানে পঁহুছিবার মিয়াদের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৭ মে।

ডাকাইতী নিবারণার্থ কমিশ্যনর শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন।

কলিকাতার একটিং কালেক্টর শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) বর্ত্তমান মাসের ৪ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ গ্রোট সাহেবের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland.) বর্ত্তমান মাসের ৪ তারিখে শ্রীযুত এস ওয়াকোপ সাহেবের (Mr. S. Wauchope,) স্থানে হুগলীর মাজিষ্ট্রেটী কর্ম্ম গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডাক্তর ডবলিউ বি ওশাগনেসি সাহেব ও শ্রীযুত জে নের্ণ সাহেব (Dr. W. B. O'Shaughnessy, and Mr. J. Nairne.) "পটিঞ্জর" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ২৯ আপ্রিল।

জিলা হুগলীর উত্তরপাড়া নগরনিবাসিরদের সরকারী রাস্তা ও পথ ও নরদমা নির্ম্মাণ করণ ও মেরামৎ করণ ও পরিষ্কার করণের নিমিত্তে ও তাহাতে চৌকী দেওনের নিমিত্তে এবং অপকারজনক বিষয় নিবারণের নিমিত্তে এবং ঐ নগরনিবাসিরদের স্বাস্থ্য ও সুখের জন্যে যে২ কর্ম্ম সময়ক্রমে করা উচিত তাহা করিবার নিমিত্তে ঐ নগরে ১৮৫০ সালের ২৬ আইন চলনের বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের গত ডিসেম্বর মাসের ২০ তারিখের যে বিজ্ঞাপন ঐ ডিসেম্বর মাসের ২৪ ও ২৭ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ নগরে ১৮৫০ সালের ২৬ আইন চলনের পক্ষে কি বিপক্ষে ঐ নগরীয় লোকেরদের আপন২ মত প্রকাশ করিবার যে মিয়াদ পূর্ব্বোক্ত বিজ্ঞাপনমতে দেওয়া যায় তাহা আগামি মাসের ২০ তারিখপর্য্যন্ত বিস্তার হইয়াছে। অতএব উক্ত নগরনিবাসি সকল লোককে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত সকল অভিপ্রায়ে কিম্বা কোন অভিপ্রায়ে উত্তরপাড়ায় ঐ ১৮৫০ সালের ২৬ আইন চলন কি না চলনের বিষয়ে যাঁহার যে মত হয় তিনি সেই তারিখপর্য্যন্ত কাছারী খোলা থাকনের কোন সময়ে আপনার সেই মত হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের নিকটে জ্ঞাপন করিতে পারেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

---

### LAND ADVERTISEMENT. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ভুলুয়া।

এতলানামা কাছারি কালেক্টরি জেলা ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জেলা ভুলুয়ার নীচের লিখিত মহাল সন ১২৫৮ সনের কিস্তী মাঘপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তক সন ১৮৫২ সনের ২২ মেই মোতাবেক বাঙ্গলা ১০ জ্যৈষ্ঠ সন ১২৫৯ সন রোজ শনিবার অত্র কালেক্টরিতে বিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সন তাং ২৮ এপরিল।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজিতে মহালের নম্বর | মহালের নাম | মালিক | মহালের লিখিত সদর জমা | সন ১২৫৮ সনের লাং কিস্তী মাঘের পাওনা বাকী সন ১৮৫২ সনের ২৫ ফেব্রুআরি সূর্য্যাস্তপর্য্যন্ত | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ৯১৯ নং | পং অমরাবাদ হিস্যা ৵৬॥ = ক্রান্ত মধ্যে তাং পাচুরাম দালাল | পাচুরাম দালাল | ৪৮৶৬ | ২৭৶৬ | এই মহাল সন ১৮৫২ সনের ২৬ মার্চ তারিখে গিরিধারি ঘোষ ১২১ টাকা মুল্যে নিলাম খরিদ করিয়া মেয়াদ ৩০ রোজমধ্যে বাকী পণের টাকা দাখিল না করাতে পুনর্নীলাম হইবেক ইতি। |

E. F. RADCLIFFE, *Offg. Deputy Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১১ মে।]

SALT.

নিমক।

মাস কাবারী হিসাব মৌজুদ নেমকের মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাটা লাগায় ৩০ আপ্রেল ১৮৫২ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নমকের।

| এজেন্সীর নাম। | সন ১২৫৪ সাল ইং ১৮৪৭ । ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের | সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮ । ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯ । ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০ । ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১ । ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|
| **হিজলী।** | | | | | | |
| পাক্কা নমক ঘাট রসুলপুর। | ০ | ০ | ০ | ০ | ১ ১২,০৯৭/ | ১,১২,০৯৭/ |
| ঐ ঐ কৃষ্ণনগর। | ০ | ০ | ০ | ১৫ ৩৫৬॥০ | ৬৫,৬৮৭/ | ৮১,০৪৩॥০ |
| ঐ ঐ রামনগর। | ০ | ০ | ০ | ১ ৮১ ৯৪৫/ | ৬২,০৫৮/ | ২,৪৪,০০৩/ |
| গাছা নমক। | ৬,৬৬২॥৪ | ০ | ০ | ০ | ০ | ৬,৬৬২॥৪ |
| একুন। | ৬ ৬৬২॥৪ | ০ | ০ | ১,৯৭.৩০১॥০ | ২,৩৯,৮৪২/ | ৪ ৪৩,৮০৬/৪ |
| **তমলুক।** | | | | | | |
| পাক্কা নমক ঘাট নারায়ণপুর। | ০ | ০ | ০ | ২৬.৫৮৬ ।৮৶ | ২৭.১১৪/ | ৫৩,৭০০ ।৮৶ |
| একুন। | ০ | ০ | ০ | ২৬,৫৮৬ ।৮৶ | ২৭,১১৪/ | ৫৩,৭০০ ।৮৶ |
| **চট্টগ্রাম।** | | | | | | |
| পাক্কা নেমক নিজামপুর ঘাট ডোমখালি। | ১,০৬,০৭১/৫ ।৶ | ০ | ০ | ০ | ০ | ১ ০৬,০৭১/৫ ।৶ |
| ঐ আরাকিন ঐ | ০ | ১৫,১১৭॥০ | ০ | ০ | ০ | ১৫,১১৭॥০ |
| ঐ সদর ঘাট এজেন্সী। | ০ | ০ | ২,৭৮.৪১৮৸২৸ | ৭.৬২ ৫২৩ ।৯ | ০ | ১০,৪০,৯৪২ ।১৸ |
| ঐ ঐ আরাকিন। | ৩,৯১,১৫৪৸০ | ০ | ০ | ৩০,৮৯৩/ | ১,০৪৫॥২৸ | ৪ ২৩,০৯৩ ।২॥ |
| একুন। | ৪,৯৭,২২৫৸৫ ।৶ | ১৫.১১৭॥০ | ২,৭৮,৪১৮৸২৸ | ৭,৯৩,৪১৬ ।৯ | ১ ০৪৫॥২॥ | ১৫ ৮৫,১২৪/ ৯॥৶ |

| এজেন্সীর নাম। | সন ১২৫৪ সাল ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের | সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|
| **ভুলুয়া।** | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট ঝাঁকড় আরাকিন। | ০ | ০ | ০ | ৩৮,৩০৩৸৬ | ০ | ৩৮ ৩০৩৸৬ |
| একুন। | ০ | ০ | ০ | ৩৮,৩০৩৸৬ | ০ | ৩৮,৩০৩৸৬ |
| **শালিখা।** | | | | | | |
| পাঙ্গা নমক কটক। | ৭,১৮,৭৯২॥০ | ১৮ ৪২৬॥৫ | ১,৮৬৫/ | ৩৭,৫২৮/ | ০ | ৮.০৭ ৬৩২/৫ |
| ঐ বালেশ্বর। | ০ | ০ | ০ | ১,৬২.৭২৪ ।৫ | ০ | ১ ৬২ ৭২৪ ।৫ |
| ঐ খোরদা। | ২২৭॥১॥ | ৩৭৭॥২ | ৩১৯/ | ৭১ ৮২৭/ | ০ | ৭২ ৭৬১/৩॥ |
| ঐ টিলকা। | ২৭৸০ | ১১৬/ | ২.৮৪৩/ | ১ ২৩,২৪৫/ | ০ | ১,২৬,২৩১৸০ |
| করকচ নমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম। | ৬৪৫/ | ০ | ০ | ০ | ০ | ৬৪৫/ |
| ঐ ঐ ২ দোসরা রকম। | ৯৫,৫৫৭॥৮ | ০ | ০ | ০ | ০ | ৯৫,৫৫৭॥৮ |
| পাঙ্গা হিজলি কালীনগর। | ৪৫ ১৪৩/ | | | | | |
| ঐ রসুলপুর। | ০ | ০ | ০ | ০ | ০ | ৪৫.১৪৩/ |
| ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক। | ০ | ০ | ০ | ৫,৩৩ ১০১॥০ | ০ | ৫,৩৩.১০১॥০ |
| ঐ ঐ ডাইমনহারবর। | ১,২২,৩৮৫/ | ৪,০১.১১৮/৪ | ০ | ০ | ০ | ৪ ০১,১১৮/৪ |
| ঐ ঐ সাগর। | ০ | ০ | ০ | ০ | ০ | ১,২২,৩৮৫/ |
| | | ৪৯ ১৭২॥০ | ০ | ০ | ০ | ৪৯ ১৭২॥০ |
| একুন। | ১০,১২,৭৭৮ ।৯॥ | ৪ ৬৯.২৩০৸১ | ৬ ০৩৭/ | ৯,১৮,৪২৫৸৫ | ০ | ২৪,১৬ ৪৭২/৫॥ |
| **আরাকিন।** | | | | | | |
| পাঙ্গা ঘাট কৈকফু। | ৩,৮৬৬/৯ | ৬ ৩৭১/ | ০ | ৩৩,২৭০॥০ | ৬৬,৭২৯॥০ | ১,১০,২৩৭/৯ |
| একুন। | ৩,৮৬৬/৯ | ৬,৩৭১/ | ০ | ৩৩,২৭০॥০ | ৬৬ ৭২৯॥০ | ১,১০,২৩৭/৯ |
| মোট একুন। | ১৪,২০,৫৩৩/৭৸৶ | ৪ ৯০,৭১৯ ।১ | ২.৮৪,৪৫৫৸২৸ | ২০.১৭,৩০৪॥৮৶ | ৩,০৪,৭৩১/২॥ | ৪৬,৪৭,৭৪৪/২৶ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১১ মে।]

## সুন্দরবন কমিস্যনরের দপ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে নীচের লিখিত সুন্দরবনের জঙ্গল জমিনের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানায় ইঙ্গরাজী ১৮৫২ সালের ২৭ মে মোতাবেক সন ১২৫৯ সালের ১৫ জৈষ্ঠ্য বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক। যে জন অতি উচ্চ মুল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণে তাহার খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মনজুরিক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখলীকার হইবেন আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্সা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারায় কমিস্যনরের দপ্তরখানায় তাহা জানিতে পারেন আরো উক্ত নিয়ম বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ১ মে মোং সন ১২৫৯ সাল তারিখ ২০ বৈশাখ।

| লাটের নম্বর | আন্দাজী রকবা |
|---|---|
| ১০৪ নং লাটের জমি আন্দাজী | ৩৫৪০০/ |
| ১০৭ নং লাটের জমি আন্দাজী | ৭৫০০/ |
| ১০৯ নং লাটের জমি আন্দাজী | ২২০০০/ |

উমাকান্ত সেন। কমিস্যনর।

---

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত কটক পোষ্ট আফিসে ১৮৫১ সালের জানুআরি ও ফিব্রুআরি মাসেতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ্দ।

গত প্রকাশিতের শেষ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১৩ | অভয়চরণ মাহাতি | কটক | |
| ১৪ | এনকেইয়া | বিজাগাপাটম | |
| ১৫ | নকরি কালেইসা | ঐ | |
| ১৬ | জয়গোপাল চট্টোপাধ্যায় | কটক | |
| ১৭ | মির দামু | ঐ | |
| ১৮ | নাগরি চিঠী | ঐ | |
| ১৯ | দনামজইয়া | বরমপুর | |
| ২০ | রামতু | বিজানগর | |
| ২১ | মাধবচন্দ্র বারিক | কটক | |
| ২২ | ঈশানচন্দ্র মুখোপাধ্যায় | ঐ | |
| ২৩ | মান বাই | ঐ | |
| ২৪ | হেড পুলিস | টাঙ্গী | |
| ২৫ | জান মহম্মদ | কটক | |
| ২৬ | ফকিরচন্দ্র দাস | ঐ | |
| ২৭ | সুদাপ্রসাদ দত্ত | ঐ | |
| ২৮ | দুর্য্যোধন দাস | ঐ | |
| ২৯ | হরি সিংহ | ঐ | |
| ৩০ | লালা রাম সিংহ | ছাপরা | |
| ৩১ | কামাসা ফকির | কটক | |
| ৩২ | জগন্নাথ | ঐ | |
| ৩৩ | গোলাম মহম্মদ খাঁ | ঐ | |
| ৩৪ | জান মহম্মদ হালদার | ঐ | |
| ৩৫ | কানাই মাহাতি | ঐ | |
| ৩৬ | নরসিংহ দাস | ঐ | |
| ৩৭ | মেং ডিসোজা | ঐ | |
| ৩৮ | সেখ আমির উদ্দীন | বরমপুর | |
| ৩৯ | মহম্মদ ওয়ারিস | কটক | |
| ৪০ | নিমাইচরণ বসু | ঐ | |
| ৪১ | নন্দকিশোর নাএক | বালেশ্বর | |
| ৪২ | মির দৌলত | কটক | |
| ৪৩ | জয়গোলাল চট্টোপাধ্যায় | ঐ | |
| ৪৪ | জগমোহন রায় | ঐ | |
| ৪৫ | বনমালী মাহাতি | ঐ | |
| ৪৬ | মিরজান খাঁ | বিজানগর | |
| ৪৭ | সদানন্দ মাহাতি | বালেশ্বর | |
| ৪৮ | সাদু বেপারি | কটক | |
| ৪৯ | জয়গোপাল চট্টোপাধ্যায় | ঐ | |
| ৫০ | সৈএদ দৌলত | কটক | |
| ৫১ | কৃপাসিন্ধু দাস | ঐ | |
| ৫২ | সৈএদ পাত | বিজানগর | |
| ৫৩ | টুনারাম খোট্টা | কটক | |
| ৫৪ | সেখ বাদল | ঐ | |
| ৫৫ | পেনসিয়ান সিপাই বেলাকইয়া | ঐ | |
| ৫৬ | বটনর ইবরাহিম সাহেব | বিজানগর | |
| ৫৭ | বনমালী পানিগেরাই | বিজাগাপাটম | |
| ৫৮ | সদাশিব ও লছমন সিংহ | কটক | |
| ৫৯ | দিনামার হিনস আয়া | ঐ | |
| ৬০ | আমির বক্স | ঐ | |
| ৬১ | মহম্মদ ফাজেল | ঐ | |
| ৬২ | সেখ আলি বক্স | বরমপুর | |
| ৬৩ | মান সিংহ | মথুরা | |
| ৬৪ | আপাইয়া সিপাই | খোরদা | |
| ৬৫ | জমাল উদ্দীন খাঁ | কটক | |
| ৬৭ | প্রাইবট পরশুরাম | ঐ | |
| ৬৭ | প্রাইবট গুরুইয়া | ঐ | |
| ৬৮ | ভগি পাত্র | ঐ | |
| ৬৯ | কপচিঠী বিয়ারিন কয়ামারগিলি | বরমপুর | |
| ৭০ | প্রবেইয়া | নাগোর | |
| ৭১ | সেখ জমাল উদ্দীন | কটক | |
| ৭২ | সেখ কাদের | ঐ | |
| ৭৩ | কেশব পটনায়ক | ঐ | |
| ৭৪ | কিমনি শাহ | ঐ | |
| ৭৫ | সৈএদ কাসিম | ঐ | |
| ৭৬ | ছত্তর সিংহ | ঐ | |
| ৭৭ | ফকিরা খাঁ | ঐ | |
| ৭৮ | বাসুদেব মহাতি | ঐ | |
| ৭৯ | মনুগুরু সমাইয়া | ঐ | |
| ৮০ | মহাদেব দাস | ঐ | |
| ৮১ | খাজা মোল্লা | মসলিপাটম | |
| ৮২ | জয়েন্তয় মোহাপাত্র | বালেশ্বর | |
| ৮৩ | নজুয়া | বিজানগর | |
| ৮৪ | বাসুদেব দাস | কটক | |
| ৮৫ | ফকিরা খাঁ | ঐ | |

[*Government Gazette*, 11th May, 1852.]

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত পুরীর পোষ্ট

আফিসে ১৮৫১ সালের মে মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১ | ইঁসনু | পুরী | |
| ২ | বল্লভানন্দ মাইতি | দৈতাপাড়াসাহী | |
| ৩ | শিবচন্দ্র হালদার | পুরী ধাম | |
| ৪ | বাউবিবন্ধু দাস | ক্ষেত্র পুরুষোত্তম | |
| ৫ | রামলোচন পাল | কটক | |
| ৬ | প্যারি লাল | পুরী | |
| ৭ | কান্তাকৃষ্ণ মা | ঐ | |
| ৮ | চক্রপাণি বেদাচারী | ঐ | |
| ৯ | দামু মাইতি | সাহেবজাদি বাজার | |
| ১০ | রামগোপাল ও নন্দকি-শোর | পুরী | |
| ১১ | রামজেঠি | পুরুষোত্তম ক্ষেত্র | |
| ১২ | কমলাকান্ত রায় চৌধুরী | ঐ | |
| ১৩ | গোপবন্ধু পরম গুরু | তুলধার | |
| ১৪ | বাবু খাঁ | পুরী | |
| ১৫ | নেবা শাহা | ঐ | |
| ১৬ | বিপ্রপ্রসাদ চক্রবর্ত্তী | তেলেঙ্গা বাজার | |
| ১৭ | যমুনা দাস | কটক জিলা | |
| ১৮ | জুই শাহা ও লছমন শা-হা | পুরী | |
| ১৯ | বিশ্বনাথ দাস | কুণ্ডাইবেন্টসাহী | |
| ২০ | হাড়ুবন্ধু মাইতি | রিজিপুর | |
| ২১ | লছমন বাক্লি | মথুরা | |
| ২২ | চিন্তামণি দাস | মারকণ্ডসাহী | |

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত জলেশ্বরের পোষ্ট আফিসে ইং সন ১৮৫১ সালের জানুআরি লাং জুলাই মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ২ | ইন্দ্রজিত ভূঞা | জলেশ্বর | |
| ১ | হরিপুষ্টি | ঐ | |
| ১ | বিশ্বনাথ মাজি | ঐ | |
| ১ | নারায়ণপ্রসাদ পাণ্ডা | ঐ | |
| ১ | বিশ্বনাথ মাইতি | ঐ | |
| ১ | জগী শংপতি | ঐ | |
| ১ | শ্যামাচরণ বাঁড়ুয্যা | ঐ | |
| ১ | ফকির খাঁ | ঐ | |
| ১ | কুত্তর খাঁ | ঐ | |
| ১ | এমাম খাঁ | ঐ | |
| ১ | কমরুদ্দী | ঐ | |
| ১ | ঘাসি খাঁ | ঐ | |
| ১ | বৈদ্যনাথ সিং | ঐ | |
| ১ | পুরী মাইতি | ঐ | |
| ১ | লক্ষ্মণ ঘোষ | ঐ | |
| ১ | বিষ্ণুচন্দ্র বিশ্বাস | জলেশ্বর | |
| ১ | রামলোচন পাল | ঐ | |
| ১ | মধুসুদন মাইতি | ঐ | |
| ১ | প্রেমচাদ মাইতি | ঐ | |
| ১ | কানাই দাস | ঐ | |
| ১ | লাল মহম্মদ | ঐ | |
| ১ | রামকৃষ্ণ নন্দ | ঐ | |
| ১ | পীতাম্বর বন্দ্যোপাধ্যায় | ঐ | |
| ১ | বিনোদ শাউ | ঐ | |
| ১ | রামরূপ কুণ্ড | ঐ | |
| ১ | বৈদ্যনাথ চৌধুরী | ঐ | |
| ১ | ক্ষিতিধর চক্রবর্ত্তী | ঐ | |
| ১ | পীতাম্বর বন্দ্যোপাধ্যায় | ঐ | |
| ১ | বিনোদমোহন চট্টোপা-ধ্যায় | ঐ | |
| ১ | রামতারণ বারুই | ঐ | |
| ১ | আনন্দচন্দ্র | ঐ | |
| ১ | রামধন বাঁড়ুয্যা | ঐ | |
| ১ | পীতাম্বর বাঁড়ুয্যা | ঐ | |

বঙ্গ ও এতদ্দেশীয় অপর ভাষাতে নামাঙ্কিত যে সকল চিঠীর মালিকানের ঠিকানা না হওয়াপ্রযুক্ত চট্টগ্রামের পোষ্ট আফিসে ইং সন ১৮৫১ সালের জানুআরি লাং মার্চ মাহাতে যে সকল চিঠী রাখিত হইয়াছে তাহার ফর্দ।

| চিঠীর সংখ্যা | চিঠীর মালিকানের নাম | মালিকানের ঠিকানা | কৈফিয়ৎ |
|---|---|---|---|
| ১ | হরচন্দ্র শর্ম্মা | চট্টগ্রাম | |
| ২ | আজমত আলি | ঐ | |
| ৩ | মেং কেলাস | ঐ | |
| ৪ | রামরাম সদাগর | ঐ | |
| ৫ | অছিমদ্দীন | ঐ | |
| ৬ | শরৎচন্দ্র রায় | ঐ | |
| ৭ | আমির সুবেদার | ঐ | |
| ৮ | রামমাণিক্য নাপিত | ঐ | |
| ৯ | পেটানি আয়া | ঐ | |
| ১০ | মাতাদিন | ঐ | |
| ১১ | গোপীনাথ চক্রবর্ত্তী | ঐ | |
| ১২ | রমজান আলি | ঐ | |
| ১৩ | ঈশানচন্দ্র চক্রবর্ত্তী | ঐ | |
| ১৪ | লোচন মুদি | ঐ | |
| ১৫ | অন্নপূর্ণা দেব্যা | ঐ | |
| ১৬ | মকিম চৌধুরী | ঐ | |
| ১৭ | রমজান আলি | ঐ | |
| ১৮ | কালাচাঁদ চৌধুরী | ঐ | |
| ১৯ | রামকিশোর ভট্টাচার্য্য | ঐ | |
| ২০ | কণ্ঠরাম | ঐ | |
| ২১ | ডিকাষ্টা | ঐ | |
| ২২ | সোনাউল্লা | ঐ | |

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্তিহার।

সাধারণের গোচরার্থ বিজ্ঞাপন এই যে সদর দেওয়ানী আদালত নিষ্পন্ন মোকদ্দমা সকল বঙ্গ ভাষায় প্রচারিত না থাকায় তদ্দ্বারা এতদ্দেশীয় সাধারণ জনগণের কোন উপকার দর্শে নাই। অতএব বর্তমান বর্ষাবধি সদর নিষ্পত্তির অনুবাদ পুস্তক প্রতিমাসে প্রকাশারম্ভ হইয়াছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা শহর কলিকাতার পটল ডেঙ্গার পঞ্চানন্দ তলার লেনের ৩০ নং বাটীতে শ্রী নবীনচন্দ্র রায় সমীপে স্বং নামাঙ্কিত পত্র প্রেরিলে পাইতে পারিবেন তদ্বার্ষিক মূল্য মাসে ১৲ বা অগ্রে দিলে ১২৲ টাকা বর্ষান্তে ১৬৲ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান্ কাণমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

Numb. 634 ৬৩৪ ) ( ৩২৭ )

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

## CALCUTTA, TUESDAY, MAY 18, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১৮ মে।

### ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 30TH APRIL, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 30th April 1852, is hereby promulgated for general information :

#### ACT No. XXII. OF 1852.

*To avoid doubts as to the validity of certain decisions in summary suits for arrears of rent, and of certain sales of Putnee Talooks and other saleable tenures.*

Whereas by Regulation VIII. of 1831 of the Bengal Code the hearing and decision of summary suits or claims relating to arrears or exactions of rents were transferred from the Judges of the Zillah or City Courts to the Collectors of the several Districts ; and whereas, by Regulation VII. of 1832 of the Bengal Code, the superintendence of the sales of Putnee Talooks and other saleable tenures of the class specified in Clause 1, Section 8, Regulation VIII. of 1819 of the same code, was transferred to the Collector or Deputy Collector of Land Revenue, or Head Assistant to the Collector or Deputy Collector, subject to an appeal as therein provided ; and whereas by Act VIII. of 1835 the conduct of sales of Talooks or other saleable tenures in execution of summary decrees for rent, in conformity with Regulation VII. of 1799 of the same Code, was transferred to the Collectors of Land Revenue; and whereas doubts have been entertained in some instances as to the District within which such summary suits or claims should have been decided, and such sales made, by reason that the jurisdiction

### আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ৩০ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

#### ইঙ্গরেজী ১৮৫২ সাল ২২ আইন।

বাকী খাজানার বাবৎ সরাসরী মোকদ্দমায় কোন২ ডিক্রীর মাতবরীর এবং পত্তনি তালুক ও বিক্রয় যোগ্য অন্য২ জমীর কোন২ নীলামের মাতবরীর বিষয়ে যে সন্দেহ হইয়াছে তাহা রহিত করণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৮ আইনের দ্বারা বাকী খাজানা অথবা খাজানা অন্যায়েতে তহসীল করণের বিষয়ি সরাসরী মোকদ্দমা কিম্বা দাওয়ার শুনানি ও ডিক্রী করণের ভার জিলা বা শহরের আদালতের জজ সাহেবের স্থানহইতে খারিজ হইল এবং নানা জিলার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের দ্বারা পত্তনি তালুক এবং ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্ট নীলামের যোগ্য অন্যান্য প্রকার জুমির নীলামের কর্ত্তৃত্ব কার্য্য জুমির রাজস্বের কালেক্টর অথবা ডেপুটী কালেক্টর অথবা কালেক্টর বা ডেপুটী কালেক্টরের প্রধান আসিষ্টাণ্টের প্রতি অর্পণ হইল এবং ঐ আইনের বিধানমতে ঐ বিষয়ের উপর আপীলও হইতে পারিত এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৭৯৯ সালের ৭ আইনানুযায়ি খাজানার নিমিত্তে সরাসরী ডিক্রী জারীক্রমে তালুকের কি বিক্রয়যোগ্য অন্যান্য জুমির নীলামের কার্য্য চালাওনের ভার ১৮৩৫ সালের ৮ আইনানুসারে জুমির রাজস্বের কালেক্টর সাহেবেরদের প্রতি অর্পিত হইয়াছিল. এবং যেহেতুক নানা জিলা ও শহরের আদালতের এলাকা ও জুমির রাজস্বের নানা কালেক্টর সাহেবের এলাকার একি সীমানরহদ্দ নাই এবং তৎপ্রযুক্ত ঐ২ সরাসরী মোকদ্দমা অথবা দাওয়া কোন্ জিলার মধ্যে

of the several Zillah and City Courts is not conterminous with the jurisdiction of the several Collectors of Land Revenue, It is enacted as follows :

I. No order or decision already made in any such summary suit, and no such sale as aforesaid, already made, which has not been questioned before a Court of competent judicature before the passing of this Act, on the ground of having been decided or made by a Collector of Land Revenue, his deputy or duly authorized assistant, having no jurisdiction therein, shall be liable to be annulled or disputed on that ground.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

নিষ্পত্তি করিতে হয় এই বিষয়ে সন্দেহ জন্মিয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। এইরূপ কোন সরাসরী মোকদ্দমায় করা যে কোন হুকুম কি ডিক্রীর বিষয়ে এবং ঐরূপ যে কোন নীলামের বিষয়ে এই আইন জারী হওনের পূর্ব্বে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে এই হেতুতে নালিশ না হইয়া থাকে যে রাজস্বের যে কালেক্টর সাহেবের কি তাঁহার ডেপুটীর কিম্বা উপযুক্তমতে নিযুক্ত আসিষ্টাণ্টের সেই বিষয়ে কোন এলাকা নাই এই মত সাহেবের দ্বারা তাহা নিষ্পত্তি বা সম্পন্ন হইয়াছে সেই হুকুম কি ডিক্রী ও নীলাম সেইপ্রযুক্ত অন্যথা হওনের বা বিবাদের বিষয় হওনের যোগ্য হইবেক না ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## DRAFTS OF ACTS.

### FORT WILLIAM,
### HOME DEPARTMENT,
### LEGISLATIVE,

THE 30TH JANUARY, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 30th January, 1852 :—

ACT No. —— OF 1852.

*An Act for the execution of decrees made by Her Majesty in Council, or by the Courts of Sudder Dewanny Adawlut in the Presidency of Bengal.*

Whereas it is expedient to amend the law relating to the execution of decrees made and passed by Her Majesty in Council, and by the Courts of Sudder Dewanny Adawlut in the Presidency of Bengal, It is hereby enacted as follows :

I. Every decree or order made or passed in appeal by Her Majesty in Council, or by any Court of Sudder Dewanny Adawlut, in the Presidency of Bengal, shall be enforced and executed by the Court of original jurisdiction which made or passed the first or original decree or order in the case appealed, and such last-mentioned Court shall proceed to enforce and execute such decree or order according to the laws and rules prescribed for the execution of its own decrees or orders, anything in Section XV., Regulation XXVI. of 1814 to the contrary notwithstanding.

II. Any party desirous of enforcing or obtaining execution of any such decree or order made or passed in appeal as aforesaid, shall present a petition for that purpose to such Court of original jurisdiction as aforesaid, and the said petition shall be accompanied by a certified copy of the decree or order made in appeal, and sought to be enforced or executed.

III. An appeal shall lie from all orders made by such Court of original jurisdiction relating to the enforcement or execution of any such decree or order made or passed in appeal as aforesaid. If such Court of original jurisdiction is the Court of a Judge, such appeal shall lie to the Court of Sudder Dewanny Adawlut, and if such Court of original

## আইনের মুসাবিদা।

### ফোর্ট উলিয়ম।
### দেশীয় ডিপার্টমেণ্ট।
### লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৩০ জানুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ৩০ জানুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের করা অথবা বাঙ্গলা রাজধানীর অধীন সদর দেওয়ানী আদালতের করা ডিক্রী জারী করণের আইন।

যেহেতুক শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে করা এবং বাঙ্গলা রাজধানীর অধীন সদর দেওয়ানী আদালতের করা ডিক্রী জারী করণের বিষয়ি আইন সংশোধন করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে কিম্বা বাঙ্গলা দেশের রাজধানীর অধীন কোন সদর দেওয়ানী আদালত আপীলক্রমে যে কোন ডিক্রী বা হুকুম করেন যে প্রথম এলাকাবিশিষ্ট আদালত আপীলহওয়া মোকদ্দমায় প্রথম অর্থাৎ আসল ডিক্রী বা হুকুম করিয়াছিলেন সেই আদালত ঐ শ্রীশ্রীমতী মহারাণীর অথবা সদরের সেই ডিক্রী বা হুকুম প্রবল ও জারী করিবেন। এবং ঐ প্রথম এলাকাবিশিষ্ট আদালতের ডিক্রী বা হুকুম জারী করণার্থে যে২ আইন ও বিধি আছে তদনুসারে ঐ ডিক্রী অথবা হুকুম জারী ও প্রবল হইবেক এবং ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারায় ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

২ ধারা। যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে আপীলক্রমে হওয়া ঐরূপ কোন ডিক্রী কিম্বা হুকুম প্রবল অথবা জারী করিতে চাহেন তিনি ঐ পূর্ব্বোক্ত প্রথম এলাকাবিশিষ্ট আদালতে সেই বিষয়ের এক দরখাস্ত দিবেন এবং আপীলক্রমে হওয়া যে ডিক্রী অথবা হুকুম প্রবল অথবা জারী করিবার ইচ্ছা থাকে সেই ডিক্রী বা হুকুমের এক সর্টিফিকটহওয়া নকল ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবেক ইতি।

৩ ধারা। পূর্ব্বোক্তমতে আপীলক্রমে হওয়া ঐরূপ কোন ডিক্রী বা হুকুম প্রবল কি জারী করণেতে ঐ প্রথম এলাকাবিশিষ্ট আদালত যে সকল হুকুম করেন তাহার উপর এক আপীল হইতে পারিবেক। বিশেষতঃ ঐ প্রথম এলাকাবিশিষ্ট আদালত যদি জজ সাহেবের আদালত হয় তবে ঐ আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক। এবং যদি ঐ প্রথম এলাকাবিশিষ্ট আদালত মুনসেফের অথবা

jurisdiction is the Court of a Moonsiff or Sudder Ameen, the appeal shall lie in the first instance to the Court of the Judge competent to hear it, and specially, in cases where a special appeal will lie, to the Court of Sudder Dewanny Adawlut. If such Court of original jurisdiction is the Court of a Principal Sudder Ameen, and the case is one which was brought to recover money or property exceeding Rupees five thousand in value, such appeal shall lie to the Court of Sudder Dewanny Adawlut, and if the case is one which was brought to recover money or property of less value than Rupees five thousand, such appeal shall lie in the first instance to the judge competent to hear it, and specially, where a special appeal will lie, to the Court of Sudder Dewanny Adawlut.

IV. Nothing herein contained shall be construed so as to prevent any Court of Sudder Dewanny Adawlut from enforcing or obtaining execution of a decree or order made or passed by Her Majesty in Council, if Her Majesty in Council shall think fit to decree or order the said Court of Sudder Dewanny Adawlut to enforce or execute the same.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India after the 30th day of March next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 6TH FEBRUARY, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th of February 1852 :

ACT No. —— OF 1852.

*An Act for the better regulation of Cantonments.*

For the better regulation of Cantonments, it is hereby enacted as follows : —

I. Any person, whether European or Native, not being a Sutler, or amenable to the Articles of War, or a Camp Follower, who shall convey or attempt to convey any liquor, wine, or intoxicating drugs of any description into any Military Cantonment or Bazar without a written authority from the Officer Commanding at the Station, or who shall, without such authority, sell or supply the same to any European Soldier or European Woman in any such Cantonment or Bazar, shall be liable on conviction before any Magistrate or Justice of the Peace, or such other Officer as the local Government shall think fit to empower on that behalf, to a fine not exceeding Forty Rupees, or in the discretion of the said Magistrate, Justice, or other Officer, to imprisonment, with or without hard labour, for any period not exceeding two calendar months, and in case of conviction the said Magistrate,

সদর আমীনের আদালত হয় তবে যে জজ সাহেব আপীল শুনিতে পারেন তাঁহার আদালতে প্রথমতঃ আপীল হইবেক এবং যে২ গতিকে খাস আপীল হইতে পারে সেই২ গতিকে সদর দেওয়ানী আদালতে খাস আপীল হইতে পারিবেক। যদি সেই প্রথম এলাকাবিশিষ্ট আদালত প্রধান সদর আমীনের আদালত হয় এবং ঐ মোকদ্দমা পাঁচ হাজার টাকার অধিক সংখ্যা বা সম্পত্তির মুল্য পাইবার জন্যে হয় তবে ঐ আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক এবং যদি ঐ মোকদ্দমা পাঁচ হাজার টাকার কম সংখ্যা অথবা সম্পত্তির মুল্য ফিরিয়া পাইবার মোকদ্দমা হয় তবে ঐ আপীল যে জজ সাহেব শুনিতে পারেন তাঁহার নিকটে প্রথমতঃ হইবেক এবং যদি খাস আপীল হইতে পারে তবে সদর দেওয়ানী আদালতে তাহার খাস আপীল হইবেক ইতি।

৪ ধারা। কিন্তু এই আইনের মধ্যের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে যদি সদর দেওয়ানী আদালতকে কোন ডিক্রী বা হুকুম জারী করিবার হুকুম দেন তবে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের করা সেই ডিক্রী বা হুকুম জারী বা প্রবল করিতে ঐ সদর দেওয়ানী আদালতের কোন প্রতিবন্ধক আছে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩০ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৬ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ৬ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

যুদ্ধের ছাউনির বিষয়ে পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণের আইন।

যুদ্ধের ছাউনির উত্তম নিয়ম করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কোন ইউরোপীয় কি এদেশীয় ব্যক্তি বিক্রীওয়ালা অথবা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন বা ফৌজের চাকর না হইয়া যদি ছাউনির প্রধান সৈন্যাধ্যক্ষের লিখিত হুকুম না পাইয়া কোন শরাব কি ওয়াইন শরাব বা কোন প্রকার বেহোঁশকারি জিনিস কোন পল্টনের ছাউনিতে কিম্বা বাজারে লইয়া যায় বা লইয়া যাইবার উদ্যোগ করে অথবা সেইরূপ লিখিত হুকুম না পাইয়া যদি ঐরূপ কোন পল্টনের ছাউনি বা বাজারে কোন গোরা সৈন্য বা কোন গোরা স্ত্রীকে ঐ প্রকার শরাবপ্রভৃতি বিক্রয় করে বা যোগাইয়া দেয় সেই ব্যক্তির অপরাধ কোন মাজিস্ট্রেট সাহেব অথবা কোন জষ্টিস অফ দি পীস সাহেব কিম্বা তন্নিমিত্তে অন্য যে কোন কর্ম্মকারককে স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষমতা দেন তাঁহার সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তির চল্লিশ টাকার অনধিক জরীমানা হইবেক অথবা ঐ মাজিস্ট্রেট সাহেব বা জষ্টিস সাহেব কি ঐ অন্য কর্ম্মকারক আপন বিবেচনাক্রমে সম্পূর্ণ দুই মাসের অনধিক কোন মিয়াদের জন্যে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা তাহাকে কয়েদ করণের হুকুম করিতে পারেন,

Justice, or other Officer may adjudge the said liquors, wine, or drugs, and the vessels containing the same, to be forfeited to Government, and may sell or otherwise dispose of the same for the benefit of Government.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 6th day of May next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 27TH FEBRUARY, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 27th of February 1852.

ACT No. —— OF 1852.

*An Act to confer upon certain Inhabitants of the Territories in India under the Government of the East India Company, the rights of subjects of Her Majesty.*

Whereas it is expedient to remove by law doubts that may have arisen as to the Civil and Political rights of certain persons domiciled in the Territories in India under the Government of the East India Company, and to provide for the naturalization of such persons, not being by law entitled to be regarded as subjects of Her Majesty, It is enacted as follows:

I. All persons actually domiciled in the said Territories, who shall have resided, or shall continue to reside therein, or in some other part of Her Majesty's dominions, until they shall have been resident inhabitants of Her Majesty's dominions for the space of seven years continually, without having been during that time stated residents in any foreign country, shall be deemed, adjudged and taken to be natural born subjects of Her Majesty, as if they and every of them had been born within the said Territories under the Government of the said East India Company. Provided always, that no such person shall be entitled to the benefit of this Act unless he shall, after he shall have completed such stated residence of seven years continually, apply for and obtain the permission in writing of the Governor in Council, Governor, or Lieutenant Governor of the Presidency or place in which he is resident to become naturalized as aforesaid, and take and subscribe the oath, or, if he be a person allowed by law to affirm in civil cases, make the declaration, contained in the Schedule annexed to this Act, before some Justice of the Peace or Magistrate.

II. Nothing in this Act contained shall be construed so as to deprive the Courts of the East India Company of jurisdiction over any such naturalized

এবং ঐ মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস কি অন্য কর্ম্মকারক সেই ব্যক্তিকে দোষীকৃত করিলে ঐ শরাব কি ওয়াইন শরাব বা সামগ্রী এবং যে পাত্রে তাহা থাকে তাহা সরকারে জব্দ করিতে পারেন এবং সরকারের জন্যে তাহা বিক্রয় বা অন্য প্রকারে তাহা হস্তান্তর করিতে পারেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৬ মে তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৭ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৭ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে, প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ---- আক্ট।

ভারতবর্ষে কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি কোন২ ব্যক্তিকে শ্রীশ্রীমতী মহারাণীর প্রজার স্বত্ত্ব অর্পণ করণের আইন।

যেহেতুক ভারতবর্ষে কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি কতক২ ব্যক্তির আইনসম্বন্ধীয় এবং রাজ্যসম্বন্ধীয় স্বত্ত্বের বিষয়ে যে২ সন্দেহ জন্মিয়াছে তাহা আইনের দ্বারা ভঞ্জন করা এবং এইমত যে২ ব্যক্তির আইনানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর প্রজার ন্যায় গণ্য হইবার ক্ষমতা নাই সেই২ বিদেশীয়কে দেশীয়েরদের তুল্যাধিকারী করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে সকল ব্যক্তি উক্ত দেশের মধ্যে নিশ্চয়রূপে বাস করিতেছেন এবং ঐ দেশের মধ্যে অথবা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের অন্য কোন ভাগে এত কাল বাস করিয়াছেন বা বাস করিতে থাকিয়াছেন যে তাঁহারা অবিরত সাত বৎসরপর্য্যন্ত শ্রীশ্রীমতী মহারাণীর দেশের বাশেন্দা আছেন এবং ঐ সাত বৎসরের মধ্যে কোন বিদেশে নিশ্চিত নিবাসী হন নাই এমত ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে জন্মিলে যেরূপ হইত সেইরূপে তাঁহারা ও তাঁহারদের প্রত্যেক জন শ্রীশ্রীমতী মহারাণীর জাত প্রজার ন্যায় বোধ ও নির্দ্ধার্য্য ও গণ্য হইবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন ব্যক্তির এইরূপে অবিরত সাত বৎসরের নিয়মিত নিবাস সমাপ্ত হইলে পর যদি সেই ব্যক্তি যে রাজধানী বা স্থানে বাস করিয়াছিলেন তথাকার শ্রীযুত গবরনর সাহেবের হজুর কৌন্সেলে কিম্বা শ্রীযুত গবরনর সাহেবের কি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকটে পূর্ব্বোক্তমতে দেশীয়েরদের তুল্যাধিকারী হওনার্থে দরখাস্ত না করেন এবং তাঁহার লিখিত অনুমতিপত্র না পান এবং এই আইনের শেষে দেওয়া তফসীলের লিখিত শপথ কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে না করেন বা স্বাক্ষর না করেন কি দেওয়ানী মোকদ্দমায় প্রতিজ্ঞা করিবার অনুমতি থাকিলে সেইরূপ প্রতিজ্ঞা না করেন তবে সেই ব্যক্তি এই আইনের উপকার পাইতে পারিবেন না ইতি।

২ ধারা। এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে এমত দেশীয়েরদের তুল্যাধিকারী হওয়া কোন ব্যক্তির উপর কোম্পানি বাহাদুরের আদালতের যে

person, or to give to the Courts of Her Majesty any jurisdiction over any such person not otherwise subject to such jurisdiction.

III. All Justices of the Peace or Magistrates within the said Territories are hereby empowered to administer the oath or affirmation contained in the Schedule annexed to this Act to all persons desirous of taking or making the same, who shall produce the written permission of the Governor in Council, Governor, or Lieutenant Governor hereinbefore mentioned, and the said Justices or Magistrates shall record the Administration of such oath or affirmation in their proceedings, and shall file and preserve a copy thereof subscribed by the person taking or making the same, and shall report the name and description of every such person to the Secretary to the Government of the Presidency in which such oath or affirmation is taken or made.

### SCHEDULE.

OATH.

I, A. B., of (*here state the description of the party*) do swear (*or being one of the persons allowed by law to affirm in civil cases do affirm,*) that I have resided seven years in Her Majesty's dominions, without having been, during that time, a stated resident in any foreign country, and that I will be faithful and bear true allegiance to the Sovereign of the United Kingdom of Great Britain and Ireland, and of these territories as dependant thereon.

(Signed) A. B.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 27th day of May next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

এলাকা আছে সেই এলাকা রহিত হইবেক অথবা ঐরূপ যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এলাকার অন্যপ্রকারে অধীন নহেন সেই ব্যক্তির উপর ঐ আদালতে এলাকা অর্পণ হইবেক ইতি।

৩ ধারা। যে সকল ব্যক্তি ঐ শপথ অথবা প্রতিজ্ঞা করিতে চাহেন এবং এই আইনের মধ্যে উপরের লিখিত শ্রীযুত গবরনর সাহেবের হজুর কৌন্সেলে অথবা শ্রীযুত গবরনর সাহেবের কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিপত্র দেখান এমত সকল ব্যক্তিকে এই আইনের শেষে দেওয়া তফসীলের লিখিত শপথ বা প্রতিজ্ঞা উক্ত রাজ্যের মধ্যে সকল জুষ্টিস অফ দি পীস সাহেবকে অথবা মাজিষ্ট্রেট সাহেবকে করাইতে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। এবং ঐ জুষ্টিস অথবা মাজিষ্ট্রেট সাহেব আপনার রোয়দাদে ঐরূপ শপথ বা প্রতিজ্ঞা করাওণের কথা লিখিয়া রাখিবেন এবং যে ব্যক্তি শপথ বা প্রতিজ্ঞা করেন সেই ব্যক্তির দস্তখৎহওয়া এক নকল রোয়দাদে রাখিবেন ও রক্ষা করিবেন এবং যে রাজধানীর দেশের মধ্যে ঐ শপথ বা প্রতিজ্ঞা করা গিয়াছে সেই রাজধানীর গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে ঐরূপ প্রত্যেক ব্যক্তির নাম ও চেহারা পাঠাইবেন ইতি।

### তফসীল।

শপথ।

আমি অমুক স্থানের অমুক (এইখানে ব্যক্তির বর্ণনা করিতে হইবেক) এই শপথ (অথবা দেওয়ানী কার্য্যে আইনক্রমে শপথহইতে মুক্ত থাকিলে এই প্রতিজ্ঞা) করিতেছি যে আমি সাত বৎসরপর্য্যন্ত শ্রীশ্রীমতী মহারণীর দেশের মধ্যে বাস করিয়াছি এবং সেই সময়ের মধ্যে আমি কোন বিদেশে নিয়মিতমতে বাস করি নাই এবং ঐ মহাব্রিটনের ও ঐর্লণ্ডের সম্মিলিত রাজ্যের এবং ঐ রাজ্যের অধীন এই দেশের রাজা বা রাণীর প্রতি বিশ্বস্ত থাকিব এবং সত্যরূপ তাঁহার প্রভুত্ব স্বীকার করিব।

A. B.

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৭ মে তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

8th April, 1852.

A regular suit to upset a summary claim *pending* elsewhere, is inadmissible.

*Syed Muksood Ali,—Petitioner.*

The Petitioner having sued certain parties for balance of rent before the Deputy Collector of Zillah Behar, they, while the summary cases were still pending, instituted suits against him, in the Moonsiff's Court under Section 11, Regulation VIII. of 1831.

The Moonsiff thereupon sent a requisition to the Deputy Collector to transfer the summary suits to him. He objected to do so, and referred to the

## সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫২ সাল ৮ আপ্রিল।

যে সরাসরী দাওয়া অন্য স্থানে উপস্থিত থাকে তাহা অন্যথা করণার্থে নম্বরী মোকদ্দমা গ্রাহ্য হইতে পারে না।

সৈয়দ মকসুদ আলী। দরখাস্তকারী।

দরখাস্তকারী বাকী খাজানার নিমিত্তে কএক ব্যক্তির নামে বেহার জিলার ডেপুটী কালেক্টরের নিকটে নালিশ করিল এবং ঐ সরাসরী মোকদ্দমা উপস্থিত থাকনসময়ে আসামীরা ১৮৩১ সালের ৮ আইনের ১১ ধারানুসারে মুনসেফের আদালতে তাহার নামে মোকদ্দমা উপস্থিত করিল।

তাহাতে মুনসেফ ঐ সকল সরাসরী মোকদ্দমা আপনার নিকটে অর্পণ করিতে ডেপুটী কালেক্টরের নিকটে এক রুবকারী লিখিলেন। ডেপুটী কালেক্টর তাহাতে

Zillah Judge upon the subject, who, on the 18th December 1851, directed their transmission.

The Petitioner then appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court. (Present Mr. J. R. Colvin.) "The point in question has been previously disposed* of by the Court collectively in a letter No. 1438, of the 19th September, 1845, to the

* From the Judge of 24-Pergunnahs to the Register of the Sudder Dewanny Adawlut, No. 210, dated 30th August, 1845.

"I have the honor to submit that a case of Jureeb Fukeer, Plaintiff, *versus* Isserchunder Roy, Defendant, was instituted in the Court of the Moonsiff of Bishenpore, to upset a claim for 31 Rupees, 8 annas, made summarily, according to Regulation VII. of 1799.

"That claim was previously, of course, brought by Isserchunder Roy, against the above Plaintiff, before the Collector.

"The Moonsiff in deciding called for the record of the case pending before the Collector, and decided it, and the case in his Court, as one case.

"Had the Moonsiff, legally, cognizance of the suit, his reckoning the case as only one, was contrary to Construction No. 1001. I submit that he ought to have considered the case before himself as one, and that before the Collector as another, which he ought to have returned with a copy of the decision passed by him in the Regular suit.

"But, I would urge that the Moonsiff was not the functionary to take cognizance of the suit. A previous one having been instituted before the Collector, Section 14, Regulation VIII. of 1831, rendered it imperative on the Moonsiff to refer the suit brought before him to the Collector.

"In consequence, however, of the wording of Section 11, of the Regulation referred to, a practice warranting the Moonsiff's Proceedings has, for some years past, obtained in this Zillah. That Section makes it competent for Moonsiffs to try claims, preferred by under-tenants and others, who may be desirous of resisting the distraint of their property, or the attachment of their persons. As that attachment has reference only to summary suits instituted according to Regulation VII. of 1799, the Moonsiffs and Civil Courts try, under Section 11, cases which ought properly, it appears to me, to be disposed of by the Collector under Section 14, of Regulation VIII. of 1831.

"It being desirable to put an end to the practice described, if erroneous, I solicit the Court's instructions, as to whether Section 11 can be held to authorise the Civil Court's calling for, and deciding

ওজর করিয়া সেই বিষয় জিলার জজ সাহেবের নিকটে অর্পণ করিলেন এবং জজ সাহেব ১৮৫১ সালের ১৮ ডিসেম্বর তারিখে ঐ মোকদ্দমা মুনসেফের নিকটে পাঠাইতে হুকুম দিলেন।

তাহাতে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে ঐ আদালতের জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব কহিলেন যে "সম্পূর্ণ আদালত ১৮৪৫ সালের ১৯ সেপ্টেম্বর তারিখে ১৪৩৮ নম্বরী যে পত্র চব্বিশপরগনার জজ সাহেবের নিকটে লিখিলেন * তাহাতে এই বি-

* চব্বিশপরগনার জজ সাহেব ১৮৪৫ সালের ৩০ আগস্ট তারিখের ২১০ নম্বরী এই পত্র সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে পাঠাইলেন।

"৩১॥০ টাকার যে এক দাওয়া ১৭৯৯ সালের ৭ আইনানুসারে সরাসরীমতে হইয়াছিল ঐ দাওয়া অন্যথা করণার্থে বিষ্ণুপুরের মুনসেফের আদালতে এক মোকদ্দমা উপস্থিত হইল সেই মোকদ্দমায় জরিব ফকির ফরিয়াদী ঈশ্বরচন্দ্র রায় আসামী।

"ঈশ্বরচন্দ্র রায় সুতরাং ইহার পূর্ব্বে উক্ত ফরিয়াদীর বিরুদ্ধে কালেক্টর সাহেবের সম্মুখে সেই দাওয়া করিয়াছিল।

"মুনসেফ ঐ মোকদ্দমার নিষ্পত্তি করণেতে কালেক্টর সাহেবের কাছারীতে যে মোকদ্দমা উপস্থিত ছিল তাহার মিসিল তলব করিলেন এবং ঐ মোকদ্দমা ও তাঁহার আদালতে উপস্থিত মোকদ্দমা একি জ্ঞান করিয়া তাহা নিষ্পত্তি করিলেন।

"যদ্যপি সেই মোকদ্দমা আইনমতে মুনসেফের বিচার করিবার ক্ষমতা ছিল তথাপি ঐ মোকদ্দমা একি জ্ঞান করণেতে তিনি ১০০১ নম্বরী আইনের অর্থের বিরুদ্ধ কর্ম্ম করিলেন। আমার বোধ আছে যে তাঁহার এই উচিত ছিল যে তাঁহার সম্মুখে উপস্থিত মোকদ্দমা এবং কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত মোকদ্দমা স্বতন্ত্র মোকদ্দমা জ্ঞান করিয়া ঐ শেষোক্ত মোকদ্দমা আপনার নিকটে উপস্থিত নম্বরী মোকদ্দমায় যে নিষ্পত্তি করিলেন তাহার এক নকলসমেত ফিরিয়া পাঠান্।

"কিন্তু আমি এই জানাইতে ইচ্ছা করি যে মুনসেফের সেই মোকদ্দমা শুনিবার উচিত ছিল না। তাহার পূর্ব্বে সেই বিষয়ের এক মোকদ্দমা ১৮৩১ সালের ৮ আইনের ১৪ ধারানুসারে কালেক্টর সাহেবের আদালতে উপস্থিত হইয়াছিল অতএব মুনসেফের নিতান্ত এই উচিত ছিল যে তাঁহার সম্মুখে উপস্থিতহওয়া মোকদ্দমা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করেন।

"কিন্তু উক্ত আইনের ১১ ধারার কথা দৃষ্টে কএক বৎসরঅবধি এই জিলার মধ্যে মুনসেফের ঐ প্রকার কার্য্যের ব্যবহার হইয়া আসিতেছে। ঐ ধারার মধ্যে এমত হুকুম আছে যে যে পেটাও রাইয়ত কি অন্য ব্যক্তিরা আপনারদের মালের ক্রোক এবং কয়েদ নিবারণের ইচ্ছা করিয়া নালিশ করে সেই নালিশ মুনসেফ বিচার করিতে পারেন। কিন্তু ঐ ক্রোক কেবল ১৭৯৯ সালের ৭ আইনানুসারে উপস্থিতহওয়া সরাসরী মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখে অতএব যে মোকদ্দমা আমার বোধে প্রকৃতরূপে ১৮৩১ সালের ৮ আইনের ১৪ ধারানুসারে কালেক্টর সাহেবের নিষ্পত্তি করা উচিত এইমত মোকদ্দমা মুনসেফ ও দেওয়ানী আদালত ১১ ধারানুসারে বিচার করিতেছেন।

"যদি ঐ ব্যবহার ভ্রমযুক্ত হয় তবে তাহা শীঘ্র নিবৃত্তকরা উচিত অতএব সদর আদালতে আমি এই জিজ্ঞাসা করিতেছি যে যে সরাসরী মোকদ্দমা ১৭৯৯ সালের ৭ আইনানুসারে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া

Judge of the 24-Pergunnahs. I concur with the opinion expressed therein. The Zillah Judge's order is reversed, and he is directed to proceed according to that letter, copy of which is sent herewith."

ষয় নিষ্পত্তি হইয়াছে ঐ পত্রের মধ্যে যে মত লেখা আছে তাহাতে আমার সম্মতি আছে। অতএব জিলার জজ সাহেবের হুকুম অন্যথা হইল এবং ঐ পত্রের নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে জজ সাহেবের প্রতি হুকুম হইল এবং ঐ পত্রের এক নকল জজ সাহেবের নিকটে এক্ষণে পাঠান গেল।"

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

### No. 7.

*From the Junior Secretary to the Board of Revenue, to all the Commissioners of Revenue, Fort William, the 28th April,* 1852.

Cases repeatedly occur in which leases granted in consideration of an advance (*Zurpeshagee*) to be repaid on the expiration of the lease are forwarded by Collectors to the Superintendent of Stamps, with a recommendation that they should be stamped under Article 30, Schedule A, Regulation X. 1829, as leases granted in consideration of a fine or premium (*Pun* or *Salamee*).

2. But a lease granted in consideration of an advance to be repaid, partakes of the nature of a mortgage, and is liable, under Articles 29 and 35 of the Schedule, to a Stamp duty equal to the duties chargeable upon it both as lease and mortgage, the former being calculated according to the annual

## সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

### ৭ নম্বর।

রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবেরদের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২। ২৮ আপ্রিল।

এমত বারম্বার হইতেছে যে জরপেশগি অর্থাৎ আগাম টাকা লইয়া পাট্টা দেওয়া যায় এবং পাট্টার মিয়াদ শেষ হইলে ঐ আগাম টাকা ফিরিয়া দেওয়া যায় এবং এমত পাট্টা বারম্বার ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে কালেক্টর সাহেবের দ্বারা পাঠান যাইতেছে এবং এই পরামর্শ দেওয়া যাইতেছে যে তাহা আগাম টাকা পাওনপ্রযুক্ত দেওয়া পাট্টার ন্যায় জ্ঞান হইয়া ১৮২৯ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৩০ দফাক্রমে তাহাতে ইষ্টাম্প দেওয়া যায়।

২। কিন্তু যে আগাম টাকা ফিরিয়া দিতে হয় তাহা পাওনপ্রযুক্ত যে পাট্টা দেওয়া যায় তাহা বন্ধকপত্র জ্ঞান করিতে হয় এবং ঐ তফসীলের ২৯ ও ৩৫ দফার অনুসারে পাট্টা ও বন্ধকী পত্র এই উভয়ের যত ইষ্টাম্পের মাসুল নির্দ্দিষ্ট আছে তত টাকার ইষ্টাম্প মাসুলের যোগ্য হয় অর্থাৎ পাট্টার মূল্য বার্ষিক খাজানার এবং পাট্টার মিয়াদের অনুসারে হিসাব করিতে হয় এবং বন্ধকী পত্রের

---

on their merits, summary suits previously instituted before the Collector according to Regulation VII. of 1799, in which attachment of the person either may have or may not have been the consequence of the institution of such summary suit."

From the Register of the Sudder Dewanny Adawlut to the Judge of 24-Pergunnahs, No. 1438, dated the 19th September, 1845.

"The Court, having had before them your letter of the 30th Ultimo, No. 210, direct me to inform you that no suit to upset a claim preferred and pending elsewhere can be allowed. The Moonsiff of Bishenpore, therefore, should have nonsuited Jureeb Fakeer on his bringing an action to contest the demand which Issurchunder Roy had lodged against him, and which was still undecided, in the Collector's Court. When the Collector had given his decision thereupon, it would have been subject to a regular suit, and might have been so contested by Jureeb Fakeer.

"With reference to the practice of the Moonsiffs in the 24-Pergunnahs under Section 2, Regulation VIII. of 1831, I am directed to state that the question entirely turns upon the Court of first institution, and you should draw their attention to Sections 14, 15, and 16, of the above law."

[*Government Gazette*, 18*th May*, 1852.]

থাকে সেই সরাসরী মোকদ্দমা উপস্থিতপ্রযুক্ত আসামী কয়েদ হউক বা না হউক ঐ মোকদ্দমা তলব করিতে এবং তাহার দোষগুণ বিবেচনাপূর্ব্বক নিষ্পত্তি করিতে ঐ ১১ ধারার দ্বারা দেওয়ানী আদালতকে ক্ষমতা দেওয়া গিয়াছে কি না।

তাহাতে ১৮৪৫ সালের ১৯ সেপ্টেম্বর তারিখে সদর আদালতের রেজিষ্টর সাহেব চব্বিশপরগনার জজ সাহেবের প্রতি ১৪৩৮ নম্বরী এই পত্র লিখিলেন।

"তোমার গত মাসের ৩০ তারিখের ২১০ নম্বরী পত্র সদর আদালত বিবেচনা করিয়া তোমাকে ইহা জ্ঞাপন করিতে আদেশ করিয়াছেন যে যে দাওয়া অন্যত্র করা গিয়াছে এবং তথায় উপস্থিত থাকে সেই দাওয়ার অন্যথা করণার্থে মোকদ্দমা গ্রাহ্য হইতে পারে না। অতএব বিষ্ণুপুরের মুনসেফের এই উচিত ছিল যে ঈশ্বরচন্দ্র রায় জরিব ফকিরের উপর যে দাওয়া করিয়াছিল এবং তৎসময়ে কালেক্টর সাহেবের আদালতে নিষ্পত্তি না হইয়া উপস্থিত ছিল সেই দাওয়া অন্যথা করণার্থে ঐ জরিব ফকির যে নালিশ করিল তাহাতে তাহাকে ননসুট করেন। যখন কালেক্টর সাহেব সেই মোকদ্দমা নিষ্পত্তি করিলেন তখন তাহার বিষয়ে নম্বরী মোকদ্দমা হইতে পারিত এবং জরিব ফকির তাহা অন্যথা করণার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিত"।

১৮৩১ সালের ৮ আইনের ২ ধারানুসারে চব্বিশপরগনার মুনসেফেরদের যে ব্যবহার আছে তাহার বিষয়ে ইহা জ্ঞাপন করিতে আমার প্রতি হুকুম হইয়াছে যে কোন্ আদালতে ঐ মোকদ্দমা প্রথম উপস্থিত হইল ইহামাত্র দৃষ্টি করিয়া ঐ ব্যবহারের বিষয় নিষ্পত্তি করিতে হইবেক অতএব ঐ আইনের ১৪। ১৫ ও ১৬ ধারার বিষয়ে মনোযোগ করিতে মুনসেফদিগকে তোমার হুকুম দিতে হইবেক।

rent and period of the lease, and the latter according to the amount of the advance.

3. You will instruct the Collectors of your Division carefully to observe the distinction between the two classes of documents.

C. BEADON,
*Junior Secretary.*

Board of Revenue, Fort William.

ইষ্টাম্প আগাম টাকার সংখ্যানুসারে হিসাব করিতে হয়।

৩। এই দুইপ্রকার দলীলের মধ্যে যে প্রভেদ আছে তাহার বিষয়ে মনোযোগ করিতে তোমার এলাকার কালেক্টর সাহেবদিগকে হুকুম দিবা।

সি বীডন।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম।

## CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

*To the Civil Judges in the Lower Provinces.*

I am directed to forward to you a list of persons who have obtained diplomas of qualification for the Office of Moonsiff, but have not yet received appointments, and whose place of birth or family residence appears to be within your district.

2. The Court are anxious, while paying a proper attention to priority of date in acquiring diplomas of qualification, to select the most capable and trustworthy candidates for nomination to Moonsiffships, to the holders of which the rise to the higher judicial Offices is now confined; but they find themselves generally without the information upon which they could make a satisfactory choice.

3. I am desired therefore, to request that you will carefully make such inquiry as may be in your power regarding the character, education, and family connection, of the different persons mentioned in the enclosed List, and that you will report to the Court the names of those of them, if any, who, from the results of such inquiry may appear to you to be *peculiarly* fit for employment in judicial Office. You will state, as to each person so named by you, an outline of the reasons on which your opinion in his favor has been formed.

4. In preparing this report, you will communicate with the Commissioner of the Division, with the Collector, and with the Magistrate, of your district, and you will mention also the names of any parties, whom any of those Officers would strongly recommend for appointment as Moonsiffs, with the grounds of such recommendation.

(Signed) B. J. COLVIN,
*Register.*

Fort William, the 16th March, 1852.

## সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

যাঁহারা মুনসেফী পদের জন্যে যোগ্যতার পত্র পাইয়াছেন কিন্তু অদ্যাপি কর্ম্মে নিযুক্ত হন নাই তাঁহারদের মধ্যে যাঁহারদের জন্মস্থান বা বাসস্থান তোমার জিলার মধ্যে আছে দৃষ্ট হয় তাঁহারদের এক ফিরিস্তি তোমার নিকটে পাঠাইতেছি।

২। সদর আদালতের এই ইচ্ছা আছে যে যাঁহারা অগ্রে যোগ্যতার পত্র পাইয়াছিলেন তাঁহারদিগকে অগ্রগণ্য করিবার বিষয়ে উপযুক্ত মনোযোগ করিয়াও যাঁহারা মুনসেফী পদ পাইবার জন্যে সর্ব্বাপেক্ষা গুণবান ও বিশ্বাসযোগ্য বোধ হন তাঁহারদিগকে মনোনীত করেন যেহেতুক যাঁহারা মুনসেফী পদে নিযুক্ত হন কেবল তাঁহারাই ক্রমশঃ তদপেক্ষা উচ্চ পদ পাইতে পারেন। কিন্তু যাহাতে সদর আদালত খাতিরজমামতে মুনসেফী পদে নিযুক্ত করিতে পারেন এমত বৃত্তান্ত তাঁহারদের নিকটে নাই।

৩। অতএব সদর আদালতের হুকুমক্রমে তোমাকে এই আদেশ করিতেছি যে ইহার সঙ্গে প্রেরিত ফিরিস্তির মধ্যে যে নানা ব্যক্তির নাম লিখিত আছে তাঁহারদের আচার ব্যবহার ও বিদ্যা ও পরিবারেরদের বিষয় তুমি অতিমনোযোগপূর্ব্বক সাধ্যপর্য্যন্ত অনুসন্ধান কর এবং ঐ রূপ অনুসন্ধান করণেতে যদি ইহা দৃষ্ট হয় যে তাঁহারদের মধ্যে কোন কেহ বিচারকের পদে নিযুক্ত হইবার বিশেষরূপে যোগ্য আছেন তবে তাঁহারদের নাম আদালতে পাঠাও। যে ব্যক্তিরদের নাম তুমি এইরূপে লিখিয়া পাঠাও তাঁহারদের প্রত্যেক জনের নাম যে কারণে লিখিলা তাহা তুমি জ্ঞাপন করিবা।

৪। ঐ রিপোর্ট প্রস্তুত করণের পূর্ব্বে তুমি আপনার এলাকার কমিস্যনর সাহেবের ও আপনার জিলার কালেক্টর সাহেবের ও মাজিস্ট্রেট সাহেবের সঙ্গে লিখন পঠন করিবা এবং ঐ কর্ম্মকারক সাহেবেরা যে কোন ব্যক্তিকে ঐ মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইবার পরামর্শ দেন সেই ব্যক্তির নাম তুমি লিখিয়া পাঠাইবা এবং সেই পরামর্শের হেতুও লিখিবা।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ১৬ মার্চ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## ERRATUM.

The following Erratum is published by order of the Sudder Dewanny Adawlut.

In the Bengalee version of the Court's Circular No. 5, dated the 3rd March last, published in the *Bengalee Government Gazette* of the 11th May instant, (p. 320,) in paragraph 4, line 4 *for* কএক বৎসরের *read* এক বৎসরের।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## অশুদ্ধ শোধন।

নীচের লিখিত অশুদ্ধ শোধন সদর দেওয়ানী আদালতের হুকুমক্রমে প্রকাশ হইতেছে।

বর্ত্তমান মে মাসের ১১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৩২০ পৃষ্ঠায় সদর দেওয়ানী আদালতের গত মার্চ মাসের ৩ তারিখের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের ৪ দফার ৪ পঁক্তিতে "কএক বৎসরের" এই কথার পরিবর্ত্তে "এক বৎসরের" পাঠ করিতে হইবেক।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

**NOTIFICATION.**

**ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.**

**APPOINTMENT.**

*The 11th May, 1852.*

Baboo Ramloll Sein, a Diploma Holder of 1847, to be Moonsiff of Madpore, East Burdwan, vice Moonshee Dubeerudeen, pensioned.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১১ মে।

শ্রীযুত মুনশী দবিরুদ্দিন পেনস্যনপ্রাপ্ত হওয়াতে তাঁহার পরিবর্ত্তে ১৮৪৭ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামলাল সেন পূর্ব্ব বর্দ্ধমানের মাদপুরের মুনসেফ হইবেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৯৯৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৫ মে।

শ্রীযুত কাপ্তান এচ হৌ সাহেব (Captain H Howe,) মারিন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সেক্রেটারী হইলেন।

শ্রীযুত কাপ্তান জে জে আর বোমান সাহেব (Captain J. J. R. Bowman) অন্য হুকুম না হওনপর্য্যন্ত মাষ্টর আটেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৭ মে।

সিবিলসম্পর্কীয় সিবিলশস্তার শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr S. Lushington.) এদেশীয় ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রেপোর্ট হইয়াছে।

১৮৫২ সাল ১১ মে।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell.) বর্ত্তমান মাসের ৩ তারিখে বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মের ভার শ্রীযুত সি ই ল্যান্স সাহেবের (Mr. C. E. Lance,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত টি কের্ড সাহেব (Mr. T. Caird.) শ্রীশ্রীমতীর অধীন দেশের শ্রীযুত সেক্রেটারী সাহেবের স্থানে ছুটীপ্রাপ্ত হইয়া বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মস্থানহইতে প্রস্থান করেন ঐ তারিখে শ্রীযুত সি আর স্মিথ সাহেব (Mr. C. R. Smith,) কলিকাতার বন্দরে বিদেশগামী মজুরেরদের এজেণ্টী কর্ম্ম গ্রহণ করেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে বেহার ও হাজারীবাগ জিলার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ হগ সাহেব (Mr. F. Hogg,) গত মাসের ১৫ তারিখে আপন কর্ম্মস্থান শেরঘাটীতে পঁহুছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

মেডিকেল কালেজের বাঙ্গালা ক্লাস।

কলিকাতার মেডিকেল কালেজে বাঙ্গালা ক্লাস স্থাপন করিবার নিম্ন লিখিত প্রণালী সর্ব্ব সাধারণের গোচরার্থে প্রচারিত হইতেছে।

" মেডিকেল কালেজে উর্দ্দু ভাষায় যে প্রণালীতে ও যত দূরপর্য্যন্ত চিকিৎসা বিদ্যা শিক্ষা দেওয়া যায় বাঙ্গালা ভাষাতে সেইরূপ শিক্ষা দেওয়া যাইবেক।

বাঙ্গালা ক্লাসে প্রথমতঃ ৫০ পঞ্চাশ জন ছাত্র নিযুক্ত করা যাইবেক। তাঁহারা প্রত্যেকে ৫ৎ পাঁচ টাকা মাসিক বৃত্তি পাইবেন। তদ্ভিন্ন যত লোক আপনার ব্যয় করিয়া অধ্যয়ন করিতে অভিলাষ করিবেন সকলকেই নিযুক্ত করা যাইবেক।

ভদ্রজাতি হইলেই নিযুক্ত করা যাইবেক। তন্মধ্যে যাঁহাদের অধিক গুণ থাকিবেক তাঁহাদিগকে অগ্রে নিযুক্ত করা যাইবেক। মফঃসলের ছাত্রদিগের নিমিত্ত যথোপযুক্ত কতক গুলি ছাত্রবৃত্তি স্বতন্ত্র রাখা যাইবেক।

সংস্কৃত কালেজের প্রিন্সিপল ও দুই জন অধ্যাপক এই তিন জনে যাবতীয় অধ্যয়নাকাঙ্ক্ষিদিগের পরীক্ষা করিবেন। ইহাঁরা যাঁহাদিগকে বাঙ্গালা ভাষায় উত্তম ব্যুৎপন্ন, অর্থাৎ অনায়াসে বাঙ্গালা ভাষা লিখিতে ও পড়িতে পারেন, বলিয়া নিরূপণ করিবেন তাঁহাদিগকে নিযুক্ত করা যাইবেক।

ছাত্রদিগকে বাঙ্গালা ভাষায় এনাটমি, মেটিরিয়া মেডিকা এবং মেটিরিয়া মেডিকাতে কিমিষ্টির যে যে অংশ আবশ্যক, এবং মেডিসিন্ ও সর্জ্জরি, চিকিৎসা বিদ্যাসংক্রান্ত এই সকল বিষয়ে শিক্ষা দেওয়া যাইবেক।

উর্দ্দু ক্লাসের ছাত্রদিগের ন্যায় তাঁহাদিগকে অন্ততঃ দুই বৎসর কালেজে থাকিতে হইবেক, শব কাটিয়া ডিসেক্সন অভ্যাস করিতে হইবেক, এবং হাঁসপাতাল ও ডিস্পেন্সরিতে গিয়া চিকিৎসা শিক্ষা করিতে হইবেক।

তাঁহাদিগকে কালেজে বাসা করিয়া থাকিতে হইবেক না কিন্তু প্রতিদিন ১০ টাঅবধি ৪ টাপর্য্যন্ত উপস্থিত থাকিতে হইবেক।

যাঁহার বয়স্ ১৮ বৎসরের ন্যূন অথবা ২৫ বৎসরের অধিক এমত ছাত্রকে নিযুক্ত করা যাইবেক না।

দেশের জমীদারদিগের এবং অবৈতনিক বিদ্যালয় সকলের অধ্যক্ষদিগের এরূপ অধিকার থাকিবেক যে উত্তর কালে আপনারা নিযুক্ত করিব এই উদ্দেশে বাঙ্গালা ক্লাসে শিক্ষিত করিবার নিমিত্ত ছাত্র পাঠাইতে পারিবেন যাঁহারা এইরূপ ছাত্র পাঠাইবেন তাঁহাদিগকে তাঁহাদের সমুদায় ব্যয় নির্ব্বাহ করিতে হইবেক।

পরে যেরূপ পরীক্ষা নির্দ্ধারিত হইবেক প্রশংসাপত্র পাইবার নিমিত্ত সকল ছাত্রকেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবেক। যাঁহারা প্রশংসাপত্র প্রাপ্ত হইবেন তাঁহাদিগকে ডেপুটী মাজিষ্ট্রেটদিগের অধীনে, জেলের হাঁসপাতালে,ব্যাকসিনেটর অর্থাৎ ইঙ্গরেজী টীকাদারের কর্ম্মে ও এইরূপ আর যে যে কর্ম্মে গবর্ণমেণ্ট বাঙ্গালা দেশের মধ্যে যেখানে নিযুক্ত করিবেন,তাঁহাদিগকে তথায় যাইতে হইবেক।"

যাঁহারা উপরি নির্দ্দিষ্ট ক্লাসে নিযুক্ত হইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারা পরীক্ষার নির্দ্ধারিত দিবসে অন্ততঃ এক সপ্তাহ পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারীর নিকট আবেদনপত্র পাঠাইবেন।

নিম্নলিখিত রীতিক্রমে আবেদন পত্র পাঠাইতে হইবেক।

| নাম | বয়স্ | জাতি | পিতার নাম ও ব্যবসায় | গ্রাম, জিলা ও পরগনা | কোথায় ও কত বৎসর শিক্ষা পাইয়াছেন | রীতি চরিত্রের প্রমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

যাঁহারা বাঙ্গালা ক্লাসে নিযুক্ত হইতে চাহেন ১৮৫২ সালের ১০ জুন বৃহস্পতিবার বেলা ১১ ঘণ্টার সময় সংস্কৃত কালেজে তাঁহাদিগের পরীক্ষা হইবেক।

(অনুমত্যা।
এফ, জে, মোয়েট।
সেক্রেটারী।

কোন্সেল আর এডুকেসন। ২২এ এপ্রেল ১৮৫২।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা হুগলি এই যে।

সরকার বাহাদুরের খাস মহাল শহর শ্রীরামপুর ও মৌজে প্যারাপুর যাহা রিঃ নীচের তফশীল বার্ষিক ৮১৫৭৮৵১১ টাকা সদর জমায় ঐ শহর নিবাসী গঙ্গাধর লাহিড়ির সহিত ইজারা বন্দোবস্ত হইয়াছিল ঐ মহাল সন ১২৫৯ সাল মোং ইংরাজী সন ১৮৫২ সালের মেই মাহাহইতে ১০ সন বা ততোধিক মেয়াদে অপরের সহিত ইজারা বন্দোবস্তকরা আবশ্যক এমতে ইস্তাহারের দ্বারা জানান যাইতেছে যে যে কেহ ঐ মহাল ইজারা লইবার বাসনা রাখহ তাহার কর্ত্তব্য যে ১৫ রোজ মধ্যে এ কাছারীতে কিম্বা শহর শ্রীরামপুরের শ্রীযুত ডিপুটী কালেক্টর সাহেবের কাছারীতে দরখাস্ত করে আর প্রকাশ করা যায় যে যদিও বোর্ডের সন ১৮৫১। ২৮ ফেব্রুআরির ৫ নং সাধারণ লিপির মর্ম্মমতে সালিআনা সদর জমার পরিমাণে নগদ টাকা কিম্বা কোম্পানির কাগজে জামিনীর পরিবর্ত্তে ডিপাজিট লওয়া আবশ্যক কিন্তু যদিস্যাৎ কেহ সদর জমার অর্দ্ধেকের পরিমাণ কোম্পানির কাগজ কিম্বা নগদ টাকা ডিপাজেট করাবে প্রার্থনা করে তবে তাহা অনুগ্রহ করিয়া ডিপাজেট লওয়া যাইতে পারে তাহা দিতে কেহ মনস্থ না করিলে দরখাস্ত করণের প্রয়োজন নাই যদিস্যাৎ কোন ইজারার প্রার্থিত ইস্তফার বিষয়ে সন্দেহ করে তাহার কর্ত্তব্য যে দেওয়ানী আদালতে ইস্তফা বিষয়ক বৃত্তান্ত অবগত হয় ইতি সন ১৮৫২। ৫ মে।

| মহালের নাম। | মফস্বল হস্তবুদ | বাদ সরঞ্জামি শতকরা ১৫৲ টাকার হিসাবে | বাকী সদর জমা |
|---|---|---|---|
| নিজ শ্রীরামপুর | ৪৪৪৪৶৮ | ৬৬৬॥৵১ | ৩৭৭৭॥/৭ |
| প্যারাপুর | ৫৪৭৫ ৷৵৭ | ২০৲ টাকার হিসাবে ১০৯৫/৩ | ৪৩৮০ ৶৪ |
| | ৯৯১৯॥৵৩ | ১৭৬১॥৵৪ | ৮১৫৭৸৵১১ |

H. V. Bayley, *Offg. Collector.*

### SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of the undermentioned Jungle lands, situated within the limits of the Soonderbuns, in the 24-Pergunnahs, will be put up for Public Sale at Noon, on Thursday, the 27th May, 1852, corresponding with the 15th Joisto, 1259, at the Office of the Commissioner of the Soonderbuns at Allipore. The highest bidder will be entitled to it, and must immediately pay the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name, with the confirmation of Government, and he will occupy the land according to the terms of the Pottah.

It is further notified, that intending purchasers who may wish to see the map of the ground, may obtain all necessary information by application personally or by their Agents at the Office of the Commissioner. The conditions of the sale will be made known on the day of Sale. A. D. 1852, 1st May; corresponding with B. S. 1259, 20th Bysack.

| *No. Lot.* | *Estimated Quantity.* |
|---|---|
| No. 104, ... ... ... | 35,400 Biggahs. |
| No. 107, ... ... ... | 7,500 „ |
| No. 109, ... ... ... | 22,000 „ |

Oomakaunt Sein, *Commissioner.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৮ মে।]

সুন্দরবন কমিস্যনরের দপ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে নীচের লিখিত সুন্দরবনের জঙ্গল জমিনের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানায় ইঙ্গরাজী ১৮৫২ সালের ২৭ মে মোতাবেক সন ১২৫৯ সালের ১৫ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে জন অতি উচ্চ মুল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণে তাহার খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মনজুরিক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখলীকার হইবেন আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারায় কমিস্যনরের দপ্তরখানায় তাহা জানিতে পারেন আরো উক্ত নিয়ম বিশেষ দেওয়া নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ১ মে মোং সন ১২৫৯ সাল তারিখ ২০ বৈশাখ।

| লাটের নম্বর | আন্দাজী রকবা |
|---|---|
| ১০৪ নং লাটের জমি আন্দাজী | ৩৫৪০০/ |
| ১০৭ নং লাটের জমি আন্দাজী | ৭৫০০/ |
| ১০৯ নং লাটের জমি আন্দাজী | ২২০০০/ |

উমাকান্ত সেন। কমিস্যনর।

---

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

---

## IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of COLIN CAMPBELL JACKSON SCOTT, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 5th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an account in detail of the receipts and disbursements of the Assignee, from the 3d day of September, 1850, until the 1st day of May instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given, at the Office of the Chief Clerk 3 clear days before the hearing.

Official Assignee's Office, 10th May, 1852.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন কালিন কাম্বেল জ্যাকসন স্কট সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুননি আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে পুনরায় হইবেক। আসৈনী সাহেবের ১৮৫০ সালের ৩ সেপ্টেম্বর তারিখঅবধি বর্ত্তমান মে মাসের ১ তারিখপর্য্যন্ত জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে তিনি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহিলে শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনীর দফ্তরখানা। ১৮৫২ সাল ১০ মে।

---

The like notice in the matter of JOHN ROBIN HOOD DeBRUYNE, an Insolvent, wherein the account of the Assignee is filed from 29th day of July, 1851, to the 1st day of May instant.

যোত্রহীন জান রাবিন হুড ডিব্রুন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে এতদ্বিষয়ে ১৮৫১ সালের ২৯ জুলাই তারিখঅবধি বর্ত্তমান মে মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনী সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

---

In the matter of WILLIAM GEORGE BAXTER, sued by the name of W. G. Baxter, late of the Town of Calcutta, formerly a Commander in the service of the Steam Tug Company, and lately in the service of the East India Company, as a Surveyor of European Distilleries in Bengal, adjudged entitled on Saturday, the first day of August, One Thousand Eight Hundred and Forty-six to the benefit of the Act of the Ninth, George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies.

VICTORIA, by the Grace of God, of the United Kingdom of Great Britain and Ireland, Queen, Defender of the faith and so forth.

UPON reading a petition of the abovenamed Insolvent, praying for his discharge, pursuant to the provisions of the Statute Ninth, George the Fourth, Chapter Seventy-three and his affidavit in verification thereof, Two paper writings purporting to be consent of Creditors therein named, six several affidavits of William Robert Mackenzie, Nobocoomar Mullick, Frederick Vizetelly and John Joseph Tucker, in verification of signatures to such consent, the office copy of the order made in this matter on the first day of August, One Thousand Eight Hundred and Forty-six, and it appears from the Certificate of the Chief Clerk of this Court that Creditors to the amount of more than one-half in number and value have signified their consent to the final discharge of the said Insolvent, all filed in this Court and upon the application of Mr. Wight, Attorney for the said Insolvent. It is ordered that the said Insolvent be for ever discharged from all liability whatsoever, for or in respect of the several debts due from him to the following persons, (that is to say,) Messieurs Rankin and Company, Messieurs Hunter and Company, Mr. C. B. M. Jacobs, Messieurs Hollway and Company, Messieurs D. Wilson and Company, Messieurs Mandy and Company, Messieurs Pittar and Company, Messieurs Lattey Brothers and Company, Messieurs Hughes and Templer, Messieurs Sanders and Cones, Messieurs Thompson and Broad, Messieurs Bathgate and Company, Messieurs T. E. Thompson and Company, Messieurs Thacker and Company, Messieurs Boudet and Company, Robert O'Dowda, Esquire, of Calcutta, the Assignee of Messieurs Tulloh and Co., Insolvents; Messieurs R. Scott, Thomson and Company, Messieurs Currie and Company, Messieurs Llewlyn and Company, Jhurroo Sircar, Gopee Sircar, Bulloram Doss, Messieurs J. Huber and Company, Baboo Hurrischunder Bose, Nobinchunder Seal, Madame Chevrot, Mungloo Consomah, Mrs. Carbery, J. Carbery, Annes Barber, Kissen Sing, Munnyrudden Sircar, Mr. T. Fraser, Sree-

Kissen Law, Mr. J. Bodry, Gourmohun Biswas, Mr. R. Anley, Sreedhur Chatterjee, Mr. and Mrs. Marshall, Mrs. C. Deacle, Mr. Ormonde, Mr. B. Palmer, P. Rambil, Mr. Pallimore, Mr. J. C. DaCosta, Mr. V. D. Attende, Mr. J. King, Mr. F. Ruff, Mr. H. Hoggan, Mr. L. E. Saubolle, R. Ageus, Mrs. Suleer, Mr. Garare, Surroopchunder Dutt, Bhogbut Dutt, Ramsoonder, Dwarkanauth Ghose, Gomany, Ooghire Ram Ghose, Fuckeer Mahomed, Jurrub Deen Mahomed, Anauth Binneed, Meajaun, Meersa Mankhan Pootow, Khosaul Doss, Meajaun Oorgoon, Punchanun Gooldhardobe, Jhuggoo, Girdharee, Geethun Meajan, Amerund, Ameer, Fuckeerchund, Choddee Juglee Hingoo, Currum Allee, Seerally, Buxoo, Tubrage, Suddayhe Khidder, Auckbar, Edoo, Husnoo, Bhaggut, Oodhoo, Bunneadully, Kulloo, Chadie, Ramdhun, Punchoo, Bunno, Ameer Saubdha, Ramchund, Meajaun, Mittoo, Kissorymohun Doss, Bulloram Biswas, Aukey Chinaman, Muddoo, J. Barrey, Mrs. M. M. Gonsalves, J. W. Tucker, Prince Syed Tasseen, Tarranycburn Bonnerjee, Samachurn Mookerjee, Neelcomul Sen, Rajoo Mistry, Lauloo, Appatollah, Bramdy, Meajaun, Tin Cowrey, Hemnauth, Hoppejohn Allee, Samee Essupallee, Kondeh, Punchoo, Nunnueh Sing, Rungloll Bheekay, Sibnarain Sing, Peeroo, Nuncoo, Meajaun and Messieurs Macfarlane and Company, unless cause be shewn to the contrary on Saturday the fifth day of June next, And it is further ordered, that Notice of this order be forthwith inserted once in the *Englishman*, the *Bengal Hurkaru*, the *Citizen*, and the Calcutta *Exchange Gazette* respectively, Newspapers of Calcutta, and also once in *Bengalee Government Gazette*, printed at Serampore, and that the Chief Clerk of this Court do publish the substance of this order once in the *Calcutta Gazette*

Witness, Sir Lawrence Peel, Knight, Chief Justice at Fort William in Bengal, the third day of April, in the year of our Lord One Thousand Eight Hundred and Fifty-two.

WIGHT, *Attorney*. G. HIGGINS, *Chief Clerk*.

---

## IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

Nudololl Burraul, Sreemutty Hurrymoney Dossee, and Sreemutty Rammoney Dossee, Complainants,

and

Luckhunchunder Seal, Sreemutty Kooramoney Dossee, Soodamoney Dossee, Sreenauth Seal, Janokeenauth Seal, Balucknauth Seal, Sittanauth Seal, Beernarain Seal, Gopeechund Seal, Maudubchund Seal, Gopaulchund Seal, Brijoloil Seal, Sateourie Seal, Russickchund Seal, Bindabun Seal, Greedharee Seal, Beharryloll Seal, Sreemutty Goonomoney Dossee, Puddolochun Dutt, Fuckeerchund Seal, Sonatun Mullick, John Cochrane, Assignee, Hurrishchunder Paul, Moheschunder Paul, and Buncoobeharry Paul, Defendants.

Notice is hereby given, that on Thursday, the 17th day of June now next ensuing, or so soon thereafter as Counsel can be heard, this Honourable Court will be moved on behalf of the Complainants abovenamed for an order that the Bill of Complaint filed in this cause be taken proconfesso as against the Defendants, Sreemutty Kooramoney Dossee, Sreemutty Soodamoney Dossee, Sreenauth Seal, Janokeenauth Seal, and Sreemutty Goonomoney Dossee, for want of their answer, pursuant to the Rule of this Honourable Court, in this behalf made and provided. Dated this 15th day May, 1852

P. PEARD, *Complainants' Solicitor*.

### বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় নন্দলাল বড়াল ও শ্রীমতী হরিমণি দাসী ও শ্রীমতী রমণী দাসী ফরিয়াদী।

এবং

লক্ষ্মণচন্দ্র শীল ও শ্রীমতী কুড়ামণি দাসী ও সৌদামিনী দাসী ও শ্রীনাথ শীল ও জানকীনাথ শীল ও বালকনাথ শীল ও সীতানাথ শীল ও বীরনারায়ণ শীল ও গোপীচাঁদ শীল ও মাধবচাঁদ শীল ও গোপালচাঁদ শীল ও ব্রজলাল শীল ও সাতকৌড়ী শীল ও রসিকচাঁদ শীল ও বৃন্দাবন শীল ও গিরিধারী শীল ও বেহারীলাল শীল ও শ্রীমতী গুণমণি দাসী ও পদ্মলোচন দত্ত ও ফকীরচাঁদ শীল ও সনাতন মল্লিক ও আসৈনী জান কাক্রেন সাহেব ও হরিশ্চন্দ্র পাল ও মহেশচন্দ্র পাল ও বঙ্কবেহারী পাল আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুন মাসের ১৭ তারিখ বৃহস্পতিবারে অথবা তৎপরে যত শীঘ্র কৌন্সেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীরদের পক্ষে এই সম্ভ্রান্ত আদালতের নিকট দরখাস্ত করা যাইবেক যে আসামী শ্রীমতী কুড়ামণি দাসী ও শ্রীমতী সৌদামিনী দাসী ও শ্রীনাথ শীল ও জানকীনাথ শীল ও শ্রীমতী গুণমণি দাসী এতদ্বিষয়ে এই সম্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্ধারিত হওয়া বিধানমতে জওয়াব দাখিল না করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে তাহা স্বীকার করিয়াছে এই প্রকার হুকুম করা যায় ইতি। ১৮৫২ সাল তারিখ ১৫ মে।

পি পিয়র্ড।

---

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্‌তিহার।

---

### NOTICE.

Mr. Arthur William Spence, and Monsieur François Mazaux, have been admitted partners in our Firm from the first day of February last.

Calcutta, 11th day of May, 1852. J. SPENCE AND Co.

### ইশ্‌তিহার।

শ্রীযুত আর্থর উলিয়ম স্পেন্স সাহেব ও মঁসুর ফ্রানসে মাজো সাহেব গত ফেব্রুআরি মাসের ১ তারিখঅবধি আমারদের সওদাগরের শরীক হইয়াছেন।

কলিকাতা ১৮৫২ সাল ১১ মে। জে স্পেন্স কোম্পানি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৮ মে।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্ম্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 25, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৫ মে।


## ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 14TH MAY, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 14th May, 1852, is hereby promulgated for general information.

ACT No. XXVI. OF 1852.

*An Act to amend the mode of procedure in the Courts of the Sudder Ameens and Moonsiffs in the Presidency of Fort William in Bengal, and to extend the powers of Principal Sudder Ameens in appeals referred to them.*

Whereas it is desirable that the mode of procedure in original suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs in the Presidency of Fort William in Bengal, should be assimilated to the mode of procedure in such suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, and whereas it is desirable to extend to Principal Sudder Ameens power to issue an injunction for the revision of an original decision according to Clause 2, Section II., Regulation IX. of 1831, in regard to appeals referred to them, It is hereby enacted as follows:

I. Sections XIX., XXI., XXII., XXIV., XXVII., XXIX., XXXV., and XXXVII., Regulation XXIII. 1814, and Clauses 1, 2, 3 and 5, Section XXV., of the same Regulation, and Section LXXIII. of the same Regulation, so far as it extends Clauses 1, 2, 3 and 5, Section XXV. and Section XXXV. of the same Regulation to Sudder Ameens, Clause 5, Section V., and Clause 3, Section XV., Regulation V. 1831, and so much of Clause 3, Section VIII. of the said Regulation V. 1831,

## আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৪ মে।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৪ মে তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৬ আইন।

বাঙ্গলাপ্রভৃতি দেশে সদর আমীন ও মুনসেফের আদালতে কার্য্যের রীতি সংশোধনের এবং প্রধান সদর আমীনের প্রতি যে আপীল অর্পণ হয় তাহাতে তাঁহারদের ক্ষমতা বিস্তার করণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালতে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমায় কার্য্য করণের রীতি জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের আদালতে ঐ প্রকার মোকদ্দমার কার্য্য করণের রীতির সঙ্গে ঐক্য করা এবং যেহেতুক প্রধান সদর আমীনের প্রতি যে আপীল অর্পণ হয় তাহাতে ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণানুসারে আসল ডিক্রী সংশোধনের হুকুম দিবার ক্ষমতা ঐ সদর আমীনের প্রতি অর্পণ করা উচিত বোধ হইয়াছে অতএব ইহার দ্বারা নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮১৪ সালের ২৩ আইনের ১৯। ২১। ২২। ২৪। ২৭। ২৯। ৩৫ এবং ৩৭ ধারা এবং ঐ আইনের ২৫ ধারার ১। ২। ৩ ও ৫ প্রকরণ এবং ঐ আইনের ৭৩ ধারার যে ভাগের দ্বারা ঐ আইনের ২৫ ধারার ১। ২। ৩। ৫ প্রকরণ এবং ৩৫ ধারা সদর আমীনের প্রতি খাটান গেল সেই ভাগ এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণ ও ১৫ ধারার ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের উক্ত ৫ আইনের ৮ ধারার ৩ প্রকরণের যে ভাগ পূর্ব্বোক্ত ১৮১৪ সালের ২৩ আইনের ধারা ও প্রকরণের সঙ্গে সম্পর্ক রাখে তাহা রদ হইল এবং ১৮৩১ সালের ৫ আইনের ৬

as relates to the Clauses and Sections of Regulation XXIII. 1814, hereinbefore mentioned, and Section VI. of the said Regulation V. 1831, except in so far as it rescinds Sections LVII., LVIII., and LIX. of the said Regulation XXIII. of 1814, are hereby repealed.

II. All laws and rules now in force relating to the mode of procedure in the trial and decision of original Civil Suits in the Courts of the Judges and Principal Sudder Ameens, shall also apply to and regulate the mode of procedure in the trial and decision of original Civil Suits in the Courts of the Sudder Ameens and Moonsiffs.

III. Sections XIII. and XXI. Regulation III. 1793, Sections VII. and XI., Regulation VII. 1795, Sections XVII. and XIX., Regulation II. 1803, Sections VIII. and IX. Regulation VII. 1832, as extended by Act XXI. 1850, shall be applicable to suits and cases in the Courts of the Moonsiffs. Clause 2, Section IV., Regulation XXVI. 1814, relating to reviews of judgment shall also be applicable to the Courts of Sudder Ameens and Moonsiffs. Provided always, that if a Sudder Ameen or Moonsiff shall be of opinon that a review of his judgment ought to be granted, he shall report the case to the Judge, who is hereby authorized to permit such review under the same rules as are prescribed by the existing Regulations with respect to similar applications to the Court of Sudder Dewanny Adawlut.

IV. Every Sudder Ameen and Moonsiff shall have power and authority to try suits in which any Vakeel or Officer of his Court is a party, anything in Section VIII., Act VI. 1843, and in Clause 2, Section XV., Regulation V. 1831 to the contrary notwithstanding; and suits under Clause 1, Section XXX, Regulation II. 1819 may be referred to them by the Zillah Judge for trial and decision under the restrictions as to local jurisdiction and value of property mentioned in Clauses 1, 2 and 3, Section V., and Clause 2, Section XV., Regulation V. 1831.

V. Nothing in this Act contained shall be construed so as to repeal or otherwise affect the rules regarding the dispensing with the use of stamp paper on certain documents in the Courts of the Moonsiffs contained in Clause 2, Section IX., Regulation V. 1831, or the rules for procuring the attendance of witnesses in the Courts of the Moonsiffs contained in Section II., Act XVII. 1845.

VI. Applicants for execution of decrees may file with their petitions an authenticated copy of the decree of which execution is sought to be taken out, and in such case it shall not be necessary to compare the petition with the decree contained in the original record of the suit, anything in Clause 7, Section XV., Regulation XXVI. 1814 to the contrary notwithstanding.

VII. Original suits referred to a Sudder Ameen under Clause 2, Section XV., Regulation V. 1831, shall be tried and determined in conformity with

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৫ মে।]

ধারার যে ভাগে ১৮১৪ সালের ২৩ আইনের ৫৭। ৫৮ ও ৫৯ ধারা রদ হইল তাহা বর্জিয়া ঐ ১৮৩১ সালের ৫ আইনের ৬ ধারার অন্য ভাগ ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। জজ সাহেব ও প্রধান সদর আমীনের আদালতে প্রথমত উপস্থিতহওয়া দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিতে কার্য্যের রীতির বিষয়ে যে সকল আইন ও বিধি এক্ষণে চলন আছে তাহা সদর আমীন ও মুনসেফের আদালতে প্রথমত উপস্থিতহওয়া সকল দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিতে কার্য্যের রীতির বিষয়ে খাটিবেক এবং ঐ দেওয়ানী মোকদ্দমার সেইরূপে নির্ব্বাহ হইবেক ইতি।

৩ ধারা। ১৭৯৩ সালের ৩ আইনের ১৩ ও ২১ ধারা এবং ১৭৯৫ সালের ৭ আইনের ৭ ও ১১ ধারা ও ১৮০৩ সালের ২ আইনের ১৭ ও ১৯ ধারা এবং ১৮৫০ সালের ২১ আইনের দ্বারা বিস্তারিতহওয়া ১৮৩২ সালের ৭ আইনের ৮ ও ৯ ধারা মুনসেফের আদালতে উপস্থিতহওয়া মোকদ্দমার ও বিষয়ে খাটিবেক। ডিক্রীর পুনর্বিচারের বিষয়ি ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণ সদর আমীন ও মুনসেফের আদালতের বিষয়েও খাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন সদর আমীন অথবা মুনসেফের যদি এমত বোধ হয় যে তাঁহার ডিক্রী পুনর্বিচার করণের দরখাস্ত গ্রাহ্য করা উচিত তবে তিনি সেই বিষয়ের রিপোর্ট জজ সাহেবের নিকটে করিবেন এবং সদর দেওয়ানী আদালতে সেইরূপ দরখাস্তের বিষয়ে চলিত আইনে যে২ বিধি নিরূপণ আছে সেই২ বিধির অনুসারে জজ সাহেব সেইরূপ পুনর্ব্বিচারের অনুমতি দিতে পারেন ইতি।

৪ ধারা। যে২ মোকদ্দমায় সদর আমীন ও মুনসেফের আদালতের কোন উকীল অথবা আমলা এক পক্ষ হন সেই২ মোকদ্দমার বিচার করিতে ঐ বিচারকেরদের ক্ষমতা ও শক্তি থাকিবেক এবং ১৮৪৩ সালের ৬ আইনের ৮ ধারায় ও ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ২ প্রকরণে ইহার বিপরীত কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না। এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ১। ২। ৩ প্রকরণে ও ১৫ ধারার ২ প্রকরণে স্থান বিশেষের এলাকা ও মূল্যের সম্পত্তির বিষয়ে যে বিধি ও নিষেধ নিরূপণ আছে তাহাতে দৃষ্টি রাখিয়া জিলার জজ সাহেব সদর আমীন ও মুনসেফদিগকে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারার ১ প্রকরণের মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির জন্যে অর্পণ করিতে পারেন ইতি।

৫ ধারা। এই আইনের মধ্যের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে ১৮৩১ সালের ৫ আইনের ৯ ধারার ২ প্রকরণে মুনসেফের আদালতে কোন২ দলীল ইষ্টাম্প কাগজে না লিখনের বিষয়ে যে বিধি আছে অথবা মুনসেফের আদালতে সাক্ষিদিগকে হাজির করাওণের বিষয়ে যে২ বিধি ১৮৪৫ সালের ১৭ আইনের ২ ধারাতে নির্দ্দিষ্ট আছে তাহা রদ অথবা কোন প্রকারে তাহার ব্যাঘাত হইল ইতি।

৬ ধারা। ডিক্রী জারী করণের দরখাস্তকারিরা যে ডিক্রী জারী করণের চেষ্টা করে তাহার রীতিমত দস্তখৎ হওয়া এক নকল আপন২ দরখাস্তের সঙ্গে দাখিল করিতে পারে এবং এইমত হইলে মোকদ্দমার আসল রোয়দাদে যে ডিক্রী থাকে তাহার সঙ্গে দরখাস্তের ঐক্য করণের আবশ্যক হইবেক না এবং ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৭ প্রকরণে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

৭ ধারা। প্রথমত উপস্থিত যে মোকদ্দমা ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ২ প্রকরণক্রমে সদর আমীনের প্রতি অর্পণ হয় তাহার বিচার ও নিষ্পত্তি ১৮১৪ সা-

the Provisions of Regulation XXIII. 1814, and of this Act, anything in Clause 3, Section XV., Regulation V. 1831, to the contrary notwithstanding.

VIII. Nothing in this Act contained shall be construed to affect the mode of procedure in any case pending in the Courts of the Sudder Ameens and Moonsiffs at the time of the passing of this Act, but the mode of procedure in all such cases shall be governed by the law in force previous to the passing of this Act.

IX. The powers given to Zillah and City Judges, by Act VII. 1838, to issue an injunction for the revision of an original decision which has been found erroneous or insufficient according to Clause 2, Section II., Regulation IX. 1831, are extended to Principal Sudder Ameens in regard to all appeals referred to them.

X. This Act shall be deemed to extend only to the Bengal Presidency, and to refer only to the Regulations of the Bengal Code.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

লের ২৩ আইনের বিধির এবং এই আইনের বিধির অনুসারে হইবেক । এবং ১৮৩১ সালের ৫ আইনের ১৫ ধারার ৩ প্রকরণে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি ।

৮ ধারা । এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে এই আইন জারী হওনের সময়ে সদর আমীন ও মুনসেফের আদালতে যে কোন মোকদ্দমা উপস্থিত ছিল সেই মোকদ্দমার নির্ব্বাহের রীতির কোন মতান্তর হইবেক । কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে আইন চলন ছিল তদনুসারে সেই প্রকার সকল মোকদ্দমার নির্ব্বাহ হইবেক ইতি ।

৯ ধারা । যে আসল ডিক্রী ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্ররণানুসারে ভ্রমযুক্ত অথবা উপযুক্ত বিচার করণ ব্যতিরেকে হইয়াছে দৃষ্ট হয় সেই ডিক্রী সংশোধনের হুকুম দিবার যে২ ক্ষমতা ১৮৩৮ সালের ৭ আইনঅনুসারে জিলা ও শহরের জজ সাহেবদিগকে দেওয়া গিয়াছিল তাহা প্রধান সদর আমীনের প্রতি অর্পিত সকল আপীলের বিষয়ে প্রধান সদর আমীনেরদের প্রতিও খাটিবেক ইতি ।

১০ ধারা । এই আইন কেবল বাঙ্গলা রাজধানীর অধীন দেশে খাটে এবং তাহা কেবল বাঙ্গলা রাজধানীর চলন আইনের সঙ্গে সম্পর্ক রাখে এমত বোধ করিতে হইবেক ইতি ।

এফ জে হালিডে ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## DRAFTS OF ACTS.

### FORT WILLIAM,
### HOME DEPARTMENT,
### LEGISLATIVE,

THE 27TH FEBRUARY, 1852.

The following Extract from the Proceedings of the Governor General of India in Council, in the Legislative Branch of the Home Department, under date the 27th February, 1852, is published for general information :

Read a second time the Draft of a proposed Act, dated the 22d August, 1851, and published in the *Bengalee Government Gazette* of the 2d September, 1851, to amend the law for the attendance and examination of witnesses in the Civil Courts of the Bengal Presidency.

*Resolution.*—The Governor General in Council resolves, that the following revised Draft on the subject be published for general information :

ACT NO. —— OF 1852.

***An Act to amend the Law of Evidence in the Civil Courts of the Bengal Presidency.***

Whereas the law of evidence administered by the Civil Courts of the Presidency of Fort William in Bengal, and the rules for the attendance and examination of witnesses in such Courts, require amendment, It is enacted as follows :

I. Sections XXXIII. and LXXIII. of Regulation XXIII. of 1814 of the Bengal Code, regarding the examination of witnesses before Moonsiffs and Sudder Ameens, and so much of Section XI. Regulation XXIV. of 1814 of the same Code, and Section I. Act VI. of 1843, as authorizes the examination of witnesses otherwise than personally by the presiding City or Zillah Judge or Principal Sudder Ameen, are hereby repealed.

## আইনের মুসাবিদা ।

### ফোর্ট উলিয়ম ।
### দেশীয় ডিপার্টমেণ্ট ।
### লেজিসলেটিব ।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৭ ফেব্রুআরি ।

দেশীয় সিরিশ্তার ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৭ ফেব্রুআরি তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে ।

বাঙ্গলা রাজধানীর অধীন দেওয়ানী আদালতে সাক্ষিরদিগকে হাজির করাওণের ও তাহারদের জোবানবন্দী লওনের বিষয়ি আইন সংশোধনার্থে ১৮৫১ সালের ২২ আগষ্ট তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫১ সালের ২ সেপ্টেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল ।

নির্দ্ধারণ । শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয় ।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— অক্ট ।

বাঙ্গলা রাজধানীর অধীন দেওয়ানী আদালতে সাক্ষ্যবিষয়ক আইন সংশোধনের আইন ।

যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেওয়ানী আদালতে সাক্ষ্যবিষয়ক আইন এবং ঐ২ আদালতে সাক্ষিরদিগকে হাজির করাওণ ও জোবানবন্দী লওনের বিষয়ে যে বিধি আছে তাহা সংশোধন করিবার আবশ্যক আছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল ।

১ ধারা । মুনসেফেরদের ও সদর আমীনেরদের সম্মুখে সাক্ষিরদের জোবানবন্দী লওনের বিষয়ি বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ৩৩ ও ৭৩ ধারা, এবং ১৮১৪ সালের ২৪ আইনের ১১ ধারার এবং ১৮৪৩ সালের ৬ আইনের ১ ধারার যে ভাগে শহর বা জিলার জজ অথবা প্রধান সদর আমীনের নিজের দ্বারা সাক্ষিদিগের জোবানবন্দী লওনব্যতিরেকে অন্য প্রকারে তাহা লওনের হুকুম আছে তাহা ইহার দ্বারা রদ হইল ইতি ।

II. In any regular suit, appeal or miscellaneous proceeding, it shall be lawful for the Judge, upon good and sufficient grounds in the estimation of such Judge being shown, to examine any party to such suit, appeal or proceeding, as a witness, with respect to any question at issue therein, and also to order, in accordance with the provisions hereinafter contained, any such party as aforesaid to produce any document in his possession or power. Provided always that female parties, who according to the custom of the country ought not to be compelled to appear as witnesses in Court, shall be examined as hereinafter in Section XVIII. mentioned. Provided also, that if any party to any such suit, appeal or proceeding as aforesaid shall satisfy the Judge that the subject of inquiry is not one of which such party has personal knowledge, he shall be allowed to name any agent, local manager or other person on his behalf, who has personal knowledge of such matter, and then and in such case, the evidence of the agent, local manager or other person shall be accepted by the Judge in lieu of the evidence of such party, and the statement of the agent, local manager or person so examined shall be held conclusive against the party, in like manner as his own statement would have been.

III. If any party to such suit, appeal or proceeding as aforesaid shall refer to any document in his possession or power, in any pleading or statement filed or made by him in such suit, appeal or proceeding, the adverse party, before replying to such pleading or statement, may apply to the Judge before whom such suit, appeal or proceeding is pending, to order the production of such document for his inspection, and it shall thereupon be lawful for the said Judge to issue an order in writing, directing the production of such document, at a place and time to be named in such order, and from time to time, by similar orders, to enlarge the time allowed for such production, if the said Judge shall think fit so to do; and if the said party shall not produce the document at the time and place appointed for the production thereof, the Judge may proceed against him in such manner as is provided by Section X. of this Act with respect to parties summoned or examined as witnesses.

IV. After the parties in a suit have filed their exhibits and lists of witnesses whom they desire to summon, the Judge shall, by an order in writing, appoint a day, not less than fifteen nor more than forty days, after the date of such order, for the examination of witnesses and the hearing of the suit.

V. The Judge, or an officer of the Court to be specially charged with the duty by the Judge, shall, on the requisition of the plaintiff or defendant, or their respective vakeels, issue a summons to every witness whom the parties may name, on payment into Court of such reasonable sum as shall, under the rules established in that respect under the authority of the Sudder Dewanny Adawlut, appear to

২ ধারা। কোন নম্বরী মোকদ্দমা অথবা আপীল কি মুৎফরক্কা বিষয়ে জজের এই ক্ষমতা থাকিবেক যে ঐ জজের বোধে উত্তম ও মাতবর হেতু দর্শান গেলে ঐ মোকদ্দমাপ্রভৃতিতে যে কোন বিষয়ের বিরোধ থাকে তাহার সম্পর্কে ঐ মোকদ্দমা বা আপীল কি বিষয়ে লিপ্ত কোন ব্যক্তির জোবানবন্দী সাক্ষিস্বরূপ লন। এবং সেইরূপ পূর্ব্বোক্ত কোন মোকদ্দমাপ্রভৃতিতে লিপ্ত কোন ব্যক্তিকে আপন দখলে বা এখ্তিয়ারে যে কোন দলীল থাকে তাহা পশ্চাৎ লিখিত বিধিক্রমে দাখিল করিতে হুকুম দেন। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য যে যে স্ত্রীগণকে দেশের চলনমতে আদালতে সাক্ষিস্বরূপ আনান অকর্ত্তব্য তাহারদের জোবানবন্দী এই আইনের মধ্যের পশ্চাৎ লিখিত ১৮ ধারানুসারে লওয়া যাইবেক। আরো জানা কর্ত্তব্য যে ঐরূপ পূর্ব্বোক্ত কোন মোকদ্দমা বা আপীল কি বিষয়ে লিপ্ত কোন ব্যক্তি যদি জজের এইমত হৃদ্বোধ করে যে জিজ্ঞাসার বিষয়ে ঐ ব্যক্তির নিজের কিছু জানা নাই তবে যে কোন মোখ্তারকার বা সরবরাহকার বা অন্য ব্যক্তির সেই বিষয়ে নিজের জানা থাকে এমত ব্যক্তির নাম ঐ ব্যক্তি আপনার তরফে জ্ঞাত করিতে পারে এবং তাহা হইলে জজ ঐ ব্যক্তির সাক্ষ্যের বদলে ঐ মোখ্তার বা সরবরাহকার কি অন্য ব্যক্তির সাক্ষ্য গ্রাহ্য করিবেন এবং যেরূপ ঐ ব্যক্তির নিজ এজহার আপনার বিরুদ্ধে চূড়ান্ত বোধ হইত সেইরূপে যে মোখ্তার কি সরবরাহকার কি অন্য ব্যক্তির জোবানবন্দী ঐরূপে লওয়া যায় তাহার এজহার তাহার বিরুদ্ধে চূড়ান্ত বোধ হইবেক ইতি।

৩ ধারা। ঐরূপ কোন মোকদ্দমা বা আপীল কি বিষয়ে লিপ্ত কোন ব্যক্তি যদি ঐ মোকদ্দমা বা আপীল কি বিষয়ে আপনার দ্বারা করা কোন সওয়াল জওয়াব বা এজহারে আপনার দখলে অথবা এখ্তিয়ারে থাকা কোন দলীলদস্তাবেজের বিষয়ের উল্লেখ করে তবে বিপক্ষ ব্যক্তি ঐ সওয়াল জওয়াব অথবা এজহারের উত্তর দেওনের পূর্ব্বে যে জজের সম্মুখে ঐ মোকদ্দমা বা আপীল কি বিষয় উপস্থিত থাকে সেই জজের নিকটে এই দরখাস্ত দিতে পারে যে আমার দেখিবার জন্যে ঐ দলীল আনাইতে হুকুম দেন এবং তাহা হইলে ঐ জজ এই লিখিত হুকুম দিতে পারেন যে ঐ হুকুমের নির্দ্দিষ্ট স্থানে ও সময়ে ঐ দলীল উপস্থিত করা যায় এবং যদি ঐ জজের উচিত বোধ হয় তবে সময়ক্রমে সেইপ্রকার হুকুমের দ্বারা ঐ দলীল উপস্থিত করণার্থে অধিক মিয়াদ দিতে পারেন। এবং যদি ঐ ব্যক্তি দলীল উপস্থিত করণার্থে যে সময় ও স্থান নির্দ্দিষ্ট হয় সেই সময়ে ও স্থানে তাহা উপস্থিত না করে তবে এই আইনের ১০ ধারায় সাক্ষিস্বরূপ তলবহওয়া বা তজবীজহওয়া ব্যক্তিরদের বিষয়ে যে হুকুম আছে সেই হুকুমানুসারে ঐ ব্যক্তির প্রতিকূলে কার্য্য করিতে পারেন ইতি।

৪ ধারা। মোকদ্দমার বাদিপ্রতিবাদী যখন আপনারদের দলীলদস্তাবেজ ও যে সাক্ষিরদের তলব করিতে চাহে তাহারদিগের ইসমনবিসী দাখিল করিয়াছে তখন জজ লিখিত হুকুমের দ্বারা ঐ সাক্ষিরদের জোবানবন্দী লওনের নিমিত্তে এবং মোকদ্দমা শুনানির জন্যে এক দিন নিরূপণ করিবেন এবং ঐ দিবস ঐ হুকুমের তারিখের পর পনের দিনের কম ও চল্লিশ দিনের অধিক হইবেক না ইতি।

৫ ধারা। ফরিয়াদী কি আসামী বা তাহারদের স্বং উকীল দরখাস্ত করিলে এবং সদর দেওয়ানী আদালতের ক্ষমতাক্রমে তদ্বিষয়ে নিরূপিত বিধানানুসারে সাক্ষিদিগের আদালতে আসিবার ও তথাহইতে ফিরিয়া যাইবার রাহাখরচ এবং তথায় হাজির থাকিবার অন্যান্য খরচের নিমিত্তে যে ওয়াজিবী টাকার আবশ্যক বোধ হয় সেই টাকা আদালতে দাখিল করিলে জজ অথবা আদাল-

be necessary, to defray the travelling and other expenses of such witness in passing to and from the Court, and being detained thereat. Provided always that no such summons shall be issued to any Hindoo or Mahomedan woman of a rank or quality which, according to the manners and customs of the country, would render it improper to compel her to appear as a witness in a Court of Justice.

তের যে আমলাকে তিনি সেই ভার বিশেষরূপে অর্পণ করেন সেই আমলা বাদিপ্রতিবাদির নির্দ্দিষ্ট প্রত্যেক সাক্ষির নামে সমন দিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে হিন্দু বা মুসলমানের যে মান্য স্ত্রীকে দেশের চলনমতে সাক্ষিস্বরূপ আদালতে আনান অকর্ত্তব্য এইমত হিন্দু ও মুসলমানের স্ত্রীর প্রতি সেইরূপ সমন দেওয়া যাইবেক না ইতি।

VI. Every such summons shall set forth at whose request it has been issued, and shall require the intended witness to appear in the Court on the day named in the summons, and there to give evidence concerning the matter in dispute between the parties. If a witness is required to appear, and to produce before the Court any documents alleged by the party summoning him to be in his possession or power, a direction to attend the Court with such documents shall be inserted in the summons and the nature of each document which the witness may be so called upon to produce shall be set forth in the summons with reasonable certainty.

৬ ধারা। যাহার দরখাস্তক্রমে সমন দেওয়া যায় তাহার নাম এমত প্রত্যেক সমনে লেখা থাকিবেক এবং যাহাকে সাক্ষি করিতে মানস আছে তাহার প্রতি এই হুকুম হইবেক যে তুমি সমনের নির্দ্দিষ্ট দিবসে আদালতে হাজির হইয়া উভয় পক্ষের মধ্যে বিবাদের বিষয়ে সাক্ষ্য দেও যে ব্যক্তি সাক্ষিকে সমন করে সেই ব্যক্তি যদি কহে যে সাক্ষির দখলে বা এখ্তিয়ারে দলীল আছে এবং ঐ সাক্ষিকে হাজির হইতে এবং ঐ২ দলীল আদালতে দাখিল করিতে হুকুম হয় তবে ঐ২ দলীল লইয়া আদালতে উপস্থিত হইবার হুকুম সমনের মধ্যে লেখা যাইবেক এবং যে প্রত্যেক দলীল দাখিল করিতে ঐ সাক্ষিকে এইরূপ হুকুম দেওয়া যায় সেই দলীলের ভাব ঐ সমনের মধ্যে এইমত লিখিতে হইবেক যে তাহা উপযুক্তমতে নিশ্চয় করিয়া জানা যায় ইতি।

VII. A witness, not being a party to the suit or proceeding in which he is summoned, shall not be bound to produce his own title deeds, or the title deeds of his principal or client, nor any document relating to affairs of state the production of which would be contrary to good policy, nor any document the production of which would involve a breach of professional confidence on his part. A witness who is a party to the suit or proceeding in which he is summoned, shall not be bound to produce any document in his possession or power which exclusively relates to his own case, and is not relevant and material to the case made by the party opposed to him in such suit, appeal or proceeding, nor any documents which passed between him and his professional advisers relating to the said suit, appeal or proceeding, or in contemplation thereof. Provided always, that every party shall be bound to produce all documents mentioned or referred to by himself, in any pleading or statement filed in the suit, appeal or proceeding in which he is summoned as a witness.

৭ ধারা। যে সাক্ষী মোকদ্দমা বা আপীল কি বিষয়ে সমন হয় সেই মোকদ্দমাপ্রভৃতিতে যদি লিপ্ত না থাকে তবে আপনার পাট্টা খরীদকীপ্রভৃতি কিম্বা আপনার মনিব বা মওক্কেলের খরীদকী পাট্টাপ্রভৃতি বা রাজসংক্রান্ত কার্য্যের সম্পর্কীয় যে কোন দলীল উপস্থিত করা উপযুক্ত নয় এইমত দলীল অথবা যে কোন দলীল উপস্থিত করিলে তাহার ব্যবসাক্রমে যে বিশ্বাস তাহার প্রতি রাখা গিয়াছে সেই বিশ্বাসের ঘাতকতা হয় এইমত দলীল উপস্থিত করিতে তাহার কোন আবশ্যক নাই। কোন সাক্ষির যে মোকদ্দমা কি বিষয়ে তলব হয় সেই মোকদ্দমা বা বিষয়ে লিপ্ত থাকিলে তাহার দখলে বা এখ্তিয়ারে যে দলীল কেবল তাহার নিজ মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখে এবং ঐ মোকদ্দমা বা আপীল কি বিষয়ে তাহার প্রতিবাদী যে মোকদ্দমা করিয়াছে সেই মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখে না এবং তাহার বিষয়ে দরকারী নহে এমত দলীল উপস্থিত করিবার আবশ্যক নাই। কিম্বা ঐ মোকদ্দমা অথবা আপীল কি কার্য্যের সম্পর্কে কি তাহার উদ্দেশে তাহার এবং তাহার উকীল কি মোখ্তারের সঙ্গে যে লিখনপঠন হইয়াছে তাহা আদালতে উপস্থিত করিবার আবশ্যক নাই। কিন্তু জানা কর্ত্তব্য যে মোকদ্দমা বা আপীল কি বিষয়ে যে কোন ব্যক্তির সাক্ষিস্বরূপ তলব হইয়াছে সেই মোকদ্দমাপ্রভৃতিতে দাখিলহওয়া কোন সওয়াল জওয়াব বা এজহারে সেই ব্যক্তি যে দলীলের বিষয় আপনি উপস্থিত বা উল্লেখ করিয়াছে সেই সকল দলীল তাহার নিতান্তই আদালতে উপস্থিত করিতে হইবেক ইতি।

VIII. Every witness, on receipt of a summons to appear and produce a document in his possession or power as aforesaid, shall be bound to bring such document into Court, although he may have a valid excuse for not disclosing the contents thereof, and the validity of any objection made by such witness to the production of such document in evidence shall be determined by the Court; and for the better determination thereof, it shall be lawful for the Court to receive any affidavit or deposition which the witness may make depose to or produce respecting the said document, and it shall also be lawful for the Court, in their discretion, to inspect the document, and if the Court shall be of opinion that such docu-

৮ ধারা। প্রত্যেক সাক্ষী হাজির হইতে এবং পূর্ব্বোক্তমতে আপনার দখলে কি এখ্তিয়ারে থাকা কোন দলীল উপস্থিত করিতে সমন পাইলে যদ্যপিও সেই দলীলের মর্ম্ম প্রকাশ না করিবার তাহার মাতবর কারণ থাকে তথাপি সেই দলীল আদালতে তাহার উপস্থিত করিতেই হইবেক এবং ঐ দলীল সাক্ষ্যস্বরূপ উপস্থিত করিতে ঐ সাক্ষির যে আপত্তি থাকে তাহার মাতবরীর বিষয় আদালত নিশ্চয় করিবেন। এবং তাহার মাতবরীর বিষয় উত্তমরূপে নিশ্চয় করিবার জন্যে ঐ দলীলের বিষয়ে ঐ সাক্ষী যে কোন সুকৃতিপত্র অথবা জোবানবন্দী দিতে চাহে বা উপস্থিত করিতে চাহে সেই সুকৃতিপত্রপ্রভৃতি ঐ আদালত গ্রাহ্য করিতে পারেন। এবং ঐ আদালত আপনার বিবেচনাক্রমে ঐ দলীল তদারক করিতে পারেন এবং যদি ঐ আদালতের এইমত বোধ

ment should not be produced, the Court shall not disclose the contents thereof to the parties, or take any note, or make any mention thereof, in their judgment or proceedings, but shall return the document at once to the party producing the same.

IX. When the Judge, on the application of either of the parties to such suit, appeal or proceeding as aforesaid, or in his own discretion, may determine to proceed under the authority given by Section II. of this Act, he shall, if the party whom he may desire to examine be personally present in Court, proceed to take his evidence, and if the party shall not be personally present in Court, but shall be represented by a Pleader, the Judge shall cause to be delivered to such Pleader a notice in writing, for which a receipt shall be taken from the Pleader, desiring the party to appear in Court by a day to be therein named, for the purpose of being examined; or if a defendant shall not have appeared in Court either personally or by a Pleader, a summons may be issued for his attendance, as in the case of an ordinary witness.

X. If any witness to whom any such summons as aforesaid shall have been delivered, shall, without lawful excuse, fail to attend on the day appointed, or attending, shall refuse to give evidence, or to subscribe his deposition, or to produce any document named in such summons as aforesaid which the Judge shall be satisfied the witness has in his possession or power and shall consider he is bound to produce, the Judge shall have full power and authority to issue an order in writing to the Nazir, to seize and bring the witness before the Court, or, if he be already before the Court, to take him into custody, and, in his discretion, may impose on such witness a fine, not exceeding five hundred rupees, for his default, realizable by attachment, and sale of his property, and may commit him to close custody until he shall consent to give his evidence, and to sign his deposition, or to produce the document aforesaid; or, if the witness be a plaintiff or petitioner in the suit or proceeding, his complaint or petition may be dismissed with costs; and any such fine as aforesaid shall be levied and recovered by attachment and sale of the property of any such witness as aforesaid, and if any such witness, to whom a summons has been delivered, shall abscond or conceal himself so that he cannot be seized and brought before the Court, his property shall be liable to attachment and sale, in the same manner as is provided by Sections XII., XIV. and XV. of this Act with respect to witnesses on whom the Nazir may be unable to serve a Summons.

XI. If a witness, who attends pursuant to a summons, shall have incurred any expense in consequence of his being required to appear, the Judge shall award to him such sum for his charges as may appear reasonable, whether he be examined or not, and until payment of the sum so awarded, the person summoned may refuse to give evidence.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৫ মে।]

হয় যে ঐ দলীল দর্শান উচিত নহে তবে ঐ আদালত তাহার মর্ম্ম বাদিপ্রতিবাদিদিগকে জ্ঞাত করিবেন না কিম্বা তাহার বিষয়ে কিছু টুকিয়া রাখিবেন না অথবা আপনার ফয়সলা কি কার্য্যে তাহার বিষয়ে কিছু উল্লেখ করিবেন না কিন্তু যে ব্যক্তি ঐ দলীল উপস্থিত করিল তাহাকে তাহা একেবারে ফিরাইয়া দিবেন ইতি।

৯ ধারা। যখন জজ ঐমত পূর্ব্বোক্ত মোকদ্দমা বা আপীল কি বিষয়ে লিপ্ত ব্যক্তির দরখাস্তক্রমে অথবা আপনার বিবেচনামতে এই আইনের ২ ধারানুসারে দেওয়া ক্ষমতাক্রমে কার্য্য করিতে নিশ্চয় করেন তখন যে ব্যক্তির জোবানবন্দী লইতে চাহেন সেই ব্যক্তি স্বয়ং আদালতে উপস্থিত থাকিলে তাহার সাক্ষ্য লইবেন এবং যদি ঐ ব্যক্তি স্বয়ং আদালতে হাজির না থাকে কিন্তু তাহার পক্ষে কোন উকীল আদালতে উপস্থিত থাকেন তবে ঐ জজ উকীলকে একটা লিখিত এত্তেলা দেওয়াইবেন এবং ঐ উকীল তাহা পাইবার এক রসীদ দিবেন এবং ঐ এত্তেলাতে এই হুকুম থাকিবেক যে তাহার মধ্যের নির্দ্দিষ্ট দিবসে তিনি জোবানবন্দী দিবার জন্যে আদালতে হাজির হন অথবা যদি আসামী স্বয়ং আদালতে উপস্থিত না হইয়া থাকে অথবা কোন উকীল নিযুক্ত না করিয়া থাকে তবে সামান্য সাক্ষির বিষয়ে যেরূপ হইয়া থাকে সেইরূপে তাহার হাজির হইবার জন্যে সমন দেওয়া যাইতে পারে ইতি।

১০ ধারা। যে সাক্ষিকে পূর্ব্বোক্তমতে সমন দেওয়া গিয়াছে সেই সাক্ষী যদি ন্যায্য ওজর বিনা নির্দ্দিষ্ট দিবসে হাজির না হয় অথবা হাজির হইয়া যদি সাক্ষ্য দিতে কিম্বা আপনার জোবানবন্দীতে দস্তখৎ করিতে স্বীকার না করে অথবা ঐ সমনে পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট যে দলীল সাক্ষির দখলে বা এখ্তিয়ারে থাকন বিষয়ে জজের হৃদ্বোধ আছে এবং তাহা উপস্থিত করিতে আবশ্যক বোধ করেন সেই দলীল যদি সেই সাক্ষী না আনে তবে জজের এই সম্পূর্ণ ক্ষমতা ও শক্তি থাকিবেক যে ঐ সাক্ষিকে গ্রেস্তার করিতে এবং আদালতে হাজির করিতে অথবা যদি সেই ব্যক্তি আদালতের সম্মুখে উপস্থিত থাকে তবে তাহাকে কয়েদ করিতে নাজিরকে লিখিত হুকুম দেন। এবং আপনার বিবেচনামতে ঐ সাক্ষির কসুরের জন্যে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং ঐ জরীমানা তাহার সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা আদায় হইবেক এবং যাবৎ ঐ ব্যক্তি সাক্ষ্য দিতে এবং জোবানবন্দীতে দস্তখৎ করিতে অথবা পূর্ব্বোক্ত দলীল দাখিল করিতে স্বীকার না করে তাবৎ তাহাকে কঠিন কয়েদ করিতে পারেন কিম্বা যদি ঐ সাক্ষী সেই মোকদ্দমা বা আপীল কি বিষয়ে ফরিয়াদী কি দরখাস্তকারী হয় তবে তাহার নালিশ অথবা দরখাস্ত খরচাসমেত ডিসমিস হইতে পারে। এবং ঐরূপ কোন জরীমানা পূর্ব্বোক্তমতে সাক্ষির সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা আদায় ও উসুল হইবেক এবং ঐরূপ যে কোন সাক্ষিকে কোন সমন দেওয়া গিয়াছে সেই ব্যক্তি যদি পলায় অথবা আপনাকে এইরূপ লুকায় যে তাহাকে ধরিয়া আদালতে আনা যাইতে পারে না তবে যে সাক্ষির উপর নাজির সমন জারী করিতে না পারেন সেই সাক্ষির বিষয়ে এই আইনের ১২ ও ১৪ এবং ১৫ ধারায় যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে তাহার সম্পত্তি ক্রোক ও নীলামের যোগ্য হইবেক ইতি।

২৫ ধারা। উক্ত কোন সুপ্রিম কোর্ট অথবা তাহার এক জন জজ সাহেব ঐ সুপ্রিম কোর্টের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোন আদালত অথবা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি আদেশপত্র পাঠাইতে পারেন এবং পূর্ব্বোক্ত হুকুমনামার দুই নকল তাহার মধ্যে অথবা তাহার সঙ্গে দিবেন এবং ঐ হুকুমেতে যে নিয়ম নির্দ্দিষ্ট আছে তদনুসারে ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেবের এলাকার সীমার মধ্যে তাহা জারী করিতে হুকুম দিতে পারেন এবং ঐ পত্র ও উভয় নকলের প্রত্যেকে ঐ আদালতের এক জন জজের দস্তখৎ থাকিবেক ও তাহাতে ঐ আদালতের মোহর থাকিবেক এবং যে হুকুমে এইরূপ পূর্ব্বোক্তমতে দস্তখৎ ও মোহর হইয়াছে কথিত হুকুম

of the said Supreme Courts, and sealed with the seal of the said Courts, and the production thereof purporting to be signed and sealed as aforesaid shall be sufficient evidence of the issuing of such process, and that the requisition thereof shall and may be performed by any person for the time being constituting such Court, or discharging the duties of such Judge, Magistrate, or Justice of the Peace.

**XXVI.** Upon the production of such letter of request, together with such duplicates as aforesaid, such Court, Judge, Magistrate, or Justice of the Peace shall by endorsement upon one of such duplicates respectively under his hand, direct the said process to be executed pursuant to such directions as aforesaid by such person as such Court, Judge, Magistrate, or Justice of the Peace shall appoint to execute the same, and shall deliver one of such duplicates to such person so appointed to execute the same, and the same shall be executed accordingly, and if the same shall require to be executed beyond the limits of the jurisdiction of the Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom such letter of request may be addressed, then such duplicate may be executed by any other Court, Judge, Magistrate, or Justice of the Peace having jurisdiction over the subject-matter of such process in like manner as the Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom such letter of request may be addressed. Provided always that when such process shall be executed by any Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom the letter of request aforesaid was not addressed, a Judge of such Court or such Judge, Magistrate, or Justice of the Peace so executing the same shall certify in writing under his hand the execution of such process, and shall forward such Certificate to the said Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom such letter of request was addressed, of which said certificate, purporting to be issued as aforesaid, the production alone shall be sufficient evidence.

*Mofussil authorities to endorse one duplicate and deliver the other to some person for execution.*

**XXVII.** When such process shall have been executed in manner aforesaid, any Judge of such Court, or such Judge, Magistrate, or Justice of the Peace as aforesaid to which or to whom such letter of request as aforesaid was addressed, shall, by endorsement upon the other of such duplicates under his hand, certify the execution thereof, and shall deliver such duplicate so endorsed to the party or parties by whom the same was originally produced, or his or their agents, and the production of such duplicate so endorsed, and appearing to be so signed as aforesaid, shall be sufficient evidence of the execution of such process.

*Mofussil authorities to certify execution upon one of the duplicates, and deliver the same to the party.*

তাহা দেখান গেলে তাহা ঐ হুকুম বাহির হওনের প্রচুর প্রমাণ হইবেক এবং যে কোন ব্যক্তি তৎসময়ে ঐ আদালতের ক্ষমতাবিশিষ্ট হন অথবা ঐ জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেবের কার্য্য করেন তাঁহার ঐ হুকুমের মতাচরণ করণের ক্ষমতা হইবেক ইতি।

[মফঃসলের কর্ম্মকারকেরা ঐ দুই নকলের এক নকলের পৃষ্ঠে দস্তখৎ করিবেন এবং অন্য নকল কোন ব্যক্তিকে জারী হওনের নিমিত্তে দিবেন।]

২৬ ধারা। ঐ আদেশপত্র এবং পূর্ব্বোক্ত দুই নকল দাখিল হইলে ঐ আদালত অথবা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ দুই নকলের এক নকলের পৃষ্ঠে দস্তখৎ করিয়া যে ব্যক্তিকে ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেব জারী করণার্থে নিযুক্ত করেন তাঁহাকে ঐ হুকুমের নির্দ্দিষ্ট নিয়মানুসারে তাহা জারী করিবার হুকুম দিবেন এবং যে ব্যক্তি তাহা জারী করণার্থে নিযুক্ত হন তাঁহাকে ঐ দুই নকলের এক নকল দিবেন এবং তাহা তদনুসারে জারী হইবেক। এবং যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি ঐ আদেশপত্র দেওয়া গিয়াছে সেই আদালতপ্রভৃতির এলাকার সীমানার বাহিরে যদি তাহা জারী করিতে হয় তবে যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি ঐ আদেশপত্র দেওয়া গিয়াছে সেই আদালতপ্রভৃতি তাহা যেরূপে জারী করিতে পারেন সেইরূপে অন্য যে কোন আদালত কি জজ বা মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের ঐ হুকুমের বিষয়ে এলাকা থাকে সেই অন্য আদালতপ্রভৃতি ঐ হুকুম জারী করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যে আদালত কি জজ বা মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি পূর্ব্বোক্ত আদেশপত্র লেখা যায় নাই এমত আদালতপ্রভৃতির দ্বারা যখন ঐ হুকুম জারী হয় তখন যে আদালতের জজ অথবা সেইপ্রকার জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেব তাহা জারী করেন সেই আদালতের জজপ্রভৃতি ঐ হুকুম জারী হওনের বিষয়ে লিখনের দ্বারা আপন দস্তখৎক্রমে জানাইবেন এবং যে আদালত কি জজ বা মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি ঐ আদেশপত্র পাঠান গিয়াছিল তাঁহার নিকটে ঐ সর্টিফিকট পাঠাইবেন এবং যে সর্টিফিকট পূর্ব্বোক্তমতে বাহির হইয়াছে কথিত হয় তাহা দাখিল হইলে তাহাই তাহার প্রচুর প্রমাণ হইবেক ইতি।

[দুই নকলের এক নকলের উপর মফঃসলের কর্ম্মকারকেরা জারী হইয়াছে ইহা লিখিবেন এবং যে ব্যক্তি তাহা দাখিল করিল তাহাকে দিবেন।

২৭ ধারা। যখন ঐ হুকুম পূর্ব্বোক্তমতে জারী হইয়াছে তখন যে আদালতের জজ সাহেব অথবা সেইরূপ জজ সাহেব অথবা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের প্রতি পূর্ব্বোক্তমতে আদেশপত্র পাঠান গিয়াছিল সেই আদালতের জজ সাহেবপ্রভৃতি ঐ দুই নকলের অন্য এক নকলের পৃষ্ঠে আপন হাতের লিখনের দ্বারা ইহা জ্ঞাত করিবেন যে তাহা জারী হইয়াছে এবং সেইরূপ পৃষ্ঠে দস্তখৎহওয়া নকল যে ব্যক্তি বা ব্যক্তিরা আদৌ তাহা আনিয়াছিল তাহাকে বা তাহার বা তাহারদের মোক্তারকে তাহা দিবেন এবং সেইরূপে পৃষ্ঠে দস্তখৎহওয়া নকল দাখিল হইলে এবং পূর্ব্বোক্তমতে তাহাতে দস্তখৎ হইয়াছে দৃষ্ট হইলে তাহা ঐ হুকুম জারীর প্রচুর প্রমাণ হইবেক ইতি।

**XXVIII.** Upon the delivery of such duplicates of any Civil process as aforesaid to such Court, Judge, or Magistrate as aforesaid, the said Court, Judge, or Magistrate shall cause the date of such delivery to be endorsed on such duplicates, and shall cause the said process to be executed in like manner or as near thereto as if the same had been issued from or by such Court, Judge, or Magistrate or Justice of the Peace at the time of the said delivery; and no distinction shall be made as to priority or otherwise between the execution of such process as aforesaid or any other process of or by the said Court, Judge, Magistrate, or Justice of the Peace; but every process, whether original or otherwise, shall, as between each other, be subject to the same rules touching the mode and order of execution as are now or may be from time to time established in respect of process originally issued by such Court, Judge, Magistrate, or Justice.

*Date of delivery of process to be endorsed and process to be executed in like manner as if issued by the Mofussil authority.*

[হুকুম জারী হওনের তারিখ তাহার পৃষ্ঠে লিখিবেন এবং হুকুম মফঃসলের কর্ম্মকারকের দ্বারা বাহির হইলে যেরূপ হইত সেইরূপে তাহা জারী হইবেক।]

২৮ ধারা। সেইরূপ কোন দেওয়ানী হুকুমের দুই নকল পূর্ব্বোক্তমতে কোন আদালত কি জজ বা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দাখিল হইলে ঐ আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট সাহেব ঐ দুই নকলের পৃষ্ঠে তাহা দাখিল হওনের তারিখ লিখিতে হুকুম দিবেন এবং ঐ হুকুম দাখিল হওনের সময়ে ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা তাহা বাহির হইলে যেরূপে জারী হইত সেইরূপে অথবা তাহার যত সদৃশ হইতে পারে তাহা জারী করাইবেন এবং ঐ পূর্ব্বোক্ত হুকুম এবং ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের অন্য কোন হুকুম জারী করণেতে সময়ের বিষয়ে বা অন্য কোন বিষয়েতে কিছু ইতরবিশেষ হইবেক না। কিন্তু ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা বাহিরহওয়া হুকুম যে নিয়ম ও যে ক্রমে জারী হইবেক তাহার বিষয়ে যে২ বিধি এক্ষণে নির্দ্দিষ্ট আছে বা উত্তর কালে সময়ক্রমে নির্দ্দিষ্ট হয় সেই২ বিধিক্রমে প্রত্যেক হুকুম আসল হুকুম হউক কি অন্য প্রকার হুকুম হউক তাহা পরস্পর জারী হইবেক ইতি।

**XXIX.** Where any process of the said Supreme Courts against any lands out of such local limits shall be issued for the purpose of being enforced or executed by any other Court, Judge, Magistrate, or Justice of the Peace under the provisions of this Act, a copy of the judgment, decree, or order of the Supreme Court, by virtue of which such process issued, shall, if the said Court, Judge, Magistrate, or Justice of the Peace, shall so require, be recorded in the Court to which such process is forwarded to be executed, and a copy of such judgment, order or decree shall be forwarded, sealed with the seal of the said Supreme Court, for the purpose of such record. Provided always that such copy shall be signed by one of the Judges, and shall be under the seal of the said Supreme Court.

*Order by virtue of which process issued may be registered in the Court, to which the process is forwarded.*

[যে হুকুমক্রমে আদালতের হুকুম বাহির হয় তাহা যে আদালতে পাঠান যায় সেই আদালতে রেজিষ্টরী হইতে পারে।]

২৯ ধারা। যখন উক্ত বিশেষ সীমাসরহদ্দের বাহিরে থাকা ভূমির প্রতিকূলে উক্ত সুপ্রিম কোর্টের কোন হুকুম এই আইনের বিধির অনুসারে কোন আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা জারী বা প্রবল হওনার্থে বাহির হয় তখন সুপ্রিম কোর্টের যে ফয়সলা কি ডিক্রী বা হুকুমক্রমে ঐ হুকুম বাহির হইয়াছিল তাহার এক নকল ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস সাহেব চাহিলে যে আদালতে ঐ হুকুম জারী হওনার্থে পাঠান গিয়াছিল তাহার রোয়দাদের মধ্যে দাখিল করা যাইবেক এবং ঐ ফয়সলা বা হুকুম কি ডিক্রীর এক নকল উক্ত সুপ্রিম কোর্টের মোহরে মোহরযুক্ত হইয়া ঐ রোয়দাদের মধ্যে দাখিল হইবার জন্যে পাঠান যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ নকল এক জন জজ সাহেবের দ্বারা দস্তখৎ হইবেক ও তাহাতে ঐ সুপ্রিম কোর্টের মোহর থাকিবেক ইতি।

**XXX.** Persons wilfully neglecting to execute such process, or obstructing the execution thereof, shall be liable to be punished in like manner and by the like Courts, Judges, Magistrates, or Justices of the Peace, as if such process had been issued originally by such Courts, Judges, Magistrates, or Justices of the Peace. Provided that nothing herein contained shall deprive the said Supreme Courts respectively of their power to punish such persons for a contempt in case they shall not be otherwise punished.

*Persons wilfully neglecting to execute process, or obstructing the execution thereof, punishable.*

[যাহারা জানিয়া শুনিয়া ঐ হুকুম জারী করিতে ত্রুটি করে অথবা তাহার ব্যাঘাত করে তাহারা দণ্ডনীয় হইবেক।]

৩০ ধারা। যাহারা জানিয়া শুনিয়া ঐ হুকুম জারী করিতে ত্রুটি করে অথবা তাহা জারী করণের ব্যাঘাত করে তাহারা সেই হুকুম ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা আদৌ বাহির হইলে যেরূপ হইত সেইরূপে ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা দণ্ডনীয় হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ২ ব্যক্তি অন্য প্রকারে দণ্ড না পাইলে তাহারদিগের অবজ্ঞার জন্যে দণ্ড করিতে সুপ্রিম কোর্টের যে শক্তি আছে তাহার ব্যাঘাত এই আইনের মধ্যের লিখিত কোন কথার দ্বারা হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৩২। ১ জুন।]

XXXI. All persons and property seized or detained under any process executed by virtue of this Act shall be dealt with in like manner as if such persons or property had been seized or detained under the like process issued by any such Court, Judge, Magistrate, or Justice of the Peace as aforesaid; and all moneys levied by virtue of any such process (after deducting therefrom all such fees, charges and expenses for executing the same, as shall be from time to time appointed in that behalf by the Sudder Dewanny Adawlut, and sanctioned by the Governor or Governor in Council of the Presidency or place), shall be paid or caused to be paid by such Court, Judge, Magistrate, or Justice of the Peace to the Sheriff of the Court from which such process shall have issued.

Persons and property seized to be dealt with as if seized by the Mofussil authorities, and all moneys levied after deducting expenses to be forwarded to the Sheriff.

XXXII. In the case of persons seized or detained by virtue of any process executed under authority of this Act, it shall be lawful for the said Courts, Judges, Magistrates, or Justices of the Peace to cause such persons to be imprisoned in the nearest convenient Jail, and there detained until, by order of the Supreme Court or any Judge thereof, such Court, Judge, Magistrate, or Justice of the Peace shall be required to release the party from custody, or to deliver him to a Bailiff of the Sheriff for removal in custody to Her Majesty's Jail of the Court from which such process shall have issued.

Parties arrested in the Mofussil may be imprisoned there.

XXXIII. No action or other proceeding shall be had or maintained against any person or persons constituting such Court, or any such Judge, Magistrate, or Justice of the Peace, or any person or persons acting under his or their orders, for or in respect of any act, matter, or thing done or omitted to be done in the execution or service of any such process, and it shall be lawful for the said Supreme Courts respectively, upon application thereto, to stay any such action or proceeding commenced in the said Courts, and to order the party commencing or prosecuting the same to pay the costs thereof, as between solicitor and client. Provided always that nothing herein contained shall be construed to protect any person who shall wilfully act in excess of the authority reposed in him.

Indemnity to the Mofussil authorities executing process.

XXXIV. Any copy of any judgment, decree or order of the said Supreme Courts respectively, which is by this Act required to be recorded, and any process of the said Courts to be execut-

Processes to be forwarded by dawk or private hand.

[ব্যক্তি গ্রেপ্তার হইলে ও সম্পত্তি ক্রোক হইলে তাহা মফঃসলের কর্ম্মকারকের দ্বারা গ্রেপ্তার ও ক্রোক হইলে যেরূপ হইত সেইরূপে তাহার বিষয়ে ব্যবহার হইবেক এবং যত টাকা আদায় হয় তাহা খরচা বাদে সরিফের নিকটে পাঠাইতে হইবেক।]

৩১ ধারা। ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেবের বাহিরহওয়া হুকুমের দ্বারা ব্যক্তি গ্রেপ্তার হইলে বা সম্পত্তি ক্রোক ও আটক হইলে যেরূপ হইত সেইরূপে এই আইনক্রমে জারীহওয়া কোন হুকুমানুসারে যে সকল ব্যক্তি গ্রেপ্তার অথবা যে সকল সম্পত্তি ক্রোক বা আটক হয় সেই সকল ব্যক্তি ও সম্পত্তি লইয়া ব্যবহার হইবেক। এবং ঐরূপ হুকুমের দ্বারা যে কোন টাকা আদায় হয় তাহাহইতে তাহা জারী করণার্থে যে রসুম ও খরচখরচা তন্নিমিত্তে সময়ক্রমে সদর দেওয়ানী আদালত নির্দ্দিষ্ট করেন এবং ঐ রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে মঞ্জুর করেন সেই রসুমপ্রভৃতি বাদ দিয়া অন্য সকল টাকা ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেব যে আদালতহইতে ঐ হুকুম বাহির হইয়াছিল সেই আদালতের সরিফ সাহেবকে দিবেন বা দেওয়াইবেন ইতি।

[মফঃসলে গ্রেপ্তারহওয়া ব্যক্তিরা সেখানে কয়েদ হইবেক।]

৩২ ধারা। এই আইনের ক্ষমতাক্রমে জারীহওয়া কোন হুকুমানুসারে কোন ব্যক্তি গ্রেপ্তার হইলে বা আটক হইলে ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেব অতি নিকটে যে জেলখানা সুগম হয় সেইখানে তাহারদিগকে কয়েদ করাইবেন এবং যাবৎ সুপ্রিম কোর্ট বা তাহার কোন এক জন জজ সাহেব ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবকে কয়েদহওয়া ব্যক্তিকে খালাস করিতে অথবা যে কোর্টহইতে সেই হুকুম বাহির হইয়াছিল সেই কোর্টের শ্রীশ্রীমতী মহারাণীর জেলখানায় কয়েদ করিতে লইয়া যাইবার জন্যে সরিফ সাহেবের কোন বেইলিফের হাতে অর্পণ করিতে হুকুম না দেন তাবৎ সেই ব্যক্তি সেইখানে আটক থাকিবেক ইতি।

[মফঃসলের কর্ম্মকারকেরা হুকুম জারী করণে নিরাপদ থাকিবেন।]

৩৩ ধারা। যে ব্যক্তি বা ব্যক্তিরা ঐ আদালত হন অথবা সেইরূপ কোন জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টি অফ দি পীস বা তাঁহার কি তাঁহারদের হুকুমানুসারে কর্ম্মকারি কোন ব্যক্তি বা ব্যক্তিরদের বিরুদ্ধে ঐ হুকুম জারী বা প্রবল করণেতে যে কোন কর্ম্ম বা কার্য্য অথবা বিষয় করেন বা করিতে ক্রটি করেন তাহার বাবৎ কোন নালিশ কি অন্য কোন কার্য্য হইতে পারে না। এবং যদি ঐরূপ কোন নালিশ বা কর্ম্ম কোন আদালতে আরম্ভ হয় তবে ঐ সুপ্রিম কোর্টের নিকটে তদ্বিষয়ের দরখাস্ত হইলে ঐ সুপ্রিম কোর্ট ঐ নালিশপ্রভৃতি স্থগিত করিতে পারেন এবং যে ব্যক্তি তাহা আরম্ভ করিল বা চালাইল তাহাকে উকীল ও মওক্কেলের মধ্যে যেরূপ হইত সেইরূপে নালিশের সকল খরচা দিতে হুকুম করিতে পারেন। কিন্তু জান্না কর্ত্তব্য যে এই আইনের মধ্যের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে তদ্দ্বারা যে কোন ব্যক্তি আপনার প্রতি অর্পিত ক্ষমতার অতিরিক্ত কোন কার্য্য জানিয়া শুনিয়া করেন সেই ব্যক্তি রক্ষা পাইবেন ইতি।

[হুকুম ডাকের দ্বারা বা কোন সাধারণ ব্যক্তির দ্বারা পাঠান যাইবেক।]

৩৪ ধারা। উক্ত সুপ্রিম কোর্টের যে কোন ফয়সলা বা ডিক্রী কি হুকুম এই আইনের দ্বারা রোয়দাদে লিখিতে হয় তাহার কোন নকল এবং উক্ত কোর্টের যে কোন হুকুম

ed by any other Court, or by any Judge, Magistrate, or Justice of the Peace under the provisions of this Act, and any proceeding by any such Court, Judge, Magistrate, or Justice of the Peace thereupon may be transmitted by such Supreme Courts to such other Court, Judge, Magistrate, or Justice of the Peace, or by such other Court, Judge, Magistrate, or Justice of the Peace to the said Supreme Courts, by dawk or by any private hand.

Supreme Courts to frame forms of letters of request and process.

**XXXV.** The said Supreme Courts respectively shall from time to time frame such forms of letters of request, and of any process of the said Courts, which is to be addressed and executed under the provisions of this Act, as may be necessary to give full effect to the provisions hereinbefore contained.

Interpretation Clause.

**XXXVI.** The word "process" in this Act shall extend to and include all Criminal and Civil process of the said Supreme Courts, which require to be executed without the local limits of the jurisdiction of the said Courts, and any notice of any proceedings instituted or to be instituted in the said Courts, or of any step to be taken or application made in or in respect of such proceedings; and the word "lands" shall extend to and include any immoveable property; and any word denoting the singular number or masculine gender shall extend to and include more persons, matters, or things than one, and females as well as males.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 27th day of June next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

এই আইনের বিধির অনুসারে অন্য কোন আদালত বা জজ কি মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের জারী করিতে হয় তাহা এবং তৎক্রমে ঐ অন্য আদালত বা জজ কি মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেব যে কোন রুবকারী লেখেন তাহা ঐ সুপ্রিম কোর্ট ঐ অন্য আদালত বা জজ কি মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে অথবা ঐ অন্য আদালত কি জজ বা মাজিষ্ট্রেট বা জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ সুপ্রিম কোর্টে ডাক যোগে অথবা কোন সাধারণ ব্যক্তির দ্বারা পাঠাইবেন ইতি।

[আদেশপত্র ও হুকুমের পাঠ সুপ্রিম কোর্ট প্রস্তুত করিতে পারেন।]

৩৫ ধারা। উক্ত সুপ্রিম কোর্ট সময়ক্রমে যে আদেশপত্র ও ঐ কোর্টের যে কোন হুকুম এই আইনের বিধির অনুসারে পাঠাইতে হয় ও জারী করিতে হয় তাহার যে পাঠ পূর্ব্বোক্ত বিধি সম্পূর্ণরূপে সফল করণার্থে আবশ্যক হয় তাহা প্রস্তুত করিবেন ইতি।

[অর্থের প্রকরণের বিষয়।]

৩৬ ধারা। এই আইনের মধ্যে "প্রোসেস" অর্থাৎ হুকুম এই কথা উক্ত সুপ্রিম কোর্টের যে সকল ফৌজদারী ও দেওয়ানী হুকুম ঐ আদালতের এলাকার বিশেষ সীমা-সরহদ্দের বাহিরে জারী করিতে হয় তাহা এবং ঐ আদালতে যে সকল কার্য্য আরম্ভ হইয়াছে বা আরম্ভ করিতে হয় তাহার এত্তেলা অথবা ঐ কার্য্য সম্পর্কে যে সকল উদ্যোগ করিতে হয় বা যে সকল দরখাস্ত করিতে হয় তাহার এত্তেলা বুঝাইবেক এবং "ভূমি" এই কথা সকল স্থাবর সম্পত্তি বুঝাইবেক এবং যে কোন কথা এক বচনে আছে অথবা পুংলিঙ্গে আছে তাহা একের অধিক ব্যক্তি বা বস্তু বা বিষয় বুঝাইবেক এবং যেমন পুংলিঙ্গ তেমনি স্ত্রীকে বুঝাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৭ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

#### APPOINTMENT.

*The 25th May,* 1852.

Baboo Tarneechurn Mookerjee, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Jehanabad, Zillah Hooghly, during the absence on leave of the incumbent, or until further orders.

#### LEAVES OF ABSENCE.

*The 25th May,* 1852.

Sheikh Gholam Fureed, 1st Grade Moonsiff of Hureerparah, Moorshedabad, for one month in extension of the leave granted on the 16th ultimo.

*The 26th May,* 1852.

Moulvee Gholam Butool Tamkin, Moonsiff of Amᵉ Zillah Beerbhoom, for the 24th instant.

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

#### নিয়োগ।

১৮৫২ সাল ২৫ মে।

জিলা হুগলীর জাহানাবাদের মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু তারিণীচরণ মুখুয্যা ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

#### ছুটী।

১৮৫২ সাল ২৫ মে।

মুরশিদাবাদে হরিরপাড়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সেখ গোলাম ফরীদ গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৬ মে।

জিলা বীরভূমের আমদহরার মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম বাতুল তামকিন বর্ত্তমান মাসের ২৪ তারিখের ছুটী পান।

The unexpired portion, viz., six days of the leave of absence for one month granted on the 30th ultimo, to Mun Mohun Baboo, Moonsiff of Khund Ghose, Zillah East Burdwan, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Register.*

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ড ঘোষের মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু গত মাসের ৩০ তারিখে যে এক মাসের ছুটী পান তাহার অবশিষ্ট ছয় দিন তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

১০৭৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২১ মে।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি ষ্টাম্পের ও কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং স্বীয় পদোপলক্ষে বোর্ড রেবিনিউর ডেপুটী সেক্রেটারী হইবেন।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব (Mr. R. H. Snell,) ঐ তারিখঅবধি হাসিলের কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৩ মে।

বাড় এলাকাখণ্ডের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ বিনসেণ্ট সাহেব (Mr. F. A. Vincent,) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে পি কেলি সাহেব (Mr. J. P. Kelly,) গত আপ্রিল মাসের ৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

নওয়াদহ এলাকাখণ্ডের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A. G. Wilson,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৭ মে।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল স্বীয় কর্ম্মোপলক্ষে দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৮ মে।

শ্রীযুত লার্ড বিশপ সাহেব বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে গাওয়েন সাহেবকে (Reverend J. Gawen,) ছুটীবিষয়ক স্বধরা বিধির ২৫ ধারানুসারে যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

১৮৫২ সাল ১৯ মে।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) ছুটীবিষয়ক স্বধরা বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) উক্ত ধারাক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

২ অর্থাৎ দক্ষিণ অংশের জরীপী কর্ম্মে নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২১ মে।

শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) বর্ত্তমান মাসের ১১ তারিখে চাটিগাঁর মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত এফ বি সিমসন সাহেবের (Mr. F. B. Simson,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে জিলা যশোহরে মাগুরা এলাকাখণ্ডের ভার গ্রহণ করেন।

শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থে বর্ত্তমান মাসের ১৩ তারিখে কটকের সিবিল ও সেশন জজী কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগরের প্রতি অর্পণ করেন।

ফরীদপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে বর্ত্তমান মাসের ৮ তারিখে ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করেন।

শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond.) বর্ত্তমান মাসের ১৫ তারিখে পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের ও নিমকের এজেন্টী কর্ম্ম শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের (Mr. H. L. Dampier,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৫৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২০ মে।

কটকে নিমকের এজেণ্ট সাহেবের অচিহ্নিত আসিষ্টাণ্ট শ্রীযুত সি ডবলিউ মাকেঞ্জি সাহেব (Mr. C. W. Mackenzie,) কটক জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনঅনুসারে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন এবং ১৭৯৭ সালের ১১ আইন ও ১৮০৭ সালের ৯ আইনেতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ২৫ মে।

শ্রীযুত সি বি চালমর্স সাহেব (Mr. C. B. Chalmers,) যে তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন সেই তারিখঅবধি বালেশ্বরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক এবং ঐ জিলার নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২০ মে।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট এইক্ষণে ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett.) গত জানুআরি মাসের ৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৬ মে।

শ্রীলশ্রীযুক্ত অনুমতি দিয়াছেন যে মেদিনীপুরে প্রতাপপুরের থানা স্থানান্তরিত হইয়া মেদিনীপুর ও কলিকাতার মধ্যে বড় রাস্তার ধারে পাঁচকড়া স্থানে স্থাপিত হয়।

১৮৫২ সাল ২৬ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর এফ সাণ্ডর্স সাহেব (Mr. R. F. Saunders,) দ্বিতীয় শ্রেণীর নিয়মিত

ছুটী লইয়া চিকিৎসকের সর্টিফিকেটক্রমে ইঙ্গলণ্ডে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

১৮৫২ সাল ২৮ মে।

রাম্‌রীতে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি পি স্পার্কস সাহেব (Captain T. P. Sparks,) বিশেষ কর্ম্মোপলক্ষে আক্যাবে গমনার্থে গত মাসের ১৫ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার এবং খাজানাখানা ময়থুগ্যি কাদির প্রতি অর্পণ করিয়া বর্ত্তমান মাসের ১ তারিখে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেব (Mr. R. R. Sturt,) বর্ত্তমান মাসের ২১ তারিখে ভাগলপুরের কালেক্টরীর ভার শ্রীযত আর ও হেউড সাহেবের (Mr. R. O. Heywood,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত আর ও হেউড সাহেব (Mr. R. O. Heywood,) বর্ত্তমান মাসের ২১ তারিখে চতুর্থ অর্থাৎ পশ্চিমাংশের জরীপের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম ভাগলপুরের কালেক্টর শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেবের (Mr. R. R. Sturt,) প্রতি অর্পণ করেন।

অশুদ্ধ শোধন।

গত সেপ্টেম্বর মাসের ১৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে ১৮৩৩ সালের ৯ আইনানুযায়ি ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী মহম্মদ আবদুল্লার নিয়োগের বিজ্ঞাপনে "হিজলী" এই শব্দের পরিবর্ত্তে "মেদিনীপুর" পাঠ করিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENT.

## গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### মেডিকেল কালেজের বাঙ্গালা ক্লাস।

কলিকাতার মেডিকেল কালেজে বাঙ্গালা ক্লাস স্থাপন করিবার নিম্ন লিখিত প্রণালী সর্ব্ব সাধারণের গোচরার্থে প্রচারিত হইতেছে।

"মেডিকেল কালেজে উর্দ্দু ভাষায় যে প্রণালীতে ও যত দূরপর্য্যন্ত চিকিৎসা বিদ্যা শিক্ষা দেওয়া যায় বাঙ্গালা ভাষাতে সেইরূপ শিক্ষা দেওয়া যাইবেক।

বাঙ্গালা ক্লাসে প্রথমতঃ ৫০ পঞ্চাশ জন ছাত্র নিযুক্ত করা যাইবেক। তাঁহারা প্রত্যেকে ৫৲ পাঁচ টাকা মাসিক বৃত্তি পাইবেন। তদ্ভিন্ন যত লোক আপনার ব্যয় করিয়া অধ্যয়ন করিতে অভিলাষ করিবেন সকলকেই নিযুক্ত করা যাইবেক।

ভদ্রজাতি হইলেই নিযুক্ত করা যাইবেক। তন্মধ্যে যাঁহাদের অধিক গুণ থাকিবেক তাঁহাদিগকে অগ্রে নিযুক্ত করা যাইবেক। মফঃসলের ছাত্রদিগের নিমিত্ত যথোপযুক্ত কতক গুলি ছাত্রবৃত্তি স্বতন্ত্র রাখা যাইবেক।

সংস্কৃত কালেজের প্রিন্সিপল ও দুই জন অধ্যাপক এই তিন জনে যাবতীয় অধ্যয়নাকাঙ্ক্ষিদিগের পরীক্ষা করিবেন। ইহারা যাঁহাদিগকে বাঙ্গালা ভাষায় উত্তম ব্যুৎপন্ন, অর্থাৎ অনায়াসে বাঙ্গালা ভাষা লিখিতে ও পড়িতে পারেন, বলিয়া নিরূপণ করিবেন তাঁহাদিগকে নিযুক্ত করা যাইবেক।

ছাত্রদিগকে বাঙ্গালা ভাষায় এনাটমি, মেটিরিয়া মেডিকা এবং মেটিরিয়া মেডিকাতে কিমিষ্ট্রির যে যে অংশ আবশ্যক, এবং মেডিসিন্ ও সর্জ্জরি, চিকিৎসা বিদ্যাসংক্রান্ত এই সকল বিষয়ে শিক্ষা দেওয়া যাইবেক।

উর্দ্দু ক্লাসের ছাত্রদিগের ন্যায় তাঁহাদিগকে অন্ততঃ দুই বৎসর কালেজে থাকিতে হইবেক, শব কাটিয়া ডিসেক্সন অভ্যাস করিতে হইবেক, এবং হাঁসপাতাল ও ডিস্পেন্সরিতে গিয়া চিকিৎসা শিক্ষা করিতে হইবেক।

তাঁহাদিগকে কালেজে বাসা করিয়া থাকিতে হইবেক না কিন্তু প্রতিদিন ১০ টাঅবধি ৪ টাপর্য্যন্ত উপস্থিত থাকিতে হইবেক।

যাঁহার বয়স্ ১৮ বৎসরের ন্যূন অথবা ২৫ বৎসরের অধিক এমত ছাত্রকে নিযুক্ত করা যাইবেক না।

দেশের জমীদারদিগের এবং অবৈতনিক বিদ্যালয় সকলের অধ্যক্ষদিগের এরূপ অধিকার থাকিবেক যে উত্তর কালে আপনারা নিযুক্ত করিব এই উদ্দেশে বাঙ্গাল ক্লাশে শিক্ষিত করিবার নিমিত্তে ছাত্র পাঠাইতে পারিবেন যাঁহারা এইরূপ ছাত্র পাঠাইবেন তাঁহাদিগকে তাঁহাদের সমুদায় ব্যয় নির্ব্বাহ করিতে হইবেক।

পরে যেরূপ পরীক্ষা নির্দ্ধারিত হইবেক প্রশংসাপত্র পাইবার নিমিত্ত সকল ছাত্রকেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবেক। যাঁহারা প্রশংসাপত্র প্রাপ্ত হইবেন তাঁহাদিগকে ডেপুটী মাজিষ্ট্রেটদিগের অধীনে, জেলের হাঁসপতালে, ব্যাক্সিনেটর অর্থাৎ ইঙ্গরেজী টীকাদারের কর্ম্মে ও এইরূপ আর যে যে কর্ম্মে গবর্ণমেণ্ট বাঙ্গালা দেশের মধ্যে যেখানে নিযুক্ত করিবেন তাঁহাদিগকে তথায় যাইতে হইবেক।"

যাঁহারা উপরি নির্দ্দিষ্ট ক্লাসে নিযুক্ত হইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারা পরীক্ষার নির্দ্ধারিত দিবসে অন্ততঃ এক সপ্তাহ পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারীর নিকট আবেদনপত্র পাঠাইবেন।

নিম্নলিখিত রীতিক্রমে আবেদনপত্র পাঠাইতে হইবেক।

| নাম | বয়স্ | জাতি | পিতার নাম ও ব্যবসায় | গ্রাম, জিলা ও পরগনা | কোথায় ও কত বৎসর শিক্ষা পাইয়াছেন | রীতি চরিত্রের প্রমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

যাঁহারা বাঙ্গালা ক্লাসে নিযুক্ত হইতে চাহেন ১৮৫২ সালের ১০ জুন বৃহস্পতিবার বেলা ১১ ঘণ্টার সময় সংস্কৃত কালেজে তাঁহাদিগের পরীক্ষা হইবেক।

(অনুমত্যা)
এফ, জে, মোয়েট।
সেক্রেটারী।

কৌন্সেল আব এডুকেসন। ২২ এপ্রেল ১৮৫২।
[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১ জুন।]

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT

In Equity.

Nundolull Burraul, Sreemutty Harrymoney Dossee, and Sreemutty Ra

and

Luckhunchunder Seal, Sreemutty Kooramoney Dossee, Soodamon
nokeenauth Seal, Baluckuauth Seal, Sittanauth Seal, Boernarain Seal, G
Seal, Gopaulchund Seal, Brijololl Seal, Satoburie Seal, Russickchund S
Seal, Beharryloll Seal, Sreemutty Goonomoney Dossee, Puddolochun Dut
Mullick, John Cochrane, Assignee, Hurrishchunder Paul, Moheschunder
Defendants.

Notice is hereby given, that on Thursday, the 17th day of June now
after as Counsel can be heard, this Honourable Court will be moved o
abovenamed for an order that the Bill of Complaint filed in this cause be
the Defendants, Sreemutty Kooramoney Dossee, Sreemutty Soodamoney D
keenauth Seal, and Sreemutty Goonomoney Dossee, for want of their answ
this Honourable Court, in this behalf made and provided. Dated this 15th da

P. Peard,

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় নন্দলাল বড়াল ও শ্রীমতী হরিমণি দাসী ও শ্রীমতী রমণী দাস

এবং

লক্ষ্মণচন্দ্র শীল ও শ্রীমতী কুড়ামণি দাসী ও সৌদামিনী দাসী ও শ্রীনাথ শীল ও জানকীনা
ও সীতানাথ শীল ও বীরনারায়ণ শীল ও গোপীচাঁদ শীল ও মাধবচাঁদ শীল ও গোপালচাঁদ
সাতকৌড়ী শীল ও রসিকচাঁদ শীল ও বৃন্দাবন শীল ও গিরিধারী শীল ও বেহারীলাল শীল
পদ্মলোচন দত্ত ও ফকীরচাঁদ শীল ও সনাতন মল্লিক ও আসৈনী জান কাক্রেন সাহেব ও হ
পাল ও বঙ্কবেহারী পাল আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুন মাসের ১৭ তারিখ বৃহস্পতিব
শীঘ্র কৌন্সেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীরদের পক্ষে এই সদ
দরখাস্ত করা যাইবেক যে আসামী শ্রীমতী কুড়ামণি দাসী ও শ্রীমতী সৌদামিনী দাসী ও শ্রীন
ও শ্রীমতী গুণমণি দাসী এতদ্বিষয়ে এই সম্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্দি
করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে
যায় ইতি। ১৮৫২ সাল তারিখ ১৫ মে।

---

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ই

---

THE DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT,

FROM 1846 TO 1850.

Copies of the above can be supplied by Messrs. Thacker, Spink and Co. The price has been reduced from Rs. 32 to Rs. 8. Early application is recommended as of some parts only a few copies remain.

সদর দেওয়ানী আদালতের।

১৮৪৬ সালঅবধি ১৮৫০ সালপর্য্যন্ত আদালতের নিষ্পত্তির বহী থাকর স্পিঙ্ক কটে পাওয়া যাইতে পারে। তাহার মূ টাকা ছিল এক্ষণে ৮৲ টাকা মাত্র নির্দ্ধা। যাঁহারা ঐ পুস্তক লইতে চাহেন তাঁহারদে পত্র প্রেরণ করা উচিত যেহেতুক কোন২ খ মাত্র অবশিষ্ট আছে।

---

NOTICE.

M. Arthur William Spence, and Monsieur François Mazaux, have been admitted Partn
Firm from the First day of February last.

Calcutta, 11th day of May, 1852.

J. Spence and

ইশতিহার।

শ্রীযুত আর্থর উলিয়ম স্পেন্স সাহেব ও মঁসুর ফ্রানসে মাজো সাহেব গত ফেব্রুআরি মাসের ১ তারিখাব
মারদের কারবারের শরীক হইয়াছেন।

কলিকাতা ১৮৫২ সাল ১১ মে।

জে স্পেন্স কোম্প

---

সাধারণের গোচরার্থ বিজ্ঞাপন এই যে সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন মোকদ্দমা সকল বঙ্গ ভাষা
না থাকায় তদ্দ্বারা এতদ্দেশীয় সাধারণ জনগণের কোন উপকার দর্শে নাই। অতএব বর্ত্তমান বর্ষাবধি সদর
অনুবাদ পুস্তক প্রতিমাসে প্রকাশারম্ভ হইয়াছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা শহর কলিকাতার পটলডেঙ্গার পঞ্চা
লেনের ৩০ নং বাটীতে শ্রী নবীনচন্দ্র রায় সমীপে স্ব২ নামাঙ্কিত পত্র প্রেরিলে পাইতে পারিবেন তদ্বার্ষিক
২৲ বা অগ্রে দিলে ১২৲ টাকা বর্ষান্তে ১৬৲ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে।

[*Government Gazette, 1st June, 1852.*]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 8, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৮ জুন।


## DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 27TH MARCH, 1852.

The following Extract from the Proceedings of the Governor General of India in Council in the Legislative Branch of the Home Department, under date the 27th March, 1852, is published for general information :—

Read a second time the Draft of a proposed Act, dated the 5th December, 1851, and published in the *Bengalee Government Gazette* of the 10th February, 1852, to facilitate the enforcement of judgments in places beyond the jurisdiction of the Courts pronouncing the same.

*Resolution.*—The Governor General in Council resolves, that the following revised Draft on the subject be published for general information :

ACT NO. —— OF 1852.

*An Act to facilitate the Enforcement of Judgments in Places beyond the Jurisdiction of the Courts pronouncing the same.*

I. Every party who shall obtain a judgment in any Court of Her Majesty, or of the East India Company, in any Presidency or place, or in any Extra Regulation Province or Territory, possessed by the East India Company before the 22nd day of April 1834, and cannot enforce or obtain execution of the same within the jurisdiction of such Court, and is desirous of enforcing, or obtaining execution of the same in any other Presidency or place, or in any other Province or Territory as aforesaid, shall apply to the Court which has pronounced such judgment for a duplicate thereof, and also for a certificate that the judgment or some part thereof remains unsatisfied, and if necessary, for a

## আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৭ মার্চ।

দেশীয় সিরিশ্তার ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৭ মার্চ তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

যে আদালতে ডিক্রী হয় সেই আদালতের এলাকার বাহিরের স্থানে ঐ ডিক্রী জারীর সুগম করণের ১৮৫১ সালের ৫ ডিসেম্বর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫২ সালের ১০ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

যে আদালতে ডিক্রী হয় সেই আদালতের এলাকার বাহিরের স্থানে ঐ ডিক্রী জারীর সুগম করণের আইন।

১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের অথ[illegible] কোন রাজধানীতে বা কোন স্থানে কি আইন ব[illegible] যে কোন প্রদেশ বা দেশ ১৮৩৪ সালের ২২ আপ্রিল তারিখের পূর্ব্বে কোম্পানি বাহাদুরের দখলে ছিল সেই স্থানে কোম্পানি বাহাদুরের কোন আদালতের ডিক্রী যে কোন ব্যক্তি পাইয়া থাকে এবং সেই আদালতের এলাকার মধ্যে তাহা প্রবল করিতে বা জারী করিতে পারে না এবং অন্য কোন রাজধানীতে বা স্থানে কি পূর্ব্বোক্ত অন্য কোন প্রদেশে কি দেশে তাহা প্রবল করিতে অথবা জারী করিতে চাহে সেই ব্যক্তি যে আদালত ঐ ডিক্রী করিলেন সেই আদালতের নিকটে তাহার এক ডুপ্লিকেট ডিক্রীর এবং এক সার্টিফিকটের দরখাস্ত করিবেক এবং ঐ সার্টিফিকটে ইহা লেখা থাকিবেক যে ঐ ডিক্রী অথবা তাহার কোন ভাগ জারী হয় নাই এবং আবশ্যক হইলে ঐ ডিক্রীর

translation of the said judgment into the English language, and on the receipt of the said duplicate judgment and certificate and translation (if any,) the party shall present the same to the Court within the jurisdiction of which he is desirous of enforcing or obtaining execution of such judgment, and the last mentioned Court shall thereupon cause the said duplicate judgment and certificate and translation (if any) to be filed as of record, and from and after the filing thereof, the said judgment shall be of the same force and effect as a judgment of the last mentioned Court, and shall be duly enforced or executed, according to the tenor thereof, by such last mentioned Court.

II. Every such certificate and duplicate judgment and translation (if any) as aforesaid, shall be signed by a Judge of the Court which passed or pronounced such judgment, and shall also be sealed with the seal of such Court, if such Court has a seal.

III. When any of the said Courts shall enforce or execute the judgment of any other Court as aforesaid, the Court so enforcing or executing the same shall proceed so to do according to its own laws and mode of procedure in like cases, and the last mentioned Court shall take cognizance of, and punish all wrongful acts or irregularities done or committed in enforcing and executing such judgment, and all persons disobeying or obstructing the enforcement or execution of any such judgment, shall be punishable by such last-mentioned Court, in the same manner as if the said judgment had been pronounced by such Court.

IV. Each of the said Courts shall recognize, enforce, and execute any judgment passed by any Court in any Extra Regulation Province or territory acquired by the East India Company, after the said 22nd day of April 1834, or by any Court established by authority of the Governor General of India in Council in the Territory of any foreign Prince or State, and shall, upon the receipt of any such duplicate judgment and certificate and translation (if any) as aforesaid, file the same as of record, and from and after the filing thereof, the said judgment shall be of the same force and effect as a judgment of the last-mentioned Court, and shall be duly enforced or executed by such last-mentioned Court, according to the tenor thereof, in such manner as in Section III. provided.

V. The following words and expressions in this Act shall have the several meanings hereby assigned to them, unless there be something either in the subject or context repugnant to such construction; that is to say the word "judgment" shall include any final decree, order, or judgment in any Civil suit or proceeding, and the words "Extra Regulation Province or Territory" shall include any Province or Territory to which the Regulations and Acts of the Supreme Government of India have not been extended.

Ordered, that the Draft now read be reconsider-

ইঙ্গরেজী ভাষার এক তরজমা চাহিবেক। এবং ঐ ডুপ্লিকেট ডিক্রী ও সর্টিফিকট ও আবশ্যকমতে ঐ তরজমা পাইলে ঐ ব্যক্তি যে আদালতের এলাকার মধ্যে ঐ ডিক্রী প্রবল করিতে অথবা তাহা জারী করিতে চাহে সেই আদালতে তাহা দরপেশ করিবেক। এবং তাহা হইলে ঐ শেষোক্ত আদালত ঐ ডুপ্লিকেট ডিক্রী ও সর্টিফিটক ও আবশ্যকমতে তরজমা আপনার রোয়দাদের শামিল করিবেন। এবং তাহা ঐরূপে রোয়দাদের শামিল হইলে পর ঐ ডিক্রী শেষোক্ত আদালতের ডিক্রীর তুল্য বলবৎ ও ফলবৎ হইবেক এবং ঐ ডিক্রীর মর্ম্মানুসারে ঐ শেষোক্ত আদালতের দ্বারা তাহা জারী ও প্রবল হইবেক ইতি।

২ ধারা। ঐরূপ পূর্ব্বোক্ত প্রত্যেক সর্টিফিকট এবং ডুপ্লিকেট ডিক্রী এবং (তরজমা থাকিলে) ঐ তরজমা যে আদালতে ঐ ডিক্রী হয় সেই আদালতের এক জন জজ সাহেবের দ্বারা দস্তখৎ হইবেক এবং যদি ঐ আদালতের মোহর থাকে তবে তাহাতে তাহার মোহর করা যাইবেক ইতি।

৩ ধারা। যখন উক্ত কোন আদালত পূর্ব্বোক্তমতে অন্য কোন আদালতের ডিক্রী প্রবল অথবা জারী করেন তখন ডিক্রী প্রবল কি জারীকরণিয়া ঐ আদালত সেইরূপ মোকদ্দমায় আপনার যে কোন নিয়ম এবং কার্য্যের ব্যবহার থাকে সেই নিয়ম ও ব্যবহারানুসারে তাহা জারী করিবেন। এবং ঐ ডিক্রী প্রবল ও জারী করণেতে যে কোন অন্যায় অথবা বেদাঁড়া কর্ম্ম হয় তাহার বিষয়ে ঐ শেষোক্ত আদালত বিচার করিবেন ও দণ্ড করিবেন এবং যে সকল ব্যক্তি হুকুম না মানে অথবা ঐ ডিক্রী প্রবল বা জারী করণের প্রতিবন্ধকতা করে সেই সকল ব্যক্তি ঐ ডিক্রী ঐ শেষোক্ত আদালতের দ্বারা হইলে যেরূপ হইত সেইরূপে ঐ শেষোক্ত আদালতের দ্বারা দণ্ডনীয় হইবেক ইতি।

৪ ধারা। আইনবহির্ভূত যে কোন প্রদেশ বা দেশ ১৮৩৪ সালের ২২ আপ্রিল তারিখের পর কোম্পানি বাহাদুরের অধিকার হইল সেই প্রদেশ বা দেশের কোন আদালত অথবা কোন বিদেশীয় রাজা বা রাজ্যের অধিকারের মধ্যে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে স্থাপিত কোন আদালত যে কোন ডিক্রী করেন ঐরূপ প্রত্যেক আদালত সেই ডিক্রী স্বীকার ও প্রবল ও জারী করিবেন। এবং ঐরূপ ডুপ্লিকেট ডিক্রী ও সর্টিফিকট ও (তরজমা থাকিলে) ঐ তরজমা পাইলে পর আপনার রোয়দাদের শামিল করিবেন এবং ঐ রোয়দাদের শামিল হওনঅবধি ও তাহার পর ঐ ডিক্রী ঐ শেষোক্ত আদালতের ডিক্রীর তুল্য বলবৎ ও ফলবৎ হইবেক এবং ঐ ডিক্রী ৩ ধারার নিরূপিতমতে তাহার ভাবানুসারে ঐ শেষোক্ত আদালতের দ্বারা রীতিমত প্রবল ও জারী হইবেক ইতি।

৫ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত কথা ও বাক্যের যে নানা অর্থ ইহার দ্বারা নির্দিষ্ট হইয়াছে যদি সেই বিষয়ে অথবা তাহার পূর্ব্বাপর কথায় এইমত অর্থ করণের কিছু প্রতিবন্ধক না থাকে তবে তাহার সেই অর্থ হইবেক। বিশেষতঃ "ডিক্রী" ইহা কোন দেওয়ানী মোকদ্দমায় বা বিষয়ে কোন চূড়ান্ত ডিক্রী বা হুকুম কি ফয়সলা বুঝাইবেক এবং "আইনবহির্ভূত প্রদেশে বা দেশে" ইহা যে কোন প্রদেশে বা দেশে ভারতবর্ষের সুপ্রিম গবর্ণমেণ্টের আইন বিস্তার না হইয়া থাকে তাহা বুঝাইবেক ইতি।

হুকুম হইল. যে আগামি ২৭ জুন তারিখের পর তা-

ed at the first Meeting of the Legislative Council of India, after the 27th day of June next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 27TH MARCH, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 27th March, 1852 :—

ACT No. —— OF 1852.

*An Act to Amend the mode of Procedure in Criminal Cases in the Courts of the East India Company.*

Whereas it is expedient to provide for the new trial of prisoners, when, by reason of the death, absence, or removal of the Judge, their trials remain unfinished ; and whereas it is also expedient to enable Magistrates to summon accused parties before they proceed to take the evidence of the prosecutor and his witnesses, It is hereby enacted as follows :

I. When any criminal trial shall have been commenced and shall be pending and undecided before any Judge or Magistrate at the time of his death, removal, or departure from the Station, it shall not be lawful for any other Judge or Magistrate to continue and carry on such trial, but the Judge or Magistrate competent to try the prisoner shall, as soon as conveniently may be, commence a new trial and re-examine all the witnesses.

II. When a Magistrate shall have examined any prosecutor respecting any charge brought by him against any person, and shall have summoned the witnesses on behalf of the prosecutor, he may also, in his discretion, summon the person or persons accused, or any one or more of them, in order that he or they may be confronted with the prosecutor and his witnesses, any thing in Clause 6, Section II. Regulation III. of 1812, to the contrary notwithstanding.

III. Section V. Regulation VII. of 1811 is hereby repealed, and when any criminal charge has been preferred before a Magistrate or Assistant Magistrate against any person, and the prosecutor or informer shall fail to appear or shall abandon the charge against such person, or such person shall be acquitted, and it shall appear to the Magistrate or Assistant Magistrate to whom the complaint or information has been made, or by whom the case has been tried, that there was no sufficient ground for making the charge, it shall be lawful for such Magistrate or Assistant Magistrate, at his discretion, to award such amends, not more than the sum of Rupees two hundred, to be paid by the prosecutor or informant to the party complained against for his loss of time, trouble, or expenses as to the Magistrate or Assistant Magistrate shall seem just, and

রতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৭ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৭ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের আদালতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যের রীতি সংশোধনের আইন।

যেহেতুক জজ সাহেবের মৃত্যু বা অনুপস্থান কি স্থানান্তর হওনপ্রযুক্ত যে আসামীরদের মোকদ্দমা সমাপ্ত না হইয়া রহিয়াছে সেই আসামীরদের পুনরায় বিচার করণের নিয়ম করা উচিত বোধ হইয়াছে। এবং যেহেতুক মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদী ও তাহারদের সাক্ষির জোবানবন্দী লওনের পূর্ব্বে নালিশগ্রস্ত ব্যক্তির উপর সমন করণের ক্ষমতা ঐ মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যখন কোন ফৌজদারী মোকদ্দমা আরম্ভ হইয়াছে এবং কোন জজ অথবা মাজিষ্ট্রেট সাহেবের মরণ কি অন্য স্থানে নিযুক্ত হওন বা মোকামহইতে স্থানান্তর হওনের সময়ে তাঁহার সম্মুখে উপস্থিত ছিল এবং নিষ্পত্তি হয় নাই তখন আর কোন জজ কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সেই মোকদ্দমা চালাইতে এবং নির্ব্বাহ করিতে পারিবেন না। কিন্তু যে জজ অথবা মাজিষ্ট্রেট সাহেব আসামীর বিচার করিতে পারেন তিনি যত শীঘ্র সুগম হয় তত শীঘ্র নূতন মোকদ্দমা আরম্ভ করিবেন এবং সকল সাক্ষির পুনর্ব্বার জোবানবন্দী লইবেন ইতি।

২ ধারা। কোন ফরিয়াদী কোন ব্যক্তির বিরুদ্ধে নালিশ করিলে যখন মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশের বিষয়ে ফরিয়াদীর জোবানবন্দী লইয়াছেন এবং ঐ ফরিয়াদীর পক্ষে সাক্ষিরদিগকে সমন করিয়াছেন তখন তিনি আপনার বিবেচনাক্রমে নালিশগ্রস্ত ব্যক্তিকে বা ব্যক্তিরদিগকে বা তাহারদের এক বা ততোধিক ব্যক্তিকে এই সবরে তলব করিতে পারেন যে সেই ব্যক্তি বা সেই ব্যক্তিদিগকে ফরিয়াদী ও তাহারদের সাক্ষির সম্মুখাসম্মুখি করা যায়। এবং ১৮১২ সালের ৩ আইনের ২ ধারার ৬ প্রকরণে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

৩ ধারা। ১৮১১ সালের ৭ আইনের ৫ ধারা ইহার দ্বারা রদ হইল এবং যখন কোন ব্যক্তির বিরুদ্ধে কোন ফৌজদারী নালিশ কোন মাজিষ্ট্রেট সাহেবের কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রস্তাব হইয়াছে এবং ফরিয়াদী অথবা সম্বাদদায়ক হাজির না হয় অথবা ঐ ব্যক্তির বিরুদ্ধে নালিশ ত্যাগ করে কি নালিশগ্রস্ত ব্যক্তি নির্দ্দোষী হয় এবং যে মাজিষ্ট্রেট অথবা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এজহার কিম্বা নালিশ হইয়াছিল অথবা যাঁহার দ্বারা মোকদ্দমার বিচার হইয়াছিল তাঁহার যখন এইমত বোধ হয় যে ঐ নালিশ করণের উপযুক্ত কারণ ছিল না তখন ঐ মাজিষ্ট্রেট অথবা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে নালিশগ্রস্ত ব্যক্তির যে সময় হরণ অথবা ক্লেশ কি খরচা হইয়াছে তাহার ক্ষতিপূরণের জন্যে ফরিয়াদী অথবা সম্বাদদায়কের দুই শত টাকার অনধিক ক্ষতিপূরণের যত টাকা ঐ মাজিষ্ট্রেট বা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবের উচিত বোধ হয় তত টাকা তাহাকে দিতে হুকুম করিবেন। এবং ঐ টাকা না দে-

in default of payment to sentence the prosecutor or informant to imprisonment with or without hard labor for any term not exceeding six calendar months, and every such order of amends or sentence of imprisonment pronounced by any Magistrate shall be final, and every order of amends or sentence of imprisonment pronounced by an Assistant Magistrate shall be subject to appeal to the Magistrate of the district only.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 27th day of June next.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

ওয়া গেলে ফরিয়াদী অথবা সম্বাদদায়ককে ছয় মাসের অনূর্দ্ধ কোন মিয়াদে কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা বিনা কয়েদের হুকুম দিবেন। এবং এইরূপ ক্ষতিপূরণের অথবা কয়েদকরণের যে প্রত্যেক হুকুম কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব করেন তাহা চূড়ান্ত হইবেক এবং ঐ ক্ষতিপূরণ বা কয়েদের যে হুকুম কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব করেন তাহার উপর আপীল কেবল জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইতে পারে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৭ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 20TH FEBRUARY, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time, on the 20th February 1852.

ACT No. —— OF 1852.

*An Act for the Registration of Assurances in the Territories under the Government of the East India Company.*

Whereas the laws now in force in the Territories under the Government of the East India Company, relating to the Registration of Assurances, require amendment, It is hereby enacted as follows:

Regulations repealed by this Act.

I. Regulations XXXVI. of 1793, XXVIII. of 1795, XVII. of 1803, Section XVII. Regulation VIII. of 1805, so far as it relates to Regulation XVII. of 1803, Section XXXII., Regulation XII. of 1805 and Regulations XX. of 1812 and IV. of 1824 of the Bengal Code; Regulations XVII. of 1802 and XL. of 1831 of the Madras Code, and Regulation IX. of 1827 of the Bombay Code; and Acts XXX. of 1838, I. of 1843, XIX. of 1843, IV. of 1845, and XVIII. of 1847 are hereby repealed with respect to each of the Presidencies aforesaid from and after the commencement of Registration under this Act in such Presidencies respectively, but not so as to revive any other Regulation or Act thereby repealed.

Public Register Offices to be established.

II. One public Office shall be established in each of the Towns of Calcutta, Madras, Bombay, Agra and Singapore, for the purposes of this Act, to be called "The Chief Register Office;" and one public Office shall be established in each of the Districts to be formed and assigned as hereinafter mentioned, for the purposes of this Act, to be called "The District Register Office."

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২০ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ২০ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দলীলের রেজিষ্টরী করণের আইন।

যেহেতুক দলীলের রেজিষ্টরী করণের বিষয়ে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে সকল আইন এক্ষণে চলন আছে তাহা সংশোধন করা আবশ্যক আছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[এই আইনের দ্বারা রদহওয়া আইন।]

২৭ ধারা। উক্ত রাজ্যের মধ্যে যে কোন ব্যক্তির উইলের দ্বারা কোন ভূমি কি টাকা কিয়া অস্থাবর সম্পত্তি লিপ্ত করণের শক্তি থাকে সেই ব্যক্তি এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর যদি উইল না করিয়া মরেন তবে সেই ব্যক্তির ইষ্টেট এবং সম্পত্তির বিষয়ে যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন অথবা ১৮৪১ সালের ২০ আইনানুসারে যে সর্টিফিকট দেওয়া যায় সেই লেটর্স অথবা সর্টিফিকটের তজ্রদিকহওয়া খোলাসা রেজিষ্টরী দপ্তরে আমানৎ করণের দ্বারা তাহা রেজিষ্টরী হইতে পারে। এবং ঐরূপ ভূমি বা টাকা বা অস্থাবর সম্পত্তির যে কোন ইষ্টেট বা স্বত্ব কি লাভ এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর যে কোন ব্যক্তি মরেন তাঁহার উইলের দ্বারা ব্যাঘাত অথবা লিপ্ত হইতে পারিত সেই ইষ্টেট স্বত্বপ্রভৃতি যে কোন ব্যক্তি উত্তরাধিকারী বা স্থলাভিষিক্ত কি প্রকারান্তরে দাওয়া করেন সেই দাওয়াদার ব্যক্তির যদি এই বিশ্বাস থাকে যে সেই ব্যক্তি উইল না করিয়া মরিয়াছেন অথবা ঐ ভূমি বা টাকা কি অস্থাবর সম্পত্তির বিষয়ে উইল না করিয়া মরিয়াছেন তবে ঐ দাওয়াদার উইল না করিয়া মরণের যে সুকৃতিপত্রের বিষয় ইহার পশ্চাৎ লেখা আছে এমত এক সুকৃতিপত্র করিতে ও রেজিষ্টরী করিতে পারেন। এবং সেই সুকৃতিপত্রের মধ্যে ইহা লেখা থাকিবেক যে ঐ সুকৃতিকারক ঐ ইষ্টেট অথবা লাভের উপর দাওয়া করেন এবং ঐ মৃত ব্যক্তি অমুক সময়ে মরিলেন এবং ঐ সুকৃতিকারকের এই বিশ্বাস আছে যে ঐ মৃত ব্যক্তি উইল না করিয়া মরিয়াছেন অথবা ঐ সুকৃতির মধ্যে যে উইলের বিষয় লেখা আছে তাহাছাড়া অন্য কোন উইল করেন নাই। এবং ঐ প্রকার যে সকল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন ও সর্টিফিকট ও চুম্বক ও সুকৃতিপত্র কোন প্রকারে কোন ভূমির সঙ্গে সম্পর্ক রাখে বা কোন প্রকারে লিপ্ত হয় সেই লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনপ্রভৃতি এই আইনের অর্থের মধ্যে দলীলের ন্যায় বোধ হইবেক এবংপূর্ব্বোক্তমতে আমানৎ হইবেক এবং যে জিলার মধ্যে ভূমি থাকে সেই জিলার "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীতে" রেজিষ্টরী হইবেক। এবং যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন ও সর্টিফিকট ও চুম্বক ও সুকৃতিপত্র কেবল টাকা অথবা অস্থাবর সম্পত্তির সঙ্গে সম্পর্ক রাখে অথবা লিপ্ত হয় সেই প্রকার লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন এই আইনের অর্থের মধ্যে দলীল জ্ঞান হইবেক এবং যে জিলার মধ্যে মৃত ব্যক্তি মরিলেন সেই জিলার "সাধারণ রেজিষ্টরীতে" পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইতে পারে ইতি।

**XXVIII.** Every written authority given by any husband to a wife to adopt after his decease any son, such authority being so given after the commencement of Registration under this Act, may be registered by the deposit of the original authority, or (where there are duplicate original authorities) of one of the duplicate original authorities, and every such written authority shall be deemed an Assurance. Where any estate or interest in land may be affected by virtue of such adoption, the written authority shall be registered as hereinbefore mentioned in "the Register of Title Deeds relating to Lands" of the District in which the lands are situate, and where only interests in money or moveable property may be affected by such adoption, such written authority shall be registered as hereinbefore mentioned in "the General Register" of the District in which such husband died.

**Authority to adopt a son may be registered.**

[দত্তক পুত্র করিবার অনুমতিপত্র রেজিষ্টরী হইতে পারে।]

২৮ ধারা। যদি কোন স্বামী আপন স্ত্রীকে আপনার মরণের পর দত্তক পুত্র করণের অনুমতি দেন এবং যদি সেই অনুমতিপত্র এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভের পর দেওয়া গিয়া থাকে তবে আসল অনুমতিপত্র আমানৎ করণের দ্বারা অথবা যেখানে ডুপ্লিকেট আসল অনুমতিপত্র থাকে সেখানে এক ডুপ্লিকেট আমানৎ করণের দ্বারা তাহা রেজিষ্টরী হইতে পারে এবং এইরূপ প্রত্যেক অনুমতিপত্র দলীলের ন্যায় জ্ঞান হইবেক। যেখানে ঐরূপ দত্তক পুত্র করণের দ্বারা কোন ভূমিসম্পর্কীয় ইষ্টেট অথবা লাভ লিপ্ত থাকে সেখানে ঐ লিখিত অনুমতিপত্র যে জিলার মধ্যে ভূমি থাকে সেই জিলার "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীতে" পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইতে পারে। যেখানে দত্তক পুত্র করণের দ্বারা কেবল স্থাবর সম্পত্তি কি টাকার লাভ লিপ্ত থাকে সেখানে ঐ অনুমতিপত্র যে জিলার মধ্যে স্বামী মরিলেন সেই জিলার "সাধারণ রেজিষ্টরীতে" পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইতে পারে ইতি।

**XXIX.** Where the original document or (if there be duplicates) the several original documents is or are destroyed or lost, a copy of or (in cases where no copy is known to exist) an extract from the original document, or of or from any one of the duplicate original documents, may, on registering the Assurance, be deposited in the Register Office in lieu of an original document, and thereupon the Registration of the Assurance shall (so far as respects depositing a document) be as valid and effectual as if an original document had been deposited in the Register Office; provided always, that in every such case an Affidavit of the destruction or loss of the original document, or (if there have been duplicate originals) of the destruction or loss of the several original documents, and (where an extract only is deposited) of the non-existence, to the best of the deponent's belief, of any copy of the original document or of any one of the original documents (as the case may be) shall be brought to the Register Office with the said copy or extract to be deposited as aforesaid, and shall be deposited together with the same in the Register Office. Provided always, that in the case of a copy or extract, the Registration of an Assurance shall be effectual only so far as such copy or extract extends, and so far as the same substantially and in material respects agrees with the original document.

**Where the original is lost, a copy or extract may be deposited.**

**In case of an extract the Registration to be effectual only as far as the extract agrees with the original.**

[আসল দলীল খোয়া গেলে নকল অথবা চুম্বক আমানৎ হইতে পারে।]

[চুম্বক রেজিষ্টরী হইলে যেপর্য্যন্ত চুম্বক আসলের সঙ্গে মিলে কেবল সেইপর্য্যন্ত তাহা সিদ্ধ হইবেক।]

২৯ ধারা। যেখানে আসল কাগজপত্র অথবা ডুপ্লিকেট থাকিলে আসল নানা কাগজপত্র নষ্ট হইয়াছে কি খোয়া গিয়াছে সেখানে আসল কাগজপত্রের এক নকল অথবা যেখানে নকল নাই জানা আছে সেখানে আসল কাগজপত্রের এক চুম্বক অথবা ডুপ্লিকেট আসল কাগজপত্রের কোন এক চুম্বক দলীল রেজিষ্টরী করণের সময়ে আসল কাগজপত্রের পরিবর্ত্তে রেজিষ্টরী দপ্তরে আমানৎ হইতে পারে এবং তাহা হইলে (কাগজপত্র আমানৎ সম্পর্কে) ঐ দলীল রেজিষ্টরী করণের কর্ম্ম আসল কাগজপত্র রেজিষ্টরী দপ্তরে আমানৎ হইলে যেরূপ সিদ্ধ ও কর্ম্মণ্য হইত সেইরূপ সিদ্ধ ও কর্ম্মণ্য হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এইরূপ প্রত্যেক গতিকে আসল কাগজপত্র নষ্ট কি হারাণের এক সুকৃতিপত্র অথবা (ডুপ্লিকেট আসল কাগজপত্র থাকিলে) নানা আসল কাগজপত্র নষ্ট বা হারাণের এক সুকৃতিপত্র এবং (যেখানে কেবল চুম্বক আমানৎ হয়) সেখানে সুকৃতিকারির বিশ্বাসপর্য্যন্ত আসল কাগজপত্রের বা বিষয়বিশেষে আসল কাগজপত্র সকলের কোন একটার নকল না থাকনের বিষয়ে এক সুকৃতিপত্র যে নকল অথবা চুম্বক পূর্ব্বোক্তমতে আমানৎ করিতে হয় সেই নকল বা চুম্বকের সঙ্গে রেজিষ্টরী দপ্তরে আনিতে হইবেক এবং তাহার সঙ্গে রেজিষ্টরী দপ্তরে আমানৎ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে নকল বা চুম্বক আমানৎ হইলে সেই নকল বা চুম্বক যেপর্য্যন্ত অর্শে কেবল সেইপর্য্যন্ত এবং ঐ নকল বা চুম্বক যেপর্য্যন্ত বাস্তবিক এবং আবশ্যক সকল বিষয়ে আসল কাগজপত্রের সঙ্গে মিলে সেইপর্য্যন্ত ঐ দলীলের রেজিষ্টরী সিদ্ধ হইবেক ইতি।

**XXX.** Where any order or rule is made by any Judge or Court as hereinafter mentioned respecting the delivery or sending of any document, or copy, or extract, at or to a Register Office for the purpose of being register-

**Where order or rule for delivery of any document to be registered is not complied with, the**

[রেজিষ্টরী হইবার জন্যে কোন কাগজপত্র দেওনের হুকুম বা বিধি প্রতিপালন না হইলে ঐ কাগজপত্রের পরিবর্ত্তে ঐ হুকুম বা বিধি রেজিষ্টরী হইতে পারে।]

৩০ ধারা। রেজিষ্টরী হওনার্থে কোন রেজিষ্টরী দপ্তরে কোন কাগজপত্র বা নকল কি চুম্বক দাখিল করিতে কি পাঠাইতে যদি কোন জজ কি আদালত পশ্চাৎ লিখিতমতে কোন হুকুম বা বিধি করেন এবং সেই হুকুম

*Order or rule may be registered in lieu thereof.*

ed, and the same is not delivered or sent within such time as by such order or rule may be limited in that behalf, such order or rule may be registered in the Register Office, and the Registration thereof shall be of the like force and effect as the Registration of such document, copy, or extract.

*Petitions for adjudication of Insolvency and appointment of Assignees may be registered.*

XXXI. Every petition for adjudication of Insolvency in the said Territories filed of record after the commencement of Registration under this Act, may be registered under this Act by the deposit in the Register Office of a memorandum, mentioning the Court in which, and the time when, such petition was filed, and the name and place of residence or business of the person against whom such petition is presented, as the same are set forth in the petition, and by the entry hereinafter required being made in the proper Index to be kept in the Register Office; and every appointment or choice of Assignees of any Insolvent in the said Territories made after such commencement, may be registered under this Act by the deposit in the Register Office of the District in which such Assignees are appointed of an Office copy of the Certificate of such appointment or choice, and by the entry hereinafter required being made in the said Index; and all such memoranda and copies as aforesaid shall be deemed Assurances within the meaning of this Act. Where any lands may be affected at Law or in Equity by such adjudication or appointment as aforesaid, the same shall be registered as hereinbefore mentioned in "the Register of Title Deeds relating to Lands" of the District in which such lands are situate; and where only money or moveable property may be affected at Law or in Equity by such adjudication or appointment, the same shall be registered in "the General Register" of the District in which such petition is to be adjudicated.

*Any order or appointment, &c., of Assignees in Insolvency may be registered by deposit of a copy or certificate, and making the proper entry.*

XXXII. Where by virtue of any vesting or other order made after the commencement of Registration under this Act by any Court, Commissioner, or Judge in the said Territories having jurisdiction in that behalf,—or of any nomination, appointment, or choice of any Official or other Assignee made after such commencement by such Court, Commissioner, or Judge, or by the Creditors of any Insolvent Debtor,—the Estate and Effects of any Insolvent Debtor become vested in any such Assignee, every such order, nomination, appointment, or choice, may be registered under this Act by the deposit in the Register Office of an Office or authenticated copy or certificate of such order, nomination, appointment, or choice, and

বা বিধিতে যে মিয়াদ নির্দ্দিষ্ট থাকে সেই মিয়াদের মধ্যে যদি তাহা দাখিল না হয় অথবা তাহা পাঠান না যায় তবে সেই হুকুম অথবা বিধি রেজিষ্টরী দপ্তরে রেজিষ্টরী হইতে পারে এবং ঐ কাগজপত্র বা নকল কি চুম্বক রেজিষ্টরী হইলে যেরূপ প্রবল ও ফলবৎ হইত সেইরূপ ঐ হুকুম বা বিধি রেজিষ্টরী করিলে প্রবল ও ফলবৎ হইবেক ইতি।

[যোত্রহীনতা ধার্য্য করণের এবং আসৈনি নিযুক্ত করণের দরখাস্ত রেজিষ্টরী হইতে পারে।]

৩১ ধারা। এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর উক্ত রাজ্যের মধ্যে যোত্রহীনতা ধার্য্য করণের যে প্রত্যেক দরখাস্ত আদালতের রোয়দাদে দাখিল হয় তাহার এক স্মারক লিপি রেজিষ্টরী দপ্তরে আমানৎ করণের দ্বারা এবং ঐ রেজিষ্টরী দপ্তরে রাখা উপযুক্ত ইণ্ডেক্সের মধ্যে পশ্চাৎ লিখিত হুকুমমতে তাহা লিখনের দ্বারা এই আইনানুসারে রেজিষ্টরী হইতে পারে এবং ঐ স্মারক লিপির মধ্যে এই২ বৃত্তান্ত থাকিবেক বিশেষতঃ যে আদালতে ও যে সময়ে ঐ দরখাস্ত দাখিল হইল তাহা এবং যে ব্যক্তির বিরুদ্ধে দরখাস্ত করা গেল সেই ব্যক্তির যে নাম ও বাসস্থান ও ব্যবসার স্থান ঐ দরখাস্তে লেখা গেল তাহা। এবং ঐরূপ রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর উক্ত রাজ্যের মধ্যে কোন যোত্রহীনের আসৈনি ঐরূপ নিযুক্ত কি মনোনীত হওনের সর্টিফিকটের তসদিকহওয়া এক নকল যে জিলাতে ঐ আসৈনি নিযুক্ত হন সেই জিলার রেজিষ্টরী দপ্তরে আমানৎ করণের দ্বারা এবং পশ্চাৎ লিখিত হুকুমানুসারে ইণ্ডেক্সের মধ্যে লিখনের দ্বারা ঐ আসৈনির নিয়োগ বা মনোনীত হওন রেজিষ্টরী হইতে পারে। এবং এইরূপ পূর্ব্বোক্ত সকল স্মারক লিপি ও নকল এই আইনের অর্থের মধ্যে দলীল বোধ হইবেক। যেখানে ঐরূপ পূর্ব্বোক্ত যোত্রহীনতা ধার্য্য বা আসৈনি নিযুক্ত করণের দ্বারা কোন ভূমি আইনানুসারে বা একুটি পক্ষে লিপ্ত থাকে সেখানে সেই ভূমি যে জিলার মধ্যে থাকে সেই জিলার "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীতে" পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইবেক। এবং যেখানে ঐরূপ যোত্রহীনতা ধার্য্য এবং আসৈনি নিযুক্ত করণের দ্বারা আইনানুসারে বা একুটি পক্ষে কেবল টাকা অথবা অস্থাবর সম্পত্তি লিপ্ত থাকে সেখানে যে জিলার মধ্যে দরখাস্ত গ্রাহ্য করিতে হয় সেই জিলার "সাধারণ রেজিষ্টরী" বহীতে রেজিষ্টরী করা যাইবেক ইতি।

[যোত্রহীনতার কোন হুকুম কি আসৈনি নিযুক্ত করণ সর্টিফিকট কিম্বা নকল আমানতের দ্বারা এবং ইণ্ডেক্সের মধ্যে লিখনের দ্বারা রেজিষ্টরী হইতে পারে।]

৩২ ধারা। এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর ঐ রাজ্যের মধ্যে যে কোন আদালত বা কমিস্যনর কি জজের তদ্বিষয়ে এলাকা থাকে সেই আদালতপ্রভৃতির কোন অর্পণের হুকুম বা অন্য হুকুমের শক্তিক্রমে অথবা ঐরূপ কার্য্য আরম্ভের পর ঐ আদালত কি কমিস্যনর বা জজ কর্ত্তৃক কিম্বা ঐ যোত্রহীন খাতকের মহাজনকর্ত্তৃক কোন সরকারী আসৈনি বা অন্য আসৈনির নামাঙ্কিত বা নিযুক্ত কি মনোনীত হওনের দ্বারা ঐ যোত্রহীন খাতকের ইষ্টেট ও সম্পত্তি ঐরূপ কোন আসৈনির প্রতি অর্পণ হয় তখন ঐরূপ প্রত্যেক হুকুম বা নামাঙ্কিত কি নিযুক্ত অথবা মনোনীত হওনের কার্য্য ঐরূপ হুকুম বা নামাঙ্কিত হওন কি নিযুক্ত বা মনোনীত হওনের তসদিকহওয়া এক নকল বা সর্টিফিকট রেজিষ্টরী দপ্তরে আমানৎ করণের দ্বারা এবং রেজিষ্টরী দপ্তরে উপযুক্ত ইণ্ডেক্সের মধ্যে পশ্চাৎ হুকুম করামতে তাহা লিখিত হওনের দ্বারা এই আইনানুসারে রেজি-

by the entry hereinafter required being made in the proper Index in the Register Office; and all such copies and certificates shall be deemed Assurances within the meaning of this Act; and where any lands may be affected at Law or in Equity by such order, nomination, appointment, or choice, the same shall be registered in "the Register of Title Deeds relating to Lands" of the District where such lands are situate; and where only money or moveable property may be affected at Law or in Equity by such order, nomination, appointment, or choice, the same shall be registered in "the General Register" of the District in which such order, nomination, appointment, or choice is made.

Inhibitions and Caveats may be registered.

XXXIII. All requisitions for Inhibitions against alienation hereinafter mentioned, and the respective Affidavits delivered therewith, and all Caveats hereinafter mentioned, affecting any lands at Law or in Equity, shall be considered Assurances within the meaning of this Act, and may be registered by the deposit thereof in "the Register of Title Deeds relating to Lands" of the District in which such lands are situate; and all requisitions for Inhibitions against alienation and the respective Affidavits delivered therewith, and all Caveats, affecting only money or moveable property, shall also be deemed Assurances, and may be registered by the deposit thereof in "the General Register" of the District in which the Assurance sought to be affected by any use, trust, or confidence mentioned in such requisition, or by any such Caveat, is or is about to be registered; and all such Affidavits delivered with such requisitions for Inhibitions shall be numbered in the respective Registers with the same number as the requisitions.

Shares in companies not to be affected.

XXXIV. None of the provisions of this Act shall extend to such Assurances relating to shares in any public or private works or undertaking of any Corporation, Company, or Society, as by virtue of any local or other Act, are required to be registered, or otherwise entered or minuted in the books of the Corporation, Company, or Society.

Bills of Exchange and Promissory Notes not to be affected by this Act.

XXXV. None of the provisions of this Act shall be construed to extend to Bills of Exchange or Promissory Notes.

Four Indexes shall be kept of "the Register of Title Deeds relating to Lands."

XXXVI. There shall be provided and kept in each District Register Office in the said Territories, four Indexes of "the Register of Title Deeds relating to Lands," to be respectively intituled, the Index of Titles, the Index of the Names of

ষ্টরী হইতে পারে। এবং ঐরূপ সকল নকল ও সর্টিফিকট এই আইনের অর্থের মধ্যে দলীল বোধ হইবেক। এবং যেখানে ঐ হুকুম বা নামাঙ্কিত করণ বা নিযুক্ত কি মনোনীত করণের দ্বারা আইনক্রমে বা একুটি পক্ষে কোন ভূমি লিপ্ত থাকে সেখানে যে জিলার মধ্যে ঐ ভূমি থাকে সেই জিলায় "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরী" বহীতে তাহা রেজিষ্টরী হইবেক। এবং যেখানে ঐ হুকুম বা নামাঙ্কিত করণ বা নিযুক্ত কি মনোনীত করণের দ্বারা কেবল টাকা বা অস্থাবর সম্পত্তি আইনানুসারে বা একুটিপক্ষে লিপ্ত হয় সেখানে যে জিলার মধ্যে ঐ হুকুম বা নামাঙ্কিত কি নিযুক্ত কিম্বা মনোনীত করণ হইয়াছিল সেই জিলার "সাধারণ রেজিষ্টরী" বহীর মধ্যে তাহা রেজিষ্টরী হইবেক ইতি।

[নিষেধপত্র এবং কাবিয়াট রেজিষ্টরী হইতে পারে।]

৩৩ ধারা। পশ্চাৎ লিখিত হস্তান্তর করণের নিষেধপত্রের সকল দরখাস্ত এবং তাহার সঙ্গে যে নানা সুকৃতিপত্র দেওয়া যায় তাহা এবং পশ্চাৎ লিখিত যে সকল কাবিয়াট আইনানুসারে অথবা একুটি পক্ষে কোন ভূমি লিপ্ত থাকে তাহা এই আইনের অর্থের মধ্যে দলীল বোধ হইবেক এবং যে জিলার মধ্যে ঐ ভূমি থাকে সেই জিলার "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীতে" তাহা আমানৎ করণের দ্বারা রেজিষ্টরী হইতে পারে। এবং কেবল টাকা অথবা অস্থাবর সম্পত্তি লিপ্ত হস্তান্তর করণের নিষেধপত্রের সকল দরখাস্ত এবং তাহার সঙ্গে যে২ সুকৃতিপত্র দাখিল হয় তাহা এবং সকল কাবিয়াট দলীলের মধ্যে গণ্য হইবেক এবং ঐ দরখাস্তের লিখিত কোন ব্যবহার বা ট্রুষ্ট কি বিশ্বাসের দ্বারা অথবা ঐ কাবিয়াটের দ্বারা যে দলীল লিপ্ত করণের মানস থাকে সেই দলীল যে জিলার মধ্যে রেজিষ্টরী হইয়াছে বা রেজিষ্টরী হইবার উদ্যোগ আছে সেই জিলার "সাধারণ রেজিষ্টরীতে" তাহা আমানৎ করণের দ্বারা রেজিষ্টরী হইতে পারে। এবং ঐ নিষেধপত্রের দরখাস্তের সঙ্গে যে সকল সুকৃতিপত্র দেওয়া যায় তাহার ঐ২ রেজিষ্টরীর মধ্যে দরখাস্তের যে নম্বর থাকে সেই নম্বর হইবেক ইতি।

[কোন কোম্পানির স্যারের সঙ্গে এই আইনের সম্পর্ক থাকিবেক না।]

৩৪ ধারা। চার্টরপ্রাপ্ত কোন সমাজ অথবা কোম্পানি কি সোসৈটির কোন সরকারী অথবা সাধারণ কর্ম্ম কি ব্যবসার যে স্যার কোন স্থান বিশেষের বা অন্য কোন আইনের শক্তিক্রমে ঐ চার্টরপ্রাপ্ত সমাজ অথবা কোম্পানি কি সোসৈটির বহীর মধ্যে রেজিষ্টরী করিতে হয় অথবা প্রকারান্তরে লিখিতে কি তুলিতে হয় এমত স্যারসম্পর্কীয় দলীলের বিষয়ে এই আইনের কোন অর্থ খাটিবেক না ইতি।

[বিল অফ এক্সচেঞ্জ অর্থাৎ হুণ্ডী এবং প্রোমিসরি নোট অর্থাৎ খত এই আইনের সঙ্গে সম্পর্ক রাখে না।

৩৫ ধারা। এই আইনের কোন বিধির এমত অর্থ করিতে হইবেক না যে তাহা বিল অফ এক্সচেঞ্জ অর্থাৎ হুণ্ডী অথবা প্রোমিস্‌রি নোট অর্থাৎ খতের সঙ্গে সম্পর্ক রাখে ইতি।

["ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" চারি ইণ্ডেক্স রাখিতে হইবেক।]

৩৬ ধারা। উক্ত রাজ্যের প্রত্যেক প্রদেশের রেজিষ্টরী দফ্তরে "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরের" চারি ইণ্ডেক্স রাখিতে হইবেক এবং তাহার এই২ নাম থাকিবেক বিশেষতঃ ভূমির নামের ইণ্ডেক্স ও দানকর্ত্তার নামের ইণ্ডেক্স ও উইলকারি ও উইল না করিয়া যাহারা মরে তাহারদের ইণ্ডেক্স এবং যোত্রহীনেরদের ইণ্ডেক্স এবং ঐ

Grantors, the Index of Testators and Intestates, and the Index to Insolvents ; and the said four Indexes shall respectively be made and kept as next hereinafter mentioned.

চারি ইণ্ডেক্স পশ্চাৎ লিখিতমতে করা যাইবেক ও রাখা যাইবেক ইতি।

"Index of Titles" of "the Register of Title Deeds relating to Lands."

XXXVII. All Assurances to be registered under this Act, by which any lands may be affected as aforesaid, shall be indexed in "the Index of Titles" to the "Register of Title Deeds relating to Lands," under heads to be respectively designated by numbers or names of Villages or Mehals or otherwise, as the Registrar may think fit ; and every entry in the said Index shall express the year and the day of the month when the same is made, and the book or parcel in which the document deposited in the Register Office is made up, and the number of such document in such book or parcel, and such other particulars as under any Regulations to be made as hereinafter mentioned may be directed.

["ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "ভূমির নামের ইণ্ডেক্স।"]

৩৭ ধারা। যে সকল দলীল পূর্ব্বোক্তমতে কোন ভূমি লিপ্ত থাকে এবং এই আইনানুসারে রেজিষ্টরী করিতে হয় তাহা "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" ভূমির নামের ইণ্ডেক্সের মধ্যে ইণ্ডেক্স করিতে হইবেক এবং রেজিষ্ট্রার সাহেব যেমত উচিত বোধ করেন সেইমতে নম্বরের অথবা গ্রাম কি মহালের নামের নির্দ্দিষ্ট শিরনামার নীচে তাহা লিখিতে হইবেক। এবং ঐ ইণ্ডেক্সের মধ্যে যে প্রত্যেক লিপি হয় তাহাতে যে বৎসরে ও মাসের যে দিবসে তাহা করা গেল তাহা এবং রেজিষ্টরী দপ্তরে আমানৎহওয়া কাগজপত্র যে বহীতে বা পুলিন্দাতে রাখা গিয়াছে তাহা এবং ঐ বহী অথবা পুলিন্দাতে ঐ কাগজপত্রের যে নম্বর থাকে তাহা এবং পশ্চাৎ লিখিতমতে যেং বিধি করা যায় সেইং বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম হয় তাহা নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

The "Index of the name of Grantors" to "the Register of Title Deeds relating to Lands."

XXXVIII. "The Index of the names of Grantors" to "the Register of Title Deeds relating to Lands," shall be an alphabetical Index of the names of such Grantors, and, save where otherwise provided by the Regulations to be made under this Act, the name of the Grantor in the Assurance, with his addition (if any) as set forth therein, shall be entered in the Index of the names of Grantors for the District, and an entry shall be made opposite to the name so entered, which entry shall contain a reference to the head under which such Assurance is indexed in the Index of Titles, and where the lands affected by the Assurance are situate in more than one district, like entries shall be made in the Index of the names of Grantors for each such District.

["ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স।"]

৩৮ ধারা। "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স" ঐং দানকর্ত্তারদের নামের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং এই আইনানুসারে যে সকল নিয়ম করিতে হয় সেইং নিয়মের দ্বারা যদি অন্য প্রকার বিধি না হয় তবে ঐ দলীলে দানকর্ত্তার নাম এবং যদি তাহার কোন পদবী থাকে তবে ঐ দলীলের মধ্যে লিখিত তাহার পদবী ঐ প্রদেশের দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্সের মধ্যে লিখিতে হইবেক এবং ঐরূপ লিখিত নামের পার্শ্বে এক লিপি দিতে হইবেক এবং ভূমির নামের ইণ্ডেক্সে ঐ দলীল যে শিরনামায় ইণ্ডেক্স হইয়াছে তাহার নিদর্শন থাকিবেক। এবং ঐ দলীলে লিপ্ত ভূমি যদি একের অধিক জিলার মধ্যে থাকে তবে সেইরূপ লিপি প্রত্যেক জিলার দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্সের মধ্যে করা যাইবেক ইতি।

The "Index of Testators and Intestates" to "the Register of Title Deeds relating to Lands."

XXXIX. "The Index of Testators and Intestates" to "the Register of Title Deeds relating to Lands" shall be an alphabetical Index of such Testators and Intestates, and where any Will, Letters of Administration, Certificate, or Affidavit of intestacy is or are registered under this Act, an entry of the name of the Testator or Intestate, with his addition, if any, as set forth in the Will, Letters of Administration, Certificate or Affidavit, shall be made in such Index, and opposite to the name of every Testator or Intestate, whose name is so entered, an entry shall be made, expressing the year and day of the month when such entry is made, and the nature of the document deposited, and the book or parcel in which the Will, Memorial, Copy, Office extract of Letters of Administration, or Certificate, or Affidavit, is made up, and the number thereof in such book or

["ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "উইলকারিরদের এবং যাহারা উইল না করিয়া মরে তাহারদের নামের ইণ্ডেক্স।"]

৩৯ ধারা। "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "উইলকারিদিগের এবং উইল না করিয়া যাহারা মরে তাহারদের নামের ইণ্ডেক্স" ঐ উইলকারি এবংযাহারা উইল না করিয়া মরে তাহারদের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক। এবং যেখানে কোন উইল অথবা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কি সর্টিফিকট কি উইল না করিয়া মরণের মুক্তিপত্র এই আইনানুসারে রেজিষ্টরী হয় সেখানে ঐ উইলকারির কি উইল না করিয়া যাহারা মরে তাহারদের নাম এবং যদি তাহার কোন পদবী থাকে তবেঐ উইল কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কি সর্টিফিকটে তাহার যে পদবী থাকে তাহা ঐ ইণ্ডেক্সের মধ্যে লেখা যাইবেক। এবং উইলকারি এবং উইল না করিয়া যাহারা মরে তাহারদের যে নাম এইরূপে লেখা যায় সেই নামের পার্শ্বে এক লিপি দিতে হইবেক এবং সেই লিপিতে যে বৎসরে ও মাসের যে দিবসে ঐ লিপি হইল তাহা ও যে কাগজপত্র আমানৎ হইল তাহার ভাব ও যে বহী কি পুলিন্দাতে ঐ উইল কি খোলাসা কিম্বা নকল কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনের তজবিজহওয়া চুম্বক বা সর্টিফিকট কি মুক্তিপত্র বাঁধা

parcel, and such other particulars as under any Regulations to be made as hereinafter mentioned may be directed.

"The Index of Insolvents" to "the Register of Title Deeds relating to Lands."

XL. "The Index to Insolvents" to "the Register of Title Deeds relating to Lands" shall be an alphabetical Index of such Insolvents, and where any petition for adjudication of Insolvency, appointment, or choice of Assignees, or any vesting or other order or nomination in any Insolvency, is registered under this Act, an entry of the name of the person against whom the petition is presented, or of the Insolvent, with the addition (if any) of such person or insolvent as set forth in the memorandum, copy, or certificate deposited as aforesaid, shall be made in the said Index to Insolvents; and opposite to the name of every Insolvent whose name is so entered, an entry shall be made, expressing the year and day of the month when the same entry is made, and the book or parcel in which the said memorandum, copy, or certificate has been made up, and the number of the same in such book or parcel, and such other particulars as under any Regulation to be made as hereinafter mentioned may be directed.

Maps may be made or adopted by Government, &c., "Land Index" formed with reference to such Maps.

XLI. The Government of each Presidency or place may cause to be provided for the several Districts therein, such Maps as they may approve and deem sufficient for the purposes of Registration under this Act, and for providing such Maps may cause to be made or adopted copies, with such additions, omissions, or variations, as they may think fit, of such of the Maps made for the Revenue Survey, or by the Trigonometrical Survey, or of such other existing Maps as they may think sufficient, or may cause, in any case, new Maps to be made for the whole or part of any district; and the Maps to be provided or adopted as aforesaid shall be deposited and kept in the respective District Register Offices, and shall be used for the purposes of this Act; and the Chief Registrar of each Presidency or place respectively, with the consent of the Government thereof, shall cause to be made for each district an Index or Indexes, in such form as he may approve, of the several lands in the District, having reference to the Map or Maps thereof to be used for the purposes of this Act, and shall make provisions and Regulations for insertion from time to time, in the Indexes for the several Districts, of the names or short descriptions of the Villages or other estates of whatever tenure therein respectively as cannot be conveniently indicated by reference to such Maps; and the Index or Indexes so to be made for each District shall be deposited and kept in the District Register Office,

গিয়াছে তাহা এবং ঐ বহী অথবা পুলিন্দার নম্বর এবং পশ্চাৎ লিখিতমতে যেং বিধি করা যায় সেইং বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম হয় তাহা নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

[ "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "যোত্রহীনেরদের ইণ্ডেক্স।"

৪০ ধারা। "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "যোত্রহীনেরদের ইণ্ডেক্স" ঐ যোত্রহীনেরদের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং যেখানে কোন যোত্রহীনতা ধার্য্য করণের দরখাস্ত এবং আসৈনিরদের নিয়োগ অথবা মনোনীত হওন কি কোন যোত্রহীনতায় কোন অর্পণ করণের হুকুম বা অন্য হুকুম কি নিয়োগ করণের হুকুম এই আইনানুসারে রেজিষ্টরী হইয়াছে সেখানে যে ব্যক্তির বিরুদ্ধে দরখাস্ত দেওয়া গিয়াছে তাহার অথবা ঐ যোত্রহীনের নাম এবং যদি ঐ ব্যক্তি অথবা ঐ যোত্রহীনের কোন পদবী থাকে তবে ঐ পূর্ব্বোক্তমতে আমানৎকওয়া স্মারক লিপি বা নকল কি সর্টিফিকটে যে পদবী লেখা থাকে তাহা ঐ যোত্রহীনেরদের ইণ্ডেক্সে লেখা যাইবেক। এবং এইরূপ যে প্রত্যেক যোত্রহীনের নাম লেখা যায় তাহার সেই নামের পার্শ্বে এক লিপি দেওয়া যাইবেক এবং যে বৎসরে ও মাসের যে দিবসে ঐ লিপি করা যায় তাহা এবং ঐ স্মারক লিপি বা নকল কি সর্টিফিকট যে বহী বা পুলিন্দার মধ্যে বাঁধা গিয়াছে তাহা এবং ঐ বহীর অথবা পুলিন্দার মধ্যে তাহার যে নম্বর থাকে তাহা এবং পশ্চাৎ লিখিতমতে যেং বিধি করা যায় সেইং বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম হয় তাহা নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

[ম্যাপ অর্থাৎ ভূমির নক্শা গবর্ণমেণ্টপ্রভৃতির দ্বারা করা যাইতে অথবা গ্রহণ হইতে পারে। ঐ ম্যাপের নিদর্শনে "ভূমির ইণ্ডেক্স" করা যাইবেক।]

৪১ ধারা। প্রত্যেক রাজধানী বা স্থানের গবর্ণমেণ্ট তাঁহারা নানা জিলার জন্যে যে ম্যাপে সম্মত হন এবং এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্মের জন্যে প্রচুর বোধ করেন এইমত ম্যাপ প্রস্তুত করাইতে পারেন। এবং ঐ প্রকার ম্যাপ প্রস্তুত করাইবার জন্যে যে ম্যাপ রাজস্বের জরিপের জন্যে অথবা ট্রিগোনোমেট্রিকাল জরিপের দ্বারা যে ম্যাপ প্রস্তুত হইয়াছে তাহা অথবা বর্ত্তমান অন্য যে ম্যাপ তাঁহারা উচিত বোধ করেন তাহার নক্শা করাইতে পারেন অথবা তাহা গ্রহণ করিতে পারেন এবং তাঁহারা যেরূপ উচিত বোধ করেন তাহাতে কোন নূতন বিষয় দিতে পারেন কি কোন বিষয় ছাড়িয়া দিতে পারেন অথবা তাহার ফেরফার করিতে পারেন। অথবা কোন জিলার সমুদয় বা কোন ভাগের নূতন ম্যাপ করাইতে পারেন। এবং পূর্ব্বোক্তমতে করা অথবা গ্রহণহওয়া ম্যাপ প্রত্যেক প্রদেশের রেজিষ্টরী দফ্তরে আমানৎ হইবেক ও রাখা যাইবেক এবং তাহা এই আইনের কার্য্যের জন্যে ব্যবহার হইবেক। এবং প্রত্যেক রাজধানী বা স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব তাহার গবর্ণমেণ্টের অনুমতিক্রমে এই আইনের কার্য্যের জন্যে যে এক বা ততোধিক ম্যাপের ব্যবহার হইবেক সেই ম্যাপের নিদর্শনে প্রত্যেক জিলার জন্যে ঐ জিলার নানা ভূমির এক বা ততোধিক ইণ্ডেক্স যে পাঠে তাঁহারা সম্মত হন সেই পাঠানুসারে প্রস্তুত করাইবেন। এবং ঐ প্রধান রেজিষ্ট্রার সাহেব গ্রামের অথবা অন্য যে কোন প্রকার স্বত্বের মহাল থাকে সেই মহালের যে নাম অথবা সংক্ষেপ বিবরণ ঐ ম্যাপের দ্বারা সুগমমতে নির্দ্দিষ্ট হইতে পারে না তাহা ঐ ইণ্ডেক্সের মধ্যে সময়ক্রমে লিখিবার জন্যে নিয়ম ও বিধি করিবেন। এবং প্রত্যেক জিলার জন্যে যে এক বা ততোধিক ইণ্ডেক্স এইরূপে করা যাইবেক তাহা ঐ জিলার রেজিষ্টরী দফ্তরে

and shall be "the Land Index" of such District for the purposes of this Act; and from and after the period when such Maps are provided, and such Index or Indexes having reference thereto are made as aforesaid in any District, it shall and may be lawful for the Chief Registrar of each Presidency or place (with the consent of the Government thereof,) in his discretion, to make Regulations for the discontinuance in such District of "the Index of Titles" to "the Register of Title Deeds relating to lands."

XLII. In Districts where a Land Index is made and an Index of Titles is also continued, if an entry of an Assurance is made in the Index of Titles, an entry shall be made in "the Land Index" for the same District, opposite to the name or number of such land, which entry in the Land Index shall contain a reference to the entry in the Index of Titles, and the said Land Index shall contain such other particulars as under any Regulations to be made as hereinafter mentioned may be directed.

Entries made in "the Land Index" to contain references to "the Index of Titles," if the latter Index is continued.

XLIII. There shall be provided and kept in each District Register Office in the said Territories, two Indexes of "the Register of Leases," to be respectively intituled "the Index of Titles" and "the Index of Lessors," and the said two Indexes shall respectively be made and kept as next hereinafter mentioned.

Two Indexes to be kept of "the Register of Leases."

XLIV. All Leases or Agreements for Leases, or other Assurances by which such Leases or Agreements shall be assigned or affected, shall be indexed in "the Index of Titles" to "the Register of Leases," under heads, to be respectively designated by numbers, or names of Villages, or Estates, or otherwise as the District Registrar may think fit, or as may be directed by the Regulations hereinafter mentioned; and every entry in such Index shall express the year and day of the month when the same is made, and the book or parcel in which the document deposited in the Register Office is made up, and the number of such document in such book or parcel, and such other particulars as under any Regulations to be made as hereinafter mentioned may be directed.

"Index of Titles" to "the Register of "Leases."

XLV. The Index of the names of Lessors to "the Register of Leases" shall be an alphabetical Index of the names of such Lessors, and the name of the Lessor in the Lease or assignment, with his addition, if any, as set forth therein, shall be entered in such Index, and an entry shall be made, op-

"Index of the "names of Lessors" to "the Register "of Leases."

আমানৎ হইবেক ও রাখা যাইবেক এবং তাহা এই আ-নের কার্য্যের নিমিত্তে ঐ জিলার "ভূমির ইণ্ডেক্স" হইবেক। এবং কোন জিলার মধ্যে ঐরূপ ম্যাপ প্রস্তুত হইলে এবং ঐ ম্যাপসম্পর্কীয় এক বা ততোধিক ইণ্ডেক্স প্রস্তুত হইলে পর ও তদবধি প্রত্যেক রাজধানী কি স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব তাহার গবর্ণমেণ্টের অনুমতিক্রমে আপনার বিবেচনামতে "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" ভূমির নামের ইণ্ডেক্স ঐ জিলার মধ্যে নিবৃত্ত করণের জন্যে নিয়ম করিতে পারেন ইতি।

[যদি "ভূমির নামের ইণ্ডেক্স" বহাল থাকে তবে "ভূমির ইণ্ডেক্সের" সকল লিপিতে তাহার নিদর্শন থাকিবেক।]

৪২ ধারা। যে জিলার মধ্যে "ভূমির ইণ্ডেক্স" করা যায় এবং ভূমির নামের ইণ্ডেক্স বহাল থাকে সেই জিলায় যদি কোন দলীল ভূমির নামের ইণ্ডেক্সের মধ্যে লেখা যায় তবে সেই জিলার "ভূমির ইণ্ডেক্সে" ঐ ভূমির নাম অথবা নম্বরের পার্শ্বে ঐ দলীলের বিষয়ও লেখা যাইবেক। এবং ভূমির ইণ্ডেক্সে ঐ লিপি ভূমির নামের ইণ্ডেক্সের লিপির নিদর্শন থাকিবেক এবং পশ্চাৎ লিখিতমতে যেং বিধি করা যায় সেইং বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম হয় তাহা ঐ ভূমির ইণ্ডেক্সে নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

["পাট্টার রেজিষ্টরীর" দুই ইণ্ডেক্স হইবেক।]

৪৩ ধারা। উক্ত রাজ্যের মধ্যে প্রত্যেক প্রদেশের রেজিষ্টরী দফ্তরে "পাট্টার রেজিষ্টরীর" দুই ইণ্ডেক্স করা যাইবেক ও রাখা যাইবেক এবং তাহার নাম "ভূমির নামের ইণ্ডেক্স" এবং "পাট্টাদেওনিয়ার ইণ্ডেক্স" এবং ঐ দুই ইণ্ডেক্স পশ্চাৎ লিখিতমতে করা যাইবেক ও রাখা যাইবেক ইতি।

["পাট্টার রেজিষ্টরীর" "ভূমির নামের ইণ্ডেক্স।"]

৪৪ ধারা। সকল পাট্টা অথবা পাট্টার বন্দোবস্ত কি অন্য যে দলীলের দ্বারা ঐ পাট্টা অথবা বন্দোবস্ত অর্পণ হয় কিম্বা লিপ্ত হয় তাহা "পাট্টার রেজিষ্টরীর" ভূমির নামের ইণ্ডেক্সে শিরনামাক্রমে ইণ্ডেক্স হইবেক এবং প্রদেশের রেজিষ্ট্রার সাহেব যেরূপ উচিত বোধ করেন কি পশ্চাৎ লিখিত বিধিতে যেরূপ হুকুম করা যায় সেইরূপে ঐ শিরনামাতে নম্বর অথবা গ্রাম অথবা মহালের সংজ্ঞা একং করিয়া লেখা যাইবেক। এবং ঐ ইণ্ডেক্সের মধ্যে প্রত্যেক লিপিতে ইহা থাকিবেক বিশেষতঃ যে সংসরে ও মাসের যে দিবসে লেখা গেল তাহা এবং রেজিষ্টরী দফ্তরে আমানৎহওয়া কাগজপত্র যে বহী অথবা পুলিন্দার মধ্যে বাঁধা গিয়াছে তাহা এবং ঐ বহী কি পুলিন্দাতে ঐ কাগজপত্রের যে নম্বর থাকে তাহা এবং পশ্চাৎ লিখিতমতে যেং বিধি করা যায় সেইং বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম হয় তাহা ইতি।

["পাট্টার রেজিষ্টরীর" "পাট্টাদেওনিয়ারদের" নামের ইণ্ডেক্স।]

৪৫ ধারা। "পাট্টার রেজিষ্টরীর" পাট্টাদেওনিয়াদিগের নামের ইণ্ডেক্স ঐ পাট্টাদেওনিয়াদিগের নামের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং ঐ পাট্টা অথবা অর্পণপত্রে পাট্টা দেওনিয়ার যে নাম লেখা থাকে তাহা এবং যদি তাহার কোন পদবী থাকে তবে ঐ পাট্টার মধ্যে লিখিত ঐ পদবী ঐ ইণ্ডেক্সের মধ্যে লেখা যাইবেক। এবং

posite to the name to be so entered, which entry shall contain a reference to the head under which such Lease is indexed in the Index of Titles, and such other particulars as under any Regulation to be made as hereinafter mentioned may be directed; and when the lands affected by such Lease are situate in more than one district, like entries shall be made in the Index of each such district.

Three Indexes to be kept of the General Register.

XLVI. There shall be provided and kept in each District Register Office in the said Territories, three Indexes of "the General Register," to be respectively intituled, the Index of the names of Grantors, the Index to Testators and Intestates, and the Index to Insolvents, and the said three Indexes shall respectively be made and kept as next hereinafter mentioned.

The "Index of "the names of "Grantors" to "the "General Register."

XLVII. The "Index of the names of Grantors" to "the General Register," shall be an alphabetical Index of such Grantors, and, save where otherwise provided by the Regulations to be made under this Act, shall be made and kept in the manner and form hereinbefore provided for the making and keeping of the "Index of the names of Grantors," to "the Register of Title Deeds relating to lands," or as near thereto as circumstances will permit, and shall contain such other particulars as under any Regulation to be made as hereinafter mentioned shall be directed.

The "Index of "Testators and In- "testates" to "the "General Regis- "ter."

XLVIII. "The Index of Testators and Intestates" to "the General Register" shall be an alphabetical Index of such Testators and Intestates, and, save where otherwise provided by the Regulations to be made under this Act, shall be made and kept in the manner and form hereinbefore provided for the making and keeping of "the Index of Testators and Intestates" to "the Register of Title Deeds relating to lands," or as near thereto as circumstances will admit, and shall contain such other particulars as under any Regulation to be made as hereinafter mentioned shall be directed.

[To be Continued.]

ঐরূপে লিখিত নামের পার্শ্বে এক লিপি থাকিবেক এবং ভূমির নামের ইণ্ডেক্সে ঐ পাট্টা যে শিরনামায় ইণ্ডেক্স হইয়াছে তাহা এবং পশ্চাৎ লিখিতমতে করা কোন বিধির দ্বারা অন্য যে বেওরার হুকুম হয় সেই বেওরা ঐ লিপিতে থাকিবেক। এবং ঐ পাট্টালিপ্ত ভূমি যদি একের অধিক জিলাতে থাকে তবে সেইরূপ লিপি প্রত্যেক জিলার ইণ্ডেক্সের মধ্যে দেওয়া যাইবেক ইতি।

["সাধারণ রেজিষ্টরীর" তিন ইণ্ডেক্স করা যাইবেক।]

৪৬ ধারা। উক্ত রাজ্যের মধ্যে প্রত্যেক প্রদেশের রেজিষ্টরী দপ্তরে "সাধারণ রেজিষ্টরীর" তিন ইণ্ডেক্স করা যাইবেক ও রাখা যাইবেক ও তাহার একে২ এই নাম থাকিবেক বিশেষতঃ দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স এবং উইলকারি ব্যক্তিরদের ও যাহারা উইল না করিয়া মরে তাহারদের নামের ইণ্ডেক্স এবং দেউলীয়ারদের ইণ্ডেক্স এবং ঐ তিন ইণ্ডেক্স পশ্চাৎ লিখিতমতে করা যাইবেক ও রাখা যাইবেক ইতি।

["সাধারণ রেজিষ্টরীর" "দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স।"]

৪৭ ধারা। "সাধারণ রেজিষ্টরীর" "দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স" ঐ দানকর্ত্তারদের নামের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং এই আইনানুসারে যে বিধি করিতে হয় সেই বিধিতে অন্য প্রকার নিয়ম না থাকিলে তাহা "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরের" "দানকর্ত্তারদের নামের ইণ্ডেক্স" করিবার ও রাখিবার জন্যে পূর্ব্বোক্ত যে২ নিয়ম আছে সেই২ নিয়মের নির্দ্দিষ্ট প্রকারে ও পাঠানুসারে তাহা করা যাইবেক ও রাখা যাইবেক অথবা সাধ্যপর্য্যন্ত তাহার সদৃশ করা যাইবেক এবং পশ্চাৎ লিখিতমতে যে২ বিধি করিতে হয় সেই২ বিধিতে অন্য যে বৃত্তান্তের হুকুম করা যায় তাহা লেখা যাইবেক ইতি।

["সাধারণ রেজীষ্টরীর" "উইলকারি এবং যাহারা উইল না করিয়া মরে তাহারদের ইণ্ডেক্স।"]

৪৮ধারা। "সাধারণ রেজিষ্টরীর" "উইলকারি এবং যাহারা উইল না করিয়া মরে তাহারদের ইণ্ডেক্স" ঐ উইলকারিরদের এবং যাহারা উইল না করিয়া মরে তাহারদের নামের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং এই আইনানুসারে যে বিধি করিতে হইবেক তাহাতে অন্য প্রকার হুকুম না থাকিলে "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "উইলকারিরদের এবং উইল না করিয়া যাহারা মরে তাহারদের ইণ্ডেক্স" করিবার ও রাখিবার জন্যে পূর্ব্বোক্তমতে যেরূপ হুকুম আছে সেইরূপে এবং সেই পাঠানুসারে তাহা করা যাইবেক ও রাখা যাইবেক অথবা সাধ্যপর্য্যন্ত তাহার সদৃশ করা যাইবেক ও রাখা যাইবেক এবং পশ্চাৎ লিখিতমতে যে বিধি করিতে হইবেক সেই বিধিতে অন্য যে সকল বৃত্তান্তের হুকুম হয় তাহা তাহার মধ্যে লেখা যাইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### LEAVES OF ABSENCE.

*The 9th June*, 1852.

Baboo Goluckchunder Roy, Moonsiff of Satkaneah, Chittagong, for two days, the 31st ultimo and 1st instant.

Baboo Gopaulchunder Ghose, Moonsiff of Bhu-

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### ছুটী।

১৮৫২ সাল ৯ জুন।

চাটিগাঁর সাতকানিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় গত মাসের ৩১ ও বর্ত্তমান মাসের ১ তারিখে দুই দিনের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপাল-

tooria, East Burdwan, for four days, from the 9th instant.

B. J. COLVIN, *Register*.

চন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

১১৯৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২০ মে।

শ্রীযুত ডবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,) বীরভূমে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব ও শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব ও শ্রীযুত এ এ ডনলপ সাহেব (Messrs. J. S. Spankie, W. C. Costley and A. A. Dunlop,) ও শ্রীযুত মৌলবী আমিনুদ্দীন হুসেন ও শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ও মাধবচন্দ্র মুখুয্যা ও গোলোকচন্দ্র রায় ও আনন্দচন্দ্র বসু ফরীদপুরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ২৭ মে।

শ্রীযুত জে পি কেলি সাহেব (Mr. J. P. Kelly,) হাজারীবাগের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত সি মাকি সাহেব ও শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব (Messrs. C. Mackay and W. C. Costley,) ও শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ফরীদপুরে ফেরীফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত কাপ্তান জে উড্লি সাহেব (Captain J. Woodley,) মেন্টর এটেণ্ডেন্টের প্রথম আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান উড্লি সাহেবের (Captain Woodley,) অন্য কর্ম্ম করণপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,) গবর্ণমেণ্টের বোট আফিসের কেরাণির কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান ই অন্সলো সাহেব (Captain E. Onslow,) মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ৩১ মে।

শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া ঐ জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ আর তামসন সাহেব (Mr. A. R. Thompson,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৭ মে।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) গত আপ্রিল মাসের ২ তারিখে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক খসরা বিধির ৮ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১ জুন।

শ্রীযুত ডবলিউ এন্স্লি সাহেব (Mr. W. Ainslie,) গত মাসের ১৯ তারিখে শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr. C. W. Mackillop,) স্থানে বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৭ মে।

শ্রীযুত টি বি মাকটিয়র সাহেবের (Mr. T. B. Mactier,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান ডি ই ব্রুষ্টর সাহেব (Captain D. E. Brewster,) ও শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুর্য্যা ভাগলপুরের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত আর বি গারেট সাহেব ও শ্রীযুত সি ডবলিউ স্পেন্সর সাহেব (Messrs. R. B. Garrett and C. W. Spencer,) বীরভূমের ওদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিলটাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

মেদিনীপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী গোলাম সফদার ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২৯ মে।

পূরণিয়ার নাথপুরের মুনসেফ শ্রীযুত টি সি পেনিংটন সাহেব (Mr. T. C. Pennington,) ও পূর্ব্ব বর্দ্ধমানের ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ মুনসেফের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫২ সাল ২৭ মে।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Peppor,) আপন মোকামে পঁহুছিবার নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের ও নদীয়ার একটিং আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ জি মাকবিটি সাহেব (Mr. W. G. MacVitie,) গত ফেব্রুআরি মাসের ২৫ তারিখের গবর্ণমেণ্টের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৯ মে।

বীরভূমের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত রায় গোবিন্দ চাঁদ চৌধুরী স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৪ জুন।

শ্রীযুত এচ ই কাক্রেল সাহেব ও শ্রীযুত ডবলিউ আর মোর সাহেব (Messrs. H. E. Cockerell and W. R. Moore,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "ওরিএণ্টাল" নামক বাষ্পীয় জাহা-

জেতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ গত মাসের ২৯ তারিখে কলিকাতায় পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবেল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১২১২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৫ জুন।

লণ্ডন মিশনরি সোসাইটির ধর্ম্মোপদেশক শ্রীযুত এ এফ লাক্রয় সাহেব (Rev. A. F. Lacroix,) যশোহরের বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৫ জুন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson.) গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেবের (Mr. W. H. Henderson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এ ফরবেস সাহেব (Mr. A. Forbes,) গত মাসের ৩১ তারিখে চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজের কর্ম্ম শ্রীযুত এস বৌরিং সাহেবের (Mr. S. Bowring,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance.) গত মাসের ২৯ তারিখে আপন মোকামে পুনর্গমন করেন।

শ্রীযুত আর হৌষ্টন সাহেব (Mr. R. Houstoun.) বর্ত্তমান মাসের ১ তারিখে চাটিগাঁর নিমকের এজেন্টী কর্ম্ম শ্রীযুত আর ইন্স সাহেবের (Mr. R. Ince,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) বর্ত্তমান মাসের ৪ তারিখে বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্ম শ্রীযুত এ পিগু সাহেবের (Mr. A. Pigou,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১২৪৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১০ জুন।

শ্রীযুত বাবু গ্রীশচন্দ্র পালিতের অনুপস্থান কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু অম্বীকাচরণ চাটুয্যা দক্ষিণ পশ্চিম অঞ্চলে চৈবাসার সবআসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫২ সাল ৩ জুন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াহিদন্নবী যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে চারি দিনের ছুটী পাইয়াছেন। গত মাসের ১৪ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১১ জুন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) গত মাসের ৩১ তারিখে চাটিগাঁর কালেক্টরীর ভার শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেবের (Mr. E. C. Craster,) স্থানে গ্রহণ করেন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন মোকামে পঁহুছেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) বর্ত্তমান মাসের ৮ তারিখে বীরভূমের কালেক্টরীর ভার শ্রীযুত জি ব্রাইট সাহেবের (Mr. G. Bright,) স্থানে গ্রহণ করেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দিননাথ দাস বর্ত্তমান মাসের ৯ তারিখে বারাসতের ঔষধালয়ের ও জেল হাসপাটালের কর্ম্ম গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ৩ জুন।

১৮৫১ সালের ২০ ডিসেম্বর তারিখের যে বিজ্ঞাপন ১৮৫১ সালের ২৪ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটে ও ১৮৫২ সালের ১৯ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ১৮৫২ সালের ১১ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে এবং ১৮৫০ সালের ২৬ আইনের ৪ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার উত্তরপাড়া নগরে ১৮৫০ সালের ২৬ আইনের চলন কি না চলন বিষয়ে ঐ নগরনিবাসিরা উক্ত বিজ্ঞাপনমতে আপনারদের যে২ মত প্রকাশ করিয়াছেন তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেব বিবেচনা করিয়া জ্ঞান করেন যে উক্ত নগরনিবাসিরা ঐ বিষয়ের সপক্ষ বটেন। অতএব ইহার দ্বারা হুকুম হইতেছে যে ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে যে সকল অভিপ্রায় প্রকাশ আছে সে সকল অভিপ্রায়ের নিমিত্তে ঐ ১৮৫০ সালের ২৬ আইন এই কালঅবধি উক্ত নগরে চলন হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

# GOVERNMENT ADVERTISEMENTS.

# গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

## LAND ADVERTISEMENTS.

## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বালেশ্বর।

ইস্তেহার দ্বারা গোচর করা যাইতেছে জেলা বালেশ্বরের নীচের লিখিত মাহালাতের সন ১২৫৯ সালের আট পণি কিস্তীর বাকী খাজানা আদায় নিমিত্ত সন ১৮৫২ সালের জুন মাসের ২৮ তারিখ মোতাবেক সন ১২৫৯ সালের আষাঢ় মাসের ১৭ তারিখ সোমবার সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৫। ৬ ধারা অনুসারে জেলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক ইতি ৪ তারিখ জুন সন ১৮৫২ সাল।

| শ্রেণীর নম্বর | কি প্রকার মাহাল | জমাওয়াসিল বাকীর ফর্দ্দের নম্বর | নাম মাহাল ও পরগনা | জমিদারের নাম | সদর জমা | সন ১৮৫২ সালের আট পণি বাকী | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | মেয়াদি বন্দোবস্ত ... | ৬৪ | মৌজে দুর্গাপুর পরগনে বালুভায ওগয়রহ ... | গোপীনাথপ্রসাদ রায় ওগয়রহ ... | ৪১৩ ।৶৫ | ২০৬॥০ | |
| ৩ | ঐ | ৯৯ | আরাজি মওয়াজিব দরড়া পরগনে সেনাওত ওগয়রহ ... ... ... | নারায়ণচরণ বেহেরা ওগয়রহ ... | ১৪৮৭ ।৶২ | ৬৩৶ | |
| ৩ | ঐ | ১০৩ | মৌজে কোলনা পরগনে সোসো ... ... | দুলাদেই ওগয়রহ ... ... ... | ৭৯৩৸১১ | ৪৯॥০ | এ বাকির মধ্যে নোকশানি ১৮॥/ বাদে মৌজুদাতি ৩০৸৯ আছে ও এ বাকি কিসমত ৶ আনার হিস্যাদার দুলাদেই দেয় নাহি। |
| ৩ | ঐ | ১৬১ | মৌজে সামন্দা পরগনে দোলগ্রাম ... | নিশাকর দুবাই ওগয়রহ ... ... | ৩৩৩ ।৶৮ | ১৫৬ ।০ | |
| ৩ | ঐ | ১৬৪ | খরিদগী মৌজে সাঁউড়িহি পরগনে দোলগ্রাম | হরেকৃষ্ণ পাণিগ্রাহী ওগয়রহ ... ... | ৪০৬॥৶৮ | ৫৮৸০ | |
| ৩ | ঐ | ১৭৩ | মৌজে নারিগাঁ পরগনে কাটিয়া ... ... | চক্রধর মেদনী সিংহ ওগয়রহ ... ... | ৯৬০॥/১ | ৪৩ ।/৬ | |
| ৩ | ঐ | ২২৯ | মাহাল প্রতাপুর পরগনে কিসমত কটসাহি ... | পরমানন্দ চৌধুরী ওগয়রহ ... ... | ২১৩॥৶৭ | ৫৯৸/১ | |
| ৩ | ঐ | ২৪১ | খরিদগী মৌজে তিলদা পরগনে অহিয়াশ | রামলোচন পণ্ডা ওগয়রহ ... ... | ১৮৬॥৩ | ৫৬৸৶৩ | |
| ৩ | ঐ | ২৯২ | মৌজে অরাই পরগনে দোলগ্রাম ... | সহদেব সামল ... ... ... | ১৭০৶/১ | ২২॥৶৬ | |
| ৩ | ঐ | ২৯৭ | খরিদগী মৌজে সিনন্দা পরগনে দোলগ্রাম ওগয়রহ ... ... ... | দিত্যারিনন্দ ওগয়রহ ... ... | ৮৩৸৩ | ১২॥০ | |

W. J. ALLES, *Collector.*

জিলা কটক।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে জেলা কটক এলাকা কিসমত জনুরির নিম্নের লিখিত মহালাতের সন ১৮৫১ সালের লাগাইদ কিস্তী জানুআরির বাকী শ্রীযুত সরকার বাহাদুরের পাওনা রাজস্বের নিমিত্তে এবং অন্যা২ যে কিছু দাবী চলিত আইনক্রমে বাকী মালগুজারি ন্যায় আদায় করিবার হুকুম আছে তদনুসারে সন ১৮৫২ সালের জুন মাহার ২৯ তারিখ মঙ্গলবার দিবস মোতাবেক সন ১২৫৯ সাল আষাঢ় মাহার ১৮ তারিখে উক্ত কিসমত কালেক্টর সাহেবের হজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | তৌজী লিখিত মহালের নম্বর | মহালের নাম | মালিকের নাম | সদর জমা সন ১২৫৯ সাল | বাকী পাওনা লাগাইদ কিস্তী মাহ জানুআরি সন ১৮৫২ সাল | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | মহাল গয়ের মোকররী বন্দোবস্ত | ১৭২ | মৌজে গোষ্ট পং রাজওাস … … | পরশু সেনাপতি ও ৮ মিন সেনাপতির পুত্র নারায়ণ সেনাপতি ও পদ্মনাভ সেনাপতি ও মহাদেব সেনাপতি ও অখণ্ডল সেনাপতি ও গঙ্গাধর সেনাপতি নাবালগের খুল্যতাত কেনাই সেনাপতি মহাফেজ ও নিধি সেনাপতি ও নারায়ণ রায়ের পুত্র বীরভদ্র রায় নাবালগের মাতা ও মহাফেজ পার্ব্বতী দেই ও মুকুন্দ সেনাপতি ও নকড়ি সেনাপতি ও নারায়ণ সেনাপতি ও নৃসিংহ সেনাপতি ও অনন্ত সেনাপতি ও চৌধুরী রামচন্দ্র সাহু ও ভগত সেনাপতি ও মাধই সেনাপতি … | ৪১৮৮৵৮। | ১৪৩॥/১০॥ | |
| ঐ | ঐ | ১১১ | তালুকে ইচ্ছাপুর পং পূর্ব্বদুবাই … | চৌধুরী রামচন্দ্র সাহু … … … | ৬১১॥/১০॥ | ১৩১ :০ | |
| ঐ | ঐ | ২০৮ | মৌজে আমুণী হানা পং পূর্ব্বদুবাই … | কুলমণি মাইতি ও পিতাই মাইতি ও রাজনারায়ণ বসু … … … … | ১৫০৶৬। | ৭৫৲ | |
| ঐ | ঐ | ২৩১ | মৌজে শ্রীরামপুর পং কুরুণ্ডে … | বাসুদেব মিশ্র … … … … | ৩৫৶৩। | ১৩॥/ | |

তারিখ ৫ জুন সন ১৮৫২ সাল।

G. D. WILKINS, *Offg. Collector.*

জিলা কটক।

এতল্লামা কাছারী কালেক্টরী জেলা কটক মধ্য প্রদেশ সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিতানুসারে মাহাল সকল মালগুজারী লাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৫২ সাল মোতাবেক সন ১২৫৯ সাল আটপণি বাকী সরকারের পাওনা আদায় কারণ বর্ত্তমান সন ১৮৫২ সাল জুন মাহার ২৯ তারিখ মোতাবেক সন ১২৫৯ শাল আষাঢ় মাহার ১৮ তারিখ মঙ্গলবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারীতে নীলামে বিক্রয় হইবেক ৭ তারিখ মাহ জুন সন ১৮৫২ সাল।

| শ্রেণীর নম্বর | মাহালের প্রকার | জেলার তৌজী লিখিত মাহালের নম্বর | মাহালের নাম | মাহালের লিখিত মালিকের নাম | সদর জমা | বাকী পাওনা লাগাএত কিস্তি মাহ জানুআরি সন১৮৫২ সাল | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| নং ২ | মিয়াদী বন্দোবস্ত | নং ২৬ | কীসমত তালুকে রাউত-রাপুর পঃ জাজপুর ... | ভাগবত হরিচন্দন মাহাপাত্র ও কৃষ্ণপ্রিয় ও সেখ অবদুল কাদর | মঃ ২৬৫৸৩ | মঃ ১৩২॥৹ | এ মাহাল দরোবস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে। |
| নং ২ | ঐ | নং ৩০ | তালুকে খড়সিংহা পঃ জাজপুর ... ... | চৌধুরী শ্যামসুন্দর খাডঙ্গা মাহাপাত্র ও চৌধুরী শ্রীপতি বাওনপতি মাহাপাত্র ও ত্রিলোচন মাহাপাত্র ও নন্দকিশোর রায়ে মাহাপাত্র ও চৌধুরী সুদর্শন মাহাপাত্র ও ব্রজকিশোর রায়ে মাহাপাত্র নাবালগ মাতা ও মাহাফেজ শুনা দেই চৌধুরাণী ও অক্রুর পানি ও অভিরাম পানি ও দধিবামন পুরষেঠী ও জন্মেজয় মাহাপাত্র নাবালগ মাহাফেজ মাতা শুনা দেই ও রঘুনাথ সেনাপতি ও লম্বোদর পাণ্ডা ও অক্রুর পাণ্ডা ও শিব মিশ্র ও নিশাকর মাহাপাত্র নাবালগ মাহাফেজ চৌধুরাণী শুনা দেই ও গোপীনাথ পানি ও উদ্ধব মাহাপাত্র ও শ্রীরাম পানি অশালতন ও চৌধুরী সাধুচরণ পুরষেঠী ও চৌধুরী বৈরাগী পুরষেঠী নাবালগান মাতা ও মাহাফেজ চারতুলা দেই ও উদেকর মাহাপাত্র নাবালগ মাতা ও মাহাফেজ চৌধুরাণী শুনা দেই ও বিপ্রচরণ দাস চৌধুরাণী হেম দেই | মঃ ১১৩১ ৸৪॥ | মঃ ২৮৬৷ | এমাহাল সন ১৮১৪ সালের ১৯ আইনানুসারে বাঁটওয়ারায় দায়ের থাকিবাতে ও মধ্য দোশরা শরিকদার রঘুনাথ সেনাপতি ও লম্বোদর পাণ্ডা ও অক্রুর পাণ্ডা ও চৌধুরী সুদর্শনমাহাপাত্র আপন২ হিস্যা কিঃ ।৶১৮॥ বাকী আদায়ে করাতে তাহারদিগের হিস্যা সন ১৮৩৯ সালের জুন মাহার ৫ তারিখের লিখিত নং ১১ সদর বোর্ডের সরকুলর চিঠীর মোতাবেক জের বাঁটওয়ারা মুরত লাটবন্দিহইতে খারিজ দেওয়া গিয়া বাকী কিঃ ॥১॥ শরিকদার বাকীদার সকল আপন২ হিস্যা বাকী দাখিল না করাতে সে সকল বাকীদারদিগের হিস্যা নীলাম হইবেক এবং এমাহাল ৭ কানুন সন ১৮২২ সাল হুকুমঅনুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিবাছে ইতি। |

| শ্রেণীর নম্বর | মাহালের প্রকার | জেলার তৌজী লিখিত মহালের নম্বর | মাহালের নাম | মাহালের লিখিত মালিকের নাম | সদর জমা | বাকী পাওনা লাগাএত কিস্তি মাহ জানুআরি ১৮৫২ সাল | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| নং ২ | মিয়াদি বন্দোবস্ত | নং ৬৯৩ | মৌজে চএতলঙ্গ পং মানুবিশি ... ... ... | ভগবান মাহাপাত্র ও রাঘব মাহাপাত্র ও অনন্ত মাহাপাত্র ও সুদর্শন মাহাপাত্র ও লক্ষ্মীনারায়ণ রায় চৌধুরী ও সদাই পরিড়া ও জগন্নাথ পরিড়া ও ভোবনানন্দ মাইতি ও হলধর মাইতি। | সঃ ১১০৻১০ | সঃ ২৩৷৶৩॥ | এ মাহাল বরোবস্ত নীলাম হইতেছে এবং এ-মাহাল ৭ কানুন সন ১৮১২ সাল হুকুমানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্তে আমলে আসিয়াছে ইতি। |
| নং ২ | ঐ | নং ৭৮২ | খরিদগী মৌজে চকওয়াল পং কাসমাটিআ ... ... ... | কৃষ্ণরাম ... ... .. | সঃ ৫৩৷৶৮ | সঃ ১৩৷৶১১ চৌদ্দ আনা | ঐ |
| নং ২ | ঐ | নং ৮০৫ | কীশমত তালুকে আগর হাট দিলে ডালক্ষোড়া ... | শএখউদ্দীন মহম্মদ ও মীর গোলাম কাদর | সঃ ৪৪৪২৻৶১ | সঃ ২২২১৻ | ঐ |

G. D. Wilkins, *Offg. Collector.*

---

জিলা বগুড়া।

এস্তেহারনামা কাছারী ডিপুটী কালেক্টরী জেলা বগুড়া সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজীর ১ প্রথম আইনের ৬ ধারার বিধিমতে নীচের লিখিত বাকীপড় মহালের সন ১২৫৮ বাঙ্গলার লাগাএত কিস্তী ফাল্গুণের পাওনা বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৫২ ইংরেজীর ২৯ মার্চ সূর্য্যাস্তের পূর্ব্বে আদায়ের শেষ তারিখ নিরূপিত থাকাতে সে দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে বাকী আদায় না হওয়াতে সন ১৮৫২ ইংরেজীর ১ মেই মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলার ২০ বৈশাখ রোজ শনিবার নীলামের তারিখ নিরূপিত হইয়া বিক্রয় হওয়ায় নীলাম খরিদার উক্ত আইনের বিধিমতে খরিদের বায়নার টাকা সরকারী ধনাগারে দাখিল করিয়া ৩০ ত্রিংশত্তম দিবস মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করাপ্রযুক্ত উপরোক্ত আইনের ১৬ ধারার বিধানমতে খরিদারের দাখিলী বায়না জব্দ করিয়া পুনর্নীলাম করা প্রয়োজনে কথিত ৬ ধারামতে এস্তেহারনামা দেওয়া যায় যে উক্ত মহাল সন ১৮৫২ ইঙ্গরেজীর ৩০ জুন ইং মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলার ১৮ আষাঢ় রোজ বুধবার এই ডিপুটী কালেক্টরির কাছারিতে বিনা ওজরে পুনর্নীলামে ধরা যাইবেক ও নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইঙ্গরেজী তারিখ ৫ জুন মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলা তারিখ ২৪ জ্যৈষ্ঠ।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালেক | সদর জমা | বাকী খাজানা লাং কিস্তী ফাল্গুণ সন ১২৫৮ বাং | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল | ৬৪৯ | চক আমবাড়ী পরগনে মেহমানশাহী | রামকিশোর ঘোষ ... | ... ১৬৷৶৪ | ১০৷৶৪ | |

R. H. Russell, *Offg. Deputy Collector.*

## SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the lease-holders of the undermentioned Lots in the Soonderbuns, have failed, according to the tenor of their leases, to bring into a state of cultivation the lands allotted to them in twenty years, That all future opposition that may be made by the Lot holders may be obviated, they are hereby requested either personally or by their agents to appear within twenty-five days, at the Cutcherry of the Soonderbun Commissioner at Allipore, and state clearly the reasons, if any, for which the right and title of those Lot-holders should not forthwith determine. In default of this, their right to those lands shall cease. A. D. 1852, 5th June; B. S. 1259 27th Joisto.

| *No. Lot.* | | *Estimated measurement of Land.* | | *Name of Grantee in the Rejister.* |
|---|---|---|---|---|
| 43. | ... | 21,000 Bs. | .. | Mr. S. R. Crawford. |
| 59. | ... | 34,100 ,, | ... | Messrs. H. Sterndale and J. H. Barlow. |
| 123. | ... | 27,000 ,, | ... | Mr. R. Eglinton. |
| 129. | ... | 22,000 ,, | ... | Mr. A. Rogers. |
| 130. | ... | 15,000 ,, | ... | Mr. J Gordon. |
| 138. | ... | 17,000 ,, | ... | Mr. J. Ward. |
| 139. | .. | 29,000 ,, | ... | Mr. S. Heather. |
| 142. | ... | 22,000 ,, | ... | Mr. J. Butler. |
| 143. | ... | 10,000 ,, | ... | Do. Do. |

OOMAKAUNT SEIN, *Commissioner.*

ইস্তাহারনামা কাছারি কমিসানরি সুন্দরবন এই যে।

যেহেতুক সুন্দরবনের সীমাভুক্ত নীচের লিখিত লাটহাএর পাট্টাদারান সরকারের পাট্টার লিখিত নিয়মমতে মুকত বিংশতি বৎসরের মধ্যে লাটহাএর জঙ্গল ভুমি আবাদ করে নাই তেকারণ লাটদারাণের ভবিষ্যৎ আপত্তি নির্ম্মূল তদর্থক অত্র ঘোষণা পত্র দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে লাটহাএর পাট্টাদারাণের উচিত যে ২৫ দিবস মধ্যে স্বয়ং কিম্বা মোক্তার দ্বারায় মোকাম আলিপুর সুন্দরবনের কাছারিতে হাজির আসিয়া উক্ত লাটহায় পক্ষে পাট্টাদারাণের হক ও স্বত্ব বাজেআপ্ত না হওনের বিশিষ্ট কারণ থাকিলে তাহার বিস্তারিত বেওরা উপস্থিত করে নচেৎ মেয়াদ গতে পাট্টাদারাণের হক বাজেআপ্ত হইবেক ইতি সন ১৮৫২ সাল ৮ জুন মোং সন ১২৫৯ সাল ২৭ জ্যৈষ্ঠ।

| লাটের নম্বর | আন্দাজী জমি | যাহারদের নামে উক্ত লাটের গ্রান্টী রেজস্টরী বহিতে লিখিত আছে। | |
|---|---|---|---|
| ৪৩ নং | ২১০০০/০ | Mr. S. R. Crawford, ... ... ... | এস আর কেরাফোর্ড। |
| ৫৯ নং | ৩৪১০০/০ | Messrs. H. Sterndale and J. H. Barlow, | মেং এইস ষ্টর্ণল ও জে এইস বারলো। |
| ১২৩ নং | ২৭০০০/০ | Mr. R. Eglinton, ... ... ... | মেং আর এগলিণ্টন। |
| ১২৯ নং | ২২০০০/০ | Mr. A. Rogers, ... ... .. ... | মেং এ রজরস। |
| ১৩০ নং | ১৫০০০/০ | Mr. J. Gordon, ... ... ... ... | মেং জে গারডন। |
| ১৩৮ নং | ১৭০০০/০ | Mr. J. Ward, ... ... ... .. | মেং জে ওয়ার্ড। |
| ১৩৯ নং | ২৯০০০/০ | Mr. S. Heather, .. ... ... ... | মেং এস হিদর। |
| ১৪২ নং | ২২০০০/০ | Mr. J. Butler, ... ... ... ... | মেং জে বটলর। |
| ১৪৩ নং | ১০০০০/০ | Do. Do. ... ... ... ... | ঐ ঐ। |

শ্রী উমাকান্ত সেন। কমিসানর।

---

### IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

Sreemutty Puddomoney Dossee,

*versus*

Ramdhone Mitter, Gocoolmoney Dossee, and Rajluckey Dossee.

NOTICE is hereby given, that on the Fifth day of July now next ensuing or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause may be taken pro confesso as against the Defendant Gocoolmoney Dossee, for want of answer pursuant to the Rule of this Honorable Court in this behalf made and provided. Dated this seventh day of June, 1852.

12, Old Post Office Street, Calcutta. G. O. BERRY, *Complainant's Solicitor.*

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় শ্রীমতী পদ্মমণি দাসী ফরিয়াদী।

সেই মোকদ্দমায় রামধন মিত্র শ্রীমতী গোকুলমণি দাসী ও শ্রীমতী রাজলক্ষ্মী দাসী আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুলাই মাসের ৫ তারিখে অথবা তৎপরে যত শীঘ্র কৌন্সেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীর পক্ষে এই সুপ্রিম আদালতের নিকট দরখাস্ত করা যাইবেক যে আসামী গোকুলমণি দাসী এতদ্বিষয়ে এই সুপ্রিম আদালতের করা ও নির্দ্ধারিত ওয়া বিধানমতে জওয়াব দাখিল না করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে তাহা স্বীকার করিয়াছে এই প্রকার হুকুম করা যায় ইতি ১৮৫২ সাল ৭ জুন।

১২ নং কলিকাতা। ওল্ড পোষ্ট আফীস ষ্ট্রিট। জি ও বিরি। ফরিয়াদীর উকীল।

[*Government Gazette, 15th June, 1852.*]

## IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

Nundololl Burraul, Sreemutty Hurrymoney Dossee, and Sreemutty Rammoney Dossee, Complainants,

and

Luckhunchunder Seal, Sreemutty Kooramoney Dossee, Soodamoney Dossee, Sreenauth Seal, Janokeenauth Seal, Balucknauth Seal, Sittanauth Seal, Beernarain Seal, Gopeechund Seal, Maudubchund Seal, Gopaulchund Seal, Brijololl Seal, Satcourie Seal, Russickchund Seal, Bindabun Seal, Greedharee Seal, Beharryloll Seal, Sreemutty Goonomoney Dossee, Puddolochun Dutt, Fuckeerchund Seal, Sonatun Mullick, John Cochrane, Assignee, Hurrishchunder Paul, Moheschunder Paul, and Buncoobeharry Paul, Defendants.

Notice is hereby given, that on Thursday, the 17th day of June now next ensuing, or so soon thereafter as Counsel can be heard, this Honourable Court will be moved on behalf of the Complainants abovenamed for an order that the Bill of Complaint filed in this cause be taken pro confesso as against the Defendants, Sreemutty Kooramoney Dossee, Sreemutty Soodamoney Dossee, Sreenauth Seal, Janokeenauth Seal, and Sreemutty Goonomoney Dossee, for want of their answer, pursuant to the Rule of this Honourable Court, in this behalf made and provided. Dated this 15th day of May, 1852.

P. Peard, *Complainants' Solicitor.*

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় নন্দলাল বড়াল ও শ্রীমতী হরিমণি দাসী ও শ্রীমতী রমণী দাসী ফরিয়াদী।

এবং

লক্ষ্মণচন্দ্র শীল ও শ্রীমতী কুড়ামণি দাসী ও সৌদামিনী দাসী ও শ্রীনাথ শীল ও জানকীনাথ শীল ও বালকনাথ শীল ও সীতানাথ শীল ও বীরনারায়ণ শীল ও গোপীচাঁদ শীল ও মাধবচাঁদ শীল ও গোপালচাঁদ শীল ও ব্রজলাল শীল ও সাতকৌড়ী শীল ও রসিকচাঁদ শীল ও বৃন্দাবন শীল ও গিরিধারী শীল ও বেহারীলাল শীল ও শ্রীমতী গুণমণি দাসী ও পদ্মলোচন দত্ত ও ফকীরচাঁদ শীল ও সনাতন মল্লিক ও আসৈনী জান কাক্রেন সাহেব ও হরিশ্চন্দ্র পাল ও মহেশচন্দ্র পাল ও বঙ্কবেহারী পাল আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুন মাসের ১৭ তারিখ বৃহস্পতিবারে অথবা তৎপরে যত শীঘ্র কৌন্সেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীরদের পক্ষে এই সম্ভ্রান্ত আদালতের নিকট দরখাস্ত করা যাইবেক যে আসামী শ্রীমতী কুড়ামণি দাসী ও শ্রীমতী সৌদামিনী দাসী ও শ্রীনাথ শীল ও জানকীনাথ শীল ও শ্রীমতী গুণমণি দাসী এতদ্বিষয়ে এই সম্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্ধারিত হওয়া বিধানমতে জওয়াব দাখিল না করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে তাহা স্বীকার করিয়াছে এই প্রকার হুকুম করা যায় ইতি। ১৮৫২ সাল তারিখ ১৫ মে।

পি পিয়র্ড।

---

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্তিহার।

---

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিষ।

তালুকদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী।
ভোলানাথ রায় চক্রবর্ত্তী প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ২৬ জুন শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিসঃ ফিট জেরেণ্ড সেণ্ডেস সাহেব তাঁহার আফিষে নীচের লিখিত স্থাবর বস্তুতে উপরোক্ত প্রতিবাদী ভোলানাথ রায় চক্রবর্ত্তির সাতাংশের ছয় অংশ যে হিস্যা আছে তাহার ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিষে উপস্থিত হইবেন ইতি।

জেলা হুগলী মোতালক বোর পরগনার মৌজে মানকুণ্ডদিগর।

জেলা ২৪ পরগনার মোতালক কলিকাতা পরগনায় তরফ হাতিয়াডার রকম ৵১৬॥ গণ্ডা।

ঐ জেলা মোতালক বেলিয়া পরগনার তরফ নেওরাদিগর।

ঐ জেলা মোতালক মোকাম বরাহনগরে ২ দুই খানা বাটী।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিষে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌষ রিসিবর আফিষ তারিখ ৮ জুন ১৮৫২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৫ জুন।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কান্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 22, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২২ জুন।

## ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 14TH MAY, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 14th May, 1852, is hereby promulgated for general information.

ACT NO. XXIV. OF 1852.

*For amending and explaining Act XIV. 1839, and for the better prevention of crimping.*

For the amending and better understanding of Act XIV. 1839, and for the better prevention of the offence of crimping as hereinafter defined, It is declared and enacted as follows:

I. Any person who by force or fraud, unlawfully detains in any place or decoys to any place any Native of India, with intent to force or prevail upon him to enter into any service, or contract for service to be performed out of the Territories under the Government of the East India Company into which he was not minded to enter, without such force or fraud, or who, by means of false imprisonment, intoxication, intimidation, force or fraud, causes any Native of India to enter into any such service or contract for service, or who attempts, by force or fraud or by any false promise, pretence or representation, to cause any Native of India to depart either by land or water from the Territories under the Government of the East India Company, is a crimp, and guilty of crimping, within the meaning of this Act.

II. The departure of any person out of the Territories under the Government of the East India Company, by land or water, is Emigration from

## আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৪ মে।

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৪ মে তারিখে পশ্চাৎ লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৪ আইন।

১৮৩৯ সালের ১৪ আইন সংশোধন ও সপষ্ট করণের এবং ক্রিম্পের অর্থাৎ খালাসীর দালালীর অপরাধ পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নিবারণের আইন।

১৮৩৯ সালের ১৪ আইন সংশোধন এবং পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বুঝনের জন্যে এবং পশ্চাৎ নির্দ্দিষ্ট ক্রিম্পের অপরাধ পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নিবারণার্থে নীচের লিখিতমতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল।

১ ধারা। যে ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে চাকরীতে প্রবেশ করিতে বল বা ছল না হইলে অনিচ্ছুক আছে এমত ব্যক্তিকে বলপূর্ব্বক কি প্রবৃত্তি দেওনের দ্বারা সেই চাকরীতে প্রবেশ করণের বা চাকরীর বন্দোবস্ত করণের মানসে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে কেহ বেআইনীমতে কোন স্থানে বলে বা ছলে আটক করে বা ফুসলাইয়া আনে সেই ব্যক্তি অথবা যে কেহ বেআইনী কয়েদ বা বেহোঁশ করণ কি ভয় দেখাওনের দ্বারা বা বলে কি ছলে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে সেইরূপ চাকরীতে প্রবেশ করায় বা সেইরূপ চাকরীর বন্দোবস্ত করায় অথবা যে কেহ বলে কি ছলে অথবা কোন মিথ্যা প্রতিজ্ঞা কি কোন বাহানা কি কোন কথার দ্বারা ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে স্থলপথে বা জলপথে যাইবার উদ্যোগ করে সেই ব্যক্তি এই আইনের অর্থের মধ্যে ক্রিম্প অর্থাৎ খালাসীর দালাল এবং ক্রিম্পের অপরাধের দোষী হইবেক ইতি।

২ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে কোন ব্যক্তির স্থলপথে কি জলপথে গমন ১৮৩৯ সালের

the said Territories within the meaning of Act XIV. 1839, and of this Act.

III. After the passing of this Act no person shall be liable to the penalties of Act XIV. 1839, for making, in good faith, any contract with any Native of India, for labour to be performed in any Foreign Settlement on the mainland of India, or for knowingly abetting or aiding any Native of India in emigrating from the said Territories to any such Foreign Settlement. Provided that if any person shall make any contract with any Native of India for service or labour to be performed by such Native out of the Territories under the Government of the East India Company, or cause any Native of India to depart from the Territories under the Government of the East India Company, or knowingly aid or abet such Native of India in emigrating from the said Territories to any such Foreign Settlement with intent that such Native shall afterwards depart from India such person shall be deemed to be a crimp and guilty of crimping within the meaning of this Act, and proof of the subsequent departure of such Native from India, from any place out of the Territories under the Government of the East India Company within the period of six months from the time of the departure of such Native from the said Territories under the Government of the East India Company, shall be *prima facie* evidence of such intent.

IV. Every crimp within the meaning of this Act is liable to be imprisoned for a term not exceeding six calendar months, and to pay a fine not exceeding five hundred Rupees.

V. Every person who shall, by means of intoxication, false imprisonment, or intimidation, or by means of any false promise, pretence or representation, force or decoy any Native of India out of the Territories under the Government of the East India Company, or fraudulently cause any such Native to depart from the said Territories shall be liable to be imprisoned for a term not exceeding three years.

VI. In every case in which under this Act imprisonment may be awarded for any offence it shall be lawful for the Court, who may award such imprisonment, to sentence the offender to be kept to hard labor during the whole or such period or periods of such imprisonment as to such Court shall seem meet.

VII. In every case in which an offender shall be liable to be imprisoned under Section II. of Act No. XIV. of 1839, such offender shall be liable to be imprisoned or imprisoned and kept to hard labor for a term not exceeding three months for every Native contracted with, provided that such imprisonment shall not in any case exceed six months for any one offence.

VIII. In every case in which any person shall commit an offence under Section II. of Act XIV. 1839, as explained and amended by this Act, after having been previously convicted, either before or

১৪ আইনের এবং এই আইনের অর্থের মধ্যে ঐ২ দেশ-হইতে প্রস্থান করা হইবেক ইতি।

৩ ধারা। এই আইন জারী হওনের পর যে কোন ব্যক্তি ভারতবর্ষের দ্বীপের মধ্যে কোন বিদেশীয় রাজার বসতিতে খাটাইবার জন্যে প্রকৃতপ্রস্তাবে কোন ভারতবর্ষজাত ব্যক্তির সঙ্গে বন্দোবস্ত করে অথবা উক্ত রাজ্যহইতে ঐরূপ বিদেশীয় বসতিতে ভারতবর্ষজাত কোন ব্যক্তির যাইতে জানিয়া শুনিয়া যে কেহ উপকার বা সাহায্য করে সেই ব্যক্তি ১৮৩৯ সালের ১৪ আইনের দণ্ডের যোগ্য হইবেক না। এবং জানা কর্ত্তব্য যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে চাকরী বা মজুরী করণের বিষয়ে যদি কেহ ভারতবর্ষজাত কোন ব্যক্তির সঙ্গে বন্দোবস্ত করে অথবা কোম্পানি বাহাদুরের শাসিত ঐ রাজ্যহইতে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে প্রস্থান করায় অথবা উক্ত রাজ্যহইতে উক্ত প্রকার কোন বিদেশীয় বসতিতে গমন করণার্থে জানিয়া শুনিয়া ভারতবর্ষজাত কোন ব্যক্তির এই মানসে সাহায্য ও উপকার করে যে ঐ ভারতবর্ষজাত ব্যক্তি তৎপরে ভারতবর্ষহইতে প্রস্থান করিবেক সেই ব্যক্তি এই আইনের অর্থের মধ্যে ক্রিম্প এবং ক্রিম্পের অপরাধের দোষী জ্ঞান হইবেক। এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে ঐ দেশজাত ব্যক্তির গমনের পর ছয় মাসের মধ্যে যদি ঐরূপ ভারতবর্ষজাত কোন ব্যক্তির কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন স্থানহইতে গমন করণের প্রমাণ হয় তবে তাহা ঐ মানসের স্পষ্টতঃ প্রমাণ হইবেক ইতি।

৪ ধারা। এই আইনের অর্থের মধ্যে যে প্রত্যেক জন ক্রিম্প দোষ হয় সেই ব্যক্তি সম্পূর্ণ ছয় মাসের অনধিক মিয়াদের এবং পাঁচ শত টাকার অনধিক জরীমানা দেওনের যোগ্য হইবেক ইতি।

৫ ধারা। যে প্রত্যেক ব্যক্তি বেহোঁশ করণের দ্বারা বা বেআইনী কয়েদ করণ কি ভয় দেখাওনের দ্বারা কিম্বা কোন মিথ্যা প্রতিজ্ঞা বা বাহানা অথবা কথার দ্বারা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে এতদ্দেশজাত কোন ব্যক্তিকে বলপূর্ব্বক গমন করায় বা ফুসলাইয়া লইয়া যায় অথবা যে ব্যক্তি চাতুরীক্রমে ঐরূপ জাত কোন ব্যক্তিকে উক্ত রাজ্যহইতে প্রস্থান করায় সেই ব্যক্তি তিন বৎসরের অনধিক মিয়াদপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবেক ইতি।

৬ ধারা। যে প্রত্যেক গতিকে কোন অপরাধের জন্যে এই আইনানুসারে কয়েদের হুকুম হয় সেই২ গতিকে যে আদালত ঐ কয়েদের হুকুম দেন সেই আদালত অপরাধিকে ঐ কয়েদের সম্পূর্ণ মিয়াদপর্য্যন্ত অথবা সেই মিয়াদের মধ্যে যে ভাগ ঐ আদালত উচিত বোধ করেন সেই ভাগপর্য্যন্ত তাহার কঠিন পরিশ্রমের দণ্ড করিতে পারেন ইতি।

৭ ধারা। যে প্রত্যেক গতিকে কোন অপরাধী ১৮৩৯ সালের ১৪ আইনের ২ ধারানুসারে কয়েদ হওনের যোগ্য হয় সেই২ গতিকে ঐ অপরাধী যে প্রত্যেক এতদ্দেশজাত ব্যক্তির সঙ্গে বন্দোবস্ত করিয়াছিল সেই মত প্রত্যেক জনের জন্যে তিন মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত কয়েদ হওনের অথবা কয়েদের ও কঠিন পরিশ্রমের দণ্ডের যোগ্য হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ কয়েদ কোন গতিকে কোন এক অপরাধের জন্যে ছয় মাসের অধিক হইবেক না ইতি।

৮ ধারা। এই আইনের দ্বারা স্পষ্টকরা ও সংশোধিত হওয়া ১৮৩৯ সালের ১৪ আইনের ২ ধারার নির্দ্দিষ্ট অপরাধ যে কোন ব্যক্তি করে যদি এই আইন জারী হওনের পূর্ব্বে বা পরে সেই ব্যক্তি ঐ ধারানুসারে

after the passing of this Act, of an offence under that Section, such person shall be liable, upon conviction before a criminal Court of competent jurisdiction, to be imprisoned, or imprisoned and kept to hard labor for any period not exceeding one year, and in every indictment, information or other proceeding for such an offence committed after such previous conviction, it shall be sufficient, after describing the offence, to state that the offender was at a certain time and place convicted of an offence under Section II. of Act XIV. 1839, without otherwise describing such previous offence or conviction, and a certificate of the previous conviction, purporting to be signed by the Officer having the custody of such previous conviction, or by the deputy or legally authorized Assistant of such Officer, shall, with proof of the identity of the person of the offender, be sufficient *primâ facie* evidence of the first conviction, without proof of the signature or official character of the person appearing to have signed such certificate.

IX. The term "Magistrate" in Act XIV. 1839 shall extend to Joint Magistrates and persons lawfully exercising the powers of a Magistrate.

F. J. HALLIDAY,
*Secy. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 14TH MAY, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 14th May, 1852, is hereby promulgated for general information.

ACT NO. XXV. OF 1852.

***An Act for the execution of decrees made in appeal by Her Majesty in Council, or by the Courts of Sudder Dewanny Adawlut and of the Zillah and City Judges in the Presidency of Fort William in Bengal.***

Whereas it is expedient to amend the law relating to the execution of decrees made and passed in appeal by Her Majesty in Council, and by the Courts of Sudder Dewanny Adawlut and of the Zillah and City Judges in the Presidency of Fort William in Bengal, It is hereby enacted as follows:

I. Every decree or order in appeal of Her Majesty in Council, or of any Court of Sudder Dewanny Adawlut, or of any Zillah or City Judge which shall be made after the passing of this Act, and also every such decree or order in appeal which has been made before the passing of this Act, and for the execution or enforcement whereof no petition has been presented, shall be enforced and executed by the Court which made the first decree or order appealed from, in the manner and according to the rules and laws applicable to the execution and enforcement of original decrees or orders made by such last mentioned Court.

কোন অপরাধ করণের বিষয়ে ইহার পূর্ব্বে দোষীকৃত হইয়াছিল তবে সেই ব্যক্তি উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট কোন ফৌজদারী আদালতের সম্মুখে দোষীকৃত হইলে এক বৎসরের অনধিক কোন মিয়াদের জন্যে কয়েদ হওনের অথবা কয়েদের ও কঠিন পরিশ্রমের দণ্ডের যোগ্য হইবেক। এবং ঐরূপ পূর্ব্বে দোষীকৃত হওনের পরে সেইরূপ অপরাধ করণের বিষয়ে যে কোন নালিশ বা এজহার কিম্বা অন্য কার্য্য হয় সেই নালিশপত্রপ্রভৃতিতে অপরাধ বর্ণনা করণের পর যদি ইহা কথিত হয় যে ঐ অপরাধিব্যক্তি নির্দ্দিষ্ট কোন সময়ে বা স্থানে ১৮৩৯ সালের ১৪ আইনের ২ ধারানুসারে অপরাধ করণের বিষয়ে দোষীকৃত হইয়াছিল তবে তাহাই প্রচুর হইবেক এবং সেইরূপ পূর্ব্বে করা অপরাধ বা দোষীকৃত হওনের অন্য প্রকারে বর্ণনা করণের আবশ্যক হইবেক না এবং পূর্ব্বে দোষী হওনের রোয়দাদ যে আমলার জিম্মায় থাকে তাঁহার দ্বারা অথবা ঐ আমলার নায়েব অথবা আইনমতে নিযুক্ত আসিষ্টেণ্টের দ্বারা পূর্ব্বে দোষীকৃত হওনের এক সর্টিফিকেটে দস্তখৎ হইয়াছে বলিয়া ঐ সর্টিফিকট দাখিল করিলে এবং ঐ অপরাধী যে সেই ব্যক্তি ছিল ইহার প্রমাণ হইলে ঐ পূর্ব্বে দোষীকৃত হওনের প্রচুর প্রমাণ বোধ হইবেক এবং যে ব্যক্তি ঐ সর্টিফিকটে দস্তখৎ করিলেন দৃষ্ট হয় সেই ব্যক্তির দস্তখতের অথবা তাঁহার সরকারী আমলা থাকনের প্রমাণ দিবার আবশ্যক হইবেক না ইতি।

৯ ধারা। ১৮৩৯ সালের ১৪ আইনেতে "মাজিষ্ট্রেট" এই কথা জাইণ্ট মাজিষ্ট্রেট এবং যাঁহারা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করেন তাঁহারদের বিষয়েও খাটিবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫১ সাল ১৪ মে।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৪ মে তারিখে পশ্চাৎ লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৫ আইন।

আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে অথবা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর সদর দেওয়ানী আদালতে এবং জিলা বা শহরের জজ সাহেবদিগের যে ডিক্রী হয় তাহা জারী করণের আইন।

যেহেতুক আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে এবং বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উভয় সদর দেওয়ানী আদালত এবং কোন জিলা বা শহরের জজ সাহেব যে ডিক্রী করেন বা হুকুম দেন তাহা জারী করণের বিষয়ি আইন সংশোধন করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে অথবা কোন সদর দেওয়ানী আদালতে কি কোন জিলা বা শহরের জজ সাহেবের দ্বারা যে কোন ডিক্রী বা হুকুম এই আইন জারী হওনের পর করা যায় তাহা এবং এই আইন জারী হওনের পূর্ব্বে আপীলক্রমে সেইরূপ যে প্রত্যেক ডিক্রী বা হুকুম করা গিয়াছিল এবং তাহা জারী অথবা প্রবল করণার্থে কোন দরখাস্ত দেওয়া যায় নাই তাহা যে আদালত আপীলহওয়া প্রথম ডিক্রী কি হুকুম করিয়াছিলেন সেই আদালতের দ্বারা প্রবল ও জারী হইবেক এবং ঐ শেষোক্ত আদালতের করা আসল ডিক্রী বা হুকুম জারী ও প্রবল করণার্থে যে বিধি ও আইন খাটে সেই বিধি ও আইনঅনুসারে এবং সেইরূপে তাহা জারী হইবেক ইতি।

II. Any party desirous of enforcing or obtaining execution of any such decree or order made in appeal as aforesaid, shall present a petition for that purpose to the Court which made the first decree or order appealed from, and the said petition shall be accompanied by a certified copy of the decree or order made in appeal, and sought to be enforced or executed.

III. An appeal shall lie from any decree or order made by such last mentioned Court relating to the enforcement or execution of any such decree or order made in appeal as aforesaid in the same manner and subject to the same laws, rules and regulations as an appeal from an order or decree made upon a petition for the enforcement or execution of the decree or order first appealed from, would have been.

IV. Nothing herein contained shall be construed so as to prevent any Court of Sudder Dewanny Adawlut from enforcing or obtaining execution of a decree or order made or passed by Her Majesty in Council, if Her Majesty in Council shall think fit to decree or order the said Court of Sudder Dewanny Adawlut to enforce or execute the same.

V. The provisions of Section VIII. Act XXV. 1837 of the Bengal Code shall extend to proceedings under this Act.

VI. This Act shall apply only to the Presidency of Fort William in Bengal.

F. J. Halliday,
*Secy. to the Govt. of India.*

২ ধারা। যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে আপীলক্রমে হওয়া ঐরূপ কোন ডিক্রী বা হুকুম প্রবল অথবা জারী করিতে চাহেন তিনি যে আদালত আপীল হওয়া প্রথম ডিক্রী বা হুকুম করিয়াছিলেন সেই আদালতে সেই বিষয়ের এক দরখাস্ত দিবেন এবং আপীলক্রমে হওয়া যে ডিক্রী অথবা হুকুম প্রবল কি জারী করিবার মানস আছে সেই ডিক্রীর বা হুকুমের এক সর্টিফিকটহওয়া নকল ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবেক।

৩ ধারা। পূর্ব্বোক্তমতে আপীলক্রমে হওয়া ঐরূপ কোন ডিক্রী বা হুকুম প্রবল কি জারী করণের বিষয়ে ঐ শেষোক্ত আদালত যে কোন ডিক্রী বা হুকুম করেন তাহার উপর এক আপীল হইতে পারিবেক। এবং যে ডিক্রী বা হুকুমের উপর প্রথমতঃ আপীল হইয়াছিল সেই ডিক্রী বা হুকুম জারী বা প্রবল করণের বিষয়ের দরখাস্তক্রমে করা কোন ডিক্রী বা হুকুমের উপর আপীল যেরূপে হইত ও যে নিয়ম ও বিধি ও আইন দৃষ্টে তাহা হইত সেইরূপে ও সেই নিয়ম ও বিধি ও আইনানুসারে ঐ আপীল হইবেক ইতি।

৪ ধারা। কিন্তু এই আইনের মধ্যের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে শ্রীশ্রীমতী মহারাণীর হুজুর কৌন্সেলে করা কোন ডিক্রী বা হুকুম প্রবল বা জারী করিতে যদি শ্রীশ্রীমতী মহারাণী হুজুর কৌন্সেলে সদর দেওয়ানী আদালতকে হুকুম দেওয়া উচিত বোধ করেন তবে ঐ ডিক্রী কি হুকুম প্রবল অথবা জারী করাইতে ঐ সদর দেওয়ানী আদালতের কোন প্রতিবন্ধক আছে ইতি।

৫ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩৭ সালের ২৫ আইনের ৮ ধারার বিধি এই আইনানুসারে করা কার্য্যের বিষয়ে খাটিবেক ইতি।

৬ ধারা। এই আইন কেবল বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে চলিবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারি।
John C. Marshman, *Bengalee Translator.*

## CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

### No. 7.

*From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of*

*Dated Fort William, the 30th April*, 1852.

I am directed by the Board of Revenue to circulate the following instructions for the guidance of yourself and your subordinates, relative to the changes which it has, with the sanction of Government, been decided to make in the form of the existing Towjee.

2nd. The orders of Government circulated on the 29th May, 1838, (No. 35,) under which Mehals temporarily farmed were excluded from the Towjee, are modified to this extent, that the Towjee or Rent-roll is in future to contain every Mehal without exception paying revenue or rent to the Government.

3rd. The Towjee will be divided into two parts, made up separately. Part I. will show the *fixed revenue*, and will contain every Mehal without exception, the jumma of which has been fixed or adjusted before the date of the Towjee, no matter how, provided that the adjustment has force during the year to which the Towjee belongs, and has been approved by competent authority. All Mehals set-

## সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

### ৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫২। ৩০ আপ্রিল।

গবর্ণমেণ্টের অনুমতিক্রমে বর্ত্তমান তৌজীর পাঠে যে মতান্তর করিতে স্থির হইয়াছে তাহার বিবরি পশ্চাৎ লিখিত হুকুম তোমার ও তোমার অধীন কর্ম্মকারকেরদের বিজ্ঞাপনের জন্যে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞাক্রমে পাঠাইতেছি।

২। ১৮৩৮ সালের ২৯ মে তারিখের ৩৫ নম্বরী গবর্ণমেণ্টের অর্ডরক্রমে যে মহালের মিয়াদী ইজারা দেওয়া গিয়াছে তাহা তৌজীভুক্ত হইল না সেই হুকুম এক্ষণে এই পর্য্যন্ত মতান্তর হইয়াছে যে যে প্রত্যেক মহালের রাজস্ব অথবা খাজানা সরকারে দেওয়া যায় সেই প্রত্যেক মহাল উত্তর কালে বর্জ্জিত বিনা তৌজীভুক্ত হইবেক।

৩। ঐ তৌজী দুই অংশে বিভক্ত হইবেক এবং তাহা আলাহিদা২ প্রস্তুত হইবেক। প্রথম অংশে স্থির রাজস্ব দৃষ্ট হইবেক এবং যে প্রত্যেক মহালের জমা তৌজীর তারিখের পূর্ব্বে কোন প্রকারে স্থির অথবা ধার্য্য হইয়াছিল যদি সেই ধার্য্য জমা যে বৎসরের তৌজী হয় সেই বৎসরে প্রবল থাকে এবং ক্ষমতাপন্ন হাকিমের দ্বারা মঞ্জুর হইয়া থাকে তবে তাহা কোন বর্জ্জিত বিনা ঐ প্রথম অংশে লেখা যাইবেক। যে সকল মহালের সরাসরীমতে অথবা জনাজাত তহকীকের পর বন্দোবস্ত হইয়াছে বা

tled or farmed, either summarily or after detailed investigation, or given in charge to individuals with a stated jumma, are included in this rule.

NOTE.—It is not intended by this that the Mehals included in parts I. and II. should be entered in two separate statements, but that they should be entered in one statement under two heads, each having its own total, and that a grand total should be entered at the foot of the statement showing the whole revenue demandable under both heads.

4th. Part II. will show the *fluctuating revenue*, and will include all Mehals of which the *rents* are collected from the cultivators by the Officers of Government on the public account, or which from other cause have their proceeds liable to fluctuation.

NOTE.—Attached Mehals are not included in this category, for though in some cases the rents may be collected by the Officers of Government, the Government jumma is not fluctuating, but fixed, as it was previous to attachment.

5th. All collections from Mehals included in the first part, and all collections from Mehals included in the second part not in excess of the jumma estimated for the year, will be brought to credit under the head "Land Revenue." Any collections made from Mehals in the 2nd statement in excess of the estimated jumma, will be credited to "Profit and Loss."

NOTE.—So also with a Ward's estate, if held khas it will not appear on the khas division of the Towjee, for the jumma is still fixed and not subject to fluctuation.

6th. On or before the 1st May next, the Collectors will forward to the Accountant a complete list of Mehals on the 1st or *fixed* division of the Towjee, with copies of the authority for the jumma of each of the new Mehals now for the first time brought on the Rent-roll, and also a complete list of all Mehals in the 2nd or *fluctuating* portion of the Towjee, with the estimated jumma of each for the year 1852-53.

NOTE.—Extra temporary establishments for the timely preparation of these statements will be authorized in those Districts where Mehals are very numerous, as in Chittagong and Sylhet.

7th. Every seventh year a revised detailed list of Mehals will be sent to the Accountant's office; for the intermediate years, a statement of authorized changes and additions, such as that now furnished, will suffice.

8th. Alterations will not be made in the fixed Towjee except upon the authority and in the manner now prescribed in the Rules of Practice. The Board will continue to transmit to the Accountant quarterly statements of removals from this Towjee, and abatements in jumma sanctioned by them under Rule XIII., and the Commissioners and Collectors will, in like manner, forward quarterly to the Accountant a statement of additions to, and

ইজারা দেওয়া গিয়াছে কি ধার্য্য জমাক্রমে কোন ব্যক্তিরদের জিম্মা করা গিয়াছে সেই সকল মহালের বিষয়ে এই বিধি খাটিবেক।

নোট। ইহার দ্বারা এমত মানস নহে যে ১ এবং ২ অংশে লিখিত মহাল দুই আলাহিদা কৈফিয়তের মধ্যে লেখা যায়। কিন্তু তাহা এক কৈফিয়তে দুই শিরনামায় লেখা যাইবেক। প্রত্যেক শিরনামার আলাহিদা একুন থাকিবেক এবং কৈফিয়তের নিম্ন ভাগে মোট একুন লেখা যাইবেক তাহাতে দেখা যাইবেক যে উভয় শিরনামার নীচে সর্ব্বসুদ্ধ কত রাজস্বের দাওয়া হইবেক।

৪। ২ অংশে কমীবেশী জমা দর্শান যাইবেক এবং যে সকল মহালের খাজানা সরকারের তরফে গবর্ণমেণ্টের আমলার দ্বারা কৃষাণেরদের স্থানে আদায় হইতেছে অথবা যে সকল মহালের উপস্বত্ব অন্য কারণপ্রযুক্ত কমীবেশী হইতে পারে তাহা ঐ ২ অংশে লেখা যাইবেক।

নোট। ক্রোকহওয়া মহাল ঐ কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক না। যেহেতুক যদ্যপিও খাজানা কোনং গতিকে সরকারী আমলার দ্বারা আদায় করা যায় তথাপি সরকারী জমার কমীবেশী নাই কিন্তু ক্রোকের পূর্ব্বে যেমত স্থির ছিল সেইমত স্থির আছে।

৫। ১ অংশে লেখা মহালের আদায়হওয়া সকল টাকা এবং ২ অংশে লিখিত মহালের আদায়হওয়া যত টাকা বৎসরের আন্দাজী জমার অধিক না হয় তাহা "ভূমির রাজস্ব" এই শিরনামায় জমা করা যাইবেক। ২ অংশের মহালের আদায়হওয়া যত টাকা আন্দাজী জমার অধিক হয় তাহা "লাভলোকসানের খাতায়" জমা হইবেক।

নোট। সেইরূপেও যদি কোন নাবালগী মহাল খাসে থাকে তবে তাহা তৌজীর খাস অংশে লেখা যাইবেক না যেহেতুক তাহার জমা স্থির আছে এবং তাহাতে কোন কমীবেশী হইতে পারে না।

৬। আগামি ১ মে তারিখে বা তাহার পূর্ব্বে কালেক্টর সাহেবেরা আকোণ্টেণ্ট সাহেবের নিকটে এইং কাগজ পাঠাইবেন বিশেষতঃ তৌজীর প্রথম অর্থাৎ স্থির অংশের মহালের এক সম্পূর্ণ তালিকা এবং যে নূতন মহাল এক্ষণে তৌজীর মধ্যে প্রথমবার লেখা গেল সেইরূপ প্রত্যেক মহালের জমা যে হুকুমক্রমে ধার্য্য হইল সেই হুকুমের নকল এবং তৌজীর দ্বিতীয় অথবা কমীবেশী অংশের সকল মহালের এক সম্পূর্ণ তালিকা এবং ১৮৫২। ৫৩ সালের প্রত্যেক মহালের আন্দাজী জমা।

নোট। যে জিলার মধ্যে অনেক মহাল আছে অর্থাৎ চাটিগাঁ ও শ্রীহট্টে সেইং জিলায় সময়ের মধ্যে ঐ কৈফিয়ৎ প্রস্তুত করণার্থে অতিরিক্ত আমলা কিছু কালের জন্যে নিযুক্ত করিবার অনুমতি দেওয়া যাইবেক।

৭। সাতং বৎসর অন্তরে মহালের এক সংশোধিত তফসীলওয়ারী তালিকা আকোণ্টেণ্ট সাহেবের দপ্তরে পাঠান যাইবেক। ঐ সাত বৎসরের মধ্যের বৎসরে যে নিবর্ত্ত বা পরিবর্ত্ত কি বৃদ্ধির হুকুম হয় তাহার এক কৈফিয়ৎ যেমন এক্ষণে প্রস্তুত হইতেছে তেমনি করিলে হইবেক।

৮। যে হুকুমক্রমে এবং যে প্রকারে কার্য্যের বিধিতে মতান্তর করণ নির্দিষ্ট আছে তাহাছাড়া অন্য কোন হুকুমক্রমে এবং অন্য কোন প্রকারে স্থির তৌজীর কোন মতান্তর হইবেক না। ১৩ বিধির অনুসারে বোর্ডের সাহেবেরা এই তৌজীহইতে যে খারিজ করিতে এবং যে জমা কমা করিতে অনুমতি দিয়াছেন তাহার ত্রৈমাসিক কৈফিয়ৎ তাঁহারা আকোণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইতে থাকিবেন। এবং কার্য্যের বিধির ৭। ৮। ৯। ১০। ১১ দফাক্রমে কমিস্যনর সাহেব ও কালেক্টর সাহেবদিগের

alterations in, the Towjee, made by themselves under the authority vested in them by Articles VII., VIII., IX., X. and XI. of the Rules of Practice :—provided, however, that no Mehal shall be removed from the fixed to the fluctuating Towjee during the year.

NOTE.—Under this rule, all resumptions will at once come on the Towjee on the expiration of the 6 months' grace.

9th. The demand in the fluctuating Towjee, or statement of fluctuating revenue, will be fixed by estimate at the commencement of the year, and approved by the Commissioner, whose signature will be attached to the kistbundee to be forwarded to the Accountant's office.

10th. To prevent any misapprehension, I am desired to illustrate the principles above set forth by one or two examples.

11th. Suppose a Mehal resumed to be left in possession of the owner at a *stated* jumma *pending settlement*; the demand is as much fixed for the *period* of its being so left with the proprietor as it could be if the Mehal had been settled. It will therefore be brought on the fixed Towjee, and the jumma reported to the Accountant.

12th. Again suppose a Mehal purchased by Government at a sale for arrears and to be *held khos* : it will in the ensuing year be classed with the Mehals on the fluctuating Towjee, and will remain there till the Mehal is settled or farmed, when the new jumma will, under due authority, be brought on the fixed Towjee.

13th. The Accountant will be requested to furnish Collectors with forms of returns modified in accordance with these instructions. The authority for remission of the demand of Mehals on the fixed Towjee is to be that prescribed in the present Rules of Practice. For whatever portion of the demand on the statement of fluctuating revenue the Collector may recommend remissions to be made, he will report at the close of the year, and the remission will be sanctioned by the Commissioner under Rule XV., in one letter for each District, if practicable, which will be the voucher to the Accountant for writing off the balance in the accounts.

(Signed) C. H. LUSHINGTON,
*Secretary.*

Board of Revenue, Lower Provinces.

No. 8.

*From the Junior Secretary to the Board of Revenue, to Commissioners of Revenue.*

*Fort William, the 1st May,* 1852.

In continuation of the Circular Orders of the late Board of Customs, Salt and Opium, No. 1013, dated 27th May and No. 1763, dated 8th September, 1846, I am directed by the Board of Revenue to state that if, on due and sufficient enquiry, it is found that parties, from whom stamp fees in pauper suits are due, have not any present means of discharging the same, or any reasonable prospect of

প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে তাঁহারা আপনারা যে সকল বৃদ্ধি করিয়াছেন এবং যে সকল মতান্তর করিয়াছেন তাহার ত্রৈমাসিক এক কৈফিয়ৎ আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্তু বৎসরের মধ্যে কোন মহাল স্থির তৌজীহইতে খারিজ হইয়া কমীবেশী তৌজীতে দাখিল হইবেক না।

নোট। এই বিধির অনুসারে সকল বাজেয়াপ্ত মহাল ছয় মাস অতীত হওনের পর একেবারে তৌজীতে দাখিল হইবেক।

৯। কমীবেশী তৌজীর জমা অর্থাৎ কমীবেশী রাজস্বের কৈফিয়ৎ বৎসরের আরম্ভে আন্দাজমতে ধার্য্য হইবেক এবং কমিস্যনর সাহেব তাহা মঞ্জুর করিবেন এবং যে কিস্তিবন্দী আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরে পাঠান যাইবেক তাহাতে ঐ কমিস্যনরের দস্তখৎ থাকিবেক।

১০। কোন ভ্রম না হইতে পারিবার জন্যে পূর্ব্বোক্ত নিয়মের এক অথবা দুই দৃষ্টান্ত বোর্ডের হুকুমানুসারে দেওয়া যাইতেছে।

১১। যথা যদি বাজেয়াপ্তহওয়া মহাল বন্দোবস্তের অপেক্ষায় নির্দ্ধারিত জমায় ভূমির মালিকের দখলে রাখা যায় তবে ঐ মহালের বন্দোবস্ত হইলে যেরূপ জমা ধার্য্য হইত সেইরূপে ভূম্যধিকারির হাতে যে মিয়াদের জন্যে মহাল থাকে সেই মিয়াদের জন্যে ঐ জমা তদ্রূপরূপে স্থির আছে। এইপ্রযুক্ত ঐ মহাল স্থির তৌজীতে দাখিল হইবেক এবং আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে ঐ জমার রিপোর্ট করিতে হইবেক।

১২। পুনরায়। যদি কোন মহাল বাকী খাজানার নীলামে সরকারের দ্বারা খরীদ হইয়া খাস তহসীলে থাকে তবে তৎপর বৎসরে তাহা কমীবেশী তৌজীর মহালের মধ্যে দাখিল হইবেক এবং যাবৎ ঐ মহালের বন্দোবস্ত অথবা ইজারা না হয় তাবৎ সেই তৌজীতে থাকিবেক পরে উপযুক্ত হাকিমের হুকুম হইলে স্থির তৌজীতে দাখিল হইবেক।

১৩। এই২ উপদেশানুসারে কৈফিয়তের মতাফরহওয়া পাঠ কালেক্টর সাহেবদিগের নিকটে পাঠাইতে আকৌণ্টেণ্ট সাহেবের প্রতি হুকুম হইবেক। স্থির তৌজীর মহালের জমা ক্ষমা করিবার জন্যে যে ক্ষমতার আবশ্যক হয় তাহা এক্ষণকার কার্য্যের বিধিতে যে ক্ষমতা নির্দিষ্ট আছে সেই প্রকার ক্ষমতা হইবেক। কমীবেশী রাজস্বের কৈফিয়তে জমার যে কোন ভাগ ক্ষমা করিতে কালেক্টর সাহেব পরামর্শ দেন তাহার বিষয়ে তিনি বৎসরের শেষে এক রিপোর্ট করিবেন এবং ১৫ বিধির অনুসারে সাধ্য হইলে প্রত্যেক জিলার জন্যে এক২ পত্রের দ্বারা কমিস্যনর সাহেব ঐ ক্ষমা মঞ্জুর করিবেন এবং ঐ মঞ্জুরী পত্র ঐ টাকা হিসাবহইতে বাদ দিবার আকৌণ্টেণ্ট সাহেবের বৌচর অর্থাৎ নিদর্শন লিপি হইবেক।

সি এচ লশিংটন।
সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি শ্রীযুত ছোট সাক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২। ১ মে।

হাসিল ও নিমক ও আফিমের সাবেক বোর্ডের সাহেবদিগের ১৮৪৬ সালের ২৭ মে তারিখের ১০১৩ নম্বরী এবং ৮ সেপ্টেম্বর তারিখের ১৭৬৩ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে পাপরেরদের মোকদ্দমায় যে ব্যক্তিরদের স্থানে ইষ্টাম্পের মাসুল পাওনা আছে যদি উপযুক্ত ও প্রচুর তদারকের দ্বারা দৃষ্ট হয় যে ঐ মাসুল দিতে তাহারদের এক্ষণে কোন যোত্র নাই কিম্বা কোন আদা-

becoming possessed of property by the decision of a Court, or by inheritance, or in any other way, you are authorized to have the amount written off the accounts as irrecoverable.

2. It has recently been decided by the Sudder Court in the case noted in the margin* (of which a copy is annexed) that the claim of Government to stamp fees in Pauper suits is not barred by the lapse of twelve years from the date of the decree, but it is the expectation of the Board that balances will never be allowed in future to remain unadjusted during this lengthened period.

C. Beadon,
*Junior Secretary.*

Board of Revenue, Lower Provinces.

* PROCEEDING OF THE SUDDER DEWANNY ADAWLUT,

Dated 23rd March, 1852.

Present.

A. J. M. MILLS, Esq.,
*Judge.*

Government—Petitioner.

*Baboo Ramapershad Roy—Vakeel of the Petitioner.*

A petition against an order of the Judge of Hooghly, dated 18th September, 1851, rejecting the petition of Government for the recovery of the Stamp fees in the case of Comul Money Dabea, Pauper, Plaintiff, which case had been decided on the 6th September, 1836, on the ground that 12 years had elapsed from the date of that decision, together with a Warrant in the name of the said vakeel and copy of Judge's roobacarry above-mentioned, were filed in this Court on the 18th December, 1851. The case was this day taken up by me, and in my opinion the Judge's order cannot be upheld for two reasons; 1st, the petition of the petitioner was not of the nature of that for execution of a decree, because Government was not a party to that suit, the petition was merely for the recovery of the value of stamps equivalent to revenue; 2nd, even if it be considered that the petition was of the nature of that for execution of a decree, still, under Section II. Regulation II. of 1805, the period of 60 years is allowed for the Government claim for Revenue; it is therefore ordered that the above order of the Judge be reversed, and a copy of this roobacarry be sent to the Judge, in order that he will admit the petition of Government on its former number and dispose of the Government claim to Stamp fees according to the usual practice.

(Signed) C. Trevor,

*Superintendent and Remembrancer of Legal Affairs.*

## EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of candidates for promotion and employment in the Education Department, will be held in Hindu College, on Saturday, the 3rd July, 1852.

[*Government Gazette, 22nd June, 1852.*]

লতের ডিক্রীর দ্বারা অথবা উত্তরাধিকারিত্বক্রমে কি অন্য কোন প্রকারে তাহারদের কোন সংস্থান পাইবার উপযুক্ত সম্ভাবনা নাই তবে সেই টাকা অপ্রাপ্য বলিয়া তাহা হিসাবহইতে বাদ দিতে তোমাকে ক্ষমতা দেওয়া গেল।

২। নীচের লিখিত* যে মোকদ্দমার নকল দেওয়া গেল তাহাতে সদর আদালত সম্প্রতি এই নিষ্পত্তি করিয়াছেন যে পাপর মোকদ্দমার ইষ্টাম্পের মাসুলের জন্যে সরকারের যে দাওয়া থাকে তাহা ডিক্রীর তারিখের বারো বৎসর অতীত হইলেও নিবৃত্ত হয় না। কিন্তু বোর্ডের সাহেবদিগের এই ভরসা আছে যে ঐ পাওনা টাকা এইমত দীর্ঘ কালপর্য্যন্ত অনিষ্পত্তি থাকিতে দেওয়া যাইবেক না।

সি বীডন। ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

* সদর দেওয়ানী আদালতের ডিক্রী।

১৮৫২ সাল ২৩ মার্চ তারিখ।

উপস্থিত।

শ্রীযুত এ জে এম মিলস্ সাহেব জজ।

গবর্ণমেণ্ট দরখাস্তকারী।

দরখাস্তকারির উকীল শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়।

কমলমণি দেবী যোত্রহীন ফরীয়াদীর মোকদ্দমার ১৮৩৬ সালের ৬ সেপ্টেম্বর তারিখে নিষ্পত্তি হইয়াছিল। সেই মোকদ্দমার ইষ্টাম্পের মাসুল পাইবার জন্যে গবর্ণমেণ্ট দরখাস্ত করিয়াছিলেন কিন্তু হুগলীর জজ সাহেব ১৮৫১ সালের ১৮ সেপ্টেম্বর তারিখে এই হেতুতে ঐ দরখাস্ত নামঞ্জুর করণের হুকুম দিলেন যে মোকদ্দমার নিষ্পত্তির তারিখঅবধি বারো বৎসর গত হইয়াছে। ঐ হুকুমের বিরুদ্ধে এক দরখাস্ত এবং ঐ উকীলের নামে এক ওয়ারণ্ট এবং জজ সাহেবের পূর্ব্বোক্ত রুবকারীর নকল ১৮৫১ সালের ১৮ ডিসেম্বর তারিখে এই আদালতে দাখিল হইল। অদ্য আমার দ্বারা ঐ মোকদ্দমার বিচার হইল এবং আমার বোধে জজ সাহেবের ঐ হুকুম দুই কারণে বহাল হইতে পারে না। ১, দরখাস্তকারির দরখাস্ত ডিক্রী জারীর দরখাস্তের সদৃশ ছিল না যেহেতুক গবর্ণমেণ্ট সেই মোকদ্দমায় বাদিপ্রতিবাদী ছিলেন না এবং দরখাস্ত শুদ্ধ ইষ্টাম্পের মাসুল আদায় করণার্থে দেওয়া গিয়াছিল এবং ঐ মাসুল রাজস্বের ন্যায় জ্ঞান করিতে হইবেক। ২. ঐ দরখাস্ত যদ্যপিও ডিক্রী জারীর দরখাস্তের সদৃশ বোধ হয় তথাপি ১৮০৫ সালের ২ আইনের ২ ধারাক্রমে রাজস্বের বিষয়ে সরকারের দাওয়ায় ৬০ বৎসর মিয়াদ দেওয়া গিয়াছে। অতএব হুকুম হইল যে জজ সাহেবের ঐ হুকুম অন্যথা করা যায় এবং এই রুবকারীর এক নকল এই জন্যে তাঁহার নিকটে পাঠান যায় যে তিনি গবর্ণমেণ্টের দরখাস্ত সাবেক নম্বরে দাখিল করেন এবং স্থাপিত রীত্যনুসারে ইষ্টাম্পের মাসুলের বিষয়ে সরকারের দাওয়া নিষ্পত্তি করেন।

সি ট্রিবর।
আইন সম্পর্কীয় বিষয়ের
সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর।

John C. Marshman, *Bengalee Translator.*

## বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষকেরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫২ সালের ৩ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c., &c., will be afforded by the Secretary to the Council of Education to all candidates on personal application.

(By order,)

F. J. MOUAT,

*Secy. Council of Education.*

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

#### APPOINTMENT.

*The* 11*th June*, 1852.

Baboo Kumulnarain Ghose, a Diploma-Holder of 1849, to be Acting Moonsiff of Manickgunge, Dacca, during the absence on leave of the incumbent or until further orders.

#### LEAVE OF ABSENCE.

*The* 11*th June*, 1852.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manickgunge, Dacca, for three weeks, from the date of delivering over charge of his office, on Medical Certificate.

B. J. COLVIN, *Register.*

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

#### নিয়োগ।

১৮৫২ সাল ১১ জুন।

ঢাকার মাণিকগঞ্জের মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কমলনারায়ণ ঘোষ ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

#### ছুটী।

১৮৫১ সাল ১১ জুন।

ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় আপনার কর্ম্মের ভার যে তারিখে অন্য ব্যক্তির প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

## PROCLAMATION.

### FORT WILLIAM,

THE 3RD JUNE, 1852.

NOTICE is hereby given, with reference to Notifications dated the 20th December 1851, and 29th April 1852, published in the *Calcutta Gazette* of the 24th day of December 1851, and 5th May 1852, and in accordance with Section IV. of Act XXVI. of 1850, that the Most Noble the Governor of Bengal having taken into consideration the declarations of the Inhabitants of the Town of Ooterparah in the Hoogbly district, made under the Notifications above referred to, as to their wishes for or against the introduction of Act XXVI. of 1850 into the said Town, it has appeared to His Lordship that the said Inhabitants are in favor of that measure. Wherefore Act XXVI. of 1850 is hereby declared to be in force henceforth in the Town in question, for all the purposes set forth in Section II. of the said Act.

By order of the Most Noble the Governor of Bengal,

J. P. GRANT,

*Secy. to the Govt. of Bengal*

## বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ৩ জুন।

১৮৫১ সালের ২০ ডিসেম্বর তারিখের যে বিজ্ঞাপন ১৮৫১ সালের ২৪ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটে ও ১৮৫২ সালের ২৯ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ১৮৫২ সালের ১১ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে এবং ১৮৫০ সালের ২৬ আইনের ৪ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার উত্তরপাড়া নগরে ১৮৫০ সালের ২৬ আইনের চলন কি না চলন বিষয়ে ঐ নগরনিবাসিরা উক্ত বিজ্ঞাপনমতে আপনারদের যে২ মত প্রকাশ করিয়াছেন তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেব বিবেচনা করিয়া বোধ করেন যে উক্ত নগরনিবাসিরা ঐ বিষয়ের সপক্ষ বটেন। অতএব ইহার দ্বারা হুকুম হইতেছে যে ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে যে সকল অভিপ্রায় প্রকাশ আছে সেই সকল অভিপ্রায়ের নিমিত্তে ঐ ১৮৫০ সালের ২৬ আইন এই কালঅবধি উক্ত নগরে চলন হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## রাজকর্ম্মে নিয়োগ।

১২৭৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১০ জুন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) যে তারিখে পুরীর মাজিষ্ট্রেটী ও কালেক্টরী ও নিমকের এজেন্টী কর্ম্ম অন্য সাহেবের হস্তে অর্পণ করেন সে তারিখঅবধি ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

# GOVERNMENT ADVERTISEMENTS.
## LAND ADVERTISEMENTS.

# গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ভাগলপুর মহাল ফসিলি।

৯। আমি আরো আদালতে ইহা জ্ঞাত করিতে চাহি যে এই নিয়ম ধার্য্য করণেতে এই উপকার নিতান্ত হইবেক যে কোন মোকদ্দমার দোষগুণ জ্ঞাত হওনেতে ইউরোপীয় জজ সাহে[illegible] এদেশীয় আমলার সাহায্য অথবা পরামর্শের উপ[illegible] করণের লেশও দৃষ্ট হইবেক না। সদর আদালত সুজ্ঞাত আছেন যে যে আমলারা আদালতে উপস্থিত থাকেন কোন বিষয়েতে তাঁহারদের হাত দিবার সুযোগ হইলে তাঁহারা অতিব্যগ্রতারূপে তাহাতে প্রবিষ্ট হন এবং জজ সাহেব যে স্বাধীন নহেন অথবা আপনার বিবেচনামতে কার্য্য করিতেছেন না ইহার অনুভব করণের কোন কারণ দূরীকরণ অত্যাবশ্যক এবং আমার বোধ হয় যে আমি এক্ষণে যে প্রস্তাব করিতেছি তাহাতে জজ সাহেবেরদের অন্যের বাধ্য থাকনের কোন অনুভব যেরূপে নিবৃত্ত হইবেক অন্য কোন উপায়ের দ্বারা তাহা তাদৃশ নিবৃত্ত হইবেক না। যেহেতুক মোকদ্দমার কাগজপত্র তরজমা হইলে জজ সাহেব আদালতে উপস্থিত হইবার পূর্ব্বে মোকদ্দমার সাধারণ ভাব সুজ্ঞাত হইতে পারিবেন এবং উকীলেরদের সওয়াল জওয়াব একেবারে শুনিবার জন্যে প্রস্তুত হইবেন এবং ঐ উকীলেরা যে সাক্ষ্যের বিষয় প্রস্তাব করেন তাহা তজবীজ ও বিবেচনা করণার্থ নথীতে দৃষ্টি করণের আবশ্যক হইবেক অন্য কোন কারণে আবশ্যক হইবেক না।

১০। যদি সদর আদালত আমার এই পরামর্শে ঐক্য হইয়া এই প্রস্তাব গবর্ণমেণ্টের বিবেচনার জন্যে অর্পণ করেন তবে আমি আরো এই পরামর্শ দিতেছি যে যে সিরিশ্তাদারেরদের পদ রহিত করিবার প্রস্তাব হইতেছে তাঁহারদিগকে আদালতের গত জানুআরি মাসের ৫ তারিখের সরকুলর অর্ডরের নিয়মক্রমে উপযুক্ত কর্ম্ম দেওয়া যাইতে পারিবেক। সিরিশ্তাদারেরদের মধ্যে অনেকে আপনার পূর্ব্বকার কর্ম্মদক্ষতা এবং স্বাভাবিক গুণপ্রযুক্ত বিচারকের কর্ম্মে নিযুক্ত হইবার যোগ্য ইহার সন্দেহ নাই। জজ সাহেবের আদালতে এদেশীয় আমলার ন্যায্যমতে যে সকল কার্য্য করণের আবশ্যক আছে তাহা পেশ্কার অবশ্য চালাইতে পারিবেন। তাঁহার এইমাত্র কর্ম্ম থাকিবেক যে তিনি দরখাস্ত ও দলীলদস্তাবেজ লন ও তাহার পৃষ্ঠে দস্তখৎ করেন এবং ইষ্টাম্পের যাথার্থ্য নির্ণয় করেন ও তদ্বিষয়ে সর্টিফিকট দেন এবং মোখ্তারনামা ও ওকালৎনামা তস্দিক করেন। যে আমলা এই সকল

of the exercise of any discretion on the part of the Officer discharging them and with such matters only I believe it is the wish of the Superior Court that the Ministerial Officers of the Judge's Court should be entrusted.

(Signed) H. T. Raikes,
*Offg. Commissioner of Revenue.*

---

## REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

21st April, 1852.

A sale of right and interest in a property in suit is legal—not of a right of suit itself.

*Moteesoondree Dassee—Petitioner.*

The Petitioner appealed against an order of the Additional Judge of Behar, dated 31st December, 1851, selling, in satisfaction of a decree against her, her right and interest in a plaint filed by her against another party.

The petition being referred to the Full Bench on the 31st March, 1852, it was held with reference to the Court's decision* in the case of Mr. J. P. Wise, *versus* Mr. Paniotty, passed on the same day, that a right and interest in property the subject of a suit, is saleable, *pendente lite*. The case was therefore remanded to the Miscellaneous Department to be disposed of on all points with reference to the principle above laid down.

---

* Mr. J. P. Wise—Petitioner,

*versus*

Mr. Paniotty.

This is an appeal against an order of the Judge of Backergunge, dated 27th February, 1851. It was in the first instance brought before Mr. J. R. Colvin, who on the 10th July, 1851, made the case over for consideration of a Full Bench with reference to a judgment of Mr. Dick who, on the 9th April, 1850, in the case of Bissessur Sein, ruled that the right and interest of a party pendente lite could not be sold in execution of decree against the plaintiff in the pending case. Mr. Dick held that the Court's Construction No. 1248 applied only to a decree passed, not to a right pendente lite.

*Judgment.*—The Court observe that the Construction 1248, in which both Courts have concurred, distinctly lays down that unproved claims of a party B. against another party C. may be considered as assets available in execution of the decree of A. against B. and may be sold by auction. This Construction we think consistent with the intent and spirit of the law. The controversy in the case before us is restricted to this point, and is the only point on which judgment is given.



কার্য্য নির্ব্বাহ করেন তাঁহার কোন বিবেচনার গুণ প্রকাশ করণের আবশ্যক নাই এবং উপায়ও নাই এবং আমার বোধ আছে যে কেবল এইপ্রকার কর্ম্ম জজ সাহেবের আদালতের আমলারদের প্রতি অর্পণ করিতে সদর আদালতের ইচ্ছা আছে।

চএ টি রেক্স। রাজস্বের একটিং কমিশানর।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫২ সাল ২১ আপ্রিল।

যে সম্পত্তির বিষয়ে মোকদ্দমা হয় তাহার স্বত্ব ও অধিকারের নীলাম আইনসিদ্ধ। কিন্তু মোকদ্দমা করণের স্বত্ব বিক্রয় আইনসিদ্ধ নহে।

মতিসুন্দরী দাসী — দরখাস্তকারিণী।

দরখাস্তকারিণী অন্য ব্যক্তির বিরুদ্ধে যে নালিশী আরজী দাখিল করিয়াছিল সেই আরজীতে তাহার যে স্বত্ব ও অধিকার ছিল তাহা তাহার বিরুদ্ধে ডিক্রী জারীক্রমে নীলাম করিতে বেহারের অতিরিক্ত জজ সাহেব ১৮৫১ সালের ৩১ ডিসেম্বর তারিখে হুকুম করিলেন সেই হুকুমের উপর দরখাস্তকারিণী সদর আদালতে আপীল করিল।

ঐ দরখাস্ত ১৮৫২ সালের ৩১ মার্চ তারিখে সম্পূর্ণ আদালতের সাহেবেরদের প্রতি অর্পণ হইল এবং সেই দিবসে যে মোকদ্দমায় জে পি ওয়াইস* সাহেব ফরিয়াদী ও পানিওটি সাহেব আসামী সেই মোকদ্দমায় আদালত যে নিষ্পত্তি করিলেন তাহার উপলক্ষে এই ধার্য্য হইল যে যে সম্পত্তির বিষয়ে মোকদ্দমা হয় সেই সম্পত্তিতে যে কোন স্বত্ব ও অধিকার থাকে তাহা মোকদ্দমা উপস্থিত থাকিতে নীলাম হইতে পারে। অতএব উক্ত নিয়মের অনুসারে ঐ মোকদ্দমা সর্ব্বতোভাবে নিষ্পত্তি হওনার্থে তাহা মুৎফরক্কা সিরিশতায় পুনর্ব্বার পাঠান গেল।

---

* জে পি ওয়াইস ফরিয়াদী।

পানিওটি সাহেব আসামী।

১৮৫১ সালের ২৭ ফেব্রুআরি তারিখে বাকরগঞ্জের জজ সাহেবের এক হুকুমের উপর এই আপীল হয়। এই মোকদ্দমা প্রথমতঃ শ্রীযুত জে আর কলবিন সাহেবের সম্মুখে উপস্থিত হইয়াছিল কিন্তু শ্রীযুত ডিক সাহেবের এক ডিক্রীর উপলক্ষে তিনি ঐ মোকদ্দমা ১৮৫১ সালের ১০ জুলাই তারিখে সম্পূর্ণ আদালতের বিবেচনার জন্যে অর্পণ করিলেন। শ্রীযুত ডিক সাহেব ১৮৫০ সালের ৯ আপ্রিল তারিখে বিশ্বেশ্বর সেনের মোকদ্দমায় এই বিধান করিয়াছিলেন যে উপস্থিত কোন মোকদ্দমায় ফরিয়াদীর বিপক্ষে হওয়া ডিক্রী জারীক্রমে মোকদ্দমা উপস্থিত থাকিতে কোন ব্যক্তির স্বত্ব ও অধিকার নীলাম হইতে পারে না। শ্রীযুত ডিক সাহেব বিধান করিলেন যে সদর আদালতের ১২৪৮ নম্বরী আইনের অর্থ কেবল যে কোন ডিক্রী হইয়াছে সেই বিষয়ে খাটে এবং মোকদ্দমা উপস্থিত থাকিতে কোন স্বত্বের বিষয়ে খাটে না।

ডিক্রী।

সদর আদালত কহিতেছেন যে ১২৪৮ নম্বরী যে আইনের অর্থে উভয় আদালত সম্মত হইয়াছেন তাহাতে এই স্পষ্ট নির্দ্ধারণ হইয়াছে যে বলরামের বিরুদ্ধে আনন্দ ডিক্রী পাইলে কাশীনাথ নামক অন্য ব্যক্তির উপর ঐ বলরামের সাব্যস্ত না হওয়া যে দাওয়া থাকে সেই দাওয়া ঐ ডিক্রী জারী করণার্থে সম্পত্তির ন্যায় বোধ হইতে পারে এবং তাহা নীলামে বিক্রয় হইতে পারে। আমারদের বোধ আছে যে এই আইনের অর্থ আইনের অভিপ্রায় ও ভাবের সঙ্গে মিলে। আমারদের সম্মুখে উপস্থিত মোকদ্দমার বিরোধ কেবল এই বিষয় লইয়া আছে এবং ডিক্রী কেবল সেই এক বিষয়ের সম্পর্কে দেওয়া গেল।

By the Court (Present Mr. J. R. Colvin.)—"The meaning of the order of 31st March is that the right and interest of a Plaintiff in any property, the subject of a pending suit, may be sold. After such sale, the point remains to be considered whether the purchaser can be substituted for the original Plaintiff in the suit, and its decision depends upon the circumstances of the suit. In suits for libel or personal injuries and such like, the original Plaintiff cannot be represented by another, although he can in other kinds of cases. In this case the right and interest in the property, the subject of the suit, is not the question for such has not been sold; but *the right of plaint* has been sold—such a sale is invalid."—Order reversed.

---

26th April, 1852.

Execution without security is not to be admitted, whether as to costs or to any part of a decree while an appeal is pending as to such matter.

*Guddhur Pershad Tewarree—Petitioner.*

In an action brought by Petitioner against Mussummaut Soonder Koonaree Dibbea for recovery of the sum of 96,042 Rs. 10 Annas, the Principal Sudder Ameen of East Burdwan on the 25th January, 1850, passed a decree in his favour for the sum of 41,565 Rs. 10 Annas with costs, upon which the defendant appealed to the Sudder Dewanny Adawlut.

The Petitioner meanwhile applied to the Principal Sudder Ameen for execution of his decree with regard to the sum of 2,002 Rs. 1 Cowree, being the amount of costs incurred in the Zillah Court with interest, when the Principal Sudder Ameen struck the petition off the file on the ground that under the provisions of Circular Order of the 11th January, 1850, No. 81, the execution of the decree without security was inadmissible while the appeal was pending.

From this order, which was dated the 3d January, 1852, the Petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Present Mr. J. R. Colvin.) "The Circular Order is later than the Construction No. 110 which is of 3d September, 1812, and must be held to supersede it. The later order also is the more sound in principle. Whether for costs, or for any part of a decree, execution *without security* ought not to be admitted, while an appeal is pending as to such matter."—Petition rejected.

---

## EDUCATION NOTICE.

---

The next meeting of the Committee appointed for the examination of candidates for promotion and employment in the Education Department, will be held in Hindu College, on Saturday, the 3rd July, 1852.

Detailed particulars of the nature and extent of

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব কহিলেন যে "৩১ মার্চ তারিখের হুকুমের অভিপ্রায় এই যে যে সম্পত্তির বিষয়ে মোকদ্দমা হইয়াছে সেই সম্পত্তিতে ফরিয়াদীর স্বত্ব ও অধিকার ঐ মোকদ্দমা উপস্থিত থাকিতে নীলাম হইতে পারে। সেই নীলাম হইলে পর এই বিষয়ের বিবেচনা করিতে হইবেক যে ঐ মোকদ্দমার অসল ফরিয়াদীর পরিবর্ত্তে ঐ খরীদার স্থাপন হইতে পারে কি না এবং মোকদ্দমার বৃত্তান্ত বুঝিয়া এই বিষয়ের নিষ্পত্তি করিতে হইবেক। তহমৎ অথবা শারীরিক হানির এবং সেইরূপ মোকদ্দমায় অন্য কোন ব্যক্তি আসল ফরিয়াদীর স্থলাভিষিক্ত হইতে পারে না কিন্তু অন্য প্রকার মোকদ্দমায় হইতে পারে। এই মোকদ্দমায় যে সম্পত্তি লইয়া মোকদ্দমা হইল সেই সম্পত্তির সত্ত্ব ও অধিকারের বিষয় উপস্থিত হয় নাই যেহেতুক তাহা নীলাম হয় নাই কিন্তু নালিশ করণের স্বত্ব নীলাম হইয়াছে এবং সেই নীলাম অসিদ্ধ।" অতএব হুকুম অন্যথা করা গেল।

---

১৮৫২ সাল ২৬ আপ্রিল।

কোন ডিক্রীর উপর আপীল থাকিতে সেই ডিক্রীর খরচা সম্পর্কে অথবা তাহার কোন অংশের সম্পর্কে তাহা জামিন না দিলে জারী হইতে পারে না।

গদাধর প্রসাদ তেওয়ারী দরখাস্তকারী।

দরখাস্তকারী ৯৬,০৪২॥৴ টাকা ফিরিয়া পাইবার বাবৎ মসম্মাৎ সুন্দর কুঙারী দেবীর নামে নালিশ করিল এবং পূর্ব্ব বর্দ্ধমানের প্রধান সদর আমীন ১৮৫০ সালের ২৫ জানুআরি তারিখে তাহার পক্ষে খরচা সমেত ৪১,৫৬৫॥৴ টাকার ডিক্রী করিলেন তাহাতে আসামী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

ইতিমধ্যে দরখাস্তকারী আপনার ডিক্রী ২০০২৲ টাকা এবং এক কড়ার বাবৎ অর্থাৎ জিলার আদালতে যে খরচা লাগিয়াছিল তাহার সুদসমেত সংখ্যার বাবৎ ডিক্রী জারী করণার্থে দরখাস্ত করিল। তাহাতে প্রধান সদর আমীন ইহা বলিয়া ঐ দরখাস্ত আপনার নথীহইতে খারিজ করিলেন যে ১৮৫০ সালের ১১ জানুআরি তারিখের ৮১ নম্বরী সরক্যুলর অর্ডরের বিধির অনুসারে আপীল উপস্থিত থাকিতে জামিন না দিলে ডিক্রী জারী হইতে পারে না।

ঐ হুকুম ১৮৫২ সালের ৩ জানুআরি তারিখে হয় তাহার উপর দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব হুকুম করিলেন যে "ঐ সরক্যুলর অর্ডর ১৮১২ সালের ৩ সেপ্টেম্বর তারিখের ১১০ নম্বরী আইনের অর্থের পরে হয় এবং তাহার দ্বারা ঐ আইনের অর্থ বাতিল হইয়াছে বোধ করিতে হইবেক। ঐ সরক্যুলর অর্ডরের হুকুমের নিয়ম পূর্ব্বকার আইনের অর্থের নিয়ম অপেক্ষা যথার্থ। আপীল উপস্থিত থাকিতে খরচার জন্যে কি অন্য কোন অংশের জন্যে জামিন না দিলে ঐ ডিক্রী জারী হইতে পারে না।" দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

---

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫২ সালের ৩ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও

the examination, the number of vacancies in the Department, &c., &c., will be afforded by the Secretary to the Council of Education to all candidates on personal application.

(By order,)

F. J. MOUAT,

*Secy. Council of Education.*

---

## PROCLAMATION.

### FORT WILLIAM,

THE 3RD JUNE, 1852.

NOTICE is hereby given, with reference to Notifications dated the 20th December 1851, and 29th April 1852, published in the *Calcutta Gazette* of the 24th day of December 1851, and 5th May 1852, and in accordance with Section IV. of Act XXVI. of 1850, that the Most Noble the Governor of Bengal having taken into consideration the declarations of the Inhabitants of the Town of Ooterparah in the Hooghly district, made under the Notifications above referred to, as to their wishes for or against the introduction of Act XXVI. of 1850 into the said Town, it has appeared to His Lordship that the said Inhabitants are in favor of that measure. Wherefore Act XXVI. of 1850 is hereby declared to be in force henceforth in the Town in question, for all the purposes set forth in Section II. of the said Act.

By order of the Most Noble the Governor of Bengal,

J. P. GRANT,

*Secy. to the Govt. of Bengal.*

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENTS.

*The 16th June,* 1852.

Baboo Bissumbhur Bidyabhoosun, (a diploma candidate,) to be Acting Moonsiff of Kendraparah, Zillah Cuttack, until further orders.

*The 22d June,* 1852.

Baboo Ramcoomar Bose, (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Naraingunge, Zillah Dacca, during the absence on leave of the incumbent.

Minhazoodeen, (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Pertabpore, Zillah Midnapore.

### LEAVES OF ABSENCE.

*The 22nd June,* 1852.

Moulvee Gholam Rubbanee, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for the 19th and 20th instant.

Baboo Seteekanth Sing, Moonsiff of Pothua, Zillah East Burdwan, for the 19th and 20th instant.

Baboo Norotum Mullik, Moonsiff of Naraingunge, Zillah Dacca, for one month, from the 10th instant, on medical certificate.

*The 23d June,* 1852.

Baboo Comalacant Chuckerbutty, Moonsiff of

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

---

## বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ৩ জুন।

১৮৫১ সালের ২০ ডিসেম্বর তারিখের যে বিজ্ঞাপন ১৮৫১ সালের ২৪ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটে ও ১৮৫২ সালের ২৯ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ১৮৫২ সালের ১১ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে এবং ১৮৫০ সালের ২৬ আইনের ৪ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার উত্তরপাড়া নগরে ১৮৫০ সালের ২৬ আইনের চলন কি না চলন বিষয়ে ঐ নগরনিবাসিরা উক্ত বিজ্ঞাপনমতে আপনারদের যেং মত প্রকাশ করিয়াছেন তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্ণর সাহেব বিবেচনা করিয়া বোধ করেন যে উক্ত নগরনিবাসিরা ঐ বিষয়ের সপক্ষ বটেন। অতএব ইহার দ্বারা হুকুম হইতেছে যে ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে যে সকল অভিপ্রায় প্রকাশ আছে সেই সকল অভিপ্রায়ের নিমিত্তে ঐ ১৮৫০ সালের ২৬ আইন এই কালঅবধি উক্ত নগরে চলন হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্ণর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ১৬ জুন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বম্ভর বিদ্যাভূষণ অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা কটকের কেন্দ্রপাড়ার একটিং মুনসেফ হইবেন।

১৮৫২ সাল ২২ জুন।

জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামকুমার বসু ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মিনহাজুদ্দীন জিলা মেদিনীপুরের প্রতাপপুরের একটিং মুনসেফ হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ২২ জুন

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানী বর্ত্তমান মাসের ১৯ ও ২০ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পথনার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ১৯ ও ২০ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৩ জুন।

জিলা চাটিগাঁর হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু কম-

Hauthazaree, Zillah Chittagong, for 10 days on Medical Certificate in extension of that granted to him on the 13th ultimo.

B. J. COLVIN, *Register.*

## রাজকর্ম্মে নিয়োগ।

৮৯১ নম্বর।

বিজ্ঞাপন।

পরীক্ষা করণার্থ সদর কমিটির মহাশয়েরা রিপোর্ট করিয়াছেন যে নীচের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষায় ক্রমাগত উত্তীর্ণ হন।

প্রধান প্রকারের পরীক্ষোত্তীর্ণ

১। শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier.)

২। শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie.)

৩। শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster.)

৪। শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr. J. C. Dodgson.)

৫। শ্রীযুত এফ বি সিম্সন সাহেব (Mr. F. B. Simson.)

৬। শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davis.)

দ্বিতীয় শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ

১। শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris.)

নিয়োগ।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier.) পুরী জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) ফরিদপুর জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) চাটিগাঁ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davies,) রাজসাহী জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) মুরশিদাবাদ জিলাতে ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ১২ জুন।

১২৭৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১০ জুন।

শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) চাম্পারণে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইলেন।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলি ময়মনসিংহের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইলেন।

শ্রীযুত মৌলবী মাজিরুদ্দিন মহম্মদ মেদিনীপুরের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইলেন।

লাকান্ত চক্রবর্ত্তী গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকেটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## ছুটী।

১৮৫২ সাল ১০ জুন।

লক্ষ্মীপুরে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই টি ডালটন সাহেব (Captain E. T. Dalton,) আগামি জুলাই মাসের ১৫ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্থধরা বিধির ১১ ও ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পান। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এস বাইবার সাহেব (Lieutenant H. S. Bivar,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ দত্ত ভবানীপুর মোকামে পঁহুছনের মিয়াদের অতিরিক্ত বিশ দিনের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জি এ পেপর সাহেবকে (Mr. G. A. Pepper.) গত মাসের ২৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মস্থানে পঁহুছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৫ জুন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব (Mr. W. H. Henderson,) বর্ত্তমান মাসের ৫ তারিখে ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankie,) প্রতি অর্পণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) দায়েরসায়েরী কর্ম্মে পাটনাতে গমনার্থে বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন দিবিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুলআলির প্রতি অর্পণ করেন।

ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier.) আপনার কর্ম্ম শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankie,) স্থানে বর্ত্তমান মাসের ৮ তারিখে পুনর্গ্রহণ করেন ঐ তারিখঅবধি গত মাসের ৬ তারিখের হুকুমক্রমে শ্রীযুত মাকটিয়র সাহেব (Mr. Mactier,) যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩০৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৫ জুন।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) মঙ্গলপুর এলাকাখণ্ডের ভার গ্রহণ করিবেন। শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব (Mr. Alexander.) বাঁকুড়া জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতামতে তিনি মঙ্গলপুর এলাকাখণ্ডের কার্য্যও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davis.)

সরাজগঞ্জ এলাকাখণ্ডের ভার প্রাপ্ত হইবেন। শ্রীযুত ডেবিস সাহেব (Mr. Davis,) ময়মুনসিংহ ও পাবনা ও বগুড়া জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি সিরাজগঞ্জ এলাকাখণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু কিশোরীচাঁদ মিত্র জাহানাবাদ এলাকাখণ্ডের ভার প্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত বাবু কিশোরীচাঁদ মিত্র হুগলী ও বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতামতে তিনি জাহানাবাদ এলাকাখণ্ডের মধ্যে কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্র নাটোর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত বাবু গোপাললাল মিত্র রাজশাহীতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতামতে তিনি নাটোর এলাকাখণ্ডে কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল তমলুক এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত ঈশ্বরচন্দ্র ঘোষাল মেদিনীপুর জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি তমলুক এলাকাখণ্ডে কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াহিদুন নবি নাগোয়ান এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত মৌলবী ওয়াহিদুন নবি মেদিনীপুরে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি নাগোয়ান এলাকাখণ্ডের মধ্যে কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মুনশী ওয়াসেফ উদ্দীন পাবনাতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত লোকনাথ তরফদার বগুড়াতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত কে এচ ষ্টিফন সাহেব (Mr. K. H. Stephen,) ফরিদপুরে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১০ জুন।

সারণের কালেক্টর শ্রীযুত সি বি কুইণ্টিন সাহেব (Mr. C. B. Quintin.) আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. Mc Donnell.) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক খুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মাকডনেল সাহেব (Mr. McDonnell,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ আর কাকেরেল সাহেব (Mr. F. R. Cockerell,) গত মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক খুধরা বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত এচ ই কাকেরেল সাহেব (Mr. H. E. Cockerell,) শিক্ষা করণের নিমিত্তে মেদিনীপুরে গমনার্থে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১২ জুন।

বগুড়ার সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পান।

১৮৫২ সাল ১৬ জুন।

পাটনার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নামেষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৮ জুন।

শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore.) বর্ত্তমান মাসের ১১ তারিখে কটকের সিবিল ও সেশন জজের কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারকনাথ বিদ্যাসাগরের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) ইমতিহান দেওনের জন্যে ভাগলপুরে গমনার্থে বর্ত্তমান মাসের ১১ তারিখে পূরণিয়ার মাজিষ্ট্রেটী ভার ঐ জিলার কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেবের (Mr. C. D. Russell,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে ঢাকার মাজিষ্ট্রেটী কর্ম্ম শ্রীযুত জি পি লেষ্টর সাহেবের (Mr. G. P. Leycester,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩২১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৫ জুন।

শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman.) হুগলী জিলার দলীলরজিষ্টরের রেজিষ্টর হইবেন।

১৮৫২ সাল ১৭ জুন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি কিছুকালপর্য্যন্ত ঢাকার অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত সি চাপমান সাহেব (Mr. C. Chapman,) ঐ তারিখঅবধি হুগলীর কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) ঐ তারিখঅবধি ৩ অর্থাৎ পূর্ব্বাংশের জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব ও শ্রীযুত এচ বি বেলি সাহেব ও শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. J. S. Torrens, Mr. H. V. Bayley and Mr. R. B. Chapman,) হুগলীতে ফেরি ফণ্ডের কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ১৮ জুন।

শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেবের (Mr. W. Bracken,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত জে ডবলিউ এচ কাম্বেল সাহেব (Mr. J. W. H. Campbell,) কলিকাতার হাসিলের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে ডবলিউ এচ কাম্বেল সাহেবের (Mr. J. W. H. Campbell,) অন্য কর্ম্মে নিযুক্ত থাকন কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এচ স্নেল সাহেব (Mr. R. H. Snell,) কলিকাতার হাসিলের ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

# GOVERNMENT ADVERTISEMENTS.
## LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পূরণিয়া।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল ১৮৫২ সালের মে মাহার কিস্তীপর্য্যন্তের বাকী রাজস্বের বাবৎ ১৮৩২ সালের ৩ জুলাই তারিখ মোতাবেক ফসলী ১২৫৯ সালের ২ শ্রাবণ শনিবারে ঐ জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক।

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | জিলার তৌজীতে কি রেজিষ্টরে মহালের নম্বর | মহালের নাম | লিখিত মালিক | সদর জমা | ১৮৫২ সালের মে মাসের কিস্তীপর্য্যন্তের বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ফসলী সন | | | | |
| ১ | ১০০৲ টাকার অধিক ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ৯৬ | মৌজা কুমর পং ধপ্‌পুর ... | ... গোবিন্দনারায়ণ সিংহ চৌধুরী ওগয়রহ | ১৩২৸/২ | ২৪৸৵৪ | হাল |
| ২ | ১০০৲ টাকার অনধিক ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ৬৩ | আমীনাবাদ পং ধর্ম্মপুর ... | ... আওলাদ আলী নীলাম খরিদার .. | ৪৮৲ | ২৪৲ | ঐ |
| | ঐ | ১২৫ | গোবিন্দপুর কল্যাণ পং হরনাথ | ... মুক্তাকলাল ... ... ... | ২৮৷৴৩ | ২৮৷/৩ | হাল ও বকেয়া |
| | ঐ | ২৩২ | সদাশিবপুর ওগয়রহ পং ধর্ম্মপুর | ... মহান্ত দীনারাম দাস নীলাম খরীদার | ৭৮৸৫ | ২৬ ৷২ | হাল |
| | ঐ | ২৮১ | দুর্গাপুর তীরঘাটি নন্দলাল পং ঐ | ... ভোলানাথ মিশ্র ও রঘুরাম ঝা ... | ২৪৷৶৭ | ১২ ৷/১০ | ঐ |
| | ঐ | ৩০৫ | মীর্জ্জাপুর পাকরমল পং ঐ ... | ... আওলাদ আলী নীলাম খরীদার ... | ১৯৷৶৮ | ৯৸/১০ | ঐ |
| | ঐ | ৩৪৩ | মহীউদ্দীনপুর মাঘালি পং ঐ ... | ... উমাচরণ রায় চৌধুরী ওগয়রহ ... | ২৭৻১০ | ২৭৻১০ | হাল ও বকেয়া |
| | ঐ | ৩৬৩ | মহীখণ্ড চৌবাজ্জা পং ঐ ... | ... হরেকৃষ্ণ দাস ... ... ... | ৪৩ ৷/৭ | ৪৩ ৷/৭ | ঐ ঐ |
| | ঐ | ৩১৯ | দুমরী পং হরনাথ ... ... | ... কুচিদত্ত ঝা ওগয়রহ ... ... | ৪২৸৵৬ | ২১ ৷৶৩ | হাল |
| | ঐ | ৪৬২ | শাপুর ধর্ম্মী পং ধর্ম্মপুর ... | ... মহান্ত বালগোবিন্দ দাস ... ... | ৩০৶৭ | ৩০৶৫ | হাল ও বকেয়া |
| | ঐ | ৪৯৩ | ভাণ্ডারসার পং ঐ ... ... | ... মৌলবী কাজিমদ্দী ... ... ... | ৪১৷/৬ | ২০৸৯ | হাল |
| | ঐ | ৫৩২ | ধুষর কামারগোমা পং ঐ .. | ... মহান্ত দীনারাম দাস ওগয়রহ ... | ৩৮৸৶৩ | ৩৮৸/৮ | হাল ও বকেয়া |
| ৩ | মিরাদী বন্দোবস্তী কি ইজারা দেওয়া মহাল | ০ | পং ধর্ম্মপুর জিলা গোড়ারি মৌজা রঘুনাথপুরে বেল্লাজাণ্ডী ২৫/ বিঘা জমী | শিবদয়াল দাস চেলা রূপ দাস ও ফকির নানক সাহী জামিন | ০ | ৩৮৲ | পং ধর্ম্মপুরের তৌজীর ১৫ নম্বরী মৌজা বেটাপুর খোকর ধরার ইজারদার জামিনস্বরূপ এই মহাল দেন। |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৯ জুন।]

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | জিলার তৌজীতে কি রেজিষ্টরে মহালের নম্বর | মহালের নাম | লিখিত মালিক | সদর জমা | ১৮৫২ সালের যে মাসের কিস্তী-পর্য্যন্তের বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | মিরাদী বন্দোবস্তী কি ইজারা দেওয়া মহাল | ১৭৮ | ফসলী সন<br>মৌজা অমৃতপুর ধর্ম্মনারায়ণ পং ঐ | গিরিধর নারায়ণ নীলাম খরীদার ... | ২৪৸৶৯ | ২৪৸৶৯ | হাল ও বকেয়া |
| | ঐ | | পং শ্রীপুরের মৌজা মন্তরপুর হাওলদার ২৪/ বিঘা জমী | নন্দকৃষ্ণদাস নীলাম খরীদার জমিন ... ... ... ... | | ২২॥৶৮ | পং ধর্ম্মপুরে তৌজীর ২০১ নম্বরে নন্দনা মৌজার ইজারদার এই মহাল জামিনীস্বরূপ দেন। |
| | ঐ | ২১৮ | মৌজা কিসমৎ গাদি পং হরনাথ | ... রাজনাথ ঝা ... ... ... | ২৬॥০ | ২৬॥০ | হাল ও বকেয়া |
| | ঐ | ২২১ | মোরাদপুর পং ধর্ম্মপুর ... | ... সীতারাম মহন্তা ওগয়রহ ... ... | ১০৲ | ১০৲ | হাল |
| | ঐ | ২৬৫ | দোস্তা পং ঐ ... ... | ... রাজন সিংহ ও রামশরণ দাস ... | ২৬॥৵১১ | ২৬।৵১১ | হাল ও বকেয়া |
| | ঐ | ২৯৫ | কোস্তাপুর পং ধপুপর ... | ... গোবিন্দনারায়ণ সিংহ চৌধুরী ওগয়রহ | ৫৫৻৮ | ৮৲৭ | হাল |
| | ঐ | ২৯৬ | মোরাদপুর পং ধর্ম্মপুর ... | ... লোকনাথ ঝা ... ... ... | ১০।৶১ | ১০।৶১ | হাল ও বকেয়া |
| | ঐ | ৩১০ | ভাণ্ডারসার ওগয়রহ পং ঐ ... | ... রঙ্গলাল দোবে ওগয়রহ ... ... | ২৮/ | ২৮/ | ঐ ঐ |
| | ঐ | ৩৮০ | চাঁদপুর বিক্রম পং ঐ ... | ... অমৃতলাল মিশ্র ... ... ... | ২৩॥০ | ১১৲০ | হাল |
| | ঐ | ৩৯২ | আবদুল মমীনপুর পং ঐ ... | ... লেলু শা ও মমনী শাহ ... ... | ১৮॥০ | ১৮॥০ | হাল ও বকেয়া। |
| | ঐ | ৪৩৭ | বহরা পং ঐ ... .. | .. শ্রীধর সরস্বতী অভয়নাথ সরস্বতী ... | ৭৫৻৶১১ | ২৫/ | হাল |
| | ঐ | ৫০৭ | মাজদিয়া পাকরহ পং ঐ ... | ... দিলকাই মুন্নিগার বেগম ... ... | ১০০৩৷০ | ১৮৮৵১ | ঐ |
| ৬ | খাস মহাল অথবা যে মহালের সংশোধিত জমা নির্দ্ধার্য্য হয় নাই | ২৯১ | মধুপুর গিরিয়াহান পং ঐ ... | নীলাম্বর শা ও আক্রোশ সিংহ .. | ২১॥১০ | ১০৲৫ | ঐ |
| | খাস ও হাজেয়াপ্তী মহাল | ৩৯২ | রঘুপুর রাওনিয়া ওগয়রহ পং ঐ | ... মসম্মাৎ ভীকদাই ও সেখ আবদুল করীম ওগয়রহ ... ... ... | ২১৷৵৫ | ১২৸৶৭ | হাল ও বকেয়া |
| | ৯ | ১০৭০ | শরবপুর ও দুর্গাপুর ওগয়রহ পং হরনাথ ওগয়রহ ... ... ... ... | মসম্মাৎ লুৎফুন্নিসা খানম ওগয়রহ | ৬২৲/ | ২০৲৶৮ | হাল |

C. D. RUSSELL, *Collector.*

শ্রী

জিলা বাকরগঞ্জ।

এতলানামা কাছারি কালেক্টরি জেলা বাকরগঞ্জ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইঙ্গরেজীর ১ প্রথম আইনের ৬ ধারার বিধিমতে ঐ আইনের ৩ ও ৫ ধারার বিধি বাকীপড়া মহালের সন ১২৫৮ বাঙ্গলার লাগায়ত কিস্তী ফাল্গুনের বাকী রাজস্ব আদায় নিমিত্তে সন১৮৫২ সনের ২৯ মার্চ আদারের শেষ দিবসে নিরূপিত থাকায় ঐ দিবসে সূর্য্যাস্তের পূর্ব্বে মহাল জলকর কোটালীপাড়ার বক্তা বাকী আদায় না হওয়াতে নিম্ন লিখিত মহাল বর্ত্তমান বর্ষের ২৬ আপরিল নীলামের তারিখ নিরূপিতে বিক্রয় হওয়ায় নীলাম খরিদার উক্ত আইনের বিধিমতে বাএনার টাকা সরকারী খাজানাগারে দাখিল করিয়া ৩০ ত্রিংশত্তম দিবস মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করাপ্রযুক্ত উক্ত আইনের ১৬ ধারার বিধিমতে খরিদারের দাখিলী বাএনা জব্দ করিয়া পুনর্নীলাম করা আবশ্যক অতএব উক্ত ৬ ধারারক্রমে এতলানামা দেওয়া যায় যে নীচের লিখিত মহাল ইঙ্গরেজী ১৮৫২ সনের ৫ জুলাই মোতাবেক ১২৫৯ বাঙ্গলার ২৩ আষাঢ় রোজ সোমবার এই কালেক্টরী কাছারিতে বিনাওজর পুনর্নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইং তাং ১৮ জুন মোং সন ১২৫৯ বাং তাং ৬ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জেলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা কোম্পানি | বাকী বকেয়া পাওনা সরকার বাবত সন ১২৫৭ সনের লাং ফাল্গুনের বাকী মএমালিকানা | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | অন্য মহালের বাবৎ পাওনা বাকী মালগুজারি নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহা | সাবেক নং ২৩৬১ হাল নং ২৩১৫ | খাং পং কোটালীপাড়া রামেশ্বর সেন তালুক | রামেশ্বর সেন | ২।১১। | খাজানা ৪৪৬৴১<br>মালিকানা ৫০৪৶৮<br>৪৯১।৶৯ | পং কোটালীপাড় মহাল জলকর কোটালীপাড় এজমালি ইজারা হারাণচন্দ্র সেন ও সোনাতন দাসের ইজারা আইআমের সন ১২৫৭ সনের লাং কিস্তী ফাল্গুনের বাকী খাজানা ও মালিকানা সং ৭১২৶৮ পাই উসুলের নিমিত্তে চতুর্থ ঘরের লিখিত মহালে হারাণচন্দ্র সেন ইজারাদারের স্বত্ব গত ২৬ এপরেল ৬৬৲ টাকা মূল্যে নীলাম হয় তেতয়া দাখিল না হওয়ায় বাজ নীলামের আদেশ হইয়াছে তাহাতে উদয়চন্দ্র চৌধুরী জামিনদারের প্রাপ্য মুনাফা ও মালিকানার টাকাহইতে সং ২১৫৷৶১১ পাই টাকা জমা খরচ করা যাওয়ায় অবশিষ্ট ৪৯৬।৶৯ পাই বাকী ঐ টাকা উসুলের জন্য চতুর্থ ঘরের লিখিত ইজারাদার হারাণচন্দ্র সেনের স্বত্ব পুনর্নীলাম আমলে আসিতেছে। |

T. E. Read, Collector

## SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the lease-holders of the undermentioned Lots in the Soonderbuns, have failed, according to the tenor of their leases, to bring into a state of cultivation the lands allotted to them in twenty years, That all future opposition that may be made by the Lot-holders may be obviated, they are hereby requested either personally or by their agents to appear within twenty-five days, at the Cutcherry of the Soonderbun Commissioner at Allipore, and state clearly the reasons, if any, for which the right and title of those Lot-holders should not forthwith determine. In default of this, their right to those lands shall cease. A. D. 1852, 8th June; B. S. 1259, 27th Joisto.

| *No. Lot.* | | *Estimated measurement of Land.* | | *Name of Grantee in the Register.* |
|---|---|---|---|---|
| 43. | ... | 21,000 Bs. | ... | Mr. S. R. Crawford. |
| 59. | ... | 34,100 " | ... | Messrs. H. Sterndale and J. H. Barlow. |
| 123. | ... | 27,000 " | ... | Mr. R. Eglinton. |
| 129. | ... | 22,000 " | ... | Mr. A. Rogers. |
| 130. | ... | 15,000 " | ... | Mr. J. Gordon. |
| 138. | ... | 17,000 " | ... | Mr. J. Ward. |
| 139. | ... | 29,000 " | ... | Mr. S. Heather. |
| 142. | ... | 22,000 " | ... | Mr. J. Butler. |
| 143. | ... | 10,000 " | ... | Do. Do. |

OOMAKAUNT SEIN, *Commissioner.*

ইস্তাহারনামা কাছারি কমিস্যনরি সুন্দরবনে এই যে।

যেহেতুক সুন্দরবনের সীমাভুক্ত নীচের লিখিত লাটহাএর পাট্টাদারান সরকারের পাট্টার লিখিত নিয়মমতে মুদ্দত বিংশতি বৎসরের মধ্যে লাটহাএর জঙ্গল ভূমি আবাদ করে নাই তেকারণ লাটদারাণের ভবিষ্যৎ আপত্তি নির্ম্মূল তদর্থক অত্র ঘোষণা পত্র দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে লাটহাএর পাট্টাদারাণের উচিত যে ২৫ দিবস মধ্যে স্বয়ং কিম্বা মোক্তার দ্বারায় মোকাম আলিপুর সুন্দরবনের কাছারিতে হাজির আসিয়া উক্ত লাটহার পক্ষে পাট্টাদারাণের হক ও স্বত্ত্ব বাজেআপ্ত না হওনের বিশিষ্ট কারণ থাকিলে তাহার বিস্তারিত বেওরা উপস্থিত করে নচেৎ মেয়াদ গতে পাট্টাদারাণের হক বাজেআপ্ত হইবেক ইতি সন ১৮৫২ সাল ৮ জুন মোং সন ১২৫৯ সাল ২৭ জ্যৈষ্ঠ।

| লাটের নম্বর | আন্দাজী ভূমি | যাহারদের নামে উক্ত লাটের গ্রাণ্টী রেজেষ্টরী বহিতে লিখিত আছে। | |
|---|---|---|---|
| ৪৩ নং | ২১০০০/০ | Mr. S. R. Crawford, ... ... ... | এস আর কেরাফোর্ড। |
| ৫৯ নং | ৩৪১০০/০ | Messrs. H. Sterndale and J. H. Barlow, | মেং এইস টণ্ডল ও জে এইস বারলো |
| ১২৩ নং | ২৭০০০/০ | Mr. R. Eglinton, ... ... ... | মেং আর এগলিণ্টন। |
| ১২৯ নং | ২২০০০/০ | Mr. A. Rogers, ... ... ... ... | মেং এ রজরস। |
| ১৩০ নং | ১৫০০০/০ | Mr. J. Gordon, ... ... ... ... | মেং জে গারডন। |
| ১৩৮ নং | ১৭০০০/০ | Mr. J. Ward, ... ... ... ... | মেং জে ওয়ার্ড। |
| ১৩৯ নং | ২৯০০০/০ | Mr. S. Heather, ... ... ... ... | মেং এস হিদর। |
| ১৪২ নং | ২২০০০/০ | Mr. J. Butler, ... ... ... ... | মেং জে বটলর। |
| ১৪৩ নং | ১০০০০/০ | Do. Do. ... ... ... ... | ঐ ঐ। |

শ্রী উমাকান্ত সেন। কমিস্যনর।

---

Notice is hereby given, that the Pottahs of Lot No. 226, Capt. Hodges' Map, containing about 26,000 Biggahs of Jungle Land, situated within the limits of the Soonderbuns, Zillah Jessore, will be put up for Public Sale at Noon, on Wednesday, the 14th July, 1852, corresponding with the 32d Ashar, 1259, at the Office of the Commissioner of the Soonderbuns at Allipore. The highest bidder will be entitled to them and must immediately pay the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name, with the confirmation of Government, and he will occupy the land according to the terms of the Pottahs.

It is further notified, that intending purchasers who may wish to see the map of the ground, may obtain all necessary information by application personally or by their Agents at the Office of the Commissioner. The conditions of the sale will be made known on the day of Sale. A. D. 1852, 21st June; corresponding with B. S. 1259, 9th Ashar.

OOMAKAUNT SEIN, *Commissioner.*

সুন্দরবন কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা যশরের মতালক সুন্দরবনের সীমাসরহদ্দের মধ্যে কাপ্তান হাজিস সাহেবের নক্শার লিখিত ২২৬ নং লাটের আন্দাজ ২৬০০০/ বিঘা জঙ্গল জমিনের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরাজী সন ১৮৫২ সালের ১৪ জুলাই মোতাবকে বাঙ্গলা সন ১২৫৯ সালের ৩২ আষাঢ় বুধবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে জন অতি উচ্চ মূল্য ডাকেন তিনি তাহা পাইবেন। তৎক্ষণে তাহার খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মঞ্জুরিক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখলকার হইবেন আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় তাহা জানিতে পারেন আর অপর নিয়মের বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ২১ জুন মোং সন ১২৫৯ সাল তারিখ ৯ আষাঢ়।

উমাকান্ত সেন। কমিস্যনর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৯ জুন।]

## IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

**In Equity.**

**Sreemutty Puddomoney Dossee,**

***versus***

**Ramdhone Mitter, Gocoolmoney Dossee, and Rajluckey Dossee.**

**NOTICE is hereby given, that on the Twenty-Second day of July now next ensuing or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause may be taken pro confesso as against the Defendant Gocoolmoney Dossee, for want of answer pursuant to the Rule of this Honorable Court in this behalf made and provided. Dated this seventh day of June, 1852.**

**12, Old Post Office Street, Calcutta.** **G. O. Beeby, *Complainant's Solicitor.***

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় শ্রীমতী পদ্মমণি দাসী ফরিয়াদী।

সেই মোকদ্দমায় রামধন মিত্র শ্রীমতী গোকুলমণি দাসী ও শ্রীমতী রাজলক্ষ্মী দাসী আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুলাই মাসের ২২ তারিখে অথবা তৎপরে যত শীঘ্র কৌসেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীর পক্ষে এই সদ্ভ্রান্ত আদালতের নিকট দরখাস্ত করা যাইবেক যে আসামী গোকুলমণি দাসী এতদ্বিষয়ে এই সদ্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্ধারিত হওয়া বিধানমতে জওয়াব দাখিল না করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে তাহা স্বীকার করিয়াছে এই প্রকার হুকুম করা যায় ইতি ১৮৫২ সাল ৭ জুন।

১২ নং কলিকাতা। ওল্ড পোষ্ট আফীস ষ্ট্রিট। জি ও বিবি। ফরিয়াদীর উকীল।

---

INSOLVENT COURT. দেউলিয়ানেরদের আদালত।

---

## IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN TAYLOR SHAVE, late of Garden Reach, in the Suburbs of the Town of Calcutta, and Province of Bengal, a Deputy Collector in the Uncovenanted Service of the East India Company, Adjudged entitled on Saturday, the Fourth day of July, One Thousand Eight Hundred and Forty-six to the benefit of the Act of the Ninth George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order made on the 5th day of June, 1852, It was ordered, that the said Insolvent, be for ever discharged from all liability whatsoever, for or in respect of the several debts due from him to the following persons, (that is to say,) Messrs. Lattey Brothers and Company, Hurronauth Mullick, George Warren Bright, Messrs. Dykes and Co., Messrs. Tulloh and Co., Radamohun Pyne, Messrs. J. Spence and Co., Messrs. T. R. Thompson and Co., Thomas Payne, Messrs. Augier and Co., Messrs. Macfarlane and Co., Martial Collin, Noormahomed, Pearymohun Doss and Brothers, Messrs. Thacker and Co., Messrs. Woodward and Co., B. Paton, Tarnichurn Chuckerbutty, Juggoo Gomastah, Messrs. Leslie and Co., Messrs. Bagshaw and Co., Messrs. Shaw and Lyons, Mr. B. P. Singer, Messrs. Rozario and Co., Messrs. Wallis and Co., ———— Das, Messrs. Harman and Co., Messrs. Newson and Co., Mrs. McNoghton and T. B. Swinhoe, on account of *Englishman* Newspaper, Messrs. Hughes and Templer, Guggunchunder Bose, John Atkinson, and Nundololl Newgee, unless cause be shewn to the contrary on Saturday the seventh day of August next.

W. Thomson, *Insolvent's Attorney.*

দেউলিয়া নরদের উপকারার্থ আদালত।

---

পূর্ব্বে বাঙ্গলা দেশের অন্তঃপাতি কলিকাতা নগরের শহরতলী গার্ডেনরীচ নিবাসি ও কোম্পানি বাহাদুরের অচিহ্নিত সিরিশ্তার ডেপুটী কালেক্টর শ্রীযুত জান টেলর শেব সাহেব ভারতবর্ষে দেউলিয়া ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার ৯ বর্ষের ৭৩ অধ্যায়ের লিখিত আইন দ্বারা উপকার পাইবার যোগ্য আছেন এমত নির্দ্ধারণ ১৮৪৬ সালের ৪ জুলাই তারিখ শনিবারে করা যায়।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫২ সালের ৫ জুন তারিখে হুকুম হইয়াছিল যে আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে প্রতিবন্ধকের হেতু দর্শান না গেলে উক্ত দেউলিয়া নীচের লিখিত মহাশয়েরদের যে সকল কর্জ্জ ধারেন তাহার ও তৎসম্পর্কীয় সমুদয় দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন। বিশেষতঃ লাটি ব্রাদর, কোম্পানি, হরনাথ মল্লিক, জর্জ ওয়ারেন ব্রাইট সাহেব, ডাইক্স কোম্পানি, টালা কোম্পানির, রাধামোহন পাইন, জে স্পেন্স কোম্পানি, টি আর তামসন কোম্পানি, তামস পেন সাহেব, ওজিয়র কোম্পানি, মাকফারলেন কোম্পানি, মার্শ্যাল কলিন সাহেব, নুরমহম্মদ, পেয়ারীমোহন দাস ব্রাদর, থাকর কোম্পানি, উডওয়ার্ড কোম্পানি, বি পাটন সাহেব, তারিণীচরণ চক্রবর্ত্তী, জগু গোমাস্তা, লেসলি কোম্পানি, বাগশা কোম্পানি, শা ও লায়ন্স সাহেব, বি পি সিঙ্গর সাহেব, রোজারিও কোম্পানি, ওয়ালিস কোম্পানি, ———— দাস, হার্মান কোম্পানি, নিউসন কোম্পানি, ইঙ্গলিশম্যান সম্বাদপত্রের নিমিত্তে বিবি মাকনাটন ও টি বি সুইনহো সাহেব, হিউস ও টেমপ্লর সাহেব, গগণচন্দ্র বসু, জান আটকিনসন সাহেব, এবং নন্দলাল নেওগী।

ডবলিউ তামসন। দেউলিয়ার উকীল।

[*Government Gazette, 29th June,* 1852.]

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিষ।

জমীদারি ইজারা।

| | |
|---|---|
| প্যারীমোহন বসু | বাদী। |
| শ্রীকৃষ্ণ সিংহ ও অন্নদাপ্রসাদ রায় | প্রতিবাদী। |

এবং

| | |
|---|---|
| শ্রীকৃষ্ণ সিংহ | বাদী। |
| অন্নদাপ্রসাদ রায় ও প্যারীমোহন বসু | প্রতিবাদী। |

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগত ১০ জুলাই শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিসঃ ফিট জেরেল্ড সেশেস সাহেব তাঁহার আফিসে প্রতিবাদী অন্নদাপ্রসাদ রায়ের নীচের লিখিত স্থাবর বস্তুর ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা হুগলি।

তরফ গোবিন্দপুরের মৌজা বৈকুণ্ঠপুর মায় হকুক তরফ ঐ মৌজা পিলনপাড়া মায় হকুক রকম ।৶০ আনা তরফ ত্রিবেণীর মোজফাচক মায় হকুক।

ঐ সময় শ্রীযুত রিসিবর সাহেব।

জেলা ২৪ পরগনা উলটা ডেঙ্গির মধ্যে সেটদিগের বিগ্রহ ঠাকুরের ইষ্টেটের দরুণ যে এক কেতা ভূমি আন্দাজ নয় বিঘা আছে তাহারও ইজারার ডাক লইবেন।

আরং বৃত্তান্ত রিসিবর আফিষে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

সুপ্রিম কোর্ট রিসিবর আফিষ ২৩ জুন ১৮৫২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৯ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 6, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৬ জুলাই।


## CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

### No. 3.

*To the Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.*

The Court having had under consideration the description of offence generally designated by Magistrates as "Plundering" (Loot-oo-Taraj) which does not amount to robbery by open violence, as defined in Clause 1, Section 3, Regulation LIII. of 1803, in consequence of the absence of proof of the *criminal intent* of committing robbery at the time of going forth of the party, which is a necessary ingredient of the foregoing offence as declared in the above Regulation, publish for general information the following questions addressed to their Law Officer, and the Futwa delivered by him on the subject.

*Question 1st.*

A number of persons are sent to commit violence in a house for such a purpose as to beat the owner, or carry some person away by force or to prevent a marriage or the like; robbery or plunder of any property from *any person,* is not a part of the intention with which they go to the house. But being there they seize and forcibly bring away and appropriate to their own use the articles of property they find in the house. How is plunder of this kind committed *not on any person,* but yet committed openly regarded by the Mahomedan Criminal Law? Is it punishable as a crime, and under what head of the Mahomedan Law, and to what punishment is it liable?

State your opinion and name the authorities.

*Question 2nd.*

State the like opinion and authorities if the property be not carried away and appropriated, but wasted and destroyed?

*Answer to the 1st Question.*

The offence in question (*i. e.* Plunder of the description mentioned in the Question) is a crime under the head of *Ghusub* or usurpation, because *Ghusub*

## সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

### ৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

মাজিষ্ট্রেট সাহেবেরা যে অপরাধ "লুটতরাজ" কহিয়া থাকেন সেই অপরাধের বর্ণনার বিষয় সদর আদালত সম্প্রতি বিবেচনা করিয়াছেন। তাহা ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্ট দৌরাত্ম্যক্রমের ডাকাইতীর তুল্য নহে যেহেতুক দলের বাহির হইবার সময়ে তাহারদের ডাকাইতী করিবার মনস্থ থাকনের প্রমাণ নাই এবং উক্ত আইনে লেখা আছে যে সেই মনস্থের প্রমাণ না থাকিলে সেইপ্রকার অপরাধ হইতে পারে না। অতএব সদর আদালত আপনারদের মৌলবীর নিকটে পশ্চাৎ লিখিত যে কএক প্রশ্ন করিয়াছিলেন এবং সেই বিষয়ে তিনি যে ফতওয়া দিলেন তাহা সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনের নিমিত্তে প্রকাশ করিতেছেন।

১ জিজ্ঞাসা।

১। ঘরের স্বামিকে মারিপীট করণার্থ অথবা কোন ব্যক্তিকে বলপূর্ব্বক অপহরণ করণার্থ কি কোন বিবাহ নিবারণার্থপ্রভৃতির মনস্থে কএক জনকে কোন ঘরে দৌরাত্ম্য করিবার জন্যে প্রেরণ করা যায়। কিন্তু ডাকাইতী করণের কিম্বা কোন ব্যক্তির স্থানে কোন সম্পত্তি লুট করণের মনস্থে তাহারা তথায় গমন করে না। পরন্তু সেখানে পঁহুছিলে ঘরের মধ্যে যে নানা সম্পত্তি তাহারা পায় তাহা আক্রমণ করিয়া বলপূর্ব্বক লইয়া যায় এবং আপনারদের নিমিত্তে ব্যবহার করে। এইপ্রকার লুট কোন ব্যক্তির উপর হয় না কিন্তু সকল লোকের দৃষ্টিগোচরে হয় অতএব মুসলমানের শরাতে এইপ্রকার লুট কিরূপ বোধ হইতেছে। তাহা অপরাধের ন্যায় দণ্ডনীয় কি না এবং মুসলমানের শরার কোন্ ভাগে তাহা দণ্ডনীয় লেখা আছে এবং তাহার দণ্ড কি।

এই বিষয়ে আপনার মত ও শরার বচন লেখ।

২ জিজ্ঞাসা।

যদি সেই সম্পত্তি অপহরণ এবং তাহা আপনার নিমিত্তে ব্যবহার না হয় কিন্তু কেবল অপচয় ও বিনষ্ট হয় তবে এই বিষয়ে তোমার যে মত থাকে তাহা এবং শরার বচন লেখ।

১ জিজ্ঞাসার উত্তর।

এই অপরাধ অর্থাৎ প্রথম জিজ্ঞাসাতে নির্দ্দিষ্ট প্রকার লুট ঘসবনামক অপরাধের মধ্যে গণ্য আছে যেহেতুক

in its *literal* sense means the forcibly taking a thing from another, and in *Law* it signifies the taking of the property of another (provided it be capable of being valued and be sacred*) without the consent of the owner, in such a manner as to destroy the possession of the owner.

If the same is committed knowingly and wilfully, the act is held to be a criminal one, and the offender becomes responsible for a zuman or compensation, and if it is committed erroneously, the act is nevertheless liable for compensation, because a compensation is the right of man, and it cannot be dispensed with owing to the actor not having wilfully committed the act, but in this case the act will not be a criminal one, as it is only an erroneous offence.

In the above case the offenders will also be liable to punishment by *Tazeer* at the discretion of the Hakim.

*Answer to the 2nd Question.*

In this case also the offender will be responsible for compensation of the property destroyed and wasted and liable to punishment by Tazeer.

Quotes a well known Arabic example to the effect that "whoever shall destroy another's property must be liable for compensation."

2. With reference to the above exposition of Law, the Court direct that cases of the foregoing kind, not amounting to Dacoity as defined in Clause 1, Section 3, Regulation LIII. of 1803, be entered in part 1, Statement No. 2, "as riotous assault with forcible plundering or destruction of property, not amounting to Dacoity," and that the Heading be added under the letter R. to the list specified in Circular Order No. 14, dated 21st November, 1851.

3. The terms to be used in Oordoo and Bengalee are

ہنگامہ وتاخت مع غصباً لیجانے یا تاراج
کرنے مال کے جو ڈاکیتی نہو

হঙ্গামা করিয়া আক্রমন পূর্ব্বক বলেদ্রব্য লুট বা নষ্ট করণ কিন্তু আইন অনুসারে ডাকাইতি নয়।

4. In charging prisoners should there be doubt as to the exact offence whether Dacoity or the Riotous assault with plunder, the Court direct that they be charged on both counts as that on failure of conviction on the one offence it may be had on the other.

B. J. COLVIN, *Register.*

Fort William, the 9th March, 1852.

مسئلہ اول

اگر کسیکے پنچوں سے کوئی جماعت
کسیکے مکان پر بنظر فساد وہنگامہ مثلاً صاحب

*Note.*

* Sacred property are those which are regarded and respected as such under the Mahomedan Law. They are the property of Mussulman's of *Zimmees* viz. Foreigners, who have *permanently* settled themselves under the protection of the Mahomedan Ruler, and of *Moostamins* viz. Foreign Traders, &c. who have temporarily (for any period under one year) settled themselves under the protection of the Mahomedan Ruler.

ঘসবের প্রকৃত অর্থ এই যে কোন দ্রব্য অন্য ব্যক্তির স্থানে বলপূর্ব্বক লওন এবং শরার মধ্যে তাহার অর্থ এই যে অন্য ব্যক্তির যে সম্পত্তির মুল্য করা যাইতে পারে এবং যে সম্পত্তি ধার্ম্মিক হয় এমত সম্পত্তির স্বামির অনুমতি বিনা তাহা এইরূপে লওন যে তাহা আর স্বামির দখলে না থাকে।

যদি সেই কর্ম্ম জানিয়া শুনিয়া এবং খামখা করা যায় তবে সেই কর্ম্ম ফৌজদারী অপরাধের মধ্যে গণ্য হয় এবং অপরাধি ব্যক্তি জ়মান অর্থাৎ ক্ষতি পূরণের বিষয়ে দায়ী হয়। যদি সেই কর্ম্ম ভ্রান্তিপূর্ব্বক করা যায় তথাপি তাহা ক্ষতিপূরণের যোগ্য কর্ম্ম যেহেতুক ক্ষতিপূরণ মনুষ্যের স্বত্ব এবং যদ্যপিও ক্ষতিকারক জানিয়া শুনিয়া সেই কর্ম্ম করে নাই তথাপি ক্ষতিপূরণ রহিত হইতে পারে না। কিন্তু এই গতিকে ঐ কর্ম্ম ফৌজদারী অপরাধ হইবেক না যেহেতুক তাহা কেবল ভ্রান্তিপূর্ব্বক অপরাধ।

উক্ত গতিকে অপরাধী হাকিমের বিবেচনাক্রমে তাজিরের দণ্ডের যোগ্য হয়।

২ জিজ্ঞাসার উত্তর।

এই গতিকেও অপরাধি ব্যক্তি নষ্ট ও অপচয় হওয়া সম্পত্তির ক্ষতিপূরণের বিষয়ে দায়ী হয় এবং তাজিরের দণ্ডের যোগ্য হয়।

পরে মৌলবী এক মুজাত আরবী গ্রন্থহইতে এই বচন দেন যে "যে কেহ অন্যের সম্পত্তি নষ্ট করে সেই ব্যক্তি তাহার ক্ষতিপূরণের বিষয়ে দায়ী হয়।"

২। আইনের উক্ত ব্যাখ্যার উপলক্ষে সদর আদালত হুকুম করিতেছেন যে উক্তপ্রকার যে অপরাধ ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্ট ডাকাইতীর অপরাধ না হয় তাহা ২ নম্বরী কৈফিয়তের ১ ভাগে "এইরূপে লেখা যাইবেক যে হঙ্গামা করিয়া আক্রমণপূর্ব্বক বলে দ্রব্য লুট বা নষ্ট করণ কিন্তু আইনানুসারে ডাকাইতী নহে" এবং ঐ শিরনামা ১৮৫১ সালের ২১ নবেম্বর তারিখের ১৪ নম্বরী সরকুলর অর্ডরের লিখিত তালিকায় R চিহ্নিত অক্ষরের নীচে লিখিতে হইবেক।

৩। উর্দ্দু ও বাঙ্গলা ভাষাতে যে কথা দিতে হইবেক তাহা এই।

ہنگامہ وتاخت مع غصباً لیجانے یا تاراج
کرنے مال کے جو ڈاکیتی نہو

৪। অপরাধিরদের দোষ লিখনের সময়ে যদি তাহারদের প্রকৃত অপরাধের বিষয়ে এই সন্দেহ হয় যে তাহা ডাকাইতী কি 'হঙ্গামা করিয়া আক্রমণপূর্ব্বক লুট" তবে সদর আদালত হুকুম করিতেছেন যে তাহার নামে উভয় বিষয়ে নালিশ হইবেক এবং যদি এক বিষয়ে দোষীকৃত না হয় তবে অন্য বিষয়ে দোষীকৃত হইতে পারে।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ৯ মার্চ।

خانہ کو مارنے یا کسیکو بجبر پکڑلانے
یا کسی شادی کے باز رکھنے یا مثال
اسکے جاوین اور ہرچند کہ جاتے

নোট। যে সম্পত্তি মুসলমানের শরার অনুসারে ধার্ম্মিকের ন্যায় বোধ ও নিরূপণ হয় তাহাই ধার্ম্মিক সম্পত্তি। তাহা এই১ জিম্মির মুসলমানের সম্পত্তি অর্থাৎ যে বিদেশীয় ব্যক্তি চির কালের জন্যে মুসলমান হাকিমের আশ্রয়েতে বসতি করিতেছে এবং মুস্তামিনের সম্পত্তি অর্থাৎ যে বিদেশীয় বাণিজ্যকারক এক বৎসরের কম কোন মিয়াদে কোন মুসলমান হাকিমের আশ্রয়েতে বসতি করিতেছে তাহারা।

وقت ڈکیتی یا لوت کرنا مقصود نہو مگر
وہان جانیکے بعد وہ جماعت مکان مین جوجو
اسباب پاوین اوسکو بتعدی وہان
سے لے آوین اور اپنے مصرف مین لاوین
تو اسطرحکا لوت کہ جومتعلق بالذات کسی
شخص کے نہو وخفیۃً بھی نہو شرعاً
کیا حکم رکھتاہی آیا وہ شرعاً قابل
سزا ہی یا نہین اور اگر ہی تو کس قسم
کے جرم مین محسوب ہی اور شرعاً
کیا سزا واسطے اس جرم کے ہی حسب
شرع اس مسئل پرمع دلائل و براہین
کے فتوی لکھیئے

جواب

جرم مذکور محسوب ست بغصب زیراکہ غصب
درلغت گرفتن چیز نسبت از غیر بطریق
غلبہ ودر شریعت گرفتن مال متقوم کہ محترم*
ومعصوم باشد بغیراذن مالک باین وجہہ کہ قبضہ
مالک ازان زائل شود فی الہدایہ الغصب
فی اللغۃ اخذ الشئی من الغیر علی سبیل
التغلب وفی الشریعۃ اخذ مال متقوم محترم
بغیر اذن المالک علی وجہ یزیل یدہ و
حکم آن اگر بعلم و دانستگیست گناہست
وضمان واگر بخطاء وبغیر علم است ضمانست
فقط فی الہدایہ ثم انکان مع العلم فحکمہ
المأثم والمغرم وانکان بدونہ فالضمان لانہ حق
العبد فلا یتوقف علی قصدہ ولااثم لان الخطاء
موضوع ودر صورت مذکورہ بسبب ارتکاب
امر غیر جایز مرتکبین لایق تعزیراند مفوض
برای حاکم فی الہدایہ ویووب علی ارتکابہ
مالا یحل واللہ اعلم بالصواب فی التاریخ ۷
جنوری سنہ ۱۸۵۲ع

مہر قاضی

فضل الرحمن قاضی صدر کلکتہ

مسئلہ ثانے

صورت مسئلہ اول مین اگر جماعت
متعینہ اسباب کو گھر کے نہ لے آوین
اور اپنے مصرف مین نلاوین بلکہ وہین
ضایع وپایمال کرکے چلے آوین تواس صورت
پر بھی فتوی شرعی مع دلائل وبراہین
کے لکھیئے فقط

جواب

درینصورت نیز ضمان مال برمتلف
واجب است زیرا کہ اگرکسی مال غیر
رابلا اجازت عمداً یا خطاءً تلف نماید
شرعاً ضمان آن برمتلف واجب میشود ومن
اتلف مال الغیر بغیراذنہ فعلیہ الضمان ہکذا فی
جمیع کتب الفقہ ودرینصورت نیز نسبت
ارتکاب امر غیرجایز مرتکبین لایق تعزیراند
واللہ اعلم بالصواب

مہر قاضی

فضل الرحمن قاضی صدر کلکتہ

* مال محترم آنست کہ در شرع عزت وحرمت آن مال است چنانکہ مال مسلمانان
ومال ذمیان رعایا یعنی کسانیکہ عہد اطاعت با حاکم اسلام بستہ سکونت دائمی دار السلام
اختیار نمودہ اند ومال مستامنان یعنی کسانیکہ از دار حرب بطریق تجارت یا کدامی
حاجت دیگر در دار اسلام آمدہ کم از یکسال سکونت دار اسلام نمایند و ارادہ رفتن دار
الحرب دارند فضل الرحمن قاضی صدر کلکتہ

## CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 10.

*From the Junior Secretary to the Board of Revenue, to the Officers Subordinate to the Board in the Abkaree Department. Fort William, the 21st May,* 1852.

In continuation of the Circular Order No. 1073, dated the 7th July last, the Board of Revenue direct that, except when it may be thought proper to license a house of public entertainment, such as an hotel or punch house, a license for the retail of *imported* liquors, unless held by a licensed vendor of country rum or other country spirit (who of course has a drinking shop), shall not authorize the holder of it to sell such liquors to be drunk on the premises, or in less quantity than a bottle, quart or pint as the case may be, at a time.

2. An amended form of license for the retail vend of imported spirituous and fermented liquors and wines by persons who are not also vendors of country rum or other country spirit, is herewith sent for adoption on the expiry of existing engagements.

C. Beadon,
*Junior Secretary.*

Board of Revenue, Lower Provinces.

---

### MOFUSSIL LICENCE FOR THE RETAIL VEND OF IMPORTED SPIRITUOUS AND FERMENTED LIQUORS AND WINES, TO BE GRANTED TO PERSONS WHO ARE NOT ALSO VENDORS OF COUNTRY RUM OR OTHER COUNTRY SPIRITS.

No. ——

[*Signature and Official designation of the head Native Officer.*]

Name of Vendor ——
Place of Vend —— Mouzah ——
Pergunnah ——, Zillah ——
Dated this —— day of —— 185
A. D. corresponding with the —— day of —— 125——
Bengal [*or other local*] era.

---

To —— resident of Mouzah, ——
Pergunnah ——, Zillah ——

I —— [*name and official designation of the Officer in charge of the Abkarry Mehal*] do hereby authorize and license you to open a shop at (*situation of the shop*) in Mouzah —— Pergunnah —— Zillah —— for the sale of imported spirituous and fermented Liquors and Wines by retail from the date of this Licence, or from the —— day of —— 185—, to the 30th April 185—

It is required of you, as a condition of this Licence remaining in force, that you duly and faithfully perform and abide by the following articles:

*1st.* That you will pay to Government, in advance, a monthly fee of Four Rupees.

*2nd.* That you will confine the sale of the liquors and wines above-named to the shop for which this Licence is granted, and on no account carry it on in any other place, and that you will not allow any of the said liquors or wines to be drunk on the premises.

*3rd.* That you will not retail more than two Gallons, or less than one bottle of liquor to any person at one time.

*4th.* That all spirituous and fermented liquors and wines sold under this licence shall be brought from Calcutta or from other Districts under Pass, or purchased from a licensed wholesale dealer.

*5th.* That Country Spirits, Bengal Rum manufactured at European Distilleries, or any liquor or compound containing Bengal Rum or Country Spirits shall not be retailed under colour of this Licence.

*6th.* That you will not receive wearing apparel or goods in barter for liquor.

*7th.* That you will not open your shop before sun-rise or keep it open after —— o'clock P. M.

## সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

আবকারীর সিরিশতায় বোর্ডের সাহেবদিগের অধীন কর্ম্মকারকেরদের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২। ২১ মে।

গত বৎসরের ৭ জুলাই তারিখের ১০৭৩ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতেছেন যে যে গতিকে সাধারণ লোকেরদের ভেটেরাখানা অর্থাৎ খাওয়াদাওয়ার স্থানের যথা হোটেল অথবা পঞ্চ ঘরের পাট্টা দেওয়া উচিত বোধ হয় সেই গতিকব্যতিরেকে "আমদানী" হওয়া শরাবের খুজরা বিক্রয়ের পাট্টা যদি এদেশে প্রস্তুতহওয়া রম শরাব বা অন্য কোন শরাবের পাট্টাদার বিক্রেতাকে না দেওয়া যায় (সে ব্যক্তি সুতরাং মদ্যপানের ঘর রাখে) তবে ঐ পাট্টাদার ব্যক্তি আপন বাটীতে পান করিবার জন্যে শরাব বিক্রয় করিতে পারিবেক না অথবা একি সময়ে বিষয় বিশেষে এক কোআর্ট অথবা পাঁইট পরিমাণের বোতলের কম বিক্রয় করিতে পারিবেক না।

২। যে ব্যক্তিরা এদেশে প্রস্তুতহওয়া রম শরাব বা দেশীয় অন্য শরাব বিক্রেতা না হয় তাহারদের দ্বারা আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুজরা বিক্রয়ের জন্যে পাট্টার এক সংশোধিত পাঠ ইহার দ্বারা পাঠান যাইতেছে এবং তাহারদের সঙ্গে যে বন্দোবস্ত আছে তাহা সমাপ্ত হইলে সেই পাঠের ব্যবহার করিতে হইবেক।

সি বীডন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ। ছোট সেক্রেটারী।

যাহারা এদেশীয় রম শরাব অথবা এদেশীয় অন্য প্রকার শরাব বিক্রেতা না হয় তাহারদিগকে আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুজরা বিক্রয়ের জন্যে যে মফঃসলী পাট্টা দিতে হইবেক তাহার পাঠ।

| | |
|---|---|
| নং ———————— | বিক্রয়কারির নাম। ———————————————— |
| ———————— | দোকানের স্থান ———————— মৌজা ———————— |
| [এদেশীয় প্রধান আম- | পরগনা ———————— জিলা ———————— |
| লার দস্তখৎ ও পদের | তারিখ ইঙ্গরেজী সন ১৮৫ ———— মাস —— দিবস —— |
| নির্দর্শন।] | মোতাবেক বাঙ্গলা [অথবা এদেশীয় অন্য কোন সাল।] ১২৫ ——মাস —— দিবস —— |

অমুক ———————— জিলার অমুক ———————— পরগনার অমুক ———————— মৌজানিবাসী শ্রী অমুক প্রতি আগে।

আমি শ্রী অমুক ——[এই স্থানে অবকারী মহাল যে কর্ম্মকারকের জিম্মায় থাকে তাঁহার নাম ও পদের নির্দর্শন থাকিবেক] এই পাট্টার তারিখঅবধি অর্থাৎ ইন্ধক ১৮৫— সালের অমুক মাসের অমুক ——দিবস লাগাইদ ১৮৫—সালের আপ্রিল মাসের ৩০ তারিখ অমুক ————জিলার অমুক ———— পরগনার অমুক ———— মৌজার অমুক ———— স্থানে [এই খানে দোকানের স্থান লিখিতে হইবেক] আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাব খুজরা বিক্রয় করিবার কারণ দোকান করিতে তোমাকে ইহার দ্বারা অনুমতি ও পাট্টা দিতেছি।

এই পাট্টা বহাল থাকিবার জন্যে তোমার প্রতি হুকুম হইতেছে যে তুমি নীচের লিখিত নিয়মানুসারে অতি সাবধানে ও বিশ্বস্তরূপে কার্য্য কর।

১। তুমি আগাম রসুম প্রতিমাসে গবর্ণমেণ্টকে চারি টাকা দিবা।

২। যে দোকানের জন্যে এই পাট্টা দেওয়া গেল কেবল সেই দোকানে তুমি উপরের উক্ত শরাব ও ওয়াইন শরাব বিক্রয় করিবা এবং কোন প্রকারে তাহা অন্য কোন স্থানে বিক্রয় করিবা না এবং পূর্ব্বোক্ত কোন শরাব বা ওয়াইন শরাব বাটীর মধ্যে পান করিতে দিবা না।

৩। তুমি কোন এক ব্যক্তিকে কোন এক সময়ে দুই গালন শরাবের অধিক অথবা এক বোতল শরাবের কম খুজরা বিক্রয় করিবা না।

৪। যে সকল শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাব এই পাট্টানুসারে বিক্রয় হয় তাহা এক পরওয়ানাক্রমে কলিকাতাহইতে অথবা অন্য জিলাহইতে আনিতে হইবেক কিম্বা তাহা পাট্টাপ্রাপ্ত মোট বিক্রেতার স্থানে খরীদ করিতে হইবেক।

৫। এদেশীয় শরাব অথবা ইউরোপীর ভাটীতে প্রস্তুতহওয়া বাঙ্গলা দেশের রম শরাব কি যে কোন শরাবে অথবা মিশ্রিত বস্তুতে বাঙ্গলা দেশের রম শরাব বা এ দেশীয় কোন শরাব মিশ্রিত থাকে তাহা এই পাট্টার ছলে খুজরা বিক্রয় করা যাইবেক না।

৬। শরাবের মূল্যরূপে তুমি কোন পরিধেয় কাঁপড় কিম্বা জিনিস লইবা না।

৭। তোমার দোকান তুমি সূর্য্যোদয়ের পূর্ব্বে খুলিবা না অথবা রাত্রিতে [এত] ঘণ্টার পর দোকান খোলা রাখিবা না।

8th. That you will have constantly fixed up, on or near the outer door of your shop, a sign or board bearing the following inscription both in English and the current language of the country:

(*Name of vendor*) ————————————

"Licensed to sell Imported Spirituous and fermented Liquors and Wines by retail."

9th. That you will instantly produce for inspection, on demand of the [*officer in charge of the Abkarry Mehal*] or any Abkarry Officer above the rank of Jemadar, your Account Book of Sales, or Daily Ledger, and will not prevent the above-mentioned Officers, or Abkarry Officers of whatever grade, from entering your shop at any hour of the day or night.

10th. That in the event of your being also a wholesale vendor of spirituous and fermented liquors and wines, you will keep the accounts of each separate, and suspend a separate sign-board for each.

On the infringement of any of the above conditions you will be subjected to the penalties prescribed in Section XXI. Regulation X. 1813, and Clause 2, Section X. Regulation VII. 1824, as well as to the forfeiture of this Licence, and of any other Licence or Licences you may hold.

All Officers of Government are prohibited from imposing on or exacting from you on account of the above Shop any tax or cess beyond the fee specified in the 1st condition, and from molesting or interrupting you in following your trade so long as you conform to the above Rules and to the Regulations in force.

(Signed) ———— [*Signature and Official designation of the Officer in charge of the Abkarry Mehal.*]

MOFUSSIL CUBOOLEUT FOR THE RETAIL VEND OF IMPORTED SPIRITUOUS AND FERMENTED LIQUORS AND WINES, TO BE EXECUTED BY PERSONS WHO ARE NOT ALSO VENDORS OF COUNTRY RUM OR OTHER COUNTRY SPIRITS.

---

No. ————

————

[*Signature and Official designation of the head Native Officer.*]

Name of Vendor ————————————

Place of Vend ———— Mouzah ————————

Pergunnah ————————, Zillah ————————

Dated this ———— day of ———— 185 ————

A. D. corresponding with the ———— day of ———— 125 ———

Bengal [*or other local*] era.

---

To ———————— [*name and official designation of the Officer in charge of the Abkarry Mehal*] of Zillah ————————

I ———————— resident of Mouzah ————————

Pergunnah ————————, Zillah ————————, having been authorised and licensed to open a shop at [*situation of the Shop*] in Mouzah—— Pergunnah ————————, Zillah ————————, for the sale of Imported spirituous and fermented Liquors and Wines by retail, from the date of the Licence granted to me, or from the ———— day of ———— 185—, to the 30th day of April 185—, do hereby covenant and agree, as a condition of the said Licence remaining in force, that I will duly and faithfully perform and abide by the following Articles:

1st. That I will pay to Government, in advance, a monthly fee of Four Rupees.

2nd. That I will confine the sale of the liquors and wines above-named to the shop for which this Licence is granted, and on no account carry it on in any other place, and that I will not allow any of the said liquors or wines to be drunk on the premises.

3rd. That I will not retail more than two Gallons, or less than one bottle of liquor to any person at one time.

৮। তোমার দোকানের সদর দরওয়াজার উপর বা নিকটে ইঙ্গরেজী ভাষার ও দেশের চলন ভাষায় এই কথার এক নিশানী কিম্বা চিহ্ন দিয়া নিত্য রাখিবা।

শ্রী—————(বিক্রয়কারির নাম)

হুকুমমতে আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুচরা বিক্রয়কারী।

৯। আবকারী মহাল যাঁহার জিম্মায় থাকে তিনি অথবা জমাদারের উপর অন্য শ্রেণীর কোন আবকারী আমলা চাহিবামাত্র তুমি তোমার বিক্রয়ের হিসাবের বহী অর্থাৎ রোজনামচা তাঁহার দেখিবার জন্যে আনাইবা এবং পূর্ব্বোক্ত আমলা কি আবকারীর কোন শ্রেণীর আমলাকে দিনে কিম্বা রাত্রিতে তোমার দোকানে প্রবেশ করিতে নিবারণ করিবা না।

১০। যদি তুমি শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের মোট বিক্রয়কারী হও তবে ঐ দুই প্রকার শরাবের আলাহিদা হিসাব রাখিবা এবং প্রত্যেকের জন্যে এক আলাহিদা নিশানী কি এক চিহ্ন লটকাইয়া রাখিবা।

এই সকল নিয়মের কোন নিয়মের ব্যতিক্রমে কার্য্য করিলে ১৮১৩ সালের ১০ আইনের ২১ ধারা এবং ১৮২৪ সালের ৭ আইনের ১০ ধারার ২ প্রকরণে যে দণ্ড নির্দ্ধারিত আছে তুমি তাহার যোগ্য হইবা এবং এই পাট্টা এবং তোমার অন্য যে কোন পাট্টা বা পাট্টাসকল আছে তাহা রদ হইবেক।

সরকারের সমস্ত কর্ম্মকারকের প্রতি এই নিবন্ধ আছে যে প্রথম নিয়মে যে রসুম নির্দ্দিষ্ট আছে তদপেক্ষা মাসুল কি অন্য কোন আবওয়াব উক্ত দোকানের জন্যে তোমার উপর না বসান অথবা তোমার স্থানে না লন এবং তুমি যাবৎ উক্ত বিধি এবং চলিত আইনের মতাচরণ কর তাবৎ তোমাকে উত্যক্ত বা কার্য্যের কিছু প্রতিবন্ধকতা না করেন।

[আবকারী মহাল যে কর্ম্মকারকের জিম্মায় থাকে তাঁহার নাম ও পদবী।]

---

যাহারা এদেশীয় রম শরাব অথবা এদেশীয় অন্য প্রকার শরাব বিক্রেতা না হয় তাহারদিগের আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুচরা বিক্রয়ের জন্যে যে মফঃসলী কবুলিয়ৎ দিতে হইবেক তাহার পাঠ।

নম্বর ——————

[এদেশীয় প্রধান আমলার দস্তখৎ ও পদের নিদর্শন।]

বিক্রয়কারির নাম। ——————

দোকানের নাম। —————— মৌজা ——————

পরগনা —————— জিলা ——————

তারিখ ইঙ্গরেজী সন ১৮৫— —————— মাস —————— দিবস।

মোতাবেক বাঙ্গলা [অথবা এদেশীয় অন্য কোন সাল।] ১২৫ —————— মাস —————— দিবস।

---

অমুক জিলার শ্রীঅমুক —————— [এই স্থানে অবকারী মহাল যে কর্ম্মকারকের জিম্মায় থাকে তাঁহার নাম ও পদের নিদর্শন থাকিবেক] ——————

—————— প্রতি আগে। ——————

আমি অমুক —————— জিলার অমুক —————— পরগনার অমুক —————— মৌজানিবাসী শ্রীঅমুক ——————এই পাট্টা পাইবার তারিখঅবধি অথবা ইমুক ১৮৫ —— অমুক মাসের অমুক দিবস লাগাইদ ১৮৫ —————— সালের আপ্রিল মাসের ৩০ তারিখ অমুক —————— জিলার অমুক—————— —————— পরগনার অমুক —— মৌজার অমুক —————— স্থানে [এইখানে দোকানের স্থান লিখিতে হইবেক] আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাব খুচরা বিক্রয় করিবার জন্যে দোকান করিতে অনুমতি ও পাট্টা পাইয়াছি এবং এই পাট্টা বহাল থাকিবার নিমিত্তে আমি ইহার দ্বারা অঙ্গীকার ও স্বীকার করিতেছি যে আমি নীচের লিখিত নিয়মমতে প্রকৃতপ্রস্তাবে এবং বিশ্বস্তরূপে কার্য্য করিব।

১। আমি আগাম রসুম প্রতি মাসে গবর্ণমেণ্টকে চারি টাকা দিব। *

২। যে দোকানের জন্যে এই পাট্টা দেওয়া গেল কেবল সেই দোকানে আমি উপরের উক্ত শরাব ও ওয়াইন শরাব বিক্রয় করিব এবং কোন প্রকারে তাহা অন্য কোন স্থানে বিক্রয় করিব না এবং পূর্ব্বোক্ত কোন শরাব বা ওয়াইন শরাব বাটীর মধ্যে পান করিতে দিব না।

৩। আমি কোন এক ব্যক্তিকে কোন এক সময়ে দুই গালন শরাবের অধিক অথবা এক বোতল শরাবের কম খুচরা বিক্রয় করিব না।

* [*Government Gazette, 6th July, 1852.*]

*4th.* That all spirituous and fermented liquors and wines sold under this licence shall be brought from Calcutta or from other Districts under Pass, or purchased from a licensed wholesale dealer.

*5th.* That Country Spirits, Bengal Rum manufactured at European Distilleries, or any liquor or compound containing Bengal Rum or Country Spirits shall not be retailed under colour of this licence.

*6th.* That I will not receive wearing apparel or goods in barter for liquor.

*7th.* That I will not open my shop before sun-rise or keep it open after —— o'clock P. M.

*8th.* That I will have constantly fixed up, on or near the outer door of my shop, a sign or board, bearing the following inscription both in English and the current language of the country :

[*Name of vendor*] ————————————————

"Licensed to sell Imported Spirituous and fermented Liquors and Wines by retail."

*9th.* That I will instantly produce for inspection, on demand of the [*Officer in charge of the Abkarry Mehal*] or any Abkarry Officer above the rank of Jemadar, my Account Book of Sales or Daily Ledger, and that I will not prevent the above-mentioned Officers or Abkarry Officers of whatever grade from entering my shop at any hour of the day or night.

*10th.* That in the event of my being also a wholesale vendor of spirituous and fermented liquors and wines, I will keep the accounts of each separate, and suspend a separate sign-board for each.

On the infringement of any of the above conditions I shall be subject to the penalties prescribed in Section XXI., Regulation X. 1813, and Clause 2, Section X. Regulation VII, 1824, as well as to the forfeiture of this Licence and of any other Licence or Licences I may hold.

All Officers of Government are prohibited from imposing on or exacting from me, on account of the above Shop, any tax or cess beyond the fee specified in the 1st condition, and from molesting or interrupting me in following my trade so long as I conform to the above Rules and to the Regulations in force.

(Signed) ————————[*Signature of the Vendor.*]

---

## CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 11.

*To the Civil Authorities in the Lower and Extra Regulation Provinces.*

In continuation of Circular Order No. 17, dated the 2d August, 1851, the Court of Sudder Dewanny Adawlut, for the Lower Provinces, communicate the following instructions on the subject of the duties of Ameens.

2. The Circular Order of the 2d August last only declares what Ameens, judicially employed, are, in that capacity empowered to do under Section 17, Regulation IV. of 1793; and this duty will of course, continue to be performed by the local Ameens appointed according to Circular Order No. 197, dated Lower Provinces 13th January,

## সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

১৮৫১ সালের ২ আগষ্ট তারিখের ১৭ নম্বরী সরকুলর অর্ডরের অনুক্রমে বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর দেওয়ানী আদালত আমীনেরদের কার্য্যের বিষয়ে পশ্চাৎ লিখিত হুকুম করিতেছেন।

২। গত বৎসরের ২ আগষ্ট তারিখের সরকুলর অর্ডরে কেবল এই বিষয় লেখা আছে যে আমীনেরা বিচারকার্য্যে নিযুক্ত হইলে ১৭৯৩ সালের ৪ আইনের ১৭ ধারাক্রমে তাঁহারদের সেই পদানুসারে কিং কর্ম্ম করণের ক্ষমতা আছে। এবং যে আমীন বাঙ্গলাপ্রভৃতি দেশের ১৮৩৭ সালের ১৩ জানুআরি তারিখের এবং উত্তর পশ্চিম দেশের ১০ ফেব্রুআরি তারিখের ১৯৭

৪। যে সকল শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাব এই পাট্টাঅনুসারে বিক্রয় হয় তাহা এক পরওয়ানাক্রমে কলিকাতাহইতে অথবা অন্য জিলাহইতে আনা যাইবেক কিম্বা তাহা পাট্টাপ্রাপ্ত মোট বিক্রেতার স্থানে খরীদ করা যাইবেক।

৫। এদেশীয় শরাব অথবা ইউরোপীয় ভাটীতে প্রস্তুতহওয়া বাঙ্গলা দেশের রম শরাব কি যে কোন শরাবে অথবা মিশ্রিত বস্তুতে বাঙ্গলা দেশের রম শরাব বা এদেশীয় কোন শরাব মিশ্রিত থাকে তাহা এই পাট্টার ছলে খুচরা বিক্রয় করা যাইবেক না।

৬। শরাবের মুল্যরূপে আমি কোন পরিধেয় কাপড় কিম্বা জিনিস লইব না।

৭। আমার দোকান আমি সূর্য্যোদয়ের পূর্ব্বে খুলিব না অথবা রাত্রিতে [এক] ঘণ্টার পর দোকান খোলা রাখিব না।

৮। আমার দোকানের সদর দরওয়াজার উপর বা নিকটে ইঙ্গরেজী ভাষায় ও দেশের চলন ভাষায় এই কথার এক নিশানী কিম্বা চিহ্ন দিয়া নিত্য রাখিব।

শ্রী - --- (বিক্রয়কারির নাম)

হুকুমমতে আমদানীহওয়া শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুচরা বিক্রয়-কারী।

৯। আবকারী মহাল যাঁহার জিম্মায় থাকে তিনি অথবা জমাদারের উপর অন্য শ্রেণীর কোন আবকারী আমলা চাহিবামাত্র আমি আমার বিক্রয়ের হিসাবের বহী অর্থাৎ রোজনামচা তাঁহার দেখিবার জন্যে আনাইব এবং পূর্ব্বোক্ত আমলা কি আবকারীর কোন শ্রেণীর আমলাকে দিনে কিম্বা রাত্রিতে আমার দোকানে প্রবেশ করিতে নিবারণ করিব না।

১০। যদি আমি শরাব ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের মোট বিক্রয়কারী হই তবে ঐ দুই প্রকার শরাবের আলাহিদা হিসাব রাখিব এবং প্রত্যেকের জন্যে এক আলাহিদা নিশানী কি এক চিহ্ন লটকাইয়া রাখিব।

এই সকল নিয়মের কোন নিয়মের ব্যতিক্রমে কার্য্য করিলে আমার এই পাট্টা এবং অন্য যে কোন পাট্টা বা পাট্টাসকল আছে তাহা রদ হইবেক। আরো আমি ১৮১৩ সালের ১০ আইনের ২১ ধারা ও ১৮২৪ সালের ৭ আইনের ১০ ধারার ২ প্রকরণে যে দণ্ড নির্দ্ধারিত আছে তাহা ভোগ করিব।

সরকারের সমস্ত কর্ম্মকারকের প্রতি এই নিষেধ আছে যে প্রথম নিয়মের নির্দ্দিষ্ট রসুমের অতিরিক্ত উক্ত দোকানের জন্যে অন্য কোন মাসুল বা আবওয়াব না বসান ও না লন এবং আমি যাবৎ আইনের মতাচরণ করি এবং এই পাট্টার উক্ত নিয়ম প্রতিপালন করি তাবৎ আমাকে উত্যক্ত বা আমার কার্য্যের কিছু প্রতিবন্ধকতা না করেন।

শ্রী অমুক।

[বিক্রয়কারির দস্তখৎ।]

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

and Western Provinces 10th February, 1837. The duty has been ruled* not to be of the nature of a Commission to take evidence but to be one of personal examination of localities, and of report there-

নম্বরী সরকুলর অর্ডরঅনুসারে নিযুক্ত হন তাঁহারা সুতরাং সেই কর্ম্ম করিতে থাকিবেন। ঐ কার্য্যের বিষয়ে এই বিধান* হইয়াছে যে তাহা সাক্ষ্য লইবার কমিসানস্বরূপ নহে কিন্তু আদালত স্পষ্ট ও নির্বিঘ্নরূপে

* No. 297 of 1849.

Kaleechunder Lahoree *versus* Baboo Prosunnokoomar Tagore, decided 28th August, 1851.

No. 323 of 1851.

Himmut Khan *vs.* A. T. Martyrose and another, decided 1st December, 1851.

No. 379 of 1851.

Jugunnath Ghose and others *vs.* Narain Bhoiya, decided 1st December, 1851.

No. 377 of 1850.

Rubee Dass Shah and others *vs.* Kishen Gobind Dass Chowdree and others, decided 11th December, 1851.

* ১৮৪৯ সাল ২৯৭ নম্বর।

কালীচন্দ্র লাহিড়ী দরখাস্তকারী। প্রসন্নকুমার ঠাকুর আসামী। ১৮৫১ সালের ২৮ আগষ্ট তারিখে নিষ্পত্তি হয়।

১৮৫১ সাল ৩২৩ নম্বর।

হিম্মৎ খাঁ দরখাস্তকারী। এ টি মার্টিরুস এবং অন্য ব্যক্তি আসামী। ১৮৫১ সালের ১ ডিসেম্বর তারিখে নিষ্পত্তি হয়।

১৮৫১ সাল ৩৭৯ নম্বর।

জগন্নাথ ঘোষ এবং অন্যেরা দরখাস্তকারী। নারায়ণ ভূঞা আসামী। ১৮৫১ সালের ১ ডিসেম্বর তারিখে নিষ্পত্তি হয়।

১৮৫০ সাল ৩৭৭ নম্বর।

রবী দাস শাহ ও অন্যেরা দরখাস্তকারী। কৃষ্ণগোবিন্দ দাস চৌধুরী ও অন্যেরা আসামী। ১৮৫১ সালের ১১ ডিসেম্বর তারিখে নিষ্পত্তি হয়।

on, so as to enable the Courts to come to a clear and safe decision.

3. With a view to the efficient performance of the above duty, the Courts direct the Lower Courts to confine employment, under Section 17, Regulation IV. of 1793, and Section 18, Regulation III. of 1803, as far as may be practicable, to Ameens able to survey with the Magnetic compass and to prepare from such survey Maps of lands or boundaries, and in the future appointment of Ameens to prefer candidates so qualified. The several Judges may communicate with the Register of this Court as to the means of obtaining the services of such parties.

4. The Courts correct an error in Paragraph 5 of Circular Order No. 27, dated 17th September 1847, which directs that occasional Ameens, under Section 17, Regulation IV. of 1793, and Section 18, Regulation III. of 1803, are "to attest on "solemn declaration the truth of the reports *deli-"vered in by them.*" This is contrary to the Law (Sections 17 and 18 aforesaid,) which enacts that the Ameen "is to be sworn *to make* a true and "faithful report to the Court of the several matters "which they *may be* directed to investigate." As these words clearly imply, that the oath or solemn declaration is to precede, and not to follow, the investigation, the Courts rescind Paragraph 5 of the Circular Order in question, and substitute the following:

Persons deputed as occasional Ameens, not being sworn Ministerial Officers, are to be sworn "before entering on the duties of their Office," to make a true and faithful report to the Court, as enjoined by Section 17, Regulation IV. 1793, and Section 18, Regulation III. 1803.

5. Local Ameens having been recognized as "Ministerial Officers of the Court" by Construction 1271, cited in Circular Order No. 27, dated 17th September, 1847, are also legally capable of performing the merely Executive duties, described in Clauses 2, 3, and 4, of the 2d Paragraph of Circular Order No. 177, dated 31st December, 1841.

6. The duties, set forth in the first clause of that Paragraph, are, on the other hand, of a judicial kind, involving the taking of evidence, and the report of a judicial opinion, and are such as can, under the Law, be performed only by a Moonsiff under Section 50, Regulation XXIII. of 1814. Moonsiffs should be deputed on them; only, however, *when absolutely necessary,* so as to interfere as little as possible with the discharge of the duties of their own Courts.

(Signed) B. J. Colvin, *Register.*

Fort William, 5th May, 1852.

মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন এই জন্যে সরেজমীনে স্বয়ং তহকীক করণ এবং সেই বিষয়ের রিপোর্ট করণ।

৩। উক্ত কার্য্য কর্ম্মণ্যরূপে নির্ব্বাহ করণের অভিপ্রায়ে উভয় সদর আদালত তাঁহারদের অধীন আদালতকে এই হুকুম দিতেছেন যে যে আমীনেরা মাগনেটিক-নামক কোম্পাসের দ্বারা জরিপের কর্ম্ম করিতে পারেন এবং ঐ জরিপঅনুসারে ভূমি অথবা সীমানার নকশা করিতে পারেন কেবল তাঁহারদিগকে সাধ্যপর্য্যন্ত ১৭৯৩ সালের ৪ আইনের ১৭ ধারা এবং ১৮০৩ সালের ৩ আইনের ১৮ ধারাক্রমে নিযুক্ত করেন এবং আমীনের কর্ম্মাকাঙ্ক্ষিরদের মধ্যে যাঁহারদের এইপ্রকার যোগ্যতা থাকে উত্তর কালে তাঁহারদিগকেই নিযুক্ত করেন। নানা জজ সাহেবেরা এই আদালতের রেজিষ্টর সাহেবের সঙ্গে সেই প্রকার ব্যক্তিরদিগকে পাইবার উপায়ের বিষয়ের লিখনপঠন করিতে পারেন।

৪। ১৮৪৭ সালের ১৭ ডিসেম্বর তারিখের ২৭ নম্বরী সরক্যুলর অর্ডরের ৫ দফার যে ভ্রান্তি আছে তাহা উভয় সদর আদালত এক্ষণে সংশোধন করিতেছেন। তাহাতে হুকুম আছে যে ১৭৯৩ সালের ৪ আইনের ১৭ ধারা এবং ১৮০৩ সালের ৩ আইনের ১৮ ধারাক্রমে যে ঠিকা আমীন নিযুক্ত হন তাঁহারা "যে২ রিপোর্ট দাখিল করেন তাহার সত্যতার বিষয় প্রতিজ্ঞাপূর্ব্বক জ্ঞাত করেন।" কিন্তু ইহা উক্ত ১৭ এবং ১৮ ধারার বিপরীত তাহাতে হুকুম আছে যে "আমীনকে এইমত স্বীকৃতি করাইবেন যে আমি আদালতহইতে যে বিষয় তহকীক করিবার কারণ নিযুক্ত হইলাম ইহার বেওরা কৈফিয়ৎ প্রকৃতপ্রস্তাবে যথার্থক্রমে লিখিয়া দিব।" এই কথার স্পষ্টতঃ এই অর্থ হয় যে ঐ শপথ কি প্রতিজ্ঞা তহকীক করণের পূর্ব্বে করিতে হইবেক এবং তাহার পরে নহে অতএব উভয় সদর আদালত ঐ সরক্যুলর অর্ডরের ৫ দফা রদ করিতেছেন এবং তাহার পরিবর্ত্তে এই বিধান করিতেছেন।

যে ব্যক্তিরা শপথকরা আমলা না হইয়া ঠিকা আমীনস্বরূপ নিযুক্ত হন "তাঁহারা আপন২ পদের কার্য্য আরম্ভ করণের পূর্ব্বে" ১৭৯৩ সালের ৪ আইনের ১৭ ধারা এবং ১৮০৩ সালের ৩ আইনের ১৮ ধারার নির্দ্দিষ্টমতে প্রকৃতপ্রস্তাবে যথার্থক্রমে আদালতে রিপোর্ট করণের বিষয়ে শপথ করিবেন।

৫। ১৮৪৭ সালের ১৭ সেপ্টেম্বর তারিখের ২৭ নম্বরী সরক্যুলর অর্ডরে যে ১২৭১ নম্বরী আইনের অর্থ উল্লিখিত আছে সেই আইনের অর্থক্রমের আমীনেরা "আদালতের আমলাস্বরূপ" বোধ হইয়াছেন এইপ্রযুক্ত তাঁহারা ১৮৪১ সালের ৩১ ডিসেম্বর তারিখের ১৭৭ নম্বরী সরক্যুলর অর্ডরের ২ দফার ২। ৩ ও ৪ প্রকরণে যে কার্য্যসম্বন্ধীয় বিষয় নির্দ্দিষ্ট আছে তাহা আইনানুসারে করিতে পারেন।

৬। পক্ষান্তরে ঐ দফার ১ প্রকরণে যে২ কার্য্য নির্দ্দিষ্ট আছে তাহা বিচারসম্বন্ধীয় বিষয় অর্থাৎ সাক্ষ্য লওন এবং বিচারপূর্ব্বক আপনার মতের রিপোর্ট করণ অতএব আইনানুসারে তাহা কেবল মুনসেফের দ্বারা ১৮১৪ সালের ২৩ আইনের ৫০ ধারাক্রমে করা যাইতে পারে এবং মুনসেফদিগকে সেই কার্য্যে নিযুক্ত করিতে হয়। কিন্তু মুনসেফেরদের নিজ আদালতের কার্য্য নির্ব্বাহ করণেতে সাধ্যপর্য্যন্ত যত অল্প ব্যাঘাত হইতে পারে ইহাতে দৃষ্টি রাখিয়া কেবল যখন নহিলে নয় তখন মাত্র মুনসেফদিগকে সেই কর্ম্মে প্রেরণ করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫২। ৫ মে।

John C. Marshman, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৬ জুলাই।]

## রাজকর্ম্মে নিয়োগ।

১৩২১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ১৮ জুন।

কলিকাতার হাসিলের কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr. W. Bracken,) আগামি মাসের ২ তারিখঅবধি অথবা যে দিবসে "ওরিয়েন্টেল" নামক বাষ্পীয় জাহাজ কলিকাতাহইতে প্রস্থান করে সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্বতন্ত্র বিধির ৬ ধারানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন

১৮৫২ সাল ২১ জুন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এফ জে হালিডে সাহেব (Mr. F. J. Halliday,) নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমন করিবার অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২২ জুন।

শ্রীযুত জি এচ এম রিকেট্‌স সাহেব (Mr. G. H. M. Ricketts.) বর্ত্তমান মাসের ১৩ তারিখে নদীয়াতে শান্তিপুর এলাকাখণ্ডের ভার গ্রহণ করেন।

বীরভূমের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন। অতএব গত মাসের ২৯ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫০৩ নম্বর।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।

১৮৫২ সাল ২৫ জুন।

দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেব (Mr. F. J. Halliday,) আগামি মাসের ১ তারিখঅবধি তাঁহার নিয়মিত ছুটী লইয়া ইউরোপে না গমনের তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,)অন্য হুকুম না হওনপর্য্যন্ত দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এ আর ইয়ং।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

---

১৩৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২১ জুন।

শ্রীযুত মুনশী আবদুল রৌফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত বালেশ্বরের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত মিত্র ঐ স্থানে আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৭ জুন।

ফরীদপুরে মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সায়দ জাইনুদ্দীন হুসেন খাঁর কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৩ জুন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু চন্দ্রশেখর রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২৫ জুন।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ সি ফৌল সাহেব (Mr. F. C. Fowle,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে নোয়াদা এলাকাখণ্ডের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেবের (Mr. A. G. Wilson.) স্থানে গ্রহণ করেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ বর্ত্তমান মাসের ১২ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলস্থ মানভূম কর্ম্মস্থানে পঁহুছেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল অলির স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৩৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৪ জুন।

১৮৪৩ সালের ১৫ আইনঅনুসারে শাসিরামের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে টি ওর্সলি সাহেব (Mr. J. T. Worseley,) শাহাবাদে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২৯ জুন।

শ্রীযুত সি বীডন সাহেব (Mr. C. Beadon,) আগামি মাসের ১ তারিখঅবধি অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৪ জুন।

রাজশাহীর কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) আপনার কর্ম্মের ভার ঐ জিলার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত জে সি ডজসন সাহেবের (Mr. J. C. Dodgson.) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডজসন সাহেব কালেক্টরী কর্ম্মও করিবেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) ছুটী বিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বারাণসীর এজেন্টীতে প্রথম আসিষ্টাণ্ট ও আফিসের পরীক্ষক শ্রীযুত ডাক্তর ডবলিউ সি বি ইটওএল সাহেব (Dr. W. C. B. Eatwell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ডাক্তর আর জে আটকিনসন সাহেব(Dr. R. J. Atkinson,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.
OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।
আফিম।

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ১২ জুলাই সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫০। ৫১ সালের পয়দায়শী আফিমের সপ্তম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

| | | | |
|---|---|---|---|
| বেহারের পয়দায়শী আফিম | ... | ... | ১৯২০ |
| বানারসের পয়দায়শী আফিম | ... | ... | ৮৮০ |
| জুমলা সিন্দুক | | | ২৮০০ |

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫১ সালের ৫ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানার দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫২ সালের ১৭ এবং ২৭ জুলাই এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারাণ যে সকল প্রমিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতি ট্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫২ সালের ১৭ জুলাই শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫২ সালের ২৭ জুলাই মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫০। ৫১ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

| | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|
| সন ১৮৫২ সালের ১০ আগষ্ট মঙ্গলবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ ১০ সেপ্টেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ ১১ অক্টোবর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ ১০ নবেম্বর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ ১০ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৮৯২ | ৮৬৯ | ২৭৬১ |
| | ৯৫৭২ | ৪৩৮৯ | ১৩৯৬১ |

হিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৫২ সাল তারিখ ২২ জুন।

সি বীডন। ছোট সেক্রেটারী।

# LAND ADVERTISEMENTS.

# ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলির নীচের লিখিত মহালাত সন ১৮৫২ সালের মার্চ মাসের ২৯ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত সন ১৮৫২ সালের ২২ জুলাই মোতাবক সন ১২৫৯ সালের ৮ শ্রাবণ বৃহস্পতিবার তারিখে কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ২১ জুন।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জেলার তৌজীর মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | সন ১৮৫২ সালের ২৯ মার্চ তারিখের পাওনা বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তম্রারি জমা ধার্য্য হওয়া মহাল | ২৪৩৭ | শ্রীরামপুরের শামিল বাড় নদান পং বরদা | বিপ্রদাস মিস্ত্রী শ্রীনাথ মিস্ত্রী | ১৲ | ১৲ | এই মহালের প্রথম নীলাম খরিদার বায়না দাখিল করিয়া বাকী সমন দাখিল না করায় সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে ছানি নীলাম হইবেক ইতি। |
| ঐ | ঐ | ২৫১১ | কুলাট পং ভুরশিট্ট | তারাচাঁদ পাল | ১॥০ | ১॥০ | ঐ |
| ঐ | ঐ | ২৭৩০ | মণ্ডলঘাট পরগনার নারিট শামিল তাজপুর ও বানি কোনা পং মণ্ডলঘাট | রামনারায়ণ হাজরা | ২৸৶৬ | ২৸৶৬ | ঐ |

H. V. BAYLEY, *Offg. Collector.*

## জিলা রাজশাহী।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা রাজশাহির নীচের লিখিত মহাল ইঙ্গরেজী ১৮৫২ সালের জুন মাসের ২৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্তে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৬ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৫৯ সালের ১২ শ্রাবণ সোমবার দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইঙ্গরেজী তারিখ ১ জুলাই মোতাবেক ১২৫৯ বাঙ্গলা তাং ১৯ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | ১৮৫২ সালের ২৮ জুনপর্য্যন্ত দাখিল না হওয়া লাগাএদ কিস্তী জৈষ্ঠের পাওনা বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এজমুরারি জমা ধার্য্য হওয়া মহাল | ২১ | জোত গোসাঞী দাস পরগনে লস্করপুর | কিনু মণ্ডল ... ... ... | ৫৩৪ ।৶৪ | হাল খাজানা ৭৬৸১০<br>বকেয়া খাজানা ৩৪/৪<br>———<br>১১০৸৶২ | |
| ঐ | ঐ | ৪১০ | কীসমত চৌধুরাই ডাঙ্গাপাড়া পরগনে ছিণ্ডা বাজু | চন্দ্রনারায়ণ চৌধুরী দেবনারায়ণ চৌধুরী কালীচরণ চৌধুরী শ্রীনাথ চৌধুরী গোবিন্দশঙ্কর চৌধুরী বীরেশ্বর রায় চৌধুরী আনন্দচন্দ্র সরকার উজ্জলমণি চৌধুরাণী ওওজে মৃত রাজনারায়ণ চৌধুরী এজমালী নামজারি রামকুমার সরকার | ১১২১ ।/৩ | হাল খাজানা ৫৮॥/১০<br>বকেয়া খাজানা ২৩৸০<br>———<br>৮২ ।/১০ | |

W. Bell, *Collector.*

## জিলা বীরভূম।

এক্তালানামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম এই যে

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে অত্র কালেক্টরি সংক্রান্ত নিম্নের লিখিত মহালাত সন ১৮৫২ সাল তারিখ ২৬ জুলাই মোতাবক সন ১২৫৯ সাল তাং ১২ শ্রাবণ রোজ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র কাছারীর প্রকাশ স্থানে রীত্যনুসারে নীলাম বিক্রী হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময় এই কাছারীতে হাজির হইয়া খরিদ করহ আর যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ৩০ জুন মোতাবক সন ১২৫৯ সাল তারিখ ১৮ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | নম্বর রেজিষ্টরী | নাম মহাল | নাম মালিকান | সদর জমা | বাকী লাগাদী জৈষ্ঠী সন ১২৫৯ সাল | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | দাএমী | ৫০২ নং | দোলাবড় তপ্পে মহাম্মদাবাদ | রাজা দাওর জমা খাঁ ও সারেবা বিবি ... ... ... ... | ১৭৮ ।/৯ | ১০১৵৫ | মুছলম মহাল |
| ১ | ঐ | ৬০১ নং | শাজিনা পরগনে আলিনগর | রোহিনীকুমার রায় ও কালীপ্রসাদ রায় ও বেণিমাধব রায় ও হরিমণি দেব্যা ও পরেশনাথ মুখুয্যা ও রত্নেনাথ মুখুয্যা ও গৌরীনাথ মুখুয্যা ও রুক্মিণী দেব্যা ও ব্যামমণি দেব্যা ও অম্বিকা দেব্যা ও গয়ামণি দেব্যা ও কার্ত্তিক রায় ও ভগবান ভট্টাচার্য্য ও কৈলাশনাথ চাটুয্যা ও বৃন্দাবন মুখুয্যা ও পূর্ণানন্দ মুখুয্যা ও সুধাকৃষ্ণ সিংহ ও শ্রীকৃষ্ণ সিংহ ও ত্রৈলোক্যনাথ দে ও রামচন্দ্র পাল ও মাধবচরণ ঘোষ ও শ্রীকণ্ঠ ভট্টাচার্য্য... ... | ১২৮ ।/৪ | ১১৭।৭ | ঐ |
| ২ | ঐ | ৪০৭ নং | কিসমত হিলোড়াপরগনে শোলতান উজিয়াল | নারায়ণ দাস ... ... ... ... .. ... ... | ৭০ ।৶৩ | ৭॥৪ | ঐ |

R. Abercrombie, *Offg. Collector.*

## SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of Lot No. 226, Capt. Hodges' Map, containing about 26,000 Biggahs of Jungle Land, situated within the limits of the Soonderbuns, Zillah Jessore, will be put up for Public Sale at Noon, on Wednesday, the 14th July, 1852, corresponding with the 32d Ashar, 1259, at the Office of the Commissioner of the Soonderbuns at Allipore. The highest bidder will be entitled to them and must immediately pay the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name, with the confirmation of Government, and he will occupy the land according to the terms of the Pottahs.

It is further notified, that intending purchasers who may wish to see the map of the ground, may obtain all necessary information by application personally or by their Agents at the Office of the Commissioner. The conditions of the sale will be made known on the day of Sale. A. D. 1852, 21st June; corresponding with B. S. 1259, 9th Ashar.

OOMAKAUNT SEIN, *Commissioner.*

### সুন্দরবন কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা যশরের মতালক সুন্দরবনের সীমাসরহদ্দের মধ্যে কাপ্তান হাজিস সাহেবের নক্শায় লিখিত ২২৬ নং লাটের আন্দাজ ২৬০০০/ বিঘা জঙ্গল জমিনের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরাজী সন ১৮৫২ সালের ১৪ জুলাই মোতাবকে বাঙ্গলা সন ১২৫৯ সালের ৩২ আষাঢ় বুধবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে জন অতি উচ্চ মুল্য ডাকেন তিনি তাহা পাইবেন। তৎক্ষণে তাহার খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে করা যাইবেক এবং গবর্ণমেণ্টের মঞ্জুরিক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে তিনি ঐ ভূমির দখলকার হইবেন আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোখ্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় তাহা জানিতে পারেন আর অপর নিয়মের বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ২১ জুন মোং সন ১২৫৯ সাল তারিখ ৯ আষাঢ়।

শ্রী উমাকান্ত সেন। কমিস্যনর।

---

## IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

Sreemutty Puddomoney Dossee,

*versus*

Ramdhone Mitter, Gocoolmoney Dossee, and Rajluckey Dossee.

NOTICE is hereby given, that on the Twenty-Second day of July now next ensuing or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause may be taken pro confesso as against the Defendant Gocoolmoney Dossee, for want of answer pursuant to the Rule of this Honorable Court in this behalf made and provided. Dated this seventh day of June, 1852.

12, Old Post Office Street, Calcutta. G. O. BEEBY, *Complainant's Solicitor.*

### বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

যে মোকদ্দমায় শ্রীমতী পদ্মমণি দাসী ফরিয়াদী।

সেই মোকদ্দমায় রামধন মিত্র ও শ্রীমতী গোকুলমণি দাসী ও শ্রীমতী রাজলক্ষ্মী দাসী আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুলাই মাসের ২২ তারিখে অথবা তৎপরে যত শীঘ্র কৌন্সেলের কথা শুনা যাইতে পারিবেক তত শীঘ্র পূর্ব্বোক্ত ফরিয়াদীর পক্ষে এই সম্ভ্রান্ত আদালতের নিকট দরখাস্ত করা যাইবেক যে আসামী গোকুলমণি দাসী এতদ্বিষয়ে এই সম্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্ধারিত হওয়া বিধানমতে জওয়াব দাখিল না করাতে এতদ্বিষয়ে তাঁহারদের নামে যে নালিশের বিলফাইল হইয়াছে তাহা স্বীকার করিয়াছে এই প্রকার হুকুম করা যায় ইতি ১৮৫২ সাল ৭ জুন।

১২ নং কলিকাতা। ওল্ড পোষ্ট আফীস ষ্ট্রিট। জি ও বিবি। ফরিয়াদীর উকীল।

---

## NOTICE.

Notice is hereby given, that the Meeting of the Creditors to be held at the Office of John Cochrane, Esq., Official Assignee of the late firm of MUDDENMOHUN BOSE and HULLODHUR BOSE, Insolvents, has been adjourned from Monday the Twenty-eighth day of June to Wednesday the Seventh day of July next, at the hour of Eleven o'Clock in the forenoon for the purpose if the said Creditors shall think fit of selecting and recommending the appointment of Assignees and other matters of importance relating to the affairs of the Estate.

A. ST. JOHN CARRUTHERS,
*Solicitor for George Ashburner, Petitioning Creditor.*

Calcutta, 27th June, 1852.

[*Government Gazette, 6th July*, 1852.]

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যোত্রহীন মদনমোহন বসু ও হলধর বসুর সাবেক কুঠির মহাজনেরদের যে বৈঠক সরকারী আসৈনি শ্রীযুত জান কক্রেন সাহেবের সিরিশ্তায় জুন মাসের ২৮ তারিখ সোমবারে হইত তাহা আগামি জুলাই মাসের ৭ তারিখ বুধবারে বেলা এগার ঘণ্টার সময়ে হইবেক। ঐ বৈঠকের অভিপ্রায় এই যে মহাজনেরা যদি উচিত বোধ করেন তবে আসৈনিদিগের মনোনীত করণ ও তাহারদিগকে নিযুক্ত করণের পরামর্শ দেওন এবং ইষ্টেটের সম্পর্কীয় অন্যান্য গুরুতর কার্য্য নির্ব্বাহ করণ।

এ সেণ্ট জান কারুথর্স। দরখাস্তকারি মহাজন শ্রীযুত জর্জ আশবর্ণর সাহেবের উকীল।

কলিকাতা ১৮৫২ সাল ২৭ জুন।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
জমীদারি ইজারা।

| | |
|---|---|
| প্যারীমোহন বসু | বাদী। |
| শ্রীকৃষ্ণ সিংহ ও অন্নদাপ্রসাদ রায় | প্রতিবাদী। |
| এবং | |
| শ্রীকৃষ্ণ সিংহ | বাদী। |
| অন্নদাপ্রসাদ রায় ও প্যারীমোহন বসু | প্রতিবাদী। |

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগত ১০ জুলাই শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিসঃ ফিট জেরেল্ড সেণ্ডেস সাহেব তাঁহার আফিসে প্রতিবাদী অন্নদাপ্রসাদ রায়ের নীচের লিখিত স্থাবর বস্তুর ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা হুগলি।

তরফ গোবিন্দপুরের মৌজা বৈকুণ্ঠপুর মায় চকুক তরফ ঐ মৌজা পিলনপাড়া মায় চকুক রকম ।৶০ আনা তরফ ত্রিবেণীর মোজফাচক মায় হকুক।

ঐ সময় শ্রীযুত রিসিবর সাহেব।

জেলা ২৪ পরগনা উলটা ডেঙ্গির মধ্যে সেটদিগের বিগ্রহ ঠাকুরের ইষ্টেটের দরুণ যে এক কেতা ভূমি আন্দাজ নয় বিঘা আছে তাহারও ইজারার ডাক লইবেন।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি

সুপ্রিম কোর্ট রিসিবর আফিস ২৩ জুন ১৮৫২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৬ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 13, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১৩ জুলাই।

## GOVERNMENT ADVERTISEMENTS.

### LAND ADVERTISEMENTS.

## গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ফরিদপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা ফরিদপুরের কালেক্টরির নীচের লিখিত মহাল সন ১৮৫২ সনের লাং কিস্তী আপ্রিলপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৫২ সালের ২৬ জুলাই তারিখে এবং সোমবারে কালেক্টর সাহেবের কাছারিতে বিনা-ওজরে ধর. যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইং তাং ২৯ জুন।

| শ্রেণীর নম্বর | মহাজের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক ও দখলকার | সদর জমা | সন ১৮৫২ ইং লাংকিং আপ্রিল পাওনা বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ম্যাদী বন্দবস্তী | ১০৭ | চর পঞ্চাশ হাজারী মধ্যগত মৌজে নলডুবি | দুর্গামণি দেব্যা মাদরে রামচন্দ্র চৌধুরী নাবালগ ও গোবিন্দচন্দ্র চক্রবর্ত্তী ও শীতলচন্দ্র বিশ্বাস | ৮৬৵৯॥ | ৫৬৵১। | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আথরাজাত মালিকানা দখলকারকে দেওয়া যায়। |
| ঐ | ঐ | ১৭৪ | জাএগীর মহাল দবদ গবান | গোলোকচন্দ্র হোড় ও জয়নারায়ণ সীকদার ও বিজয়া দাস্যা ও অটলচন্দ্র ও ইন্দ্রচন্দ্র ও শশিভূষণ ও মহেশচন্দ্র ও অভয়াচরণ সীকদার মুং জয়মণি বেওয়া | ৭৷৴৩॥ | ৭৷৴৩॥ | এই মহালে শতকরা ৩০৲ টাকা হিসাবে মুনাফা দখলকারকে দেওয়া যায়। |
| ঐ | ঐ | ১৯৬ | ঐ | রামকানাই ঘোষ ... | ।৵২ | ।৵২ | ঐ |
| ঐ | ঐ | ৪২৯ | জাএগীর মহাল দাক্তান মধ্যগত তাং মুলিরামনাথ হিং মুলি | মাহামুদ আজিম নহিরুদ্দী মাহ জুদ্দী | ১৯৷১০। | ৯৷১০। | ঐ |
| ঐ | ঐ | ৫১২ | চর জমুনার মধ্যগত চর কুমরিয়া | রামকানাই জগৎচন্দ্র রায় ও রুদ্রচন্দ্র রায় | ১৲ | ১৲ | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আথরাজাত মালিকানা দখলকারকে দেওয়া যায়। |
| ঐ | ঐ | ৫১৭ | জাএগীর রামকান্তপুর | কালীনাথ রায় | ১৷৴৩॥ | ১৷৴৩॥ | এই মহালে শতকরা ৩০৲ টাকা হিসাবে মুনাফা দখলকারকে দেওয়া যায়। |
| ঐ | ঐ | ৫৬৮ | চর আড়িয়ল খাঁ নদী ভরটা | রমজান খাতন জওজে কাজী গোলা ও হোসন ও নোৎফন্নেছা খাতন জওজে কাজী কুলিমদ্দী | ১৵৪॥ | ১৵৪॥ | এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাবে আথরাজাত মালিকানা দখলকারকে দেওয়া যায়। |

T. B. MACTIER, *Deputy Collector.*

জিলা যশোহর।

এস্তেহারনামা কাছারী কালেক্টরি জেলা যশোর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে অত্র জেলার মোতালক নীচের লিখিত বাকীপড়া মহালাত সরকারের বক্রী রাজস্ব আদায় কারণ বর্ত্তমান সন ১৮৫২ সালের ২৩ জুলাই বাঙ্গলা সন ১২৫৯ সালের ৯ শ্রাবণ রোজ শুক্রবার অত্র কালেক্টরিতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ১ জুলাই বাঙ্গলা সন ১২৫৯ সাল তারিখ ১৯ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের নম্বর | মহালের নাম | মালেকের নাম | সদর জমা | বাকী লাং জ্যৈষ্ঠ সন ১২৫৯ সাল | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কায়েমী জমা ধার্য্যহওয়া মহাল ... ... | ৪৬ | কিস্মত সেহীনগর পং কাশীমনগর তর্প্পে বিনোদপুর | তালুক অমরসিংহ ঘোষ ও রাজনারায়ণ ঘোষ ও গুরুপ্রসাদ ঘোষ ও রামরত্ন বসু ও জগমোহন দত্ত ও জাইওয়ার | ৬৮৸৶৪ | ৶৫ | |
| ঐ | ঐ | ১৬ | চক খাগড়া বুনিয়া মোং সুন্দরবন ... | তালুক রামকুমার চক্রবর্ত্তির জায়গায় কুমারী দেব্যা ও রামমোহন ধর | ৮৬ ।৶৫ | ১৮ ⁄৫ | |
| ঐ | ঐ | ৩৪১৬ | কিং ধলহরাচন্দ্র পং মাহামুদসাহি ... | বাজেআপ্তী তালুক মোহনচন্দ্র চৌধুরী ও নারায়ণী দেব্যা ও কুমারী দেব্যা ও সর্ব্বসুন্দরী দেব্যা | ১২৪ ।৹ | ৪৪ ।৹ | |
| ২ | কায়েমী জমা ধার্য্য না হওয়া মেয়াদী জমার মহাল ... ... | ৩২৭৫ | চর পশোরনদী মোং সুন্দরবন .. ... | ইজারা বিবি বেনী সাহেবা ... ... ... | ৮৮॥/১ | ৬৮॥/১ | |
| ঐ | ঐ | ৩৩১১ | কিং লাওড়ী পং সৈদপুর ... ... | প্রসন্নচন্দ্র বন্দোপাধ্যায় ... ... ... | ১৫১ ।৶৮ | ১১২৸৶ | |
| ৪ | অন্য মহাল নিমিত্ত কায়েমী জমা ধার্য্য না হওয়া মহাল ... | • | কিং ছান্দড়া পং মাহামুদসাহী ... | গাতী জমা মদীর নী ... ... ... | ৪৩৶ | ২৬ ।৫ | সরকারের খাস খরিদা ২৭৯৭ নম্বরের মহাল কিং শ্রীকুণ্ডীর ইজারদার আনন্দচন্দ্র রায়ের দেনা পার্শ্বের লিখিত বাকী টাকা আদায় কারণ এই গাতী জমা নীলাম হইবেক ইতি। |
| ঐ | কায়েমী জমা ধার্য্যহওয়া মহাল | ১৩৩ | তরফ কচুবাড়ীয়া পরগনে নলদী ... | তালুক কালীনাথ রায় ওগায়রহ ... ... | ১৩৭৩/৪ | ১২০০৸৶৫ | জেলা বাকরগঞ্জের শ্রীযুত কালেক্টর সাহেবের গত ১ জুন তারিখের রোবকারীঅনুযায়ি আবাদ তুষখালীদিগেরে ইজারদার দেবনাথ রায়ের দেনা পার্শ্বের লিখিত বাকী টাকা আদায় কারণ তরফ কচুবাড়ীয়ার ॥৹ আনা ও ডিহি দশবাড়ীয়ার ।৹ আনা নীলাম হইবেক ইতি। |
| ঐ | ঐ | ১২০ | ডিহি দশবাড়ীয়া পং জামীরিয়া ... ... | তালুক কমলাকান্ত রায় ওগায়রহ ... ... | ২০৪১ ।৭ | | |

| শ্রেণীর নম্বর | মহালের প্রকার | মহালের নম্বর | মহালের নাম | মালেকের নাম | সদর জমা | বাকী লাং জ্যৈষ্ঠ সন ১২৫৯ সাল | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | কায়েমী জমা ধার্য্যহওয়া মহাল | ১০৩ | পং হাবিলী খলক থেআবাদ ... | ... তালুক গোবিন্দচন্দ্র রায় ... ... ... | ৫২৩৷/১০ | ৪৭৫৲ | উক্ত জেলা বাকরগঞ্জের শ্রীযুত কালেক্টর সাহেবের গত ১ জুন তারিখের রোবকারীঅনুযায়ি চক কুলহাতা ওগ‍ায়রহর ইজারদার নন্দকুমার বাগীশের দেনা পার্শ্বের লিখিত বাকী টাকা অ‍াদায় কারণ এই সকল মহালের ৶১২৷ গণ্ডা নীলাম হইবেক ইতি। |
| ঐ | ঐ | ১০৪ | কিং পং ঐ ... ... ... | ... গোবিন্দচন্দ্র বসু ... ... ... ... | ২৬৩৷/৯ | | |
| ঐ | ঐ | ১০৮ | কিং পং ঐ ... ... ... | ... কৃষ্ণচন্দ্র রায় ... ... ... ... | ৪৫০৵৭ | | |
| ঐ | ঐ | ১০০ | কিং পং ঐ ... ... ... | ... গোবিন্দচন্দ্র রায় ... ... ... ... | ১৬২৷৶৬৵ | | |

R. HAMPTON, *Collector.*

---

জিলা মালদহ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মালদহ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতে সন ১২৫৮। ৫৯ সালের বাঙ্গালার কিস্তী চৈত্র ও বৈশাখ ও জ্যৈষ্ঠের বাকী রাজস্ব আদায় নিমিত্তে সন ১৮৫২ ইং সালের ২৬ জুলাই মোতাবেক সন ১২৫৯ সালের ১২ শ্রাবণ সোমবার এই কালেক্টরির কাছারিতে বৈনাওজরে নীলামে ধারা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ ইংরাজী তারিখ ২৯ জুন মোতাবেক সন ১২৫৯ সাল বাঙ্গালা তারিখ ১৭ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জেলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম ও পরগনা | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | সন ১২৫৮ সালের কিস্তী চৈত্রের বাকী | সন ১২৫৯ সালের কিস্তী বৈশাখ ও কিস্তী জ্যৈষ্ঠের বাকী | মোট বাকী | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | এস্তমুরারি ধার্য্যহওয়া মহাল ... ... | ৭১ | তরফ গোবিন্দপুর পরগনে ভাতিয়া গোপালপুর | কমললোচন রায় ও হরনাথ শর্ম্মা ও মোহনলাল ও মিটনলাল | ১১১৯৸১০ | ৩০৶৴৪ | ৭৪৵১৷ | ১০৪৸৶৫৷ | এই তিন মহাল বাটওয়ারার নীচে আছে সন ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩। ৩৪ ধারানুসারে কমললোচন রায় সরিকদার আপনাংশ ৷০ আট আনা রকমের মালগুজারি দাখিল করিয়াছে অতএব তাহার হিস্যা বাদে হরনাথ শর্ম্মা ও মোহনলাল ও মিটনলাল জমীদারাণের ৷০ আট আনা অংশ নীলাম হইবেক। |
| ঐ | ঐ | ১১৭ | তরফ জামালপুর পরগনে ঐ | ঐ | ৪৪৬৷/১০ | ১১৷৶২৷ | ২৯৷/৪ | ৪০৸৬৷ | |
| ঐ | ঐ | ২০১ | তরফ পোড়ামাদীয়া পরগনে ঐ | ঐ | ৩৩৪৷৶১১ | ৯৷৶৭ | ২২৷৶৫ | ৩১৸৶০ | |
| ২ | ঐ | ৩৪ | চান্দপাড় নন্দিনী পরগনে চান্দলাই | কামালদ্দীন মণ্ডল | ৫৩৷০ | ১১৸৶৫ | ০ | ১১৸৶৫ | |

মালদহ ডিপুটী কালেক্টরি সন ১৮৫২ সাল তাং ১ জুলাই।

E. E. WOODCOCK, *Deputy Collector.*

জিলা ঢাকা জালালপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলা ঢাকা জালালপুরের নীচের লিখিত মহালের সরকারী পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইংরেজী ১৮৫২ সনের ২৬ জুলাই মোং ১২৫৯ সন ১২ শ্রাবণ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ ইং তাং ১ জুলাই মোং সন ১২৫৯ বাং তারিখ ১৯ আষাঢ়।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিক | সদর জমা | বাকী | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এক মহালের বাকীর কারণ অন্য মহাল নীলাম হয় | ৫৮ | পং জালালপুর হিং /১২ গণ্ডা জমীদার সাহেবজান বিবি ... ... ... | সাহেবজান বিবি | ৫৮।/০ | ১৮৫১। ৫২ সনের কিং আপরিলের পাওনা ৫৬৮/১। | মোকাম ফরিদপুরের ডিপুটী কালেক্টর সাহেবের রোবকারীঅনুসারে ঐ কালেক্টরির স্বাধীন সরকারী খাস তালুক গঙ্গারাম দে গয়রহ ৬ তালুকে মালগুজারী আদায়ের নিমিত্তে চতুর্থ দরের লিখিত মহালে গুরুচরণ গোপ জমিনদারের যে স্বত্ত্ব আছে তাহা নীলাম হইবেক ইতি। |
| | | ১৪৬৬ | জিলে হয়দরাবাদ থাং পংমতিজিপুর হিং ॥/০ আনি তালুক জগৎ রায় ... | জগৎ রায় | ১৪৪।/৭ | ইজারার আমলের সনাএত বাকী ৬১১৫৻২১ | জিলে বাকরগঞ্জের কালেক্টর সাহেবের রোবকারীঅনুসারে ঐ কালেক্টরীর স্বাধীন সরকারী খাস পং বুজর্গ ওমেদপুরের অন্তঃপাতি ৭১ মহালের সনাএত বাকী আদায়ের নিমিত্তে চতুর্থ দরের নীচের লিখিত মহালে সরূপচন্দ্র দত্ত ইজারাদারের যে স্বত্ত্ব আছে তাহা নীলাম হইবেক। |

G. P. Leycester, *Collector.*

---

জিলা ঢাকা জালালপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলে ঢাকা জালালপুরের নীচের লিখিত মহালের ১২৫৯ সনের লাং জ্যৈষ্ঠের পাওনা বাকী মালগুজারীর নিমিত্তে ইংরেজী ১৮৫২ সনের ২৬জুলাই মোতাবেক ১২৫৯ সনের ১২ শ্রাবণ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ সন তারিখ ১ জুলাই মোং সন ১২৫৯ সন তারিখ ১৯ আষাঢ়।

তোমার বর্ত্তমান মাসের ১০ তারিখের ৮৫৬ নম্বরী পত্র এবং তৎসঙ্গে প্রেরিত লিপি প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে তুমি সদর আদালতের বিজ্ঞাপনের জন্যে ইহা জিজ্ঞাসা করিয়াছ যে যে ব্যক্তিরা বার্দ্ধক্যপ্রযুক্ত পেন্সন সরকারহইতে পাইয়া থাকেন তাঁহারা পরগনার কাজীর পদে নিযুক্ত হইতে পারেন কি না এবং বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্ণর সাহেব তাহার এই উত্তর দিতেছেন যে পেন্সনভোগি ব্যক্তির সেই প্রকার পদ ধারণের বিষয়ে এবং সেই পদের যে রসুমের রীতি আছে সেই রসুম আপনার পেন্সনের অতিরিক্ত গ্রহণের বিষয়ে কোন আপত্তি নাই যেহেতুক ঐ রসুম সরকারের দেওয়া মাহিয়ানার মত নহে।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টে একটিং ছোট সেক্রেটারী।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

গত ৩ মার্চ তারিখের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে সদর আদালত B চিহ্নিত নথীর বিষয়ে যে হুকুম

one year as ordered in regard to Nuthee B, of the following papers of miscellaneous cases.

1. Monthly and Annual Statements of Lower Courts.

2. Monthly Returns of documents registered by Cazees.

3. Monthly Statements of the Ferosh Ameens.

4. Petitions for review of Judgment which have been rejected.

5. Summary appeals from orders of Lower Courts rejecting or dismissing original suits on any default.

6. Petitions of appeal preferred from interlocutory orders in regular suits.

7. Roobookaries of the Lower Courts forwarding notice and Proclamation, &c.

8. Roobookaries from other Districts forwarding notice, &c.

9. Roobookaries from Lower Courts calling for cases for reference which have been disposed of and filed in the record office.

10. Petitions of plaint adjusted by Razeenamah.

11. Petition of appeal remanded for retrial, copies of which have been filed in the cases.

12. All petitions of appeal from orders imposing fines.

13. Petitions under Act 16, 1845, for readmission of appeals.

| The final orders in all these cases should of course be kept for record. | 14. Petitions under Act 9, 1839, and Sections 5 and 12, Regulation 28, 1814.<br>15. Petitions of insolvents under Section 11, Regulation 2, of 1806.<br>16. Precepts and proceedings from Sudder Dewanny Adawlut and Special Commissioner. |
|---|---|

17. Proceedings and reports from Principal Sudder Ameen, Sudder Ameen, Moonsiffs, Nazers and other functionaries.

18. Proclamations from Collectorate regarding Sales, Butwaras, transfer of names, settlement of Abkaree, &c.

19. Do. from Magistrates regarding ferries.

20. All applications for leave. Do. from candidates for employment.

21. Applications for transfer of suits.

22. On reconsideration the Court direct the transfer of "No. 6, Ameen's papers (excepting final report and map,") from Schedule B to Schedule A of the above Circular Order, i. e. to the list of papers to be preserved for 12 years.

(Signed) B. J. Colvin,

*Register.*

Fort William, the 22d June, 1852.

[*Government Gazette, 10th August,* 1852.]

করিয়াছিলেন তদনুযায়ি এক বৎসর অতীত হইলে পর মুৎফরক্কা মোকদ্দমার পশ্চাৎ লিখিত কাগজপত্র নষ্ট করিতে হুকুম দিয়াছেন।

১। অধস্থ আদালতের মাসিক ও বার্ষিক কৈফিয়ৎ।

২। কাজীর দ্বারা রেজিষ্টরীহওয়া দলীলদস্তাবেজের মাসিক কৈফিয়ৎ।

৩। ফরোশ আমীনের মাসিক কৈফিয়ৎ।

৪। মোকদ্দমার পুনর্ব্বিচারের যে দরখাস্ত অগ্রাহ্য হইয়াছে তাহা।

৫। অধস্থ আদালত কোন কসুরপ্রযুক্ত প্রথমত উপস্থিত মোকদ্দমা নামঞ্জুর কিম্বা ডিসমিস করণের যে হুকুম দেন তাহার উপর সরাসরী আপীল।

৬। নম্বরী মোকদ্দমায় মোকদ্দমা রুবকারকালীন হুকুমের উপর যে আপীলের দরখাস্ত হয় তাহা।

৭। অধস্থ আদালতের যে রুবকারীতে এস্তেলা ও ঘোষণাপ্রভৃতি প্রেরণ করা গিয়াছে তাহা।

৮। অন্যান্য জিলাহইতে এস্তেলাপ্রভৃতির সঙ্গে প্রেরিত রুবকারী।

৯। যে মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে এবং রিকার্ড দফতরে দাখিল হইয়াছে তাহা দেখিবার জন্যে অধস্থ আদালত যে রুবকারী পাঠাইলেন তাহা।

১০। যে নালিশী আরজীর রাজীনামার দ্বারা নিষ্পত্তি হইয়াছে তাহা।

১১। পুনর্ব্বার বিচার হওনার্থে যে আপীলের দরখাস্ত ফিরিয়া পাঠান গিয়াছে এবং তাহার নকল নথীর শামিল করা গিয়াছে তাহা।

১২। জরীমানা করণের হুকুমের উপর সকল দরখাস্ত।

১৩। আপীল পুনর্গ্রাহ্য করণের বিষয়ে ১৮৪৫ সালের ১৬ আইনের অনুযায়ি দরখাস্ত।

| এই সকল মোকদ্দমার চূড়ান্ত হুকুম সুতরাং রোয়দাদে রাখিতে হইবেক। | ১৪। ১৮৩৯ সালের ৯ আইন এবং ১৮১৪ সালের ২৮ আইনের ৫ ও ১২ ধারার অনুযায়ি দরখাস্ত।<br>১৫। ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারাক্রমে দেউলিয়াদের দরখাস্ত।<br>১৬। সদর দেওয়ানী আদালত ও স্পেসিয়াল কমিসনর সাহেবেরদের প্রিসেপ্ট ও রুবকারী। |
|---|---|

১৭। প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ ও নাজির এবং অন্যান্য কর্ম্মকারকেরদের রুবকারী ও রিপোর্ট।

১৮। নীলাম ও বাঁটওয়ারা ও নামের খারিজদাখিল ও আবকারীর বন্দোবস্তপ্রভৃতির বিষয়ে কালেক্টরীহইতে যে সকল ঘোষণা হয় তাহা।

১৯। গুদারার বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের ঘোষণা।

২০। ছুটীর বিষয়ি সকল দরখাস্ত এবং কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের দরখাস্ত।

২১। মোকদ্দমা খারিজদাখিল করণের দরখাস্ত।

২২। সদর আদালত পুনর্ব্বার বিবেচনা করিয়া হুকুম করিতেছেন যে "৬ নম্বরী আমীনের কাগজপত্র (চূড়ান্ত রিপোর্ট ও নকশাব্যতিরেকে") উক্ত সরকুলর অর্ডরের B চিহ্নিত তফসীলহইতে খারিজ হইয়া A চিহ্নিত তফসীলে দাখিল হয় অর্থাৎ বারো বৎসরপর্য্যন্ত যে কাগজপত্র রক্ষা করিতে হয় তাহার ফর্দ্দে অর্পণ হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫২। ২২ জুন।

No. 16.

*To the Civil Judges in the Lower Provinces.*

Doubts having been entertained by some of the Zillah Courts as to the intent and meaning of the Court's Circular Order No. 5, of the 3d March last, I am directed to communicate for your information and guidance that records of cases which have been already 12 years in the Office, are not to be wholly destroyed, but a selection is to be made from them of the papers, which would have had to be preserved under the Circular Orders Nos. 81 and 112 of 1st February, 1833, and 1st August, 1834 respectively. These are to be kept, and all the others destroyed as soon as can be done.

2. I am further directed to observe that the division into Nuthees A and B of the papers of cases which have been more than one, but less than twelve years in the office is to be proceeded with as leisure will permit, so that those in B may at once be destroyed in cases in which one year has elapsed from the date of the final decision. Those in A should be kept till the end of the 12th year from that date, when such papers as the above Circulars indicate for perpetual retention being extracted, the remaining papers may be destroyed.

(Signed) B. J. Colvin,
*Register.*

Fort William, the 30th June, 1852.

---

## CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 13.

*To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.*

I am directed by the Court to forward, for your information and future guidance, the accompanying copy of a letter No. 848, dated the 21st May, 1851, from the Under Secretary to the Government of Bengal, directing, whenever there may be occasion to require the aid of establishments of a contingent and temporary character, the submission in every practicable case, and when time will admit of it, of a statement of these extra charges, in order that they may be sanctioned by Government before they have been actually incurred.

(Signed) B. J. Colvin,
*Register.*

Fort William, the 11th June, 1852.

(Copy.)

No. 848.

*From the Under Secretary to the Government of Bengal, to the Register, Sudder Court. Dated Fort William, the 21st May,* 1851.

With reference to certain instructions recently received from the Honourable Court of Directors, through the Financial Department, I am directed by the Deputy Governor of Bengal to request that the

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের গত মার্চ মাসের ৩ তারিখের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের অভিপ্রায় ও অর্থের বিষয়ে কোন২ জিলার আদালতের জজ সাহেবেরদের মনে সন্দেহ হওয়াতে সদর আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের জন্যে ইহা জ্ঞাত করিতেছি যে যে মোকদ্দমার কাগজপত্র কাছারীতে বারো বৎসরঅবধি আছে তাহা সমুদয় নষ্ট করিতে হইবেক না কিন্তু ১৮৩৩ সালের ১ ফেব্রুআরি তারিখের ৮১ নম্বরী এবং ১৮৩৪ সালের ১ আগস্ট তারিখের ১১২ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে যে কাগজপত্র রক্ষা করা যাইত তাহা ঐ নথীহইতে বাছিয়া লইতে হইবেক এবং তাহা স্বতন্ত্র রাখিয়া অন্য সকল কাগজপত্র যথাসাধ্য শীঘ্র নষ্ট করিতে হইবেক।

২। আরো তোমাকে জ্ঞাত করিতেছি যে যে মোকদ্দমার কাগজপত্র এক বৎসরের অধিক বারো বৎসরের কম কাছারীতে আছে তাহা A এবং B দুই নথীতে বিভাগ করণের কার্য্য অবকাশমতে করিতে হইবেক তাহাতে B চিহ্নিত নথীর যে মোকদ্দমার চূড়ান্ত ডিক্রীর তারিখঅবধি সম্পূর্ণ এক বৎসর গত হইয়াছে তাহার কাগজপত্র একেবারে নষ্ট করা যাইতে পারে। A চিহ্নিত নথীর কাগজ সেই তারিখঅবধি বারো বৎসরের শেষপর্য্যন্ত রাখিতে হইবেক তৎপরে উক্ত সরক্যুলরে যে২ কাগজপত্র চির কাল রাখিবার হুকুম আছে তাহা নথীহইতে বাহির করিয়া অবশিষ্ট সকল কাগজ নষ্ট করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫২। ৩০ জুন।

---

## সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ১৮৫১ সালের ২১ মে তারিখের ৮৪৮ নম্বরী পত্রের নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের জন্যে সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি তাহাতে এই হুকুম আছে যে যখন কোন ঠিকা এবং ক্ষণেক কালের জন্যে কর্ম্মকারকেরদের আবশ্যক হয় তখন ঐ উপরি খরচহওনের পূর্ব্বে গবর্ণমেণ্টের অনুমতি পাইবার জন্যে ঐ উপরি খরচের এক কৈফিয়ৎ সাধ্যপর্য্যন্ত প্রত্যেক গতিকে এবং সময় থাকিলে দরপেশ করিতে হইবেক।

বি জে কলবিন।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ১১ জুন।

(নকল।)

৮৪৮ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫১। ২১ মে।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের স্থানে সম্প্রতি যে কএক হুকুম প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার উপলক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব এই আদেশ করিতেছেন

Court, when it may have occasion to require the aid of establishments of a contingent and temporary character, will submit in every practicable case, and when time will admit of it, a statement of these extra charges, in order that they may be sanctioned by Government before they have been actually incurred.

2d. The Court are requested to impress this on the local and subordinate authorities of the Department.

(Signed) W. SETON KARR.
*Under Secretary to the Govt. of Bengal.*

যে ঠিকা এবং কিছু কালের জন্যে নূতন কর্ম্মকারকেরদের প্রয়োজন হইলে সেই খরচ করণের পূর্ব্বে গবর্ণমেণ্টের অনুমতি পাইবার জন্যে ঐ২ উপরি খরচের এক কৈফিয়ৎ সাধ্যপর্য্যন্ত প্রত্যেক গতিকে এবং সময় থাকিলে গবর্ণমেণ্টের নিকটে দরপেশ করিতে হইবেক।

২। সদর আদালতের প্রতি আদেশ হইতেছে যে অ-পনারদের সিরিশ্তার নানাস্থানীর এবং অধীন কর্ম্মকারকদিগকে ইহা প্রতিপালন করিতে অতিশক্ত হুকুম দেন।

ডবলিউ সিটন কার।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENT.

*The 5th August*, 1852.

Moulvee Ahmud Ali, a Diploma Holder, to be Acting Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, during the absence, on leave, of the incumbent, or until further orders.

### LEAVES OF ABSENCE.

*The 5th August*, 1852.

Baboo Sitikanth Sing, Moonsiff of Pothna, Zillah East Burdwan, for the 30th ultimo, on account of the late Hindoo festival, Rukshabundun.

Mahomed Salim, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, till he is well enough to rejoin his appointment.

B. J. COLVIN, *Register.*

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ৫ আগষ্ট।

জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রধারি শ্রীযুত মৌলবী আহমদ আলি ঐ স্থানের একটিং মুনসেফ হেন।

### ছুটী।

১৮৫২ সাল ৫ আগষ্ট।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পথনার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ রক্ষাবন্ধন নামক হিন্দু পর্ব্বের নিমিত্তে গত মাসের ৩০ তারিখের ছুটী পান।

জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত মহম্মদ সালিম যাবৎ স্বাস্থ্য পাইয়া আপন কর্ম্মস্থানে যাইতে না পারেন তাবৎ ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

১৪৭৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ৮ জুলাই।

শ্রীযুত জে আর কলবিন সাহেব ও শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. R. Colvin, and Mr. J. P. Grant,) বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মেম্বর হইবেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) চাটিগাঁয়ে ধ্বদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ৯ জুলাই।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত মণ্ট্রেসর সাহেবের (Mr. Montresor,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি এচ এম রিকেট্স সাহেব (Mr. G. H. M. Ricketts,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১২ জুলাই।

শ্রীযুত লার্ড বিশপ সাহেব দানাপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি ডবলিউ মারিয়ট সাহেবকে (Rev. G. W. Marriott,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ২৫ ধারানুসারে যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

### বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৩ জুলাই।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমণি দত্ত বর্ত্তমান মাসের ১ তারিখে পাটনার দিগার চিকিৎসকতা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ দত্তের স্থানে গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr. W. Bracken,) "ওরিয়েণ্টল" নামক বাষ্পীয় জাহাজে সমুদ্রে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন মোকামে পঁহুছেন।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson.) দওরার কর্ম্মে ফরিদপুরে গমনার্থে বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার অতিরিক্ত জজ শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr. C. Steer,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 10*th August*, 1852.]

১৫১০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৮ জুলাই।

টনাসরিম প্রদেশের কমিসানর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এচ বর্ডমোর সাহেব (Captain H. Berdmore,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত টাবয়ে দওরায় সোপর্দ্দ করা মোকদ্দমার বিচার করণের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

টনাসরিম প্রদেশের কমিসানর সাহেবের বড় আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান সি ডবলিউ কে শার্প সাহেব (Captain C. W. K. Sharp,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত মরগুইতে দওরায় সোপর্দ্দ করা মোকদ্দমার বিচার করণের তদ্রূপ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১৪ জুলাই।

শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেবের (Mr. W. G. Young,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) এখন অর্থাৎ উত্তর এলাকার জরীপের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত প্রাট সাহেব (Mr. Pratt,) পূরণিয়া ও ভাগলপুর ও দিনাজপুর ও রঙ্গপুর ও মালদহ ও মুঙ্গের ও বীরভূম ও মুরশিদাবাদ ও রাজশাহী ও পাবনা ও বগুড়া ও ফরিদপুর ও ময়মনসিংহ ও যশোহর জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনঅনুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫২ সাল ১৫ জুলাই।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের জরীপের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

দ্বিতীয়াংশের জরীপের কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ গত মে মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৫ জুলাই।

কটকের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি টি জে ই ষ্টীল সাহেব (Reverend T. J. E. Steel,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) বর্ত্তমান মাসের ৩ তারিখে ময়মনসিংহের মাজিষ্ট্রেটীর ভার শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের (Mr. A. Abercrombie.) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr H. V. Bayley,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে হুগলীর কালেক্টরীর ভার শ্রীযুত ডবলিউ টি টেলর সাহেবের (Mr. W. T. Taylor.) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে চব্বিশপরগনার কালেক্টরীর ভার শ্রীযুত এ গ্রোট সাহেবের (Mr. A. Grote,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৫২০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৫ জুলাই।

শ্রীযুত ডবলিউ বেল সাহেবের (Mr. W. Bell,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) রাজশাহীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন।

শ্রীযুত এচ মাকেঞ্জি সাহেব (Mr. H. Mackenzie,) ও শ্রীযুত বেল সাহেব (Mr. Bell,) ও শ্রীযুত মিয়র্স সাহেব (Mr. Meares,) যশোহরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটীর মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৫ জুলাই।

রাজশাহীর কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) গত মাসের ১৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের কালেক্টর শ্রীযুত এফ ই রীড সাহেব (Mr F. E. Read,) আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেবের (Mr. J. H. Reily,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) গত ফেব্রুআরি মাসের ২৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২০ জুলাই।

চতুর্থ অর্থাৎ পশ্চিমাংশের জরীপের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr. H. Pratt,) স্থানে গ্রহণ করেন। শ্রীযুত মনি সাহেব (Mr. Money,) গত সেপ্টেম্বর মাসের ৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ ১৪ তারিখঅবধি রহিত হইয়াছে।

ঢাকা এলাকার আবকারীর কমিসানর শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর পি হারিসন সাহেবের (Mr. R. P. Harrison,) স্থানে পুনর্গ্রহণ করেন।

১৮৪৩ সালের ১৫ আইন অনুসারি ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্র বর্ত্তমান মাসের ১৪ তারিখে রাজশাহী জিলার নাটোর এলাকাখণ্ডের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ আগষ্ট।]

১৫৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৫ জুলাই।

শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায় সদর আদালতে গবর্ণমেণ্টের প্রধান উকীল হইবেন।

শ্রীযুত শম্ভুনাথ পণ্ডিত ঐ আদালতে গবর্ণমেণ্টের দ্বিতীয় উকীল হইবেন।

হুগলীর আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি কে ডব সাহেব (Mr. C. K. Dove,) নদীয়া জিলাতে আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী আবদুর রহমান পশ্চিম বর্দ্ধমানের ফতওয়াদায়ক হইবেন।

আসামের গোলাঘাটে পোলীসের তৃতীয় শ্রেণীর দারোগা শ্রীযুত হরনাথ বড়ুয়া দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) বহেরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত ক্রাষ্টর সাহেব (Mr. Craster,) ত্রিহুৎ জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি বহেরা এলাকাখণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

ছুটীপ্রযুক্ত শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr. C. W. Mackillop.) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) ঢাকার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী

১৮৫২ সাল ১৫ জুলাই

বর্দ্ধমানের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আলি মহম্মদ স্বীয় কর্ম্মোপলক্ষে সতের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

ঢাকার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২০ জুলাই।

সান্দএ স্থানে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট এফ ডবলিউ রিপলি সাহেব (Lieutenant F. W. Ripley,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৫৬৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৮ জুলাই।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) ত্রিপুরার ওয়ারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

শ্রীযুত বাবু প্রসন্ননাথ রায় জিলা রাজশাহীর নাটোরে বিদ্যালয় ও ঔষধালয়ের প্রতিপোষণের নিমিত্তে এবং বৌলিয়াতে ঔষধালয়ের নিমিত্তে গবর্ণমেণ্টের হস্তে এক লক্ষ টাকা অর্পণ করিয়াছেন। অতএব উক্ত বিদ্যালয় ও ঔষধালয়ের তত্ত্বাবধারণার্থে নীচের লিখিত কার্য্যকারকেরা ও মহাশয়েরা নিযুক্ত হইয়াছেন।

মুরশিদাবাদ এলাকায় যিনি যে সময়ে রাজস্বের কমিস্যনর হন।

রাজশাহীর জজ ও কালেক্টর ও মাজিষ্ট্রেট ও দেওয়ানী চিকিৎসক যাঁহারা যে সময়ে হন তাঁহারা।

শ্রীযুত বাবু প্রসন্ননাথ রায়।

„ বাবু লোকনাথ মিত্র।

„ মৌলবী আবদুল আলি।

„ বাবু গোপাললাল মিত্র।

„ বাবু নীলমণি বসাক।

„ বাবু মথুরনাথ বাঁড়ুয্যা।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২০ জুলাই।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের স্থানে নীচের লিখিত পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

সরকারী সিরিশ্‌তা।

১৮৫২ সালের ১৪ নম্বর।

বঙ্গ দেশে ফোর্ট উলিয়ম রাজধানীর আমারদের শ্রীযুত গবরনর সাহেব বরাবরেষু।

আমরা পুলিন্দাতে ৩২ টা পুরস্কার মুদ্রা প্রেরণ করিতেছি। নীচের লিখিত * মহাশয়েরা নির্দ্দিষ্ট প্রকারের যে সকল দ্রব্য মহাপ্রদর্শনে পাঠান তাহার মধ্যে তাঁহারদেরই দ্রব্যের অত্যুত্তমতা হেতুক মহাপ্রদর্শনের কমিস্যনর সাহেবেরা তাঁহারদিগকে ঐ পুরস্কার প্রদান করিতেছেন। আদেশ করি যে তুমি ঐ সকল মুদ্রা লক্ষিত মহাশয়েরদের নিকট প্রেরণ কর।

১। মহাপ্রদর্শনের জন্যে দর্শনীয় দ্রব্য সংগ্রহ বিষয়ে আমারদের আদেশ তোমার গবর্ণমেণ্ট অতিশীঘ্র ও স্ববোধমতে যে সকল উপায়ে পালন করিয়াছিলেন তদ্বিষয়ে আমরা এই সুযোগে আপনারদের সন্তোষ প্রকাশ করিতেছি। এবং তুমি বিশেষ২ বিষয় নির্ব্বাহার্থে আপন অধীন কার্য্যকারকদিগকে যে সকল আদেশ করিয়াছিলা তাহা অতি প্রশংসনীয়রূপে নির্ব্বাহ করেন এহেতু আমরা আপনারদের সন্তোষ জ্ঞাপন করি।

জে ডবলিউ হগ।

লণ্ডন। ১৮৫২ সাল ১৩ মে। রসেল এলিস।

ও ১৩ জন ডৈরেক্টর।

* গোয়ালিয়রের রাও বাহাদুর।

জয়পুরের রাও বাহাদুর।

কৃষ্ণনগরের রাজা বাহাদুর।

কোবর্ণ সাহেবেরা, (Messrs. Cockburn,) মুরশিদাবাদ।

গডফ্রি সাহেবেরা, (Messrs. Godfrey,) গাজীপুর।

মাকেঞ্জি ব্রাদর (Messrs. Mackenzie, Brothers,)

সেণ্ট সাহেবেরা (Messrs. Sainte,)

ঘোড়াদহ কুঠী, যশোহর।

মেজর জেনকিন্স সাহেব, (Major Jenkins,) আসাম।

কাপ্তান স্মিথ সাহেব, (Captain Smith,) আসাম।

ডাক্তর মাক্লেলাণ্ড সাহেব (Dr. McClelland,)

ডাক্তর হফনেগল সাহেব (Dr. Huffnagle,)

ডি জারডিন সাহেব (Mr. D. Jardine,)

মাকনের সাহেবেরা (Messrs. Macnair,)
ডবলিউ মাকনের সাহেব (Mr. W. Macnair,)
জেনিংস সাহেব (Mr. Jennings,)
} ডি জারডিন সাহেবের (Mr. D. Jardine,) দ্বারা প্রেরিত হয়।

স্পীড সাহেব (Mr. Speede,)

দেবনারায়ণ সিংহ, বারাণসী।

লেপ্টেনেন্ট কর্ণেল বটরওর্থ, সাহেব (Lieut. Colonel Butterworth, C. B.,) সিংহপুর।

ব্লণ্ডেল সাহেব, (Mr. Blundell,) ধনাসরিমের সাবেক কমিস্যনর।

আলমেডা সাহেবেরা (Messrs. Almeida,) সিংহপুর।

এল ওএবর সাহেব, (Mr. L. Weber,) দ্বারা, (সিংহপুর কমিটির দ্বারা প্রেরিত।)

ডবলিউ কের সাহেব (Mr. W. Ker,) সিংহপুর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বিডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৬৩২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৬ জুলাই।

পরীক্ষার্থ সদর কমিটির সাহেবেরা রিপোর্ট করিয়াছেন যে শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট উচ্চ শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

নিয়োগ।

১৮৫২ সাল ১৬ জুলাই।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি পুরণিয়া জিলাতে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৬৩৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৯ জুলাই।

শ্রীরামপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) ও শ্রীযুত বাবু জয়কৃষ্ণ মুখুয়্যা ও শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বাঁড়ুয়্যা ১৮৫০ সালের ২৬ আইনঅনুসারে উত্তরপাড়া নগরের শোভা করণার্থ কমিস্যনর হইবেন।

ময়মুনসিংহের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আবদুল করীম ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ৩০ জুলাই।

শ্রীযুত এচ গাটফিল্ড সাহেব ও শ্রীযুত এ জে ফর্ব্বস সাহেব (Mr. H. Gatfield and Mr. A. J. Forbes,) পুরণিয়ার ফেরি ফণ্ডের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৯ জুলাই।

রাজশাহীর সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু হরমোহন নেউগী স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ঢাকাচক্রের পণ্ডিত শ্রীযুত হীরানন্দ মিশ্র চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৯ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২১ জুলাই।

এদেশীয় পদাতিক ৪২ পল্টনের লঘু অস্ত্রধারি সৈন্যেরদের ইনসাএন শ্রীযুত ডবলিউ এন লীস সাহেব (Ensign W. N. Lees.) এবং এদেশীয় পদাতিক ৩২ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত অনরবিল ই পি আর এচ হেষ্টিংস সাহেব (Honorable E. P. R. H. Hastings,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের গত মার্চ মাসের ৯ তারিখের হুকুমের নির্দ্দিষ্টমতে উর্দু ভাষা শিক্ষা করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৬৩৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৪ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেবের (Mr. W. Ainslie,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell,) রঙ্গপুরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) মাগুরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন শ্রীযুত স্পাঙ্কি সাহেব (Mr. Spankie,) যশোহর জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতামতে তিনি মাগুরা এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮২১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) জিলা কটকের দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ৪ আগষ্ট।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমণি স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরার বন্দে এবং তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিমকে গত জুন মাসের ১৬ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

### জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা কটক।

যেহেতুক কটকের কালেক্টরির জন্য এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে ও এই কর্ম্মের মাসিক বেতন ১১০৲ টাকা এবং ২৫০০০৲ টাকার সংখ্যায় জামিন দিতে হইবেক ও আগামি আগষ্ট মাসের ২০ তারিখপর্য্যন্ত কটকের একৃটিং কালেক্টর সাহেবের হজুরে দরখাস্ত লওয়া যাইবেক ও যে কেহ কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তি উৎকল বিদ্যা জ্ঞাত থাকিবেক সেই ব্যক্তি অধিক উপযুক্ত হইবেক এবং যদ্যপি কেহ উৎকল ভাষা হইতে জ্ঞাত না থাকে তবে তাহার জন্য কোন ব্যাঘাতজনক হইবেক নাই অতএব সর্ব্ব সাধারণ লোকদিগের জ্ঞাপনার্থে ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ এ কর্ম্মের প্রার্থনা রাখে উক্ত তারিখপর্য্যন্ত কটকের একৃটিং কালেক্টর সাহেবের হজুরে দরখাস্ত করিবেক ইতি সন ১৮৫২। তারিখ ২৪ জুলাই।

G. D. WILKINS, *Offg. Collector.*

---

### MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. OGG, *Register.*

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দপ্তরখানায় তলব করিলে পাইতে পারেন। মুল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর।

---

## MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

### NOTICE.

The following Government Promissory Notes, viz.—

A First Five per Cent. loan, No. 2716 of 2611 of 1829-30 for Sa. Rs. 5,000 and a Second Five per Cent. loan, No. 44,218 of 1841-42 for Co's. Rs. 1,000, being the Property of one Sreemutty Matunginy Dassee, the Widow of Issenchunder Paul, deceased, have been lately lost from the possession of Juggutchunder Paul, her constituted Attorney, of which Notice has been duly given to the General Treasury, any person finding and handing over the same shall be rewarded handsomely. Apply to Mr. Arthur St. John Carruthers, Attorney at Law, Supreme Court.

Calcutta, 4, Old Post Office Street, 5th August, 1852.

ইশ্‌তিহার।

মৃত ঈশ্বরচন্দ্র পালের বিধবা শ্রীমতী মাতঙ্গিনী দাসীর ১৮২৯। ৩০ সালের ২৭১৬। ২৬১১ নম্বরের সিক্কা ৫০০০৲ টাকার শতকরা পাঁচ টাকার সুদের প্রথম এক কেতা কোম্পানির কাগজ এবং ১৮৪১। ৪২ সালের ৪৪২১৮ নম্বরের শতকরা ৫৲ টাকার সুদের কোং ১০০০৲ টাকার দ্বিতীয় এক কেতা কোম্পানির কাগজ তাহার উকীল জগৎচন্দ্র পালের দখলে ছিল তাহা খোয়া গিয়াছে তদ্বিষয়ের সম্বাদ জেনরল ট্রেজুরীতে দেওয়া গিয়াছে। যে কোন ব্যক্তি তাহা পাইয়া ফিরিয়া দিবেন তাঁহাকে উত্তমরূপে পুরস্কার দেওয়া যাইবেক। সুপ্রিম কোর্টের উকীল আর্থর সেণ্টজান কারুথর্স সাহেবের নিকটে বিশেষ বেওরা জানা যাইতে পারিবেক।

কলিকাতা। ৪ নম্বর। ওল্‌ড পোষ্ট আফিস ষ্ট্রিট ১৮৫২ সাল ৫ আগষ্ট।

---

### NOTICE.

Stolen.—The following Bank of Bengal Notes, the Numbers of which have been stopped at the Bank. Nos. 28,727, 32,875, 25,350, 21,948,—25 each, Co's. Rs. 100.

ইশ্‌তিহার।

নীচের লিখিত নম্বরের ২৫৲ টাকা করিয়া ১০০৲ টাকার ৪ কেতা বাঙ্গাল ব্যাঙ্ক নোট চুরি করা গিয়াছে। ব্যাঙ্কে তাহার টাকা দেওয়া বন্দ হইয়াছে। নম্বর ২৮৭২৭। ৩২৮৭৫। ২৫৩৫০। ২১৯৪৮।

---

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন গুরুতর মোকদ্দমা সকলের রেপোর্ট যাহা ইতঃ পূর্ব্বে শ্রীযুত হার্লিডে সাহেব-কর্ত্তৃক পারস্য ভাষায় তরজমা হইয়া প্রচার পাইয়াছিল এবং যাহা সরকারে মনোনীত ও ক্রীত হওত সদর আদালতের ১৮৪০ সালের ৩০ আক্‌টোবর দিবসীয় সরকুলর চিঠী সম্বলিত প্রত্যেক জিলার আদালতে প্রদত্ত হইয়াছিল তাহার বাঙ্গালা রেপোর্ট বহী প্রস্তুত হইয়াছে। এই বঙ্গ ভাষার রেপোর্ট বহীতে প্রথমোপস্থিত মোকদ্দমার আরজী জওয়াব, জওয়াবলজওয়াব, রুদ্দলজওয়াবের খোলাসা, উভয় পক্ষীয় দলীল এবং সাক্ষির জোবানবন্দীর বিবরণ আর জিলা, ও আপীল আদালতের নিষ্পত্তির হেতুবাদ বিস্তারমত পরিষ্কাররূপ লিখিত হইয়াছে। এই পুস্তক কলিকাতার চিনাবাজার ডোমটুলীর শ্রীযুত বাবু নীলমণি সরকারের ৩ নং দোকানে তথা চিৎপুরস্থ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ বসুর নিকটে পাওা যায় মুল্য ৩৲ তিন টাকা মাত্রেতি।

[*Government Gazette, 10th August, 1852.*]

### দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

### আইনের

## সার সংগ্রহ।

এই গ্রন্থ শ্রীযুত মেক্‌ফর্সন্ সাহেবের রচিত ইংরাজী পুস্তক ও অন্যান্য প্রসিদ্ধ মুল গ্রন্থহইতে বঙ্গ ভাষায় সংগৃহীত ও অনুবাদিত হইয়া শীঘ্র মুদ্রিত হইবেক।

আইনের এবারৎ অতি কঠিন, এপ্রযুক্ত তাহার প্রকৃত অর্থ অনেকের হৃদয়ঙ্গম হয় না, কিন্তু উপরোক্ত গ্রন্থে চলিত আইন, কনষ্ট্রুকসন, সরকুলর অর্ডর ও নজির প্রভৃতি যাবদীয় বিধানের স্থূল মর্ম্ম কাহিনীর ন্যায় গ্রন্থকর্ত্তার স্বীয় ভাষায় সংক্ষেপে লিখিত হওয়াতে তাহা ভাবতের পক্ষে অতিশয় সহজ ও সুবোধক হইয়াছে। গ্রহণেচ্ছুক মহাশয়েরা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে আপন২ নাম ও বাসস্থানের নির্ণয় শহর কলিকাতার মিলিটারী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট প্রেরণ করিলে উক্ত পুস্তক ২০৲ টাকা মুল্যে পাইতে পারিবেন, গ্রন্থ প্রকাশের পরে যাঁহারা গ্রাহক হইবেন তাঁহাদিগের প্রতি পুস্তকের মুল্য ২৫৲ টাকা ধার্য্য হইল ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১০ আগষ্ট।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

# গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

CALCUTTA, TUESDAY, AUGUST 17, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ১৭ আগষ্ট।

## DRAFT OF ACT.

Act No. —— of 1852.

*An Act for the Registration of Assurances in the Territories under the Government of the East India Company.*

[Continued from Page 428]

XLIX. "The Index of Insolvents" to "the General Register," shall be an alphabetical Index of such Insolvents, and, save where otherwise provided by the Regulations to be made under this Act, shall be made and kept in the manner and form hereinbefore provided for the making and keeping of "the Index of Insolvents" to "the Register of Title Deeds relating to lands," or as near thereto as circumstances will admit, and shall contain such other particulars as under any Regulation to be made as hereinafter mentioned shall be directed.

*The "Index of Insolvents" to "the General Register."*

L. All Assurances by which any lands and also money or moveable property are affected, and registered in "the Register of Title Deeds relating to lands," according to Section XVI. of this Act, shall be indexed in the proper Indexes to "the General Register," as well as in the proper Indexes of the "Register of Title Deeds relating to lands."

*Assurances affecting both lands and moveable property to be indexed in the proper Indexes of both Registers.*

## আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দলীলের রেজিষ্টরী করণের আইন।

[৪২৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

["সাধারণ রেজিষ্টরীর" "যোত্রহীনদিগের ইণ্ডেক্স।"

৪৯ ধারা। "সাধারণ রেজিষ্টরীর" "যোত্রহীনদিগের ইণ্ডেক্স" ঐ যোত্রহীনেরদের নামের বর্ণক্রমে ইণ্ডেক্স হইবেক এবং এই আইনানুসারে যে২ বিধি করিতে হইবেক তাহাতে অন্য প্রকার হুকুম না থাকিলে "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর" "যোত্রহীনেরদের ইণ্ডেক্স" করিবার ও রাখিবার জন্যে পূর্ব্বোক্তমতে যেরূপ হুকুম আছে সেইরূপে এবং সেই পাঠানুসারে তাহা করা যাইবেক ও রাখা যাইবেক অথবা সাধ্যপর্য্যন্ত তাহার সদৃশ করা যাইবেক ও রাখা যাইবেক এবং পশ্চাৎ লিখিতমতে যে কোন বিধি করা যায় সেই বিধিতে অন্য যে সকল বৃত্তান্তের বিষয়ের হুকুম হয় তাহা তাহার মধ্যে লেখা যাইবেক ইতি।

[যে দলীলেতে ভূমি এবং অস্থাবর সম্পত্তি উভয় লিপ্ত থাকে তাহার উভয় রেজিষ্টরীর উপযুক্ত ইণ্ডেক্সের মধ্যে ইণ্ডেক্স করা যাইবেক।]

৫০ ধারা। যে সকল দলীলের দ্বারা কোন ভূমি এবং টাকা অথবা অস্থাবর সম্পত্তি লিপ্ত হয় এবং এই আইনের ১৬ ধারানুসারে ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর মধ্যে রেজিষ্টরী করা যায় তাহার "সাধারণ রেজিষ্টরের" উপযুক্ত ইণ্ডেক্সের মধ্যে এবং "ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরের উপযুক্ত ইণ্ডেক্সের" মধ্যে ইণ্ডেক্স করা যাইবেক ইতি।

**LI.** On the registration of any Assurance made by an heir at law or other person, by way of confirmation of a Will which has been registered under this Act, or of any appointment of new Trustees under any such Will, or of any release or assurance of any lands or charges on lands comprised in or affected by any such will, which, in the opinion of the Registrar, may be conveniently indexed with reference to such Will, the Registrar may cause to be entered in "the Index to Testators and Intestates," opposite to or in connexion with the entry in relation to such Will, a reference to the head or entry under which such Assurance, appointment, or release is entered in the Index of Titles.

Appointments of new Trustees and other like assurances may be indexed in the "Index of Testators and Intestates."

**LII.** Each District Registrar shall cause the entries required to be made on registering or indexing any Assurance under this Act to be made immediately after the Assurance is received at the Register Office, and no Assurance shall be deemed registered under this Act unless and until all the entries required under this Act in respect of such Assurance have been duly made; provided that when, upon the registration under this Act of an Assurance affecting lands, all the entries which would be required for such registration have been duly made with respect to part only of the lands affected thereby, such Assurance shall, as to the lands with respect to which such entries have been so made, but not as to the residue of the lands affected by such Assurance, be deemed duly registered under this Act.

Entries to be made immediately on receipt of document, and no Assurance registered until entries made.

Assurance duly entered as to part only of the lands to be deemed duly registered as to such part.

**LIII.** Any person having an interest in any lands, money, or moveable property in the said Territories, under any Assurance by this Act authorized to be registered, which has not been registered, may require any person in possession of the original document, or, (where the original document or the several original documents is or are lost) a copy of, or (in cases where no copy is known to exist) an extract from the original document, or of or from any of the original documents, to deliver or send the same at or to the proper Register Office, for the purpose of its being registered; and in case the person in whose possession the same shall be refuse so to do, it shall be lawful for any Judge of any Court of Civil Judicature, upon a summary application, to make such

Any person claiming under an Assurance may compel the registration thereof by application to a Judge.

[নূতন ট্রুষ্টির নিয়োগপত্র এবং তাহার সদৃশ দলীল "উইলকারি এবং যাঁহারা উইল না করিয়া ম, তাঁহারদের ইণ্ডেক্সের" মধ্যে ইণ্ডেক্স করা যাইতে পারে।

৫১ ধারা। এই আইনানুসারে যে উইল রেজিষ্টরী হইয়াছে তাহা মঞ্জুরস্বরূপ আইনক্রমে উত্তরাধিকারি অথবা অন্য ব্যক্তির করা কোন দলীল অথবা সেইরূপ উইলক্রমে কোন নূতন ট্রুষ্টি নিযুক্তহওয়া অথবা ঐরূপ কোন উইলের মধ্যে লিখিত কি তাহার দ্বারা লিপ্ত কোন ভূমির কি ভূমির উপর দাওয়ার ফারখৎ কিম্বা দলীল রেজিষ্টরী হইলে যদি রেজিষ্ট্রার সাহেব এইমত বোধ করেন যে ঐ২ দলীল ঐ উইলসম্পর্কে ইণ্ডেক্স করিলে সুগম হইবেক তবে ঐ রেজিষ্ট্রার সাহেব "উইলকারিরদের এবং যাঁহারা উইল না করিয়া মরেন তাঁহারদের ইণ্ডেক্সের" মধ্যে ঐ উইলসম্পর্কীয় নিদর্শনের পার্শ্বে কি তাহার সংযোগে যে শিরনামা অথবা নিদর্শনের নিম্নে সংজ্ঞার ইণ্ডেক্সের মধ্যে ঐ দলীল বা নিয়োগ কি ফারখৎ লেখা আছে তাহাতে এক নিদর্শন লিখিতে হুকুম দিতে পারেন ইতি।

[কাগজপত্র পাইবামাত্র তাহার নিদর্শন লিখিতে হইবেক এবং যাবৎ ঐ নিদর্শন না লেখা গিয়াছে তাবৎ কোন দলীল রেজিষ্টরী হইবেক না।]

[যে দলীলের নিদর্শন ভূমির কেবল এক ভাগের বিষয়ে করা গিয়াছে তাহা ঐ ভাগের সম্পর্কে রেজিষ্টরী হইয়াছে জ্ঞান হইবেক।]

৫২ ধারা। এই আইনানুসারে কোন দলীল রেজিষ্টরী বা ইণ্ডেক্স হওন সময়ে যে নিদর্শন লিখিতে হয় প্রত্যেক প্রদেশের রেজিষ্ট্রার সাহেব ঐ দলীল রেজিষ্টরী দপ্তরে পঁহুছনের পর তৎক্ষণাৎ লিখিতে হুকুম দিবেন এবং এই আইনানুসারে যে সকল নিদর্শন লিখিতে হয় ঐ দলীলের বিষয়ে যাবৎ ঐ সকল নিদর্শন রীতিমত না লেখা গিয়া থাকে তাবৎ কোন দলীল এই আইনানুসারে রেজিষ্টরী হইয়াছে এইমত বোধ করা যাইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে ভূমিলিপ্ত কোন দলীল এই আইনানুসারে রেজিষ্টরী হইলে যে সকল নিদর্শন ঐ রেজিষ্টরীর জন্যে লিখনের আবশ্যক আছে সেই সকল নিদর্শন যদি সেই দলীল লিপ্ত ভূমির কেবল এক ভাগের বিষয়ে রীতিমত করা গিয়াছে তবে ঐ দলীল কেবল যে ভূমিসম্পর্কীয় নিদর্শন করা গিয়াছে সেই ভূমির বিষয়ে এই আইনানুসারে রীতিমত রেজিষ্টরী হইয়াছে বোধ হইবেক কিন্তু ঐ দলীলের লিপ্ত ভূমির অবশিষ্ট ভূমির বিষয়ে বোধ হইবেক না ইতি।

[কোন দলীলক্রমে যে ব্যক্তি দাওয়া রাখেন তিনি জজ সাহেবের নিকটে দরখাস্ত করিয়া তাহার রেজিষ্টরী করাইতে পারেন।]

৫৩ ধারা। এই আইনানুসারে যে দলীল রেজিষ্টরী করিবার হুকুম আছে কিন্তু রেজিষ্টরী হয় নাই এইমত দলীলক্রমে ঐ রাজ্যের মধ্যে কোন ব্যক্তির কোন ভূমি বা টাকা কি অস্থাবর সম্পত্তিতে কোন লাভ থাকিলে সেই ব্যক্তি যাঁহার দখলে আসল কাগজপত্র থাকে অথবা (যেখানে আসল কাগজপত্র বা নানা আসল কাগজপত্র খোয়া গিয়াছে) তাহার এক নকল থাকে অথবা (যে গতিকে কোন নকল নাই জানা আছে সেই গতিকে) ঐ আসল কাগজপত্র কিম্বা কোন আসল কাগজপত্রের চুম্বক থাকে তাহাকে তাহা রেজিষ্টরী হওনার্থে উপযুক্ত রেজিষ্টরী দপ্তরে দাখিল করিতে কি পাঠাইতে হুকুম দিতে পারেন। এবং যে ব্যক্তির দখলে ঐ কাগজপত্র থাকে তিনি যদি তাহা করিতে স্বীকৃত না হন তবে কোন দেওয়ানী আদালতের জজ সরাসরী দরখাস্ত পাইলে পূর্ব্বোক্ত অভিপ্রায়ের জন্যে ঐ কাগজপত্র কি নকল কিম্বা পূর্ব্বোক্ত চুম্বক উপযুক্ত রেজিষ্টরী দপ্তরে দাখিল করিতে বা পাঠাইতে যে হুকুম

order respecting the delivery or sending of such document, or copy, or extract as aforesaid at or to the proper Register Office for the purpose aforesaid as to such Judge, in the exercise of his discretion, shall, under the circumstances of the case, appear proper: and on non-compliance with any such order or rule the same may be registered as in Section XXX. hereinbefore mentioned. Provided always, that this enactment shall not authorize any person to require or enforce the registration of any Assurance, or copy, or extract of an Assurance, affecting lands at Law or in Equity, in case any Agreement or Provision has been made for the non-registration of such Assurance by him, or by any person from or through whom he derives an interest under such Assurance.

Judge may make order as to costs, and may order office copy to be furnished at the expense of the applicant.

LIV. It shall be lawful for the Judge, to whom any such application is made, to make such order respecting the costs of such application, and the costs incidental thereto, and the costs of Registration, as to such Judge shall seem proper; and it shall also be lawful for such Judge, if he think fit, to order that an Office copy of the original document, copy, or extract to be delivered or sent as aforesaid, shall be furnished to the party by whom the same shall be so delivered or sent, at the expense of the party by whom the application is made.

Appeals from such orders.

LV. Provided always, that where any Judge of Her Majesty's Courts or of the Courts of Sudder Adawlut makes or refuses to make any such order as aforesaid, application may be made to the whole Court of which he is a Judge to rescind or vary such order, or to make such order as the case may require, and such Court shall hear and determine the matter of such application; and where any Judge of a Small Cause Court makes or refuses to make any such order, application may be made to Her Majesty's Court having jurisdiction in the Town where such Small Cause Court is situate; and where any other Judge makes or refuses to make any such order, application may be made to the Sudder Adawlut of the Presidency in which such Judge has jurisdiction, to rescind or vary such order, or to make such order as the case may require, and the said Courts of Her Majesty and Sudder Adawlut, as the case may be, shall respectively hear and determine the matter of such application.

Assurances affecting lands authorized to be registered to be void as against purchasers unless registered.

LVI. Every Assurance by this Act authorized to be registered, other than a Will, decree, or order, shall (so far as regards any lands in the said Territories to be affected thereby) be void as against any person claiming for valuable consideration un-

ঐ জজ মোকদ্দমার বৃত্তান্ত দৃষ্টে তাঁহার বিবেচনায় উপযুক্ত বোধ হয় সেইমত হুকুম করিতে পারেন। এবং সেই হুকুম কি বিধি প্রতিপালন না হইলে ঐ প্রকার কাগজপত্র পূর্ব্ব লিখিত ৩০ ধারার বিধির অনুসারে রেজিষ্টরী হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি ঐ প্রকার দলীল রেজিষ্টরী না করণের বিষয়ে তাঁহার দ্বারা অথবা যে কোন ব্যক্তির দ্বারা তিনি ঐ দলীলে কোন লাভ প্রাপ্ত হইয়াছেন সেই ব্যক্তির দ্বারা কোন বন্দোবস্ত অথবা নিয়ম হইয়া থাকে তবে আইনানুসারে কিম্বা একুটিপক্ষে লিপ্ত কোন দলীল বা কোন দলীলের নকল কি চুম্বক বলপূর্ব্বক রেজিষ্টরী করাইতে কোন ব্যক্তিকে ক্ষমতা দেওয়া গেল না ইতি।

[খরচার বিষয়ে জজ হুকুম করিতে পারেন এবং দরখাস্তকারির খরচে দপ্তরে প্রস্তুতহওয়া নকল দিতে হুকুম করিতে পারেন।]

৫৪ ধারা। যে জজের নিকটে এইরূপ কোন দরখাস্ত হয় তিনি ঐ দরখাস্তের খরচের বিষয়ে এবং তৎসম্পর্কীয় যে খরচ হয় তাহার এবং রেজিষ্টরীর খরচের বিষয়ে যেমত হুকুম ঐ জজের উচিত বোধ হয় সেই মত হুকুম করিতে পারেন। এবং ঐ জজ উচিত বোধ করিলে এমত হুকুম করিতে পারেন যে যে আসল কাগজপত্র বা নকল বা চুম্বক পূর্ব্বোক্তমতে দাখিল করিতে অথবা পাঠাইতে হয় সেই দপ্তরখানায় প্রস্তুতকরা এক নকল আসল কাগজপত্রপ্রভৃতি যে ব্যক্তির দ্বারা তাহা দাখিল হয় বা প্রেরিত হয় তাঁহাকে দিতে হুকুম করিতে পারেন এবং যে ব্যক্তি দরখাস্ত করিলেন তাঁহার খরচে তাহা দেওয়া যাইবেক ইতি।

[ ঐ হুকুমের উপর আপীল।]

৫৫ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের অথবা সদর দেওয়ানী আদালতের কোন এক জন জজ সাহেব যখন সেইরূপ পূর্ব্বোক্ত কোন হুকুম করেন বা করিতে স্বীকৃত না হন তখন তিনি যে আদালতের জজ হন সেই সম্পূর্ণ আদালতে এইমত দরখাস্ত করা যাইতে পারে যে তাঁহার ঐ হুকুম রদ বা মতান্তর হয় অথবা মোকদ্দমা বুঝিয়া যেমত হুকুমের আবশ্যক সেইমত হুকুম করা যায় এবং ঐ সম্পূর্ণ আদালত সেই দরখাস্তের বিষয় শুনিবেন এবং নিষ্পত্তি করিবেন। এবং যখন অল্প মূল্যের মোকদ্দমার আদালতের কোন জজ সেইরূপ কোন হুকুম করেন বা সেইরূপ হুকুম করিতে স্বীকৃত না হন তখন যে শহরের মধ্যে ঐ অল্প মূল্যের মোকদ্দমার আদালত থাকে সেই শহরে শ্রীশ্রীমতী মহারাণীর যে আদালতের এলাকা থাকে সেই আদালতে দরখাস্ত করা যাইতে পারে। এবং যদি অন্য কোন জজ সেইরূপ হুকুম করেন অথবা করিতে স্বীকৃত না হন তবে ঐ জজের যে রাজধানীর মধ্যে এলাকা থাকে সেই রাজধানীর সদর আদালতে এইমত দরখাস্ত করা যাইতে পারে যে ঐ হুকুম রদ বা মতান্তর হয় অথবা সেই মোকদ্দমায় অন্য যে হুকুমের আবশ্যক হয় সেইমত হুকুম করা যায় এবং শ্রীশ্রীমতী মহারাণীর আদালত এবং বিষয়বিশেষে সদর দেওয়ানী আদালত ঐ দরখাস্তের বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন ইতি।

[ভূমিলিপ্ত যে দলীল রেজিষ্টরী করিবার হুকুম আছে তাহা রেজিষ্টরী না হইলে খরীদারেরদের বিরুদ্ধে তাহা বাতিল হইবেক।]

৫৬ ধারা। উইল বা ডিক্রী কি হুকুমছাড়া যে প্রত্যেক দলীল এই আইনের দ্বারা রেজিষ্টরী করণের হুকুম আছে তাহা (যেপর্য্যন্ত তদ্দ্বারা উক্ত দেশের মধ্যের কোন ভূমি লিপ্ত হইবেক সেইপর্য্যন্ত) পশ্চাৎ লিখিত যে

der any subsequent Assurance duly registered, unless the prior Assurance have been registered in the manner directed by this Act before the registration of the subsequent Assurance.

দলীল রীতিমত রেজিষ্টরী হইয়াছে সেই দলীলক্রমে যে ব্যক্তি কোন মূল্যবান বিষয়ের বাবৎ দাওয়া করেন তাঁহার বিরুদ্ধে তাহা বাতিল হইবেক। কিন্তু যদি শেষের লিখিত দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে ঐ প্রথম লিখিত দলীল এই আইনের নির্দ্দিষ্টমতে রেজিষ্টরী হইয়া থাকে তবে তাহা বাতিল হইবেক না ইতি।

Equitable mortgage by deposit of Deeds, and lien for purchase-money, to be void as against purchasers, unless Memorandum registered.

LVII. Where any equitable mortgage affecting lands in the said Territories is made by the deposit of Title Deeds after such commencement of Registration, and where, by reason of the non-payment of purchase-money, a vendor has, at any time after such commencement of Registration, acquired a lien for such purchase-money on any lands in the said Territories, such equitable mortgage and lien respectively shall be void as against any person claiming for valuable consideration under any subsequent Assurance duly registered, unless, in the respective case of such equitable mortgage and lien, such Memorandum, as is hereinbefore in such respective cases authorized to be registered, be registered in the manner required by this Act before the registration of the subsequent Assurance.

[দলীল আমানতের দ্বারা ন্যায্য বন্ধক এবং খরীদের টাকার দায় যদি ঐ সকল লিপি রেজিষ্টরী না হয় তবে তাহা খরীদারের বিরুদ্ধে বাতিল হইবেক।]

৫৭ ধারা। রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর যদি উক্ত রাজ্যের মধ্যে দলীলদস্তাবেজ আমানতের দ্বারা কোন ভূমিসম্পর্কীয় ন্যায্য বন্ধক হয় এবং যদি খরীদের টাকা না দেওয়াপ্রযুক্ত ঐ রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর কোন সময়ে কোন বিক্রেতা ঐ রাজ্যের মধ্যে স্থিত কোন ভূমির উপর ঐ খরীদের টাকাপ্রযুক্ত কোন দাওয়া প্রাপ্ত হয় তবে ঐ ন্যায্য বন্ধক এবং ঐ দাওয়া পরের লিখিত এবং রীতিমত রেজিষ্টরীহওয়া দলীলক্রমে যে কোন ব্যক্তি কোন মূল্যবান বিষয়ের বাবৎ দাওয়া রাখেন তাঁহার বিরুদ্ধে রদ ও বাতিল হইবেক। কিন্তু যদি পশ্চাৎ লিখিত দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে ঐ ন্যায্য বন্ধক ও দাওয়ার নিদর্শন যে প্রকার ঐ২ গতিকে রেজিষ্টরী করণের হুকুম আছে সেই প্রকারে রেজীষ্টরী হইয়া থাকে তবে তাহা রদ ও বাতিল হইবেক না ইতি।

Unregistered Will to be void against purchaser from persons entitled under a registered Will, or, in default of a Will, where Letters of Administration or Affidavit of Intestacy registered.

LVIII. Where any Will, Letters of Administration, Certificate, or Affidavit of Intestacy, authorized to be registered under this Act, has or have been duly registered, every other Will authorized to be registered under this Act, made by the person by whom such first-mentioned Will was made, or in respect of whose Estate and Effects such Letters of Administration or Certificate were granted, or with respect to whose Intestacy or alleged Intestacy such Affidavit was made, shall, so far as regards any lands in the said Territories, be void as against any person claiming for valuable consideration under any Assurance duly registered under this Act, made after the death of the Testator by any person claiming immediately or derivatively under such first mentioned Will, or such Letters of Administration or Certificate, or by any other person by whom such Assurance might have been made if such other Will as aforesaid had not been executed, unless such other Will be registered before the registration of such Assurance, or such first mentioned Will, Letters of Administration, Certificate or Affidavit.

Registration of Will within two years after Testator's death effectual.

Provided always, that every Will registered within two years after the death of the Testator, shall be as valid and effectual as if the same had been registered immediately after the death of the

[রেজিষ্টরীহওয়া উইলঅনুসারে যাঁহারদের স্বত্ত্ব থাকে তাঁহারদের স্থানে খরীদারের বিরুদ্ধে রেজিষ্টরী না হওয়া উইল বাতিল হইবেক অথবা উইল না থাকিলে লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেসন কি উইল না করিয়া মরণের সুকৃতিপত্র রেজিষ্টরী না হইলে তাহা বাতিল হইবেক।]

[উইলকারি ব্যক্তিরদের মরণের পর দুই বৎসরের মধ্যে উইল রেজিষ্টরী হইলে তাহা সিদ্ধ হইবেক।]

[যদি উইল ছাপাওনের বিষয়ে বিরোধ হয় তবে যে ব্যক্তির লাভালাভ থাকে তিনি উইলের সুকৃতিপত্র রেজিষ্টরী করিতে পারেন।]

[আদালত উইলের সুকৃতিপত্রের রেজিষ্টরী করণ বাতিল করিতে পারেন।]

৫৮ ধারা। যে উইল বা লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেসন অথবা সর্টিফিকট কি উইল না করিয়া মরণের সুকৃতিপত্র এই আইনানুসারে রেজিষ্টরী করণের হুকুম আছে এমত কোন উইলপ্রভৃতি যখন রীতিমত রেজিষ্টরী হইয়াছে তখন অন্য যে প্রত্যেক উইল এই আইনানুসারে রেজিষ্টরী করণের হুকুম আছে এবং যে ব্যক্তির দ্বারা প্রথমোক্ত উইল করা গিয়াছে তাঁহার দ্বারা করা গেল কি যে ব্যক্তির ইষ্টেট ও সম্পত্তির সম্পর্কে ঐ লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেসন কি সর্টিফিকট দেওয়া গিয়াছে সেই ব্যক্তির দ্বারা করা গেল অথবা যে ব্যক্তির উইল না করিয়া মরণের বিষয়ে বা কথিত বিষয়ে ঐ সুকৃতিপত্র করা গিয়াছিল তাঁহার দ্বারা করা গেল এইমত প্রত্যেক উইল ঐ রাজ্যের মধ্যে স্থিত কোন ভূমির সম্পর্কে যে কোন ব্যক্তি এই আইনানুসারে রীতিমত রেজিষ্টরীহওয়া কোন দলীলক্রমে কোন মূল্যবান বিষয়ের বাবৎ দাওয়া করেন এবং ঐ দলীল যে কোন ব্যক্তি প্রথমোক্ত উইল বা লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেসন কি সর্টিফিকটক্রমে একেবারে অথবা অন্য ব্যক্তির দ্বারা দাওয়া করেন কিম্বা অন্য যে কোন ব্যক্তির দ্বারা ঐ পূর্ব্বোক্ত উইল না করা গেলে ঐরূপ দলীল করা যাইতে পারিত এমত ব্যক্তির দ্বারা করা কোন দলীলক্রমে যে কোন ব্যক্তি দাওয়া করেন তাঁহার বিরুদ্ধে ঐ উইল বাতিল হইবেক। কিন্তু যদি ঐ দলীল অথবা প্রথমোক্ত

Testator: Provided also, that if, by reason of the concealment, suppression, or contesting of any Will, or other inevitable difficulty, any person interested thereunder be disabled from registering the same within such two years, and such person, or any person on his behalf, within such last mentioned period, make and register, in manner herein directed, an Affidavit, stating the name and addition of the Testator, the date of his death, and the impediment to the registration of such Will which may be existing at the time of making such Affidavit, then and in such case the registration of such Will in manner directed by this Act, within six calendar months next after all impediments to the registration thereof are removed, shall, unless before such registration the registration of such Affidavit be cancelled under the provision hereinafter contained, be as valid and effectual as if the same had been registered immediately after the death of the Testator; and such Affidavit as aforesaid shall be deposited in the Register Office, and shall be made up and numbered in like manner as hereinbefore directed concerning registered Wills, and the like entries shall be made in relation to such Affidavit in the "Index to Testators and Intestates" as in the case of a registered Will, save that in describing the document deposited, the same shall be called an Affidavit of a Will: Provided always, that where an Affidavit of a Will is registered under the provision lastly hereinbefore contained, it shall be lawful for the Court of Civil Judicature of the district in the Register Office of which the same is registered, upon the application, by motion or petition in a summary way, without bill or plaint filed, of any person claiming as Heir, Executor, Administrator, Representative, or otherwise any estate or interest in lands, money, or moveable property in the said Territories which might have been defeated or affected by the Will of the person in respect of whose Will or alleged Will such Affidavit is made, in case it appear to the said Court that such Affidavit was made and registered without due cause, or that the cause for making and registering the same has ceased, or otherwise that the registration of such Affidavit should be cancelled, to order such cancellation accordingly; and it shall be lawful for such Court on any such application to award such costs, and generally to make such order in relation to the premises, as to such Court may seem fit, and the Registrar shall, where such Court orders such registration to be cancelled, cancel the entries in the Index in relation to such Affidavit.

If concealment of Will contested, party interested may register an Affidavit as to Will.

Court may order Registration of Affidavit of a Will to be cancelled.

**LIX.** Where the first vesting or other order, or nomination, appointment, or choice of any Assignees in

Purchasers pro-



উইল কি লেটর্স অফ আড্‌মিনিষ্ট্রেসন কি সর্টিফিকট বা সুকৃতিপত্র রেজিষ্টরী হওনের পূর্ব্বে ঐ অন্য উইল রেজিষ্টরী হইয়া থাকে তবে তাহা বাতিল হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে উইলকারি ব্যক্তির মরণের অব্যবহিত পরে কোন উইল রেজিষ্টরী হইলে যেরূপ সিদ্ধ ও বলবৎ হইত উইলকারি ব্যক্তির মরণের পর দুই বৎসরের মধ্যে উইল রেজিষ্টরী হইলে সেইরূপ সিদ্ধ ও বলবৎ হইবেক। আরো জানা কর্ত্তব্য যে কোন উইল লুকাইয়া রাখণ বা ছাপাইয়া রাখণ কি তদ্বিষয়ে বিবাদকরণপ্রযুক্ত অথবা অন্য কোন অনিবার্য্য বিভ্রাটপ্রযুক্ত যে ব্যক্তির উইলক্রমে লাভালাভ আছে এমত ব্যক্তি যদি ঐ দুই বৎসরের মধ্যে তাহা রেজিষ্টরী করিতে না পারেন এবং সেই ব্যক্তি অথবা তাঁহার পক্ষে অন্য ব্যক্তি শেষোক্ত মিয়াদের মধ্যে যদি পশ্চাৎ লিখিতমতে এক সুকৃতি করেন ও রেজিষ্টরী করেন এবং সেই সুকৃতিপত্রের মধ্যে উইলকারি ব্যক্তির নাম ও পদবী ও তাঁহার মরণের তারিখ এবং ঐ সুকৃতি করণের সময়ে ঐ উইল রেজিষ্টরী করণের যে ব্যাঘাত থাকে তাহা ঐ সুকৃতিপত্রের মধ্যে লেখেন তবে ঐ উইল রেজিষ্টরী করণের সকল ব্যাঘাত নিবৃত্ত হওনের পর সম্পূর্ণ ছয় মাসের মধ্যে ঐ উইল এই আইনের নির্দ্দিষ্টমতে রেজিষ্টরী করা গেলে এবং রেজিষ্টরী হওনের পূর্ব্বে ঐ সুকৃতিপত্রের রেজিষ্টরীর কর্ম্ম পশ্চাৎ লিখিত নিয়মানুসারে বাতিল না হইলে ঐ রেজিষ্টরীর কর্ম্ম উইলকারি ব্যক্তির মরণের অব্যবহিত পরে রেজিষ্টরী হইলে যেরূপ সিদ্ধ ও বলবৎ হইত সেইরূপ সিদ্ধ ও বলবৎ হইবেক। এবং সেইরূপে সুকৃতিপত্র রেজিষ্টরী দপ্তরে আমানৎ হইবেক এবং রেজিষ্টরিহওয়া উইলের বিষয়ে পূর্ব্বোক্তমতে যেরূপ হুকুম আছে সেইরূপে তাহা বহীতে বাঁধা যাইবেক ও নম্বর দেওয়া যাইবেক এবং রেজিষ্টরীহওয়া উইল "উইলকারিরদের এবং যাঁহারা উইল না করিয়া মরেন তাঁহারদের ইণ্ডেক্সের" মধ্যে যেরূপ লেখা যায় সেইরূপে এই সুকৃতিপত্র লেখা যাইবেক। কেবল আমানৎহওয়া ঐ দলীলের বর্ণনা করণ সময়ে তাহা উইলের সুকৃতিপত্র কহা যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত লিখিত বিধির অনুসারে যখন কোন উইলের সুকৃতিপত্র রেজিষ্টরী হয় তখন যে জিলার রেজিষ্টরী দপ্তরে তাহা রেজিষ্টরী হয় সেই জিলার দেওয়ানী আদালতের নিকটে যে ব্যক্তির উইল অথবা কথিত উইলের বিষয়ে ঐ সুকৃতি করা যায় সেই ব্যক্তির উইলের দ্বারা উক্ত রাজ্যের মধ্যে যে ভূমি কি টাকা বা অস্থাবর সম্পত্তির কোন ইষ্টেট অথবা লাভের বিঘ্ন কি লিপ্ত হইতে পারিত সেই ইষ্টেট যে কোন ব্যক্তি উত্তরাধিকারী কি একসেকিটর কি আড্‌মিনিষ্ট্রেটর বা স্থলাভিষিক্ত কিম্বা প্রকারান্তরে কোন দাওয়া করেন সেই ব্যক্তি বিল ফাইল অথবা নালিশ করণ বিনা যদি সরাসরীমতে আরজী কি প্রকারান্তরে দরখাস্ত করেন এবং যদি সেই আদালতের এইমত বোধ হয় যে ঐ সুকৃতিপত্র উপযুক্ত কারণ বিনা করা গিয়াছিল এবং রেজিষ্টরী হইয়াছিল অথবা তাহা করণ কি রেজিষ্টরী করণের কারণ নিবৃত্ত হইয়াছে কি প্রকারান্তরে ঐ সুকৃতিপত্রের রেজিষ্টরী বাতিল করা উচিত তবে ঐ আদালত তাহা বাতিল করিতে হুকুম দিতে পারেন। এবং ঐরূপ দরখাস্ত হইলে ঐ আদালত খরচা দেওয়াইতে পারেন এবং সামান্যতঃ যেমত উচিত বোধ করেন সেইমতে ঐ বিষয়ে অন্য কোন হুকুম করিতে পারেন। এবং ঐ আদালত ঐ রেজিষ্টরী বাতিল করণের এইরূপ হুকুম দিলে রেজিষ্ট্রার সাহেব ঐ সুকৃতিপত্রের সম্পর্কে ইণ্ডেক্সের মধ্যের সকল লিপি বাতিল করিবেন ইতি।

[যদি আসৈনিপ্রভৃতির নিয়োগ রেজিষ্টরী না হয় তবে যোত্রহীনতার সম্পর্কে খরীদারেরা রক্ষা পাইবেক।]

৫৯ ধারা। যোত্রহীনতায় যে অর্পণের প্রথম অথবা

tected against Insolvency, unless appointment of Assignees, &c., be registered.

any Insolvency, under which the estate and effects of the Insolvent becomes vested in any Assignees or Trustee under the Insolvency, is made after the commencement of registration under this Act, such Insolvency, or any vesting or other order, nomination, appointment, or choice of Assignees thereunder, shall not, as against any person claiming for valuable consideration under any Assurance duly registered under this Act, made by the Insolvent or any other person by whom the same might have been made if such Insolvency had not happened, invalidate or affect such Assurance, so far as regards any lands in the said Territories, unless some such vesting or other order, or nomination, appointment, or choice of Assignees, as is authorized to be registered under this Act, be duly registered before the registration of such Assurance as aforesaid, or within one calendar month after the date of the order, nomination, appointment, or choice under which the estate and effects of the Insolvent have become vested in any Assignee or Trustee under the Insolvency.

[To be Continued.]

---

## CIRCULAR ORDER OF THE SUPERINTENDENT OF POLICE, L. P.

No. 5 of 1852.

*To the Magistrates, Joint Magistrates, Officers in Charge of Sub-Divisions and Assistant Superintendents, Thuggee Department, L. P.*

*Garden Reach, 1st July*, 1852.

I have the honor to forward you copy of a Resolution of the Presidency Court of Nizamut Adawlut, dated the 31st May, 1852, promulgating the rules relative to the appearance of the Remembrancer of Legal Affairs in the capacity of Government Advocate or his Deputies in the Court and his relation to the Superintendent of Police, and to the Magistrates.

2d. The Government Pleaders at the different Sessions Courts will be instructed by the Government Advocate invariably to apprize the Magistrate of the District, or the Officer exercising Magisterial powers at an out-station, when any case which has been committed to the Sessions from their several jurisdictions has been referred by the Judges to the Sudder Court, or having been decided by the Session Judge may have been appealed to the Sudder Court either by the prisoners themselves in Jail or by any party acting on their behalf in the Session Court.

3d. It will also be an instruction to the Government Pleaders at the Nizamut Adawlut in all cases to inform me, the Magistrate of the district, or other Officer exercising Magisterial powers within whose jurisdiction the appealed cases may have arisen, of all appeals filed in the Sudder Court on

অন্য হুকুম কি কোন আসৈনির নিয়োগ বা নামাঙ্কিত কি মনোনীত করণের দ্বারা যোত্রহীনের ইষ্টেট ও সম্পত্তি যোত্রহীনতাক্রমে কোন আসৈনি অথবা ট্রষ্টির প্রতি অর্পণ হয় এমত হুকুমপ্রভৃতি এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর করা গেলে ঐ যোত্রহীনতা অথবা তৎক্রমে কোন অর্পণ বা অন্য হুকুম বা আসৈনির নামাঙ্কিত বা নিযুক্ত কি মনোনীত করণ যোত্রহীনতা না হইলে যোত্রহীন ব্যক্তির দ্বারা অথবা অন্য যে কোন ব্যক্তির দ্বারা দলীল করা যাইতে পারিত তাঁহার দ্বারা করা যে কোন দলীল এই আইনানুসারে রীতিমত রেজিষ্টরী হইয়াছে সেই দলীলক্রমে যে কোন ব্যক্তি কোন মুল্যবান বিষয়ের বাবৎ দাওয়া করেন তাঁহার বিরুদ্ধে উক্ত রাজ্যের মধ্যে কোন ভূমির সম্পর্কে ঐ দলীলের ব্যাঘাত অথবা তাহা দুর্ব্বল হইবেক না। কিন্তু পূর্ব্বোক্ত দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে অথবা যে হুকুম বা নামাঙ্কিত বা নিয়োগ কি মনোনীতের কার্য্যক্রমে ঐ যোত্রহীনের ইষ্টেট ও সম্পত্তি যোত্রহীনতাক্রমে কোন আসৈনি অথবা ট্রষ্টির হাতে অর্পণ হয় সেই হুকুমপ্রভৃতির তারিখের পর সম্পূর্ণ এক মাসের মধ্যে যে অর্পণ কি অন্য হুকুম বা আসৈনির নামাঙ্কিত বা নিয়োগ কিম্বা মনোনীতের কর্ম্ম এই আইনানুসারে রেজিষ্টরী হওনের হুকুম দেওয়া গিয়াছে সেইরূপ অর্পণের হুকুম রেজিষ্টরী হইলে ঐ দলীল বিফল হইবেক কি লিপ্ত হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে হইবেক।]

---

## বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সরক্যুলর অর্ডর।

১৮৫২ সাল ৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব ও জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব ও এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব এবং ঠগী ডিপার্টমেণ্টের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবান বরাবরেষু।

গার্ডন রীচ। ১৮৫২ সাল ১ জুলাই।

সদর নিজামৎ আদালতের ১৮৫২ সালের ৩১ মে তারিখের নির্দ্ধারণের এক নকল তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে আদালতসম্পর্কীয় বিষয়ের রিমেম্ব্রান্সর সাহেবের গবর্ণমেণ্টের আডবোকেটস্বরূপ অথবা তাঁহার নায়েবের ঐ আদালতে উপস্থিত হওনের বিষয়ের বিধি এবং পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবদিগের সঙ্গে ঐ গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের যে সম্পর্কতা থাকিবেক তাহা জ্ঞাত করা গিয়াছে।

২। গবর্ণমেণ্টের শ্রীযুত আডবোকেট সাহেব নানা সেশন আদালতে সরকারী উকীলকে এই হুকুম দিবেন যে যে কোন মোকদ্দমা তাঁহারদের নানা এলাকাহইতে সেশন আদালতে সোপর্দ্দ হয় সেই মোকদ্দমা যখন সেশন জজ সাহেবের দ্বারা সদর আদালতে অর্পণ হয় অথবা যে মোকদ্দমা সেশন জজ সাহেবের দ্বারা নিষ্পত্তি হইলে পর তাহা জেলখানায় থাকা আসামীদিগের দ্বারা কি সেশন আদালতে তাহারদের তরফে কোন ব্যক্তির দ্বারা সদর আদালতে আপীল হইয়াছে তখন সেই২ বিষয়ের সম্বাদ তাঁহারা জিলার মাজিষ্ট্রেট সাহেবকে অথবা সদর মোকামছাড়া অন্য মোকামে যে কর্ম্মকারকেরদের মাজিষ্ট্রেটী ক্ষমতা থাকে তাঁহাকে নিরন্ত দেন।

৩। নিজামৎ আদালতে সরকারী উকীলের প্রতি প্রত্যেক গতিকে আরো এই হুকুম করা যাইবেক যে সদর আদালতে যে সকল আপীল দাখিল হয় সেই আপীলের এত্তেলা আদালতের রেজিষ্টর সাহেবের দ্বারা তাঁহারদিগকে দেওয়া গেলে তাঁহারা তাহার সম্বাদ আমাকে অথবা জিলার মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা যে এলাকার মধ্যে আপীলী

notice of the appeal being given to them by the Register of the Court.

4th. Immediately on the receipt of either of the above communications, the Magistrate or other Officer exercising Magisterial powers will address the Government Advocate *direct*, stating the circumstances of the case so referred or appealed, with his opinion as to the importance or otherwise of there being an appearance made before the Nizamut Adawlut on behalf of the Government, and by the same dâk the Magistrate or other Officer exercising Magisterial powers will forward a copy of his letter to the Government Advocate to this Office.

5th. All Magistrates or other Officers exercising Magisterial powers will pay the greatest attention to the calls of the Government Advocate for information or papers connected with any cases referred or under appeal, and they will be held strictly responsible for any delay in replying to such requisitions or any neglect of the rules now forwarded for their guidance.

(Signed) W. DAMPIER,
*Supdt. Police, L. P.*

*Resolution of the Presidency Court of Nizamut Adawlut, under date the 31st May, 1852.*

*Present.*

Sir R. Barlow, Bart.
W. B. Jackson, and
J. R. Colvin, Esqrs.,
*Judges*, and

A. J. M. Mills, and
R. H. Mytton, Esqrs.,
*Offg. Judges.*

The Court promulgate the following rules approved of by the Government, as signified by Mr. Officiating Under Secretary Young's letter No. 1092 of the 20th instant, relative to the appearance of the Remembrancer of Legal Affairs in the capacity of Government Advocate or his Deputies in the Court, and his relation to the Superintendent of Police and to the Magistrates.

*Rules regarding the Appearance of the Government Advocate or his Deputies in Court.*

1st. In appealed or referred cases the Government Advocate shall be competent to appear, and he shall ordinarily appear, by himself, or, at his discretion, either by the Senior or Junior Government Pleader, on behalf of the Government in all cases in which the Government has been the Prosecutor, and in which a Pleader is employed for the Prisoner, and it shall be further competent to him to make appearance in like manner in any appeal or referred case instituted on the prosecution of Government in which, although no pleader may have been engaged for a Prisoner, it may seem to

মোকদ্দমা উপস্থিত হইয়াছিল সেই এলাকার মধ্যে মাজিস্ট্রেটী ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ম্মকারককে দেন।

৪। উক্ত উভয় প্রকার সম্বাদ পাইলে পর মাজিস্ট্রেট সাহেব অথবা মাজিস্ট্রেটী ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ম্মকারক সাহেব তৎক্ষণাৎ গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের নিকটে একেবারে লিখনপঠন করিবেন এবং সেইরূপে অর্পণহওয়া অথবা আপীলহওয়া মোকদ্দমার বৃত্তান্ত জ্ঞাপন করিবেন এবং সরকারের তরফে নিজামৎ আদালতে কোন ব্যক্তির উপস্থিত হইবার আবশ্যকতা বা অনাবশ্যকতার বিষয়ে আপনার মত লিখিবেন এবং সেই ডাকে মাজিস্ট্রেট সাহেব কিম্বা মাজিস্ট্রেটী ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ম্মকারক সাহেব গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের নিকটে যে পত্র লেখেন তাহার এক নকল এই দপ্তরে পাঠাইবেন।

৫। অর্পিত অথবা আপীলহওয়া কোন মোকদ্দমার সম্পর্কে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব সম্বাদ অথবা কাগজপত্র চাহিলে তাহার বিষয়ে সকল মাজিস্ট্রেট সাহেব অথবা মাজিস্ট্রেটী ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ম্মকারক সাহেব বিশেষ মনোযোগ করিবেন এবং সেইরূপ তলব হইলে তাঁহারা যদি উত্তর দিতে বিলম্ব করেন অথবা তাঁহারদের উপদেশের জন্যে এক্ষণে যে বিধান পাঠান গেল তাহাতে যদি তাঁহারা কোন শৈথিল্য করেন তবে তাহার বিষয়ে তাঁহারা অতি কঠিনরূপে দায়ী হইবেন।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

সদর নিজামৎ আদালতের ১৮৫২ সালের ৩১ মে তারিখের নির্দ্ধারণ।

উপস্থিত।

শ্রীযুত সর আর বারলো সাহেব।
" ডবলিউ বি জ্যাকসন সাহেব।
" জে আর কলবিন সাহেব।
জজ। এবং

শ্রীযুত এ জে এম মিলস সাহেব ও
" আর এচ মিটন সাহেব।
একটিং জজ।

গবর্ণমেণ্টের আডবোকেটস্বরূপ আইনসম্পর্কীয় বিষয়ের রিমেম্ব্রান্সর সাহেবের কি তাঁহার নায়েবের নিজামৎ আদালতে উপস্থিত হইবার বিষয়ে এবং পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ও মাজিস্ট্রেট সাহেবের সঙ্গে তাঁহার সম্পর্কতার বিষয়ে পশ্চাৎ লিখিত যেং বিধানের বর্ত্তমান মাসের ২০ তারিখের ১০৯২ নম্বরী শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী ইয়ং সাহেবের পত্রে অনুমতি দেওয়া গিয়াছে তাহা ঐ আদালত সর্ব্বত্র প্রকাশ করিতেছেন।

আদালতে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব কি তাঁহার প্রতিনিধির উপস্থিত হওনের বিষয়ি বিধান।

১। আপীলহওয়া কি অর্পণহওয়া মোকদ্দমায় যে সকল গতিকে গবর্ণমেণ্ট ফরিয়াদী হন এবং আসামীর তরফে এক জন উকীল নিযুক্ত থাকেন সেই সকল গতিকে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব সরকারের তরফে উপস্থিত হইতে পারেন এবং সামান্যতঃ তিনি আপনি উপস্থিত হইবেন অথবা তাঁহার বিবেচনাক্রমে সরকারের বড় অথবা ছোট উকীল উপস্থিত হইবেন। এবং আরো গবর্ণমেণ্টের নালিশক্রমে উপস্থিতহওয়া যে কোন আপীলী অথবা অর্পিত মোকদ্দমার আসামীর পক্ষে কোন উকীল নিযুক্ত না হইলেও যখন ঐ গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া অথবা পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট

him, acting in communication with the Superintendent of Police, or directly with the Magistrates when there may not be time for a reference to the Superintendent of Police, important that there should be an appearance by a Pleader on behalf of the Government.

2d. Pleaders appearing for a Prisoner in *appealed cases* shall be bound to give into the Register's Office, at a time not less than one week before the date fixed by the Court for the public hearing of the Appeal, a note under distinct heads of the pleas of fact and of Law on which he rests his Appeal, and the Register shall cause such note to be transferred to the Senior Government Pleader. But it shall be competent to such Pleader for the Prisoner, on leave of the Court, to put in at the hearing of the Appeal any further pleas of Law which he may desire to argue. The Register shall also intimate to the Senior Government Pleader, when a Pleader may be appointed on behalf of a prisoner in a *referred* case.

3d. The Government Advocate shall through the Senior Government Pleader give immediate notice to the Office of the Register when he may intend to appear in a case in which no Pleader has been engaged for a Prisoner, and the Register shall thereupon intimate the same to the Judge to whom the case has been submitted, and the Judge shall fix such date as he may think suitable for the Public hearing and decision of the case.

4th. It shall also be competent to the Court to call for the appearance of the Government Advocate, either by himself or by the Government Pleaders, as he may determine, in any case in which from its special character they may consider that such an appearance would be manifestly conducive to the better administration of justice.

5th. In cases, whether referred or appealed, in which there may be an appearance for the Government as above provided, without the previous employment of a Pleader on behalf of the Prisoners charged or convicted, the Court shall be competent to nominate a Pleader to appear on behalf of the Prisoner and to assign to him such remuneration as it may deem suitable; not exceeding 200 Rupees in any case; such amount to be paid on a Contingent Bill under the countersignature of the Register of the Court.

*Rules regarding the Relation of the Government Advocate to the Superintendent of Police and the Magistrates.*

6th. The Superintendent of Police shall give such directions to the Magistrates as he may deem necessary, in order to their apprizing the Government Advocate of the cases, whether referred or appealed, in which it may be thought by them of importance that there should be an appearance before the Nizamut Adawlut on behalf of the Government, and he will also, in the discretion which belongs to his

সাহেবের নিকটে জিজ্ঞাসা করণের সময় না থাকিলে একেবারে মাজিষ্ট্রেট সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া এমত বোধ করেন যে সরকারের তরফে এক জন উকীল উপস্থিতহওয়া আবশ্যক তখন তিনি উপস্থিত হইতে পারেন।

২। "আপীলী মোকদ্দমায়" যেং উকীল আসামীর পক্ষে নিযুক্ত হন তাঁহারদের কর্ত্তব্য যে আপীলের শুনানি হইবার জন্যে আদালত যে দিবস নিরূপণ করেন তাহার অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে বৃত্তান্তঘটিত এবং আইনঘটিত যে বিষয় লইয়া আপীল করা যায় তাহার এক লিপি দফাং করিয়া রেজিষ্টর সাহেবের দফ্তরখানায় দাখিল করেন এবং রেজিষ্টর সাহেব ঐ লিপি সরকারের বড় উকীলকে দিতে হুকুম করিবেন। কিন্তু আদালতের অনুমতি পাইলে আসামীর উকীল আপীল শুনানির সময়ে আইনঘটিত অন্য যে বিষয়ের অন্য যে কোন সওয়াল জওয়াব করিতে চাহেন তাহা লিখিয়া দাখিল করিতে পারেন। যখন কোন "অর্পিত" মোকদ্দমার কোন উকীল আসামীর তরফে নিযুক্ত হন তখন রেজিষ্টর সাহেব সেই বিষয় সরকারী বড় উকীলকে জানাইবেন।

৩। যে মোকদ্দমায় আসামীর পক্ষে কোন উকীল নিযুক্ত না হইয়া থাকেন সেই মোকদ্দমায় যখন গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের উপস্থিত হইবার মানস থাকে তখন তিনি তাহার বিষয়ের সম্বাদ সরকারী বড় উকীলের দ্বারা রেজিষ্টর সাহেবের দফ্তরখানায় অগৌণে দিবেন এবং তাহা হইলে যে জজ সাহেবের সম্মুখে মোকদ্দমা দরপেশ হইয়া থাকে সেই জজ সাহেবকে রেজিষ্টর সাহেব তাহা জানাইবেন এবং জজ সাহেব মোকদ্দমার শুনানি এবং নিষ্পত্তির জন্যে যে তারিখ উপযুক্ত বোধ করেন সেই তারিখ নিরূপণ করিবেন।

৪। যে কোন মোকদ্দমার বিশেষ ভাবদৃষ্টে নিজামৎ আদালতের সাহেবেরা এমত বোধ করেন যে তাহাতে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব উপস্থিত হইলে যথার্থ বিচারের নিতান্ত সুগম হইবেক সেই মোকদ্দমায় ঐ আদালত গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবকে স্বয়ং উপস্থিত হইতে অথবা ঐ সাহেব উচিত বোধ করিলে সরকারী উকীলকে উপস্থিত হইতে হুকুম দিতে পারেন।

৫। অর্পিত অথবা আপীলহওয়া যে মোকদ্দমায় নালিশগ্রস্ত অথবা দোষীকৃত আসামীরদের পক্ষে উকীল পূর্ব্বে নিযুক্ত না হইলেও পূর্ব্বের বিধানমতে যখন সরকারের তরফে কেহ উপস্থিত হন সেইং মোকদ্দমায় নিজামৎ আদালত আসামীর পক্ষে উপস্থিত হওনার্থে এক জন উকীল নিযুক্ত করিতে পারেন এবং প্রত্যেক মোকদ্দমায় দুই শত টাকার অনূর্দ্ধ যে মেহনতানা উচিত বোধ হয় তাহা তাঁহাকে দিতে হুকুম করিতে পারেন। ঐ টাকা একটা উপরি বিলক্রমে দেওয়া যাইবেক এবং তাহাতে আদালতের রেজিষ্টর সাহেবের দস্তখৎ থাকিবেক।

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং মাজিষ্ট্রেট সাহেবের সঙ্গে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের সম্পর্কতার বিষয়ি বিধান।

৬। অর্পিত অথবা আপীলহওয়া যে মোকদ্দমার মাজিষ্ট্রেট সাহেবেরা বোধ করেন যে সরকারের তরফে নিজামৎ আদালতে কোন উকীল উপস্থিতহওয়া আবশ্যক সেই মোকদ্দমায় গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবকে মাজিষ্ট্রেট সাহেবেরা তাহা জানাইতে পারিবার জন্যে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যেং হুকুম আবশ্যক বোধ করেন তাহা ঐং সাহেবদিগকে দিবেন। এবং তাঁহার পদোপলক্ষে তাঁহার যে বিবেচনা করণের শক্তি আছে সেই শক্তিক্রমে তিনি সেইং মোকদ্দমার বিষয়ে যেমত উচিত বোধ করেন সেইমতে একেবারে গবর্ণমেণ্টের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৭ আগষ্ট।]

Office, communicate directly with the Government Advocate regarding such cases as he may see fit.

7th. The Government Advocate shall, after any communication with the Magistrate which he may find necessary, correspond with the Superintendent of Police on the subject of any case in which, whether a Pleader shall, or shall not have been engaged on the part of a Prisoner, it may appear to him unadvisable that he should make appearance in Court whether by himself or his deputies on behalf of Government. If after such correspondence with the Superintendent of Police an appearance shall still appear inexpedient to the Government Advocate he may in his discretion refrain from appearing, and the case shall then be left to be disposed of by the Court upon consideration of the Record, after hearing the Pleader of the Prisoner in any case in which such Pleader may have been employed.

8th. The Government Advocate shall have the power of calling for explanatory information from the Magistrates in regard to any case in which under the preceding rules it may become his duty to appear, or to consider the propriety of appearing in Court. And he may also, where necessary, solicit information on any point of importance connected with the course and circumstances of a trial from the Session Judges.

*Ordered*

That a copy of this Resolution be laid before each Judge and the Register, and that an Oordoo translation of it be made for the Native Deputy Register and the several Peshkars, and that a copy of the Resolution and of the translation be hung up in the Court House for public information, and that copies also be sent for publication in the Bengalee, Ooryah and Oordoo Gazettes.

(Signed) B. J. Colvin,
*Register.*

আডবোকেট সাহেবের সঙ্গে লিখনপঠন করিতে পারেন।

৭। যে কোন মোকদ্দমায় আসামীর পক্ষে উকীল নিযুক্ত হইলে বা না হইলে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব এমত বোধ করেন যে সরকারের তরফে তাঁহার বা তাঁহার প্রতিনিধির আদালতে উপস্থিত হওয়া অপরামৃশ্য সেই২ মোকদ্দমার বিষয়ে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব মাজিষ্ট্রেট সাহেবের সঙ্গে যে লিখনপঠনের আবশ্যক বোধ করেন তাহা করিলে পর পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সঙ্গে লিখনপঠন করিবেন। পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সঙ্গে ঐরূপ লিখনপঠন করণের পর যদি গবর্ণমেণ্টের আডবোকেট সাহেব বোধ করেন যে সরকারের তরফে কাহারো উপস্থিত হওয়া পরামর্শসিদ্ধ নহে তবে তিনি আপনার বিবেচনাক্রমে উপস্থিত হওয়াহইতে ক্ষান্ত হইতে পারেন। এবং তাহা হইলে নিজামৎ আদালত রোয়দাদের কাগজপত্র বিবেচনা করিয়া এবং যদি আসামীর পক্ষে কোন উকীল নিযুক্ত হইয়া থাকেন তবে সেই উকীলের সওয়াল জওয়াব শুনিয়া পরে এ মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

৮। যে কোন মোকদ্দমায় পূর্ব্বোক্ত বিধানানুসারে গবর্ণমেণ্টের আডবোকেট সাহেবের উপস্থিত হওয়া আবশ্যক বোধ হয় অথবা আদালতে উপস্থিত হওনের আবশ্যকতা কি অনাবশ্যকতার বিষয় বিবেচনা করিতে হয় সেই মোকদ্দমায় ঐ আডবোকেট সাহেব মাজিষ্ট্রেট সাহেবের স্থানে স্পষ্টবোধক বৃত্তান্ত তলব করিতে পারেন। এবং আরো আবশ্যক হইলে মোকদ্দমার রীতি ও বৃত্তান্ত ঘটিত কোন আবশ্যক বিষয়ে সেশন জজ সাহেবের নিকটে সম্বাদ চাহিতে পারেন।

হুকুম হইল

যে এই নির্দ্ধারণের এক নকল সদর আদালতের প্রত্যেক জন জজ এবং রেজিষ্টর সাহেবকে দেওয়া যায় এবং এতদ্দেশীয় ডেপুটী রেজিষ্টর ও নানা পেশকারের জন্যে উর্দ্দু ভাষায় তরজমা করা যায় এবং সর্ব্ব সাধারণ লোককে জানাইবার জন্যে এই নির্দ্ধারণের এক নকল ও তাহার তরজমা আদালতের ঘরে লটকান যায় এবং বাঙ্গলা ও উর্দ্দু ও উড়িয়া গেজেটে তাহা প্রকাশ হওনার্থে নকল পাঠান যায়:

বি জে কলবিন।
রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

---

## JUDICIAL DEPARTMENT.

### No. 1447.

***From the Officiating Under Secretary to the Government of Bengal, to Every Officer in Charge of Prisoners. Dated Fort William, the 28th July, 1852.***

The Deputy Governor of Bengal having taken into consideration the subject of allowing Tobacco and Opium to Prisoners in Jail, and having learnt from the Government of the North West Provinces and from the Board of Administration in the Punjaub the practice that prevails in the Prisons under those authorities, has come to the conclusion that these articles are not, generally, necessaries, but luxuries, and that, as such, they should be altogether prohibited in Jails.

2. I am accordingly directed to request that

## জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।

### ১৪৪৭ নম্বর।

কয়েদীরা যে সকল কর্ম্মকারকের জিম্মায় থাকে তাঁহারদের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫২। ২৮ জুলাই।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব জেলখানায় কয়েদী ব্যক্তিরদিগকে আফিম ও তামাকু দিবার বিষয় বিবেচনা করিয়া এবং উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্ট এবং পাঞ্জাবে বোর্ড অফ আডমিনিষ্ট্রেসন সাহেবেরদের স্থানে ঐ২ কর্ম্মকারকেরদের অধীন জেলখানায় যে ব্যবহার হইতেছে তাহা অবগত হইয়া ইহা নিশ্চয় করিয়াছেন যে ঐ বস্তু সামান্যত আবশ্যক বিষয় নহে কিন্তু সুখসেব্য বিষয় এবং এই বোধে একেবারে তাহা জেলখানায় নিষেধ হয়।

২। অতএব তোমাকে এই আদেশ করিতেছি যে জো-

henceforward all convicted prisoners under your charge may be debarred the use of these articles.

3. Individual and exceptional cases may possibly arise in which the use of Tobacco or Opium may be absolutely necessary for the preservation of health. Such cases may of course be provided for by the Special Orders of the Medical Officer in charge of the Jail, with whom it will rest to administer as a medicine, when necessary, either or both of the prohibited articles.

(Signed) W. GORDON YOUNG,
*Offg. Under Secy. to the Govt. of Bengal.*

মার জিম্মায় যে সকল আসামীরা দোষীকৃত হইয়াছে তাহারদিগের ঐ দুই দ্রব্যের নিবারণ হয়।

৩। কিন্তু কোন বিশেষ২ গতিকে এবং বর্জ্জিত গতিকে এইমত হইতে পারে যে স্বাস্থ্য রক্ষার জন্যে তামাকু অথবা আফিমের ব্যবহার না করিলে নয়। এবং জেলখানা যে চিকিৎসক সাহেবের জিম্মায় আছে তিনি এইং২ গতিকে আপনার বিশেষ হুকুম দিবেন এবং আবশ্যক হইলে ঐ নিষিদ্ধ বস্তুর এক কি উভয় ঔষধস্বরূপ দিবার ভার তাঁহার প্রতি রহিল।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## রাজকর্ম্মে নিয়োগ।

১৬৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৫ জুলাই।

১৮৩৬ সালের ২২ আইনানুসারে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব নীচের লিখিত যে বিধান প্রকাশ করিয়াছেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

বেলিয়া ঘাটার খালে যে সকল নৌকা প্রবেশ করে তাহার লোকেরদিগকে আজ্ঞা দেওয়া যাইতেছে যে তাহারা বোঝাই দ্রব্য উঠাইয়া দেয় অথবা কিছু বিলম্ব না করিয়া চলিয়া যায়।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত জি বি হামটন সাহেব (Mr. G. B. Hampton.) ও শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী বীরভূমে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১১ আগষ্ট।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর উইটল সাহেব (Mr. R. Whittall,) বিদেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীন নিযুক্ত হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত ডবলিউ এল রাবিন্সন সাহেব (Mr. W. L. Robinson,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের জরিপের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) গত মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ৩০ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন মোকামে পঁহুছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. | গবর্ণমেণ্টের ইশতিহার।

জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা কটক।

যেহেতুক কটকের কালেক্টরির জন্য এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে ও এই কর্ম্মের মাসিক বেতন ১১০৲ টাকা এবং ২৫০০০৲ টাকার সংখ্যায় জামিন দিতে হইবেক ও আগামি আগষ্ট মাসের ২০ তারিখপর্য্যন্ত কটকের একটিং কালেক্টর সাহেবের হজুরে দরখাস্ত লওয়া যাইবেক ও যে কেহ কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তি উৎকল বিদ্যা জ্ঞাত থাকিবেক সেই ব্যক্তি অধিক উপযুক্ত হইবেক এবং যদ্যপি কেহ উৎকল ভাষা হইতে জ্ঞাত না থাকে তবে তাহার জন্য কোন ব্যাঘাতজনক হইবেক নাই অতএব সর্ব্ব সাধারণ লোকদিগের জ্ঞাপনার্থে ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ এ কর্ম্মের প্রার্থনা রাখে উক্ত তারিখপর্য্যন্ত কটকের একটিং কালেক্টর সাহেবের হজুরে দরখাস্ত করিবেক ইতি সন ১৮৫২। তারিখ ২৪ জুলাই।

G. D. WILKINS, *Offg. Collector.*

## MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. OGG, *Register.*

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দফ্তরখানায় তলব করিলে পাইতে পারেন। মূল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১৭ আগষ্ট।]

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেন্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই ১৮৫২ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নমকের।

| এজেন্সীর নাম। | সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের | সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|
| হিজলী। | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট রসুলপুর। | • | • | • | ० | ৪,০০,০০০/ | ৪,০০,০০০/ |
| ঐ ঐ কৃষ্ণনগর। | • | • | • | ১৫,১১৯/৬৷ | ১,৫৭,৮৯৮।৬ | ১,৭৩,০১৭৷২৷ |
| ঐ ঐ রামনগর। | • | • | • | ১,৭৫,৫০৮/ | ১,৯৭,০৫৯/ | ৩,৭২,৬৩৭/ |
| গাছি নমক। | ৫,৩৭৭৷১৷ | • | • | . | • | ৫,৩৭৭৷১৷ |
| একুন। | ৫,৩৭৭৷১৷ | • | • | ১,৯০,৬২৭/৬৷ | ৭,৫৪,৯৫৭।৬ | ৯,৫১,০৩২/৪ |
| তমলুক। | | | | | | |
| পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর। | • | • | • | • | ৩,৪৩,৬১৪৷৪৷ | ৩,৪৩,৬১৪৷৪৷ |
| একুন। | • | • | • | • | ৩,৪৩,৬১৪৷৪৷ | ৩,৪৩,৬১৪৷৪৷ |
| চট্টগ্রাম। | | | | | | |
| পাঙ্গা নমক নিজামপুর ঘাট ডোমখালি। | ৮৫,৪৩৭৸৯৶ | • | • | • | • | ৮৫,৪৩৭৸৯৶ |
| ঐ আরাকিন ঐ | • • | ১৫,১১৭৷০ | • | • | • | ১৫,১১৭৷০ |
| ঐ সদর ঘাট এজেন্সী। | • | : | ২,৭৬,৪৭১/ । | ৬,৯৯,০২৩ ।৯ | ২,১৩,৫৯৭/ | ১১,৮৮,৯৯১ ।৯ । |
| ঐ ঐ আরাকিন। | ৩,৭৬,১৪৭৷০ | • | • | ৩০,৮৯৩/ | ৩৷২৸ | ৪,০৭,০৪৪/২৸ |
| একুন। | ৪,৬১,৫৮৫ ।৯৶ | ১৫,১১৭৷০ | ২,৭৬,৪৭১/ । | ৭,২৯,৯১৬ ।৯ | ২,১৩,৬০০৷২৸ | ১৬,৯৬,৫৯১/১৶ |

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫২ । ১৭ আগষ্ট ।]

| এজেন্সীর নাম। | | সন ১২৫৪ সাল ইং ১৮৪৭ । ৪৮ সাল ইহার পূর্ব্ব সনতায়ের | সন ১২৫৫ সাল মোতাবেক ইং ১৮৪৮ । ৪৯ সাল | সন ১২৫৬ সাল মোতাবেক ইং ১৮৪৯ । ৫০ সাল | সন ১২৫৭ সাল মোতাবেক ইং ১৮৫০ । ৫১ সাল | সন ১২৫৮ সাল মোতাবেক ইং ১৮৫১ । ৫২ সাল | মৌজুদ নমকের একুন। |
|---|---|---|---|---|---|---|---|
| ভুলুয়া। | | | | | | | |
| পাঙ্গা নমক হাট কাঁকড়া আরাকিন। | | ০ | ০ | ০ | ২৩১১৬/৬ | ০ | ২৩,২২৬/৬ |
| একুন | | ০ | ০ | ০ | ২৩,২২৬/৬ | ০ | ২৩২২৬/৬ |
| খাড়ি। | | | | | | | |
| পাঙ্গা নমক | কটক। | ৭,৪৪১১১ ০ | ১৭৫২৬।৫ | ১৮৬৫ | ৫৯০৪৪/ | ০ | ৮,২৩,৭২৭৸৫ |
| ঐ | বালেশ্বর। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঐ | খোরদা। | ১১৭।১৬ | ৩৭৭।১ | ৩১৯/ | ১০৮৭৭/ | ০ | ১১৮১১/৩। |
| ঐ | চিলকা। | ১৭৸০ | ১১৬/ | ১৮৪৩/ | ১০৯,০৬৫/ | ০ | ১,১২,০৫১৸০ |
| করকচ নমক মান্দ্রাজ পরিমিট ১ পহিলা রকম। | | ৬৪৫ | ০ | ০ | ০ | ০ | ৬৪৫/ |
| ঐ | ঐ ২ দোসরা রকম। | ৪১০১৮।৮ | ০ | ০ | ০ | ০ | ৪১০১৮॥৮ |
| পাঙ্গা হিজলি কালীনগর। | | ২৪৬৩১॥০ | ০ | ০ | ০ | ০ | ২৪,৬৩১।০ |
| ঐ | রসুলপুর। | ০ | ০ | ০ | ৪৪৪,৮২৪।০ | ০ | ৪ ৪৪৮২৪॥০ |
| ঐ | ২৪ পরগনে নারায়ণপুর নমক | ০ | ৪০১ ১১৮/৪ | ০ | ০ | ০ | ৪,০১,১১৮/৪ |
| ঐ | ঐ ডাইমন হারবর। | ১,১১ ৩৮৫ | ০ | ০ | ০ | ০ | ১,২২,৩৮৫/ |
| ঐ | ঐ সাগর। | ০ | ৪৯ ১৭১।০ | ০ | ০ | ০ | ৪৯,১৭২॥০ |
| একুন। | | ৯,৩১ ১২৭।৯। | ৪,৬৮,৩৮০৸১ | ৬,০৩৭। | ৬,১৩,৮১০।০ | ০ | ২০,৩১,৩৮৬/॥ |
| আরাকিন। | | | | | | | |
| পাঙ্গা হাট কৈকফু। | | ৩৮৬৬/৯ | ৬,৩৭১/ | ০ | ২৩,১৭০॥০ | ৬৬,৭২৯॥০ | ১১০,২৩৭/৯ |
| একুন। | | ৩,৮৬৬/৯ | ৬৩৭১/ | ০ | ৩৩,২৭০॥০ | ৬৬,৭২৯॥০ | ১,১০,২৩৭/৯ |
| মোট একুন। | | ১৪,৭৩,২৮৬৸৯। | ৪,৮৯,৮৬৯।১ | ১৮২ ৫০৮। | ১৬,০০৯২০৸১॥ | ১৩,৭৮,৮০২/৩। | ৫১,৫৬,০৮৭/৫৶ |

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

### জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারী কালেকটরী জিলে চট্টগ্রাম।

যেহেতুক সন ১৮৪৫ সালের ১ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালের বাঁটোয়ারার আমিনের নিরূপিত খরচ ও এস্তেহারের রোক্‌ফিনা আদায়ের নিমত্তে উক্ত আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ মহাল সন ১৮৫২ ইঙ্গরেজী ৩১ আগষ্ট মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলা তারিখ ১৭ ভাদ্র রোজ মঙ্গলবার জিলা মফস্বলের কালেকটরীতে নীলাম হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ১০ আগষ্ট।

| নম্বর রকম | মহালের রকম | মহালের নম্বর | মহালের নাম | মালিকের নাম | সদর জমা | বাকী তারদাদ বাঁটোওয়ারার নিরূপিত খরচ ও এস্তেহারের রোক্‌ফিনা লাং ১৯ জুলাই | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | কামি | ৫০৫ | তরফ রোস্তম-আলী মৃধা | ছনাউল্লা ও দেলাবর ও মাতাৎ এয়াছিন ও মাতাৎ ওয়াহিদ ও মহামুদ নাসর ও সমসের আলী ও আবুল ফজল ও মাতাৎ ছোচন ও আগদের আলী ও রামজয় দে ও মাতাৎ জমা ও সেক সমসের আলী ও রামদাস ও ছোচন আলী ও মহম্মুদ আমি। | ৬৫০৸/৩ | ৫॥০ | উক্ত মহালের মালগুজারি জমা ও অন্যান্য বিবিধ হিসেবে নীলাম হইবেক। |

E. T. TREVOR, *Offg. Collector.*

---

## MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

### NOTICE.

The following Government Promissory Notes, viz :—

A First Five per Cent. loan, No. 2716 of 2611 of 1829-30 for Sa. Rs. 5,000 and a Second Five per Cent. loan, No. 44,218 of 1841-42 for Co's. Rs. 1,000, being the Property of one Sreemutty Matungingy Dassee, the Widow of Issenchunder Paul, deceased, have been lately lost from the possession of Juggutchunder Paul, her constituted Attorney, of which Notice has been duly given to the General Treasury, any person finding and handing over the same shall be rewarded handsomely. Apply to Mr. Arthur St. John Carruthers, Attorney at Law, Supreme Court.

Calcutta, 4, Old Post Office Street, 5th August, 1852.

### ইশ্‌তিহার।

মৃত ঈশ্বরচন্দ্র পালের বিধবা শ্রীমতী মাতঙ্গিনী দাসীর ১৮২৯। ৩০ সালের ২৭১৬। ২৬১১ নম্বরের সিক্কা ৫০০০, টাকার শতকরা পাঁচ টাকার সুদের প্রথম এক কেতা কোম্পানির কাগজ এবং ১৮৪১। ৪২ সালের ৪৪২১৮ নম্বরের শতকরা ৫, টাকার সুদের কোং ১০০০, টাকার দ্বিতীয় এক কেতা কোম্পানির কাগজ তাহার উকীল জগৎচন্দ্র পালের দখলে ছিল তাহা খোয়া গিয়াছে তদ্বিষয়ের সম্বাদ জেনরল ট্রেজুরীতে দেওয়া গিয়াছে। যে কোন ব্যক্তি তাহা পাইয়া ফিরিয়া দিবেন তাঁহাকে উত্তমরূপে পুরস্কার দেওয়া যাইবেক। সুপ্রিম কোর্টের উকীল আর্থর সেণ্টজান কারুথর্স সাহেবের নিকটে বিশেষ দেওয়া জানা যাইতে পারিবেক।

কলিকাতা। ৪ নম্বর। ওল্‌ড পোষ্ট আফিস ষ্ট্রিট ১৮৫২ সাল ৫ আগষ্ট।

---

### বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন গুরুতর মোকদ্দমা সকলের রেপোর্ট যাহা ইতঃপূর্ব্বে শ্রীযুত হালিডে সাহেব-কর্ত্তৃক পারস্য ভাষায় তরজমা হইয়া প্রচার পাইয়াছিল এবং যাহা সরকারে মনোনীত ও ক্রীত হওত সদর আদালতের ১৮৪০ সালের ৩০ আক্‌টোবর দিবসীয় সরক্যুলর চিঠী সম্বলিত প্রত্যেক জিলার আদালতে প্রদত্ত হইয়াছিল তাহার বাঙ্গালা রেপোর্ট বহী প্রস্তুত হইয়াছে। এই বঙ্গ ভাষার রেপোর্ট বহীতে প্রথমোপস্থিত মোকদ্দমার আরজী জওাব, জওাবলজওাব, রুদ্দজওাবের খোলাসা, উভয় পক্ষীয় দলীল এবং সাক্ষির জোবানবন্দীর বিবরণ আর জিলা, ও আপীল আদালতের নিষ্পত্তির হেতুবাদ বিস্তারমত পরিষ্কাররূপ লিখিত হইয়াছে। এই পুস্তক কলিকাতার চিনাবাজার ডোমটুলীর শ্রীযুত বাবু নীলমণি সরকারের ৩ নং দোকানে তথা চিৎপুরস্থ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ বসুর নিকটে পাওা যায় মূল্য ৩, তিন টাকা মাত্রেতি।

## NOTICE.

In pursuance of the conditions of the Deed or Agreement of Marriage Settlement, bearing date the thirty-first day of October, in the year of our Lord one thousand eight hundred and fifty, made between, and executed and registered by Nicholas Petruse Pogose, and Mary Johannes Carapiet Sarkies, at present Mary Nicholas Petruse Pogose, and Johannes Carapiet Sarkies, whereby the said Nicholas Petruse Pogose settles on the said Mary Johannes Carapiet Sarkies at present Mary Nicholas Petruse Pogose and her children, the whole eight annas share belonging to the said Nicholas Petruse Pogose in the five several estates, together with all the dependencies whatsoever belonging to them devised to him, the said Nicholas Petruse Pogose, by the Will of his late grandfather Nicholas Markar Pogose, namely:—The first estate or eight annas share of ten annas thirteen gundas, and one cowry section of Tuppa Bahadoorpore rendered into sixteen annas, recorded proprietor Khajeh Necoos Markar and others, registered number four hundred and seventy-nine, situated in zillah Backergunge, the entire sudder jumma of the said ten annas thirteen gundas and one cowry section is Company's Rupees three thousand five hundred and seventy-nine, eleven annas, and nine pie. The second estate or eight annas share of five annas six gundas, and three cowry section of the said Tuppa Bahadoorpore, rendered into sixteen annas, recorded proprietor the said Khajeh Necoos Markar and others, registered number four hundred and eighty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said five annas six gundas and three cowry section is Company's Rupees one thousand three hundred and thirty-three, five annas and four pie. The third estate or eight annas share of eight annas section of Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep, rendered into sixteen annas recorded proprietor Khajeh Necoos Markar registered number one thousand, seven hundred and thirty-seven, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said eight annas section is Company's Rupees two hundred and nine, nine annas and five and a half pie, the fourth estate or eight annas share of four anna section of the said Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep rendered into sixteen annas recorded proprietor the said Khajeh Necoos Markar, registered number one thousand seven hundred and sixty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said four anna section is Company's Rupees one hundred and eighteen, six annas and five pie. And the fifth or last estate or eight annas share of eight annas fourteen gundas and three cowry section of Pergunnah Jainshahee rendered into sixteen annas, Zemindaree of Khajeh Necoos Pogose, recorded proprietors Petruse Necoos Pogose and Oakim Greegore Necoos Pogose Saheb, regis-

## এস্তেহার।

ইঙ্গরেজী আঠার শত পঞ্চাশ সালের একত্রিশে অক্টোবর তারিখে নিকলাস পিত্রুস পোগস এবং মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিত্রুস পোগস এবং জোহানিস কারাপিট সার্কিসের মধ্যে এক বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকারপত্র করা গিয়াছিল এবং তাহা জারী ও রেজিষ্টরী হইয়াছিল এবং সেই বন্দোবস্তপত্রের দ্বারা উক্ত নিকলাস পিত্রুস পোগস উক্ত মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিত্রুস পোগসের প্রতি এবং তাঁহার সন্তানেরদের প্রতি এইং সম্পত্তি যৌতুকস্বরূপ নির্বন্ধ করিয়া দিলেন বিশেষতঃ পশ্চাৎ লিখিত যে পাঁচ মহাল ও তৎসম্পর্কীয় সমস্ত প্রকার বিষয়ের যে সম্পূর্ণ আট আনা অংশ ঐ নিকলাস পিত্রুস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে দান করিয়াছিলেন এবং এইক্ষণে ঐ নিকলাস পিত্রুস পোগসের আছে তাহা। সেই মহাল এইং। প্রথম মহাল অর্থাৎ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার দশ আনা তের গণ্ডা এক কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কারওগয়রহ তাহার রেজিষ্টরীর নম্বর চারি শত উনআশী তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ দশ আনা তের গণ্ডা এক কড়া ভাগের মোট সদর জমা তিন হাজার পাঁচ শত উনআশী টাকা এগার আনা নয় পাই। দ্বিতীয় মহাল অর্থাৎ ঐ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরী হওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কারওগয়রহ এবং তাহা চারি শত আশী নম্বরে রেজিষ্টরী হইয়াছে এবং তাহা পূর্ব্বোক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়া ভাগের মোট সদর জমা এক হাজার তিন শত তেত্রিশ টাকা পাঁচ আনা চারি পাই। তৃতীয় মহাল অর্থাৎ পরগনা চন্দ্রদ্বীপহইতে পৃথক্‌হওয়া তালুক খাজে মার্কারের জোয়ার রতনদী ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার আট আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত সাঁইত্রিশ এবং তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ আট আনা ভাগের মোট সদর জমা কোম্পানির দুই শত নয় টাকা নয় আনা সাড়ে পাঁচ পাই। চতুর্থ মহাল অর্থাৎ চন্দ্রদ্বীপ পরগনাহইতে পৃথক্‌হওয়া তালুক খাজে মার্কারের উক্ত জোয়ার রতনদী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার চারি আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত ষাইট এবং তাহা উক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ চারি আনা ভাগের সমুদায় সদর জমা কোম্পানির এক শত আঠার টাকা ছয় আনা পাঁচ পাই। এবং পঞ্চম বা শেষ মহাল অর্থাৎ পরগনা জাইনশাহী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের আট আনা অংশ তাহা খাজে নিকুস পোগসের জমীদারী তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী পিত্রুস নিকুস পোগস এবং ওয়াকিম গ্রিগর নিকুস পোগস সাহেব এবং তাহার রেজীষ্টরী নম্বর সত্তর এবং তাহা জিলা ময়মুনসিংহে স্থিত এবং উক্ত আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের সমুদায় সদর জমা কোম্পানির দশ হাজার পাঁচ শত পঁচিশ টাকা তের আনা দশ পাই আট ক্রান্তি। ঐ বিবাহের বন্দোবস্তপত্রের নিয়ম অনুসারে ঐ জোহানিস কারাপিট সার্কিস এবং ঐ নিকলাস পিত্রুস পোগস ইহার দ্বারা উক্ত নিকলাস পিত্রুস পোগসের যে কোন প্রকার মহাজন থাকে তাহারদিগকে

tered number seventy, situated in zillah Mymunsing, the entire sudder jumma of the said eight annas fourteen gundas and three cowry section is Company's Rupees ten thousand five hundred and twenty-five, thirteen annas, ten pie, and eight krants. The said Johannes Carapiet Sarkies and the said Nicholas Petruse Pogose, hereby request that the creditors of the said Nicholas Petruse Pogose of whatsover nature and description, and also the creditors and legatees under the Will of his late grandfather, the said Nicholas Markar Pogose, shall from this date the 19th day of August, in the year of our Lord one thousand eight hundred and fifty-two, during the period of one month and not afterwards, give notice of and send in their claims of whatsoever nature and description, either now due or may hereafter become due, and apply separately both to Johannes Carapiet Sarkies, Esq. at No. 6, Bonfield's Lane, opposite to the centre gate of the Armenian Church, Calcutta, and to Nicholas Petruse Pogose, Esq., Panioty's Lane, Dacca, for information of such claims as may be due hereafter, and for the payment or liquidation of the amount of such claims as are now due, and in default thereof, the said creditors shall peremptorily forfeit their said claims of whatsoever nature and description to the above named properties. The said Nicholas Petruse Pogose having now completed his full age of twenty-one years shall, as stipulated in the said Deed or Agreement of Marriage Settlement, ratify and confirm the said Deed or Agreement of Marriage Settlement after the expiration of the above specified period of one month.

It need not be added that besides the above particularized property, the said Nicholas Petruse Pogose stands possessed as absolute owner of other property devised to him by the said Will of his grandfather the late Nicholas Markar Pogose.

J. C. SARKIES.
N. P. POGOSE.

এবং তাঁহার মৃত পিতামহ উক্ত নিকলাস মার্কার পোগসের উইলক্রমে যে মহাজন থাকে এবং যাহারদিগকে দান হইয়াছিল তাহারদিগকে এই আদেশ করিতেছেন যে ইঙ্গরেজী আঠার শত বায়ান্ন সালের আগষ্ট মাসের ১৯ দিবসের অর্থাৎ অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে এবং তৎপরে নহে তাঁহারদের যে কোন প্রকার ও যে কোন রকমের দাওয়া এইক্ষণে থাকে অথবা উত্তর কালে হইতে পারে তাহার এত্তেলা স্বতন্ত্র করিয়া কলিকাতার আরমানিগির্জার মধ্যম দরওয়াজার সম্মুখে বনফিল্‌দগলির ছয় নম্বর বাটীতে শ্রীযুত জোহানিস কারাপিট সার্কিস সাহেবের নিকটে ও ঢাকাতে পানিয়োটির গলিতে শ্রীযুত নিকলাস পিত্রুস পোগস সাহেবকে দেন এবং ইহার পর যে দাওয়ার দেনা হইবেক তাহার সম্বাদের নিমিত্তে এবং যে সকল দাওয়া এইক্ষণে দেয় আছে তাহার টাকার জন্যে অথবা তাহার পরিশোধের জন্যে ঐ সাহেবের প্রতি দরখাস্ত করেন। এবং তাহা না করিলে উক্ত সম্পত্তিতে উক্ত মহাজনেরদের যে কোন রকম বা যে কোন প্রকার দাবী থাকে তাহা নিতান্ত মিথ্যা ও বাতিল হইবেক। ঐ নিকলাস পিত্রুস পোগস এইক্ষণে সম্পূর্ণ বয়ঃপ্রাপ্ত অর্থাৎ তাঁহার একুশ বৎসর বয়স হইয়াছে এবং ঐ বিবাহের বন্দোবস্তপত্রে অর্থাৎ অঙ্গীকারপত্রে যেরূপ নিয়ম আছে সেইরূপে তিনি উক্ত এক মাস মিয়াদ অতীত হইলে পর উক্ত বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকার পত্র স্বীকার ও মঞ্জুর করিবেন।

এই স্থলে ইহা জ্ঞাত করাইবার প্রায় আবশ্যক নাই যে উক্ত নির্দিষ্ট সম্পত্তিছাড়া ঐ নিকলাস পিত্রুস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে অন্য যে সম্পত্তি দান করিয়াছিলেন সেই সম্পত্তির তিনি একাকী অধিকারীস্বরূপ ভোগ দখল করিতেছেন।

জে সি সার্কিস।
এন পি পোগস।

---

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত
আইনের।

## সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না করেন তাঁহাদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটারী একোণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপনং নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

[*Government Gazette*, 17*th August*, 1852.]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

CALCUTTA, TUESDAY, AUGUST 24, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৪ আগষ্ট।

## ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 13TH AUGUST, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 13th August, 1852, is hereby promulgated for general information :

ACT No. XXXI. OF 1852.

*An Act to repeal Clause 17, Section XVI., Regulation XX. of 1817 of the Bengal Code.*

Whereas it is not expedient that Darogahs or other Police Officers should be entitled to a commission on the value of property stolen or plundered which they may recover, It is hereby enacted as follows :

1. Clause 17, Section XVI., Regulation XX. 1817 of the Bengal Code is repealed.

J. P. GRANT,
*Secy. to the Govt. of India.*

## আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ১৩ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ১৩ আগষ্ট তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৩১ আইন।

বাঙ্গলা দেশের চলিত ১৮১৭ সালের ২০ আইনের ১৬ ধারার ১৭ প্রকরণ রদ করণের আইন।

যেহেতুক যে চোরা বা লুটকরা সম্পত্তি দারোগা বা পোলীসের অন্যান্য আমলা ধরেন সেই সম্পত্তির মূল্যের উপর ঐ দারোগাপ্রভৃতির কমিসান পাইবার স্বত্ব থাকা উচিত নহে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৭ সালের ২০ আইনের ১৬ ধারার ১৭ প্রকরণ রদ হইল ইতি।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## DRAFT OF ACT.

ACT No. —— OF 1852.

*An Act for the Registration of Assurances in the Territories under the Government of the East India Company.*

[Continued from Page 576.]

*Protection of purchasers against subsequent adjudication in Insolvency where the petition is not registered.*

LX. No Assurance by an Insolvent affecting lands in the said Territories executed after the commencement of Registration as afore said, and duly registered under this Act before the advertizement in the Government Gazette of an adjudication of Insolvency, shall, as against

## আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দলীলের রেজিষ্টরী করণের আইন।

[৫৭৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[দরখাস্ত রেজিষ্টরী না হইলে পশ্চাৎ দেউলিয়া ধার্য্যের বিরুদ্ধে খরীদারেরদের রক্ষা।]

৬০ ধারা। পূর্ব্বোক্তমতে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর উক্ত রাজ্যের মধ্যে কোন দেউলিয়া উক্ত রাজ্যের মধ্যস্থিত কোন ভূমি লিপ্ত দলীল করিলে এবং দেউলিয়া ধার্য্যের বিষয়ে গবর্ণমেণ্ট গেজেটে ইশ্তিহার প্রকাশ হওনের পূর্ব্বে তাহা এই আইনানুসারে রীতিমত রেজিষ্টরী হইলে তাহা উক্ত রাজ্যস্থিত ভূমিসম্পর্কে ঐ ধার্য্যহওনপ্রযুক্ত অথবা যে দেউলিয়া কর্ম্মের দ্বারা তাহা

any person claiming under such Assurance for valuable consideration and without fraud, be invalidated, so far as regards any lands in the said Territories, by reason of such adjudication, or of the Act of Insolvency on which such adjudication is founded, or of any other Act of Insolvency, unless the petition for adjudication have been filed of record or presented after the commencement of Registration under this Act, or have been duly registered under this Act before the registration of such Assurance.

The priority given by the preceding clauses to be enforced in equity notwithstanding Notice.

LXI. The priority given by the provisions hereinbefore contained to any person claiming for valuable consideration under a registered Assurance shall not, as respects any person so claiming without fraud, be taken away by any Court in consequence of such person having been affected with notice; and where, under the provisions hereinbefore contained, priority is given to any person claiming for valuable consideration under a registered Assurance an equitable estate or interest, such priority shall, in favour of any person so claiming without fraud, be enforced in Equity, although the person so claiming under such registered Assurance has been affected with notice.

Purchaser for valuable consideration not to be affected by notice of uses or trusts not manifested by a registered Assurance, nor by uses or trusts declared by reference to an unregistered Assurance.

LXII. Where any estate or interest in lands in the said Territories is vested in any person under any Assurance registered under this Act, no purchaser for valuable consideration, without fraud, claiming under any Assurance made by the person in whom such estate or interest is so vested, shall be affected or bound by reason of notice of any use, trust, or confidence declared or created after the commencement of Registration under this Act, and affecting such estate or interest, unless such use, trust or confidence be manifested or proved by such first mentioned Assurance, or some other Assurance duly registered under this Act, before the registration of the Assurance under which such purchaser so claims; and where, in any Assurance registered under this Act, any use, trust, or confidence affecting any estate or interest in lands in the said Territories vested in any person under any Assurance registered under this Act, is declared or created by reference to and depends for its validity or for the terms thereof upon some other Assurance executed after the commencement of Registration under this Act, no purchaser for valuable consideration, without fraud, claiming under any Assurance made by the person in whom such estate or interest is so vested, shall be affected by such use, trust, or confidence, unless the Assurance, by reference to which such use, trust,

ধার্য্য হইয়াছিল তৎপ্রযুক্ত অথবা অন্য কোন যোত্রহীনতা কর্ম্মপ্রযুক্ত ঐ দলীলক্রমে যে ব্যক্তি মূল্যবান বিষয়ের বাবৎ এবং চাতুরী বিনা দাওয়া করেন তাঁহার বিরুদ্ধে বিফল হইবেক না। কিন্তু যদি যোত্রহীনতা ধার্য্যের দরখাস্ত এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর রোয়দাদে দাখিল হইয়াছে কি দরপেশ হইয়াছে কিম্বা ঐ দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে এই আইনক্রমে রীতিমত রেজিষ্টরী হইয়া থাকে তবে তাহা অসিদ্ধ হইবেক ইতি।

[এত্তেলা দেওয়া গেলেও পূর্ব্বোক্ত ধারার যে অগ্রগণ্যতা স্থাপন হইল তাহা এক্‌টি পক্ষে বলবৎ থাকিবেক।]

৬১ ধারা। রেজিষ্টরীহওয়া দলীলক্রমে যে কোন ব্যক্তি মূল্যবান বিষয়ের বাবৎ কোন দাওয়া করেন সেই ব্যক্তিকে পূর্ব্বোক্ত বিধির অনুসারে যে অগ্রগণ্যতা দেওয়া গিয়াছে তাহা চাতুরী বিনা কোন ব্যক্তির সেইরূপ দাওয়া করণের সম্পর্কে ঐ ব্যক্তিকে এত্তেলা দেওনপ্রযুক্ত কোন আদালতের দ্বারা নিবৃত্ত হইবেক না। এবং যে কোন ব্যক্তি রেজিষ্টরীহওয়া দলীলক্রমে মূল্যবান বিষয়ের বাবৎ কোন এক্‌টি পক্ষীয় ইষ্টেট অথবা লাভের দাওয়া করেন সেই ব্যক্তিকে যখন পূর্ব্বোক্ত বিধির অনুসারে অগ্রগণ্যতা দেওয়া গিয়াছে তখন সেই অগ্রগণ্যতা চাতুরী বিনা সেইরূপ দাওয়াকারি কোন ব্যক্তির পক্ষে ঐ রেজিষ্টরীহওয়া দলীলক্রমে সেইরূপ দাওয়াকারি ব্যক্তিকে এত্তেলা দেওয়া গেলেও তাহা এক্‌টি পক্ষে প্রবল হইবেক ইতি।

[রেজিষ্টরীহওয়া কোন দলীলে যে ব্যবহার অথবা ট্রষ্ট প্রকাশ নাই এমত ব্যবহারপ্রভৃতির এত্তেলার দ্বারা কোন মূল্যবান বিষয়ের বাবৎ খরীদারের কিছু বিঘ্ন হইবেক না এবং রেজিষ্টরী না হওয়া দলীলের সম্পর্কে যে ব্যবহার অথবা ট্রষ্ট প্রকাশ হইয়াছে তদ্দ্বারা ঐ খরীদারের কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না।]

৬২ ধারা। যখন এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া কোন দলীলক্রমে উক্ত রাজ্যস্থিত ভূমির কোন ইষ্টেট অথবা লাভ অর্পণ হয় তখন যে ব্যক্তির প্রতি ঐ ইষ্টেট অথবা লাভ অর্পণ হইয়াছে সেই ব্যক্তির চাতুরী বিনা করা কোন দলীলক্রমে কোন মূল্যবান বিষয়ের খরীদার এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর যে কোন ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাস প্রকাশ হয় কি সৃষ্টি হয় এবং ঐ ইষ্টেট কিম্বা ভূমি লিপ্ত থাকে যদি সেই ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাস ঐ প্রথমোক্ত দলীলের দ্বারা অথবা যে দলীলক্রমে খরীদার দাওয়া রাখেন সেই দলীলের রেজিষ্টরী হওনের পূর্ব্বে এই আইনানুসারে রীতিমত রেজিষ্টরীহওয়া অন্য কোন দলীলে প্রকাশ অথবা প্রমাণ না হয় তবে সেই খরীদার সেই প্রকার ব্যবহারপ্রভৃতির এত্তেলা দেওনপ্রযুক্ত লিপ্ত অথব বদ্ধ হইবেন না। এবং যেখানে এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া কোন দলীলক্রমে কোন ব্যক্তির প্রতি উক্ত রাজ্যের মধ্যে ভূমির কোন ইষ্টেট কি লাভ অর্পণ হয় সেই ইষ্টেট লিপ্ত কোন ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাস এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর করা অন্য কোন দলীলের সম্পর্কে প্রকাশ অথবা সৃষ্টি হয় অথবা সেই অন্য দলীলের উপর তাহার সিদ্ধতার কিম্বা তাহার সংজ্ঞার নির্ভর আছে সেখানে যে ব্যক্তির প্রতি ঐ ইষ্টেট কি লাভ অর্পণ আছে সেই ব্যক্তির করা কোন দলীলক্রমে যে খরীদার চাতুরী বিনা মূল্যবান বিষয়ের বাবৎ দাওয়া রাখেন সেই ব্যক্তির ঐ ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাসের দ্বারা কোন ক্ষতি হইবেক না। কিন্তু যে দলীলক্রমে ঐ ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাস প্রকাশ বা সৃষ্টি হইয়াছে সেই দলীল যে দলীল-

or confidence is so declared or created, be registered under this Act before the registration of the Assurance under which such purchaser so claims.

Assurances registered at the same time to have priority according to the time of execution.

LXIII. Where any two or more Assurances to be registered under this Act are registered at the same time, such Assurances shall have priority according to the order of time in which the same shall have been executed.

The protection of the Act to extend to persons who claim under purchasers for value.

LXIV. Every person who shall claim without valuable consideration, under any person who shall have claimed for valuable consideration, shall be entitled to the same preference, protection, and advantage under the provisions of this Act as the person who shall have so claimed for valuable consideration.

Protection by legal estate and tacking not to be allowed.

LXV. In any case in which priority or protection might but for this Act have been given or allowed in Equity to any estate or interest in lands, by reason or on the ground of such estate or interest being protected by or tacked to any legal or other estate or interest in such lands, no such priority or protection shall, after the commencement of Registration under this Act, be so given or allowed to any estate or interest in lands in the said Territories, except as against any estate or interest which shall have existed prior to such commencement; and full effect shall be given in every Court of Equity to this present provision, although the party claiming such priority or protection as aforesaid shall claim as a purchaser for valuable consideration and without notice.

An Assurance which would have the effect of merging any interest not to have such effect as against a subsequent purchaser of such interest, unless an entry be made to lead such purchaser to the Assurance.

LXVI. No Assurance affecting lands which would (so far as this present enactment does not operate) have the effect at any time of merging or extinguishing any term of years or other particular estate, or of releasing or extinguishing any charge or any part thereof, or any interest therein, shall have such effect as against any person claiming for valuable consideration under any subsequent Assurance duly registered, whereby such term of years or other particular estate or such charge or interest is assigned or otherwise affected unless before the Registration of such subsequent Assurance an entry of the Assurance which would have the effect of merging, releasing or extinguishing such term of years or other particular estate, or charge or interest or part respectively, be made in the Index of Titles in which

ক্রমে ঐ খরীদার দাওয়া করেন সেই দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে এই আইনক্রমে রেজিষ্টরী হইলে সেই খরীদারের ব্যাঘাত হইবেক ইতি।

[যে দলীল একি কালে রেজিষ্টরী হয় সেই দলীল জারী হওনের তারিখক্রমে অগ্রগণ্য হইবেক।]

৬৩ ধারা। যেখানে দুই বা ততোধিক দলীল এই আইনানুসারে একি সময়ে রেজিষ্টরী হয় সেখানে ঐ দলীল যে কালে করা গেল তাহার ক্রমানুসারে তাহা অগ্রগণ্য হইবেক ইতি।

[যাঁহারা মূল্য দিয়া খরীদ করিয়াছেন তাঁহারদের সম্পর্কে যাঁহারা দাওয়া করেন তাঁহারা এই আইনানুসারে রক্ষিত হইবেন।]

৬৪ ধারা। যে কোন ব্যক্তি মূল্য দেওনপ্রযুক্ত দাওয়া করেন এমত ব্যক্তির সম্পর্কে যে কোন ব্যক্তি মূল্য না দিয়া দাওয়া করেন তিনি এই আইনের বিধির অনুসারে যিনি মূল্য দেওনপ্রযুক্ত দাওয়া করেন তিনি যেরূপ অগ্রগণ্য ও রক্ষিত ও উপকৃত হন সেইমতে ঐ ব্যক্তিরা অগ্রগণ্য প্রভৃতি হইবেন ইতি।

[আইনানুসারে ইষ্টেট ও সংযোগের দ্বারা কোন রক্ষা করা নিষেধ হইল।]

৬৫ ধারা। যেখানে এক্যুটিক্রমে কোন ইষ্টেট অথবা লাভ সেই ভূমির কোন আইনক্রমে বা অন্য প্রকার ইষ্টেট বা লাভের দ্বারা রক্ষিত হওন বা সংযোগ হওনপ্রযুক্ত এই আইন না হইলে ঐ ভূমিতে এক্যুটিক্রমে কোন ইষ্টেট বা লাভের অগ্রগণ্যতা বা রক্ষা দেওয়া যাইত সেখানে যে ইষ্টেট কি লাভ ঐ আরম্ভের পূর্ব্বে বর্ত্তমান ছিল তাহার বিরুদ্ধ ছাড়া এই আইনানুসারে ঐ রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর ঐরূপ কোন অগ্রগণ্যতা কি রক্ষকতা ঐ রাজ্যের কোন ভূমির কোন ইষ্টেট কি লাভের বিষয়ে দেওয়া যাইবেক না এবং যে ব্যক্তি ঐ অগ্রগণ্যতা অথবা রক্ষকতার পূর্ব্বোক্তমতে দাওয়া করেন তিনি এত্তেলা বিনা মূল্য দিয়া খরীদার হইয়াছেন বলিয়া দাওয়া করিলেও প্রত্যেক এক্যুটি আদালতে এই বিধি সম্পূর্ণরূপে প্রবল হইবেক ইতি।

[যে দলীলের দ্বারা কোন লাভ ভুক্তকরণের ফল হইত সেই দলীল সেই লাভের তৎপরের খরীদারের বিরুদ্ধে বিফল হইবেক কিন্তু যদি এইমত লিপি করা যায় যে তদ্দ্বারা ঐ খরীদার ঐ দলীল অবগত হইতে পারেন তবে বিফল হইবেক না।]

৬৬ ধারা। ভূমিসম্পর্কীয় যে দলীলের এই ফল হইত যে কোন সময়ে কোন মিয়াদ অথবা অন্য কোন বিশেষ ইষ্টেট ভুক্ত কি নিবৃত্ত হইত অথবা তাহার কোন খরচা বা কোন ভাগ বা তাহার মধ্যে কোন লাভ খালাস কিম্বা নিবৃত্ত হইত সেই দলীল (এই আইন যেপর্য্যন্ত না খাটে সেইপর্য্যন্ত) পশ্চাৎ লিখিত এবং রীতিমত রেজিষ্টরীহওয়া যে দলীলের দ্বারা ঐ মিয়াদ অথবা অন্য বিশেষ ইষ্টেট কি ঐ খরচা কিম্বা লাভ অর্পণ হইয়াছে কিম্বা অন্য প্রকারে লিপ্ত হইয়াছে সেই দলীলক্রমে যে কোন ব্যক্তি মূল্যবান বিষয়ের বাবৎ দাওয়া করেন তাঁহার বিরুদ্ধে তাহার সেইরূপ ফল হইবেক কিন্তু ঐ শেষ লিখিত দলীল রেজিষ্টরী হওনের পূর্ব্বে যে দলীলের দ্বারা ঐ মিয়াদ কি অন্য বিশেষ ইষ্টেট বা খরচা কি লাভ কিম্বা অংশ ভুক্ত হইত বা খালাস হইত কি নিবৃত্ত হইত এমত দলীলের এক লিপি যে দলীলদস্তাবেজের ইণ্ডেক্সে ঐ মিয়াদ অথবা অন্য বিশেষ ইষ্টেট কি খরচা কিম্বা লাভ থাকিলে এই আই-

an Assurance of such term of years or other particular estate, or charge or interest, if the same were subsisting, ought, under the provisions of this Act, to be indexed or entered.

নের বিধির অনুসারে তাহা ইণ্ডেক্স করিতে বা লিখিতে হয় সেই ইণ্ডেক্সের মধ্যে তাহা লেখা গেলে তাহার সেই-রূপ ফল হইবেক না ইতি।

**Registration of leases not compulsory.**

**LXVII.** Nothing in this Act contained shall be construed so as to render the registration of such leases or agreements for leases as in Section XIV. mentioned, or any Assurance by which any such lease or agreement shall be assigned or otherwise affected, compulsory or necessary; or to give any such leases, agreements, or assignments as aforesaid, when registered, any priority over other leases or Assurances.

[পাট্টা রেজিষ্টরী না করিলে নয় এমত নহে।]

৬৭ ধারা। এই আইনের মধ্যের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে ১৪ ধারার লিখিত পাট্টা কি পাট্টার বন্দোবস্ত অথবা যে দলীলের দ্বারা ঐ পাট্টা কি তাহার বন্দোবস্ত অর্পণ বা প্রকারান্তরে লিপ্ত হয় সেই দলীল রেজিষ্টরী না করিলে নয় অথবা তাহা রেজিষ্টরী করণের আবশ্যক আছে কিম্বা ঐ পূর্ব্বোক্ত পাট্টা বা বন্দোবস্ত কি অর্পণ রেজিষ্টরী হইলে অন্য পাট্টা বা দলীলের সম্পর্কে অগ্রগণ্য হইবেক ইতি।

**Assurances affecting money or moveable property invalid, unless registered within six months or caveat entered.**

**LXVIII.** All Assurances affecting only money or moveable property (except Wills, Decrees and Orders) shall be utterly void and of none effect unless registered within six months after the execution thereof by the party who conveys, assures, transfers, assigns or appoints thereby, or unless a caveat respecting such Assurance be registered within six months after such execution, and such caveat continue in force, or unless a caveat respecting such Assurance be registered as aforesaid, and after such caveat ceases to be in force, such Assurance be registered within six months after such execution, the time during which such caveat is registered and in force being deducted in the calculation of such six months. Provided always, that every such Assurance as aforesaid affecting money or moveable property registered within six months after the execution thereof as aforesaid, or registered after a caveat has been duly registered as aforesaid, and before such caveat ceases to be in force, or registered after such caveat ceases to be in force, but within six months after such execution as aforesaid (the time during which such caveat was registered and in force being deducted in the calculation of such six months,) shall be as valid and effectual as if the same had been registered immediately after such execution. All Wills, affecting only money or moveable property either at Law or in Equity, shall be wholly void and of none effect unless registered within two years after the death of the Testator, but if registered within that time, shall be as valid and effectual as if the same had been registered immediately after the death of the Testator, and if by reason of the concealment, suppression, or contesting of any Will, or other inevitable difficulty, any person interested thereunder be disabled from registering the same within such two years, then such Affidavit of a Will as hereinbefore in Section LVIII. mentioned, or to the like effect, so far as circumstances will admit shall be made and registered by such person, and the said Courts shall have the like power and authority to order the registra-

[টাকা অথবা অস্থাবর সম্পত্তি লিপ্ত দলীল ছয় মাসের মধ্যে রেজিষ্টরী না হইলে অথবা নিষেধপত্র দেওয়া না গেলে তাহা অসিদ্ধ।]

৬৮ ধারা। উইল ও ডিক্রী এবং হুকুম ছাড়া যে সকল দলীলে টাকা কি অস্থাবর সম্পত্তি লিপ্ত হয় তাহা যে ব্যক্তি সম্পত্তি অর্পণ করেন বা নিরূপণ করেন কি হস্তান্তর করেন বা সোপর্দ্দ করেন কি নিযুক্ত করেন সেই ব্যক্তির দ্বারা সহী হওনের পর ছয় মাসের মধ্যে যদি রেজিষ্টরী না হয় অথবা সেইরূপ দস্তখৎ হওনের পর ছয় মাসের মধ্যে সেই দলীলসম্পর্কীয় কোন নিষেধপত্র রেজিষ্টরী না হয় এবং সেই নিষেধপত্র বলবৎ থাকে কিম্বা যদি ঐ দলীলবিষয়ি নিষেধপত্র পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হয় এবং সেই নিষেধপত্র বিফল হওনের পর ঐ দলীলে দস্তখৎ হওনের পর ছয় মাসের মধ্যে রেজিষ্টরী না হয় তবে ঐ দলীল সম্পূর্ণরূপে বাতিল ও বিফল হইবেক এবং যে সময়ে ঐ নিষেধপত্র রেজিষ্টরীতে থাকে এবং প্রবল থাকে সেই সময় ঐ ছয় মাসের হিসাবহইতে বাদ দেওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐরূপ টাকা বা অস্থাবর সম্পত্তি লিপ্ত যে দলীল তাহা পূর্ব্বোক্তমতে দস্তখৎ হওনের পর ছয় মাসের মধ্যে রেজিষ্টরী হয় অথবা পূর্ব্বোক্তমতে নিষেধপত্র রেজিষ্টরী হইলে পর এবং তাহা বিফল হওনের পূর্ব্বে রেজিষ্টরী হয় অথবা ঐ নিষেধপত্র বিফল হওনের পর কিন্তু দলীলে দস্তখৎ হওনের পর ছয় মাসের মধ্যে রেজিষ্টরী হয় তাহা দস্তখৎ হওনের অব্যবহিত পরে রেজিষ্টরী হইলে যেরূপ সিদ্ধ ও প্রবল হইত সেইরূপ সিদ্ধ ও প্রবল হইবেক। কিন্তু যে কাল ঐ নিষেধপত্র রেজিষ্টরীতে থাকে এবং প্রবল থাকে সেই কাল ঐ ছয় মাসের হিসাবহইতে বাদ দেওয়া যাইবেক। যে সকল উইল কেবল টাকা অথবা অস্থাবর সম্পত্তি আইন কিম্বা এক্বুটি পক্ষে লিপ্ত হয় তাহা যদি উইলকারি ব্যক্তির মরণের পর দুই বৎসরের মধ্যে রেজিষ্টরী না হয় তবে তাহা সম্পূর্ণরূপে রদ ও বিফল হইবেক। কিন্তু তাহা যদি দুই বৎসরের মধ্যে রেজিষ্টরী হয় তবে উইলকারি ব্যক্তির মরণের অব্যবহিত পরে রেজিষ্টরী হইলে যেরূপ সিদ্ধ ও প্রবল হইত সেইরূপ সিদ্ধ ও প্রবল হইবেক। এবং যদি কোন উইল ছাপাওনের দ্বারা কি নিবৃত্তি করণের দ্বারা কিম্বা তাহার বিষয়ে বিরোধ করণের দ্বারা কি অন্য কোন অনিবার্য্য দুষ্করতাপ্রযুক্ত সেই উইলের মধ্যে যে ব্যক্তির কোন স্বত্ব থাকে সেই ব্যক্তি দুই বৎসরের মধ্যে তাহা রেজিষ্টরী করিতে অক্ষম হয় তবে পূর্ব্বোক্ত ৫৮ ধারার লিখিত কোন উইলের সুকৃতিপত্র অথবা যেপর্য্যন্ত সাধ্য সেইপর্য্যন্ত ঐ সুকৃতিপত্রের তুল্য কোন লিপি সেই ব্যক্তির দ্বারা করা যায় ও রেজিষ্টরী হয় তবে ভূমিলিপ্ত ঐ উইলের সুকৃতির বিষয়ে ৫৮ ধারায় যে ক্ষমতা দেওয়া গিয়াছে ও অর্পণ হইয়াছে ঐ উইলের

tion or cancellation of such Affidavits of Wills as are hereinbefore given and conferred by the said Section LVIII. with respect to the Affidavits of Wills affecting lands.

[To be Continued.]

## REPORT OF A REGULAR CASE DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

Where the point at issue in a suit as regards the defendants is identical and turns on one ground of title which is common to them all, it is competent to any one of the co-defendants to appeal against the whole Decree, and the Courts may reverse the Decree in favour of all the defendants, though not joining in the appeal.

This decision modifies, as respects *this special class* of cases, the rule declared in the appeal Neel Madhub Paulit *versus* Gooroo Pershad Mungraj and others of September 9th, 1851, Reports, p. 578.

A similar modification has already been declared by the decision on the appeal Dewan Sumdool Ali *versus* Dewan Munowur Ali of March 10th, 1852, Reports, pp. 156 to 159, regarding non-appealing defendants who may have *derived their title from* another *defendant appealing.*

The 7th June, 1852.

*Present :*

Sir R. Barlow, Bart. and W. B. Jackson and J. R. Colvin, Esquires, } *Judges.*

and

A. J. M. Mills and R. H. Mytton, Esquires, } *Offg. Judges.*

Case No. 5 of 1850.

Regular appeal from a decision passed by Nurohuri Seromoni, Principal Sudder Ameen of Mymensing, under date the 27th August, 1849.

Tarnee Kant Lahooree and others, Appellants, (Defendants,)

*versus*

Bhagurutee Dibah, Respondent, (Plaintiff.)

Hursoondree Dibah and others, Petitioners.

Wukeel of Appellants, J. G. Waller.

Wukeels of Respondent, Ramapershad Roy and Kishen Kishore Ghose.

Wukeel of Petitioners, Ahmud Ali.

Suit laid at Rupees 9,037-15 for the possession of 130 Khadas of land.

*Kishen Kishore Ghose.*—In the Zillah Court all defendants filed a joint answer. A joint decree passed against them all—but only two appealed without making the other defendants, respondents. Query, whether the appeal should not be thrown out ?

*Ahmud Ali, Vakeel for the other defendants,* states a petition has been put in by them begging that the case may be decided on the appeal of the appellant,

সুকৃতিপত্র রেজিষ্টরী করিতে কি বাতিল করিতে ঐ আদালতের সেইরূপ ক্ষমতা ও শক্তি থাকিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

## সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া নম্বরী মোকদ্দমার রিপোর্ট।

যখন কোন মোকদ্দমার বিরোধি বিষয় আসামীরদের সম্পর্কে একি হয় এবং স্বত্বের একি হেতুর বিষয় হয় এবং সেই হেতুতে তাহারা সকলেই একি প্রকারে লিপ্ত তখন সঙ্গি আসামীরদের মধ্যে কোন এক জন সমুদয় ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পারে এবং যদ্যপি সকল আসামী আপীল না করিয়া থাকে তথাপি সকল আসামীর পক্ষে আদালত ডিক্রী অন্যথা করিতে পারেন।

যে আপীলেতে ১৮৫১ সালের ৯ সেপ্টেম্বর তারিখে নীলমাধব পালিত আপেলাণ্ট ও গুরুপ্রসাদ মঙ্গরাজ ও অন্যেরা রেসপাণ্ডেণ্ট ছিলেন সেই আপীলের ধার্য্য হওয়া বিধি এই ডিক্রীর দ্বারা এই বিশেষ প্রকার মোকদ্দমার বিষয়ে মতান্তর হইয়াছে। রিপোর্টের ৫৭৮ পৃষ্ঠা দেখ।

যে আসামীরা আপীল করে নাই কিন্তু আপীলকারি অন্য আসামীর দ্বারা আপনারদের স্বত্ব প্রাপ্ত হইয়াছে এমত আসামীরদের বিষয়ে ১৮৫২ সালের ১০ মার্চ তারিখে যে আপীলে দেওয়ান সমদুল আলী আপেলাণ্ট ও দেওয়ান মনোয়র আলী রেসপাণ্ডেণ্ট সেই আপীলে নিষ্পত্তির দ্বারা ঐ বিধান সেইরূপে ইহার পূর্ব্বে মতান্তর হইয়াছিল।

১৮৫২ সাল ৭ জুন।

উপস্থিত।

শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব।
ও শ্রীযুত ডবলিউ বি জ্যাকসন সাহেব } জজ।
ও শ্রীযুত জে আর কলবিন সাহেব

ও শ্রীযুত এ জে এম মিল্‌স সাহেব } একটিং জজ।
ও শ্রীযুত আর এচ মিটন সাহেব।

১৮৫০ সাল ৫ নম্বরী মোকদ্দমা।

১৮৪৯ সালের ২৭ আগষ্ট তারিখে ময়মনসিংহের প্রধান সদর আমীন নরহরি শিরোমণির করা নিষ্পত্তির উপর নম্বরী আপীল।

তারিণীকান্ত লাহিড়ি ও অন্যেরা আপেলাণ্ট (আসামী)

ভাগীরথী দেবী রেসপাণ্ডেণ্ট (ফরিয়াদী)।

হরসুন্দরী দেবী ও অন্যেরা দরখাস্তকারী।

আপেলাণ্টেরদের উকীল জে জি ওয়ালর সাহেব।

রেসপাণ্ডেণ্টেরদের উকীল রমাপ্রসাদ রায় ও কৃষ্ণকিশোর ঘোষ।

দরখাস্তকারিরদের উকীল আহমদ আলী।

মোকদ্দমা ১৩০ খাদা ভূমির দখলের বিষয়ে হয় এবং তাহার মূল্য ৯০৩৭৸৶ আনা।

কৃষ্ণকিশোর ঘোষ কহিলেন যে জিলা আদালতে সকল আসামীরা এক সাধারণ জওয়াব দাখিল করিল সকলের বিরুদ্ধে এক সাধারণ ডিক্রী হইল কিন্তু কেবল দুই জন আপীল করিল এবং তাহারা অন্য আসামীরদিগকে রেসপাণ্ডেণ্ট করে নাই। অতএব জিজ্ঞাসা হইতেছে যে এই আপীল হের করা কি উচিত নহে।

অন্য আসামীরদের উকীল আহমদ আলী কহিলেন যে আসামীরা দরখাস্ত দিয়া এই প্রার্থনা করিয়াছে যে ঐ আপেলাণ্টের আপীলক্রমে মোকদ্দমা নিষ্পত্তি হয়। তা-

To this Kishen Kishore Ghose objects that the time for their appeal has passed.

Sir R. Barlow and Mr. Mytton here joined the Court.

*Mr. Waller* was heard for the appellant to the effect that in this case the appellant ought to appeal for the whole case as he has done, and not for his own specific share, and that he can be heard as to the whole case.

*Kishen Kishore Ghose for Respondent* admits that the respective shares of the defendants are not specified in the joint answer; but claims that the appeal be not heard because the other defendants are not present.

*Baboo Ramapershad* followed on the same side. He contends that an appeal from the whole decree on the part of one sharer cannot be admitted. Refers to Construction No. 997, which has been set aside by the Court.

Judgment on the first general point.

*Sir R. Barlow and Messrs W. B. Jackson, and R. H. Mytton.*—Having heard the arguments on both sides, the Court is unanimous in the opinion that in this case the appeal on the part of one of the joint defendants on the whole case can be heard and determined, and that it is competent to the Court to decide on the whole case as regards the defendants absent as well as the defendant who appeals. The defendants in this case were joint, their defence was joint, and they are co-sharers in the estate, to try the extent and boundaries of which the suit is brought by the Plaintiff. The point at issue in the suit as regards the defendants is therefore *identical,* and turns on one ground of title, which is common to them all. As regards the matter of costs it has been urged that if one sharer be allowed to appeal the whole case, he should be required on appeal to give security for the payment of all the appeal costs. On this we observe that the law allows parties to appeal without giving security for costs; and if, as has been above declared, the appeal is good and regular, there is no rule by which the appellant can be subjected to a special requisition of security for costs.

*Sir. R. Barlow.*—I am of opinion that this case may be allowed to go on upon the appeal of one of the five defendants against whom judgment was *passed* in the lower Court. They appeal from the judgment passed against *all* the defendants; but *all* parties interested in the subject matter of the suit are present or represented. The respondent by his decree must be held to be in loco the three defendants who have not appealed; so there is no defect of parties.

In all cases in which the issues between *all the* plaintiffs *and all* the defendants are identical, and in which the parties respectively come in upon the

হাতে কৃষ্ণকিশোর ঘোষ এই আপত্তি করিলেন যে আপীলের মিয়াদ অতীত হইয়াছে।

এমত সময়ে শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ও শ্রীযুত মিটন সাহেব আদালতে উপস্থিত হইলেন।

শ্রীযুত ওয়ালর সাহেব আপেলাণ্টের পক্ষে কহিলেন যে আপেলাণ্ট সমস্ত মোকদ্দমার বিষয়ে আপীল করিয়াছে এবং এইরূপ আপীল করা উচিত ছিল এবং কেবল আপনার অংশের বিষয়ে আপীল করা তাহার উচিত ছিল না এবং সমস্ত মোকদ্দমার বিষয়ে তিনি উত্তর করিতে পারেন।

কৃষ্ণকিশোর ঘোষ রেসপাণ্ডেণ্টের পক্ষে এই স্বীকার করিলেন যে আসামীরদের বিশেষ২ অংশ তাহারদের সাধারণ জওয়াবের মধ্যে নির্দ্দিষ্ট নাই কিন্তু তিনি এই দাওয়া করিলেন যে অন্য আসামীরা উপস্থিত নহে এইপ্রযুক্ত এই আপীল শুনা অনুচিত।

বাবু রমাপ্রসাদ রায় সেই পক্ষে সওয়াল জওয়াব করিয়া কহিলেন যে সমস্ত ডিক্রীর উপর আপীল এক জন অংশির পক্ষে গ্রাহ্য হইতে পারে না। তিনি ৯৯৭ নম্বরী আইনের অর্থের উদাহরণ দিলেন কিন্তু তাহা আদালত অন্যথা করিয়াছেন।

তাহাতে প্রথম সাধারণ বিষয়ে এই ডিক্রী হইল।

শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ও শ্রীযুত ডবলিউ বি জ্যাকসন সাহেব ও শ্রীযুত আর এচ মিটন সাহেব কহিলেন যে এই আদালত উভয় পক্ষের সওয়াল জওয়াব শুনিয়া এই বিষয়ে ঐক্য হইয়াছেন যে এই মোকদ্দমায় সাধারণ আসামীরদের মধ্যে এক জনের পক্ষে সমস্ত মোকদ্দমার আপীল হইলে তাহা শুনা যাইতে ও নিষ্পত্তি হইতে পারে এবং যে আসামীরা বর্ত্তমান নহে ও যে আসামী আপীল করে উভয়ের সম্পর্কে আদালত সমস্ত মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন। এই মোকদ্দমার আসামীরা সাধারণ তাহারদের জওয়াবও সাধারণ এবং তাহারা সকলেই ঐ মহালের অংশী এবং সেই মহালের পরিমাণ ও সীমাসরহদ্দ নির্ণয় করণার্থে ফরিয়াদীর দ্বারা এই মোকদ্দমা হইয়াছে। অতএব এই মোকদ্দমার বিরোধি বিষয় আসামীরদের পক্ষে একি প্রকার এবং যে স্বত্বের হেতুতে তাহারা সকলেই সমানরূপে লিপ্ত আছে সেই প্রকার হেতুর সম্পর্কে মোকদ্দমা হয়। খরচার বিষয়ে এই কহা গিয়াছে যে এক জন অংশিকে যদি সমস্ত মোকদ্দমার আপীল করণের অনুমতি হয় তবে আপীলের সময়ে সকল আপীলী খরচা দিবার বিষয়ে তাহার স্থানে জামিন তলব করা উচিত। এই বিষয়ে আমরা কহি যে খরচার বিষয়ে জামিন না দিয়াও বাদিপ্রতিবাদিকে আপীল করণের অনুমতি আইনেতে দেওয়া গিয়াছে এবং যদি উপরের উক্তমতে আপীল যথার্থ ও নিয়মমত হয় তবে খরচার জামিনের বিষয়ে আপেলাণ্টের স্থানে বিশেষরূপে তলব করণের কোন নিয়ম নাই।

শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব কহিলেন যে যে পাঁচ জন আসামীর বিরুদ্ধে অধস্থ আদালতে ডিক্রী দেওয়া গিয়াছিল সেই পাঁচ জনের মধ্যে এক জন আপীল করিলে সেই আপীলক্রমে এই মোকদ্দমার নির্ব্বাহ হইতে পারে। সকল আসামীর বিরুদ্ধে যে ডিক্রী হইয়াছিল সেই ডিক্রীর উপর তাহারা আপীল করে কিন্তু এই মোকদ্দমার বিরোধি বিষয়ে যে সকল ব্যক্তিরা লিপ্ত আছে তাহারা সকলেই বর্ত্তমান আছে অথবা তাহারদের প্রতিনিধি উপস্থিত আছে। যে তিন জন আসামী আপীল করে নাই তাহারদের স্থলে রেসপাণ্ডেণ্ট আপনার ডিক্রীর দ্বারা স্থাপিত আছে এমত বোধ করিতে হইবেক অতএব বাদিপ্রতিবাদিরদের কোন অভাব নাই।

যে সকল গতিকে সকল ফরিয়াদী এবং সকল আসামীর মধ্যে যে বিরোধের বিষয় আছে তাহা একি হয় এবং যে গতিকে বাদিপ্রতিবাদী একি স্বত্বের বিষয়ে আদা-

same interests and upon the same pleas, thus engaging in one common suit a single defendant who takes upon himself the onus of appealing on stamp of the full amount should be allowed to assert his own rights, though his co-defendants are unwilling to join the appeal.

There is apparently some little difficulty in securing to a respondent his full costs in case of dismissal of the appeal.

One of several defendants might be put forward to appeal, from whom, on dismissal, full costs could not be recovered by the respondent. Such a case would, however, be of rare occurrence. I would not therefore advocate the re-enactment of a Law for demand of security for costs. Such security is never now required in our Courts.

*Mr. J. R. Colvin.*—The main object of the decision in the case Neel Madhub Palit *versus* Gooroo Pershad Mungraj and others, of date September 9th, 1851, Reports, p. 578 was to do away with the loose rule,—if indeed it can be called a *rule*,—which was declared in the Construction No. 997, that "*where obviously requisite for the ends of justice* the "jurisdiction of the Appellate Court may extend "to all the interests affected by the decree," though the parties may not have appealed to the Court. Under a discretion so arbitrary there could be no certainty in the administration of the Law, and no safety in any opinion given by legal advisers. What the presiding Judge or Judges of a Court might at any time hold to be *obviously requisite for the ends of justice* could never be foreseen, and must always be subject to the inconsistencies of varying views and tempers.

It seems to me, however, to be a great improvement on the doubtless too general terms in which the above decision was expressed if, while upholding its leading purport, *distinct classes of cases* are, from time to time, declared in which the appeal of one defendant may be *uniformly* admitted as tending to the reversal of a Judgment of a lower Court, not only as regards that defendant, but also as regards all his co-defendants, whose interests in the thing in dispute, or in reference to any legal objection taken to the regularity or legality of a suit, are, though they may not have joined in the appeal, involved in, or identical with, his.

One such class of cases was provided for in the decision in the appeal Dewan Sumdool Ali *versus* Dewan Moonowur Ali, disposed of on the 10th March last, pp. 156 to 159, when I joined with Sir Robert Barlow and Mr. Mills in ruling that defendants, who *derive their title from* another defendant appealing, will obtain the benefit of the reversal of the decree of a lower Court upon his

লতে উপস্থিত হয় এবং একি সওয়াল জওয়াব করে এবং এইরূপে এক সাধারণ মোকদ্দমায় লিপ্ত হয় এমত সকল গতিকে এক জন আসামী যদি সম্পূর্ণ মুল্যের ইষ্টাম্প কাগজে আপীল করণের ভার আপনার উপর গ্রহণ করে তবে তাহার সঙ্গি আসামী আপীল করিতে অনিচ্ছুক হইলেও তাহাকে আপনার স্বত্ব স্থাপনের অনুমতি দেওয়া উচিত।

দৃষ্টত এই এক বিষয়ে যৎকিঞ্চিৎ বিঘ্ন আছে যে আপীল ডিসমিস হইলে রেসপাণ্ডেণ্টের আপনার সম্পূর্ণ খরচা পাওয়া দুষ্কর হইতে পারে।

নানা আসামীর মধ্যে এমত এক জনকে আপীল করণার্থে উত্থাপন্ন করা যাইতে পারে যে মোকদ্দমা ডিসমিস হইলে সেই আসামীর স্থানে রেসপাণ্ডেণ্ট আপনার সম্পূর্ণ খরচা ফিরিয়া পাইতে পারিবেক না। কিন্তু এমত বিষয় যদাকদাচিৎ হইতে পারে। অতএব আমি খরচার জামিন তলবের এক আইন পুনর্ব্বার জারী করিতে পরামর্শ দিতে পারি না। একণে সেইরূপ জামিন আর আমারদের অদালতে তলব হয় না।

শ্রীযুত জে আর কলবিন সাহেব কহিলেন যে ১৮৫১ সালের ৯ সেপ্টেম্বর তারিখে (রিপোর্টের ৫৭৮ পৃষ্ঠায়) যে মোকদ্দমায় নীলমাধব পালিত ফরিয়াদী এবং গুরুপ্রসাদ মঙ্গরাজ ও অন্যেরা আসামী সেই মোকদ্দমার নিষ্পত্তির মুখ্য অভিপ্রায় এই ছিল যে ৯৯৭ নম্বরী আইনের অর্থে যে এলুথা বিধান হইয়াছিল (তাহা প্রায় বিধান কহা যাইতে পারে না) অর্থাৎ যে যথার্থ বিচার হওনের জন্য স্পষ্টত আবশ্যক হইলে যদ্যপি বাদিপ্রতিবাদী আদালতে আপীল না করিয়া থাকে তথাপি ডিক্রীর দ্বারা যে সকল ব্যক্তির স্বত্ব লিপ্ত আছে আপীল আদালতের ক্ষমতা সেই সকল স্বত্বের বিষয়ে বিস্তার হইতে পারে। এইমত স্বেচ্ছাধীন বিবেচনা করণের অনুমতি থাকিলে আইনের কার্য্যের নির্ব্বাহেতে কিছু নিশ্চিত হইতে পারে না এবং উকীলেরা আপনং যে মত জানান তাহাতে কেহ আপনাকে নির্ব্বিঘ্ন জ্ঞান করিতে পারিবেন না। আদালতের জজ বা জজ সাহেবেরা "যথার্থ বিচারহওনের জন্যে যাহা নিতান্ত আবশ্যক" ইহা কোন্ সময়েতে কিরূপ বোধ করিবেন তাহা পূর্ব্বে কেহ জানিতে পারিবেক না এবং জজ সাহেবের অভিপ্রায় ও মেজাজের বিভিন্নতাপ্রযুক্ত তাঁহারদের বিবেচনার কোন ঐক্য হইতে পারিবেক না।

পূর্ব্বোক্ত নিষ্পত্তি অনিশ্চিত কথায় উক্ত হইয়াছিল সন্দেহনাই কিন্তু যদি এই আদালতের জজ সাহেব তাহার সাধারণ অভিপ্রায় বজায় রাখিয়া সময়ক্রমে ইহা জ্ঞাত করেন যে বিশেষ২ প্রকার মোকদ্দমায় এক জন আসামী আপীল করিলে সেই এক আসামীর বিষয়ে কেবল নহে কিন্তু অন্য যে সকল সঙ্গি আসামীর বিরোধি বিষয়ে সমান স্বত্ব থাকে অথবা মোকদ্দমার নিয়মমত ও আইনসিদ্ধ হওয়া না হওয়ার বিষয়ে যে কোন আইনসম্পর্কীয় আপত্তি হইতে পারে তাহার বিষয়ে তাহারা সমানরূপে লিপ্ত থাকে সেই সকল আসামীর বিষয়ে তাহারা আপীল না করিলেও অধস্থ আদালতের ডিক্রী তাহার দ্বারা নিয়ত অন্যথা হইতে পারে তবে ঐ অনিষ্ট নিষ্পত্তির অনেক প্রতিকার হইতে পারে।

গত মার্চ মাসের ১০ তারিখে (১৫৬—১৫৯ পৃষ্ঠায়) যে মোকদ্দমায় দেওয়ান সমদুল আলী আপেলাণ্ট ও দেওয়ান মনোয়র আলী রেসপাণ্ডেণ্ট সেই মোকদ্দমার নিষ্পত্তিতে এইরূপ এক প্রকার মোকদ্দমার বিষয়ে নিয়ম হইয়াছিল। সেই সময়ে আমি শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ও শ্রীযুত মিল্‌স সাহেবের সঙ্গে ঐক্য হইয়া বিধান করিলাম যে যে আসামীরা অন্য আপীলকারি আসামীর স্থানে স্বত্ব প্রাপ্ত হইয়াছে সেই আসামীরা স্বয়ং আপীল না করিলেও ঐ এক জন আসামীর আপীল-

[*Government Gazette*, 24*th August*, 1852.]

appeal, though they may not have appealed themselves.

So I think that in this case, where all the defendants held by one *identical common* title, the decision as to that title on the appeal of one defendant must in reason and justice extend to and determine the rights and position of his co-defendants.

In truth any of the defendants under such circumstances has a right,—paying or taking on himself the responsibility of the whole appropriate costs,—to put *the entire decree* of the lower Court in issue. And if that decree be reversed upon his single appeal, it is, of course, reversed, and becomes null for all purposes.

A party cannot be permitted to be injured by a decision in a case in which he is not duly represented or called upon to appear. But he may with perfect propriety be allowed to *benefit* by a decree touching his interest, as well as that of another, or of others. And the plaintiff who has in the lower Court gained a decree against all the defendants, cannot complain; for he has had the fullest opportunity of sustaining such decree upon the appeal of the one defendant.

There may, it is true, be special circumstances in an appealed case. Some defendants may have directly confessed judgment, or may have made a compromise and settlement for themselves with a plaintiff. The cases of such persons must be dealt with on their own facts and merits.

It is certainly possible that the abuse may arise of putting forward only one defendant to appeal who has not property which can be depended upon to satisfy the costs of an unsuccessful appeal. But it will be rarely that a defendant can be found willing to take on himself such a personal liability for the sake of others —and evils and inconveniences of this kind, should they be experienced in practice, can be met by legislation. The permission to one defendant to appeal on the whole case as involving his right, without giving a special security for costs, is in accordance with the general system now established on the subject of costs of appeal.

The old practice of the Court appears, it is to be observed, not to have been in favor of the more liberal, though *still guarded* and limited, rule in which we have now concurred. It is stated in paragraph 2 of Construction No. 997 that up to the beginning of 1836 no precedent had been found in which this Court had taken congnizance of, and decided on, the interests of parties to the original suit who had not joined in the appeal.

*Mr. A. J. M Mills.*—I concur. I would merely add that I have already, in the case of Kishen Chunder Rae *versus* the Rajah of Burdwan, decided on the 18th of November, 1851, recorded my opinion that, if a decree be passed against co sharers, when the defendants have but one right

ক্রমে অধস্থ আদালতের ডিক্রী অন্যথা করণেতে যে উপকার হয় সেই উপকারের ভোগী হইতে পারে।

এবং এই মোকদ্দমাতেও আমি সেইরূপ বোধ করি যে সকল আসামীর একি সাধারণ স্বত্ব থাকিলে এক জন আসামীর আপীলক্রমে সেই স্বত্বের বিষয়ে যে নিষ্পত্তি হয় তাহা ন্যায্য ও যথার্থ বিবেচনাক্রমে তাহার সঙ্গি আসামীরদের স্বত্ব ও অবস্থার বিষয়ে খাটাইতে হয় ও তাহা ধার্য্য করিতে হয়।

ফলত আসামীরদের মধ্যে কোন এক জন যদি সমুদয় উপযুক্ত খরচা দেয় অথবা তাহার ঝুঁকী আপনার উপর লয় তবে সেই এক জন এই মত গতিকে অধস্থ আদালতের সমুদয় ডিক্রীর বিষয় আদালতে বিচারে আনিতে পারে। এবং যদি তাহার ঐ একাকী আপীলক্রমে সেই ডিক্রী অন্যথা হয় তবে সেই ডিক্রী সুতরাং সর্ব্বতোভাবে অন্যথা ও বাতিল হয়।

যে মোকদ্দামায় কোন ব্যক্তির রীতিমত কোন প্রতিনিধি নাই অথবা স্বয়ং হাজির হইতে তলব হয় নাই এমত মোকদ্দমার নিষ্পত্তির দ্বারা সেই ব্যক্তির কোন ক্ষতি করা হইতে পারে না। কিন্তু যে ডিক্রীতে তাহার নিজ লাভের এবং অন্য এক বা ততোধিক ব্যক্তির লাভালাভের সম্পর্ক আছে সেই ডিক্রীর দ্বারা তাহার উপকার হওনের অনুমতি দেওয়া অতিযথার্থ। এবং এমত গতিকে যে ফরিয়াদী সকল আসামীর বিরুদ্ধে অধস্থ আদালতে ডিক্রী পাইয়া থাকেন তিনি কোন ওজর করিতে পারেন না যেহেতুক এক জন আসামীর আপীলক্রমে সেই ডিক্রী বহাল রাখিবার সম্পূর্ণ উপায় তাঁহাকে দেওয়া গিয়াছে।

আপীলী মোকদ্দমায় বিশেষ ২ বিষয় থাকিতে পারে ইহা সত্য বটে। অর্থাৎ এইমত হইতে পারে যে কোন আসামীরা একেবারে ডিক্রী স্বীকার করিয়াছে অথবা আপনারদের জন্যে ফরিয়াদীর সঙ্গে রফানামা এবং বন্দোবস্ত করিয়াছে। কিন্তু এই প্রকার ব্যক্তিরদের মোকদ্দমা সেই মোকদ্দমার বিশেষ বৃত্তান্ত ও দোষ গুণ বিবেচনা করিয়া তাহার বিষয় নিষ্পত্তি করিতে হইবেক।

ইহ অবশ্য হইতে পারে যে যে এক জন আসামীর এমত সম্পত্তি নাই যে আপীল বিফল হইলে তিনি তাহার খরচা দিতে পারিবেন এইমত এক জন আসামীকে আপীল করণার্থে উপস্থাপন করা অন্যায় হইতে পারে। কিন্তু যে আসামী অন্যেরদের উপকারের জন্যে এইরূপে সকল ভার আপনার উপর গ্রহণ করিতে ইচ্ছুক আছেন এমত আসামী প্রায় পাওয়া যাইবেক না এবং যদি কার্য্যক্রমে এমত কোন বিঘ্ন ও ক্লেশ দৃষ্ট হয় তবে এক আইনের দ্বারা তাহার প্রতিকার করা যাইতে পারে। আপীলের খরচার বিষয়ে এক্ষণে যে সাধারণ নিয়ম আদালতে স্থাপন হইয়াছে তদ্দ্বারা এক জন আসামীকে আপনার স্বত্ব লিপ্ত সমস্ত মোকদ্দমার উপর আপীল করিতে অথচ খরচার বিষয়ে কোন বিশেষ জামিন না দিতে অনুমতি আছে।

কিন্তু ইহা স্মরণে রাখিতে হইবেক যে যে অধিক বদান্য অথচ সুরক্ষিত বিধিতে আমরা এক্ষণে ঐক্য হইয়াছি তাহা এই আদালতের সাবেক ব্যবহারের বিরুদ্ধ। ৯৯৭ নম্বরী আইনের অর্থের ২ দফায় লেখা আছে যে ১৮৩৬ সালের আরম্ভপর্য্যন্ত এইমত কোন নজির ছিল না যে আসল মোকদ্দমায় যে বাদিপ্রতিবাদী আপীলের সহকারী হয় নাই এমত ব্যক্তিরদের স্বত্বের বিষয় এই আদালত বিবেচনা করিয়াছেন এবং নিষ্পত্তি করিয়াছেন।

শ্রীযুত এ জে এম মিল্‌স সাহেব কহিলেন যে উক্ত কথাতে আমার ঐক্য আছে এবং আমার কেবল আরো ইহা কহা আবশ্যক যে ১৮৫১ সালের ১৮ নবেম্বর তারিখে কৃষ্ণচন্দ্র রায় ফরিয়াদী ও বর্দ্ধমানের মহারাজা আসামী এই মোকদ্দমায় যে নিষ্পত্তি হইয়াছিল তাহাতে আমি আপনার এই মত লিখিয়াছি যে যদি আসামীরদের কেবল পরস্পর এক স্বত্ব থাকে এবং তাহারদের

amongst them, founded upon a common title, an appeal on the part of one of the joint defendants should be admitted in the name of all;- those who bring the appeal being responsible for the costs.

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENT.

*The 13th August*, 1852.

Baboo Nubocoomar Bannerjee, Acting Moonsiff of Gowas, to be Moonsiff of Hureerparah, in Moorshedabad, from the 5th of June last, the date from which Sheikh Gholam Fureed, is to draw his pension, continuing to act at Gowas, until further orders.

### LEAVES OF ABSENCE.

*The 13th August*, 1852.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for two weeks, from the 5th instant, in extension of the leave granted on the 29th ultimo, on Medical Certificate.

Moulvee Gholam Butool Tamkin, Moonsiff of Amduhra, Zillah Beerbhoom, for the 7th and 8th instant on account of the late Hindoo Holidays, Junum Ustomee.

*The 18th August*, 1852.

Baboo Poornochunder Mitter, Moonsiff of Kytee, Zillah East Burdwan, for three months from the 16th of November next, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacations.

B. J. COLVIN, *Register*.

## রাজকর্ম্মে নিয়োগ।

১৬৯৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম

ছুটী।

১৮৫২ সাল ১৪ আগষ্ট।

পাটনার মাজিষ্ট্রেট শ্রীযুত এল এস জাকসন সাহেব (Mr. L. S. Jackson,) গত মাসের ২৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ৬ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইন অনুসারে রেলওএ সিরিশতায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মিত্র চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের কালেকটর শ্রীযুত এফ ই রীড সাহেব (Mr. F. E. Read,) গত মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি রহিত হয় ঐ তারিখে তিনি আপন কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সাধারণ স্বত্বের একি মূল হয় এবং যদি অংশিরদের বিরুদ্ধে ডিক্রী হয় তবে সাধারণ আসামীরদের মধ্যে এক জন আপীল করিলে তাহা সকল আসামীর নামে হইয়াছে ইহা স্বীকার করিতে হইবেক এবং যাহারা আপীল করে তাহারা খরচার বিষয়ে দায়ী হইবেক।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*.

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৩ আগষ্ট।

গোয়াসের একটিং মুনসেফ শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা গত জুন মাসের ৫ তারিখঅবধি মুরশিদাবাদের হরীরপাড়ার মুনসেফ হইবেন। ঐ তারিখঅবধি শ্রীযুত শেখ গোলাম ফরীদ পেনস্যনপ্রাপ্ত হইবেন। শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা অন্য হুকুম না হওনপর্য্যন্ত গোয়াসের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৩ আগষ্ট।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় গত মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের আমদহরার মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম বতুল তামকিন জন্মঅষ্টমী নামক হিন্দু পরবের নিমিত্তে বর্ত্তমান মাসের ৭ ও ৮ তারিখে ছুটী পান।

১৮৫২ সাল ১৮ আগষ্ট।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কাইতীর মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত আগামি নবেম্বর মাসের ১৬ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

জি জে কলবিন। রেজিষ্টর।

১৭২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১১ আগষ্ট।

শ্রীযুত এ আর তামসন সাহেব (Mr. A. R. Thompson,) ও শ্রীযুত পণ্ডিত কালীকমল ন্যায়রত্ন বাঁকুড়াতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ১২ আগষ্ট।

বেহারে নওয়াদহের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A. G. Wilson,) গত মে মাসের ১৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ আগষ্ট।

ত্রিহুতের অতিরিক্ত জজ শ্রীযুত উলিয়ম সেণ্ট ক্বিণ্টিন সাহেব (Mr. Wm. St. Quintin,) সরকারী কর্ম্মে ইশতাফা দেওনের পূর্ব্বে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৭ আগষ্ট।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত শক সাহেবের (Mr. Schalch,) অনুপস্থান-পর্য্যন্ত ঐ জিলার একটিং কালেকটর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী আলি মহম্মদ গত মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. Ogg, *Register.*

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দফ্তরখানায় তত্ত্ব করিলে পাইতে পারেন। মূল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর।

## MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

### NOTICE.

The following Government Promissory Notes, viz —

A First Five per Cent. loan, No. 2716 of 2611 of 1829-30 for Sa. Rs. 5,000 and a Second Five per Cent. loan, No. 44,218 of 1841-42 for Co's Rs. 1,000, being the Property of one Sreemutty Matungginy Dassee, the Widow of Issenchunder Paul, deceased, have been lately lost from the possession of Juggutchunder Paul, her constituted Attorney, of which Notice has been duly given to the General Treasury, any person finding and handing over the same shall be rewarded handsomely. Apply to Mr. Arthur St. John Carruthers, Attorney at Law, Supreme Court.

Calcutta, 4, Old Post Office Street, 5th August, 1852.

ইশ্‌তিহার।

মৃত ঈশ্বরচন্দ্র পালের বিধবা শ্রীমতী মাতঙ্গিনী দাসীর ১৮২৯। ৩০ সালের ২৭১৬। ২৬১১ নম্বরের সিক্কা ৫০০০৲ টাকার শতকরা পাঁচ টাকার সুদের প্রথম এক কেতা কোম্পানির কাগজ এবং ১৮৪১। ৪২ সালের ৪৪২১৮ নম্বরের শতকরা ৫৲ টাকার সুদের কোং ১০০০৲ টাকার দ্বিতীয় এক কেতা কোম্পানির কাগজ তাহার উকীল জগৎচন্দ্র পালের দখলে ছিল তাহা খোয়া গিয়াছে তদ্বিষয়ের সম্বাদ জেনরল ট্রেজুরীতে দেওয়া গিয়াছে। যে কোন ব্যক্তি তাহা পাইয়া ফিরিয়া দিবেন তাঁহাকে উত্তমরূপে পুরস্কার দেওয়া যাইবেক। সুপ্রিম কোর্টের উকীল আর্থর সেণ্টজান কারুথর্স সাহেবের নিকটে বিশেষ বেওরা জানা যাইতে পারিবেক।

কলিকাতা। ৪ নম্বর। ওল্‌ড পোষ্ট আফিস ষ্ট্রিট ১৮৫২ সাল ৫ আগষ্ট।

### NOTICE.

*In the Press, and will be shortly published by Messrs. P. S. D'Rozario and Co., Calcutta.*

A Translation in Bengalee of the *Abstracts of the Decisions of the Sudder Dewanny Adawlut, with Notes*, both in Regular and Summary Cases from the commencement of the year 1849 (previous to which the abstracts of the decisions are embodied in Mr. J. C. Marshman's Guide to the Civil Law) to the end of 1851, in one volume royal octavo, containing nearly 300 pages. Price to Subscribers, 6 Rs., non-Subscribers, 8 Rs. Apply to Mr. J. Baptist, Mymensing, or to Messrs. P. S. D'Rozario and Co., Calcutta.

As only a limited number of Copies will issue from the Press, early application is solicited.

N. B.—Subscribers taking at once 6 Copies will have to pay 30 Rs., and non-Subscribers 40 Rs. for the same number.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি সমূহের সার সংগ্রহের অনুবাদ শ্রীযুত জে, সি, মার্সমন সাহেবের কৃত সিবিল গাইডে মুদ্রিত হইয়াছে তদব্যতীত ১৮৪৯।৫০। ৫১ সালের নম্বরি ও সরাসরি নিষ্পত্তি সমস্তের মন্তব্য সহিত সারসংগ্রহ বঙ্গ ভাষায় অনুবাদ এক বালমে অর্থাৎ এক বহিতে প্রস্তুত হইয়া শীঘ্র সর্ব্ব সাধারণের গ্রহণার্থে মোকাম কলিকাতার লালদীঘির পূর্ব্ব দিকে ৮ নম্বরি দোকানে শ্রীযুত পি, এস, ডি-রোজারিও কোম্পানির যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইবেক। প্রোক্ত পুস্তকের মূল্য যে গ্রহণেচ্ছুক মহাশয়েরা পূর্ব্বে গ্রহণোল্লেখে নাম স্বাক্ষর করিয়া দেন তাঁহাদের পক্ষে মবলগ ৬৲ টাকা ও অন্যেরদের নিমিত্তে ৮৲ টাকা ধার্য্য হইয়াছে যাঁহারা ঐ পুস্তক লওয়ার আকাঙ্ক্ষা করেন তাঁহারা জিলে ময়মনসিংহের শ্রীযুত জান বাপটিষ্ট সাহেবের নিকট অথবা ডি-রোজারিও কোম্পানির দোকানে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। আরো লিখা যাইতেছে যে উপরোক্ত পুস্তকে কেবল অল্প নিরূপিত সংখ্যায় মুদ্রিত হইবেক অতএব গ্রহণেচ্ছুক মহাশয়গণের অবিলম্বে উক্তমত নাম লিখিয়া দেওয়া কর্ত্তব্য।

যে বিজ্ঞবর গ্রহণেচ্ছুক মহাশয়েরা অগ্রে নাম লিখিয়া দিয়া একত্রে ৬ খান পুস্তক লওয়ার বাঞ্ছিত হন তাঁহারা ৩০৲ টাকা ও যাঁহারা ঐ প্রকার নাম লিখিয়া না দেন তাঁহারা ৬ পুস্তককে ৪০৲ টাকা মূল্যে পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৪ আগষ্ট।]

## NOTICE.

In pursuance of the conditions of the Deed or Agreement of Marriage Settlement, bearing date the thirty-first day of October, in the year of our Lord one thousand eight hundred and fifty, made between, and executed and registered by Nicholas Petruse Pogose, and Mary Johannes Carapiet Sarkies, at present Mary Nicholas Petruse Pogose, and Johannes Carapiet Sarkies, whereby the said Nicholas Petruse Pogose settles on the said Mary Johannes Carapiet Sarkies at present Mary Nicholas Petruse Pogose and her children, the whole eight annas share belonging to the said Nicholas Petruse Pogose in the five several estates, together with all the dependencies whatsoever belonging to them devised to him, the said Nicholas Petruse Pogose, by the Will of his late grandfather Nicholas Markar Pogose, namely:—The first estate or eight annas share of ten annas thirteen gundas, and one cowry section of Tuppa Bahadoorpore rendered into sixteen annas, recorded proprietor Khajeh Necoos Markar and others, registered number four hundred and seventy-nine, situated in zillah Backergunge, the entire sudder jumma of the said ten annas thirteen gundas and one cowry section is Company's Rupees three thousand five hundred and seventy-nine, eleven annas, and nine pie. The second estate or eight annas share of five annas six gundas, and three cowry section of the said Tuppa Bahadoorpore, rendered into sixteen annas, recorded proprietor the said Khajeh Necoos Markar and others, registered number four hundred and eighty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said five annas six gundas and three cowry section is Company's Rupees one thousand three hundred and thirty-three, five annas and four pie. The third estate or eight annas share of eight annas section of Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep. rendered into sixteen annas recorded proprietor Khajeh Necoos Markar registered number one thousand, seven hundred and thirty-seven, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said eight annas section is Company's Rupees two hundred and nine, nine annas and five and a half pie, the fourth estate or eight annas share of four anna section of the said Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep rendered into sixteen annas recorded proprietor the said Khajeh Necoos Markar, registered number one thousand seven hundred and sixty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said four anna section is Company's Rupees one hundred and eighteen, six annas and five pie. And the fifth or last estate or eight annas share of eight annas fourteen gundas and three cowry section of Pergunnah Jainshahee rendered into sixteen annas, Zemindaree of Khajeh Necoos Pogose, recorded proprietors Petruse Necoos Pogose and Oakim Greegore Necoos Pogose Saheb, regis-

## এস্তেলা।

ইঙ্গরেজী আঠার শত পঞ্চাশ সালের একত্রিশে অক্টোবর তারিখে নিকলাস পিক্রস পোগস এবং মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিক্রস পোগস এবং জোহানিস কারাপিট সার্কিসের মধ্যে এক বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকারপত্র করা গিয়াছিল এবং তাহা জারী ও রেজিষ্টরী হইয়াছিল এবং সেই বন্দোবস্তপত্রের দ্বারা উক্ত নিকলাস পিক্রস পোগস উক্ত মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিক্রস পোগসের প্রতি এবং তাঁহার সন্তানেরদের প্রতি এই২ সম্পত্তি যৌতুকস্বরূপ নির্বন্ধ করিয়া দিলেন বিশেষতঃ পশ্চাৎ লিখিত যে পাঁচ মহাল ও তৎসম্পর্কীয় সমস্ত প্রকার বিষয়ের যে সম্পূর্ণ আট আনা অংশ ঐ নিকলাস পিক্রস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে দান করিয়াছিলেন এবং এইক্ষণে ঐ নিকলাস পিক্রস পোগসের আছে তাহা। সেই মহাল এই২। প্রথম মহাল অর্থাৎ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার দশ আনা তের গণ্ডা এক কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কারওগয়রহ তাহার রেজিষ্টরীর নম্বর চারি শত উনআশী তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ দশ আনা তের গণ্ডা এক কড়া ভাগের মোট সদর জমা তিন হাজার পাঁচ শত উনআশী টাকা এগার আনা নয় পাই। দ্বিতীয় মহাল অর্থাৎ ঐ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরী হওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কারওগয়রহ এবং তাহা চারি শত আশী নম্বরে রেজিষ্টরী হইয়াছে এবং তাহা পূর্ব্বোক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়া ভাগের মোট সদর জমা এক হাজার তিন শত তেত্রিশ টাকা পাঁচ আনা চারি পাই। তৃতীয় মহাল অর্থাৎ পরগনা চন্দ্রদ্বীপহইতে পৃথক্‌হওয়া তালুক খাজে মার্কারের জোয়ার রত্নদী ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার আট আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত সাঁইত্রিশ এবং তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ আট আনা ভাগের মোট সদর জমা কোম্পানির দুই শত নয় টাকা নয় আনা সাড়ে পাঁচ পাই। চতুর্থ মহাল অর্থাৎ চন্দ্রদ্বীপ পরগনাহইতে পৃথক্‌হওয়া তালুক খাজে মার্কারের উক্ত জোয়ার রত্নদী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার চারি আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত ষাইট এবং তাহা উক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ চারি আনা ভাগের সমুদায় সদর জমা কোম্পানির এক শত আঠার টাকা ছয় আন পাঁচ পাই। এবং পঞ্চম বা শেষ মহাল অর্থাৎ পরগনা জাইনশাহী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের আট আনা অংশ তাহা খাজে নিকুস পোগসের জমীদারী তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী পিক্রস নিকুস পোগস এবং ওকিম গ্রিগর নিকুস পোগস সাহেব এবং তাহার রেজীষ্টরী নম্বর সত্তর এবং তাহা জিলা ময়মুনসিংহে স্থিত এবং উক্ত আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের সমুদায় সদর জমা কোম্পানির দশ হাজার পাঁচ শত পঁচিশ টাকা তের আনা দশ পাই আট ক্রান্তি। ঐ বিবাহের বন্দোবস্তপত্রের নিয়ম অনুসারে ঐ জোহানিস কারাপিট সার্কিস এবং ঐ নিকলাস পিক্রস পোগস ইহার দ্বারা উক্ত নিকলাস পিক্রস পোগসের যে কোন প্রকার মহাজন থাকে তাহারদিগকে

tered number seventy, situated in zillah Mymunsing, the entire sudder jumma of the said eight annas fourteen gundas and three cowry section is Company's Rupees ten thousand five hundred and twenty-five, thirteen annas, ten pie, and eight krants. The said Johannes Carapiet Sarkies and the said Nicholas Petruse Pogose, hereby request that the creditors of the said Nicholas Petruse Pogose of whatsover nature and description, and also the creditors and legatees under the Will of his late grandfather, the said Nicholas Markar Pogose, shall from this date the 19th day of August, in the year of our Lord one thousand eight hundred and fifty-two, during the period of one month and not afterwards, give notice of and send in their claims of whatsoever nature and description, either now due or may hereafter become due, and apply separately both to Johannes Carapiet Sarkies, Esq. at No. 6, Bonfield's Lane, opposite to the centre gate of the Armenian Church, Calcutta, and to Nicholas Petruse Pogose, Esq., Panioty's Lane, Dacca, for information of such claims as may be due hereafter, and for the payment or liquidation of the amount of such claims as are now due, and in default thereof, the said creditors shall peremptorily forfeit their said claims of whatsoever nature and description to the above named properties. The said Nicholas Petruse Pogose having now completed his full age of twenty one years shall, as stipulated in the said Deed or Agreement of Marriage Settlement, ratify and confirm the said Deed or Agreement of Marriage Settlement after the expiration of the above specified period of one month.

It need not be added that besides the above particularized property, the said Nicholas Petruse Pogose stands possessed as absolute owner of other property devised to him by the said Will of his grandfather the late Nicholas Markar Pogose.

J. C. SARKIES.
N. P. POGOSE.

এবং তাঁহার মৃত পিতামহ উক্ত নিকলাস মার্কার পোগসের উইলক্রমে যে মহাজন থাকে এবং যাহারদিগকে দান হইয়াছিল তাহারদিগকে এই আদেশ করিতেছেন যে ইঙ্গরেজী আঠার শত বাৱান্ন সালের আগষ্ট মাসের ১৯ দিবসের অর্থাৎ অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে এবং তৎপরে নহে তাঁহারদের যে কোন প্রকার ও যে কোন রকমের দাওয়া এইক্ষণে থাকে অথবা উত্তর কালে হইতে পারে তাহার এত্তেলা স্বতন্ত্র করিয়া কলিকাতার আরমানিগির্জার মধ্যম দরওয়াজার সম্মুখে বনফিল্‌দ গলির ছয় নম্বর বাটীতে শ্রীযুত জোহানিস কারাপিট সার্কিস সাহেবের নিকটে ও ঢাকাতে পানিয়োটির গলিতে শ্রীযুত নিকলাস পিক্রস পোগস সাহেবকে দেন এবং ইহার পর যে দাওয়ার দেনা হইবেক তাহার সম্বাদের বিষয়ে এবং যে সকল দাওয়া এইক্ষণে দেয় আছে তাহার টাকার জন্যে অথবা তাহার পরিশোধের জন্যে ঐ২ সাহেবের প্রতি দরখাস্ত করেন। এবং তাহা না করিলে উক্ত সম্পত্তিতে উক্ত মহাজনেরদের যে কোন রকম বা যে কোন প্রকার দাবী থাকে তাহা নিতান্ত মিথ্যা ও বাতিল হইবেক। ঐ নিকলাস পিক্রস পোগস এইক্ষণে সম্পূর্ণ বয়ঃপ্রাপ্ত অর্থাৎ তাঁহার একুশ বৎসর বয়স হইয়াছে এবং ঐ বিবাহের বন্দোবস্তপত্রে অর্থাৎ অঙ্গীকারপত্রে যেরূপ নিয়ম আছে সেইরূপে তিনি উক্ত এক মাস মিয়াদ অতীত হইলে পর উক্ত বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকার পত্র স্বীকার ও মঞ্জুর করিবেন।

এই স্থলে ইহা জ্ঞাত করাইবার প্রায় আবশ্যক নাই যে উক্ত নির্দ্দিষ্ট সম্পত্তিছাড়া ঐ নিকলাস পিক্রস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে অন্য যে সম্পত্তি দান করিয়াছিলেন সেই সম্পত্তির তিনি একাকী অধিকারীস্বরূপ ভোগ দখল করিতেছেন।

জে সি সার্কিস।
এন পি পোগস।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৪ আগষ্ট।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান্‌ কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

**CALCUTTA, TUESDAY, AUGUST 31, 1852.**

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৩১ আগষ্ট ।


## ACT.

FORT WILLIAM.
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 20TH AUGUST, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 20th day of August 1852, is hereby promulgated for general information:

ACT No. XXXII. OF 1852.

***An Act to facilitate the prosecution of certain Ministerial and Police Officers for certain Criminal Acts.***

Whereas it is expedient to enable the local Governments, and the head officers of departments or offices under Government, to prosecute their subordinate ministerial or police officers for acts of corruption, extortion, embezzlement or other malversation, whether or not any charge be preferred by an aggrieved private party in respect of such acts, It is enacted as follows:

I. Whenever the local Government, or the head officer of a department or office under Government, shall be of opinion that there are good grounds for making a public enquiry into the truth of any imputation of corruption, extortion, embezzlement, or other malversation committed at any time during tenure of office, by any ministerial or police officer, subject to the jurisdiction of the Courts of the East India Company, and subordinate to such Government, or employed in such department or office, as the case may be, it shall be lawful for such Government, or any such head officer as aforesaid, to prosecute such officer on the part of Government in a Criminal Court, or to nominate some person to conduct such prosecution;

## আইন ।

ফোর্ট উলিয়ম ।
দেশীয় ডিপার্টমেণ্ট ।
লেজিসলেটিব ।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২০ আগষ্ট ।

ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২০ আগষ্ট তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে ।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৩২ আইন ।

কোন২ ফৌজদারী অপরাধের জন্যে এদেশীয় কতক২ আমলারদের ও পোলীসের আমলারদের নামে নালিশের সুবিধা করণের আইন ।

যেহেতুক নানা স্থানের গবর্ণমেণ্টকে এবং গবর্ণমেণ্টের অধীন সিরিশতা অথবা দপ্তরের প্রধান কর্ম্মকারকদিগকে এই ক্ষমতা দেওয়া উচিত বোধ হইয়াছে যে তাঁহারদের তাবে এদেশীয় আমলারদের বা পোলীসের আমলারদের নামে ঘুষ বা জবরদস্তী করিয়া টাকা লওন অথবা তসরুফ করণ কিম্বা অন্য কুকর্ম্মের জন্যে ক্ষতিগ্রস্ত সাধারণ ব্যক্তি কোন নালিশ করিলে বা না করিলে ঐ গবর্ণমেণ্টপ্রভৃতি সেই কর্ম্মের বিষয়ে নালিশ করিবার শক্তি পান অতএব নীচের লিখিতমতে হুকুম হইল ।

১ ধারা । যখন স্থানীয় কোন গবর্ণমেণ্টের অথবা গবর্ণমেণ্টের অধীন কোন সিরিশতা কি দপ্তরের প্রধান কর্ম্মকারকের এমত বোধ হয় যে কোম্পানি বাহাদুরের আদালতের এলাকার অধীন এবং ঐ গবর্ণমেণ্টের তাবে কিম্বা বিষয়বিশেষে ঐ সিরিশতা অথবা দপ্তরে নিযুক্ত কোন এতদ্দেশীয় আমলার কি পোলীসের আমলার পদধারণের কোন সময়ে ঘুষ বা জবরদস্তী করিয়া টাকা লওন বা তসরুফ করণ কি অন্য কুকর্ম্ম করণের কোন অভিযোগের সত্যাসত্যতার বিষয়ে সরকারের তরফে তহকীক করণের উপযুক্ত কারণ আছে তখন ঐ গবর্ণমেণ্ট অথবা পূর্ব্বোক্তমতে ঐ প্রধান কর্ম্মকারক কোন ফৌজদারী আদালতে সরকারের পক্ষে ঐ এতদ্দেশীয় আমলার নামে নালিশ করিতে পারেন অথবা সেই নালিশ চালাইতে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারেন । এবং এদেশীয় কোন আমলার কি পোলীসের আমলার নামে ক্ষতিগ্রস্ত কোন সাধারণ ব্যক্তি পূর্ব্বোক্তমতে

and it shall also be lawful for such Government, or head officer as aforesaid, in their or his discretion, to undertake on the part of Government the prosecution in a Criminal Court of any such charge, as aforesaid, which may be brought by an aggrieved private party against any such ministerial or police officer, and such prosecutions as aforesaid shall not be barred, or affected, by reason of the party prosecuted having ceased to be in the service of Government at the time at which the charge may be brought against him.

II. Provided always that no Collector, Magistrate, nor head of an office in the Salt, Abkarree, or Customs Department under the grade of Commissioner, shall commence or undertake a prosecution under this Act, until he shall have obtained the permission of the Court, Board, or officer to whom he is immediately subordinate, to institute the same.

III. No Collector, Magistrate, Judge, or other officer, who may prosecute any officer under this Act, or cause such prosecution to be instituted, or who may conduct any preliminary investigation into the conduct of such officer connected with such prosecution, nor any of his deputies, assistants, or subordinate officers, shall act as judge in any such prosecution.

IV. Nothing herein contained shall be construed so as to repeal or otherwise affect Regulations IX. 1822 and VII. 1828, of the Madras Code, and Act XXXVI. 1837, and the said Regulations and Acts shall remain in full force with respect to the malversations and offences in the Revenue Department to which they are applicable.

J. P. GRANT,
*Secy. to the Govt. of India.*

ঐরূপ যে কোন নালিশ করে তাহা কোন ফৌজদারী আদালতে নির্ব্বাহ করণের ভার ঐ গবর্ণমেণ্ট অথবা পূর্ব্বোক্তমতে ঐ প্রধান কর্ম্মকারক আপনার বিবেচনাক্রমে সরকারের তরফে আপনার উপর লইতে পারেন। এবং যে সময়ে ঐ নালিশ করা যায় সেই সময়ে নালিশগ্রস্ত ব্যক্তি সরকারী কর্ম্মে আর না থাকনপ্রযুক্ত উক্ত প্রকার নালিশের বাধা কি হানি হইতে পারিবেক না ইতি।

২ ধারা। পরন্তু জান' কর্ত্তব্য যে কোন কালেক্টর সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কমিসানর সাহেবের ন্যূন পদস্থ কোন নিমক কি আবকারী কিম্বা হাসিলের সিরিশ্তার কোন দফ্তরের প্রধান কর্ম্মকারক সাহেব যে আদালত কিম্বা বোর্ড কি কর্ম্মকারকের অব্যবহিত অধীন থাকেন তাঁহার অনুমতি যাবৎ না পান তাবৎ এই আইনানুসারে কোন নালিশ উপস্থিত করিতে কিম্বা তদবীর করিতে পারেন না ইতি।

৩ ধারা। যে কোন কালেক্টর সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব কি জজ সাহেব কিম্বা অন্য কার্য্যকারক এই আইনানুসারে কোন আমলার নামে নালিশ করেন বা করান কিম্বা ঐ নালিশের সম্পর্কে ঐ আমলার কর্ম্মের বিষয়ে আদৌ কোন তদারক করেন তিনি কিম্বা তাঁহার কোন ডেপুটী কি আসিষ্টাণ্ট কিম্বা তাবেদার কার্য্যকারক এমত কোন মোকদ্দমায় বিচারকের কর্ম্ম করিতে পারিবেন না ইতি।

৪ ধারা। এই আইনের লিখিত কোন কথার এই মত অর্থ করিতে হইবেক না যে মান্দ্রাজ দেশের চলিত ১৮২২ সালের ৯ আইন ও ১৮২৮ সালের ৭ আইন এবং ১৮৩৭ সালের ৩৬ আইন রদ হইয়াছে কিম্বা অন্য কোন প্রকারে দুর্ব্বল হইয়াছে এবং ঐ সকল আইন রেবিনিউ ডিপার্টমেণ্টে যে কুকর্ম্মের ও অপরাধের বিষয়ে খাটে সেই অপরাধের বিষয়ে সম্পূর্ণ বলবৎ থাকিবেক ইতি।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## DRAFT OF ACT.

ACT No. —— OF 1852.

***An Act for the Registration of Assurances in the Territories under the Government of the East India Company.***

[Continued from Page 591.]

*Persons interested under uses or trusts affecting estates or property vested under a registered Assurance may enter an inhibition against alienation.*

LXIX. Where any person is interested under any use, trust, or confidence, declared or created after the commencement of Registration under this Act, and affecting any estate or interest in lands, money or moveable property in the said Territories, which is vested in any person under any Assurance registered under this Act, and such use, trust or confidence is not manifested or proved by any Assurance, registered under this Act, or is, in any Assurance registered under this Act, declared and created by reference to and depends for its validity or for the terms thereof upon some other Assurance not registered under this Act,

## আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দলীলের রেজিষ্টরী করণের আইন।

[৫৯১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[রেজিষ্টরীহওয়া দলীলঅনুসারে যে ইষ্টেট কি সম্পত্তি অর্পণ হয় সেই ইষ্টেটসম্পর্কীয় ব্যবহার অথবা ট্রষ্টক্রমে যে ব্যক্তির লাভ আছে তিনি তাহা হস্তান্তর করণের নিষেধপত্র রেজিষ্টরী করিতে পারেন।]

৬৯ ধারা। এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর এই রাজ্যের মধ্যে কোন ভূমি কি টাকা অথবা অস্থাবর সম্পত্তির ইষ্টেট বা লাভ লিপ্ত যে কোন ব্যবহার বা ট্রষ্ট কিম্বা বিশ্বাস প্রকাশ হইয়াছে কিম্বা সৃষ্ট হইয়াছে এবং এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া কোন দলীলক্রমে কোন ব্যক্তির প্রতি অর্পণ হইয়াছে এবং সেই ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাস এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া কোন দলীলের দ্বারা প্রকাশ কি প্রমাণ হয় নাই অথবা এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া কোন দলীলের মধ্যে ইহা প্রকাশ এবং সৃষ্টি হইয়াছে যে এই আইনানুসারে রেজিষ্টরী না হওয়া অন্য কোন দলীলের সঙ্গে তাহা সম্পর্ক রাখে এবং তাহার সাহব্রীর জন্যে কি তাহার নিয়মের জন্যে ঐ অন্য দলীলের উপর নির্ভর করে এমত

any person so interested as aforesaid may, by a requisition in writing under his hand, delivered at the Register Office in which such Assurance is registered as aforesaid, together with such Affidavit as hereinafter mentioned, require an Inhibition in respect of any such lands, money, or moveable property, to be mentioned in such requisition, to be entered against any person mentioned in such requisition in whom such estate or interest is vested as aforesaid, inhibiting him from alienating, transferring, charging, or affecting such lands, money or moveable property by virtue of such estate or interest, without notice being first given by the Registrar to the person signing such requisition, or some person on his behalf, at some office or place mentioned in such requisition, and situate within ten miles of the Register Office, and such requisition shall specify the date of and parties to the Assurance under which such estate or interest is vested, and the entries with respect to the same in the Index or Indexes of the Register in which the same is registered, and the affidavit to be delivered with such requisition shall be made by the person signing such requisition, and such person shall therein swear that he believes that he is interested under such use, trust, or confidence as aforesaid.

Inhibition to be entered in Index of Titles.

**LXX.** Where an Inhibition is so required to be entered, an entry shall be made in the Index or Indexes of the Register of Title Deeds relating to lands or "the General Register," as the case may be, under the same heads and expressing the like particulars as are by this Act required in the case of Assurances to be registered in such Registers respectively.

Provision for cancelling Inhibition.

**LXXI.** Any person against whom an Inhibition is entered as aforesaid, or any person interested in the lands, money or moveable property to which the same relates, may, by writing, signed by such person and lodged at the Register Office, require the Registrar to cancel the entries in the Indexes of such Inhibition, and the Registrar shall, within two days after the receipt of such writing, give notice thereof to the person on whose requisition the Inhibition was entered, and shall state in such notice that on the expiration of fourteen days after the service thereof, the Inhibition will be cancelled, and the service of such notice at the office or place mentioned in the requisition for the Inhibition shall be deemed good service thereof, and at the expiration of the said period of fourteen days after such service, the Registrar, unless sooner restrained by the order of a competent Court as hereinafter mentioned, shall cancel the entries in the Indexes of the said Inhibition.

Court may res-

**LXXII.** It shall be lawful for Her Majesty's Courts of Judicature of the said Towns of Calcutta, Mad-

বিষয়ে যে ব্যক্তির পূর্ব্বোক্তমতে কোন লাভ থাকে সেই ব্যক্তি এক দরখাস্ত লিখিতে ও তাহাতে দস্তখৎ করিতে পারে এবং যে রেজিষ্টরী দপ্তরে ঐ দলীল পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হইয়াছে সেই দপ্তরে পশ্চাৎ লিখিত সুকৃতিপত্র সমেত তাহা তথায় দাখিল করিতে পারে এবং ঐ দরখাস্তে এই দাওয়া থাকিতে পারে যে তাহার মধ্যে লিখিত ভূমি কি টাকা বা অস্থাবর সম্পত্তির সম্পর্কে এমত এক নিষেধপত্র থাকিতে পারে যে ঐ দরখাস্তের লিখিত যে ব্যক্তির হাতে পূর্ব্বোক্তমতে ঐ ইষ্টেট অথবা লাভ থাকে সেই ব্যক্তি দরখাস্তে সহীকারি ব্যক্তিকে অথবা তাহার পক্ষে কোন ব্যক্তিকে ঐ দরখাস্তের লিখিত এবং রেজিষ্টরী দপ্তরহইতে পাঁচ ক্রোশের মধ্যে স্থিত কোন দপ্তরে বা স্থানে রেজিষ্ট্রার সাহেবের দ্বারা সম্বাদ না দেওয়া গেলে সেই ব্যক্তি ঐ ইষ্টেট কি লাভের শক্তিক্রমে ঐ ভূমি কি টাকা বা অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিতে বা অর্পণ করিতে কি তাহার উপর কোন খরচা বসাইতে কি অন্য প্রকারে তাহা লিপ্ত করিতে পারিবেক না। এবং যে দলীলক্রমে ঐ ইষ্টেট কি লাভ অর্পণ হয় সেই দলীলের তারিখ এবং তাহাতে যাহারদের দ্বারা দস্তখৎ হইয়াছে তাহারদের নাম এবং যে রেজিষ্টরী বহীতে তাহা রেজিষ্টরী হইয়াছে সেই বহীর এক বা ততোধিক ইণ্ডেক্সে তৎসম্পর্কে যে লিপি আছে তাহা ঐ দরখাস্তে লেখা থাকিবেক এবং দরখাস্তের সঙ্গে যে সুকৃতি করিতে হয় তাহা ঐ দরখাস্তে সহীকারি ব্যক্তির দ্বারা করা যাইবেক এবং তাহার মধ্যে ঐ ব্যক্তি এই শপথ করিবেক যে ঐ পূর্ব্বোক্ত ব্যবহার বা ট্রষ্ট কি বিশ্বাসে আমার লাভ আছে এইমত বোধ করি ইতি।

[নিষেধপত্র দলীলদস্তাবেজের ইণ্ডেক্সে লেখা যাইবেক।]

৭০ ধারা। যখন এইরূপ নিষেধপত্র লিখিবার হুকুম আছে তখন ভূমিসম্পর্কীয় দলীলদস্তাবেজের রেজিষ্টরীর কিম্বা বিষয় বিশেষে "সাধারণ রেজিষ্টরীর" এক বা ততোধিক ইণ্ডেক্সে তাহা লিখিতে হইবেক। এবং ঐ২ রেজিষ্টরীতে যে দলীল রেজিষ্টরী করণের হুকুম আছে সেই দলীলের বিষয়ে এই আইনে যেরূপ হুকুম আছে সেইরূপ শিরনামার নিম্নে এবং সেইরূপ বৃত্তান্ত লিখিতে হইবেক ইতি।

[নিষেধপত্র রহিত করণের বিধি।]

৭১ ধারা। যে কোন ব্যক্তির বিরুদ্ধে পূর্ব্বোক্তমতে নিষেধপত্র লেখা গিয়াছে অথবা ঐ নিষেধপত্র যে ভূমি বা টাকা কি অস্থাবর সম্পত্তির সঙ্গে সম্পর্ক রাখে সেই ভূমিপ্রভৃতিতে যে ব্যক্তির লাভালাভ আছে তিনি ঐ রেজিষ্টরী দপ্তরে দাখিলকরা এক লিপির দ্বারা ঐ নিষেধপত্রের ইণ্ডেক্সের লিপি বাতিল করিতে রেজিষ্ট্রারকে হুকুম দিতে পারেন। এবং রেজিষ্ট্রার ঐ লিপি পাওনের পর দুই দিনের মধ্যে যে ব্যক্তির দরখাস্তে নিষেধপত্র লেখা গিয়াছে সেই ব্যক্তিকে তাহার বিষয়ের এত্তেলা দিবেন এবং ঐ এত্তেলানামাতে ইহা লিখিবেন যে তাহা জারী হওনের পর চৌদ্দ দিন অতীত হইলে ঐ নিষেধপত্র বাতিল হইবেক। এবং নিষেধপত্রের বিষয়ি দরখাস্তে যে দপ্তর কি যে স্থান নির্দ্দিষ্ট থাকে সেই দপ্তরে বা স্থানে ঐ এত্তেলা জারী হইলে তাহা সিদ্ধরূপে জারী হইয়াছে বোধ হইবেক এবং ঐ এত্তেলা জারী হওনের পর উক্ত চৌদ্দ দিন মিয়াদ অতীতে রেজিষ্ট্রার সাহেব পশ্চাৎ লিখিতমতে উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট আদালতের হুকুমক্রমে নিবারিত না হইলে ঐ নিষেধপত্রের ইণ্ডেক্সের লিপি বাতিল করিবেন ইতি।

[আদালত রেজিষ্ট্রার সাহেবকে নিষেধপত্র বাতিল করিতে নিবারণ করিতে পারেন।]

৭২ ধারা। উক্ত কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই

train Registrar from cancelling Inhibition.

ras, Bombay or Singapore, in which any such Inhibition is registered, or for the Court of Civil Judicature of any District in which any such Inhibition is registered, upon the application of any party interested, by motion or petition in a summary way, without bill or plaint filed, to restrain the Registrar from cancelling the entry of any Inhibition entered under this Act; provided always, that the said Courts respectively shall have full power, upon the application of any party, to discharge or vary such order, and to award such costs on such application as such Courts respectively may see fit, and generally to make such order in relation to the premises as to the said Courts respectively may seem just.

Power to enter a Caveat.

LXXIII. "And whereas it may often happen "that some time will elapse "pending the negociation "for a sale or other contract, "and that often, by reason "of the illness or absence of parties or from other "causes, the written transfer of property will be "delayed for want of due execution by all the requisite parties, and whereas when Assurances affecting lands are executed for a temporary purpose merely, it may often be inconvenient, and "occasion unnecessary expense to register an Assurance affecting such lands, containing all the "particulars of the transaction," it is further enacted, that any person may, after the commencement of Registration under this Act, by a requisition in writing under his hand, delivered at the proper Register Office, require a Caveat against his own acts to be entered in respect of any lands or money or moveable property in the said Territories to be mentioned in such requisition in favour of any person described therein, for the protection of any Assurance affecting such lands, money or moveable property which shall have been made and executed, or shall be in progress, or shall have been in contemplation at the time of entering such Caveat.

Mode of entering Caveats.

LXXIV. Where a Caveat is so required to be entered, an entry shall be made in all the Indexes under the same head, and expressing the like particulars, as are under this Act required in the case of an Assurance affecting the lands, money or moveable property mentioned in the requisition for such Caveat, and made by the person requiring such Caveat to be entered.

Extent of protection to be afforded by Caveats.

LXXV. Where a Caveat is duly entered under this Act as to any lands in the said Territories, every person claiming for valuable consideration under any Assurance affecting the same lands to be made by the person by whom the entry of the Caveat has been required, or any person claiming

অথবা সিংহপুর যে শহরে ঐরূপ নিষেধপত্র রেজিষ্টরী হইয়াছে সেই শহরে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের অথবা যে জিলার মধ্যে ঐরূপ কোন নিষেধপত্র রেজিষ্টরী হইয়াছে সেই জিলার দেওয়ানী আদালতের ঐরূপ ক্ষমতা থাকিবেক যে তৎকর্ম্মে লিপ্ত কোন ব্যক্তি বিল-ফাইল অথবা নালিশপত্র ফাইল না করিলে সরাসরীমতে আরজী বা প্রস্তাব করিয়া রেজিষ্ট্রারকে এই আইনানুসারে দাখিল হওয়া কোন নিষেধপত্রের লিপি বাতিল করিতে নিবারণ করেন। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কোন এক আদালত কোন ব্যক্তির দরখাস্তক্রমে ঐ হুকুম অন্যথা কি মতান্তর করিতে এবং ঐ দরখাস্তক্রমে ঐ২ আদালত যেরূপ উচিত বোধ করেন সেইরূপে খরচার বিষয়ের হুকুম দিতে এবং সামান্যতঃ সেই বিষয়ের সম্পর্কে ঐ২ আদালত যেরূপ উচিত বোধ করেন সেইরূপ হুকুম দিতে সম্পূর্ণ ক্ষমতা রাখিবেন ইতি।

[কাবিয়েট দাখিল করিবার ক্ষমতা।]

৭৩ধারা। "এবং যেহেতুক এইরূপ বারম্বার হইতে পারে "যে কোন বিক্রয় অথবা অন্য বন্দোবস্তের কথোপকথন "হইতে২ কিছু সময় গত হইবেক এবং ব্যক্তিরদের পীড়া "কি অবর্ত্তমানতা কি অন্য কারণপ্রযুক্ত যে সকল ব্যক্তির "দস্তখৎ করণের আবশ্যক হয় তাহারদের দ্বারা রীতিমত "দস্তখৎ না হওনপ্রযুক্ত কোন সম্পত্তির লিখিত হস্তান্তর "করণের কার্য্যের বিলম্ব হইবেক এবং যেহেতুক ভূমিলিপ্ত "দলীল যখন কেবল অল্প কালের অভিপ্রায়ের জন্যে "লেখা যায় তখন সেই ভূমিলিপ্ত দলীল সেই কার্য্যের "সমস্ত বৃত্তান্ত সমেত রেজিষ্টরী করিলে অনেক ক্লেশ ও "অনাবশ্যক খরচ হইতে পারে" অতএব ইহার দ্বারা আরো হুকুম হইল যে এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পর কোন ব্যক্তি আপনার দস্তখৎকরা এক লিখিত হুকুম উপযুক্ত রেজিষ্টরী দফ্তরে দাখিল করিয়া এই আদেশ করিতে পারেন যে ঐ দরখাস্তের নির্দ্দিষ্ট উক্ত রাজ্যের মধ্যে কোন ভূমি কি টাকা বা অস্থাবর সম্পত্তির বিষয়ে ঐ দরখাস্তে লিখিত কোন ব্যক্তির পক্ষে ঐ ভূমি বা টাকা কি অস্থাবর সম্পত্তি লিপ্ত যে কোন দলীল ঐ "কাবিয়েট" দাখিল করণের সময়ে করা গিয়াছে ও দস্তখৎ হইয়াছে অথবা করা যাইতেছে কি করিবার কল্প আছে সেই দলীলের রক্ষার জন্যে আপনার কর্ম্মের বিরুদ্ধে "কাবিয়েট" লেখা যায় ইতি।

[কাবিয়েট দাখিল করণের নিয়ম।]

৭৪ ধারা। যখন সেইরূপ কোন কাবিয়েট লিখিবার আবশ্যক হয় তখন ঐ কাবিয়েটের দরখাস্তের নির্দ্দিষ্ট ভূমি কি নগদ টাকা কি অস্থাবর সম্পত্তি লিপ্ত এবং কাবিয়েট করণিয়া ব্যক্তির দ্বারা দস্তখৎকরা দলীলের বিষয় যে শিরনামা ও যে বৃত্তান্ত এই আইনানুসারে লিখিবার হুকুম আছে সেই শিরনামায় এবং সেই বৃত্তান্তের এক লিপি সকল ইণ্ডেক্সের মধ্যে দেওয়া যাইবেক ইতি।

[কাবিয়েটের দ্বারা যেপর্য্যন্ত রক্ষা হয় তাহা।]
[দেউল্যানির বিরুদ্ধে তাহা রক্ষা পাইবেক না।]

৭৫ ধারা। যখন উক্ত রাজ্যের মধ্যে কোন ভূমির বিষয়ে এই আইনানুসারে এক কাবিয়েট রীতিমত দাখিল হইয়াছে তখন যে ব্যক্তির দ্বারা কাবিয়েট লিখিবার দরখাস্ত হইয়াছিল সেই ব্যক্তির করা সেই ভূমি লিপ্ত কোন দলীলক্রমে যে কোন ব্যক্তি মূল্যবান বিষয়ের বাবৎ কোন দাওয়া করেন তিনি অথবা তাঁহার অধীন যে কোন ব্যক্তি দাওয়া করেন তিনি যাঁহার পক্ষে কাবিয়েট দাখিল হইয়া-

under him, to or with the concurrence of the person in whose favor the Caveat was so entered, or his Heirs, Executors, Administrators, Representatives or Assigns, and registered in the manner directed by this Act within six calendar months after the Caveat has been so entered as to such lands, shall be entitled to the same preference, protection, and advantage under the provisions of this Act as if such Assurance had been executed and so registered as aforesaid at the time of entering the Caveat: Provided always, that no such Caveat shall have any force or effect as against the operation of the Insolvency of the person requiring the same to be entered, or any Act under such Insolvency.

*Not to protect against Insolvency.*

LXXVI. Subject to such Regulations as may be from time to time made under this Act, the District Registrar shall, upon the application of any person interested under any Assurance and registering the same under this Act, issue to such person a Certificate of such Registration, and shall thereupon enter in the Index of Titles in which such Assurance is entered, a memorandum of such Certificate; and the Registrar shall, upon such Certificate being delivered at the Register Office for that purpose, cancel the same, and enter in the Index of Titles a note of such cancellation; and no Assurance by the person to whom such Certificate is issued affecting the lands to which such Certificate relates shall be registered until such Certificate has been cancelled; and such Certificate may be deposited by way of equitable mortgage by the person to whom the same has been issued, and any deposit thereof so made shall have the like effect as the like deposit of the Assurance to which the same relates would have had, but it shall not be necessary to register any equitable mortgage made by deposit of such Certificate.

*Certificates of Registration may be delivered out and may be deposited by way of Equitable mortgage.*

LXXVII. In every case in which, but for this enactment, it would be the duty of any Attorney, Solicitor, or Agent to make any search in any of the Indexes to be kept at the Register Office, such Attorney, Solicitor or Agent shall, as to any search of the result of which the Registrar may be required by the Regulations for the time being in force under this Act to give a Certificate, be held to have fulfilled his duty in that behalf by delivering at the Register Office a proper requisition for such search, stating therein particularly the object of such search, and by obtaining a Certificate from the Registrar of the Office of the result of the same, and shall not be responsible for any error or

*The duties of Attorneys, &c., to be fulfilled by causing an Office search to be made.*

ছিল তাঁহার সম্মতিক্রমেখা তাঁহার উত্তরাধিকারী কি এক্সেকিটর অথবা আডমিনিষ্ট্রেটর কি প্রতিনিধি কি আসেনের সম্মতিক্রমে এবং সেই ভূমি সম্পর্কে ঐ কাবিয়েট দাখিল হওনের পর ছয় মাসের মধ্যে এই আইনের লিখিত মতে রেজিষ্টরী হইয়াছে সেই ব্যক্তি ঐ কাবিয়েট লিখনের সময়ে ঐ দলীল পূর্ব্বোক্তমতে দস্তখৎ ও রেজিষ্টরী হইলে যেরূপ হইত সেইরূপে এই আইনের বিধির অনুসারে সেই অগ্রগণ্যতা ও রক্ষা ও উপকার পাইবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি ঐ কাবিয়েট লিখিবার দরখাস্ত করেন সেই ব্যক্তি দেউলিয়া হইলে তাঁহার দেউল্যামি কার্য্যের বিরুদ্ধে অথবা সেই দেউলিয়াপ্রযুক্ত কোন ক্রিয়ার সম্পর্কে ঐরূপ কাবিয়েট কোন প্রকারে প্রবল কি সিদ্ধ হইবেক না ইতি।

[রেজিষ্টরীর সর্টিফিকট দেওয়া যাইতে পারে এবং ন্যায্য বন্ধকরূপে তাহা দাখিল হইতে পারে।]

৭৬ ধারা। এই আইনানুসারে সময়ক্রমে যেং বিধান করা যায় সেইং বিধানে দৃষ্টি রাখিয়া জিলার রেজিষ্ট্রার যে কোন ব্যক্তির কোন দলীলে লাভালাভ থাকে এবং এই আইনানুসারে তাহা রেজিষ্টরী হয় সেই ব্যক্তির দরখাস্তক্রমে সেই ব্যক্তিকে ঐ রেজিষ্টরী হওনের এক সর্টিফিকট দিবেন এবং দলীলদস্তাবেজের যে ইণ্ডেক্সে ঐ দলীল লেখা আছে ঐ ইণ্ডেক্সে ঐ সর্টিফিকটের এক স্মারক লিপি দিবেন। এবং ঐ সর্টিফিকট তজ্জন্যে রেজিষ্টরী দপ্তরে দাখিল হইলে রেজিষ্ট্রার তাহা বাতিল করিবেন এবং বাতিল হওনের এক লিপি দলীলদস্তাবেজের ইণ্ডেক্সে লিখিবেন। এবং ঐ সর্টিফিকট যে ভূমির সঙ্গে সম্পর্ক রাখে সেই ভূমিলিপ্ত এবং যে ব্যক্তি সর্টিফিকট দিয়াছেন তাঁহার দ্বারা লিখিত কোন দলীল যাবৎ ঐ সর্টিফিকট রেজিষ্টরী না হয় তাবৎ বাতিল হইবেক না। এবং যে ব্যক্তিকে ঐ সর্টিফিকট দেওয়া যায় সেই ব্যক্তি ন্যায্য বন্ধকী কার্য্যস্বরূপ তাহা দাখিল করিতে পারেন এবং যে দলীলের বিষয়ে তাহা সম্পর্ক রাখে সেই দলীল দাখিল হইলে যে ফল হইত ঐ সর্টিফিকট দাখিলের দ্বারা সেই ফল হইবেক। কিন্তু ঐ সর্টিফিকট দাখিল করণের দ্বারা যে ন্যায্য বন্ধক হয় তাহা রেজিষ্টরী করণের আবশ্যক নাই ইতি।

[উকীলপ্রভৃতিরা দপ্তরখানায় অন্বেষণ করাইলে তাঁহারদের কার্য্য সিদ্ধ হইয়াছে বোধ হইবেক।]

[উকীলপ্রভৃতি সর্টিফিকটের নির্ভুলতার উপর নির্ভর করিলে দায়ী হইবেন না।]

৭৭ ধারা। যে প্রত্যেক গতিকে এই আইন না হইলে কোন উকীল কি মোখ্তারের রেজিষ্টরী দপ্তরে রাখা কোন এক ইণ্ডেক্স অন্বেষণ করিতে হইত সেইং গতিকে যে অন্বেষণের ফলের বিষয়ে এই আইনানুসারে সময়ক্রমে যে বিধান প্রবল থাকে সেই বিধানক্রমে রেজিষ্ট্রারের এক সর্টিফিকট দিতে হয় সেই প্রকার কোন অন্বেষণের সম্পর্কে ঐ উকীল কি মোখ্তার যদি ঐ রেজিষ্টরী দপ্তরে ঐ অন্বেষণের জন্যে উপযুক্ত দরখাস্ত দেন ও তাহার মধ্যে সেই অন্বেষণের অভিপ্রায় বিশেষরূপে লেখেন এবং সেই অন্বেষণের ফলের বিষয়ে ঐ দপ্তরের রেজিষ্ট্রারের স্থানে এক সর্টিফিকট পান তবে তৎসম্পর্কে তাঁহার কর্ত্তব্য কার্য্য সিদ্ধ হইয়াছে বোধ হইবেক। এবং ঐ সর্টিফিকটের লিখিত ঐ অন্বেষণের ফলের বিষয়ে যদি কোন

mistake in the result of such search as stated in such Certificate, and in all other cases every Attorney, Solicitor, or Agent shall stand indemnified in relying on the accuracy of any Certificate to be made or given in pursuance of this Act.

*Attorneys, &c., indemnified in relying on the accuracy of Certificates.*

LXXVIII. Each District Registrar, save where otherwise provided by the Regulations to be made as hereinafter mentioned, shall transmit at the end of every month to the Chief Registrar of the Presidency in which his District is situate, copies of every Assurance and of the entries and references thereon, and of the entries in the several Indexes to such Assurances, deposited, registered or made in the said District Registers or Indexes during such month, and the said copies shall be written bookwise or otherwise as the Chief Registrar of each such Presidency shall appoint, and the said Chief Registrar shall cause the said copies of the several Registers and Indexes of each District to be made up into separate books and parcels and shall number and arrange the same in such manner as shall be directed by the Regulations to be made under this Act as hereinafter mentioned.

LXXIX. Where there are duplicate originals of any Assurance which is registered under this Act, it shall be lawful for any person to bring or send to the Chief or District Register Office any duplicate original which has not been deposited in the District Register Office, in order that the same may be compared with the deposited original, or with the copy thereof in the Chief Register Office, and thereupon the document so brought or sent shall be compared accordingly, and any variances which may be found shall be noted in the margin of such document; and in every such case the seal of the Chief or District Register Office, as the case may be, shall be impressed on each skin or sheet of the document brought or sent to be compared as aforesaid; and a Certificate, signed by the proper Officer of the Chief or District Register Office, as the case may be, shall be written at the head or in the margin of such document, or endorsed on the same, which Certificate shall contain a statement that a duplicate of the document in or upon which the same is written has been deposited in the District Register Office, and shall state the parties by whom the deposited original appears to have been executed, and shall specify the book or parcel in which the same is made up, and the number of the document in such book or parcel; and every document so sealed, with such Certificate thereon, contain-

*Duplicates of deposited documents may be compared at the Office and certified.*

*Every document so certified to be received as evidence that another part of*

ভ্রম কিম্বা চুক হয় তবে তাহার বিষয়ে ঐ উকীল কি মোক্তার দায়ী হইবেন না। এবং অন্য সকল গতিকে যদি প্রত্যেক উকীল কিম্বা মোক্তার এই আইনানুসারে করা ও দেওয়া কোন সর্টিফিকটের নির্ভুলতার উপর নির্ভর করেন তবে ঐ উকীল কি মোক্তারের উপর কোন ঝুঁকী থাকিবেক না ইতি।

৭৮ ধারা। পশ্চাৎ লিখিতমত যে বিধান করিতে হয় তাহার মধ্যে যদি অন্য প্রকার হুকুম না হয় তবে প্রত্যেক জিলার রেজিষ্ট্রার যে রাজধানীর মধ্যে তাঁহার জিলা থাকে সেই রাজধানীর প্রধান রেজিষ্ট্রার সাহেবের নিকটে প্রতি মাসের শেষে যে সকল দলীল ও তাহার বিষয়ি সকল লিপি ও নিদর্শন এবং ঐ দলীলের নানা ইণ্ডেক্সের যে লিপি ঐ মাসের মধ্যে ঐ জিলার রেজিষ্টর অথবা ইণ্ডেক্সের মধ্যে দাখিল হইয়াছে কি রেজিষ্টরী হইয়াছে কিম্বা করা গিয়াছে তাহার নকল পাঠাইবেন। এবং ঐ প্রত্যেক রাজধানীর প্রধান রেজিষ্ট্রার সাহেব যেরূপ হুকুম করেন সেইরূপ তাহা কেতাবের মত অথবা প্রকারান্তরে লেখা যাইবেক এবং ঐ প্রধান রেজিষ্ট্রার সাহেব প্রত্যেক জিলার ঐ নানা রেজিষ্টর ও ইণ্ডেক্সের নকল আলাহিদাং বহী এবং পুলিন্দায় রাখিবেন এবং পশ্চাৎ লিখিতমতে এই আইনানুসারে যেং নিয়ম করা যাইবেক সেইং নিয়মে যেরূপ হুকুম হয় সেইরূপে তাহার নম্বর বিলি করিবেন ও তাহা সাজাইবেন ইতি।

[দাখিলহওয়া দলীলের ডুপ্লিকেট দফ্তরখানায় মোকাবিলা হইবেক এবং তাহার সর্টিফিকট দেওয়া যাইবেক।]

[এইরূপে সর্টিফিকটহওয়া প্রত্যেক দলীল এই বিষয়ের সাক্ষিস্বরূপ গ্রাহ্য হইবেক যে সেইরূপ অন্য এক দলীল দাখিল হইয়াছে।]

৭৯ ধারা। এই আইনানুসারে যে দলীল রেজিষ্টরী হয় সেই দলীলের যখন আসলের ডুপ্লিকেট থাকে তখন যে আসলের ডুপ্লিকেট জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হয় নাই তাহা ঐ দাখিলহওয়া আসল দলীলের সঙ্গে অথবা প্রধান রেজিষ্টরী দফ্তরে তাহার যে নকল থাকে তাহার সঙ্গে মোকাবিলা হইবার নিমিত্তে কোন ব্যক্তি ঐ আসলের ডুপ্লিকেট প্রধান রেজিষ্টরী দফ্তরে অথবা জিলার রেজিষ্টরী দফ্তরে আনিতে পারেন কি পাঠাইতে পারেন। এবং তাহা হইলে যে দলীল এইরূপে আনা যায় কি পাঠান যায় তাহা সেইরূপে মোকাবিলা করা যাইবেক এবং যদি তাহাতে কোন বৈলক্ষণ্য দেখা যায় তবে তাহা ঐ দলীলের পার্শ্বে টুকিয়া রাখা যাইবেক। এবং এইরূপ প্রত্যেক গতিকে প্রধান রেজিষ্টরী দফ্তর অথবা বিষয় বিশেষে জিলার রেজিষ্টরী দফ্তরের মোহর যে দলীল পূর্ব্বোক্তমতে মোকাবিলার জন্যে আনা গিয়াছে কি প্রেরিত হইয়াছে তাহার প্রত্যেক চামড়ায় অথবা পৃষ্ঠায় করা যাইবেক। এবং প্রধান রেজিষ্টরী দফ্তর অথবা বিষয় বিশেষে জিলার রেজিষ্টরী দফ্তরে উপযুক্ত কর্ম্মকারকের দস্তখৎকরা এক সর্টিফিকট ঐ দলীলের শিরোভাগে অথবা তাহার পার্শ্বে কি পৃষ্ঠে লেখা যাইবেক। এবং ঐ সর্টিফিকটের মধ্যে ইহা নির্দ্দিষ্ট করা যাইবেক যে ঐ দলীলের এক ডুপ্লিকেট জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হইয়াছে এবং যেং ব্যক্তির দ্বারা দাখিলহওয়া আসল দলীলে দস্তখৎ হইয়াছে দৃষ্ট হয় তাহারদের নাম ঐ সর্টিফিকটের মধ্যে লেখা থাকিবেক এবং যে বহী কি পুলিন্দাতে তাহা রাখা গিয়াছে তাহা এবং ঐ বহী অথবা পুলিন্দায় তাহার নম্বর বিশেষরূপে সর্টিফিকটে থাকিবেক। এবং এইরূপ মোহরকরা যে প্রত্যেক দলীলে এইমত বৃত্তান্তঘটিত সর্টিফিকট থাকে এবং পূর্ব্বোক্ত-

ing such statement, and purporting to be so signed as aforesaid, and whether furnished from the Chief or District Register Office, shall in all cases be evidence that another part of the same Assurance has been deposited in the District Register Office, and is made up in the book or parcel mentioned in such Certificate, and is numbered in such book or parcel as in the said Certificate is specified.

the same Assurance has been deposited.

LXXX. Subject to the Regulations to be made under this Act, the Chief or District Registrar, as the case may be, shall cause to be provided, for any person applying for the same, copies or extracts from any document which has been deposited in the District Register Office, or from the copy thereof transmitted to the Chief Register Office under this Act, and in every case where a copy or extract is so provided, the seal of the Chief or District Register Office, as the case may be, shall be impressed on each sheet of such copy or extract; and a Certificate, signed by the proper Officer of the said Chief or District Register Office, as the case may be, shall be written at the head or margin of such copy or extract, or endorsed on the same, which Certificate shall contain a statement that the copy or extract on which the same is written is an examined copy of or extract from a document deposited in the District Register Office, or from a copy of such document in the Chief Register Office, as the case may be, and shall specify the book or parcel in which such document is made up, and the number of such document in such book or parcel; and every document so sealed, with such Certificate thereon, containing such statement and purporting to be so signed as aforesaid, and whether furnished from the District or Chief Register Office, shall be evidence that such document is a copy of or extract from a document deposited in the District Register Office, and made up in the book or parcel specified in such Certificate, and numbered in such book or parcel as in the said Certificate is expressed, and of the contents of the document deposited in the District Register Office, or of such part thereof as is purported to be extracted.

Copies of and extracts from deposited instruments to be provided on application, and to be certified.

The seal of the Office, with a Certificate, to be evidence of such copies and extracts.

LXXXI. Subject to such Regulations as may be from time to time made under this Act, any person interested under any Assurance, or in the matter of any search, on application at the Chief or District Register Office, shall, at such times as may be limited by the Chief

Searches of the Indexes to be permitted, and inspections of deposited instruments allowed.

মতে দস্তখৎ হইয়াছে কহা যায় তাহা প্রধান অথবা জিলার রেজিষ্টরী দফ্তরহইতে দেওয়া গেলে তাহা প্রত্যেক গতিকে এই বিষয়ের প্রমাণ হইবেক যে ঐ দলীলের অন্য একখান জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হইয়াছে এবং ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট বহী কি পুলিন্দাতে বাঁধা গিয়াছে এবং যে বহী বা পুলিন্দা ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট আছে সেই বহী অথবা পুলিন্দাতে নম্বর করা যাইবেক ইতি।

[যে দলীল দাখিল হইয়াছে তাহাহইতে তাহার নকল এবং তাহার চুম্বক দরখাস্ত করিলে দিতে হইবেক এবং তাহার সর্টিফিকট দেওয়া যাইবেক।]

[দফ্তরের মোহর এবং সর্টিফিকট ঐ নকল ও চুম্বকের প্রমাণ হইবেক।]

৮০ ধারা। এই আইনানুসারে যে বিধান করিতে হয় তাহার অধীনে প্রধান অথবা বিষয়বিশেষে জিলার রেজিষ্টরী দফ্তরে যে কোন দলীল দাখিল হইয়াছে তাহার অথবা এই আইনানুসারে তাহার যে নকল প্রধান রেজিষ্টরী দফ্তরে পাঠান গিয়াছে তাহার নকল কি চুম্বক যে ব্যক্তি দরখাস্ত করে তাহাকে দিতে প্রধান অথবা জিলার রেজিষ্ট্রার সাহেব হুকুম করিবেন। এবং যে প্রত্যেক গতিকে এইরূপ নকল কিম্বা চুম্বক দেওয়া যায় সেই গতিকে প্রধান অথবা বিষয়বিশেষে জিলার রেজিষ্টরী দফ্তরের মোহর ঐ নকল অথবা চুম্বকের প্রত্যেক ফর্দ্দে করা যাইবেক। এবং ঐ প্রধান অথবা বিষয় বিশেষে জিলার রেজিষ্টরী দফ্তরের নিয়মিত কর্ম্মকারকের দ্বারা দস্তখৎহওয়া এক সর্টিফিকট ঐ নকল কি চুম্বকের শিরোভাগে কি পার্শ্বে অথবা পৃষ্ঠে লেখা যাইবেক। ঐ সর্টিফিকটে এই এজহার থাকিবেক যে যে নকল অথবা চুম্বকে তাহা লেখা আছে তাহা জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হওয়া দলীলের কি বিষয় বিশেষে প্রধান রেজিষ্টরী দফ্তরে ঐ দলীলের নকলের এক মোকাবিলাহওয়া নকল অথবা চুম্বক এবং যে বহী বা পুলিন্দাতে ঐ দলীল বাঁধা গিয়াছে তাহা এবং ঐ বহী কি পুলিন্দাতে ঐ দলীলের নম্বর ঐ সর্টিফিকটের মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক। এবং ঐরূপ মোহরকরা যে প্রত্যেক দলীলে ঐ রূপ সর্টিফিকট থাকে এবং ঐ সর্টিফিকটে সেই এজহার থাকে ও পূর্ব্বোক্তমত দস্তখৎ হইয়াছে কথিত হয় সেই দলীল জিলার অথবা প্রধান রেজিষ্টরী দফ্তরহইতে দেওয়া গেলে তাহা এই বিষয়ের প্রমাণ হইবেক যে ঐ দলীল জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিলহওয়া এক দলীলের নকল কি চুম্বক এবং সর্টিফিকটে নির্দ্দিষ্ট বহী কিম্বা পুলিন্দায় বাঁধা গিয়াছে এবং সর্টিফিকটে নির্দ্দিষ্ট বহী বা পুলিন্দায় নম্বর করা গিয়াছে এবং তাহা জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিলহওয়া দলীল অথবা তাহার যে ভাগের চুম্বক করা গিয়াছে কথিত হয় সেই ভাগের মর্ম্মের প্রমাণ হইবেক ইতি।

[ইণ্ডেক্সে অন্বেষণ করিবার অনুমতি হইবেক এবং দাখিলহওয়া দলীল দেখিবার অনুমতি হইবেক।]

[দরখাস্ত হইলে ইণ্ডেক্সের অন্বেষণ করা যাইবেক এবং সর্টিফিকট দেওয়া যাইবেক।]

৮১ ধারা। এই আইনানুসারে সময়ক্রমে যে সকল বিধান হয় তাহাতে দৃষ্টি রাখিয়া যে কোন ব্যক্তির কোন দলীলে অথবা কোন অন্বেষণের বিষয়ে লাভালাভ থাকে সেই ব্যক্তি প্রধান কি জিলার রেজিষ্টরী দফ্তরে দরখাস্ত করিলে যে২ সময় তন্নিমিত্তে প্রধান রেজিষ্ট্রার সাহেব নিরূপণ করেন সেই২ সময়ে ঐ ব্যক্তি কোন ইণ্ডেক্স তদারক ও অন্বেষণ করিতে পারিবেন এবং এই আইনানুসারে যে

Registrar in this behalf, be allowed to inspect and search any of the Indexes, and to examine and inspect any of the documents, deposited in the Chief or District Register Offices under this Act, and to take extracts from any such Indexes or documents as aforesaid, and the Chief or District Registrar, as the case may be, shall, upon the delivery of such requisitions as under the Regulations hereinafter mentioned, may be required, and in accordance with such Regulations, make or cause to be made such searches in any of such Indexes, and give such Negative or other Certificates of the results of such searches, as by such Regulations may be directed in this behalf; and every such Certificate shall be sealed with the seal of the Register Office from which it is issued, and shall be signed by the Chief Registrar or Assistant, or District Registrar of such Office, as the case may be.

Searches of the Indexes to be made on requisition, and Certificates given.

LXXXII. No document deposited in the District Register Office under this Act, and no copy of a document in the Chief Register Office, shall be removed from the same respectively, except in obedience to legal process for the production thereof, and none of the Indexes to be kept at the said Register Offices, respectively, shall be removed from the same on any account whatsoever.

Documents deposited at the Register Office not to be removed, except on legal process.

[To be Continued.]

সকল দলীল প্রধান কি জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হয় সেই দলীল দেখিতে ও তদারক করিতে পারিবেন এবং পূর্ব্বোক্তমত ঐরূপ ইণ্ডেক্স অথবা দলীলের চুম্বক লইতে পারিবেন। এবং ঐ প্রধান অথবা বিষয়বিশেষে জিলার রেজিষ্ট্রার পশ্চাৎ লিখিত বিধানক্রমে যে দরখাস্তের আবশ্যক হয় সেই দরখাস্ত দাখিল হইলে সেই বিধানের নিয়মমতে ঐরূপ কোন ইণ্ডেক্স অন্বেষণ করিবেন বা করাইবেন এবং তন্নিমিত্তে ঐ বিধানে যেরূপ হুকুম হয় তদনুসারে ঐ অন্বেষণের ফলের বিষয়ে সেই দলীল নাই এইমত সর্টিফিকট বা প্রকারান্তরের সর্টিফিকট দিবেন এবং এইরূপ প্রত্যেক সর্টিফিকট যে রেজিষ্টরী দফ্তরহইতে দেওয়া যায় সেই দফ্তরের মোহরে মোহর করা যাইবেক এবং প্রধান রেজিষ্ট্রার সাহেবের অথবা বিষয়বিশেষে আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার কি জিলার রেজিষ্ট্রার তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

[রেজিষ্টরী দফ্তরে যে দলীল দাখিল হয় তাহা আদালতের হুকুম বিনা স্থানান্তর করা যাইবেক না।]

৮২ ধারা। এই আইনানুসারে যে কোন দলীল জিলার রেজিষ্টরী দফ্তরে দাখিল হয় এবং প্রধান রেজিষ্টরী দফ্তরে কোন দলীলের নকল, তাহা উপস্থিত করণার্থে আদালতের হুকুম না হইলে, তাহাহইতে স্থানান্তর করা যাইবেক না এবং ঐ রেজিষ্টরী দফ্তরে যেং ইণ্ডেক্স রাখা যায় তাহার মধ্যের কোন একটা কোন কারণপ্রযুক্ত তাহাহইতে স্থানান্তর করা যাইবেক না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে হইবেক।]

---

## CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

### No. 15.

*From the Junior Secretary to the Board of Revenue, to all Officers Subordinate to the Board of Revenue in the Salt Department.*

*Fort William, the 18th August*, 1852.

An instance having occurred in which the liability of a Darogah for a deficiency of Salt in his Golah has come under legal question on the plea of the Agents having deprived him of his keys, and consequently of proper control over its contents, I am directed by the Board of Revenue to call your special attention to that part of the Board's Circular No. 877, dated the 20th September, 1851, which prescribes the retention of one key by Intendants and other Officers in charge of Golahs; and to enjoin the necessity of your refraining from any act by which the responsibility of those Officers may be affected.

2. When an Intendant or other such Officer resigns, or is removed from, his situation, his responsibility for the Salt stored by him must be carefully preserved, by allowing him to retain possession of the keys, and to supervise the delivery of the

## সদর বোর্ড রেবিনিউর সরকুলের অর্ডর।

### ১৫ নম্বর।

বোর্ড রেবিনিউর অধীন নিমকী সিরিশতার সকল কর্ম্মকারকের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫২। ১৮ আগষ্ট।

এক জন দারোগার গোলার লবণ কম হওয়াতে সেই বিষয় আদালতে উপস্থিত হইল এবং তাহার বিষয়ে দারোগার ঝুঁকী এই ওজরে অস্বীকার হইল যে এজেণ্ট সাহেব চাবি তাঁহার হাতহইতে লইয়াছিলেন এবং তৎপ্রযুক্ত ঐ গোলার লবণের উপর তাঁহার উপযুক্ত কর্ত্তৃত্ব ছিল না। অতএব বোর্ডের ১৮৫১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ৮৭৭ নম্বরী সরকুলর অর্ডরের যে ভাগে হুকুম আছে যে গোলা যে কর্ত্তৃত্বকারি কি অন্য আমলার জিম্মায় থাকে তিনি তাহার একটা চাবি রাখিবেন সেই ভাগের বিষয়ে তোমাকে বিশেষ মনোযোগ করিতে বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিয়েছেন। এবং আরো এই আদেশ করিয়েছেন যে যে কোন কর্ম্মের দ্বারা ঐং কর্ম্মকারকদিগের ঝুঁকার ন্যূনতা হইতে পারে এমত কর্ম্ম কদাচ না করা অত্যন্ত আবশ্যক।

২। যখন কোন কর্ত্তৃত্বকারী কিম্বা সেইরূপ অন্য কোন আমলা কর্ম্মে ইস্তাফা দেন অথবা কর্ম্মহইতে অবসর হন তখন তাঁহার দ্বারা যে লবণ গোলাজাত হইয়াছিল তাহার বিষয়ে তাঁহার ঝুঁকী এইরূপে অতি মনোযোগপূর্ব্বক বজায় রাখিতে হইবেক অর্থাৎ চাবি তাঁহার দখলে

Salt either in person or by a duly constituted Agent.

A. GROTE, *Junior Secretary.*

Board of Revenue, Lower Provinces.

থাকিতে দিতে হইবেক এবং নিজের অথবা রীতিমত নিযুক্ত কোন মোখ্তারের দ্বারা লবণ সমর্পণ করণের কর্তৃত্ব তাঁহারি থাকিবেক।

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা রাজশাহী।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে জিলা রাজশাহির নীচের লিখিত মহাল লাগাএদ কিস্তী ফাল্গুণের পাওনা বাকী মালগুজারী আদার নিমিত্তে ইংরেজী ১৮৫২ সালের ১৭ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৫৯ সালের ৩ আশ্বিন শুক্রবার দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ২৩ আগষ্ট।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | জিলার তৌজীতে মহালের নম্বর | মহালের নাম | মহালের লিখিত মালিকের নাম | সদর জমা | লাগাএদ কিস্তী ফাল্গুণের পাওনা বাকী | মন্তব্য কথা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল | ৭৫৪ | চক বাসুদেবপুর পরগনে কাটারমল্ল | রামকৃষ্ণ পঞ্চানন | ১।১৫০ | ১।১৫০ | |

R. P. HARRISON, *Offj. Collector.*

### MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. OGG, *Register.*

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দপ্তরখানায় তলব করিলে পাইতে পারেন। মূল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর।

## INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

### IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM COLVILLE, an Insolvent.

On Saturday, the 7th day of August instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 9,320-14-2 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 100 per cent. or in full, (which will amount to the sum of Co.'s Rs. 8,600.) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 23rd August, 1852.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন উলিয়ম কালবিল সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমা মতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ৯৩২০৸৴২ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১০০৲ টাকা ডিবিডেণ্ড অর্থাৎ সম্পূর্ণ ঋণ শোধ করেন তাহাতে সর্ব্বসুদ্ধ ৮৬০০৲ লাগিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দপ্তরখানা। ১৮৫২ সাল ২৩ আগষ্ট।

In the matter of ALLAN GILMORE, JAMES PELHAM McKILLIGIN, WILLIAM FAIRLIE GILMORE, GRAHAM MOORE ROBERTSON, and WILLIAM COLVILLE, Insolvents.

On Saturday, the 7th day of August instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co's. Rs. 49,000 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. Three per cent. (which will amount to the sum of Co.'s Rs. 40,500) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 23d August, 1852.

যোত্রহীন আলেন গিলমোর সাহেব ও জেম্স পেলহাম মাকিলিগিন সাহেব ও উলিয়ম ফের্লি গিলমোর সাহেব ও গ্রেহাম মোর রাবর্টসন সাহেব ও উলিয়ম কালবিল সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে

তাঁহার হাতে যে ৪৯০০০৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৩৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪০৫০০৲ টাকা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দপ্তরখানা। ১৮৫২ সাল ২৩ আগষ্ট।

---

In the matter of ANDREW HERVEY, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of September next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend, and that an account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 2d day of July 1849, until the 2d day of August instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given, at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

Official Assignee's Office, 23rd August, 1852.

যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুননি আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে হইবেক এবং ১৮৪৯ সালের ২ জুলাই তারিখঅবধি বর্ত্তমান আগষ্ট মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দেখা যাইতে পারে যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে কোন ব্যক্তির ক্ষতি বৃদ্ধি হয় তিনি উক্ত যোত্রহীন ব্যক্তির ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন বা প্রতিবন্ধকতা করিতে চাহিলে শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দপ্তরখানা। ১৮৫২ সাল ২৩ আগষ্ট।

---

The like notice, in the matter of MIRZA MAHOMED SADUCK, an Insolvent, wherein the Account of the Assignee, is filed from 23rd day of May, 1850, until the 2d day of August instant.

যোত্রহীন মীর্জা মহম্মদ শাদকের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে ১৮৫০ সালের ২৩ মে তারিখঅবধি বর্ত্তমান আগষ্ট মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

---

The like notice, in the matter of JOAQUIM DEMONTE SINAES, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 21st day of November, 1850, until the 2nd day of August, 1852.

যোত্রহীন জোয়াকিম ডি মণ্টি সিনাইস সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে এই। বিষয়ে ১৮৫০ সালের নবেম্বর মাসের ২১ তারিখঅবধি ১৮৫২ সালের আগষ্ট মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

---

## MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

### NOTICE.

*In the Press, and will be shortly published by Messrs. P. S. D'Rozario and Co., Calcutta.*

A Translation in Bengalee of the *Abstracts of the Decisions of the Sudder Dewanny Adawlut, with Notes,* both in Regular and Summary Cases from the commencement of the year 1849 (previous to which the abstracts of the decisions are embodied in Mr. J. C. Marshman's Guide to the Civil Law) to the end of 1851, in one volume royal octavo, containing nearly 300 pages. Price to Subscribers, 6 Rs., non-Subscribers, 8 Rs. Apply to Mr. J. Baptist, Mymensing, or to Messrs. P. S. D'Rozario and Co., Calcutta.

As only a limited number of Copies will issue from the Press, early application is solicited.

N. B.—Subscribers taking at once 6 Copies will have to pay 30 Rs., and non-Subscribers 40 Rs. for the same number.

### বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি সমুহের সার সংগ্রহের অনুবাদ শ্রীযুত জে, সি, মার্সমন সাহেবের কৃত সিবিল গাইডে মুদ্রিত হইয়াছে তদ্ব্যতীত ১৮৪৯।৫০। ৫১ সালের নম্বরি ও সরাসরি নিষ্পত্তি সমস্তের মন্তব্য সহিত সারসংগ্রহ বঙ্গ ভাষার অনুবাদ এক বালমে অর্থাৎ এক বহিতে প্রস্তুত হইয়া শীঘ্র সর্ব্ব সাধারণের গ্রহণার্থে মোকাম কলিকাতার লালদীঘির পূর্ব্ব দিকে ৮ নম্বরি দোকানে শ্রীযুত পি, এস, ডি-রোজারিও কোম্পানির যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইবেক। প্রোক্ত পুস্তকের মুল্য যে গ্রহণেচ্ছুক মহাশয়েরা পূর্ব্বে গ্রহণোদ্দেশে নাম স্বাক্ষর করিয়া দেন তাঁহাদের পক্ষে মবলগ ৬৲ টাকা ও অন্যেরদের নিমিত্তে ৮৲ টাকা ধার্য্য হইয়াছে যাঁহারা ঐ পুস্তক লওয়ার আকাঙ্ক্ষা করেন তাঁহারা জিলে ময়মনসিংহের শ্রীযুত জান বাপটিষ্ট সাহেবের নিকট অথবা ডি-রোজারিও কোম্পানির দোকানে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। আরো লিখা যাইতেছে যে উপরোক্ত পুস্তকে কেবল অল্প নিরূপিত সংখ্যায় মুদ্রিত হইবেক অতএব গ্রহণেচ্ছুক মহাশয়গণের অবিলম্বে উক্তমত নাম লিখিয়া দেওয়া কর্ত্তব্য।

যে বিজ্ঞবর গ্রহণেচ্ছুক মহাশয়েরা অগ্রে নাম লিখিয়া দিয়া একত্রে ৬ খান পুস্তক লওয়ার বাঞ্ছিত হন তাঁহারা ৩০৲ টাকা ও যাঁহারা ঐ প্রকার নাম লিখিয়া না দেন তাঁহারা ৬ পুস্তকেতে ৪০৲ টাকা মুল্যে পাইবেন।

---

### বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন গুরুতর মোকদ্দমা সকলের রেপোর্ট যাহা ইতঃ পূর্ব্বে শ্রীযুক্ত হালিডে সাহেবকর্ত্তৃক পারস্য ভাষায় তরজমা হইয়া প্রচার পাইয়াছিল এবং যাহা সরকারে মনোনীত ও ক্রীত হওত সদর আদালতের ১৮৪০ সালের ৩০ আক্টোবর দিবসীয় সর্কুলর চিঠী সম্বলিত প্রত্যেক জিলার আদালতে প্রদত্ত হইয়াছিল তাহার বাঙ্গালা রেপোর্ট বহী প্রস্তুত হইয়াছে। এই বঙ্গ ভাষার রেপোর্ট বহীতে প্রথমোপস্থিত মোকদ্দমার আরজী, জওয়াব, জওয়াবলজওয়াব, রুদ্দজওয়াবের খোলাসা, উভয় পক্ষীয় দলীল এবং সাক্ষির জোবানবন্দীর বিবরণ আর জিলা ও আপীল আদালতের নিষ্পত্তির হেতুবাদ বিস্তারমত পরিষ্কাররূপ লিখিত হইয়াছে। এই পুস্তক কলিকাতার চিনাবাজার জোমটুলীর পলক ইষ্ট্রিট মানুক্ক লেন শ্রীযুত বাবু নীলমণি দের ৩ নং দোকানে তথা চিৎপুরস্থ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ বসুর নিকটে পাওা যায় মুল্য ৩৲ তিন টাকা মাত্রেতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩১ আগষ্ট।]

## NOTICE.

In pursuance of the conditions of the Deed or Agreement of Marriage Settlement, bearing date the thirty-first day of October, in the year of our Lord one thousand eight hundred and fifty, made between, and executed and registered by Nicholas Petruse Pogose, and Mary Johannes Carapiet Sarkies, at present Mary Nicholas Petruse Pogose, and Johannes Carapiet Sarkies, whereby the said Nicholas Petruse Pogose settles on the said Mary Johannes Carapiet Sarkies at present Mary Nicholas Petruse Pogose and her children, the whole eight annas share belonging to the said Nicholas Petruse Pogose in the five several estates, together with all the dependencies whatsoever belonging to them devised to him, the said Nicholas Petruse Pogose, by the Will of his late grandfather Nicholas Markar Pogose, namely:—The first estate or eight annas share of ten annas thirteen gundas, and one cowry section of Tuppa Bahadoorpore rendered into sixteen annas, recorded proprietor Khajeh Necoos Markar and others, registered number four hundred and seventy-nine, situated in zillah Backergunge, the entire sudder jumma of the said ten annas thirteen gundas and one cowry section is Company's Rupees three thousand five hundred and seventy-nine, eleven annas, and nine pie. The second estate or eight annas share of five annas six gundas, and three cowry section of the said Tuppa Bahadoorpore, rendered into sixteen annas, recorded proprietor the said Khajeh Necoos Markar and others, registered number four hundred and eighty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said five annas six gundas and three cowry section is Company's Rupees one thousand three hundred and thirty-three, five annas and four pie. The third estate or eight annas share of eight annas section of Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep, rendered into sixteen annas recorded proprietor Khajeh Necoos Markar registered number one thousand, seven hundred and thirty-seven, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said eight annas section is Company's Rupees two hundred and nine, nine annas and five and a half pie, the fourth estate or eight annas share of four anna section of the said Jowar Ruttundee, Talook Khajeh Markar, separated from Pergunnah Chunderdeep rendered into sixteen annas recorded proprietor the said Khajeh Necoos Markar, registered number one thousand seven hundred and sixty, situated in zillah Backergunge aforesaid, the entire sudder jumma of the said four anna section is Company's Rupees one hundred and eighteen, six annas and five pie. And the fifth or last estate or eight annas share of eight annas fourteen gundas and three cowry section of Pergunnah Jainshahee rendered into sixteen annas, Zemindaree of Khajeh Necoos Pogose, recorded proprietors Petruse Necoos Pogose and Oakim Greegore Necoos Pogose Saheb, regis-

এস্তেলা।

ইঙ্গরেজী আঠার শত পঞ্চাশ সালের একত্রিশে অক্টোবর তারিখে নিকলাস পিত্রুস পোগস এবং মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিত্রুস পোগস এবং জোহানিস কারাপিট সার্কিসের মধ্যে এক বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকারপত্র করা গিয়াছিল এবং তাহা জারী ও রেজিষ্টরী হইয়াছিল এবং সেই বন্দোবস্তপত্রের দ্বারা উক্ত নিকলাস পিত্রুস পোগস উক্ত মেরি জোহানিস কারাপিট সার্কিস এইক্ষণে মেরি নিকলাস পিত্রুস পোগসের প্রতি এবং তাঁহার সন্তানেরদের প্রতি এই২ সম্পত্তি যৌতুকস্বরূপ নির্বন্ধ করিয়া দিলেন বিশেষতঃ পশ্চাৎ লিখিত যে পাঁচ মহাল ও তৎসম্পর্কীয় সমস্ত প্রকার বিষয়ের যে সম্পূর্ণ আট আনা অংশ ঐ নিকলাস পিত্রুস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে দান করিয়াছিলেন এবং এইক্ষণে ঐ নিকলাস পিত্রুস পোগসের আছে তাহা। সেই মহাল এই২। প্রথম মহাল অর্থাৎ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার দশ আনা তের গণ্ডা এক কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কারওগয়রহ তাহার রেজিষ্টরীর নম্বর চারি শত উনআশী তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ দশ আনা তের গণ্ডা এক কড়া ভাগের মোট সদর জমা তিন হাজার পাঁচ শত উনআশী টাকা এগার আনা নয় পাই। দ্বিতীয় মহাল অর্থাৎ ঐ টপ্পে বাহাদুরপুর ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়ার ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরী হওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কারওগয়রহ এবং তাহা চারি শত আশী নম্বরে রেজিষ্টরী হইয়াছে এবং তাহা পূর্ব্বোক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ পাঁচ আনা ছয় গণ্ডা তিন কড়া ভাগের মোট সদর জমা এক হাজার তিন শত তেত্রিশ টাকা পাঁচ আনা চারি পাই। তৃতীয় মহাল অর্থাৎ পরগনা চন্দ্রদ্বীপহইতে পৃথক্‌হওয়া তালুক খাজে মার্কারের জোয়ার রতনদী ষোল আনাতে বিভক্ত হইয়া তাহার আট আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত সাঁইত্রিশ এবং তাহা জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ আট আনা ভাগের মোট সদর জমা কোম্পানির দুই শত নয় টাকা নয় আনা সাড়ে পাঁচ পাই। চতুর্থ মহাল অর্থাৎ চন্দ্রদ্বীপ পরগনাহইতে পৃথক্‌হওয় তালুক খাজে মার্কারের উক্ত জোয়ার রতনদী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার চারি আনা ভাগের আট আনা অংশ তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী উক্ত খাজে নিকুস মার্কার এবং তাহার রেজিষ্টরী নম্বর এক হাজার সাত শত ষাইট এবং তাহা উক্ত জিলা বাকরগঞ্জে স্থিত এবং ঐ চারি আনা ভাগের সমুদায় সদর জমা কোম্পানির এক শত আঠার টাকা ছয় আন পাঁচ পাই। এবং পঞ্চম বা শেষ মহাল অর্থাৎ পরগনা জাইনশাহী ষোল আনায় বিভক্ত হইয়া তাহার আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের আট আনা অংশ তাহা খাজে নিকুস পোগসের জমীদারী তাহার রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারী পিত্রুস নিকুস পোগস এবং ওয়াকিম গ্রিগর নিকুস পোগস সাহেব এবং তাহার রেজীষ্টরী নম্বর সত্তর এবং তাহা জিলা ময়মুনসিংহে স্থিত এবং উক্ত আট আনা চৌদ্দ গণ্ডা তিন কড়া ভাগের সমুদায় সদর জমা কোম্পানির দশ হাজার পাঁচ শত পঁচিশ টাকা তের আনা দশ পাই আট ক্রান্তি। ঐ বিবাহের বন্দোবস্তপত্রের নিয়ম অনুসারে ঐ জোহানিস কারাপিট সার্কিস এবং ঐ নিকলাস পিত্রুস পোগস ইহার দ্বারা উক্ত নিকলাস পিত্রুস পোগসের যে কোন প্রকার মহাজন থাকে তাহারদিগকে

tered number seventy, situated in zillah Mymunsing, the entire sudder jumma of the said eight annas fourteen gundas and three cowry section is Company's Rupees ten thousand five hundred and twenty-five, thirteen annas, ten pie, and eight krants. The said Johannes Carapiet Sarkies and the said Nicholas Petruse Pogose, hereby request that the creditors of the said Nicholas Petruse Pogose of whatsoever nature and description, and also the creditors and legatees under the Will of his late grandfather, the said Nicholas Markar Pogose, shall from this date the 19th day of August, in the year of our Lord one thousand eight hundred and fifty-two, during the period of one month and not afterwards, give notice of and send in their claims of whatsoever nature and description, either now due or may hereafter become due, and apply separately both to Johannes Carapiet Sarkies, Esq. at No. 6, Bonfield's Lane, opposite to the centre gate of the Armenian Church, Calcutta, and to Nicholas Petruse Pogose, Esq., Panioty's Lane, Dacca, for information of such claims as may be due hereafter, and for the payment or liquidation of the amount of such claims as are now due, and in default thereof, the said creditors shall peremptorily forfeit their said claims of whatsoever nature and description to the above named properties. The said Nicholas Petruse Pogose having now completed his full age of twenty one years shall, as stipulated in the said Deed or Agreement of Marriage Settlement, ratify and confirm the said Deed or Agreement of Marriage Settlement after the expiration of the above specified period of one month.

It need not be added that besides the above particularized property, the said Nicholas Petruse Pogose stands possessed as absolute owner of other property devised to him by the said Will of his grandfather the late Nicholas Markar Pogose.

J. C. SARKIES.
N. P. POGOSE.

এবং তাঁহার মৃত পিতামহ উক্ত নিকলাস মার্কার পোগসের উইলক্রমে যে মহাজন থাকে এবং যাহারদিগকে দান হইয়াছিল তাহারদিগকে এই আদেশ করিতেছেন যে ইঙ্গরেজী আঠার শত বায়ান্ন সালের আগষ্ট মাসের ১৯ দিবসের অর্থাৎ অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে এবং তৎপরে নহে তাঁহারদের যে কোন প্রকার ও যে কোন রকমের দাওয়া এইক্ষণে থাকে অথবা উত্তর কালে হইতে পারে তাহার এত্তেলা স্বতন্ত্র২ করিয়া কলিকাতার আরমানিগির্জ্জার মধ্যম দরওয়াজার সম্মুখে বনফিল্‌দ গলির ছয় নম্বর বাটীতে শ্রীযুত জোহানিস কারাপিট সার্কিস সাহেবের নিকটে ও ঢাকাতে পানিয়োটির গলিতে শ্রীযুত নিকলাস পিত্রুস পোগস সাহেবকে দেন এবং ইহার পর যে দাওয়ার দেনা হইবেক তাহার সম্বাদের বিষয়ে এবং যে সকল দাওয়া এইক্ষণে দেয় আছে তাহার টাকার জন্যে অথবা তাহার পরিশোধের জন্যে ঐ২ সাহেবের প্রতি দরখাস্ত করেন। এবং তাহা না করিলে উক্ত সম্পত্তিতে উক্ত মহাজনেরদের যে কোন রকম বা যে কোন প্রকার দাবী থাকে তাহা নিতান্ত মিথ্যা ও বাতিল হইবেক। ঐ নিকলাস পিত্রুস পোগস এইক্ষণে সম্পূর্ণ বয়ঃপ্রাপ্ত অর্থাৎ তাঁহার একুশ বৎসর বয়স হইয়াছে এবং ঐ বিবাহের বন্দোবস্তপত্রে অর্থাৎ অঙ্গীকারপত্রে যেরূপ নিয়ম আছে সেইরূপে তিনি উক্ত এক মাস মিয়াদ গত হইলে পর উক্ত বিবাহের বন্দোবস্তপত্র অর্থাৎ অঙ্গীকারপত্র স্বীকার ও মঞ্জুর করিবেন।

এই স্থলে ইহা জ্ঞাত করাইবার প্রায় আবশ্যক নাই যে উক্ত নির্দ্দিষ্ট সম্পত্তিছাড়া ঐ নিকলাস পিত্রুস পোগসের মৃত পিতামহ নিকলাস মার্কার পোগস উইলক্রমে তাঁহাকে অন্য যে সম্পত্তি দান করিয়াছিলেন সেই সম্পত্তির তিনি একাকী অধিকারীস্বরূপ ভোগ দখল করিতেছেন।

জে সি সার্কিস।
এন পি পোগস।

---

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের।

## সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না-করেন তাঁহাদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটারী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক। ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৩১ আগষ্ট।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাম্যন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 653 ৬৫৩ ) ( ৬১১ )

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 7, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৭ সেপ্টেম্বর।

## ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 27TH AUGUST, 1852.

The following Act, passed by the Governor General of India in Council, on the 27th August 1852, is hereby promulgated for general information:

ACT NO. XXXIII. OF 1852.

*An Act to facilitate the enforcement of judgments in places beyond the jurisdiction of the Courts pronouncing the same.*

I. Every party, who shall have obtained a judgment in any Court of Her Majesty, or of the East India Company, in any part of the territories under the Government of the East India Company, or in any Court established by the authority of the Governor General of India in Council in the territory of any foreign Prince or State, and who shall be unable to enforce or obtain satisfaction of the same by execution within the jurisdiction of such Court, may enforce or obtain execution of the same in any part of the said territories under the Government of the East India Company in manner following:

II. The party may apply to the Court, which shall have pronounced such judgment, for a copy thereof, and also for a certificate that satisfaction of such judgment has not been obtained by execution within the jurisdiction of the said Court, also for a copy of any order for execution of such judgment that may have been passed, and, if necessary, for a translation of the said judgment and order for execution into the English language. The Court, unless there be any sufficient reason to the contrary, shall cause such copy and certificate, and translation if necessary, to be furnished, and the

## আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৭ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫২ সালের ২৭ আগষ্ট তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫২ সাল ৩৩ আইন।

যে আদালতে ডিক্রী হয় সেই আদালতের এলাকার বাহিরের স্থানে ঐ ডিক্রী জারীর সুগম করণের আইন।

১ ধারা। যে প্রত্যেক ফরিয়াদী কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন ভাগে শ্রীশ্রীমতী মহারাণীর অথবা কোম্পানি বাহাদুরের কোন আদালতে কিম্বা কোন বিদেশীয় রাজা বা রাজ্যের দেশের মধ্যে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে স্থাপিত কোন আদালতে ডিক্রী প্রাপ্ত হইয়াছে এবং সেই আদালতের এলাকার মধ্যে তাহা প্রবল কিম্বা জারী করিতে পারে না সেই ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন ভাগে পশ্চাৎ লিখিতমতে তাহা প্রবল অথবা জারী করিতে পারে ইতি।

২ ধারা। যে আদালতে ডিক্রী হইল সেই আদালতে ঐ ফরিয়াদী এই২ কাগজপত্র পাইবার দরখাস্ত করিতে পারে বিশেষত ঐ ডিক্রীর এক নকল এবং ঐ আদালতের এলাকার মধ্যে তাহা জারী হয় নাই ইহার এক সর্টিফিকট এবং ঐ ডিক্রী জারী করণার্থে যে কোন হুকুম দেওয়া গিয়া থাকে তাহার নকল এবং আবশ্যক হইলে ঐ ডিক্রী এবং জারীর হুকুমের ইঙ্গরেজী ভাষায় এক তরজমা। যদি ঐ২ কাগজপত্র না দেওনের উপযুক্ত কারণ না থাকে তবে ঐ আদালত ঐ নকল ও সর্টিফিকট ও আবশ্যক হইলে ঐ তরজমা তাহাকে দিতে হুকুম করিবেন এবং ঐ সকল কাগজপত্রে ঐ আদালতের জজ বা জজ সাহেবেরদের

same shall be signed by the Judge, or one of the Judges of the Court, and sealed with the seal of the Court.

III. If such Court shall be the principal Civil Court of original jurisdiction in the district, the Judge shall describe himself accordingly in the certificate, and shall also name the Court and the district.

IV. If the Court shall not be the principal Civil Court of original jurisdiction in the district, the copy of the judgment, and of the order for execution, if any, the certificate of the Judge, and the translation, if any, shall, without delay, be transmitted to the principal Civil Court of original jurisdiction in the district, and the Judge, or one of the Judges of such Court shall issue a certificate under his hand and the seal of the Court, verifying the signature of the Judge of the Court in which the judgment shall have been given to the documents above-mentioned; and in such certificate the Judge signing the same shall describe himself as the Judge, or one of the Judges of the principal Civil Court of the district, and shall also name the Court and the district.

V. All copies, translations, and certificates, which may be furnished by, or transmitted to the principal Civil Court of original jurisdiction in the district in which such judgment shall have been given, shall be transmitted by such Court without delay to the principal Civil Court of original jurisdiction in the district in which the party may wish to have the judgment enforced or executed, and if such last mentioned Court be the Supreme Court of judicature of either of the Presidencies, to the Prothonotary of the Court; and such Court shall cause the said documents to be filed therein, without any proof of the judgment or order for execution, or of the copies thereof, or of the translations, if any, or of the seal or jurisdiction of any Court, or of the signature of any Judge, unless the Court, to which such documents shall be transmitted, shall, under any peculiar circumstances to be specified in an order, require the same.

VI. The copy of any judgment, or of any order for execution, when filed in the Court to which it shall be transmitted for the purpose of being executed or enforced as aforesaid, shall for such purpose have the same effect as a judgment or order for execution made by such Court, and may be enforced or executed by such Court, or any Court subordinate thereto, to which it may intrust the enforcement or execution thereof.

VII. When application shall be made to any of the said Courts to enforce, or execute the judgment of any other Court as aforesaid, the Court to which the application shall be made, or referred, shall proceed to enforce, or execute the same, according to its own rules and mode of procedure in like cases; and the last-mentioned Court shall take cognizance of, and punish, all wrongful acts or irregularities done or committed in enforcing and executing

কোন এক জনের দ্বারা দস্তখৎ হইবেক এবং আদালতের মোহরে তাহা মোহর করা যাইবেক ইতি।

৩ ধারা। যদি ঐ আদালত ঐ জিলায় আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালত হন তবে জজ সাহেব সর্টিফিকটের মধ্যে আপনাকে সেইরূপে বর্ণনা করিবেন এবং ঐ আদালতের ও জিলার নাম তাহাতে লিখিবেন ইতি।

৪ ধারা। যদি সেই আদালত ঐ জিলার মধ্যে আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালত না হন তবে ঐ ডিক্রীর এবং জারী করণের হুকুম হইলে তাহার নকল এবং জজের সর্টিফিকট এবং তরজমা থাকিলে তাহা অগৌণে জিলার আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতে পাঠান যাইবেক এবং ঐ আদালতের জজ বা জজেরদের মধ্যে এক জন আপনার হাতে দস্তখৎকরা এবং আদালতের মোহরে মোহর করা এই মজমুনে এক সর্টিফিকট দিবেন যে যে আদালতে ঐ ডিক্রী হইয়াছিল সেই আদালতের জজের দস্তখৎ ঐ পূর্ব্বোক্ত দলীলদস্তাবেজে দেওয়া গিয়াছে। এবং যে জজ ঐ সর্টিফিকটে দস্তখৎ করেন তিনি ঐ সর্টিফিকটের মধ্যে ইহা লিখিবেন যে আমি জিলার প্রধান দেওয়ানী আদালতের জজ অথবা জজেরদের মধ্যে এক জন এবং ঐ আদালতের এবং ঐ জিলার নাম তাহাতে লিখিবেন ইতি।

৫ ধারা। যে জিলার মধ্যে ঐ ডিক্রী করা গিয়াছিল সেই জিলার আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালত যে সকল নকল ও তরজমা ও সর্টিফিকট দেন অথবা যে সকল নকলপ্রভৃতি তাঁহার নিকটে পাঠান যায় তাহা যে জিলায় ফরিয়াদী ডিক্রী প্রবল কি জারী করিতে চাহে সেই জিলার আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতে ঐ প্রথমোক্ত আদালতের দ্বারা অবিলম্বে পাঠান যাইবেক। এবং যে আদালতের এলাকায় তাহা জারী করণের মানস থাকে তাহা যদি কোন রাজধানীর সুপ্রিম কোর্ট হন তবে ঐ নকলপ্রভৃতি ঐ আদালতের প্রথনটরি সাহেবের নিকটে পাঠান যাইবেক। এবং ঐ আদালত সেই ডিক্রীর অথবা ডিক্রী জারীর হুকুমের কি তাহার নকলের কিম্বা তরজমা থাকিলে তাহার অথবা কোন আদালতের মোহর বা এলাকার কিম্বা জজের দস্তখতের বিষয়ে প্রমাণ না লইয়া ঐ সকল দলীল নথীর শামিল করিবেন। কিন্তু যে আদালতে ঐ দলীল পাঠান যায় সেই আদালত যদি কোন বিশেষ বিষয়প্রযুক্ত তাহার প্রমাণ চাহেন তবে তাহা তলব করিতে পারেন এবং ঐ বিশেষ বিষয় এক হুকুমনামাতে নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবেক ইতি।

৬ ধারা। ডিক্রীর অথবা ডিক্রী জারী করণের হুকুমের নকল পূর্ব্বোক্তমতে প্রবল কি জারী করণার্থে যে আদালতে পাঠান যায় সেই আদালতে তাহা নথীর শামিল করা গেলে ঐ আদালতের ডিক্রী অথবা ডিক্রী জারীর হুকুম হইলে যে ফল হইত তাহার তন্নিমিত্তে সেই ফল হইবেক এবং সেই আদালতের দ্বারা প্রবল অথবা জারী হইতে পারে কি তাহার তাবে যে কোন আদালতকে তাহা প্রবল বা জারী করণার্থে হুকুম দেওয়া যায় সেই আদালতের দ্বারা তাহা প্রবল অথবা জারী হইতে পারে ইতি।

৭ ধারা। উক্ত কোন আদালতে যখন পূর্ব্বোক্ত অন্য কোন আদালতের ডিক্রী জারী অথবা প্রবল করণের দরখাস্ত দেওয়া যায় তখন যে আদালতে ঐ দরখাস্ত করা যায় বা অর্পণ হয় সেই আদালত সেইরূপ গতিকে আপনার যে বিধান ও কার্য্যের রীতি থাকে তদনুসারে তাহা প্রবল অথবা জারী করিবেন। এবং এই শেষোক্ত আদালত ঐ ডিক্রী প্রবল বা জারী করণেতে যে সকল অন্যায় কি বেদাঁড়া কর্ম্ম হয় তাহা বিচার করিয়া তাহার দণ্ড করিবেন। এবং

such judgment; and all persons disobeying or obstructing the enforcement or execution of any such judgment, shall be punishable by such last-mentioned Court, in the same manner as if the said judgment had been pronounced by such Court.

VIII. The decrees, of which execution is to be general, of any Military Courts of Requests holden within the said territories under the Government of the East India Company, or mentioned in Section XVII. Act No. XI. 1841, may be enforced in the manner provided by this Act. No such decree, however, shall be enforced under this Act against the person of the debtor, if a soldier. In the case of a decree of a Military Court of Requests the copy decree, and certificate, and translation, if any, shall be signed by the officer commanding the station or cantonment, who shall describe himself accordingly; and no proof of the decree, or of the signature or appointment of such officer, or of the jurisdiction of the Court, shall be necessary, unless the Court to which the same may be presented shall think fit, under any peculiar circumstances to be specified in an order, to require the same.

IX. A petition for execution under this Act of any judgment of a Moonsiff's Court, or of any decree of a Military Court of Requests, may be written on plain paper.

X. An appeal shall lie from any order for the enforcement or execution of a judgment under this Act, in the same manner, and subject to the same rules and regulations, as if the judgment had been originally given by the Court making such order.

XI. In this Act the word "judgment" means a judgment in a civil suit or proceeding, and includes any final decree or order in a civil suit or proceeding. The word "party" shall include any person who would be entitled to maintain a suit upon the judgment. The masculine gender shall include the feminine, and the singular number shall include the plural.

J. P. GRANT,
*Secy. to the Govt. of India.*

ঐ ডিক্রী প্রবল কি জারী করণেতে যে সকল ব্যক্তি হুকুম না মানে কিম্বা বাধকতা করে তাহারা ঐ ডিক্রী ঐ শেষোক্ত আদালতের দ্বারা করা গেলে যেরূপ হইত সেইরূপে ঐ শেষোক্ত আদালতের দ্বারা দণ্ডনীয় হইবেক ইতি।

৮ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে সৈন্যসম্পর্কীয় যে কোন কোর্ট রিক্বেষ্ট থাকে অথবা ১৮৪১ সালের ১১ আইনের ১৭ ধারায় যে কোর্ট রিক্বেষ্টের বিষয় উক্ত আছে সেই কোর্ট রিক্বেষ্টের যে ডিক্রী সাধারণমতে জারী করিতে হয় তাহা এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে জারী হইতে পারে। কিন্তু যদি খাতক গোরা বা এদেশীয় সিপাহী হয় তবে ঐরূপ কোন ডিক্রী এই আইনানুসারে আসামীকে কয়েদ করণের দ্বারা জারী হইবেক না। সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের ডিক্রী হইলে ডিক্রীর নকল ও সর্টিফিকট ও তরজমা থাকিলে তাহা সৈন্যের ছাউনি কি শিবিরে যে সেনাপতি সাহেবের কর্ত্তৃত্ব থাকে তাঁহার দ্বারা দস্তখৎ হইবেক এবং তিনি আপনাকে সেইরূপ বর্ণনা করিবেন এবং ঐ ডিক্রীর কিম্বা সেই সেনাপতি সাহেবের দস্তখৎ কিম্বা তৎপদে নিযুক্ত থাকনের কিম্বা ঐ আদালতের এলাকার কোন প্রমাণের আবশ্যক হইবেক না। কিন্তু যে আদালতে ঐ দলীল পাঠান যায় সেই আদালত যদি কোন বিশেষ বিষয়প্রযুক্ত তাহার কোন প্রমাণ চাহেন তবে তাহা তলব করিতে পারেন এবং ঐ বিশেষ বিষয় এক হুকুমনামাতে নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবেক ইতি।

৯ ধারা। মুনসেফের আদালতের কোন ডিক্রী অথবা সৈন্যসম্পর্কীয় কোন কোর্ট রিক্বেষ্টের ডিক্রী এই আইনানুসারে জারী করণের দরখাস্ত সাদা কাগজে লেখা যাইতে পারে ইতি।

১০ ধারা। এই আইনানুসারে কোন ডিক্রী জারী বা প্রবল করণের হুকুম ঐ হুকুমকরণিয়া আদালতের দ্বারা আদৌ হইলে যেরূপ হইত সেইরূপে তাহার উপর আপীল হইতে পারে ও সেই আপীলের বিষয়ে সেইরূপ নিয়ম ও বিধান খাটিবেক ইতি।

১১ ধারা। এই আইনের মধ্যে "ডিক্রী" এই কথা কোন দেওয়ানী মোকদ্দমা বা কার্য্যের ডিক্রী বুঝায় এবং কোন দেওয়ানী মোকদ্দমা বা কার্য্যে চূড়ান্ত ডিক্রী বা হুকুমও বুঝায়। "ফরিয়াদী" এই কথা যে কোন ব্যক্তি ঐ ডিক্রীক্রমে মোকদ্দমা করিবার স্বত্ব রাখে সেই ব্যক্তিকে বুঝাইবেক। পুংলিঙ্গে স্ত্রীলিঙ্গও বুঝাইবেক এক বচনে বহু বচনও বুঝাইবেক ইতি।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## DRAFT OF ACT.

ACT No. —— OF 1852.

*An Act for the Registration of Assurances in the Territories under the Government of the East India Company.*

[Continued from Page 606.]

*Wills deposited at the Register Office may be removed for the purpose of being proved, &c.*

LXXXIII. Provided always, that where any Will has been registered under this Act by the deposit of the original Will, the District Registrar shall, upon the request of any person entitled to prove such Will, or to take out Letters of Ad-

## আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দলীলের রেজিষ্টরী করণের আইন।

[৬০৬ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

[রেজিষ্টরী দপ্তরে যে উইল দাখিল হয় তাহা প্রমাণপ্রভৃতি হওনের জন্যে স্থানান্তর করা যাইতে পারে।]

[উইলপ্রভৃতি প্রমাণ হইলে তাহা ফিরিয়া দিতে হইবেক।]

৮৩ ধারা। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য যে যে স্থলে কোন আসল উইল দাখিল হওনের দ্বারা এই আইনানুসারে রেজিষ্টরী হইয়াছে সেই স্থলে যে কোন ব্যক্তির ঐ উইল প্রমাণ করিতে অথবা ঐ উইলযুক্ত উইলকারি ব্য-

ministration to the Testator with such Will annexed, or to take out a Certificate under Act XX. of 1841, such request to be testified by some writing signed by and containing the address of the person making such request, and specifying the Court in which the Will is desired to be proved, or in which Administration to the Testator with the Will annexed, or a Certificate under Act XX. of 1841 is desired to be taken out, cause such Will, together with a Certificate of the same having been deposited in the District Register Office, which Certificate shall be sealed with the seal of the District Register Office, and signed by the District Registrar, to be transmitted to the Court so specified, in order that the same may be proved in such Court, or that Administration to the Testator with such Will annexed, or that such Certificate as aforesaid, may be granted by such Court; and the Registrar or other the Chief Officer of the Court to which such Will is so transmitted, or his deputy, shall, immediately after such Will has been proved, or Letters of Administration of the effects of the Testator with such Will annexed, or Certificate, have been granted in or by such Court, or immediately after the termination of the proceedings in such Court, cause the same Will to be returned to the District Register Office.

*After being proved, &c. the Will is to be returned.*

LXXXIV. For facilitating the making up into books or parcels of the several documents to be deposited at the respective Register Offices under this Act, and for the convenience of reference thereto, it shall be lawful for the Chief Registrar of each Presidency or Place, with the consent of the Government thereof, from time to time (either before or after the commencement of Registration under this Act) by a notice to be published at least four times in the "Government Gazette," of each Presidency or Place, of which the last time shall be not less than three Calendar months before the time when the same is intended to take effect, to order and direct that all documents of any description, to be specified in such notice, which shall be brought or sent to the Register Office in order to be deposited in the same under this Act (with any exceptions which shall be specified in such notice) shall be written or engrossed bookwise, or in such manner as shall be specified in such notice, and shall be written or engrossed either on paper, vellum, or parchment, as shall in that behalf be in such notice directed, and to order and direct that such paper, vellum or parchment shall be of such description and of such shape and dimensions as in such notice shall be specified, and if, after the time when any notice to be given in

*Power to the Registrar to order that documents to be deposited shall be written bookwise or otherwise, &c.*

*Additional payment on persons sending documents*

ক্তির লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লইতে কি ১৮৪১ সালের ২০ আইনানুসারে সর্টিফিকট লইতে স্বত্ব আছে তিনি দরখাস্ত করিলে এবং সেই দরখাস্তে দরখাস্ত-করণিয়া ব্যক্তির সহী ও ঠিকানা থাকিলে ও যে আদালতে ঐ উইল প্রমাণ করণের ইচ্ছা থাকে অথবা যে আদালতে উইলযুক্ত উইলকারি ব্যক্তির লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কি ১৮৪১ সালের ২০ আইনানুসারে সর্টিফিকট লইবার বাঞ্ছা থাকে সেই আদালতের নির্দ্দেশ থাকিলে জিলার রেজিষ্ট্রার সাহেব ঐ উইল এবং জিলার রেজিষ্টরী দফ্তরে তাহা দাখিল হওনের এক সর্টিফিকট এই জন্যে সেইরূপ নির্দ্দিষ্ট আদালতে পাঠাইবেন যে ঐ উইল সেই আদালতে প্রমাণ হয় কি ঐ উইলযুক্ত উইলকারি ব্যক্তির আডমিনিষ্ট্রেসন কিম্বা ১৮৪১ সালের ২০ আইনানুসারে সর্টিফিকট সেই আদালতের দ্বারা দেওয়া যায় এবং ঐ সর্টিফিকটে জিলার রেজিষ্টরী দফ্তরের মোহর ও জিলার রেজিষ্ট্রার সাহেবের দস্তখৎ থাকিবেক। এবং যে আদালতে ঐ উইল সেইরূপে পাঠান যায় সেই আদালতের রেজিষ্ট্রার সাহেব কি অন্য প্রধান কর্ম্মকারক কিম্বা তাঁহার নায়েব ঐ উইল প্রমাণ হইলে অথবা ঐ উইলযুক্ত উইলকারি ব্যক্তির সম্পত্তির লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কিম্বা সর্টিফিকট ঐ আদালতে বা তাঁহার দ্বারা দেওয়া গেলে তৎক্ষণাৎ কিম্বা ঐ আদালতের কার্য্য শেষ হওনের পরেই ঐ উইল জিলার রেজিষ্টরী দফ্তরে ফিরিয়া পাঠাইবেন ইতি।

[যে দলীল দাখিল করিতে হয় তাহা বহীর ন্যায় বা প্রকারান্তরপ্রভৃতিতে লিখিতে হুকুম দিবার ক্ষমতা রেজিষ্ট্রারের থাকিবেক।]

[ঐ হুকুমানুযায়ি না লিখিত যে দলীল দাখিল হইবার জন্যে পাঠান যায় তাহা পাঠানিয়া ব্যক্তি অধিক টাকা দিবেন।]

৮৪ ধারা। এই আইনানুসারে নানা রেজিষ্টরী দফ্তরে যে২ দলীল দাখিল করিতে হয় তাহা বহী বা পুলিন্দায় বাঁধিবার সুগমের জন্যে এবং তাহাতে অন্বেষণ করণের সুগমের জন্যে প্রত্যেক রাজধানী বা স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব ঐ রাজধানীপ্রভৃতির গবর্ণমেণ্টের সম্মতিক্রমে এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পূর্ব্বে বা পরে সময়ক্রমে এক এস্তেহার দ্বারা এই হুকুম ও আজ্ঞা দিতে পারেন যে ঐ এস্তেহারনামার নির্দ্দিষ্ট যে সকল প্রকার দলীল এই আইনানুসারে রেজিষ্টরী দফ্তরে দাখিল হওনের জন্যে আনা যায় বা প্রেরিত হয় সেই২ দলীল ঐ এস্তেহারনামার নির্দ্দিষ্ট বর্জ্জনীয় বিষয় বর্জ্জিত কেতাবের মত অথবা ঐ এস্তেহারনামার নির্দ্দিষ্ট অন্য প্রকারে লেখা যাইবেক কিম্বা নকল হইবেক এবং ঐ এস্তেহারনামাতে তদ্বিষয়ে যেরূপ হুকুম হয় সেইরূপে তাহা কাগজের কি বেলমের বা চামড়ার উপর লেখা যায় কিম্বা নকল হয় এবং ঐ এস্তেহার প্রত্যেক রাজধানী বা স্থানের গবর্ণমেণ্ট গেজেটে অন্যূন চারিবার প্রকাশিত হইবেক এবং যে সময়ে ঐ এস্তেহার কার্য্য আরম্ভ করণের মানস থাকে তাহার সম্পূর্ণ তিন মাস পূর্ব্বে ঐ এস্তেহার শেষবার প্রকাশ হইবেক। এবং ঐ প্রধান রেজিষ্ট্রার সাহেব এইমত হুকুম ও আজ্ঞা দিতে পারেন যে ঐ কাগজ কি বেলম বা চামড়া ঐ এস্তেহারনামাতে যেরূপ নির্দ্দিষ্ট হয় সেইরূপ কাগজপ্রভৃতি ব্যবহার হইবেক এবং তাহার সেইরূপ ডৌল ও পরিমাণ থাকিবেক। এবং এই ক্ষমতানুসারে যে এস্তেহার দিতে হয় সেই এস্তেহার কার্য্য আরম্ভ হওনের পর যদি এই এস্তেহার অভিপ্রায়ের সম্পর্কে কোন দলীল রেজিষ্টরী দফ্তরে

to be deposited, which shall not be conformable with such order.

pursuance of this power has taken effect, any document within the meaning of such notice be brought or sent to the Register Office to be deposited as aforesaid which is not conformable with the directions in respect of the same contained in such notice, the person depositing the same shall pay, in addition to the ordinary fee made payable on such deposit, such extra fee as the Registrar may in each case think fit, not exceeding the amount of the said ordinary fee.

পূর্ব্বোক্তমতে দাখিল হওনের জন্যে আনা যায় বা পাঠান যায় এবং ঐ এস্তেলানামার মধ্যে তদ্বিষয়ে যে হুকুম থাকে সেই হুকুমানুযায়ি তাহা প্রস্তুত না হইয়া থাকে তবে যে ব্যক্তি তাহা দাখিল করেন তিনি ঐ দাখিল করণের যে সামান্য রসুম দিতে হয় তাহার অতিরিক্ত রেজিষ্ট্রার সাহেব প্রত্যেক গতিকে যে রসুম উপযুক্ত বোধ করেন তাহা দিবেন কিন্তু তাহা সামান্য রসুম অপেক্ষা অধিক হইবেক না ইতি।

Power to the Registrar to require statements for regulating the entries to be sent with Assurances.

**LXXXV.** It shall be lawful for the Chief Registrar of each Presidency or Place, with the consent of the Government thereof, from time to time, either before or after the commencement of Registration under this Act, by a notice to be published not less than four times in the "Government Gazette" of such Presidency or Place (of which the last time shall be at least one Calendar month before the time when the same shall be intended to take effect) to require that any statements which may appear to the Chief Registrar necessary or proper for directing or regulating the entries to be made on registration, and for affording information for the making of such entries, shall be made and brought to the Register Office; and it shall also be lawful for the Chief Registrar, with such consent as aforesaid, by any such notice to specify the form of such statements as aforesaid, and to require that the same shall be signed by the persons respectively requiring the registration, and shall contain the addresses of such persons respectively, and also to require that the same shall be either written or endorsed on the documents to be deposited as aforesaid, or written on separate papers, as the Chief Registrar shall think fit: Provided always that nothing in this Act shall render the Registrar or any other Officer of the Register Office in any way responsible or liable in respect of any loss or damage which may be sustained or incurred by any person in consequence of the omission of any entry or reference required by this Act to be made in the Register Office, or in consequence of any error in any such entry or reference, in any case where no statement has been sent to the Register Office conformably with any such notice as aforesaid, or in any case where such statement has been so sent as aforesaid, and entries or references in conformity therewith have been made.

No Officer of the Register Office to be responsible for omissions or mistakes occasioned by defects in the statements.

[লিপির নিয়ম করণার্থে দলীলের সঙ্গে কৈফিয়ৎ পাঠাইতে রেজিষ্ট্রার হুকুম দিতে পারেন।]

[কৈফিয়ৎ অনুপযুক্তরূপে লেখা গেলে তাহাতে যে ত্রুটি কি ভুল হয় তদ্বিষয়ে রেজিষ্টরী দফ্তরের কোন কর্ম্মকারক দায়ী হইবেন না।]

৮৫ ধারা। প্রত্যেক রাজধানী বা স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব তাঁহার গবর্ণমেণ্টের অনুমতিক্রমে এই আইনানুসারে রেজিষ্টরীর কর্ম্ম আরম্ভ হওনের পূর্ব্বে বা পরে সময়ক্রমে এক এস্তেলানামার দ্বারা এমত হুকুম করিতে পারেন যে রেজিষ্টরী করিবার সময়ে লিপি নির্দ্দিষ্ট বা নিয়ম করণার্থে এবং ঐ লিপি করণের জন্যে সম্বাদ পাওনার্থে যে কোন কৈফিয়ৎ ঐ প্রধান রেজিষ্ট্রার সাহেবের আবশ্যক কিম্বা উচিত বোধ হয় সেই কৈফিয়ৎ করা যায় এবং রেজিষ্টরী দফ্তরে আনা যায়। এবং ঐ এস্তেলা প্রত্যেক রাজধানী বা স্থানের গবর্ণমেণ্ট গেজেটে অন্যূন চারিবার প্রকাশিত হইবেক এবং যে সময়ে ঐ এস্তেলার কার্য্য আরম্ভ করণের মানস থাকে তাহার সম্পূর্ণ এক মাস পূর্ব্বে ঐ এস্তেলা শেষবার প্রকাশ হইবেক। এবং পূর্ব্বোক্ত সম্মতিক্রমে ঐ প্রধান রেজিষ্ট্রার সাহেবের এই ক্ষমতা থাকিবেক যে ঐ রূপ কোন এস্তেলার দ্বারা পূর্ব্বোক্ত কৈফিয়তের পাঠ নির্দ্দিষ্ট করেন এবং এইমত হুকুম দিতে পারেন যে যেং ব্যক্তি ঐ রেজিষ্টরী করিতে চাহেন সেইং ব্যক্তির দ্বারা তাহাতে দস্তখৎ হয় এবং ঐ ২ ব্যক্তির ঠিকানা তাহাতে থাকে এবং আরো হুকুম করিতে পারেন যে প্রধান রেজিষ্ট্রার সাহেব যেমত উচিত বোধ করেন সেইমতে যে দলীল পূর্ব্বোক্তমতে দাখিল করিতে হয় সেই দলীলে কি তাহার পৃষ্ঠে অথবা আলাহিদা একং ফর্দ্দ কাগজে লেখা যায়। কিন্তু জানা কর্ত্তব্য যে যে কোন গতিকে পূর্ব্বোক্ত এস্তেলানুযায়ি কোন কৈফিয়ৎ রেজিষ্টরী দফ্তরে পাঠান যায় নাই সেই গতিকে এই আইনের দ্বারা যে লিপি কি নিদর্শন রেজিষ্টরী দফ্তরে করিতে হয় তাহা না করণপ্রযুক্ত কিম্বা যে কোন গতিকে ঐ প্রকার কৈফিয়ৎ পূর্ব্বোক্তমতে পাঠান গিয়াছে এবং তদনুযায়ি লিপি কি নিদর্শন লেখা গিয়াছে সেই গতিকে সেই লিপি কিম্বা নিদর্শনে কোন ভুল থাকনপ্রযুক্ত কোন ব্যক্তির যে কোন ক্ষতি কি নোকসান হয় তাহার বাবৎ রেজিষ্ট্রার অথবা রেজিষ্টরী দফ্তরের অন্য কোন কর্ম্মকারক কোন প্রকারে দায়ী আছেন এমত এই আইনের অর্থ করিতে হইবেক না ইতি।

Registrar may cor-

**LXXXVI.** It shall be lawful for each District Registrar (subject to any Regulations to be made as here-

[রেজিষ্ট্রার সাহেব লিপির মধ্যের ভুল সংশোধন করিতে পারেন।]

৮৬ ধারা। এই আইনানুসারে পশ্চাৎ লিখিতমতে

rect errors in entries.

inafter mentioned under this Act) upon such evidence as may appear to him sufficient in this behalf, to correct errors in entries made, and supply entries omitted to be made, under this Act. Provided always, that in the correction of any such entry he shall not erase or render illegible the original entry, and shall, on correcting or supplying any entry, cause an entry to be made, in connexion with the entry so corrected or supplied, of the time when the same was so corrected or supplied; and every correction made, and omission supplied, under this provision shall be as effectual as if made at the time when the same ought to have been made, but not so as to affect any Assurance registered, or act done, previously to the actual time of the correction of the entry, or supplying the omitted entry.

Falsely swearing under this Act to be punished as perjury.

LXXXVII. If any person, making any Affidavit under this Act, shall therein wilfully swear falsely, such person shall be deemed guilty of wilful and corrupt perjury; and all Affidavits to be registered, or deposited in the Register Office under this Act, shall be sworn before a Chief Registrar, Assistant Registrar, District Registrar, Justice of the Peace, or Magistrate of the District, Town, or place where such Affidavit is sworn, or elsewhere, before a Magistrate and attested by a Notary, or before a British Minister, Resident, Consul or Vice Consul.

Punishment for forging signatures required by the Act, or Counterfeiting impressions of the Seal of the Register Office.

LXXXVIII. If any person shall forge, counterfeit, or imitate, or cause or procure to be forged, counterfeited or imitated, or knowingly act or assist in forging, counterfeiting or imitating, upon any document upon which the seal of the Register Office is authorized to be impressed, the impression or any part of the impression of the seal of the Register Office, or shall knowingly stamp or mark, or cause or procure to be stamped or marked, or knowingly act or assist in stamping or marking, any such document with any forged or counterfeited Seal of the Register Office, with the intent to defraud any person whomsoever; or shall forge or counterfeit, or cause or procure to be forged or counterfeited, or knowingly act or assist in forging or counterfeiting the name, signature or hand-writing of any Officer, in any case in which the signature of such Officer is authorized to be made; or shall forge or counterfeit, or cause or procure to be forged or counterfeited, or knowingly act or assist in forging or counterfeiting the name, signature or hand-writing of any person whomsoever, to any

যে বিধান করিতে হইবেক তাহাতে দৃষ্টি রাখিয়া প্রত্যেক জিলার রেজিষ্ট্রার সাহেব তদ্বিষয়ে যে প্রমাণ তাঁহার বোধে মাতবর দৃষ্ট হয় সেই প্রমাণ পাইলে এই আইনানুসারে যে লিপি করা গিয়াছে তাহাতে ভুল সংশোধন করিতে পারেন এবং যে লিপি করিবার ত্রুটি হইয়াছে তাহা করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ লিপি সংশোধন করণেতে তিনি আসল লিপি কিরিয়া ফেলিবেন না কি তাহা পড়া না যায় এমত করিবেন না এবং কোন লিপি সংশোধন করণেতে কি ত্রুটি হওয়া কোন লিপি লিখনেতে যে সময়ে তাহা সংশোধন হইল বা লেখা গেল সেই সময়ের এক নিদর্শন সেইরূপে সংশোধিত অথবা দেওয়া লিপির সম্পর্কে লিখিবেন। এবং এই ধারানুসারে যে সকল লিপি সংশোধন করা যায় বা দেওয়া যায় তাহা যে সময়ে করিতে হইত সেই সময়ে করা গেলে যেরূপ মাতবর হইত সেইরূপ মাতবর হইবেক। কিন্তু লিপি সংশোধন করণের বা যে লিপি দিবার ত্রুটি হইয়াছিল তাহা দেওনের সময়ের পূর্ব্বে যে দলীল রেজিষ্টরী হইয়াছিল বা যে কর্ম্ম করা গিয়াছিল তাহাতে তাহার কিছু হানি হইবেক না ইতি।

[এই আইনানুসারে মিথ্যা শপথ করিলে তাহার মিথ্যা শপথের ন্যায় দণ্ড হইবেক ]

৮৭ ধারা। এই আইনানুসারে যে কোন ব্যক্তি সুকৃতি করে সেই ব্যক্তি যদি জ্ঞানত মিথ্যা শপথ করে তবে সেই ব্যক্তি জ্ঞানত দূষণীয় মিথ্যা শপথের অপরাধের দোষী হইবেক। এবং এই আইনানুসারে যে সকল সুকৃতি রেজিষ্টরী করিতে হয় অথবা রেজিষ্টরী দপ্তরে আমানৎ করিতে হয় তাহা কোন প্রধান রেজিষ্ট্রার সাহেব বা আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার কি জিলার রেজিষ্ট্রার অথবা যে জিলা বা শহর কি স্থানে ঐ সুকৃতির বিষয়ে শপথ করিতে হয় সেই জিলাপ্রভৃতির জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে শপথ করিতে হইবেক অথবা অন্য স্থানে এক জন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে করিতে হইবেক এবং এক জন নোটারি অর্থাৎ উকীলের দস্তখৎ তাহাতে থাকিবেক কি ইঙ্গলণ্ডীয়েরদের রাজউকীল কিম্বা রেসিডেণ্ট সাহেব বা কন্সল কিম্বা বাইস কন্সল সাহেবের সম্মুখে তাহার শপথ করিতে হইবেক ইতি।

[এই আইনানুসারে যে দস্তখৎ করিতে হয় তাহা কৃত্রিম করণের অথবা রেজিষ্টরী দপ্তরের মোহরের ছাপ কৃত্রিম করণের দণ্ড।]

৮৮ ধারা। যে কোন দলীলে রেজিষ্টরী দপ্তরের মোহর করিবার হুকুম আছে সেই দলীলের উপর যদি কোন ব্যক্তি রেজিষ্টরী দপ্তরের মোহরের ছাপ কি ছাপের কোন ভাগ কৃত্রিম করে বা জাল করে বা তাহার অনুরূপ করে কিম্বা কৃত্রিম বা জাল কি অনুরূপ করায় বা অন্যের দ্বারা করে কিম্বা কৃত্রিম বা জাল বা অনুরূপ করণেতে জানিয়া শুনিয়া সাহায্য করে অথবা যদি কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে ঠগাওনের অভিপ্রায়ে ঐরূপ কোন দলীলে জানিয়া শুনিয়া রেজিষ্টরী দপ্তরের কৃত্রিম বা জালকরা মোহর ছাপে বা দাগে কি ছাপ বা দাগ দেওয়ায় কিম্বা অন্যের দ্বারা তাহা করে কি ছাপ বা দাগের কর্ম্মের জানিয়া শুনিয়া সাহায্য করে অথবা যে কোন গতিকে কোন কর্ম্মকারকের দস্তখৎ করণের হুকুম আছে সেই গতিকে ঐ কর্ম্মকারকের নাম বা দস্তখৎ কি হাতের লেখা যে ব্যক্তি কৃত্রিম বা জাল করে বা কৃত্রিম কি জাল করায় বা অন্যের দ্বারা তাহা করে কিম্বা কৃত্রিম বা জাল করণের কার্য্যে জানিয়াশুনিয়া সাহায্য করে অথবা যে দলীল কি কাগজপত্র এই আইনানুসারে বা এই আইনের নির্দ্দিষ্ট কোন ক্ষমতাক্রমে কোন ব্যক্তির সহী করণের হুকুম বা আজ্ঞা আছে এই প্রকার যে দলীলে সেই ব্যক্তির নাম বা দস্তখৎ কি হাতের লেখা কেহ কৃত্রিম বা জাল করে বা কৃত্রিম কি জাল করায় বা অন্যের দ্বারা তাহা করে বা কৃত্রিম কি জাল করণেতে জানিয়াশুনিয়া সাহায্য করে অথবা যে দলীলের উপর রেজিষ্টরী দপ্তরের কোন

instrument or document which is in and by this Act, or shall by the exercise of any power contained in this Act, be required or directed to be signed by such person ; or shall, with an intention to defraud any person whomsoever, use any document upon which any impression or part of the impression of any Seal of the Register Office shall have been forged, counterfeited, or imitated, knowing the same to be forged, counterfeited or imitated, or any document the signature of which shall be so forged or counterfeited as aforesaid, knowing the same to be forged or counterfeited, every such person so offending, being thereof lawfully convicted, shall be and is hereby declared and adjudged to be guilty of felony, and, being convicted thereof, shall be liable, at the discretion of the Court, to be transported beyond the Seas for life, or for any term not less than seven years, or to be imprisoned (with or without hard labor) for any term not exceeding four years nor less than one year.

মোহরের কোন ছাপ অথবা ছাপের কোন ভাগ কৃত্রিম বা জাল কি অনুরূপ করা গিয়াছে যে কোন ব্যক্তি তাহা কৃত্রিম বা জাল কি অনুরূপ জানিয়া অন্য কোন ব্যক্তিকে ঠগাইবার নিমিত্তে তাহা ব্যবহার করে অথবা যে কোন দলীলে কোন দস্তখৎ পূর্ব্বোক্তমতে কৃত্রিম বা জাল হইয়াছে তাহা কৃত্রিম বা জাল জানিয়া যে কেহ ব্যবহার করে এইমত প্রত্যেক অপরাধি ব্যক্তির দোষ আইনমতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি ফেলোনি অপরাধের দোষী হইবেক এবং ইহার দ্বারা সেই অপরাধের দোষী নির্দ্দিষ্ট ও প্রকাশ হইল এবং তাহার দোষ সাব্যস্ত হইলে আদালতের বিবেচনাক্রমে সেই ব্যক্তি যাবজ্জীবন কি সাত বৎসরের অন্যূন মিয়াদে দ্বীপান্তর প্রেরণের অথবা কঠিন পরিশ্রম বিশিষ্ট বা তাহা বিনা চারি বৎসরের অনধিক অথবা এক বৎসরের অন্যূন মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

*Chief Registrar, with consent of Government, to fix fees to be taken under this Act.*

LXXXIX. It shall be lawful for the Chief Registrar of each Presidency or Place (with the consent of the Government thereof) to fix the fees to be taken in the several Register Offices in such Presidency or Place in respect of documents to be registered, entries to be made, Searches, Certificates, Office Copies, and other matters to be done in such Office under this Act, and from time to time to vary or wholly abolish any such fees, and fix new fees.

[এই আইনানুসারে যে রসুম লইতে হইবেক তাহা প্রধান রেজিষ্ট্রার সাহেব গবর্ণমেণ্টের অনুমতিক্রমে ধার্য্য করিবেন।]

৮৯ ধারা। প্রত্যেক রাজধানী বা স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব ঐ রাজধানী বা স্থানের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে ঐ রাজধানী বা স্থানের নানা রেজিষ্টরী দফ্তরে যে দলীল রেজিষ্টরী করিতে হয় অথবা যে লিপি লিখিতে হয় বা যে অন্বেষণ করিতে হয় কি সর্টিফিকট কিম্বা দফ্তরে প্রস্তুতহওয়া নকল দিতে হয় এবং এই আইনানুসারে ঐ দফ্তরে অন্য যেং কর্ম্ম করিতে হয় তজ্জন্যে যে রসুম লওয়া যাইবেক তাহা ধার্য্য করিতে এবং সময়ক্রমে মতান্তর করিতে কি সম্যক প্রকারে রহিত করিতে এবং নূতন রসুম বসাইতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন ইতি।

*Power to apply monies received by the Office in payment of the expenses of the same.*

XC. It shall be lawful for the Chief Registrar of each Presidency or Place, with the consent of the Government thereof, from time to time, to direct that the fees or other payments which shall be received under the authority of this Act, shall be applied, under such Regulations as they shall appoint, in payment of the current or incidental expenses of the said Offices or any of them.

[দফ্তরে যেং টাকা পাওয়া যায় তাহা সেই দফ্তরের খরচে ব্যয় করিবার ক্ষমতা।]

৯০ ধারা। প্রত্যেক রাজধানী কি স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেব ঐ রাজধানী বা স্থানের গবর্ণমেণ্টের অনুমতি পাইয়া সময়ক্রমে এমত হুকুম করিতে পারেন যে এই আইনের ক্ষমতাক্রমে যে রসুম বা অন্য টাকা পাওয়া যায় তাহা যেং বিধান তাঁহারা নিরূপণ করেন সেইং বিধানানুসারে ঐং দফ্তরের বা তাহার কোন এক দফ্তরে চলিত অথবা উপরি খরচে ব্যয় হয় ইতি।

*Subject to the last Power, all monies received by the Office to be paid to the Government Treasury.*

XCI. Such fees and payments as aforesaid, or so much thereof as may not be applied as lastly hereinbefore mentioned in payment of any of the current or incidental expenses of the Register Offices, shall from time to time be paid into the Government Treasury of the Presidency or Place in which such Register Offices are situate.

[পূর্ব্বোক্ত ধারায় দৃষ্টি রাখিয়া দফ্তরে যে সকল টাকা পাওয়া যায় তাহা সরকারী খাজানাখানায় দাখিল হইবেক।]

৯১ ধারা। পূর্ব্বোক্ত রসুম ও টাকা অথবা তাহার যে অংশ শেষ ধারার লিখিতমতে রেজিষ্টরী দফ্তরের কোন চলিত বা উপরি খরচে ব্যয় না হয় তাহা যে রাজধানী অথবা স্থানে ঐ রেজিষ্টরী দফ্তর থাকে সেই রাজধানী বা স্থানের সরকারী খাজানাখানায় সময়ক্রমে দাখিল হইবেক ইতি।

*Accounts of the Office to be audited.*

XCII. An account shall be kept in each District Register Office of the fees and other payments received under the authority of this Act, and of the expenses paid thereout as aforesaid ; and such account shall, from time to time, be for-

[দফ্তরের হিসাব আডিট করিতে হইবেক।]

৯২ ধারা। প্রত্যেক জিলার রেজিষ্টরী দফ্তরে এই আইনের ক্ষমতাক্রমে যে সকল রসুম এবং অন্য টাকা পাওয়া যায় এবং পূর্ব্বোক্তমতে যে সকল খরচ তাহাহইতে দেওয়া যায় তাহার এক হিসাব রাখা যাইবেক এবং ঐ হিসাব সময়ক্রমে প্রত্যেক প্রধান রেজিষ্ট্রার সাহেবের নিকটে এবং প্রত্যেক রাজধানী বা স্থানের সিবিল আডি-

warded to and examined, tried, and audited by the Chief Registrars respectively, as well as the Civil Auditor of each Presidency or Place respectively.

টর সাহেবের নিকটে পাঠান যাইবেক ও পরীক্ষা ও মোকাবিলা করা যাইবেক ও আডিট হইবেক ইতি।

*Power to assign Salaries to the Registrar and other Officers of the Registry Office.*

XCIII. It shall be lawful for the Governor or Governor in Council of each of the said Presidencies or Places to assign to the Chief Registrar thereof respectively a Salary not exceeding the monthly sum of , and to every Assistant Registrar a Salary not exceeding the monthly sum of , and to each District Registrar a Salary not exceeding the monthly sum of and to assign to the Clerks and other subordinate Officers of the Register Office such Salaries or other remuneration, as to the said Governments respectively shall seem proper.

[রেজিষ্ট্রার এবং রেজিষ্টরী দপ্তরের অন্যং কর্ম্মকারকের মাহিয়ানা নিরূপণ করণের ক্ষমতা।]

৯৩ ধারা। উক্ত প্রত্যেক রাজধানী বা স্থানের শ্রীযুত গবর্নর সাহেব বা শ্রীযুত গবর্নর সাহেব হজুর কৌন্সেলে ঐ রাজধানী বা স্থানের প্রধান রেজিষ্ট্রার সাহেবের মাসে এত টাকার অনধিক মাহিয়ানা এবং প্রত্যেক আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার সাহেবের মাসে এত টাকার অনধিক মাহিয়ানা এবং জিলার প্রত্যেক রেজিষ্ট্রার সাহেবের মাসে এত টাকার অনধিক মাহিয়ানা নিরূপণ করিতে পারেন এবং যে মাহিয়ানা অথবা অন্য যে মেহনতানা উক্ত গবর্ণমেণ্ট উচিত বোধ করেন তাহা রেজিষ্টরী দপ্তরের মুহুরীর কি অন্য তাবেদার আমলার নিরূপণ করিতে পারেন ইতি।

*Actions for damages occasioned by the omission or misfeasance of any Officer of the Register Office to be brought against the Chief Registrar. If final judgment be recovered, the damages to be paid by Government.*

XCIV. Every action or suit which shall be brought by any person to recover damages for or by reason of any loss or damage occasioned by any omission or misfeasance of any Officer of the Register Office shall be brought against the Chief Registrar as the nominal defendant, and in case in any such action the plaintiff recover final judgment against such nominal defendant, then, upon the prayer of such plaintiff, the Court or Judge, as the case may be, of the Court where such action or suit shall have been brought, shall and he is hereby directed to certify to the Secretary to the Government of the Presidency or Place in which such action or suit is brought, the fact of such judgment having been so recovered, and the amount of damages and costs recovered; and thereupon, or before the expiration of two Calendar months after such judgment is so certified, the amount of such damages and costs shall be paid by the said Government to the person recovering the same, his Executors, Administrators or representatives.

*Notice to be given to the Secretaries to Government.*

Provided always, that notice in writing of every such action, and of the cause thereof, shall be served upon the Secretaries to Government for the time being, and also upon the Registrar for the time being, one Calendar month at least before the commencement of such action:

*The Chief Registrar not to be personally liable.*

Provided also, that no Chief Registrar, nor the real or personal Estate of any Chief Registrar, shall be in any way chargeable with or upon any judgment recovered as aforesaid; nor shall any process or notice in or relating to any such action, (except as aforesaid) be served upon the Chief Registrar, but all such pro-

[রেজিষ্টরী দপ্তরের কোন আমলার ত্রুটি অথবা কুকর্ম্মেতে যে ক্ষতি হয় তাহার বিষয় নালিশ প্রধান রেজিষ্ট্রারের নামে হইবেক। যদি তাঁহার বিরুদ্ধে চূড়ান্ত ডিক্রী হয় তবে সেই ক্ষতি গবর্ণমেণ্ট পূর্ণ করিয়া দিবেন।]

[গবর্ণমেণ্টের সেক্রেটারীদিগকে তাহার বিষয়ের এত্তেলা দিতে হইবেক।]

[প্রধান রেজিষ্ট্রার সাহেব কোন বিষয়ে স্বয়ং দায়ী হইবেন না।]

প্রতিসরকারী বৎসরের আরম্ভে যে বিষয় আমানৎ ছিল তাহার সংখ্যা এবং তাহার মোট এবং ঐ বৎসরের শেষে তাহার মধ্যে যে আমানতী বিষয় না দেওয়া গিয়া মৌজুদ থাকিল তাহার সংখ্যা ও মোট দর্শাওনার্থে এক কৈফিয়ৎ শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের হুকুমক্রমে এই সিরিশ্তায় প্রস্তুত হইবার জন্যে তোমাকে আদেশ করিতেছি যে পশ্চাৎ লিখিত পাঠানুসারে তুমি ১৮৫১। ৫২ সরকারী সালঅবধি প্রতিবৎসরে এক কমী বেশী দর্শাইবার কৈফিয়ৎ আমার নিকটে পাঠাও।

২। ঐ কৈফিয়ৎ আগামি সরকারী বৎসরের ১ জুন তারিখে বা তাহার পূর্ব্বে এই দপ্তরে পাঠাইতে হইবেক।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কোণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫১। ২০ ডিসেম্বর।

Comparative Statement of Deposits remaining unpaid at the commencement and at the close of the year 1851-52, in the Collectorate of

| Number and Amount of Deposits on the 1st May, 1851. | | Number and Amount of Deposits on the 30th April, 1852. | | Increase on the 30th April, 1852. | | Decrease on the 30th April, 1852. | | Remarks. |
|---|---|---|---|---|---|---|---|---|
| Number. | Amount. | Number. | Amount. | Number. | Amount. | Number. | Amount. | |
| | | | | | | | | *Note.*—In this Column the causes of increase and decrease in the number and amount of items should be explained. |

অমুক কালেক্টরীতে ১৮৫১। ৫২ সালের প্রথমে ও শেষে আমানতী যত টাকা না দেওয়া গিয়া তাহার মৌজুদ থাকিল তাহার কমীবেশী দর্শাইবার কৈফিয়ৎ।

| ১৮৫১ সালের ১ মে তারিখে আমানতের সংখ্যা ও মোট | | ১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখে আমানতের সংখ্যা ও মোট | | ১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখে বেশী | | ১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখে কমী | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | মোট | সংখ্যা | মোট | সংখ্যা | মোট | সংখ্যা | মোট | |
| | | | | | | | | এই ঘরে আমানতের সংখ্যা ও মোট কমী ও বেশী হইবার কারণ স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। |

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

## LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

যেহেতুক ১৮৪৫ সনের ১ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাকী খাজানা আদাএর নিমিত্তে উক্ত আইনের ১৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মহালাত ১৮৫২ ইংরেজীর ৩০ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৫৯ বাঙ্গালার ১৬ আশ্বিন রোজ বৃহস্পতিবার জেলা মজকুরের কালেক্টরিতে নীলাম হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ৭ সেপ্টেম্বর।

| নম্বর ছিলছিলা | রকম মহাল | নম্বর মহাল | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকী লাগায়ত ২৫ সেই ১৮৫২ | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | কাইমী | ৫৭৭ | তরফ মাছি রোস্তম ... ... | গোলোকচন্দ্র দাস ... ... | ১৩৭ ৷৴৯ | ৯৬৷৷৵৮ | এই সকল মহালাত বর্ত্তমান সনের আগষ্ট মাসের ২। ৩। ৪ তারিখে নীলাম হইবার নীলামদারান বাএনা দাখিল করিয়া তেতমা কিস্তিতে না দেওয়াতে ছানি নীলামে উপস্থিত হইল ইতি। |
| | | ৬৬২ | তরফ আজিজ মফী ... ... | হাচন আলি ... ... | ৩৪৸৩ | ৩৪৸৩ | |
| | | ১৭৪৪ | তরফ খানামগ ... ... ... | রাম জমাদার ... ... | ৩৯৷৷৴৯ | ৩৯৷৷৴৯ | |
| | | ২২৯৩ | নীলাম অনুপ শাহা ... ... | মাহামুদ ছাদক ও মাহামুদ এআছিন ও আচনত আলি ও মাহামুদ হানিপ | ৮৬ ৷৵৬ | ৪৩৴২ | |
| | | ২৯৫৬ | তরফ শ্রীমন্তরাম ... ... ... | গৌরকিশোর ... ... | ৩৴১১ | ৩৲ | |
| | | ৫৯৬ | তরফ নোচমন জমাদার ... ... | রামসুন্দর ... ... ... | ৮৴০ | ৮৴০ | |
| | | ১১৭৩২ | তালুক হারিদাস ... ... | তারিণীচরণ ... ... ... | ২৻৬ | ২৻৬ | |
| | | ১২৪২৪ | তালুক ফকির মাহামুদ ও নাওরিআ ... | খোদহায় ... ... ... | ৴০ | ৷৬ | |
| | | ২০৪০৭ | তালুক মাহামুদ তকী ... ... | খোদ ... ... ... | ৴৬ | ৴৬ | |
| | | ২১০৭২ | তালুক আবদুল আলি ও হাএদর আলি ও জাফর আলি | জোআহের আলি ... ... | ৷৴৩ | ৷৴৩ | |
| | | ২২১৭৬ | তালুক শ্রীমতী মনকা বিবি ... ... | আশক জান ... ... ... | ৸৵৬ | ৸৵৬ | |
| | | ২২৬৭৩ | তালুক বছির মাহামুদ ... ... | আশরপ বেগ ... ... | ৷৯ | ৷৯ | |
| | | ২৩৯৭৫ | তালুক নন্দকিশোর ও বৈদ্যনাথ ... | আহামুদ রহেমান ... ... | ৬৷০ | ৬৷০ | |
| | | ২৫৫৯৬ | তাং বক্‌সু ও আবদুল হামীদ ও কেরামত আলি হাচন আলি সদাগর ... ... | | ২৻৩ | ২৻৩ | |
| | | ২৭০৩৩ | তাং মনছুর আলি ও কানু ও রমজান আলি ও সমসের টাকুর আলি ... ... ... | | ৴৩ | ৴৩ | |
| | | ২৭১০৮ | তাং ফতেআলি আমীর আলি ও সাযদানি ও সমসের মাহাং আলি ... ... ... | | ৴৬ | ৴৬ | |
| | | ২৮৫৫২ | তালুক কাশী ... ... ... | খোদ ... ... ... | ৷৯ | ৷৯ | |
| | | ২৮৫৮৬ | তাং বুধা গাজি ... ... | ওছিওল্লা ... ... ... | ৵৬ | ৵৬ | |
| | | ২৮৬০১ | তাং কালু ... ... ... | ওছিওল্লা ... ... ... | ৷৷৩ | ৷৷৩ | |
| | | ২৮৮৪৯ | তাং হাচন আলি চৌধুরী ... ... | নছরওল্লা ... ... ... | ৷৷৴৯ | ৷৷৴৯ | |
| | | ২৯৭০৮ | তাং রামচরণ ... ... ... | খোদ ... ... ... | ৸৴৩ | ৸৴৩ | |

| নম্বর ছিলছিলা | রকম মহাল | নম্বর মহাল | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকী লাগায়ত ২৫ মেই ১৮৫২ | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২৯৭২৪ | তাং তোহুর আলি ও আক্কর আলি ... ... | অভয়চরণ ... ... ... | ১৶৯ | ১৶৯ | এই সকল মহালাত বর্ত্তমান সনের আগষ্ট মাস্রের ২ ৩। ৪ তারিখে নীলাম হইবার নীলামদারান বাএনা দাখিল করিয়া তেরমতা কিস্তে না দেওয়াতে ছানি নীলামে উপস্থিত হইল ইতি। |
| | | ৩২০৬০ | তাং নলাগাজি হাওলদার ... ... | আশরফ বেগ... ... ... | ৶৩ | ৶৩ | |
| | | ৩৪৫৯৮ | তাং ওয়াই বল্লা ... ... | খোদ ... ... ... | ।৬ | ।৬ | |
| | কাইমী | ৩৬০৫৯ | তাং নবীনা বিবি ... ... | খোদ ... ... ... | ।৬ | ।৬ | |
| | | ৩৬১৮৩ | তাং রাধাকৃষ্ণ ... ... ... | উমাচরণ ... ... ... | ।৬ | ।৬ | |
| | | ৩৬২৭৯ | তালুক কেবলকৃষ্ণ ও কালীকিঙ্কর ও পীতাম্বর | ওহাহেব আলি ... ... | ৯॥/৯ | ৫৲ | |
| | | ৩৬৬৫৩ | তালুক গোল মাহামুদ ... ... | মাহামুদ তকী ... ... ... | ২৶ | ২৲ | |
| | | | | | ৶৯ | ৶৯ | |

E. T. TREVOR, *Offg. Collector.*

জিলা গোআলপাড়া।

এতেলানামা কাছারি কালেক্টরি জেলা গোআলপাড়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের আদেশানুযায়ি বাক্তেআপ্তী খাষ মহাল পং তাড়িয়ার অন্তঃপাতি কিসামত ঔচিতা গএরহর ওয়াশীলাত বাবদীয় পাওনা ও লাং চৈত্রের বকয়া বাকী ও হাল ছেমাহী তলবের বাকী মালগুজারির জন্যে ঐ বিষয়ের মালজামিনীর আবস্কীর নিম্নের লিখিত জমিদারী সন ১৮৫২ সনের ২৮ সেপ্টেম্বর মোং সন ১২৫৯ সনের ১৪ আশ্বিন রোজ মঙ্গলবার দিবা দুই প্রহর সময়ে কালেক্টর সাহেবের কাছারিতে নীলামে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইং তাং ৩ সেপ্টেম্বর মোং সন ১২৫৯ সন তাং ২০ ভাদ্র।

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | তৌজীতে মুন্দ্রালের নম্বর | মহালের নাম | মহালের লিখা মালিক | সদর জমা | বাকী খাজানা | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ নং | খোরদা | ২ নং | তাড়িয়ার হিং ।০ চারি আনা ... | ভৈরবী ও ভুবনেশ্বরী দাসা | ২৪॥/১০ | বকয়া বাকী লাং চৈত্র সন ১২৫৮ সন | ৯৬৬৸৭ |
| | | | | | | সন ১২৫৯ সনের ছেমাহী তলবের বাকী | ২২৩॥/২॥ |
| | | | | | | | ১১৯০৶৯॥ |

W. AGNEW, *Collector.*

## NOTIFICATION.

Whereas it has become necessary to appoint another person as Surburakar and Guardian to the Estate of the Minors Ekourie Singh and others, in the place of the late incumbent, Nubbokristo Banerjee, it is notified for general information, that whoever wishes to be a candidate for that post, shall within 15 days apply at this Collectorate and enter the testimonials he may have of past services, a security of Co.'s Rs. 35,000 in Company's paper or sufficient landed property to that extent is required.

W. TAYLOR, *Collector.*

Hooghly Collectorate, the 8th September, 1852.

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা হুগলী এই যে

শ্যামতাড়া নিবাসি ৺ ছকুরাম সিংহের নাবালগ পুত্র এক কৌড়ি সিংহপ্রভৃতির ক্রোট ওারডেসের অধীনস্থ ইষ্টেটের ওছি সরবরাহকার নবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে অন্য ওছি নিযুক্ত করা আবশ্যক অতএব ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ ঐ কর্ম্মের প্রার্থনা রাখে ১৫ রোজ মধ্যে এই কাছারিতে হাজীর হইয়া আপন কৃত কার্য্যের সুখ্যাতি পত্রাদি ও ৩৫০০০ টাকার পরিমাণে কোম্পানির কাগজ কিম্বা মাতব্বর জামিনিসম্বলিত হাজীর হইয়া দরখাস্ত করিবা ইতি সন ১৮৫২ সাল তারিখ ৮ সেপ্টেম্বর।

W. TAYLOR, *Collector.*

---

## MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. OGG, *Register.*

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দফ্তরখানায় তত্ত্ব করিলে পাইতে পারেন। মূল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর।

---

## INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

---

### IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE JOHNSTON WALLACE, an Insolvent, (Gibson and Co.)

Notice is hereby given, that Saturday, the 2d day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an account in detail of the Receipts and Disbursements of the Assignee, from the 17th day of December, 1851, until the 1st day of September instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

Official Assignee's Office, 15th September, 1852.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জার্জ জনষ্টন ওয়ালেস সাহেব অর্থাৎ গিবসন কোম্পানির বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি অক্টোবর মাসের ২ তারিখ শনিবারে পুনরায় হইবেক। ১৮৫১ সালের ১৭ ডিসেম্বর তারিখঅবধি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে তাহা প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে যে কোন ব্যক্তির ক্ষতিবৃদ্ধি হয় তিনি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন বা প্রতিবন্ধকতা করিতে চাহিলে শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৫২ সাল ১৫ সেপ্টেম্বর।

---

In the matter of JAMES CALDER and others, of the firm of Mackintosh and Co., Insolvents.

Notice is hereby given, that Saturday, the second day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that the last account in detail of the Receipts and Disbursements of the Assignee, ending the thirty-first day of August, 1852, has been filed and may be inspected at the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 14th September, 1852.

যোত্রহীন মাকিণ্টশ কোম্পানির কুঠীর জেম্‌স কালডর ও অন্যেরদের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি অক্টোবর মাসের ২ তারিখ শনিবারে পুনরায় হইবেক। ১৮৫২ সালের ৩১ আগষ্ট তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের সকল জমা ও খরচের শেষ হিসাব দাখিল করা গিয়াছে তাহা প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা অন্য যে কোন ব্যক্তির এই বিষয়ে ক্ষতিবৃদ্ধি হয় তিনি উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর

কোন দাওয়া স্থাপন বা প্রতিবন্ধকতা করিতে চাহিলে শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন। সরকারী আসৈনি।

১৮৫২ সাল ১৪ সেপ্টেম্বর।

---

In the matter of ANDREW HERVEY, an Insolvent.

On Saturday, the 4th day of September instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 12,576-3-10 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. 6 per cent., (which will amount to the sum of Co.'s Rs. 11,757-8) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 18th September, 1852.

যোত্রহীন আন্ড্রু হারবি সাহেবের বিষয়ে

বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে আসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ১২৫৭৬৷৶১০ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৬৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১৭৫৭৷৷০ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দপ্তরখানা। ১৮৫২ সাল ১৮ সেপ্টেম্বর।

---

The like notice in the matter of MIRZA MAHOMED SADUCK, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 586, a Dividend at the rate of 10 per cent., (amounting to Co.'s Rs. 431-9-6) be paid.

যোত্রহীন মিরজা মহম্মদ সাদকের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইয়াছে যে কোং ৫৮৬৲ টাকাহইতে শতকরা ১০৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪৩১৷৷/৬ টাকা দেওয়া যায়।

---

The like notice in the matter of JOAQUIM DeMONTE SINAES, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 550-2-6, a Dividend at the rate of $2\frac{1}{2}$ per cent., (amounting to Co.'s Rs. 375) be paid.

যোত্রহীন জোয়াকিম ডিমণ্টি সিনাইস সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইয়াছে যে কোং ৫৫০৶৬ টাকাহইতে শতকরা ২৷৷০ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৭৫৲ টাকা দেওয়া যায়।

---

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্তিহার।

### JUST PUBLISHED.

The second volume of Corcoran's History of the Chinese Empire in the Urdoo Language, in two quarto volumes, of 1200 pages. Price per volume Rs. 12, for both Rs. 16 cash. Apply to the Author at Agra.

اشتهار تاریخ ممالک چین

واضح هو که زبان اُردو مین اس تاریخ کی دوسری جلد طبع سے فراغت پاکے مصنف کے پاس پهنچی هی کتاب مذکور ولایتی کاغذ پر بڑی تقطیع کے ایکهزار دوسو صفحون مین هی پس جس شخص کو خواهش اُسکی یا جلد اول کی خرید کی هو بارسال قیمت فی جلد عـہ بنام مستر جیمس کارکرن صاحب مترجم عدالت دیوانی صدر آگره کے طلب فرماوے اور جو شخص معاً دونون جلد خرید کریگا تو قیمت اُسکی عـہ هوگی *

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২১ সেপ্টেম্বর।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 656 ৬৫৬ ) ( ৬৫১ )

# গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 28, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৮ সেপ্টেম্বর।

## CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 788.

*To the Collectors of Land Revenue of the Lower Provinces with the exceptions of the districts of 24-Pergunnahs, Calcutta and Baraset.*

The Accountant in the North Western Provinces has intimated that, the distinction hitherto preserved in the Accounts between the "Punjaub and Trans-Indus Territory" and the "North Western Provinces" has been discontinued. I have the honor therefore to request that from 1st May next you will exhibit in your Treasury Accounts the bill transactions referred to in the Circulars cited in the margin,* under "Bills payable of the North Western Provinces" instead of under "Punjaub and Trans-Indus Territories," and all other transactions under the general head "North Western Provinces."

(Signed) W. MAPLES,
*Asstt. Acctt. to the Govt. of Bengal.*

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 20th April, 1852.

No. 789.

*To the Collectors of Land Revenue, Lower Provinces.*

Referring to the list of Punjaub Treasuries annexed to the Circular of this Office of the 31st August, 1849, No. 752, I have the honor to inform you that the designation of the Districts as per

* No. 752, dated 31st August, 1849.
No. 757, dated 23rd February, 1850.

## আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭৮৮ নম্বর।

চব্বিশপরগনা ও কলিকাতা ও বারাসৎ জিলা ব্যতিরিক্ত বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

উত্তর পশ্চিম দেশের আক্কৌণ্টেণ্ট সাহেব আমাকে জ্ঞাত করিয়াছেন যে "পঞ্জাব ও সিন্ধু নদীর পারস্থ দেশ" এবং "উত্তর পশ্চিম দেশ" এই২ দেশের হিসাব ইহার পূর্ব্বে পৃথক্ ছিল কিন্তু এক্ষণে তাহা রহিত হইয়াছে। অতএব তোমাকে আদেশ করিতেছি যে পশ্চাৎ লিখিত * সরক্যুলরে যে বিলের কার্য্যের বিষয় লিখিত আছে সেই বিলের বিষয় "পঞ্জাব ও সিন্ধু নদীর পারস্থ দেশ" এই শিরনামায় না লিখিয়া তোমার খাজানাখানার হিসাবে আগামি ১ মে তারিখঅবধি "উত্তর পশ্চিম দেশের দেয় বিল" এই শিরনামায় লেখ এবং অন্য সকল বিষয় "উত্তর পশ্চিম দেশ" এই সাধারণ শিরনামায় লেখ।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫২। ২০ আপ্রিল।

৭৮৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১৮৪৯ সালের ৩১ আগষ্ট তারিখের ৭৫২ নম্বরী এই দফ্তরের সরক্যুলরের শেষে পঞ্জাবের যে২ খাজানাখানা লিখিত ছিল তদুপলক্ষে তোমাকে জ্ঞাত করিতেছি যে

* ১৮৪৯ সালের ৩১ আগষ্টের ৭৫২ নম্বর।
১৮৫০ সালের ২৩ ফেব্রুআরির ৭৫৭ নম্বর।

margin* has been altered, and to request that from 1st May, 1852, you will note them in your list respectively as

Goojranwala.
Goordaspore.
Sealkote.

(Signed) W. MAPLES,
*Asstt. Acctt. to the Govt. of Bengal.*

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 28th April, 1852.

---

No. 790.

*To the Collectors of Land Revenue, Lower Provinces.*

Referring to the Revenue Board's Circular No. 4, dated the 19th ultimo, conveying the orders of Government for transferring the Government Vernacular Schools to the control of the Council of Education, I have the honor to request that, from 1st May, 1852, you will discontinue from your accounts the separate head and Memorandum of "Deposits on account of Vernacular Schools," prescribed by Circular No. 739, dated the 8th May, 1848. After that date you will be good enough to exhibit separately under "Section of the Council of Education" the Receipts and Disbursements of the Vernacular Schools, debiting the Charges upon bills passed by the Civil Auditor.

2d. The balance at credit of the Vernacular Schools on the 1st May should be transferred to the Credit of "Section of the Council of Education" by a debit to "Deposits" on account of Vernacular Schools.

(Signed) W. MAPLES,
*Asstt. Acctt. to the Govt. of Bengal.*

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 30th April, 1852.

---

No. 791.

*To the Collectors of Land Revenue, Lower Provinces.*

Referring to the Revenue Board's Circular No. 4, dated the 19th ultimo, conveying the orders of Government for transferring the Government Vernacular Schools to the control of the Council of Education, I have the honor to request that, from 1st May, 1852, you will discontinue from your accounts the separate head and Memorandum of "Deposits on account of Vernacular Schools," prescribed by Circular No. 739, dated the 8th May, 1848. After that date you will be good enough to exhibit separately under "Section of the Council of Education," the Receipts and Disbursements of the Vernacular Schools, debiting the Charges upon bills passed by the Civil Auditor.

2d. The balance at credit of the Vernacular Schools on the 1st May should be transferred to the Credit of "Section of the Council of Educa-

---

* Shekhoopoorah, Deenanuggur, Wuzerabad.

পশ্চাৎ * লিখিতমতে ঐ২ জিলার নাম পরিবর্ত্তন হইয়াছে এবং ১৮৫২ সালের ১ মে তারিখঅবধি তোমার হিসাবে তাহার এই নাম দিবা বিশেষতঃ।

গুজরাণওয়ালা।
গুরুদাসপুর।
শিয়ালকোট।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫২। ২৮ আপ্রিল।

---

৭৯০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের গত মাসের ১৯ তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরে জ্ঞাত করা গিয়াছিল যে গবর্ণমেণ্টের হুকুমক্রমে সরকারী এদেশীয় পাঠশালার কর্ত্তৃত্ব বিদ্যাধ্যাপনের কৌন্সেলের প্রতি অর্পিত হইয়াছে। ঐ সরক্যুলরের উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে ১৮৪৮ সালের ৮ মে তারিখের ৭৩৯ নম্বরী সরক্যুলর অর্ডরে "এতদ্দেশীয় পাঠশালার বাবৎ দাখিলহওয়া টাকা" এই যে স্বতন্ত্র শিরনামা লিখিবার হুকুম ছিল তাহা ১৮৫২ সালের ১ মে তারিখঅবধি তোমার হিসাবে রহিত কর। সেই তারিখঅবধি এতদ্দেশীয় পাঠশালার জন্যে যে টাকা পাওয়া যায় ও যাহা ব্যয় হয় তাহা আলাহিদা করিয়া "বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দফা" ইহার নিম্নে লেখ এবং যে বিল সিবিল আডিটর সাহেব মঞ্জুর করিয়াছেন তাহার খরচের দিগে এই দফায় লেখ।

২। ১ মে তারিখে এতদ্দেশীয় পাঠশালায় যত টাকা জমা ছিল তাহা খারিজদাখিল করিয়া "বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দফায়" জমা কর এবং "এদেশীয় পাঠশালার হিসাবে দাখিলহওয়া" খাতায় খরচ লেখ।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫২। ৩০ আপ্রিল।

---

৭৯১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের গত মাসের ১৯ তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরে জ্ঞাত করা গিয়াছিল যে গবর্ণমেণ্টের হুকুমক্রমে সরকারী এদেশীয় পাঠশালার কর্ত্তৃত্ব বিদ্যাধ্যাপনের কৌন্সেলের প্রতি অর্পিত হইয়াছে। ঐ সরক্যুলরের উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে ১৮৪৮ সালের ৮ মে তারিখের ৭৩৯ নম্বরী সরক্যুলর অর্ডরে "এতদ্দেশীয় পাঠশালার বাবৎ দাখিলহওয়া টাকা" এই যে স্বতন্ত্র শিরনামা লিখিবার হুকুম ছিল তাহা ১৮৫২ সালের ১ মে তারিখঅবধি তোমার হিসাবে রহিত কর। সেই তারিখঅবধি এতদ্দেশীয় পাঠশালার জন্যে যে টাকা পাওয়া যায় ও যাহা ব্যয় হয় তাহা আলাহিদা করিয়া "বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দফা" ইহার নিম্নে লেখ এবং যে বিল সিবিল আডিটর সাহেব মঞ্জুর করিয়াছেন তাহার খরচের দিগে এই দফায় লেখ।

২। ১ মে তারিখে এদেশীয় পাঠশালায় যত টাকা জমা ছিল তাহা খারিজদাখিল করিয়া "বিদ্যাধ্যাপনের

---

* শেখুপুর। দীনানগর। উজিরাবাদ।

tion" by a debit to "Deposits" on account of Vernacular Schools.

(Signed) W. MAPLES,
*Asstt. Acctt. to the Govt. of Bengal.*

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 30th April, 1852.

---

## CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 16.

*From the Junior Secretary to the Board of Revenue, to all Commissioners of Revenue.*

*Fort William, the 17th September, 1852.*

The Board of Revenue having resolved on extending to the Revenue Department the precautions in regard to filed Stamps prescribed in the Circular of the Court of Sudder Dewanny Adawlut No. 55, of the 14th May, 1844, I am directed to annex for your information and for the guidance of Collectors, para. 4 of that Circular. The duty of punching the Stamps should be performed in the presence of the Serishtadar before the cases are given into the Record-room.

A. GROTE, *Junior Secretary.*

Board of Revenue, Lower Provinces.

*Extract of a Circular issued by the Sudder Dewanny Adawlut, dated 14th May, 1844, No. 55, to the Civil Judges in the Lower Provinces.*

4. A precis of the Rules on the subject is annexed, for convenient reference.

All Stamps filed and not liable to be returned, are to be punched.

In old cases, the duty is to be performed by the Serishtadar of the Zillah Court, but under the supervision of the Judge.

In pending cases the punching is to be effected by the same Officer, after decision, and before consigning them to the Record Office.

Stamps which may be now filed will be punched by the Serishtadar or other Officer receiving it, and Judges of all grades, when signing the order for filing, are to see that the rule is observed.

Blank Stamps which are filed to make up for deficient value of any petition, &c.

In old cases, such Stamps are to be destroyed by the Zillah Judges, and a certificate of the fact endorsed on the principal stamp.

In pending cases, the same course is to be followed after decision, and before consigning them to the Record Office.

কৌন্সেলের দফার" জমা কর এবং "এদেশীয় পাঠশালার হিসাবে দাখিলহওয়া" খাতায় খরচ লেখ।

ডবলিউ মেপল্‌স।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কোণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫২। ৩০ আপ্রিল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

## সদর বোর্ড রেবিনিউর সরকুালর অর্ডর।

১৬ নম্বর।

রাজস্বের শ্রীযুত সকল কমিস্যনর সাহেবের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫২। ১৭ সেপ্টেম্বর।

সদর দেওয়ানী আদালতের ১৮৪৪ সালের ১৪ মে তারিখের ৫৫ নম্বরী সরকুালর অর্ডরে নথীর শামিলকরা ইষ্টাম্প কাগজের বিষয়ে যেরূপ সাবধান করিবার হুকুম আছে তাহা বোর্ড রেবিনিউর সাহেবেরা রেবিনিউ ডিপার্টমেণ্টে ব্যবহার করিতে স্থির করিয়াছেন। অতএব ঐ সরকুালর অর্ডরের ৪ দফা তোমার বিজ্ঞাপন এবং কালেক্টর সাহেবেরদের উপদেশের জন্যে পশ্চাৎ লেখা যাইতেছে। মোকদ্দমা রিকার্ড দপ্তরে রাখিবার পূর্ব্বে ইষ্টাম্পের মোহরে ছেনি মারিবার কার্য্য সিরিশ্তাদারের সাক্ষাৎ করা যাইবেক।

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেবেরদের প্রতি সদর দেওয়ানী আদালতের ১৮৪৪ সালের ১৪ মে তারিখের ৫৫ নম্বরা সরকুালর অর্ডরের চুম্বক।

৪। সাধারণের উপকারের নিমিত্তে ঐ বিধির চুম্বক নীচে লেখা যাইতেছে।

যে ইষ্টাম্প নথীর শামিল করা যায় এবং তাহা ফিরিয়া দেওনের বিষয় না হয় এমত সকল ইষ্টাম্পে ছেনি মারিতে হইবেক।

প্রাচীন মোকদ্দমার রোয়দাদে এই কর্ম্ম জজ সাহেবের কর্ত্তৃত্বাধীনে জিলা আদালতের সিরিশ্তাদার করিবেন।

যে মোকদ্দমার তজবীজ হইতেছে তাহার নিষ্পত্তির পর এবং তাহা রিকার্ড দপ্তরে রাখিবার পূর্ব্বে তাহার ইষ্টাম্পের মোহরে সিরিশ্তাদার ছেনি মারিবেন।

যে ইষ্টাম্প কাগজ এক্ষণে নথীর শামিল করা যায় তাহা সিরিশ্তাদার অথবা যে কোন আমলা তাহা লন্ তিনি তাহাতে ছেনি মারিবেন। এবং প্রত্যেক শ্রেণীর জজ ও বিচারক ইষ্টাম্প কাগজ নথীর শামিল করণের হুকুমে সহী করণের সময়ে দেখিবেন যে এই বিধান অবশ্য প্রতিপালন হইয়াছে।

কোন দরখাস্তপ্রভৃতির কম মূল্যের ইষ্টাম্প পূর্ণ করণের নিমিত্তে যে অলিখিত ইষ্টাম্প কাগজ দাখিল হয় এইমত ইষ্টাম্প কাগজ প্রাচীন মোকদ্দমার সঙ্গে থাকিলে তাহা জিলার জজ সাহেবের দ্বারা ছেনিতে নষ্ট করা যাইবেক এবং ঐ ইষ্টাম্প যে নষ্ট হইয়াছে ইহার এক সর্টিফিকট প্রধান ইষ্টাম্প কাগজের পৃষ্ঠে লিখিতে হইবেক।

যে মোকদ্দমা চলিতেছে তাহার নিষ্পত্তির পর এবং রিকার্ড দপ্তরে দাখিল করণের পূর্ব্বে তাহার ইষ্টাম্প কাগজ সেইরূপে ছেনির দ্বারা নষ্ট করা যাইবেক।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

## CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

### No. 11.

*To the Criminal Authorities in the Lower Provinces.*

The Court are pleased to direct the extension of the Criminal Department of the following rules, in regard to filed Stamps prescribed by paragraph 4 of Circular Order No. 55 of the 14th May, 1844.

All Stamps filed and not liable to be returned, are to be punched.

In old cases, the duty is to be performed by the Serishtadar of the Zillah Court, but under the supervision of the Judge.

In pending cases the punching is to be effected by the same Officer, after decision, and before consigning them to the Record Office.

Stamps which may be now filed will be punched by the Serishtadar or other Officer receiving it, and Judges of all grades, when signing the order for filing, are to see that the rule is observed.

Blank Stamps which are filed to make up for deficient value of any petition, &c.

In old cases, such Stamps are to be destroyed by the Zillah Judges, and a certificate of the fact endorsed on the principal stamp.

In pending cases, the same course is to be followed after decision, and before consigning them to the Record Office.

B. J. Colvin,
*Register.*

Fort William, the 27th August, 1852.

## সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

### ১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে নথীর শামিল করা ইষ্টাম্পের বিষয়ি ১৮৪৪ সালে ১৪ মে তারিখের ৫৫ নম্বরী সরকুলর অর্ডরের ৪ দফার নির্দ্দিষ্ট নীচের লিখিত বিধান ফৌজদারী ডিপার্টমেন্টেও খাটান যায়।

যে ইষ্টাম্প নথীর শামিল করা যায় এবং তাহা ফিরিয়া দেওনের বিষয় না হয় এমত সকল ইষ্টাম্পে ছেনি মারিতে হইবেক।

প্রাচীন মোকদ্দমার রোয়দাদে এই কর্ম্ম জজ সাহেবের কর্তৃত্বাধীনে জিলা আদালতের সিরিশ্তাদার করিবেন।

যে মোকদ্দমার তজবীজ হইতেছে তাহার নিষ্পত্তির পর এবং তাহা রিকার্ড দফ্তরে রাখিবার পূর্ব্বে তাহার ইষ্টাম্পের মোহরে সিরিশ্তাদার ছেনি মারিবেন।

যে ইষ্টাম্প কাগজ এক্ষণে নথীর শামিল করা যায় তাহা সিরিশ্তাদার অথবা যে কোন আমলা তাহা লন্ তিনি তাহাতে ছেনি মারিবেন। এবং প্রত্যেক শ্রেণীর জজ ও বিচারক ইষ্টাম্প কাগজ নথীর শামিল করণের হুকুমে সহী করণের সময়ে দেখিবেন যে এই বিধান অবশ্য প্রতিপালন হইয়াছে।

কোন দরখাস্তপ্রভৃতির কম মূল্যের ইষ্টাম্প পূর্ণ করণের নিমিত্তে যে অলিখিত ইষ্টাম্প কাগজ দাখিল হয় এইমত ইষ্টাম্প কাগজ প্রাচীন মোকদ্দমার সঙ্গে থাকিলে তাহা জিলার জজ সাহেবের দ্বারা ছেনিতে নষ্ট করা যাইবেক এবং ঐ ইষ্টাম্প যে নষ্ট হইয়াছে ইহার এক সর্টিফিকট প্রধান ইষ্টাম্প কাগজের পৃষ্ঠে লিখিতে হইবেক।

যে মোকদ্দমা চলিতেছে তাহার নিষ্পত্তির পর এবং রিকার্ড দফ্তরে দাখিল করণের পূর্ব্বে তাহার ইষ্টাম্প কাগজ সেইরূপে ছেনির দ্বারা নষ্ট করা যাইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫২ সাল ২৭ আগষ্ট।

John C. Marshman, *Bengalee Translator.*

---

## NOTIFICATIONS.

### ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

### APPOINTMENT.

*The 10th September, 1852.*

Baboo Bhyrubchunder Mitter, (who has obtained a Diploma,) to be Acting Moonsiff of Madargunge, Zillah Mymensingh, during the absence on deputation of the incumbent, Baboo Kalikinkur Roy.

### LEAVES OF ABSENCE.

*The 13th September, 1852.*

Baboo Thakoordoss Mookerjee, Moonsiff of Dhurmpore, Zillah Jessore, for 14 days, in extension of the leave granted on the 29th July last, under Medical Certificate.

Baboo Srikunth Singh, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, for two months, in extension of the leave granted on the 16th July last, on account of ill health.

B. J. Colvin, *Register.*

## বিজ্ঞাপন।

### সদর দেওয়ানী আদালতের হুকুম।

### নিয়োগ।

১৮৫২ সাল ১০ সেপ্টেম্বর।

জিলা ময়মনসিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায়ের সরকারী কর্ম্মে অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র দত্ত ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

### ছুটী।

১৮৫২ সাল ১৩ সেপ্টেম্বর।

জিলা যশোহরের ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা গত জুলাই মাসের ২৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ গত জুলাই মাসের ১৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত পীড়াপ্রযুক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

## রাজকর্ম্মে নিয়োগ।

১১১৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২ সেপ্টেম্বর।

বুদবুদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী গোলাম আশরফ বর্দ্ধমান ও বাঁকুড়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি বুদবুদ এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২ সেপ্টেম্বর।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশহরার ও মহরমের ও কার্ত্তিক পূজার বন্দের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১০ সেপ্টেম্বর।

বাকরগঞ্জের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন ও দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত জেম্‌স রাইলি সাহেব (Mr. James Reily,) ও পশ্চিম বর্দ্ধমানের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত আবদুল অজীজ দশহরার ও মহরমের ও কার্ত্তিক পূজার বন্দের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১১৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ২ সেপ্টেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদুল্লা খাঁ আগামি মাসের ৯ তারিখঅবধি এক মাস বিংশতি দিনের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামচন্দ্র সরকার ঐ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি এক মাস তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখোপাধ্যায় তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন। এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারায় নির্দ্দিষ্ট বিচার করণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ৯ সেপ্টেম্বর।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এচ বি কলবিন সাহেব (Mr. J. H. B. Colvin.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর পগসন সাহেব (Mr. W. R. Pogson,) আগামি অক্টোবর মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণনাথ রায় আগামি অক্টোবর মাসের ১৭ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১০ সেপ্টেম্বর।

ছিলটের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব (Mr. W. B. Buckle,) যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত টি পি লারকিন্স সাহেবের (Mr. T. P. Larkins,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লারকিন্স সাহেব (Mr. Larkins,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ১৪ সেপ্টেম্বর।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওএষ্টন সাহেব (Mr. J. Weston,) দশহরা ও মহরমের বন্দের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৬ সেপ্টেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত সি জে এচ রিচার্ডস সাহেব (Mr. C. J. H. Richardes,) এই দেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১১৭৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৮ আগষ্ট।

শ্রীযুত কাপ্তান ই এ রোলাট সাহেব (Captain E. A. Rowlatt,) আসামের কমিশ্যনর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন। শ্রীযুত কাপ্তান রোলাট সাহেব (Captain Rowlatt,) কামরূপ এলাকার কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Captain C. Holroyd,) আসামের কমিশ্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন। শ্রীযুত কাপ্তান হলরয়ড সাহেব (Captain Holroyd,) শিবসাগর এলাকার কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

আসামের কমিশ্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগনিউ সাহেব (Lieutenant W. Agnew,) গোআলপাড়া এলাকার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি কে হডসন সাহেব (Mr. C. K. Hudson,) আসামের কমিশ্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫২ সাল ৯ সেপ্টেম্বর।

শ্রীযুত ই বেণ্টাল সাহেব (Mr. E. Bentall,) পশ্চিম বর্দ্ধমানের অতিরিক্ত সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু গঙ্গারাম বড়ুয়া কামরূপের সদর আমীন হইবেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন কিন্তু শ্রীযুত মাকিলপ সাহেবের (Mr. Mackillop,) হস্তে স্বীয় কর্ম্ম অর্পণ না করণপর্য্যন্ত ঢাকার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন। শ্রীযুত সিমসন সাহেব (Mr. Simson,) বাকরগঞ্জে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ৯ সেপ্টেম্বর।

দানাপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি ডবলিউ মারিয়ট সাহেব (Reverend G. W. Marriott,) গত জুলাই মাসের ১২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রেলওএ ডিপার্টমেণ্টে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মিত্র গত মাসের ১৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজমুল হক চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ৩১ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমেশচন্দ্র মিত্র স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাস বিশ দিনের ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মিরজা মহম্মদ সাদিক যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৬ সেপ্টেম্বর।

যশোহরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) বারো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১১ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ আর ক্লার্ক সাহেব (Mr. H. R. Clarke,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিলতায় নিযুক্ত হইয়া "ওয়ালমর কাষ্টল" নামক জাহাজে বর্ত্তমান মাসের ১০ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১১৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৭ সেপ্টেম্বর।

শ্রীযুত জে বেকর সাহেবের (Mr. J. Baker,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর এচ পর্কিন্স সাহেব (Mr. R. H. Perkins,) নওয়াখালীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ১৫ সেপ্টেম্বর।

তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের জরিপের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) যে তারিখে আপনার কর্ম্মের ভার আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই এফ হারিসন সাহেবের (Mr. E. F. Harrison,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) ঐ বিধির ৬ ধারানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের রেবিনিউ সরবেয়র শ্রীযুত এ ওয়াইয়াট সাহেব (Mr. A. Wyatt,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরকিশোর রায় দশহরার বন্দে আগামি অক্টোবর মাসের ১১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৭ সেপ্টেম্বর।

প্রথম অর্থাৎ উত্তরাংশের জরিপের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) যে তারিখে আপন কর্ম্মের ভার আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই জি বর্চ সাহেবের (Mr. E. G. Birch,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র আগামি অক্টোবর মাসের ১৩ তারিখঅবধি এক মাস চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৮ সেপ্টেম্বর।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১৭ তারিখঅবধি বারো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২০ সেপ্টেম্বর।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নজমুল হক চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ আবদুল ওয়াহিদ খাঁ ও সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ গোলাম গৌস দশহরা ও মহরমের বন্দের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১৬ সেপ্টেম্বর।

এদেশীয় ১১ পল্টনের এনসাইন শ্রীযুত জে আর এ এস লো সাহেব (Mr. J. R. A. S. Lowe,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫২ সালের ৯ মার্চ তারিখের হুকুমের নির্দ্দিষ্টমতে হিন্দী ভাষায় সুবিজ্ঞতা প্রাপ্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২০৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫২ সাল ১৩ সেপ্টেম্বর।

মেদিনীপুরে গরবেটার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু যোগেশচন্দ্র ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি অক্টোবর মাসের ৯ তারিখঅবধি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৮ সেপ্টেম্বর।]

১৮৫২ সাল ১৬ সেপ্টেম্বর।

চতুর্থ অর্থাৎ পশ্চিমাংশের জরিপের কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত গত জুলাই মাসের ১ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৮ সেপ্টেম্বর।

কামরূপে আসামের কমিসানর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieutenant T. Lamb.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১২ তারিখঅবধি বিশ দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আবদুল জব্বার আগামি অক্টোবর মাসের ৯ তারিখঅবধি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

রাজশাহীতে নাটোরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল মিত্র দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আবদুল করীম আগামি অক্টোবর মাসের ৯ তারিখঅবধি নবেম্বর মাসের ১৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২১ সেপ্টেম্বর।

পাটনার একটিং কালেক্টর শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr. A. Littledale.) যে তারখে আপন কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে নট সাহেবের (Mr. J. Knott,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২২ সেপ্টেম্বর।

বীরভূমের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie.) যে তারিখে আপনার কর্ম্মের ভার ঐ জিলার একটিং কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২০ সেপ্টেম্বর।

শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর এদেশীয় ৩৭ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জে রীড সাহেবকে (Lieutenant J. Reid,) পারসী ভাষায় সুপটুতার সর্টিফিকট প্রদান করিয়াছেন।

১৮৫২ সাল ২১ সেপ্টেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ গন সাহেব (Mr. H. Gonne.) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

---

## NOTIFICATION.

Whereas it has become necessary to appoint another person as Surburakar and Guardian to the Estate of the Minors Ekourie Singh and others, in the place of the late incumbent, Nubbokristo Banerjee, it is notified for general information, that whoever wishes to be a candidate for that post, shall within 15 days apply at this Collectorate and enter the testimonials he may have of past services, a security of Co.'s Rs. 35,000 in Company's paper or sufficient landed property to that extent is required.

W. TAYLOR, *Collector*.

Hooghly Collectorate, the 8th September, 1852.

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা হুগলী এই যে

ভাষতাড়া নিবাসি ৺ ছকুরাম সিংহের নাবালগ পুত্র এক কৌড়ি সিংহপ্রভৃতির কোর্ট ওারডেসের অধীনস্থ ইষ্টেটের ওছি সরবরাহকার নবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে অন্য ওছি নিযুক্ত করা আবশ্যক অতএব ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ ঐ কর্ম্মের প্রার্থনা রাখে ১৫ রোজ মধ্যে এই কাছারিতে হাজীর হইয়া আপন কৃত কার্য্যের সুখ্যাতি পত্রাদি ও ৩৫০০০ টাকার পরিমাণে কোম্পানির কাগজ কিম্বা মাতব্বর জামিনিসম্বলিত হাজীর হইয়া দরখাস্ত করিবা ইতি সন ১৮৫২ সাল তারিখ ৮ সেপ্টেম্বর।

W. TAYLOR, *Collector*.

---

## MANUAL OF SETTLEMENTS.

Spare copies of the above Manual in the Bengalee language may be had at 2 Rupees a copy on application at the Office of the Board of Revenue, L. P.

A. A. OGG, *Register*.

বন্দোবস্তের নিয়মপ্রদর্শক গ্রন্থ।

বঙ্গ ভাষায় উক্ত পুস্তকের কএক খণ্ড বিক্রয়ার্থে আছে যে কোন ব্যক্তি লইতে চাহেন তিনি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর দপ্তরখানায় তলব করিলে পাইতে পারেন। মূল্য ২৲ টাকা মাত্র।

এ এ অগ। রেজিষ্টর।

[*Government Gazette*, *28th September*, 1852.]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫২। ২৮ সেপ্টেম্বর।]

## আফিমের ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ৪ অক্টোবর সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫০। ৫১ সালের পয়দায়শী আফিমের দশম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৮০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

| | | | |
|---|---|---|---|
| বেহারের পয়দায়শী আফিম | ... | ... | ১৯২০ |
| বানারসের পয়দায়শী আফিম | ... | ... | ৮৮০ |
| জুমলা সিন্দুক | | | ২৮০০ |

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫১ সালের ৫ নবম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫২ সালের ৯ এবং ৩০ অক্টোবরে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫২ সালের ৯ অক্টোবর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫২ সালের ৩০ অক্টোবর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫০। ৫১ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

| | | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|---|
| সন ১৮৫২ সালের | ১০ নবম্বর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৯২০ | ৮৮০ | ২৮০০ |
| ঐ | ১০ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ১৮৯২ | ৮৬৯ | ২৭৬১ |
| | | ৩৮১২ | ১৭৪৯ | ৫৫৬১ |

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫২ সাল তারিখ ১৫ সেপ্টেম্বর।

এ গ্রেণ্ট। ছোট সেক্রেটারী।

# ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

## জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া এই যে।

যেহেতু ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত মহালের ১২৫৮ সালের লাগএদ চৈত্র তলবের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্ত নীচের লিখিত মহাল ১৮৫২ সালের ৬ অক্টোবর মোং ১২৫৯ সালের ২২ আশ্বিন বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল ১৫ সেপ্টেম্বর মোং ১২৫৯। ১ আশ্বিন।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জেলা তৌজির মহালের নম্বর | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকীর সংখ্যা | মন্তব্য কথা। |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ১ | সেওয়ায় তৌজিভুক্ত | ৪১৩ নং রেজেষ্টরি | মহিষউড়া চাং কৃষ্ণনগর | আনন্দনাথ মুখোপাধ্যায় | ৩১॥৩ | ২৯॥৵৬ | এই মহাল মুস্তমম বিক্রয় হইবেক। |

G. W. Battye, *Collector.*

---

## জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত মহালের ১২৫৮ সালের লাগাএত চৈত্র তলবের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্ত নীচের লিখিত মহাল ১৮৫২ সালের ৬ অক্টোবর মোং ১২৫৯ সালের ২২ আশ্বিন বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৫২। ১৫ সেপ্টেম্বর মোং ১২৫৯। ১ আশ্বিন।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জেলার তৌজির নম্বর | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকীর সংখ্যা | মন্তব্য কথা। |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ১ | সেওয়ায় তৌজিভুক্ত | ২৭৮ নং রেজেষ্টরি | ফুলিয়ার দেয়াড় তঃ শান্তিপুর | রাজা দামোদরচন্দ্র দেব ও শ্রীধরচন্দ্র দেব ও কেশবচন্দ্র দেব ... | ৬৵৫ | ৬৵৫ | এই মহাল মুস্তমম বিক্রয় হইবেক। |

G. W. Battye, *Collector.*

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত মহালের ১২৫৮ সালের লাং চৈত্র তলবের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্তে নীচের লিখিত মহাল ১৮৫২ সালের ৬ অক্টোবর মোং ১২৫৯ সালের ২২ আশ্বিন বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২। ১৫ সেপ্টেম্বর মোং সন ১২৫৯। ১ আশ্বিন।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জেলার তৌজীর মহালের নং | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকীর সংখ্যা | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সেওয়ায় তৌজীভুক্ত | ৩৫০ নং রেজেষ্টরি | ব্রাহ্মণপাড়া পং রাজপুর | রামজয় বিশ্বাস সাং রাজপুর | ১।৵১১ | ১।৶৮ | এই মহাল সমুদয় বিক্রয় হইবেক। |

G. W. BATTYE, *Collector.*

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া এই যে।

যেহেতুক ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার বিধানমতে জেলা নদীয়ার নীচের লিখিত ইজারা মহালের সন ১২৫৮ সালের সালতামামি বাকী খাজানা আদায়ের নিমিত্ত ঐ ইজারার জামিনির আবদ্ধীয় নীচের লিখিত জায়দাদ সন হালের ৬ অক্টোবর মোঃ সন ১২৫৯ সালের ২২ আশ্বিন বুধবারে কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সাল ১৫ সেপ্টেম্বর মোঃ সন ১২৫৯। ১ আশ্বিন।

| নম্বর শ্রেণী | মহালের শ্রেণী | জেলার তৌজীর মহালের নম্বর | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকীর সংখ্যা | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ নং | অন্য মহালের বাবৎ পাওনা বাকী মালগুজারি আদায় জন্য যে মহাল নীলাম হয় তাহা। | • | মৌজে মহেশ্বরপুর গ্রামের পূর্ব্ব বিলদাম জমীর মধ্যে মালের জমীর পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ দুই বন্দর কাত ৩/ বিঘা রোয় ১৩৩৬ নং তায়দাদভুক্ত লাখরাজ জমী। | উমাচরণ চোল | • | ২১৮/৭ | ২১০০ নং খাস মহাল মুটরার ইজারাদার উমাচরণ চোলের নিকট উক্ত বাকী খাজানা আদায় কারণ তাহার জামিনির আবদ্ধকরা চতুর্থ ঘরের লিখিত জায়দাদে উক্ত ইজারাদার একরারদেহেন্দার যে স্বত্ব আছে তাহা নীলাম হইবেক। |
| ২ নং | ঐ | • | ঐ গ্রামের দক্ষিণ মাটে ঐ তায়দাদভুক্ত লাখরাজ জমী বেদেডাঙ্গার ধুতরাগাছির খাজাঞ্চীদিগরের ব্রহ্মোত্তর জমির পূর্ব্ব ফকিরচাঁদ মণ্ডলের জমাই জমির পশ্চিম সান্যাল ও চট্টোপাধ্যায়ের ব্রহ্মোত্তর জমির দক্ষিণ এই চৌহদ্দির মধ্যে নং রামচাঁদ মনকের জোতের জমি রোয় ১ বন্দ ৩।০ বিঘা। | ঐ | • | ঐ | ঐ |

G. W. BATTYE, *Collector.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতে নিষ্পন্ন গুরুতর মোকদ্দমা সকলের রেপোর্ট যাহা ইতঃপূর্ব্বে শ্রীযুত হালিডে সাহেব-কর্ত্তৃক পারস্য ভাষায় তরজমা হইয়া প্রচার পাইয়াছিল এবং যাহা সরকারে মনোনীত ও ক্রীত হওত সদর আদালতের ১৮৪০ সালের ৩০ আক্টোবর দিবসীয় সরক্যুলর চিঠী সম্বলিত প্রত্যেক জিলার আদালতে প্রদত্ত হইয়াছিল তাহার বাঙ্গালা রেপোর্ট বহী প্রস্তুত হইয়াছে। এই বঙ্গ ভাষার রেপোর্ট বহীতে প্রথমোপস্থিত মোকদ্দমার আরজী দাওাব, জওাবলজওাব, রদ্দজওাবের খোলাসা, উভয় পক্ষীয় দলীল এবং সাক্ষির জোবানবন্দীর বিবরণ আর জিলা ও আপীল আদালতের নিষ্পত্তির হেতুবাদ বিস্তারমত পরিষ্কাররূপ লিখিত হইয়াছে। এই পুস্তক কলিকাতার চিনা বাজার ডোমটুলীর পলক ইষ্ট্রিট যানুক্র লেন শ্রীযুত বাবু নীলমণি দের ৩ নং দোকানে তথা চিৎপুরস্থ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ বসুর নিকটে পাওা যায় মূল্য ৩৲ তিন টাকা মাত্রেতি।

---

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের

সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না-করেন তাঁহাদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটারী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

---

JUST PUBLISHED.

The second volume of Corcoran's History of the Chinese Empire in the Urdoo Language, in two quarto volumes, of 1200 pages. Price per volume Rs. 12, for both Rs. 16 cash. Apply to the Author at Agra.

اشتہار تاریخ ممالک چین

واضح ہو کہ زبان اُردو مین اس تاریخ کی دوسری جلد طبع سے فراغت پاکے مصنف کے پاس پہنچی ہی کتاب مذکور ولایتی کاغذ پر بڑی تقطیع کے ایکہزار دوسو صفحون مین ہی پس جس شخص کو خواہش اُسکی یا جلد اول کی خرید کی ہو بارسال قیمت فی جلد عـہ بنام مستر جیمس کارکرن صاحب مترجم عدالت دیوانی صدر آگرہ کے طلب فرماوے اور جو شخص معاً دونون جلد خرید کریگا تو قیمت اُسکی عـہ ہوگی *


[ *Government Gazette*, *28th September*, 1852. ]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

## CALCUTTA, TUESDAY, OCTOBER 5, 1852.

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ৫ অক্টোবর।

### CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 127.

*To the Magistrates of the Districts of Tirhoot, Patna, Monghyr, Bhaugulpore, Rungpore, Dacca, Chittagong, Furreedpore, Nuddeah, 24 Pergunnahs, Hooghly, Burdwan, Midnapore, and Howrah.*

I have the honour to annex for your information and guidance, an extract from a Statement No. 1, submitted by me to Government, shewing the amount of Collections realized from the Public Ferries in the several districts, forming the different Unions during the year 1850-51, available for distribution, and the proportion allotted to each.

2nd. You will accordingly be good enough to debit in your Cash Account under "Unappropriated Ferry Funds" the sum of Rs.            and credit it by transfer under "Appropriated Ferry Funds," the necessary deduction and addition being made in their respective Memoranda at the foot of your Cash Account.

3rd. In remitting to the Magistrate of            the sum of Rupees            in order to make up the proportion of            Collections, you will charge the amount under "Unappropriated Ferry Funds."

4th. The sum of Rs.            being the proportion of the Superintendent Police's Charges debitable to your district, you will be good enough to credit to "Judicial Remittances" and debit per Contra to "Appropriated Ferry Funds" citing these instructions in the entry.

5th. An extract from Statement No. 2, also submitted to Government, shewing the amount of

### আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

১২৭ নম্বর।

ত্রিহুত, পাটনা, মুঙ্গের, ভাগলপুর, রঙ্গপুর, ঢাকা, চাটিগাঁ, ফরীদপুর, নদীয়া, চব্বিশপরগনা, হুগলী, বর্দ্ধমান, মেদিনীপুর ও হাবড়া জিলার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

মেদিনীপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৬ অক্টোবর।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মুনশী ওয়াসিফ উদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৭ অক্টোবর।

ফরিদপুরের মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সায়দ জাইনউদ্দীন হুসেন বর্ত্তমান মাসের ১৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১৮ অক্টোবর।

প্রথম অর্থাৎ উত্তরাংশের রেবিনিউ সরবেয়র শ্রীযুত জে পেম্বরটন সাহেব (Mr. J. Pemberton.) স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন। কিন্তু ঐ কালে আপনার কর্ম্মের ভার স্বহস্তেই রাখিবেন।

গবর্ণমেণ্টের নিমক চৌকীর তত্ত্বাবধারক শ্রীযুত এ সি বিডুয়েল সাহেব (Mr. A. C. Bidwell,) গত মার্চ মাসের ২৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২৯ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ১ নবেম্বর।

শ্রীযুত সি ডবলিউ কনলিফ সাহেব ও শ্রীযুত এস এস মেলবিল সাহেব (Mr. C. W. Cunliffe, and Mr. S. S. Melville,) শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে গত মাসের ২৮ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০১৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ১৮ অক্টোবর।

বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) পাটনারও অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ সেণ্ট ক্বিণ্টিন সাহেবের (Mr. W. St. Quintin,) অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) ত্রিহুতের ও সারণের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ২৯ অক্টোবর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট সি জে মীড সাহেব (Lieut. C. J. Mead,) চাটিগাঁর ও আক্যাবের মধ্যস্থ পথ জরীপ করণের বিশেষ কার্য্যের ভারপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫২ সাল ৩০ অক্টোবর।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এন ফার্কর্সন সাহেব (Mr. R. N. Farquharson,) যে তারিখে আপনার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ১ নবেম্বর।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr. J. H. Crawford.) আপনার কর্ম্মের ভার স্বহস্তেই রাখিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে রাজধানীতে গমনার্থ পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২ নবেম্বর।

ময়মনসিংহের মাজিষ্ট্রেট শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes.) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে গত মাসের ৩০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

কাঁটোয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউয়েট সাহেব (Mr. G. Hewett,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENT. — গবর্ণমেণ্টের ইশতিহার।

এস্তাহার দেওয়া যাইতেছে জিলা চব্বিশ পরগনার অধীন খ্যাঘাট সকলের সন ১৮৫৩ সালের ইজারা বিলি বনো সন হালের ১০ ডিসেম্বর শুক্রবার তারিখে বেলা দুই প্রহরের সময় উক্ত জিলার মাজিষ্টরী কাছারী মোকাম আলিপুরে নীলাম ডাক দ্বারা বন্দোবস্ত হইবেক ও যে ব্যক্তি অধিক টাকা ডাকিবেক ও দস্তুরমত তিন মাসের খাজনার পেশগী টাকা দাখিল করিতে পারিবেক এবং তদারকের দ্বারা যাহার আচরণ ও চরিত্র ভালো হইবেক তাহাকেই ঘাট দেওয়া যাইবেক আর প্রত্যেক ঘাটের হাল দরিআপ্ত জন্য ইজারা লওনইচ্ছুক ব্যক্তিগন মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে হাজির হইলে সকল বিষয় জ্ঞাত হইতে পারিবেক ইতি।

জিলা, চব্বিশপরগনা। ১৮৫২। ৮ নবেম্বর।

E. A. SAMUELLS, *Magistrate.*

## MISCELLANEOUS ADVERTISEMENT. — সাধারণ ইশতিহার।

### NOTICE.

**BY VIRTUE** of a Decree of the Supreme Court of Judicature at Fort William in Bengal, bearing date the 17th July last, made in a certain cause wherein Gooroopersaud Chowdry is Complainant and Woomeschunder Paul Chowdry and William Nelson Hedger are Defendants, the Master of the Supreme Court will put up for Sale and sell on Thursday the

### ইশতিহার।

যে মোকদ্দমায় গুরুপ্রসাদ চৌধুরী ফরিয়াদী এবং উমেশচন্দ্র পাল চৌধুরী ও উলিয়ম নেল্‌সন হেজর সাহেব আসামী সেই মোকদ্দমায় বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে গত জুলাই মাসের ১৭ তারিখে যে ডিক্রী হয় তদনুক্রমে সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেব আগামি ২৫ নবেম্বর তারিখ বৃহস্পতিবারে বেলা দুই প্রহর সময়ে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন বিশেষতঃ

25th day of November next, at Twelve o'Clock in the noon, all the said Woomeschunder Paul Chowdry's Share and Interest of, and in all that Katcharrybutty and Seven Huts, with a piece of Land thereto belonging, containing by estimation Five Biggahs, more or less, situate, lying and being at Dhunday, Pergunnah Bagmarrah, and in the Zillah of Barasut, bounded as follows : (that is to say,) on the North by a certain Indigo Factory, on the East by Kobalokey Nodee or River, and on the South and West by a Ditch, with Gardens, and also all the said Woomeschunder Paul Chowdry's Share and Interest of and in all that Talook, consisting of Forty-two Mouzahs and Kismuts, in Pergunnah Bagmarrah, namely : Turruff Ruggonauthpore, Mouzah Neij Ruggonauthpore, Mouzah Nurulapore, Mouzah Pothenon, Mouzah Ramkistopore, Mouzah Boytie, Mouzah Kundorpopore, Mouzah Hatchamdypore, Turruff Hajarakatty, Mouzah Neij Hajrakatty, Mouzah Bagumpore, Mouzah South Barea, Mouzah Dhaorah Banjaptee, Chakrah Mohul, Zulker Mohul, Turruff Maharpore, Mouzah Neij Maharpore Mouzah Moothodpore, Mouzah Naranpore, Mouzah Nilcuntpore, Mouzah Khitterparrah, Mouzah Dhanthoy, Mouzah Dhurmpore, Mouzah Marjapore, Mouzah Suruskatty, Kotoallychadnee Mohul Turruff Barrochatty, Mouzah Neij Barrochatty, Mouzah Khullilnopore, Mouzah Khaul Gopaulpore, Mouzah Burudally, Mouzah Ruggooramрore, Mouzah Shahapore, Turruff Jaulabad, Mouzah Neij Jaulabad, Mouzah Bamunkally, Mouzah Sheenaul, Mouzah Bodurdypore, Mouzah Khorda Batra, Turruff Battra, Mouzah Neij Battra, Mouzah Akrah, Mouzah Gopesonah, Mouzah Boytah, Mouzah Noaparah, Mouzah Gholah, Mouzah Sunkerpore, Mouzah Surrooppore, and all other Kismuts or Mouzahs belonging to the Share of the said Woomeschunder Paul Chowdry of, and in the said Talook Bagmarrah, situate, lying and being at Pergunnah Bagmarrah in the Zillah of Barasut and Zillah Nuddeah Collectory.

The Sudder Malgoozary of the whole Talook amounts to Co.'s Rs. 10,738-14-6 yearly.

Further particulars may be had on application at the Master's Office or at the Office of Mr. Jonathan Carey, No. 2, Fancy Lane, or at the Office of Messrs. Smoult and Hedger, Larkin's Lane.

C. R. M. Jackson,
*Acting Master.*

Carey,
*Attorney for Complainant,*
Smoult,
*Attorney for the Defendant W. N. Hedger,*
Oehme and Barrow,
*Attorneys for the Defendant Woomeschunder Paul Chowdry.*

*Calcutta, Supreme Court,*
*Master's Office,*
*The 4th October,* 1852.

CONDITIONS OF SALE.

*1st.* Every bidder, if required, is to sign his name opposite the sum he bids, and the highest bidder to

জিলা বারাসতের বাগমারা পরগনার চুণ্ডে গ্রামের শামিল ও তদন্তঃপাতি যে কাছারী বাটী ও সাতটা খড়ুয়া ঘর ও তৎসংক্রান্ত ন্যূনাধিক ৫/ বিঘা জমী তাহাতে উক্ত উমেশচন্দ্র পাল চৌধুরীর যে অংশ ও সম্পর্ক আছে তাহা নীলাম করিবেন। ঐ জমী এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ উত্তর দিগে নীলকুঠী পূর্ব্ব দিগে কবালকী নদী এবং দক্ষিণ ও পশ্চিম দিগে পরিখা ও বাগান। এবং বাগমারা পরগনার অন্তঃপাতি এক তালুকে উক্ত উমেশচন্দ্র পাল চৌধুরীর যে অংশ ও সম্পর্ক আছে তাহাও নীলাম করিবেন ঐ তালুকে নীচের লিখিত ৪২ মৌজা ও কিসমৎ আছে বিশেষতঃ তরফ রঘুনাথপুর, মৌজা নিজরঘুনাথপুর, মৌজা নরলাপুর, মৌজা পথিনন, মৌজা রামকৃষ্ণপুর, মৌজা বৈটাই, মৌজা কন্দর্পপুর, মৌজা হাতচামদয়পুর, তরফ হাজরাকাটি, মৌজা নিজ হাজরাকাটি, মৌজা বেগমপুর, মৌজা দক্ষিণ বেড়িয়া, মৌজা ধাওরা বাঞ্জাপ্তি, চাকরা মহাল, জলকর মহাল, তরফ মেহেরপুর, মৌজা নিজ মেহেরপুর, মৌজা মুথদপুর, মৌজা নারায়ণপুর, মৌজা নীলকণ্ঠপুর, মৌজা ক্ষেত্রপাড়া, মৌজা ধানঠয়, মৌজা ধর্ম্মপুর, মৌজা মৃজাপুর, মৌজা সরসকাটি, কোতওয়ালী চাঁদনী মহাল, তরফ বারোছাতি, মৌজা নিজ বারোছাতি, মৌজা খলিলনপুর, মৌজা খাল গোপালপুর, মৌজা বরদালী, মৌজা রঘুরামপুর, মৌজা শাহাপুর, তরফ জলাবাদ, মৌজা নিজ জলাবাদ, মৌজা বামণকালী, মৌজা শিনাল, মৌজা বদরদইপুর, মৌজা খরদা বাটরা, তরফ বাটরা, মৌজা নিজ বাটরা, মৌজা আক্রা, মৌজা গোপীশোনা, মৌজা বয়টা, মৌজা নওয়াপাড়া, মৌজা গোলা, মৌজা শঙ্করপুর, মৌজা সরূপপুর এবং জিলা বারাসতের ও জিলা নদীয়ার কালেক্টরীতে বাগমারা পরগনার শামিল ও তদন্তঃপাতি উক্ত বাগমারা তালুকের মধ্যে উক্ত উমেশচন্দ্র পাল চৌধুরীর অংশে যে সকল কিসমৎ ও মৌজা আছে তাহা নীলাম করিবেন।

উক্ত সমুদয় তালুকের সদর মালগুজারী বৎসরে কোম্পানির ১০,৭৩৮৷৵৬ টাকা।

এতদ্বিষয়ের অধিক বিবরণ মাষ্টর সাহেবের দফ্তরখানায় কিম্বা ফান্সিলেনের ২ নম্বরী বাটীতে শ্রীযুত জানাথন কেরি সাহেবের দফ্তরখানায় অথবা লারকিন্স লেনে স্মোল্ট ও হেজর সাহেবের দফ্তরখানায় জানা যাইতে পারে।

সি আর এম জাকসন। একটিং মাষ্টর।

কেরি সাহেব। ফরিয়াদীর উকীল।

স্মোল্ট সাহেব। আসামী ডবলিউ এন হেজর সাহেবের উকীল।

ওমি ও বারো সাহেব। আসামী উমেশচন্দ্র পাল চৌধুরীর উকীল।

কলিকাতার সুপ্রিম কোর্ট।
মাষ্টর সাহেবের আফিস।
১৮৫২ সাল ৪ অক্টোবর।

নীলামের নিয়ম।

১। প্রত্যেক ডাকনিয়ার প্রতি যদি আদেশ হয় তবে তিনি যত টাকা ডাকিয়াছেন তাহার সংখ্যার পার্শ্বে

be declared the purchaser, provided the Master shall think a sufficient sum has been offered.

*2nd.* If any dispute shall arise between two bidders, the lots to be immediately put up again.

*3rd.* That 30 per cent. on the purchase money to be paid down immediately, and the remainder within one month after the sale shall have been confirmed by the Court, and in case of default in either of the above payments, the purchases to be resold and the 30 per cent. already paid to be forfeited to the Estate, and the party declared the purchaser at the first sale to be held liable to make good any deficiency, and not entitled to any increase of price on such resale.

*4th.* In the event of default being made and the premises not being resold pursuant to the above condition, the purchaser to be charged interest at 12 per cent. per annum on the purchase money unpaid from the time it becomes due to the time of payment.

*5th.* The person declared the purchaser to be deemed and held subject to the jurisdiction of the Supreme Court in the matter.

*6th.* The conveyance to be executed at the expense of the purchaser, who is to pay for all copies of documents which he may require.

*7th.* That the purchasers shall be entitled to the custody of such deeds (if any) as may relate exclusively to the Lots purchased by them respectively, but such title deeds as relate to any other Lots shall remain in the Master's Office, until the whole of the Lots shall have been disposed of, with liberty to the purchasers at the present sale to inspect such deeds from time to time as occasion may require; and when a sale of the whole of the other Lots shall have been effected, the said Deeds shall be delivered to the purchaser of (the largest) Lot on his entering into a deed of covenant with the other purchasers for the production thereof and for furnishing copies or extracts of such deeds of covenant, to be prepared at the expense of the covenantees respectively, and the purchasers at this sale shall not be at liberty to object to the transfer of the purchase monies out of Court by reason of the deeds being to remain in the Master's Office.

আপন নাম দস্তখৎ করিবেন এবং যে ব্যক্তি অতিউচ্চ মুল্য ডাকেন যদি মাষ্টর সাহেব বোধ করেন যে সেই মুল্য উপযুক্ত বটে তবে সেই ব্যক্তি খরীদার প্রকাশ হইবেন।

২। যদি দুই জন ডাকনিয়ার মধ্যে কোন বিবাদ হয় তবে লাট পুনরায় অগৌণে নীলামে ধরা যাইবেক।

৩। খরীদী মূল্যের শতকরা ৩০৲ টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক এবং অবশিষ্ট টাকা ঐ নীলাম আদালতের দ্বারা মঞ্জুর হইলে পর এক মাসের মধ্যে দিতে হইবেক এবং যদি উভয় প্রকারে দেয় টাকার বিষয়ে ত্রুটি হয় তবে খরীদী বিষয়ের পুনরায় নীলাম হইবেক এবং শতকরা যে ৩০৲ টাকা দেওয়া গিয়াছে তাহা মহালে বর্ত্তিবেক এবং যে ব্যক্তি প্রথম নীলামে খরীদার প্রকাশ হইয়াছেন সেই ব্যক্তি দ্বিতীয় নীলামে যত টাকা কম হয় তাহা পূর্ণ করিবার যোগ্য জ্ঞান হইবেন এবং ঐ দ্বিতীয় নীলামে যদি অধিক মুল্য ডাকা যায় তবে তাঁহার কোন অংশ পাইবেন না।

৪। যদি টাকা না দেওয়া যায় এবং বাটী কি ভূমি পূর্ব্বোক্ত নিয়মমতে পুনশ্চ বিক্রয় না হয় তবে না দেওয়া খরীদী টাকা যে সময়ে পাওনা হয় সে সময়াবধি তাহা না দেওনপর্য্যন্ত খরীদারের ঐ খরীদী টাকার উপর শত করা ১২৲ টাকার হিসাবে সুদ দিতে হইবেক।

৫। যে ব্যক্তি খরীদার প্রকাশ হন তিনি তদ্বিষয়ে সুপ্রিম কোর্টের এলাকার অধীন জ্ঞান ও ধার্য্য হইবেন।

৬। হস্তান্তরপত্রের খরচ খরীদারের দিতে হইবেক এবং তাঁহার যে সকল দলীল দস্তাবেজে প্রয়োজন থাকে তাহার খরচ তাঁহার দিতে হইবেক।

৭। যে খরীদারেরা যে লাট খরীদ করেন কেবল সেই লাটের বিষয়ে যদি কোন দলীল থাকে তবে সেই খরীদার সেই দলীল আপন জিম্মায় রাখিতে পারেন। কিন্তু যে সকল দলীল অন্যান্য লাটের সঙ্গে সম্পর্ক রাখে সেই সমুদয় লাট যাবৎ বিক্রয় না হয় তাবৎ সেই২ দলীল মাষ্টর সাহেবের দপ্তরখানায় থাকিবেক কিন্তু যাঁহারা বিক্রয়হওয়া লাটের খরীদার হন তাঁহারা সময়ে২ প্রয়োজনমতে ঐ দলীল দেখিতে পারেন এবং যখন অন্য সমুদয় লাট বিক্রয় হইয়াছে তখন অত্যধিক লাট যে ব্যক্তি খরীদ করেন তাঁহার হস্তে ঐ সকল দলীল গচ্ছিত করা যাইবেক। কিন্তু সেই ব্যক্তির অন্যান্য খরীদারদিগকে এই মর্ম্মের এক নিয়মপত্র লিখিয়া দিতে হইবেক যে ঐ দলীল অন্যান্য খরীদারদিগকে দেখাইব এবং ঐ নিয়মপত্রের নকল কিম্বা চুম্বক তাহারদিগকে দিব। যাঁহারদের সঙ্গে ঐ নিয়ম করা যায় তাঁহারদেরি ঐ নিয়মপত্র প্রস্তুত করিবার খরচ দিতে হইবেক এবং যদি মাষ্টর সাহেবের দপ্তরখানায় দলীল রাখিতে হয় তবে তথায় থাকাপ্রযুক্ত খরীদী টাকা কোর্টহইতে স্থানান্তরে প্রেরণ বিষয়ে এই নীলামের খরীদারেরা আপত্তি করিতে পারিবেন না।

---

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

বাজার ইজার।

নবকৃষ্ণ মিত্র দিগর বাদী।

হরিশ্চন্দ্র মিত্র দিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জেরেল্ড সেথেস সাহেব আগামি ২৫ নবেম্বর বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাঁদনি চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস ৬ নবেম্বর ১৮৫২ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ১১ নবেম্বর।]

---

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাম্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

# গবর্ণমেণ্ট্ গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

**CALCUTTA, TUESDAY, NOVEMBER 23, 1852.**

কলিকাতা মঙ্গলবার ১৮৫২ সাল ২৩ নবেম্বর।


## DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 29TH OCTOBER, 1852.

The following Extract from the Proceedings of the Governor General of India in Council in the Legislative Branch of the Home Department, under date the 29th October, 1852, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 20th June, 1851, and published in the *Bengalee Government Gazette* of the 15th July, 1851, to facilitate ejectment of occupiers of land whose title has ceased.

*Resolution*—The Governor General in Council resolves that the following amended Draft on the subject be published for general information:

ACT No. —— OF 1852.

***An Act to facilitate the trial of rights to attach tenures, and to eject occupiers of lands in certain cases, and to prohibit the enforcement of such rights without the assistance of a Court of competent jurisdiction.***

Whereas by Clauses 6 and 7, Section XV. Regulation VII. 1799, Clauses 2 and 4, Section XVIII. Regulation VIII. 1819, of the Bengal Code, and Section XXVI. Act I. 1845, rights are given in certain cases to attach under-tenures, to cancel leases, and to eject under-tenants or occupiers of lands whose titles have ceased, but no means are provided by which persons claiming to exercise those rights can obtain the assistance of the Civil Courts for that purpose, except upon a decree obtained in a regular suit; and whereas in like man-

## আইনের মুসাবিদা।

কোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ২৯ অক্টোবর।

দেশীয় ডিপার্টমেণ্টের লেজিসলেটিব সিরিশ্তায় ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ১৮৫২ সালের ২৯ অক্টোবর তারিখের কার্য্যের নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

জমির যে দখীলকারেরদের স্বত্ব শেষ হইয়াছে তাহারদিগকে বেদখল করণের সুগম করণার্থে ১৮৫১ সালের ২০ জুন তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫১ সালের ১৫ জুলাই তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত সংশোধিত মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

কোন২ গতিকে জমি ক্রোক করণের এবং জমির দখীলকারদিগকে বেদখল করণের স্বত্বের বিচারের সুগম করণের এবং উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট আদালতের সাহায্য বিনা সেই২ স্বত্ব প্রবল করণের নিবারণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৬ ও ৭ প্রকরণ এবং ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ২ ও ৪ প্রকরণ এবং ১৮৪৫ সালের ১ আইনের ২৬ ধারায় কোন২ গতিকে পেটাও জমি ক্রোক করিতে এবং পাট্টা বাতিল করিতে এবং যে পেটাও রাইয়ত অথবা জমির দখীলকারদিগের অধিকার শেষ হইয়াছে, তাহারদিগকে বেদখল করিতে স্বত্ব দেওয়া গিয়াছিল। কিন্তু এমত কোন উপায় নির্দিষ্ট নাই যে ঐ২ স্বত্ব প্রবল করিতে যাহারা দাওয়া রাখে তাহারা নম্বরী মোকদ্দমায় প্রাপ্ত ডিক্রীব্যতিরেকে সেই২ অভিপ্রায়ের জন্যে দেওয়ানী আদালতের

ner, no means, except a regular suit, are now provided by law for giving the assistance of the Civil Courts to persons claiming to eject tenants after the determination of their tenancies, or to eject Agents after the determination of their Agencies, and whereas the enforcement of such rights without the assistance of the Civil Courts is likely to cause affrays and breaches of the peace, and it is expedient to provide a more summary mode for the trial of such rights, It is enacted as follows:

I. This Act shall extend only to so much of the provinces of the Presidency of Fort William in Bengal, under the Government of the Governor of that Presidency as are not within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature at Fort William in Bengal.

II. Any person may present a petition of complaint upon a paper bearing a stamp of the value specified in Article 8, Schedule B., Regulation X. 1829, to the Judge of a Civil Court within whose jurisdiction the lands, or other immoveable property, or the greater part thereof, may be situate, praying for the attachment of a tenure, the avoidance of a lease, or the ejectment of a tenant or occupier of such property whose title may have ceased under the Regulations or Act abovementioned, or for assistance in any of the cases stated in the preamble to this Act, and in such petition the claimants shall state the grounds of his claim, and also the annual rent or value of the property in question. The Judge shall thereupon summon the opposite party according to the ordinary course of practice in Civil suits, and thereby require him to appear and answer the petition on a day to be named in the summons. On the day so named the complainant shall appear, by himself or his vakeel, and thereupon the defendant shall be called upon to appear and answer, by himself or his vakeel. Upon answer being made in Court the Judge shall proceed in a summary way to try the case without any further pleading or formal joinder of issue; and after causing a local inquiry and report to be made to him, if he shall consider it necessary, by the Moonsiff in whose jurisdiction the land or property, or the greater part of the same, is situate, shall make an order on the petition, and, if necessary, shall grant the assistance of the Court for enforcing such order in the same manner as an order for the execution of a decree. If the complainant shall make default in appearing, either by himself or vakeel, in any stage of the case, the Court may dismiss the petition with costs; and if the defendant make default the Court may proceed to hear and determine the case *exparte*.

III. In case an order shall be made for cancelling a lease, or ejecting a tenant for non-payment of rent, the order shall specify the amount, upon payment of which the cancellation of the lease, or the ejectment of the tenant may be stayed.

সাহায্য পাইতে পারে। এবং যেহেতুক প্রজারদের পাট্টার মিয়াদ শেষ হইলে যে ব্যক্তিরা তাহারদিগকে বেদখল করণের দাওয়া রাখে তাহারা নম্বরী মোকদ্দমা না করিলে এক্ষণকার চলিত আইনানুসারে দেওয়ানী আদালতের সাহায্য পাইতে পারে না অথবা মোখ্তারদিগের মোখ্তারী কর্ম্ম সমাপ্ত হইলে তাহারদিগকে তগীর করণের কোন উপায় নাই। এবং যেহেতুক ঐ২ স্বত্ব যদি দেওয়ানী আদালতের সাহায্য বিনা প্রবল করা যায় তবে দাঙ্গা-হঙ্গামা হওনের সম্ভাবনা আছে এবং ঐ২ স্বত্বের বিচারের নিমিত্তে পূর্ব্বাপেক্ষা অধিক সরাসরী নিয়ম নির্দ্দিষ্ট করা উপযুক্ত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন যেং প্রদেশ ঐ রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবের শাসনে আছে এবং বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে নাহি কেবল সেই২ প্রদেশে এই আইন চলন হইবেক ইতি।

২ ধারা। যে দেওয়ানী আদালতের এলাকার মধ্যে ভূমি অথবা অন্য অস্থাবর সম্পত্তি কি তাহার অধিকাংশ থাকে সেই আদালতের জজ সাহেবের নিকটে কোন ব্যক্তি ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ দফায় যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে এই মজমুনে এক দরখাস্ত দিতে পারে যে কোন বিশেষ ভূমি ক্রোক হয় অথবা কোন পাট্টা বাতিল করা যায় কিম্বা উক্ত সম্পত্তির যে রাইয়ত অথবা দখীলকারের স্বত্ব পূর্ব্বোক্ত আইনানুসারে শেষ হইয়াছে সেই রাইয়তপ্রভৃতিকে বেদখল করা যায় অথবা এই আইনের হেতুবাদের লিখিত কোন গতিকে সাহায্য দেওয়া যায়। এবং ঐ দরখাস্তের মধ্যে দাওয়াদার আপনার দাওয়ার হেতু এবং যে সম্পত্তির বিরোধ হইয়াছে তাহার বার্ষিক খাজানা কি মূল্য লিখিবেক। ঐ দরখাস্ত পাইলে জজ সাহেব দেওয়ানী মোকদ্দমার সামান্য রীত্যনুসারে বিপক্ষ ব্যক্তিকে তলব করিবেন এবং সমনের মধ্যের নির্দ্দিষ্ট দিবসে উপস্থিত হইয়া ঐ দরখাস্তের জওয়াব দিতে তাহাকে হুকুম করিবেন। ঐরূপ নির্দ্দিষ্ট দিবসে ফরিয়াদী স্বয়ং কিম্বা তাহার উকীল উপস্থিত হইবেন এবং তাহাতে আসামীকে স্বয়ং উপস্থিত হইতে এবং জওয়াব দিতে অথবা তন্নিমিত্ত এক জন উকীল নিযুক্ত করিতে হুকুম দেওয়া যাইবেক। পরে আদালতে জওয়াব দেওয়া গেলে জজ সাহেব অন্য কোন সওয়ালজওয়াব না লইয়া কি ইস্যু নির্দ্দিষ্ট না করিয়া সরাসরীমতে ঐ মোকদ্দমার বিচার করিবেন এবং আবশ্যক বোধ করিলে যে মুনসেফের এলাকার মধ্যে ভূমি কি সম্পত্তি অথবা তাহার অধিকাংশ থাকে সেই মুনসেফের দ্বারা সরেজমীনে তহকীক ও তদ্বিবরে আপনার নিকটে রিপোর্ট করণের আজ্ঞা দিলে পর ঐ দরখাস্তের বিষয়ে হুকুম করিবেন এবং আবশ্যক হইলে যেরূপে ডিক্রী জারী করণের হুকুম দেওয়া যায় সেইরূপে ঐ হুকুম জারী করণার্থে আদালতের সাহায্য করিবেন। যদি মোকদ্দমার কোন অবস্থায় ফরিয়াদী স্বয়ং কি তাহার উকীল হাজির হইবার ক্রটি করে তবে আদালত ঐ দরখাস্ত খরচাসমেত ডিসমিস করিতে পারেন। এবং যদি আসামী হাজির হইতে কসুর করে তবে আদালত ঐ মোকদ্দমা একতরফা শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন ইতি।

৩ ধারা। যদি খাজানা না দেওনের বাবৎ কোন পাট্টা বাতিল করিবার অথবা কোন রাইয়তকে বেদখল করিবার হুকুম দেওয়া যায় তবে যে টাকা দাখিল করিলে পাট্টা বাতিল হওয়া অথবা রাইয়তকে বেদখল করা ক্ষমা হইবেক তাহা ঐ হুকুমের মধ্যে নিশ্চিতরূপে লেখা যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ২৩ নবেম্বর।]

IV. In any proceeding under this Act a decree or order for payment of rent either in a regular or summary suit shall, until reversed or altered, by appeal or in a regular suit, be conclusive evidence between the parties that such rent was due at the time of making the decree or order.

V. The Judge to whom any such petition shall be presented, may, if he think fit, send it to be disposed of by the Moonsiff within whose jurisdiction the property concerned, or the greater part of it, is situate, and the Moonsiff shall thereupon deal with the petition as the Judge is empowered to do.

VI. An appeal shall lie to the Judge, if preferred within one calendar month against any order of a Moonsiff, made upon a petition referred to him according to the provisions of the foregoing Section, and every order of a Judge made under this Act, either originally under Section II. or upon appeal, shall be final, unless set aside by a decree passed in a regular civil suit, or upon appeal, to be preferred within one calendar month, to the Sudder Dewanny Adawlut, upon the ground of the irrelevancy of this Act to the case appealed.

VII. The Judge may, in his discretion, subject to any general order of the Sudder Dewanny Adawlut, refer any such matter of summary inquiry, or any such appeal from the order of a Moonsiff, for disposal by a Principal Sudder Ameen within his district, who shall deal with the case in the same manner as the Judge is empowered to do, with the exception that he shall not exercise the powers conferred on the Judge by Section V. In any case referred to a Principal Sudder Ameen under this Section, his order shall be final, subject to a regular suit and to the same appeal as from the order of a Judge.

VIII. In any case in which a Moonsiff would have jurisdiction to entertain a regular suit for the recovery of the property in dispute, the petition of complaint may be presented to him in the first instance, and he shall exercise the same powers as if the case were sent to him to be disposed of under Section V.

IX. If any person shall use force for the purpose of attaching a tenure, or dispossessing or ejecting the occupier of land, or other immoveable property, except by virtue of an order under this Act, or the decree or order of a Court or officer of competent jurisdiction, or if any person shall, by unlawful threat or intimidation, cause the occupier of such land or property to quit, or deliver up the possession thereof, such person, together with all persons aiding and abetting, shall be liable, on conviction, to the same punishment as if he had committed an offence under Section VII. Act IV.

৪ ধারা। এই আইনানুসারে কোন কার্য্য হইলে নম্বরী কি সরাসরী মোকদ্দমায় কোন খাজানা দিবার ডিক্রী কিম্বা হুকুম হইলে যাবৎ তাহা আপীলক্রমে কি নম্বরী মোকদ্দমার দ্বারা অন্যথা কি মতান্তর না হয় তাবৎ ঐ খাজানা দিবার হুকুম কি ডিক্রী উভয় বিবাদির মধ্যে ইহার সমস্ত প্রমাণ হইবেক যে ঐ ডিক্রী অথবা হুকুম করণের সময়ে ঐ খাজানা নিতান্ত দেয় ছিল ইতি।

৫ ধারা। যে জজ সাহেবের নিকটে ঐরূপ কোন দরখাস্ত দেওয়া যায় তিনি উচিত বোধ করিলে যে মুনসেফের এলাকার মধ্যে ঐ সম্পত্তি কি তাহার অধিকাংশ থাকে সেই মুনসেফের নিকটে ঐ দরখাস্ত নিষ্পত্তি হইবার জন্যে পাঠাইতে পারেন এবং তাহা হইলে সেই দরখাস্ত লইয়া জজ সাহেবের যেরূপ কার্য্য করণের ক্ষমতা আছে মুনসেফ তাহার বিষয়ে সেইরূপ কার্য্য করিবেন ইতি।

৬ ধারা। পূর্ব্বোক্ত ধারার নিয়মানুসারে যে দরখাস্ত মুনসেফের নিকটে অর্পণ হয় তাহার বিষয়ে তিনি যে কোন হুকুম করেন তাহার উপর সম্পূর্ণ এক মাসের মধ্যে জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে এবং এই আইনক্রমে জজ সাহেব আপনি ২ ধারানুসারে অথবা আপীলক্রমে যে প্রত্যেক হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক। কিন্তু নম্বরী দেওয়ানী মোকদ্দমায় করা ডিক্রীর দ্বারা যদি সেই হুকুম অন্যথা হয় অথবা যদি সম্পূর্ণ এক মাসের মধ্যে করা দাখিলা সদর দেওয়ানী আদালতে আপীল হয় যে আপীলী মোকদ্দমার বিষয়ে এই আইন খাটে না এবং ঐ আদালত সেই হুকুম অন্যথা করেন তবে তাহা চূড়ান্ত হইবেক না ইতি।

৭ ধারা। জজ সাহেব আপনার বিবেচনাক্রমে কিন্তু সদর দেওয়ানী আদালতের কোন সাধারণ হুকুমবিধায় ঐরূপ কোন সরাসরী তজবীজের বিষয় অথবা মুনসেফের হুকুমের উপর ঐরূপ কোন আপীল আপনার জিলার প্রধান সদর আমীনের নিষ্পত্ত্যর্থে তাঁহার নিকটে অর্পণ করিতে পারেন। এবং ঐ মোকদ্দমার বিষয়ে জজ সাহেবের যেরূপ কার্য্য করণের ক্ষমতা আছে প্রধান সদর আমীনও তদ্বিষয়ে সেইরূপ কার্য্য করিবেন কেবল ইহা বর্জিত হইল যে ৫ ধারার দ্বারা জজ সাহেবের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছিল প্রধান সদর আমীন সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিবেন না। এই ধারানুসারে যে কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হয় তাহার বিষয়ে তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক কিন্তু জজ সাহেবের হুকুমের বিষয়ে যেরূপ হইয়া থাকে সেইরূপে তাঁহার হুকুমের বিষয়ে নম্বরী মোকদ্দমা এবং আপীল হইতে পারে ইতি।

৮ ধারা। যে কোন গতিকে বিরোধি সম্পত্তি পাইবার জন্যে নম্বরী মোকদ্দমা গ্রাহ্য করিতে মুনসেফের এলাকা থাকিত এমত গতিকে নালিশী দরখাস্ত প্রথমতঃ তাঁহার নিকটে দরপেশ হইতে পারে এবং ৫ ধারাক্রমে ঐ মোকদ্দমা নিষ্পত্ত্যর্থে তাঁহার নিকটে পাঠান গেলে তাঁহার যে২ ক্ষমতা হইত তিনি সেই২ ক্ষমতানুসারে এই গতিকে কার্য্য করিবেন ইতি।

৯ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনানুসারে দেওয়া হুকুম অথবা উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট কোন আদালতের ডিক্রী কিম্বা কোন কর্ম্মকারকের হুকুম বিনা কোন ভূমি ক্রোক করণার্থে অথবা ভূমি কি অন্য মূল্যবান অস্থাবর সম্পত্তির দখীলকারকে বেদখল অথবা বহিষ্কৃত করণার্থে বলপূর্ব্বক কোন কার্য্য করে অথবা যদি কোন ব্যক্তি বেআইনীক্রমে তর্জ্জনগর্জ্জন করণ কিম্বা ভয় দেখাওনের দ্বারা ঐরূপ ভূমি অথবা অন্য সম্পত্তির দখীলকারকে তাহা ত্যাগ করায় কি তাহার দখল হস্তান্তর করায় তবে ঐ ব্যক্তির ও যে সকল লোক তাহার সহায়তা বা সাহায্য করে তাহারদের দোষ সাব্যস্ত হইলে তাহারা ১৮৪০ সালের ৪ আইনের ৭ ধারানুসারে অপরাধ করিলে যে

1840, and the Magistrate, upon conviction of the offender, shall restore the person so dispossessed or ejected to possession of the land or other immoveable property, and maintain such possession until the right to possession be determined by due course of law.

X. If any person shall have held any land or real property at a fixed rent, or at a rent assessable according to a fixed rule, such person shall not be ejected by reason only of his refusing to pay an enhanced rent, unless he shall have agreed by writing to pay such enhanced rent, or unless his liability to pay the same shall have been determined by the Civil Court in a regular suit.

XI. If an order shall be passed under this Act, or a decree made in a regular suit for cancelling a lease or ejecting a tenant from possession on the ground of non-payment of rent, the tenant may, at any time before the execution of such order or decree, stay the execution thereof by paying into Court for the use of the complainant the amount of rent found to be due, together with the costs, if any, mentioned in the order or decree; such payment shall not preclude the tenant from impeaching any such order in a regular suit, and recovering in such suit the amount paid to prevent the execution of the order, nor shall such payment preclude him from appealing against such order or decree in cases where an appeal will lie. In like manner the holder of any lease, farm, or other limited interest liable to be cancelled under Clause IV. Section XVIII. Regulation VIII. 1819, of the Bengal Code, by reason of the non-payment of an arrear of rent, may avoid the cancellation thereof, at any time before an order or decree for the cancellation shall have been executed, by paying into Court for the use of the complainant the amount of such rent and any costs which may have been awarded against the defaulter and against himself relating to such rent. In such case the person making such payment shall be entitled to the same rights of deduction and security against the defaulter in respect of the amount paid as are given by Clauses 3 and 4, Section XIII. of the said Regulation VIII. 1819, to persons making payments to avoid sales of tenures, and shall also be at liberty to proceed by regular suit to contest the order or decree against the defaulter or against himself, and to recover back the amount which he may so pay.

XII. In any case where a petition shall be sent to a Moonsiff to be disposed of un 'er Section V., the Moonsiff may, in his discretion, state a case and submit the same for the opinion of the Judge upon any points of law, upon which he may entertain a doubt, and in such case the Moonsiff shall make his

দণ্ডের যোগ্য হয় সেই দণ্ডের যোগ্য হইবেক। এবং মাজিস্ট্রেট সাহেব অপরাধির দোষ সাব্যস্ত করিলে যে ব্যক্তি সেইরূপ বেদখল বা বহিস্কৃত হইয়াছিল তাহাকে সেই ভূমি বা অন্য স্থাবর সম্পত্তির দখল ফিরিয়া দেওয়াইবেন এবং যাবৎ আইনের রীত্যনুসারে দখলের স্বত্ব নির্ণয় না হয় তাবৎ ঐ ব্যক্তির দখলে তাহা রাখিবেন ইতি।

১০ ধারা। যদি কোন ব্যক্তি কোন ভূমি কি স্থাবর সম্পত্তি মোকররী খাজানায় অথবা যে খাজানা স্থিরতর নিয়মক্রমে ধার্য্য করিতে হয় এমত খাজানাক্রমে তাহা দখল করিয়া আসিতেছে তবে সেই ব্যক্তি বেশী খাজানা দিবার অস্বীকারমাত্র করণপ্রযুক্ত সেই ভূমিহইতে বেদখল হইবেক না। কিন্তু যদি সেই ব্যক্তি লিখিত কোন করারক্রমে ঐরূপ বেশী খাজানা দিতে স্বীকার করিয়া থাকে অথবা নম্বরী মোকদ্দমায় দেওয়ানী আদালতের দ্বারা সেইরূপ বেশী খাজানা দিতে তাহার দায় নিরূপণ হয় তবে সেই ব্যক্তি বেশী খাজানা না দেওনপ্রযুক্ত বেদখল হইতে পারিবেক ইতি।

১১ ধারা। যদি রাইয়তের খাজানা না দেওনের হেতুতে পাট্টা বাতিল করণের অথবা রাইয়তকে বেদখল করণের বিষয়ে এই আইনানুসারে কোন হুকুম দেওয়া যায় কি নম্বরী মোকদ্দমায় কোন ডিক্রী করা যায় তবে ঐ রাইয়ত সেই হুকুম অথবা ডিক্রী জারী হওনের পূর্ব্বে কোন সময়ে যে খাজানা দেয় হওনের বিষয়ে হুকুম হইল তাহা এবং যদি হুকুম অথবা ডিক্রীর মধ্যে কোন খরচা নির্দ্দিষ্ট হয় তবে সেই খরচা ফরিয়াদীর নিমিত্তে আদালতে দাখিল করণের দ্বারা সেই হুকুমপ্রভৃতি জারী স্থগিত করিতে পারে। কিন্তু সেইরূপ টাকা দাখিল করণেতে নম্বরী মোকদ্দমায় এইমত কোন হুকুমের অযথার্থের বিষয়ে নালিশ করিতে এবং হুকুম জারী স্থগিত করণার্থে যে টাকা দিয়াছিল তাহা ঐ মোকদ্দমাক্রমে ফিরিয়া পাইতে ঐ রাইয়তের নিষেধ হইবেক না এবং যে গতিকে ঐ হুকুম অথবা ডিক্রীর উপর আপীল হইতে পারে সেই গতিকে ঐ টাকা দাখিল করণের দ্বারা ঐ হুকুম বা ডিক্রীর উপর আপীল করিতে রাইয়তের প্রতি নিষেধ হইবেক না। সেইরূপে যে কোন পাট্টা কি ইজারা বা তৎপ্রকার কোন এলাকার খাজানার বাকী না দেওনপ্রযুক্ত বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৪ প্রকরণানুসারে অসিদ্ধ হওনের যোগ্য আছে সেই পাট্টাপ্রভৃতিরাখনিয়া কোন ব্যক্তি পাট্টাপ্রভৃতি অসিদ্ধ করণের হুকুম কিম্বা ডিক্রী জারী হওনের পূর্ব্বে কোন সময়ে ঐ খাজানা এবং সেই খাজানার বাবৎ বাকীদার এবং তাহার বিরুদ্ধে যে কোন খরচার ডিক্রী হইয়া থাকে তাহা ফরিয়াদীর জন্যে আদালতে দাখিল করণের দ্বারা ঐ পাট্টাপ্রভৃতি অসিদ্ধ করা স্থগিত করিতে পারে। এইমত হইলে যে ব্যক্তি সেই টাকা দাখিল করে পত্তনি তালুক নীলাম নিবারণার্থে যাহারা খাজানা দাখিল করে তাহারদিগকে ১৮১৯ সালের ৮ আইনের ১৩ ধারার ৩ ও ৪ প্রকরণক্রমে বাকীদারের প্রতিকূলে টাকা বাদ দেওনের ও বন্ধকের যে স্বত্ব নিরূপণ আছে সেই ব্যক্তির সেইরূপ দেওয়া টাকার বিষয়ে সেই প্রকার স্বত্ব থাকিবেক। এবং আরো বাকীদার অথবা আপনার প্রতিকূলে যে হুকুম বা ডিক্রী হইয়াছিল তাহার বিষয়ে নম্বরী মোকদ্দমায় নালিশ করিতে এবং যে টাকা এইরূপে দিয়াছে তাহা ফিরিয়া পাইতে তাহার ক্ষমতা থাকিবেক ইতি।

১২ ধারা। যে কোন গতিকে ৫ ধারানুসারে কোন দরখাস্ত নিষ্পত্তি হওনার্থে মুনসেফের নিকটে পাঠান যায় সেই গতিকে সেই মুনসেফ আইনঘটিত যে কোন বিষয়ে তাঁহার সন্দেহ থাকে তাহা জজ সাহেবের মত পাইবার জন্যে আপনার বিবেচনাক্রমে তাঁহার নিকটে দরপেশ করিতে পারেন এবং এইমত গতিকে মুনসেফ যে হুকুম

order contingent upon the decision of such case. The Judge, or a Principal Sudder Ameen to whom a case may be referred for disposal under Section VII. of this Act, may in like manner, either upon an original hearing or upon an appeal from the Moonsiff, in his discretion, state and submit a case for the opinion of the Sudder Dewanny Adawlut, and shall make his order contingent upon the decision thereof. When any such case shall be stated, the parties shall be at liberty to appear and be heard before the Judge or Court, by themselves or their vakeels, on a day to be fixed by such Judge or Court for the argument of the case, if the Judge or Court shall think the points of law submitted of sufficient difficulty or importance to call for their decision. In such case notice of the day fixed for the argument shall be sent to the officer who may state the case, who shall cause such notice to be forthwith communicated to both parties or their vakeels. If the Court or Judge shall consider that the points submitted are not of sufficient difficulty or importance to call for their decision, they may remit the case to the officer referring the same, with directions to proceed and decide it, and such officer shall thereupon hear the case argued and decide the same.

Ordered, that the Draft now read be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 29th day of December next.

J. P. GRANT,
*Secy. to the Govt. of India.*

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 5TH NOVEMBER, 1852.

The following Draft of a proposed Act was read in Council for the first time, on the 5th of November, 1852:

ACT NO. —— OF 1852.

*An Act relating to Summary Suits for Arrears of rent, to sales of Putnee Talooks, and other saleable tenures, and to sales of land in satisfaction of Summary Decrees for rent.*

Whereas by Regulation VIII. 1831 of the Bengal Code, the hearing and decision of Summary Suits or claims relating to arrears or exactions of rents were transferred from the Judges of the Zillah or City Courts to the Collectors of Land Revenue of the several districts; and whereas by Regulation VII. 1832 of the Bengal Code, the conduct of sales of Putnee Talooks and other saleable tenures, under Regulations VIII. 1819, and I. 1820 of the same Code, and the performance of other acts preparatory to, or connected with, such sales, were transferred to the Collector or Deputy Collector of Land Revenue,



দেন তাহার এই নিয়ম হইবেক যে ঐ মোকদ্দমার বিষয়ে জজ সাহেবের নিষ্পত্তি প্রবল হইবেক। এবং জজ সাহেব অথবা যে প্রধান সদর আমীনের প্রতি কোন মোকদ্দমা এই আইনের ৭ ধারানুসারে নিষ্পত্ত্যর্থে অর্পণ হয় তিনি আসল মোকদ্দমার শুনানির সময়ে অথবা মুনসেফের হুকুমের উপর আপীলক্রমে আপনার বিবেচনামতে সদর দেওয়ানী আদালতের মত পাইবার জন্যে কোন বিষয় তথায় অর্পণ করিতে পারেন এবং এমত হইলে যে হুকুম করেন তাহাতে এই নিয়ম থাকিবেক যে সেই বিষয়ে ঐ আদালতের নিষ্পত্তি প্রবল হইবেক। যখন এইরূপ কোন বিষয় উপর্যুক্ত আদালতে দরপেশ হয় তখন জজ সাহেব অথবা সদর আদালত যদি এইমত বোধ করেন যে আইনের যে বিষয় অর্পণ হইল তাহা এমত কঠিন কি গুরুতর যে তাহার বিষয়ে তাঁহারদিগকে মত জানান উচিত তবে যে দিবস ঐ জজ অথবা সদর আদালত মোকদ্দমা শুনিবার জন্যে নিরূপণ করেন সেই দিবসে বাদিপ্রতিবাদী জজ সাহেব কি সদর আদালতের সম্মুখে আপনি উপস্থিত হইয়া সওয়ালজওয়াব করিতে পারিবেক অথবা তন্নিমিত্তে এক জন উকীল নিযুক্ত করিতে পারিবেক এই মত হইলে সওয়ালজওয়াবের জন্যে যে দিন নিরূপণ হয় তাহার এত্তেলা যে কর্ম্মকারক সেই বিষয় দরপেশ করেন তাঁহার নিকটে পাঠান যাইবেক এবং তিনি তৎক্ষণাৎ ঐ এত্তেলা বাদিপ্রতিবাদি অথবা তাহারদের উকীলদিগকে জ্ঞাত করাইবেন। কিন্তু যদি ঐ সদর আদালত কি ঐ জজ সাহেব এমত বোধ করেন যে যে বিষয় দরপেশ হইয়াছে তাহা তাদৃশ কঠিন বা গুরুতর নহে যে তদ্বিষয়ে আপনং মত জানান উচিত তবে যে কর্ম্মকারক তাহা দরপেশ করিলেন তাঁহার নিকটে সেই বিষয় ফিরিয়া পাঠাইতে এবং ঐ কর্ম্মকারককে তাহা নির্ব্বাহ ও নিষ্পত্তি করিতে হুকুম করিতে পারেন এবং তাহাতে ঐ কর্ম্মকারক সেই মোকদ্দমার সওয়াল জওয়াব শুনিবেন ও তাহা নিষ্পত্তি করিবেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা আগামি ২৯ ডিসেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫২ সাল ৫ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫২ সালের ৫ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫২ সাল —— আক্ট।

মালগুজারীর বাকীর বিষয়ে সরাসরী মোকদ্দমা এবং পত্তনি তালুক ও নীলামযোগ্য অন্যান্য ভূমির নীলাম এবং খাজানার বিষয়ে সরাসরী ডিক্রী জারী করণার্থে ভূমির নীলামের বিষয়ি আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৮ আইনানুসারে মালগুজারীর বাকী অথবা তাহা অন্যায়েতে তহসীল করণের বিষয়ি সরাসরী মোকদ্দমা অথবা দাওয়ার শুনানি ও নিষ্পত্তি করণের ভার জিলা অথবা শহরের জজ সাহেবের স্থানহইতে উঠাইয়া লওয়া গেল এবং নানা জিলার ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল। এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের দ্বারা ঐ দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইন এবং ১৮২০ সালের ১ আইনক্রমে পত্তনি তালুক এবং বিক্রয়যোগ্য অন্য পাট্টার নীলাম করণের ভার এবং ঐ নীলামের পূর্ব্বে অথবা তৎসম্পর্কে অন্য যেং কর্ম্ম করিতে হয় তাহা করণের ভার ভূমির রাজস্বের কালেক-

or Head Assistant to the Collector or Deputy Collector, subject to an appeal as therein provided; and whereas by Act VIII. 1835, the powers theretofore vested in the Judges of the Dewanny Adawlut of selling land in satisfaction of summary decrees for rent was transferred to the Collectors of Land Revenue, and it was enacted that all sales for the recovery of arrears of rent held under Clause 7, Section XV. Regulation VII. 1799, should be conducted by the Collector, his Deputy, or duly authorized Assistant, and that ten days' notice should be given of such sales by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court or local Adawlut, and that of the Collector; and whereas it is expedient that Act XXV. 1850, and Section IX. Regulation VIII. 1819 of the Bengal Code, as modified by Clause 1, Section XVI. Regulation VII. 1832 of the same Code, and as altered by the said Act XXV. 1850, should be extended to sales under Act VIII. 1835; and whereas doubts may be entertained as to who ought to exercise the jurisdiction transferred by the abovementioned Regulations and Acts, where lands situate within the zillah or other district of one Collector, form part of an entire estate, paying revenue to the Collector of another zillah or district: In order therefore to avoid such doubts, and also to define who are the proper Officers to exercise such jurisdictions in cases where lands are situate in a district assigned to an independent Deputy Collector, and also in cases where lands held in Putnee, or other tenure, at one entire rent, are situate in two or more Collectorates, and to prevent any such decision or sale already made from being held invalid, upon the ground of its having been made by an Officer of a wrong district; It is enacted as follows:

I. If the lands which may be the subject of any such sale, or to the rent of which any such suit may relate, be all situate in one Collectorate, the Collector of such Collectorate is the Collector to conduct the sale, or to hear and decide the suit. If one Talook or tenure shall comprise lands situate in two or more Collectorates, or if any lands situate in two or more Collectorates be held under one lease or engagement, or at one entire rent, the Collector, in whose Collectorate the greater part of such lands shall be situate, is the Collector to conduct the sale of such Talook, or tenure, or of such lands, and to hear and decide any summary suit relating to arrears or exactions of rent in respect thereof.

II. If a Collector, to whom application shall be made to exercise any of the powers abovementioned, shall entertain any doubt as to whether the lands or the greater part of them are situate within his Collectorate, he shall report the case for the order

টর সাহেবকে কি ডেপুটী কালেক্টর সাহেবকে কিম্বা ঐ কালেক্টর অথবা ডেপুটী কালেক্টর সাহেবের প্রধান আসিষ্টাণ্টকে অর্পণ হইল এবং ঐ আইনের নির্দ্দিষ্টমতে আপীল হইতে পারিত। এবং যেহেতুক খাজানার বিষয়ি সরাসরী ডিক্রী জারীক্রমে ভূমি নীলাম করণের যে ক্ষমতা ইহার পূর্ব্বে দেওয়ানী আদালতের জজ সাহেবের প্রতি ছিল সেই ক্ষমতা ১৮৩৫ সালের ৮ আইনানুসারে ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল এবং এইমত হুকুম হইল যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণানুসারে খাজানার বাকী উসুল করিবার সকল নীলাম কালেক্টর সাহেব কি তাঁহার ডেপুটী সাহেব কি তাঁহার রীতিমত ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট সাহেবের দ্বারা নির্ব্বাহ হইবেক এবং ঐ নীলামের বিষয়ে দশ দিবসের এত্তেলার এক ইশ্তিহারনামা জিলা অথবা স্থানীয় আদালতের কাছারীতে এবং কালেক্টর সাহেবের কাছারীতে লটকান যাইবেক। এবং যেহেতুক ১৮৫০ সালের ২৫ আইন এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের ১৬ ধারার ১ প্রকরণ এবং ঐ ১৮৫০ সালের ২৫ আইনের দ্বারা মতান্তর হওয়া ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারা ১৮৩৫ সালের ৮ আইনানুসারে হওয়া নীলামের বিষয়ে খাটিবার হুকুম দেওয়া উচিত বোধ হইয়াছে। এবং যেহেতুক যে গতিকে কোন এক কালেক্টর সাহেবের জিলা অথবা অন্য প্রদেশে স্থিত ভূমি এক সম্পূর্ণ মহালের অংশ এবং সেই সমুদয় মহালের খাজানা অন্য জিলা বা প্রদেশের কালেক্টর সাহেবকে দেওয়া যায় সেই গতিকে উক্ত আইনের দ্বারা যে ক্ষমতা খারিজদাখিল হইল সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে কাহার স্বত্ব আছে এই বিষয়ে সন্দেহ জন্মিতে পারে অতএব ঐ সকল সন্দেহ ভঞ্জনার্থে এবং আরো যেং গতিকে ভূমি কোন স্বাধীন ডেপুটী কালেক্টরের জিম্মায় করা প্রদেশের মধ্যে থাকে এবং আরো যেং গতিকে পত্তনি তালুকের অথবা অন্য পাট্টার ভূমির এক মোট খাজানা ধার্য্য আছে কিন্তু সেই ভূমি দুই বা ততোধিক কালেক্টর সাহেবের এলাকার মধ্যে আছে সেইং গতিকে ঐ ক্ষমতানুসারে কার্য্য করিতে কোনং কর্ম্মকারকের শক্তি আছে তাহা নির্ণয় করণার্থে এবং ইহার পূর্ব্বে সেইরূপ যে কোন নিষ্পত্তি কি ভূমির নীলাম হইয়াছিল তাহা অপ্রকৃত জিলার কর্ম্মকারকের দ্বারা হইয়াছে বলিয়া অসিদ্ধ করণ নিবারণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে ভূমির এইরূপ কোন নীলাম হয় তাহা অথবা যেং ভূমির খাজানার বিষয়ে মোকদ্দমা হয় সেই সকল ভূমি যদি একি কালেক্টর সাহেবের এলাকার মধ্যে থাকে তবে ঐ কলেক্টরীর কালেক্টর সাহেব ঐ নীলাম নির্ব্বাহ করিবেন অথবা ঐ মোকদ্দমা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন। যদি কোন তালুক বা পাট্টার ভূমি দুই বা ততোধিক কালেক্টরীর এলাকার মধ্যে থাকে কিম্বা যদি দুই বা ততোধিক কালেক্টরীর মধ্যস্থিত কোন ভূমি একি পাট্টা অথবা বন্দোবস্তক্রমে কি মোট এক জমাক্রমে ধার্য্য হইয়াছে তবে যে কালেক্টর সাহেবের কালেক্টরীর এলাকার মধ্যে ঐ ভূমির অধিকাংশ থাকে সেই কালেক্টর সাহেব ঐ তালুক কি পাট্টা অথবা সেইরূপ ভূমির নীলাম নির্ব্বাহ করিবেন এবং তাহার বাবৎ কোন বাকী খাজানার অথবা অন্যায়েতে তহসীল করণের বিষয়ে কোন সরাসরী মোকদ্দমা হইলে তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন ইতি।

২ ধারা। পূর্ব্বোক্ত ক্ষমতানুসারে কার্য্য করিতে যে কোন কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করা যায় যদি সেই ভূমি কি তাহার অধিকাংশ তাঁহার কালেক্টরীর মধ্যে থাকনের বিষয়ে তাঁহার কোন সন্দেহ জন্মে তবে তিনি যে গবর্ণমেণ্ট অথবা যে বোর্ডের অধীনে থাকেন সেই

of the executive Government or board to which he is subordinate, and if ordered by such Government or board to proceed in the matter, such order shall be conclusive upon the question of his jurisdiction.

III. The word "Collectorate" in this Act means the zillah or other district, to which a Collector is appointed, and no lands situate beyond the limits of such zillah or district, shall be deemed to be situate within the Collectorate, by reason of their forming part of an estate paying revenue to the Collector thereof.

IV. An independent Deputy Collector may, within his Deputy Collectorate, exercise all the powers and jurisdictions of a Collector with which he may be entrusted, in the same manner and to the same extent as a Collector may do with his Collectorate, and with reference to the exercise of such powers and jurisdictions, his Deputy Collectorate shall be deemed a Collectorate.

V. An independent Deputy Collector is an officer appointed by Government to act as Deputy Collector, independently of a Collector. A Deputy Collectorate is the district within which an independent Deputy Collector is directed by Government to act.

VI. In cases of sales by an independent Deputy Collector, under the abovementioned Regulations or Act, any notice thereby required to be stuck up at the Cutcherry of the Collector, may be stuck up at the Cutcherry of the Deputy Collector.

VII. An independent Deputy Collector may exercise the powers assigned to him over any part of his Deputy Collectorate in public Cutcherry, in whatever part of his Deputy Collectorate the same may be situate or held.

VIII. Any notice required by the abovementioned Regulations or Act, to be given by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court or local Adawlut, shall be stuck up at the Zillah Court or local Adawlut within the jurisdiction of which the lands to be sold, or the greater portion of them, as the case may be, shall be situate.

XI. No order, decision, or sale, made under any of the aforesaid Regulations, or under the aforesaid Act, before the passing of this Act, shall be disputed, or deemed invalid, upon the ground that the Collector, Deputy Collector, or other officer making the same was not the Collector, Deputy Collector or officer of the proper district; or upon the ground that the Cutcherry, at which notice of such sale was given, was not the Cutcherry of the proper district, unless proceedings shall, previously to the passing of this Act, have been commenced, for the purpose of disputing the validity of such order, decision, or sale, upon such ground.

X. Act XXV. 1850, and Section IX. Regulation VIII. 1819 of the Bengal Code, as modified

গবর্ণমেণ্টপ্রভৃতির হুকুম পাইবার জন্যে তথায় সেই বিষয়ের রিপোর্ট করিবেন এবং যদি ঐ গবর্ণমেণ্ট কি ঐ বোর্ড সেই বিষয় নির্ব্বাহ করিতে তাঁহাকে হুকুম দেন তবে সেই বিষয়ে তাঁহার নিতান্ত এলাকা আছে তাহা সেই হুকুমের দ্বারা চুড়ান্তরূপে নিষ্পত্তি হইয়াছে এইমত বোধ করা যাইবেক ইতি।

৩ ধারা। এই আইনের মধ্যে "কালেক্টরী" এই কথা যে জিলা অথবা অন্য প্রদেশে কালেক্টর নিযুক্ত হন তাহা বুঝাইবেক এবং ঐ জিলা অথবা প্রদেশের সীমার বাহিরে স্থিত কোন ভূমি ঐ কালেক্টর সাহেবকে রাজস্ব দেওনিয়া মহালের এক অংশ হওনপ্রযুক্ত সেই ভূমি ঐ কালেক্টরীর মধ্যস্থিত আছে এইমত বোধ হইবেক না ইতি।

৪ ধারা। কালেক্টর সাহেব আপন কালেক্টরীর মধ্যে যে প্রকারে ও যেপর্য্যন্ত কালেক্টরীর ক্ষমতামতে কার্য্য করিতে পারেন স্বাধীন ডেপুটী কালেক্টরও আপন ডেপুটী কালেক্টরীর মধ্যে কালেক্টরের যে ক্ষমতা ও এলাকা প্রাপ্ত হন তদনুসারে সেই প্রকারে ও সেইপর্য্যন্ত কার্য্য করিতে পারেন। এবং ঐ ক্ষমতা ও এলাকার কার্য্য সম্পর্কে ঐ ডেপুটী কালেক্টরী এক কালেক্টরীস্বরূপ জ্ঞান হইবেক ইতি।

৫ ধারা। গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে কালেক্টরের অধীন না করিয়া ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত করেন তিনিই স্বাধীন ডেপুটী কালেক্টর। গবর্ণমেণ্ট যে সীমার মধ্যে কোন স্বাধীন ডেপুটী কালেক্টরকে কর্ম্ম করিতে আজ্ঞা করেন তাহাই ডেপুটী কালেক্টরী হয় ইতি।

৬ ধারা। পূর্ব্বোক্ত আইনমতে যখন কোন স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবের দ্বারা নীলাম হয় তখন উক্ত আইনমতে কালেক্টর সাহেবের কাছারীতে যে কোন ইশ্তিহারনামা লট্কাইবার হুকুম আছে তাহা ডেপুটী কালেক্টর সাহেবের কাছারীতে লট্কান যাইতে পারে ইতি।

৭ ধারা। স্বাধীন ডেপুটী কালেক্টরের কাছারী আপন ডেপুটী কালেক্টরীর মধ্যে যে কোন স্থানে থাকে কি করা যায় সেই খোলা কাছারীতে তিনি আপনার ডেপুটী কালেক্টরীর কোন অংশের বিষয়ে অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন ইতি।

৮ ধারা। পূর্ব্বোক্ত আইনক্রমে যে কোন এত্তেলা জিলার আদালতের কি স্থানীয় আদালতের কাছারীতে ইশ্তিহারনামা লট্কাওনের দ্বারা দেওয়া যাইবার হুকুম আছে সেই এত্তেলা যে ভূমি নীলাম হইবেক তাহা কিম্বা বিষয়বিশেষে তাহার অধিকাংশ যে জিলার আদালতের কি স্থানীয় আদালতের এলাকার শামিল থাকে সেই আদালতে লট্কান যাইবেক ইতি।

৯ ধারা। এই আইন জারী হইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত নানা আইনের কোন আইনক্রমে অথবা পূর্ব্বোক্ত আক্ট অর্থাৎ আইনক্রমে যে কোন হুকুম কি নিষ্পত্তি কি নীলাম হইয়াছে তাহা যে কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর কিম্বা অন্য কর্ম্মকারক করিয়াছেন তিনি উপযুক্ত জিলার কালেক্টর কি ডেপুটী কালেক্টর কিম্বা কর্ম্মকারক ছিলেন না বলিয়া কিম্বা যে কাছারীতে ঐ নীলামের এত্তেলা দেওয়া গিয়াছিল সেই কাছারী উপযুক্ত জিলার কাছারী ছিল না বলিয়া তাহার বিষয়ে কোন বিবাদ হইতে পারিবেক না অথবা তাহা অসিদ্ধ জ্ঞান হইবেক না। কিন্তু যদি এই আইন জারী হওনের পূর্ব্বে ঐ হুকুম কি নিষ্পত্তি কি নীলামের সিদ্ধতার বিষয়ে আপত্তি করণার্থে কার্য্য আরম্ভ হইয়া থাকে তবে সেই বিষয়ে আপত্তি অথবা তাহা অসিদ্ধ হইতে পারে ইতি।

